শ্রীচৈতন্যচরিতের উপাদান

| 36467

SCI Kolkata

শ্রীবিমানবিহারী মজুমদার, এম.এ., পি-এচ্.ডি., ভাগবতরত্ন, প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি, মোয়াট্ পদক ও গ্রিফিথ্-স্মৃতি-পুরস্কার প্রাপ্ত

দিতীয় সংস্করণ



কলিকাতা বিশ্ববিত্যালয়

1st Edition 1939 2nd Edition 1959

মূল্য—পনরো টাকা

ভারতবর্ষে মৃদ্রিত। কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের প্রেসের স্থপারিণ্টেণ্ডেন্ট শ্রীশিবেন্দ্রনাথ কাঞ্জিলাল কর্তৃক ৪৮ হাজরা রোড, কলিকাতা হইতে প্রকাশিত।

মৃদ্রক: শ্রীগোপালচন্দ্র রায়
নাভানা প্রিণ্টিং ওআর্কস্ প্রাইভেট লিমিটেড
৪৭ গণেশচক্র অ্যাভিনিউ, কলিকাতা ১৩

যাঁহার পদতলে বসিয়া
তুলনামূলক ঐতিহাসিক বিচারপ্রণালীতে
অনুসন্ধান করিবার অনুপ্রেরণা পাইয়াছি
সেই

দেশবিশ্রুত মনীষী ও আদর্শ অধ্যাপক শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, এম্.এ., বি.এল্., ব্যারিস্টার-এট্-ল, মহোদয়ের করকমলে এই গ্রন্থ শ্রদ্ধা ও কৃতজ্ঞতার নিদর্শন-স্বরূপ

শ্রদা ও কৃতজ্ঞতার নিদশন-স্বরূপ অর্পিত হইল।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

গত বিশ বংসর ধরিয়া এই গ্রন্থের স্বপক্ষে ও বিপক্ষে বহু আলোচনা হইয়াছে। বিরুদ্ধ আলোচনার প্রধান প্রধান বস্তব্যের সম্বন্ধে আমার মতামত এই সংস্করণে সংক্ষেপে প্রদত্ত হইল। শ্রীচৈতন্মচন্দ্রোদয়ের রচনাকাল সম্বন্ধে আমার পূর্ব্বমত পরিত্যাগ করিয়াছি। অন্যান্ম অধিকাংশক্ষেত্রে মত পরিবর্ত্তন করিবার কোন সম্বত্ত কারণ দেখি নাই। দিতীয় ও উনবিংশ অধ্যায় সূত্রন করিয়া লেখা হইয়াছে। ঐ তৃইটি অধ্যায় পাঠ করিয়া অবিশেষজ্ঞগণও শ্রীচৈতন্ম সম্বন্ধে ঐতিহাসিক সত্য নির্দারণ করিতে পারিবেন আশা করি। Rabindranath Thakur and Dr Sushil Kumar Dey were among the examiners of this thesis

আজ গর্ব্ধ ও আনন্দের সঙ্গে প্রকাশ করিতেছি যে কলিকাতা বিশ্ব-বিভালয়ের তদানীত্তন পি-এইচ, ডি. পরীক্ষায় কবিগুরু রবীক্রনাথ এই নিবন্ধের অগ্রতম পরীক্ষক ছিলেন। বোধহয় ডক্টরেট উপাধিপ্রাপ্ত অগ্র কোন ব্যক্তি অন্তরূপ সোভাগ্যের দাবী করিতে পারেন না। অপর একজন পরীক্ষক ছিলেন অধ্যাপক ডক্টর স্থশীলকুমার দে। এই গ্রন্থ প্রকাশের তিন বংসর পরে তিনি তাঁহার স্থবিখ্যাত Early History of the Vaisnava faith and Movement in Bengal গ্রন্থে ৩৭টি জায়গায় বক্ষামান নিবন্ধের বিভিন্ন স্থান প্রমাণরূপে উদ্ধৃত করিয়াছেন। প্রাচীনপন্থীদের মধ্যে স্থপ্রসিদ্ধ নৈয়ায়িক মহামহোপাধ্যায় ৺ফণিভ্ষণ তর্কবাগীশ মহাশয় "ভারতবর্ষ" পত্রিকায় দশ বারটি প্রবন্ধে ইহার সম্বন্ধে আলোচনা করিয়াছিলেন। কয়েকটি ক্ষেত্রে তাঁহার মত এই সংস্করণে উদ্ধৃত করিয়াছি। প্রমথ চৌধুরী মহাশয় "পরিচয়ে" এই গ্রন্থের সমালোচনায় লিখিয়াছিলেন যে "তিনি (লেখক) জ্বানন্দের চৈত্তামঙ্গলকেও প্রাথমিক গ্রন্থ হিদেবে গণ্য করেন। আমার এ বিষয়ে দন্দেহ আছে।" এ দন্দেহ খুবই যুক্তিযুক্ত। তবে কলিকাতা এশিয়াটিক দোসাইটার গ্রন্থালয়ে জয়ানন্দের গ্রন্থের একথানি প্রায় সম্পূর্ণ ও বঙ্গীয়-সাহিত্য-পরিয়দে কয়েকথানি থণ্ডিত প্রাচীন পু^{ন্}থি পাওয়া গিয়াছে বলিয়া উহাকে একেবারে উড়া**ইয়া** দেওয়া যায় না।

পরিশেষে আমি আমার অহুজোপম হ্বন্ অধ্যাপক ভক্তর শশিভূষণ দাশগুপ্ত মহাশয়ের নিকট ক্লভজ্ঞতা স্বীকার করিতেছি। তাঁহার উৎসাহ ও সহায়তা না পাইলে এই সংস্করণ প্রকাশ করা সম্ভব হইত না। আমার কনিষ্ঠ পুত্র অধ্যাপক শ্রীমান্ ভগবানপ্রসাদ মজুমদার ইহার নির্ঘণ্ট প্রস্তুত করিয়াছে।

গোলা দরিয়াপুর, পাটনা, রাস পুর্ণিমা, ১৩৬৬ বজাদ

ঞীবিমানবিহারী মজুমদার

Sri Bimanbihari Majumder

প্রথম সংস্করণের ভূমিকা

ভারতবর্ষের বিশ্ববিত্যালয়-সমূহে ডক্টরেট্ পরীক্ষার জন্ম ইংরেজী ভাষায় নিবন্ধ লিখিবার বিধিই এতাবং প্রচলিত ছিল। কিন্তু বঙ্গভাষার প্রতি Inspired by Dr. Shyamaprasad Mukhopadyay to write the thesis in bengali কলিকাতা বিশ্ববিত্যালয়ের অন্যতম কর্ণধার শ্রন্ধেয়ে ডক্টর শ্রামাপ্রসাদ মুখোপাধ্যায় মহোদয়ের স্থাভীর প্রীতি দেখিয়া আমি আমার এই গ্রন্থ মাতৃভাষায় লিথিতে eccived permission from VC of CU Sri Shyamaprasad Mukhopadyay to write the Phd thesis in bengali on 26th June 1936. উৎসাহিত হই। ১৯৩৬ গৃষ্টাব্দে ২৬এ জুন, কলিকাতা বিশ্ববিত্যালয়ের তদানীস্তন ভাইন্-চান্সেলর শ্রীযুক্ত মুখোপাধ্যায় মহোদয় ও সিণ্ডিকেট্ আমাকে ডক্টরেট্ পরীক্ষার নিবন্ধ বঙ্গভাষায় লিপিবন্ধ করিবার অন্তমতি দিয়া ভারতীয় গবেষণার ইতিহাসে এক নৃতন অধ্যায়ের স্থচনা করেন। তাহার ফলেই এই গ্রন্থ বর্ত্তমান আকারে প্রকাশিত হইবার স্থযোগ পাইল।

তিন্দানী দৈনি বুটিশ অধিক বি স্থাপিত ইণ্ডিয়ারি প্রেরণ সংস্কৃতি, বাঙ্গালা, উড়িয়া, হিন্দী ও অসমীয়া ভাষায় এটেচতন্ত ও তাঁহার সমসাময়িক পরিকরগণসম্বেদ্ধ যাহা কিছু লিখিত হইয়াছে, তাহাদের তুলনামূলক ঐতিহাসিক বিচার করাই ঐ গ্রন্থের উদ্দেশ্য। এটিচতন্তকে কেন্দ্র করিয়া যে বিপুল সাহিত্য গড়িয়া উঠিয়াছে, তাহা আজ পর্যান্ত সমগ্র দৃষ্টিতে পর্য্যালোচনা করা হয় নাই। আধুনিক যুগে যাঁহারা প্রিচৈতন্তের চরিতগ্রন্থ লিখিয়াছেন, তাঁহারা কোন ঘটনা-সম্বন্ধে যখন বিভিন্ন আকর-গ্রন্থে বিভিন্ন বিবরণ পাইয়াছেন, তখন যেটি তাঁহাদের মনে ভাল লাগিয়াছে সেইটি গ্রহণ করিয়াছেন, অথবা পরস্পর-বিরোধী বিবরণগুলির প্রত্যেকটিকেই সত্য বলিয়া মানিয়া লইয়াছেন। তাঁহারা কেহই উক্ত আকর-গ্রন্থগুলির প্রতি ঐতিহাসিক বিচার-প্রণালী প্রয়োগ করিয়া তাহাদের প্রামাণ্য এবং অপ্রামাণ্য অংশের বিশ্রেষণ করেন নাই।

বিষমচন্দ্র যে রীতিতে "কৃষ্ণচরিত্র" লিথিয়াছেন, তাহার সহিত আমার অবলম্বিত রীতির ছুইটি মূলগত পার্থক্য রহিয়াছে: বঙ্কিমচন্দ্র কোমং-দর্শনের দ্বারা অহপ্রাণিত হুইয়া কৃষ্ণচরিত্র অন্ধন করিয়াছেন। রবীন্দ্রনাথও বলেন যে বঙ্কিমচন্দ্র "যে-কৃষ্ণের অন্বেষণে নিযুক্ত ছিলেন সে-কৃষ্ণ তাঁহার নিজের মনের আকাজ্জাজাত। সমস্ত চিত্ত-বৃত্তির সম্যক্ অহুশীলনে সম্পূর্ণতা-প্রাপ্ত একটি আদর্শ তিনি ব্যাকুল চিত্তে সন্ধান করিতেছিলেন—তাঁহার ধর্মতত্ত্বে যাহাকে তত্ত্তাবে পাইয়াছিলেন ইতিহাসে তাহাকেই সজীব সশ্বীরভাবে

প্রত্যক্ষ করিবার জন্ম নিঃদন্দেহ তাঁহার নিরতিশয় আগ্রহ ছিল" (আধুনিক সাহিত্য, পৃ. ৭৭)। আমি কোন প্রাচ্য বা পাশ্চান্ত্য মতবাদের (থিয়োরির) ছারা পরিচালিত হইয়া প্রীচৈতন্তের চরিতের বিচার করি নাই। একটি ঘটনা-সম্বন্ধে যে সকল বিবরণ পাওয়া যায় সেগুলি তুলনা করিয়া পড়িয়া, ঘটনাটি-সম্বন্ধে যে লেখকের সর্বাপেকা অধিকতর বিশ্বাসযোগ্য বিবরণ জানিবার সন্তাবনা তাঁহারই মত গ্রহণ করিয়াছি; যথা—প্রীচৈতন্তের নবদীপলীলা-সম্বন্ধে মুরারি গুপ্তের বর্ণনার সহিত অন্ত কাহারও যদি বিরোধ দেখা যায়, তাহা হইলে মুরারির বিবরণকেই সত্য বলিয়া মানিয়া লইয়াছি; কেন-না মুরারি নবদীপলীলার প্রত্যক্ষদ্রস্থা। সেইরূপ নিত্যানন্দ-সম্বন্ধে বৃন্দাবনদাসের উক্তি এবং রূপ, সনাতন ও রখুনাথদাস গোস্বামী-সম্বন্ধে কৃষ্ণদাস করিরাজের উক্তি অধিকতর প্রামাণিক।

বিষমচন্দ্রের "কৃষ্ণচরিত্রের" দহিত বক্ষ্যমাণ গ্রন্থের দ্বিতীয় পার্থক্য এই যে দাহিত্যের মন্দিরে বিষমচন্দ্র শিল্পী, আর আমি দিনমজুর মাত্র। বিষমচন্দ্র নিজের ভাব ও আদর্শ-অস্থারে শ্রিক্সফের চরিত্র পরিস্ফুটরূপে অন্ধন করিয়া পাঠকের মানদ-চক্ষ্র সমক্ষে একটি সমগ্র চিত্র ধরিয়াছেন; আর আমি ভবিশ্বৎ শিল্পীর আগমন-প্রতীক্ষায় শ্রীচৈতন্যচরিতের উপাদান মাত্র দংগ্রহ করিলাম।

বিশ্ব প্রভাবের from 1915 materials for this thesis were collected একুশ বংসর ধরিয়া আমি এই সংগ্রহকার্যাে ব্যাপ্ত আছি। ১৯১৫ খুষ্টাব্দে প্রীচৈতন্ত সম্বন্ধে আমার প্রথম রচনা "বিশুপ্রিয়া ও আনন্দবান্ধার" পত্রিকায় প্রকাশিত হয়। ১৯২৩ গুষ্টাব্দের শেষ ভাগে পুণ্যপ্রোক শুর আশুতোষ মুখোপাধ্যায় মহোদয়ের নিকট হইতে অনুপ্রেরণা ও কাশিমবান্ধারের মহারাজ শুর মণীক্রচক্র নন্দী বাহাছরের নিকট হইতে অর্থ-সাহায্য লাভ করিয়া আমি প্রিটেতন্ত-সম্বন্ধীয় পুথি অন্নেষণ করিবার জন্ত উড়িয়ার বহু পল্লীতে ভ্রমণ করি। সেই সময় হইতে আরম্ভ করিয়া প্রতি বংসর গ্রীয় ও শারদীয় অবকাশের সময় বুন্দাবন, নবদীপ, কাটোয়া, প্রীথগু, শান্তিপুর, গুপ্তি-পাড়া, দেরুড়, কাঁচড়াপাড়া, হালিসহর, আড়িয়াদহ, বরাহনগর প্রভৃতি বৈফ্রব-তীর্থে পুথি ও তথ্যের অনুসন্ধানে বাহির হইতাম। আমি স্থপ্রদিদ্ধ বৈফ্রব-পণ্ডিত ও কীর্ভনীয়া অবৈভদাস পণ্ডিত বাবান্ধী মহোদয়ের দৌহিত্র বলিয়া বৈফ্বের আবড়ায় ও গোস্বামীদের বাটীতে অবাধে পুথি প্রভৃতির অনুসন্ধান করিবার স্ব্যোগ পাইয়াছি। অনেক মুদ্রিত গ্রন্থও এইভাবে দেশে দেশে

ঘুরিয়া সংগ্রহ করিতে হইয়াছে; কেন-না কলিকাতা, বৃন্দাবন, নবদীপ ও পুরীর কোথাও এমন কোন গ্রন্থাগার নাই যেখানে সকল প্রকার বৈষ্ণব গ্রন্থ ও মাসিক পত্রিকা সংগৃহীত রহিয়াছে। কলিকাতার শ্রীযুক্ত মুণালকাস্তি ঘোষ মহাশয়, সিউড়ির ৺কুলদাপ্রসাদ মল্লিক ভাগবতরত্ন, নবদীপের শ্রীযুক্ত হরিদাস গোস্বামী এবং পাটনার শ্রীযুক্ত প্রফুল্লরঞ্জন দাস (Mr. P. R. Das) মহোদয় তাঁহাদের নিজেদের সংগৃহীত যাবতীয় গ্রন্থ আমাকে ব্যবহার করিতে দিয়াছেন। দমদমের শ্রীযুক্ত ত্রিদিবনাথ রায় এবং পাটনার শ্রীযুক্ত স্থরেক্ত-মোহন দাস ও শ্রীমান্ মণি সমাদ্দারের সৌজত্যে তাঁহাদের পিতৃদেব নিখিলনাথ রায়, ব্রজেন্রমোহন দাস (স্থ্রপ্রসিদ্ধ ভক্ত) ও যোগীন্দ্রনাথ সমাদ্দারের সংগৃহীত পুথিপত্র ব্যবহার করিবার স্থযোগ পাইয়াছি। এতদ্বাতীত রায় বাহাছর ডা. দীনেশচক্র সেন, রায় বাহাত্ব শ্রীযুত থগেক্রনাথ মিত্র, ডা. স্থশীলকুমার দে, শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিগ্রাভূষণ, শ্রীযুক্ত হরেক্লফ মুখোপাধ্যায় প্রভৃতি খ্যাতনামা গ্রন্থকার ও অনেক নাতিপরিচিত লেখক তাঁহাদের প্রকাশিত গ্রন্থ ও প্রবন্ধাদি উপহার দিয়া এবং উপদেশাদি প্রদান করিয়া আমাকে গবেষণা-কার্য্যে অশেষবিধ সাহায্য করিয়াছেন। বন্ধীয় সাহিত্য-পরিষদের পুথিশালায় ও বরাহনগরের গ্রন্থ-মন্দিরে দীর্ঘকাল ধরিয়া অধ্যয়ন করিবার স্থযোগ দিয়া ঐ তুই প্রতিষ্ঠানের কর্ত্রপক্ষ আমাকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। উড়িয়া <u> শাহিত্য হইতে উপকরণ-সংগ্রহ-বিষয়ে কটক-নিবাদী অধ্যাপক রায় সাহেব</u> শ্রিযুক্ত আর্ত্তবল্লভ মহান্তি মহাশয়ও স্নেহভাজন শ্রীমান প্রভাতকুমার মুখোপাধ্যায় আমাকে যথেষ্ট দাহায্য করিয়াছেন।
Main characteristics of this thesis

এইরপ ভাবে তথ্য সংগ্রহ করিয়া যে সকল বিষয়ে কিছু আলোকসম্পাত করিতে পারিয়াছি বলিয়া মনে হয়, তাহাদের মধ্যে কয়েকটির মাত্র উল্লেখ করিতেছি:—:। প্রীচৈতন্তের জীবনের প্রধান প্রধান ঘটনার কাল স্ক্ষভাবে নির্ণীত হইয়াছে। ২। বৈষ্ণবের আখড়া হইতে আরম্ভ করিয়া বিশ্ববিভালয়ের সর্ব্বোদ্ধ প্রেটিচতন্তভাগবত, প্রীচৈতন্তমঙ্গল, প্রীচৈতন্তচরিতামৃত প্রভৃতি যে সকল গ্রন্থের পঠন-পাঠন হইয়া থাকে, সেই সকল গ্রন্থের মধ্যে কোন্থানির কতটা সংস্কৃতের অন্থবাদ, কতটা বিবরণ গ্রন্থকারের নিজের সংগৃহীত তথ্যের উপর প্রতিষ্ঠিত, আর কতটা বা কল্পনা মাত্র, তাহার বিচার করিয়াছি। ৩। প্রীচৈতন্তের সহিত তাহার সমসাময়িক ধর্ম-সংস্কারকগণের কোন প্রকার সম্বন্ধ ছিল কি না সে সম্বন্ধে কোন ঐতিহাসিক আলোচনা এ পর্যন্ত হয় নাই।

আমি কবির, নানক, বল্লভাচার্য্য, শহর দেব ও উড়িয়ার পঞ্চনথার সহিত প্রীচৈতন্মের সম্পর্কের বিষয়ে যে সকল বিবরণ পাইয়াছি সেগুলির ঐতিহাসিক বিচার করিয়াছি। ৪। প্রীচৈতন্মের সমসাময়িক পরিকরগণের সংখ্যা, জাতি, বাসস্থান ও মহিমার বিষয়ে সম্পূর্ণ বিবরণ লিখিবার উপাদান একস্থানে সকলন করিয়া দিয়াছি। পরিকরগণের জীবনের উপর প্রীচৈতন্মের অলৌকিক প্রেম করিয়া দিয়াছি। পরিকরগণের জীবনের উপর প্রীচৈতন্মের অলৌকিক প্রেম করিয়া ছিল তাহা উক্ত বিবরণ হইতে জানা যাইবে। ৫। গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের আদিম যুগের ইতিহাসরচনার উপাদানও ইহাতে কিয়ৎপরিমাণে সংগৃহীত হইয়াছে। আফি সর্ব্যন্ত ঐতিহাসিক বিচারের প্রণালী অমুসরণ করিতে চেষ্টা করিয়াছি। তবে ইহাতে যে সম্পূর্ণ কৃতকার্য্য হইতে পারিয়াছি, এমন ভরসা করি না।

ইচ্ছা সত্তেও এই গ্রন্থের কতকগুলি ক্রটি পরিহার করিতে পারি নাই। ঐ ক্রটেগুলি ও উহাদের সংশোধনের অক্ষমতার কারণ-নির্দেশ করিতেছি।—

- ১। এই গ্রন্থে উদ্ধৃত অংশের প্রাচ্গ্য পরিলক্ষিত হইবে। প্রাচীন গ্রন্থকারদের উক্তি এত বেশী উদ্ধৃত হইবার কারণ এই যে আলোচ্য গ্রন্থগুলির মধ্যে অনেকগুলিই তৃষ্প্রাপ্য এবং লেখকদের কথা তাঁহাদের নিজের নিজের ভাষায় যথাযথভাবে উদ্ধৃত না হইলে তুলনামূলক বিচারের স্থবিধা হয় না।
- ় ২। উদ্ধৃত অংশ-সমূহের মধ্যে ছন্দ ও ব্যাকরণ-গত অনেক ভূল রহিয়াছে। তাহার কারণ এই যে ছাপা বা হাতে-লেখা পুথিতে আমি যেমন পাঠ পাইয়াছি, ঠিক তেমনি ভাবেই তুলিয়া দিবার চেষ্টা করিয়াছি।
- ৩। কোন কোন স্থলে একই যুক্তির পুনরাবৃত্তি করিতে হইয়াছে। সাধারণ পাঠক যাহাতে প্রত্যেক ক্ষেত্রে আমার সিদ্ধান্তের পোষক সমস্ত যুক্তি এক স্থানে দেখিতে পান, সেই উদ্দেশ্যে এইরূপ পুনরাবৃত্তি করিয়াছি।
- ৪। নবদ্বীপলীলা-প্রসঙ্গে যেখানে শ্রীচৈতত্যের নাম করিয়াছি, সেখানে বিশ্বস্তর মিশ্র নামে তাঁহাকে উল্লেখ করিয়াছি, কারণ নবদ্বীপে বাস করার সময় তিনি ঐ নামেই পরিচিত ছিলেন। কোন কোন স্থানে শ্রীচৈতত্যকে প্রভূবলিয়া উল্লেখ করিয়াছি, তাহার কারণ ঐতিহাসিক গ্রন্থ লিখিতে বসিয়াও আমি জন্মগত অভ্যাস ও আবেইনীর প্রভাব একেবারে বর্জন করিতে পারি নাই।

আমার সহধামিণী শ্রীমতী স্থচিত্রা দেবী টাইপ করাইবার জন্ত সমগ্র গ্রন্থের পাঞ্লিপি ও নির্ঘণ্ট প্রস্তুত করিয়া দিয়াছেন। কলিকাতার ১২।১, ওল্ড পোষ্ট অফিস দ্বীটের শ্রীযুক্ত ভবানীপ্রসাদ সাক্তাল, বি. এ., মহাশয় যথাসাধ্য যত্ব লইয়া এই গ্রন্থ টাইপ করিয়া দিয়াছিলেন। আমার সহকর্মী বন্ধু, অধ্যাপক স্থরেক্রনাথ ভট্টাচার্য্য এবং ভূপতিভূষণ মুখোপাধ্যায় ও তাঁহার সহধর্মিণী শ্রীমতী অমলা দেবী তর্ক-বিতর্ক করিয়া ও উপদেশ দিয়া সত্য-নির্ণয়ে যথেষ্ট সাহায্য করিয়াছেন। ইহাদের সকলের নিকট আমি ক্লভক্ত।

কলিকাতা বিশ্ববিভালয়ের অক্লান্তকর্মা রেজিপ্রার শ্রীযুক্ত যোগেশচন্দ্র চক্রবর্তী মহাশয়ের যত্নে ও চেষ্টায় প্রায় আটশত পৃষ্ঠার এই গ্রন্থ এক বংসরের মধ্যে প্রকাশ করা সম্ভব হইল। ইহার নিকটে আমার সম্রান্ধ ক্রতজ্ঞতা ভাষায় প্রকাশ করা যায় না। বিশ্ববিভালয়-প্রেসের তত্বাবধায়ক শ্রীযুক্ত দীনবন্ধ গঙ্গোপাধ্যায়, মুদ্রাকর শ্রীযুক্ত ভূপেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় এবং বাঙ্গালা গ্রন্থমালা-প্রকাশবিভাগের সম্পাদক শ্রীযুক্ত অমরেন্দ্রনাথ রায় মহাশয় নানারূপ সাহায্য করিয়া আমাকে ক্রতজ্ঞতাপাশে বন্ধ করিয়াছেন। বিশ্ববিভালয়ের অধ্যাপক শ্রীযুক্ত প্রিয়রগুন সেন মহাশয় পঞ্চল অধ্যায়ের ও অধ্যাপক শ্রীযুক্ত মণীন্দ্র-মোহন বন্ধ মহাশয় যোড়শ অধ্যায়ের প্রফ দেখিয়া দিয়া আমার ক্রতজ্ঞতাভাজন হইয়াছেন।

পরিশেষে বক্তব্য এই যে বৃদাবনদাস, লোচন, রুফ্দাস কবিরাজ প্রভৃতি প্রেমিক কবিজন শ্রীচৈতন্তের যে চরিতস্থা পরিবেষণ করিয়াছেন তাহা পান করিয়া বহু সাধু-হৃদয় ভক্ত, বৈষ্ণব ও সাহিত্যরসিক যুগ যুগ ধরিয়া অপার আনন্দ লাভ করিয়া আসিতেছেন। আর আমি শুক্ত ঐতিহাসিক, অরসজ্ঞ কাকের ন্থায় শ্রীচৈতন্তের বহিরক জীবনের খুঁটিনাটি ঘটনারূপ নিষ্ফল আস্বাদন করিয়া বলিতেছি—এ-ঘটনা এইরূপে ঘটে নাই, ও-ঘটনা একেবারেই ঘটে নাই।

ঐতিহাসিকের অভিযোগ আশঙ্কা করিয়া রবীন্দ্রনাথ লিথিয়াছেন—

নারদ কহিলা হাসি, "সেই সত্য, যা রচিবে তুমি, ঘটে যা, তা সব সত্য নহে। কবি, তব মনোভূমি, রামের জনম-স্থান, অযোধ্যার চেয়ে সত্য জেনো॥"

—ভাষা ও ছন্দ

ভক্ত কবির মনোভূমিতে যে শ্রীচৈতত্যের জন্ম হইয়াছে, তিনি ভক্তজনের নিকট ঐতিহাসিক শ্রীচৈতত্য অপেক্ষা অধিকতর সত্য।

> শ্রীধাম নবদ্বীপ শ্রীগৌর-পূর্ণিমা ২১এ ফাব্ধন, ১৩৪৫

এবিমানবিহারী মজুমদার

সূচিপত্র

Eleka Strict Chapter Time of various significant events in the life of Sri Chaitanya

শ্রীচৈতত্ত্যের জীবনের প্রধান প্রধান ঘটনার কাল নির্ণয় (১-২•)

विवग्न			शृक्षे।
শ্রীচৈতন্মের জন্মকাল	***	•••	>
শ্রীচৈতত্ত্বের জীবনকাল	***	•••	t
শ্রীচৈতন্মের সঙ্গীর্তন প্রচার ও সন্ম	াদগ্রহণের কাল নির্ণয়	•••	৬
দল্ল্যাদ গ্ৰহণ হইতে পুরী <mark>গমন</mark> পর্য	যন্ত ঘট নার কাল নি র্ণয়	•••	٥٠
তীর্থভ্রমণের কাল নির্ণয়	***	•••	>0
	তীয় অধ্যায়		
সমসাময়িকদের	পদে ঐচৈতন্য (২১-৭	•)	
সমসাময়িকতার প্রমাণ	•••	•••	22
পদরচনায় অন্তপ্রেরণা	***	•••	२२
শিবানন্দ সেন	***	•••	२७
বস্থ বামানন	***	•••	२৫
গোবিন্দ ঘোষ	***	•••	२৮
মাধব ঘোষ	•••	• • •	৩৩
বাস্থ ঘোষ	•••		७ 8
বংশীবদন	• • •	•••	88
পরমানন গুপ্ত	•••	• • • •	8 %
গোরীদাস	•••	•••	88
রামচন্দ্র	•••	•••	89
নয়নানন্দ	***	•••	¢ >
নরহরি সরকার	•••	•••	62
অনীন্ত আচাৰ্য্য		•••	৬৩
কা ফ্ দাস	•••		৬৪

শ্রীচৈতগ্রচবিতের	উপাদান

no/o

বিষয়			পৃষ্ঠা
চক্রশেখর		•••	52
চৈত্ত্ত্যদাস		•••	৬৬
পরমেশ্রদাস	•••	••.	৬৮
কৃষ্ণদাস	•••	•••	৬৯
তৃতীয়	অধ্যায়		
মুরারি গুপ্তের ব	কড়চা (৭১-৯৪)		
আদিম শ্রীচৈতক্ত-গোষ্ঠাতে মুরারির স্থান			95
ম্রারির গ্রন্থের প্রামাণ্য বিচার		•••	98
মুরারির নিকট কবিকর্ণপুরের ঋণ	•••	• • •	৮२
চতুর্থ	অধ্যা য়		
কবিকর্ণপূরের গ্রন্থসমূহে	শ্রীচৈতন্য (১৫-১	50)	
ম্রারির লীলাবর্ণনার ভঙ্গী			b -8
কবিকর্ণপুর কর্তৃক মুরারিকে অহুসরণ			৮৬
লেখকের নাম ও পরিচয়			36
শীচৈতত্যচরিতামৃত মহাকাব্য গ্রন্থের পরি	র চয়		26
শ্রীচৈতগুচন্দ্রোদয়ের রচনাকাল ও প্রামা	भा विष्ठांत		202
গৌরগণোদেশদীপিকা	***	• • •	> 9
শ্রীচৈতত্তার তত্ত্ব ও মত-সম্বন্ধে কবিকর্ণপূ	্র		>>
বৈষ্ণ্ব-সমাজে কবিকৰ্ণপ্রের স্থান	***	•••	? ?}
পঞ্চম	অ ধ্যায়		
র্ন্দাবনের পাঁচ গোস্বামী	ও শ্রীচৈতন্ত্র (১১৪	3-590)	
রঘুনাথদাদ গোস্বামী			778
সনাতন গোস্বামী			256
রূপ-সনাতনের জাতি	***	`	202
স্নাতনের গুরু কে ?	***		<i>></i> 08

স্ফ	পত্ৰ		nelo
বিষয়			পৃষ্ঠা
সনাতনের রচিত গ্রন্থাদি	• • •	•••	دە:
"গীতাবলী"র রচয়িতা কে ?		• • •	>80
শ্ৰীচৈতগ্ৰতত্ব-সম্বন্ধে সনাতন			280
শ্রীরূপ গোস্বামী		•••	>8¢
শ্রীরূপের রচিত গ্রন্থাদি	•••	•••	>86
শ্রীচৈতত্যের লীলা-সম্বন্ধে শ্রীরূপ	•••	•••	>0>
শ্ৰীজীব গোস্বামী	••	•••	200
শ্রীজীব ও মগুস্দন সরস্বতী	• • •	•••	>69
শ্রীজীবের রচিত গ্রন্থাদি	•••	•••	200
শ্ৰীচৈতগ্যতত্ত্ব-বিষয়ে শ্ৰীঙ্গীব	•••	•••	263
গোপাল ভট্ট গোস্বামী		•••	ऽ७३
হরিভক্তিবিলাসের রচয়িতা কে ?	• • • •	•••	১৬৬
হরিভক্তিবিলাস ও বাঙ্গালার বৈ	ঞ্ব-সমাজ	•••	১৬৮
ষষ্ঠ অ শ্রীচৈতগ্যচন্দ্রামূ			
প্রবোধানন্দের পরিচয়	* * *	•••	292
শ্রীচৈতগ্য ও প্রবোধানন্দ			390
গৌর-পারম্যবাদ	•••) 9 ৮
সপ্তম ত			
ন্রীটেড ক্য ভা গবন্ত	५ (५४०-१११)		
শ্রীচৈতন্তভাগবতের লেথকের পরিচয়	***	• • •	74.0
শ্রীচৈতগ্যভাগবতের রচনা-কাল	•••	•••	200
শ্রীচৈতন্মভাগবতের প্রামাণিকতা-বিচার		• • •	७ ८८
মুরারি গুপ্ত ও বৃন্দাবনদাস	***	•••	२०७
দিখিজয়ি-পরাভব-প্রদক্ষ	•••	• • •	२०१
শ্রীচৈতত্ত্বের সন্ন্যাস-জীবন-সম্বন্ধে বৃন্দাবন	मान	***	578

শ্রীচৈতক্যচরিতের উপাদান

বিশয়			পৃষ্ঠা
শ্রীচৈতত্ত্বের গৌড়ভ্রমণ	***	• • •	2:0
শ্রীচৈতগ্রভাগবতের ঐতিহাদিক মূল্য	• • •	•••	२२১
অপ্রম	অধ্যায়		
জয়ানন্দের চৈত্যা)	
গ্রন্থ গুরুকারের পরিচয়		***	२२७
বৈষ্ণব-সমাজে জয়াননের গ্রন্থ অনাদৃত	হইবার কারণ		२२इ
চৈতগ্রমঙ্গল-রচনার কাল	•••	• • •	२२३
চৈতগ্রমঞ্ লে ভূল থবর			२८5
চৈত্রমঙ্গলে নৃতন তথ্য		• • •	२७.५
জয়ানন্দ-বর্ণিত শ্রীচৈতন্মের ভ্রমণপথ		•••	२৪১
জ্মানন্দ-কর্তৃ ক অঙ্কিত শ্রীচৈতন্য-চরিত্র	•••	•••	285
নবম '	অধ্যায়		
লোচনের "এটিচতনূ	J নঙ্গল" (২৪৯-২৭১	٥)	
গ্রন্থকারের পরিচয়			585
গ্রন্থের রচনাকাল		• • •	200
চৈত্যমঙ্গল ও চৈত্যভাগবত			२ ৫ 8
শ্রীচৈতত্মদল-লেখার উদ্দেশ্য		• • •	२ ৫ १
মুরারির সহিত লোচনের বিবরণের পা	ৰ্থক্য		5 80
বুন্দাবনদাদের সহিত লোচনের বর্ণনার	পাৰ্থক্য		२५९
লোচনের বণিত নৃতন তথ্য		•••	२ १ ०
শ্রীচৈতত্ত্বের তিরোভাবের বিবরণ	• • •	•••	२१०
লোচনের গ্রন্থের ঐতিহাদিক ম্ল্য	•••		૨૧ ૨
দশ্ম	অ ধ্যায়		
মাধবের "চৈত্তগ্যবি	লাস" (২৭৪-২৮৫)	,
भांधव ८क ?	•••	•••	२ 98
মাধ্ব ও লোচন	*** *,	•••	२१४
মাধবের গ্রন্থে মূল্যবান্ সংবাদ	•••	•••	२৮8

	~	
-	-	**
47		7 (6
-		, -

একাদশ অধ্যায়

শ্রীচৈতশ্যচরিতামৃত (২৮৬-৩৯৪)

विषय			পৃষ্ঠা
গ্রম্বের প্রভাব ও পরিচয়		•••	२৮७
কৃষ্ণকর্ণামৃতের একটি শ্লোক		•••	২৮৬
কৃষ্ণদাস কবিরাজের পরিচয়	• • •	• • •	২ ৯৩
কবিরাজ গোস্বামীতে আরোপিত গ্রন্থ	দমৃহ	•••	২৯৭
কৃষ্ণদাস কবিরাজের পাণ্ডিত্য	•••		٥. ه
কবিরাজ গোস্বামীর চরিত্র			७०७
গ্রন্থের রচনাকাল	•••		۵۰۵
কবিরাজ গোস্বামী কি আত্মহত্যা কৰি	বয়াছিলেন ?	• • •	७ऽ२
চৈতক্যচরিতামৃতের উপাদান-সংগ্রহ		• • •	७১৫
স্বরূপ-দামোদরের কড়চা		• • •	७১१
কবিকর্ণপূরের নাটক ও মহাকাব্যের বি	নকট চরিতামৃতের ঋণ	•••	৩২১
আদি লীলার ঐতিহাসিক বিচার			७२३
প্রকাশানন্দ-উদ্ধার-কাহিনীর বিচার		•••	९२३
কবিরাজ গোস্বামি-অঙ্কিত শ্রীচৈতন্তের	বাল্যজীবন	•••	৩৩৩
বিশ্বস্তবের বিভাশিকা	***		৩৩৫
মধ্যলীলার বিচার	•••	• • •	৩৩৭
বিশ্বস্কবের সন্ন্যাসগ্রহণ ও পুরীযাত্রা		•••	ಅ ಲ್ಲಾ
দাৰ্ব্বভৌম-উদ্ধার-কাহিনীর বিচার	•••	•••	७ 88
প্রভ্র দক্ষিণাপথ-ভ্রমণ	***		908
প্রতাপরুদ্র-উদ্ধার-কাহিনীর বিচার		***	092
শ্রীচৈতক্তের গোড়-ভ্রমণের পূর্ব্ব পর্য্যস্ত	নীলাচল-লীলা		७५२
শ্রীচৈতন্তের গোড়ে ত্বাগমন	***	• • •	৩৭৩
গোপাল বিগ্রহের বিবরণ		• • •	৩৭৬
স্নাত্ন-শিক্ষা	***	• • •	७४३
অস্ত্যলীলার বিচার		•••	S & 8
বিদশ্বমাধব ও ললিতমাধব নাটকের রা	চনা-কাল	•••	OF 8
হরিদাস ঠাকুরের কাহিনী	***		6

C. 6		-
শ্রীচৈতগ্যচ	ব্যক্তর	RAIDIA
-1160000	1 4004	9 11417

٥,٠/٥	শ্রীচৈতম্যচরিতের উপাদান		
विषय			পৃষ্ঠা
বল্পভ ভট্টের বিবরণ	•••		৩৯০
প্রভূর সমুদ্রপতন-লীলা		•••	৫৯১
চরিতামৃত-বিচারের শার-	নিষ্কৰ্যণ	***	ಿ ೧
	The talents		
	দাদশ অধ্যায়		
Calla	ন্দদাসের কড়চা (৩৯৫-৪০	8)	
কড়চা-সম্বন্ধে আন্দোলনের	ইতিহাস ···	•••	৩৯৬
কড়চার অক্তবিমতায় সন্দে	হের কারণ · · ·	•••	८८०
জয়গোপাল গোসামীর কি	কোন স্বাৰ্থ ছিল ?	• • • •	8 • 5
গোবিন্দ কে ?	•••	***	8 = 2
কড়চা কি একেবারে কাল্ল	নিক ?	***	8 • 8
	ত্রবোদশ অধ্যায়		
আর কয়েকখা	নি নাতিপ্রামাণিক গ্রন্থ (৪	৪ ০৫-৪৮-৯)	
প্রহায় মিশ্রের "গ্রীকৃষ্ণচৈত।	তোদয়াবলী"	***	800
গ্রন্থের প্রামাণ্য-বিচ		***	809
ঈশান নাগরের "অবৈতপ্রব	₽ † *["	•••	S 3 2
গ্রন্থের অকুত্রিমতায়	সংশ য়		8 2 8
গৌরমন্ত্রের আন্দোল	-	***	800
হরিচরণ দাদের "অবৈতমঙ্গ	ল"		88.
লাউড়িয়া কৃষ্ণাদের "বাল্য	লীলা-সূত্ৰম্" ···	• • •	885
"শীতাগুণ কদম"	•••		848
লোকনাথ দাসের "সীতাচ	বত্র"		864
সীতা-অধৈত-চরিত	গ্রন্থগুলি-সম্বন্ধে সাধারণ মন্তব্য		৪৬৩
জগদানদের "প্রেমবিবর্ত্ত"	•••		8 &8
"मूदली-विलाम" ७ "वःनी-वि	·(本)"	•••	৪৬৮
"প্রেমবিলাদ"			899
"ভক্তিরত্বাকর" ও "নরোত্ত	ম-বিলাস"	•••	866
"অভিরাম-লীলামৃত"	•••	•••	866

च्यु	্চিপত্ৰ		ه ای د
চতুৰ্দ্দ	শ অধ্যায়		
উড়িয়া ভক্তদের মুখে উ		৯০-৫০৬)	
বিষয়			পৃষ্ঠা
প্রাক্-চৈতত্ত যুগে উড়িয়ায় বৈষ্ণব-ধ	র্মর তুইটি ধারা	• • •	ەھ8
পঞ্চৰণ		•••	8 व २
ঈশ্বদাদের চৈতগ্রভাগবত	•••	***	৪৯৬
দিবাকরদাদের জগন্নাথচরিতামৃত		•••	(०२
গৌরক্ষোদয়কাব্যম্		•••	¢ • 8
পৃঞ্চদ	শ অধ্যায়		92
অসমীয়া গ্রন্থে	গ্রীচৈতন্য ও ভাঁহ	ার	
পরিকরগণের	কথা (৫০৭-৫২৭))	
শঙ্গবদেবের সহিত অহৈত প্রভুর সম্বন্ধ	***	***	¢ • 9
শ্রীচৈতন্তের কথা আছে এমন অসমীয়া	গ্ৰন্থের কালনির্ণয়	• • •	e50
শ্রীচৈতন্তের শহিত শঙ্করের মিলন	***		e ;
শ্রীচৈতত্তের আদাম-ভ্রমণ	* * *	***	¢ >5
কবির ও শ্রীচৈতগ্র	* ***	***	e २ २
রপ-সনাতন-সহয়ে নৃতন কথা	***	***	4 2 8
যো ড়	ণ অধ্যায়		
সটীক হিন্দী ও বাঙ্গাল	ভক্তমাল (৫২৮	(een-	
নাভান্ধী ও প্রিয়াদাস্জী	***	• • •	624
লালদাদের ভক্তমাল	•••	***	৫७२
পাঞ্চাব, মূলতান ও ওজরাতে ঐচৈতে	গ্ৰন্থভাব	•••	৫৩২
সপ্তদ*	া অধ্যায়		
সহজিয়াদের হাতে 🤅	নীচৈতন্য (৫৩৪-৫	(40 m	
পরকীয়াবাদের ইতিহাস	***		e 🗢 8
শ্রীচৈতত্যে পরকীয়াসাধন-আবোপ	***		હહ્યુ

G	_	~
47509	চারতের	উপাদান

-11- CICO 2013	COXOTIVIO						
বিষয়			পৃষ্ঠা				
কিশোরীভজা দল		•••	७ ७४				
আধুনিক সহজিয়।	•••	•••	604				
অষ্ট1দ*	ণ অধ্যায়						
গৌড়ীয় বৈষ্ণব-ধর্ম্মের আদিযুগ-স ম্ব দ্ধে							
বিবিধ তথ্য (৫৩৯-৫৮৮)							
শ্রীচৈতত্ত্বের ভাবাবেশের পূর্কে ভক্তগো	谢 …	• • •	৫৩৯				
শ্রীচৈতত্তের সম্প্রদায়-নির্ণয়		•••	680				
শ্রীচৈতত্ত্বের ভগবত্তা-ঘোষণা	•••	•••	005				
ঈশ্বরভাবে আবেশ			6 5 7				
ভক্তগণ-কর্তৃক ঈশ্বররূপে পূজা	***	• • • •	668				
ভক্তগণ-কর্তৃক ঈশ্বররূপে অভি	ষেক		444				
সাধারণের নিকট শ্রীচৈত ত্যের ই	ঈশ্বরত্ব-ঘোষণা		eer				
শ্রীচৈতন্ত্রের বিগ্রহ-স্থাপনা ও ভ	पर्छन्!	•••	৫७२				
শ্ৰীচৈতন্ম ও কীৰ্ত্তন-গান	•••		¢98				
শ্রীচৈতক্তার ভক্তগণ	• • •	***	৫ ৬.৬				
ভক্তদের জাতি	* * *	•••	৫৬৭				
সন্ন্যাদি-পরিকরগণ	***	• • •	৫৬৮				
ভক্তগণের পাণ্ডিতা ও কবিত্ব	•••	•••	(4				
পরিকরগণের বাসস্থান বা শ্রীপাট	***	•••	692				
वाकालारमः	• • •	•••	692				
অাসাম	•••	•••	698				
উৎকল ও অন্তান্ত প্রদেশ		• • •	¢98				
পঞ্চত্ত, ঘাদশ গোপাল, চৌষ্টি মহার	ৱ প্ৰভৃতি		¢ 98				
ছয় গোস্বামী		••.	¢ 9¢				
घानन ८गाना	•••	•••	699				
চৌষ্ট মহান্ত	•••	•••	ab0				

ছয় চক্রবত্তী ও অষ্ট কবিরাজ ...

ere

	স্চিপত্ৰ		31/0
বিষয়			পৃষ্ঠা
শ্রীচৈতন্ত-পরিকরগণের ভজন-প্র	ণালীর বিভিন্নতা	•••	644
নকল অবতার	•••	•••	(bb
উ	নবিংশ অধ্যায়		
শ্রীচৈতশুচরিত্রের	কয়েকটি বৈশিষ্ট্য (৫	৮৯-৬০৪)	
	পরিশিষ্ট		
(ক) বৈঞ্চব-বন্দনা ও শ্রীচৈতন্মের	। সমসাময়িক পরিকরবৃন	1 ···	৬০৫
(খ) যে-সব গ্রন্থের উল্লেখ পাওয়া	। যায় অথচ কোন পুথি	পাওয়া	
যায় না তাহাদের তালিক			909
(গ) রঘুনাথদাস গোসামীর সংস্কৃ	ত স্চক ···	•••	9 : 9
(ঘ) শ্রীচৈতক্সচরিতামৃত-ধৃত শ্লো		-কর্ত্তৃক	
তাহার ব্যবহার		•••	422
(ঙ) শ্ৰীজীব গোস্বামীতে আরোগি	পত বৈষ্ণব-বন্দনা	•••	9>8
বৈষ্ণব সাময়িক পত্রিকার ইতিহা	দ ও সংগ্ৰহ	•••	929
নিৰ্ঘণ্ট		***	902

প্রথম অধ্যায়

শ্রীচৈতত্তের জীবনের প্রধান প্রধান ঘটনার কাল-নির্ণয়

শ্রীচৈতত্তের জীবনচরিতের আকর-গ্রন্থগুলির মধ্যে প্রত্যেকখানির ঐতিহাসিক প্রামাণিকতা বিচার করা এই পৃস্তকের উদ্দেশ্য। প্রথমে প্রভুর জীবনের প্রধান প্রধান ঘটনার কাল-নিরূপণ করিতে পারিলে পরবর্ত্তী আলোচনার স্থবিধা হইবে। তাঁহার জীবনী লইয়া চার শত বৎসর কাল আলোচনা চলিতেছে। কিন্তু আকর-গ্রন্থগুলির তুলনামূলক বিচার এ পর্যান্ত হয় নাই বলিয়া শ্রীচৈতত্ত কত দিন জীবিত ছিলেন, কত দিন গমনাগমনে অতিবাহিত করিয়াছিলেন, কত দিন পুরীতে ছিলেন প্রভৃতি অত্যন্ত প্রয়োজনীয় বিষয়েও আমাদের জ্ঞান অসম্পূর্ণ রহিয়াছে। আমার পূর্ববর্ত্তী লেথকগণ এই সব বিষয়ে রুফ্লাস কবিরাজের মতই নিব্বিচারে মানিয়া লইয়াছেন। কিন্তু রুফ্লাস কবিরাজের শ্রীচৈতত্তাচরিতামূত রচনার বহুপূর্বের লিখিত করিকর্ণপূরের শ্রীচৈতত্তাচরিতামূত মহাকাব্যে অত্য প্রকার কাল-নির্দেশ আছে। এরপ ক্ষেত্রে এই তুই জন চরিতকারের উক্তির মধ্যে কোনরূপ সামঞ্জশু-বিধান করা সন্তব্য কি না দেখা যাউক। যেখানে সামঞ্জশু করা সন্তব্য নহে, সেখানে মুরারি গুপ্ত, বাস্থ্র ঘোষ, বুন্দাবনদাস প্রভৃতি লেখকদের বর্ণনার সাহায্যে ও জ্যোতিষিক (astronomical) গণনার ঘারা সত্য-নির্বয়ের চেষ্টা করিব।

Birth of Sri Chaitanya ত্রীচেতন্মের জন্মকাল

শ্রীচৈতক্য ১৪০৭ শকে ফান্ত্রনী পূর্ণিমা তিথিতে জন্মগ্রহণ করিয়াছিলেন, এ কথা সকল চরিতকারই লিখিয়াছেন। কিন্তু তিনি গ্রহণের সময়ে কিংবা গ্রহণের পূর্বের জনিয়াছিলেন তাহা লইয়া মতভেদ আছে। আবার ১৪০৭ শকে ফান্তুনী পূর্ণিমার দিন কোন্ তারিখ, কি বার ছিল তাহা লইয়াও বিভিন্ন মত দেখা যায়। বৃন্ধাবনদাসের মতে শ্রীচৈতক্য গ্রহণের সময় জন্মিয়াছিলেন, যথা—

> ঈশবের কর্ম ব্ঝিবার শক্তি কার। চন্দ্র আচ্ছাদিল রাহ্ ঈশর-ইচ্ছায়॥

হেন্ট্ সময়ে সর্ক জগত-জীবন। অবতীর্ণ হটলেন শ্রীশচীনন্দন॥ ১।২।২২-২৩

এই বর্ণনা দেখিয়া প্রথমে কৃষ্ণদাস কবিরাজ লিখিলেন—

কাল্পন-পূর্ণিমা সন্ধ্যায় প্রভুর জন্মোদয়। সেই কালে দৈব যোগে চক্রগ্রহণ হয়॥

পরে তিনি নিজের ও রুদাবনদাদের ভ্রম-সংশোধন করিয়া বলিয়াছেন যে প্রথমে সন্ধ্যা-যোগে শ্রীচৈতন্মের জন্ম এবং পরে গ্রহণ হয়। বুদাবনদাদের মত বিশ্বনাথ চক্রবর্ত্তী ও ভক্তিরত্নাকর-প্রণেতা নরহরি চক্রবর্তী গ্রহণ করিয়াছেন। বিশ্বনাথ চক্রবর্তী বলেন—

পূর্ণেন্দৌ বাহুণা গ্রন্থে সন্ধ্যায়াং সিংহুলগ্নকে।
নক্ষত্রে পূর্বেফাল্পতাং বাশৌ চ পশুবাজকে॥
সর্বাসল্লক্ষণে পূর্ণে সপ্তকে বাসরে তথা।
মিশ্রপত্নীশচীগর্ভাচ্দিতো ভগবান্ হরিঃ॥

—রামপ্রসন্ন ঘোষ-সঙ্গলিত বংশীলীলামূতে ধুত

নরহরি চক্রবর্তী বলেন--

আজ পূর্ণিম, সাঁঝ সময়ে, রাল শশী গরাসি। গৌরচন্দ্র উদয়ে তবহি, তাপতম বিনাশি॥

কিন্তু শ্রীয়ক্ত যোগেশচন্দ্র রায় বিভানিধি মহাশয় জ্যোতিষিক গণনা করিয়া বলেন যে ১৪০৭ শকে কান্তুন মাসে "পূর্ণিম। নবদীপে প্রায় ৪০ দণ্ড। দিবামান ২৯ দণ্ড। রাত্রি ৮ দণ্ডের সময় চন্দ্রগ্রহণ আরম্ভ হইয়াছিল, গ্রাস প্রায় ১১ অদুলি" (প্রবাসী, পৌষ, ১০০৬—"কবি শশাদ্ধ" প্রবন্ধ)। চৈতন্তু যদি "সাঁঝ সময়ে" জন্মগ্রহণ করেন তাহা হইলে সে সময় "পূর্ণেন্দু রাত্রগ্রস্ত" হইতে পারে না, কেন-না রাত্রি ৮ দণ্ডের সময় গ্রহণ আরম্ভ। স্ক্তরাং বিশ্বনাথ ও নরহিব চক্রবর্ত্তী ভূল করিয়াছেন, প্রমাণিত হইল। বিশ্বনাথ চক্রবর্তীর জ্যোতিষে জ্ঞান থাকিলে তিনি এরপ ভূল করিতেন না। কেন-না তিনি জন্মের সময় ঠিকভাবে দিয়াছেন। যোগেশচন্দ্র রায় মহাশ্যের গণনা-অস্থারে জানা যাইতেছে যে ঐ তারিথে দিবামান ছিল ২৯ দণ্ড; আর বিশ্বনাথ চক্রবর্ত্তী

9

বলেন—"দণ্ডাষ্টবিংশতেঃ পঞ্পঞ্চাশৎ পলগে কণে" অর্থাৎ ২৮ দণ্ড ৫৫ পলে ঠিক সন্ধ্যা লাগার পূর্ব্বে জন্ম হইয়াছিল।

শ্রীচৈতত্যের সমসাময়িক ছই জন লেথকের বর্ণনা পড়িয়া মনে হয় গ্রহণের প্রে শ্রীচৈতত্য জন্মগ্রহণ করিয়াছিলেন। মুরারি গুপ্ত লিখিয়াছেন—

তস্ম জন্মসময়েংকু শশাক্ষং রাহুরগ্রসদলং অপয়ৈব। কৃষ্ণপদ্মবদনেন নিৰ্জ্জিতঃ প্রাবিশং স্থ্রবিপোম্খং বিধুঃ॥ ১।৫।২৩

কৃষ্ণ-স্থার শ্রীচৈতন্মের মুখ দেখিয়া লজ্জা পাইয়া যদি চন্দ্র রাহুতে মুখ লুকান, তাহা হইলে আগে চৈতন্মের জন্ম এবং পরে গ্রহণ হয়। বাস্থ ঘোষও সেইরূপ বলেন—

নদীয়া-আকাশে আসি

উদিল গৌরাঙ্গ-শশী

ভাগিল সকলে কুতৃহলে।

লাজেতে গগন-শশী

মাথিল বদনে মিস

কাল পেয়ে গ্রহণের ছলে॥

—গৌ. প. ত., পৃ. ৩৬, ২য় সং

কবিকর্ণপূর শ্রীচৈত্যুচরিতামৃত মহাকাব্যে শ্রীচৈত্যুের জন্মরাণি, নক্ষত্র প্রভৃতি দিয়াছেন। তিনিও বলেন গ্রহণের পূর্বে শ্রীচৈত্যের জন্ম—

স্থানিধিং তংসময়ে বিধুস্তদ-স্তুতোদ সানন্দমক্সন্তুদো ভূশম্। অলং ত্বয়া সংপ্রতি শীতদীধিতিঃ সমৃদ্ধতোহলোহস্তি ভূবীতি ভাবয়ন্॥

অর্থাৎ তথন রাছ এই বলিয়া চন্দ্রকে গ্রাস করিতে লাগিল—হে নিশানাথ! তুমি আর কেন র্থা উদয় হইতেছ। ঐ দেথ অপর চন্দ্রমা পৃথিবীতে উদিত হইয়াছেন। কবিকর্ণপূর আরও জানাইয়াছেন—

প্রকাশমাত্রেণ স্থদক্ষিণা গ্রহা বভূবুরশু প্রথমং স্থতুঙ্গকাঃ

বভূব রাশিঃ স তু সিংহসংজ্ঞিতো নক্ষত্রমুখ্যাপি চ পূর্বকল্পনী॥ ২।৪৪

ম্রারি ও কবিকর্ণপূরের উপমাটি পর্যন্ত গ্রহণ করিয়া কবিরাজ গোসামী লিখিলেন—

সিংহরাশি সিংহলঃ উচ্চ গ্রহগণ

যড়বর্গ অন্তবর্গ সর্ব্য স্থলক্ষণ ॥

অকলন্ধ গৌরচন্দ্র দিলা দরশন।

সকলন্ধে চন্দ্রে আর কোন্ প্রয়োজন।

এত জানি রাভ কৈল চন্দ্রের গ্রহণ॥ ১১১৩৯০-৯২

কবিরাজ গোস্বামী আদিলীলায় বৃন্দাবনদাদের বর্ণিত ঘটনার স্ক্রমাক্র করিতেছেন বলিলেও এথানে শ্রীচৈতন্তের জন্ম-সময়-বিষয়ে তিনি বৃন্দাবনদাদের মত ভুল জানিয়। ম্রারি, বাস্থ ঘোষ ও কবিকর্ণপূরের মত গ্রহণ করিলেন। তিনি বলিলেন যে আগে অকলম্ব গৌরচন্দ্র দর্শন দিলেন, পরে রাহু চন্দ্রকে গ্রাস করিল। ক্রফ্রদাস কবিরাজ গোস্বামী রাশি ও লগ্ন লিখিলেও নক্ষত্রটি লিখেন নাই। তাই তাহার গ্রন্থের অক্যতম সম্পাদক শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয়কে জ্যোতিষিক গণনা করিয়া বাহির করিতে হইল যে ঐ সময় পূর্বকল্পনী নক্ষত্র ছিল (পরিশিষ্ট, ১৮ পুঃ)। কিন্তু কবিকর্ণপূর ঐ সংবাদ শ্রীচৈতন্তের তিরোভাবের নয় বংসর পরেই দিয়াছিলেন।

দেখা গেল, শ্রীচৈতন্ত কান্ধনী পূর্ণিমার দিন চন্দ্রগ্রহণের পূর্বের সন্ধ্যাকালে জন্মগ্রহণ করিয়াছিলেন; কিন্তু ঐ দিন কান্ধনের কত তারিথ এবং কি বার ? "নিত্যানন্দ-চরিত" নামক গ্রন্থে (২য় থণ্ড, ২১ পৃ) ১৯এ কান্ধন শুক্রবার, শ্রীটেতন্তাসঙ্গীতায় "শ্রীগৌরস্কার" গ্রন্থে (১২ পৃ.) ২০এ কান্ধন শুক্রবার, "শ্রীটৈতন্তাসঙ্গীতায়" ২২এ কান্ধন, এবং "প্রবাদীতে" (১৩২৭, জ্যিষ্ঠ, ১৭২ পৃ.) ২৫এ কান্ধন, ১৪৮৬ খ্রীষ্টাব্দের ১৯এ কেব্রুয়ারী তারিথ দেওয়া হইয়াছে। নবদ্বীপ-নিবাদী বন্ধুবর শ্রীযুক্ত কণিভূষণ দত্ত মহাশয় "শ্রীটৈতন্তাজাতক" নামক প্রিকায় বিশদভাবে গণনা করিয়া দেখাইয়াছেন যে ঐ দিন ১৪০৭ শক ২৩এ কান্ধন শনিবার, জুলিয়ান্ ক্যালেণ্ডার-অম্পারে ১৪৮৬ খ্রীষ্টাব্দের ১৮ই দেকবারী এবং অধুনা-প্রচলিত গ্রেগরিয়ান্ ক্যালেণ্ডার-অম্পারে ১৪৮৬ খ্রীষ্টাব্দের ২৭এ ক্রেক্র্যারী এবং অধুনা-প্রচলিত গ্রেগরিয়ান্ ক্যালেণ্ডার-অম্পারে ১৪৮৬ খ্রীষ্টাব্দের ২৭এ ক্রেক্র্যারী। তাঁহার গণনায় প্রাপ্ত তারিথের সহিত বিশ্বনাথ চক্রবর্ত্তি-

উক্ত "ফাল্কনে মাসি সংক্রান্তে ত্রয়োবিংশতি-বাসরে" কথার মিল আছে।
শ্রিযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয়ও গণনা করিয়া ঐ তারিথ পাইয়াছেন
(পরিশিষ্ট, ৫০/০ পৃ.)। "সীতাগুণকদম্ব" নামক পুথির ৬ পত্রাক্ষে আছে যে
শ্রীচৈতন্তার জন্ম ২৩এ ফাল্কন রাত্রি একদণ্ড গতে।

Life span of Sri Chaitanya ত্রীচৈতভার জীবনকাল

শ্রীচৈতন্ত কতদিন জীবিত ছিলেন তাহ। এইবার নির্ণয় করিতে চেষ্টা করা যাউক। কবিকর্ণপূর বলেন, তিনি সাতচল্লিশ বংসর ধরাধামে ছিলেন, যথা—

ইথং চত্বারিংশতা সপ্তভাজা শ্রীগোরাঙ্গো হায়নানাং ক্রমেণ। নানা-লীলা-লাস্মাসান্ত ভূমৌ ক্রীড়ন্ ধাম স্বং ততোহসৌ জগাম॥ ২০।৪১

অর্থাৎ এরিগারাক এইরপে সাতচল্লিশ বংসরে নান। লীলা-নৃত্য বিধানপূর্বক পৃথিবীতে ক্রীড়া করিয়া স্বধামে গমন করিয়াছিলেন।

কুফদাস কবিরাজ বলেন-

5

শ্রীক্লফ চৈতত্য নবদীপে অবতরি। অষ্টচল্লিশ বৎসর প্রকট বিহরি॥ চৌদ্দ শত সাত শকে জন্মের প্রমাণ। চৌদ্দ শত পঞ্চানে হইল অন্তর্জান॥

লোচনের "চৈতন্তমঙ্গল" হইতে জানা যায় যে, গ্রীচেতন্ত আষাঢ় মাদের তিথি সপ্তমী দিবদে। নিবেদন করে প্রভু ছাড়িয়া নিখাদে॥

> তৃতীয় প্রহর বেলা রবিবার দিনে। জগন্নাথে লীন প্রভূ হুইলা আপনে॥

> > —শেষ খণ্ড, পু. ১১৬-১^২

লোচনের বর্ণনা হইতে জানা যায় না যে, ঐ দিন শুক্লা কি কফা দপ্তমী ছিল কিন্তু জয়ানন এই অভাব পূরণ কবিয়াছেন, যথা—

আষাঢ় সপ্তমী তিথি শুক্ল। অঙ্গীকার করি। রথ পাঠাইহ যাব বৈকুণ্ঠপুরী॥

লোচনের মতে তৃতীয় প্রহর বেলায় তিরোধান, জয়াননের মতে "কালি দশ
দণ্ড রাত্রে চলিব দর্বাথা" (উত্তর গণ্ড, পৃ. ৫০১। শ্রীযুক্ত ফণিভূষণ দত্ত মহাশয়
গণনা করিয়া বাহির করিয়াছেন যে ঐ দিন ১৪৫৫ শক, ৩১এ আষাঢ়, বা
১৫৩৩ খ্রীষ্টাব্ব, ২৯এ জুন ছিল (শ্রীচৈতন্যজাতক, পু. ১৮)।

Sri Chaitanya's demise date 29th June 1533 CE, Life span 47yrs 4 months 12 days

শ্রীচৈতন্মের তিরোভাব ১৫৩০।৬।২৯ জুলিয়ান্ ক্যালেগুার

১৫৩০। ৭। ৯ তেগ্রিয়ান্ ক্যালেণ্ডার

শ্রীচৈতত্তের জন্ম : ৪৮৬।২।২৭ থ্রেপরিয়ান্ ক্যালে গ্রার

শ্রীচৈতত্ত্বের জীবন-কাল s পার।১২ দিন।

আরও ফুল্ম হিসাবে দিন গণনা করিলে-

শক ১৪৫৫।৩।৩১ (বৈশাপ, জ্যেষ্ঠ, আয়াঢ় ৯৩ দিন ছিল) ৩৬৫ + ৯৩ = ৪৫৮

শক ১৪০৭।১১।২৩ (২৩এ ফাস্ক্রন পর্যান্ত ৩২৮ দিন হইরাছিল)
৪৭ বংসর ১৩০ দিন (ত্রিশ দিনে মাস ধরিলে, চার মাস দশ দিন)।
এইরূপ গণনার দ্বারা পাওয়া গেল যে শ্রীচৈতন্ত সাতচল্লিশ বংসর চার মাস দশ
বা বার দিন জীবিত ছিলেন। এই সময়কে কবিকর্ণপূর ৪৭ এবং রুফ্দাস
কবিরাজ ৪৮ বংসর বলিয়াছেন।

Time of Sri Chaitanya's visit to Gaya, spreading of group devotional singing and

শ্রীতৈভন্মের গয়ায় গমন, সঙ্কীর্ত্তন-প্রচার ও

taking of monastic vow
সম্ভ্যাস-গ্রহণের কাল-নির্বয়

কবিরাজ গোস্বামী একবার বলিয়াছেন-

(ক) চব্দিশ বংসর ছিলা গৃহস্থ আশ্রমে। পঞ্চবিংশতি বর্ষে কৈলা যতি ধর্মো॥ ১।৭।৩২

আবার অম্বত্ত বলিয়াছেন--

(খ) শ্রীকৃষ্ণচৈতন্ত নবদ্বীপে অবতরি। অষ্টচল্লিশ বংসর প্রকট বিহরি॥ ১।১৩।৭ চিবিশ বংসর শেষে যেই মাঘ মাস।
তার শুক্ল পক্ষে প্রভু করিলা সন্ন্যাস॥
সন্মাস করিয়া চিবিশ বংসর অবস্থান।
তাঁহা যেই লীলা তার শেষ লীলা নাম॥ ২।১।১১-১২

আপাতদৃষ্টিতে (ক) ও (থ) চিহ্নিত উক্তি পরস্পরবিরোধী বোধ হয়;
কেন-না শ্রীচৈতন্ম যদি ২৫ বংসর বয়সে যতিধর্ম অবলম্বন করিয়া থাকেন ও
২৪ বংসর সন্মাস করিয়া অবস্থান করেন তবে তাঁহার আয়ু হয় ৪৯ বংসর।
কিন্তু যে হেতু কবিরাজ গোস্বামী নিজেই ১৪০৭ হইতে ১৪৫৫ শক তাঁহার
জীবন-কাল বলিয়াছেন সেই হেতু ৪৯ বংসর হইতে পারে না। স্কুরাং উক্ত
তুই উক্তির সামপ্রস্ম এইরূপে করিতে হইবে যে চিকিশ বংসর প্রায় যথন শেষ
হয় তথন তিনি সন্মাস গ্রহণ করিলেন—পঞ্চবিংশতি বর্ষে পা দিতে না দিতে
তিনি যতি হইলেন। শ্রীচৈতন্মের জীবনকাল-আলোচনায় দেখাইয়াছি যে,
কৃষ্ণদাস কবিরাজ বাঙ্গালাদেশের প্রচলিত গণনা-প্রণালী ধরিয়া ৪৭ বংসর
৪ মাসকে ৪৮ বংসর বলিয়াছেন। এই প্রণালী-অন্থসারে ৪৭০০। দিন হইতেই
৪৮ আরম্ভ। এ স্ত্র ধরিয়া আলোচনা করিলে "চিকিশ বংসর শেষে ষেই মাঘ
মাস" মানে শ্রীচৈতন্মের জন্ম ফাল্পনে হওয়ায় ২০০১ মাস সময়ে সন্ম্যাস লওয়া
হয়। এই সময় ঠিক কি না দেখা যাউক।

মুরারি গুপ্ত বলেন যে শ্রীচৈতক্ত

ততঃ শুভে সংক্রমণে রবেঃ ক্ষণে কুস্তং প্রয়াতি মকরান্মনীষী (৩)২।১০)

সন্ধ্যাস গ্রহণ করেন। লোচন ম্রারির শ্লোক অন্ধ্যাদ করিয়া লিখিয়াছেন—
মকর লেউটে কুম্ভ আইসে যেই বেলে।
সন্ধাসের মন্ত্র গুরু কহে হেন কালে।

অর্থাৎ মাঘ মাদের সংক্রান্তির দিন সন্নাস-গ্রহণ। ক্রঞ্চাস কবিরাজ বলিয়াছেন সংক্রান্তির দিন শুরু পক্ষ ছিল। ইহা হইতে গণনা করিয়া শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয় দেখাইয়াছেন যে ১৪৩১ শকের মাঘ মাদের সংক্রান্তি পড়িয়াছিল ২৯এ তারিথ শনিবারে। ঐ দিন প্রায় চার দও পর্যান্ত পূর্ণিমা ছিল। তাহা হইলে দেখা যাইতেছে যে,

শীচৈতত্ত্বের সন্নাস ··· ১৪০১ শকে। মাঘ, ১০ মাসে। ২০ দিনে, শীচৈতত্ত্বের জন্ম ··· ১৪০৭ শকে। ফাল্পন, ১১ মাসে। ২০ দিনে, শীচৈতত্ত্ব গৃহে ছিলেন ··· ২০।১১।৬ দিন।

Sri Chaitanya's monastic vow year 3rd February 1510

১৫১০ খ্রীষ্টাব্দের তেসরা ফেব্রুয়ারীর কাছাকাছি সময়ে প্রভূ সন্ন্যাস গ্রহণ করেন।

শ্রীচৈতন্তের তিরোভাব···১৪৫৫ শকে। আধাঢ়, ৩ মাসে। ৩১ দিনে,
শ্রীচৈতন্তের সন্ন্যাস-গ্রহণ···১৪৩১ শকে। মাঘ, ১০ মাসে। ২০ দিনে,
শ্রীচৈতন্তের সন্ন্যাস-জীবন···২৩৫।২ দিন।

কিন্তু ২৯এ মাঘ সংক্রান্তি ছিল, সেই জন্ম স্থান হিলাবে ঐ সময় হইবে ২৩।৫।০ দিন। সন্ন্যাসের সময় শ্রীচৈতন্তের বয়স ২৩।১১।৬ দিন হওয়ায় ক্লঞ্চাস উহাকে "চবিশা বংসর শেষে" বলিয়াছেন। আর ২৪ দিন পরেই তিনি ২৫ বংসরে পড়িবেন বলিয়া কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—"পঞ্চবিংশতি বর্ষে কৈলা যতি ধর্ম।"

শ্রীচৈতন্ম গয়া হইতে ফিরিয়া আসিবার কত দিন পরে সয়াস গ্রহণ করিয়াছিলেন তাহার স্পষ্ট উল্লেখ কবিকর্ণপূর ছাড়া আর কোন চরিতকার করেন নাই। তিনি বলেন যে বিশ্বস্তর পৌষের অস্তে গয়া হইতে গৃহে আসিলেন (মহাকারা, ৪।৭৬)। তারপর মাঘ মাস হইতে কীর্ত্তন ও ভাবপ্রকাশ আরম্ভ হয়, য়থা—

ততে। মাঘস্থাদৌ নিরবধি নিজৈঃ কীর্ত্তনরসৈঃ
প্রকাশং চাবেশং ভূবি বিকিরতি স্বাহ্ণদিবসম্॥

—মহাকাব্য, ৪।৭৬

মাঘ মাস হইতে চার মাস অর্থাৎ বৈশাথ পর্যন্ত তিনি সদ্বিপ্রদিগকে পড়াইতেন (মহাকাব্য, ৫।২৪)। বৈশাথের পর হইতে আর পড়াইতে পারেন নাই। তারপর জ্যৈষ্ঠ হইতে পৌষের শেষ পর্যন্ত আট মাস নৃত্যরসে অতিবাহিত করিলেন।

ইত্যেবং প্রচুরক্কপামৃতং বিতম্বঞ্ জ্যৈষ্ঠাক্তইভিরতি-সন্নদেন মাসেঃ।

পোষান্তং নটনরসৈনিদাঘবর্ধে-

For 13 months till taking monastic vow Sri Chaitanya had manifested spiritual moods and participated in Sankirtana in Navadwip

প্রীচৈতন্য ১৪৩১ শকের ২৯এ মাঘ সন্ন্যাস লইয়াছিলেন, স্থতরাং ১৪৩০ শকের পোষান্তে গয়া হইতে প্রত্যাগমন করিয়া ১৩ মাস কাল তিনি নবদ্বীপে সন্ধীর্ত্তন ও ভাবপ্রকাশ করিয়াছিলেন। বৃন্দাবনদাস ঐ সময়ের ইঙ্গিত করিয়া বলিয়াছেন—

মধ্য থণ্ড কথা ভাই শুন একচিতে। বংসরেক কীর্ত্তন করিলা যেন মতে॥

—হৈচ. ভা., **২**।২।১৭১

কৃষ্ণাদ কবিরাজও ইহার প্রতিধ্বনি করিয়া বলিয়াছেন-

তবে প্রভু শ্রীবাসের গৃহে নিরস্তর ॥ রাত্রে সঙ্কীর্ত্তন কৈল এক সংবংসর ॥ ১।১৭৩०

শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয় বলেন—"শ্রীমন্মহাপ্রভু ১৪৩১ শকের ২৮শে মাঘ শুক্রবার পূর্ণিমা রাত্রিতে সন্ন্যাসার্থ গৃহত্যাগ করেন এবং ২০শে মাঘ শনিবার মাঘী সংক্রান্তিতে সন্ন্যাস গ্রহণ করেন।" এই উক্তি বিচারসহ নহে; কেন-না বুন্দাবনদাস বলেন যে বিশ্বস্তর "দশুচারি রাত্রি আছে" জানিয়া শয়া ত্যাগপূর্বক মাকে প্রণাম করিয়া নবদ্বীপ ত্যাগ করিলেন (২০৬০৬১)। মুরারিও বলেন—"মৃশ্বং নিনায় রজনীং চ তত্থিতোহগাং" (৩০০৬)। রাত্রির চার দশু ও পূর্ণিমার চার দশু—এই আট দশুের মধ্যে নবদ্বীপ হইতে কাটোয়া যাওয়া, মন্তক-মৃশুন, সন্ন্যাসের আয়োজন প্রভৃতি করিয়া সন্ন্যাসের মন্ত্রহণের অবসর থাকে না। পূর্ণিমা থাকিতে থাকিতে মন্ত্র না লইলে কৃষ্ণ পক্ষ-পড়ে, এবং সে সময় সন্ন্যাসগ্রহণের পক্ষে প্রশন্ত নহে। শুরু পক্ষও হইবে, সংক্রান্তিও হইবে—এমন দিনে শ্রীচৈতত্য সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন। তাহা হইলে নিম্নাথিতরূপ কাল-নির্ণয় করিলে মুরারি-উক্ত সংক্রান্তির সহিত কৃষ্ণদাস করিরাজ্ব শুক্র পক্ষের ও বুন্দাবনদাসের বর্ণনার মিল হয়। ২৬এ মাঘ বৃধ্বার শেষ রাত্রিতে প্রভুর গৃহত্যাগ। ২৭এ মাঘ বৃহস্পতিবার কোন সময়ে কাটোয়ায় পৌছান। ভারপর সেই দিনের অবশিষ্ট অংশ

এই মত কৃষ্ণকথা আনন্দ-প্রসঙ্গে। বঞ্চিলেন সে নিশা ঠাকুর সভাসঙ্গে॥

—हें . जा., शश्काऽ७०

পর দিন অর্থাং ২৮এ মাঘ শুক্রবার সকাল হইতে সন্ন্যাদের আয়োজন চলিতে লাগিল। বৃন্দাবনদাস বলেন—

> কথং কথমপি দর্ক দিন অবশেষে। ক্ষৌরকর্ম নির্কাহ হইল প্রেমরুদে। ২।২৬।৩৬৬

মুরারি গুপ্ত বলেন--

তথাপরাহ্নে নৃহরেরব†প্তৈয় ত্যাসোক্তকর্মাণি চকার শুদ্ধঃ।

২৮এ মাঘ অপরাত্নে বা "দিন অবশেষে" পূর্ণিমা ছিল, কিন্তু সে দিন সংক্রান্তি নহে। স্থতরাং অনুমান করিতে হইবে যে ক্ষৌরকশ্বাদি করিয়া গৌরচন্দ্র সে দিন "সংকল্প" করিয়া থাকিলেন ও শনিবার ২৯এ মাঘ সংক্রান্তি-দিনে ও দণ্ডের মধ্যে পূর্ণিমা থাকিতে থাকিতে সন্ন্যাস-মন্থ গ্রহণ করিলেন।

Time of events between taking of monastic vow and visit to Puri

সন্ন্যাস-গ্রহণ হইতে পুরীগমন পর্য্যন্ত ঘটনার কাল-নির্ণয়

২৯এ মাঘ তিনি কাটোয়াতেই কাটাইলেন, যথা---

এই মত সর্ব্ব রাত্রি গুরুর সংহতি। নৃত্য করিলেন বৈকুঠের অধিপতি॥

— হৈচ. ভা., তা**১।**৩৭০

১লা ফাল্কন প্রাতঃকালে বনে যাইবেন বলিয়া

চলিলা পশ্চিম মুখে করি হরিধ্বনি।

—हे. छा. जाराज्य

বক্রেশ্বর যাইতে আর ক্রোশ চারেক পথ আছে এমন সময় তিনি পূর্ব্বমূথে ফিরিলেন—"গঙ্গামূথ হইয়া চলিলা গৌরচন্দ্র" (৩।১।৩৭৩)। যাইতে যাইতে এক রাথালের মূথে হরিনাম শুনিলেন। সেই সময়ে তিনি বলিলেন—

দিন তিন চারি যত দেখিলাঙ গ্রাম। কাহারো মুখেতে না শুনিম্ হরিনাম॥ আচমিতে শিশুম্থে শুনি হরিধবনি।*
কি হেতু ইহার সভে কহ দেখি শুনি॥
প্রভু বোলে "গঙ্গা কত দূরে এথা হৈতে।"
সভে বোলিলেন "এক প্রহরের পথে॥"
প্রভু বোলে "এ মহিমা কেবল গঙ্গার।"

As per Murari Gupta (3/3/18) Sri Chaitanya was in spiritual ecstasy — (5. 5), 011090 for three days on the way to the banks of Ganga

এই বিবরণ হইতে পাওয়া গেল যে ১লা, ২রা, ৩রা ও ৪ঠা ফাল্কন শ্রীচৈতন্য রাঢ়দেশ ভ্রমণ করিয়া গঙ্গাতীরে পৌছিয়াছিলেন। মুরারি গুপ্ত (৩০০১৮) এবং কবিকর্ণপূর (মহাকাব্য, ১১০৬১) বলেন, প্রভু রাঢ়ে ভ্রমণ করার সময় তিন দিন ভাবাবেশে আত্মবিশ্বত হইয়া ছিলেন। রুফ্লাস কবিরাজও লিখিয়াছেন, "রাঢ়দেশে তিন দিন করিলা ভ্রমণ" (২০০০)। তিনি তিন দিন ভ্রমণ করেন ও চতুর্থ দিনে গঙ্গার তীরে পৌছান। গঙ্গাতীরের কোন্ গ্রামে পৌছিয়াছিলেন তাহা জানা যায় না। যাহা হউক

নিত্যানন্দ সংহতি সে নিশা সেই গ্রামে। আছিলেন কোন পুণাবস্তের আশ্রমে।

— হৈ. ভা., তা**্যাত** ৭৪

৫ই ফাল্কন সকালে নিত্যানন্দকে নবদীপে পাঠাইবার সময়ে বলিলেন যে তিনি নবদীপের ভক্তর্নের জন্ম শান্তিপুরে অপেক্ষা করিবেন। নিত্যানন্দ কতক পথ হাঁটিয়া, কতক পথ গঙ্গায় গাঁতরাইয়া নবদীপে পৌছিলেন। নিত্যানন্দ ভাবের মাহ্য, শুধু পথ-চলা তাঁহার পোষায় না। তিনি

ক্ষণেক কদম বৃক্ষে করি আরোহণ।
বাজায় মোহন বেণু ত্রিভঙ্গ-মোহন ॥
ক্ষণেকে দেখিয়া গোটে গড়াগড়ি যায়।
বংস প্রায় হইয়া গাভীর ত্রশ্ব থায়॥

Sri Chaitanya wanted to leave body by drowning in the waters of Ganges as he had not heard the name of Lord in Radh-countryside.

* মুরারি গুপ্ত বলেন (৩।৩।৬-৮) যে রাঢ়দেশে কোথাও হরিনাম শুনিতে না পাইয়া প্রভু অতি বিহ্বল হইয়া বলিলেন, "আমি জলে দেহতাগ করিব।" তিনি যথন জলের নিকট পৌছিয়াছেন তথন নিত্যানন্দ গোপালক বালকগণকে হরিকীর্ত্তন করিতে শিখাইয়া দিলেন। একটি বালক জোরে হরিবোল বলিল শুনিয়া প্রভু দেহতাগের সংকল্প ভঙ্গ করিলেন। কথন নাচেন, কখন হাসেন, "কখন বা পথে বসি করেন রোদন।" এইরপভাবে চলিয়াছিলেন বলিয়াই বোধ হয় নবদ্বীপে পৌছিতে তাঁহার চার দিন লাগিয়াছিল। তাঁহার যদি নবদ্বীপে আসিতে ৩।৪ দিন না লাগে, তাহা হইলে তিনি নবদ্বীপে "আসি দেখে আইর দ্বাদশ উপবাস" কিরুপে সম্ভব হয়? ২৭এ মাঘ হইতে ৫ই ফাল্পন ৮ দিন হয়, আর নিত্যানন্দের নবদ্বীপে পৌছিতে ৪ দিন—এই ১২ দিন অর্থাৎ ২৭এ মাঘ হইতে ৯ই ফাল্পন নিত্যানন্দ নবদ্বীপে না-পৌছান পর্যন্ত শচীমাতা অন্ধজন ত্যাগ করিয়া ছিলেন।

যে দিবসে গেলা প্রভু করিতে সন্থ্যাস।
সে দিবস অবধি আইর উপবাস॥
দাদশ উপাস তান নাহিক ভোজন।
চৈতত্ত-প্রভাবে সবে আছয়ে জীবন॥

— চৈ. ভা., **া**১০৭৫

এ দিকে জীচৈতন্ত ফুলিয়া নগরে আসিয়া হয়ত সেখানে দিন হুই ছিলেন এবং নবদ্বীপ হইতে শচীমাতা, নিত্যানন্দ প্রভৃতি পৌছিবার পূর্ব্বেই শান্তিপুরে পৌছিয়াছিলেন; কেন-না যথন তিনি শিশু অচ্যুতকে আদর করিতেছিলেন,

> হেনই সময়ে শ্ৰীঅনন্ত নিত্যানন্দ। আইলা নদীয়া হৈতে সঙ্গে ভক্তবৃন্দ॥

ম্রারি বলেন, নবদীপে পৌছানর পর দিন অর্থাৎ ১০ই ফাল্কন নিত্যানন্দ ভক্তগণ-সহ শান্তিপুর পৌছিয়াছিলেন (৩।১।১)।

As per Murari Gupta eri Chaitanya decided to go to Puri while he was in the home of Advanta পর সুরারির বর্ণনায় দেখা যায়, অদৈতের গৃহে চতুর্বিধ অয় ভোজন করিয়া পর দিন প্রভাতে জাগরিত হইয়াই তিনি বলিলেন—"আমি পুরুষোত্তম-দর্শনে যাইব" (৩।৪।২৩)। কিন্তু দেই দিনই তিনি চলিয়া গেলেন কি না তাহা স্পষ্ট করিয়া লেখা নাই। বুন্দাবনদাস বলেন অদৈত-গৃহে

বহুবিধ আপন রহস্ত-কথা-রঙ্গে। স্থথে প্রভু রাত্রি গোঙাইল ভক্ত-সঙ্গে॥

পর দিন প্রভাতে উঠিয়া তিনি নীলাচলে যাইবেন বলিলেন। অদৈত তাঁহাকে দিন কয়েক রাখিতে চাহিলেন, কিন্তু প্রভু বলিলেন, "যে উৎপাতই পথে থাকুক, আমি নিশ্চয় যাইব।" অদৈত তথন বলিলেন—

ষধনে করিয়াছ চিত্ত নীলাচলে। তথনে চলিবা প্রভূ মহা কুতৃহলে॥

ইহা শুনিয়া মহাপ্রভু সম্ভষ্ট হইলেন এবং

13

সেই ক্ষণে মহাপ্রভূ মন্ত্রসিংহগতি। চলিলেন শুভ করি নীলাচল প্রতি॥

—হৈচ. ভা , তাহাত৮১

যদিও এই বিবরণ পড়িয়া মনে হয়, অদৈত-গৃহে প্রভু মাত্র এক দিনই ছিলেন, তথাপি

> হেন মতে জ্রীগৌরস্থলর শান্তিপুরে। করিলা অশেষ রঙ্গ অদৈতের ঘরে॥

> > --ক্র, ভারাত৮০

দেখিয়া ধারণা জন্মে যে, কয়েক দিন হয়ত প্রভু অছৈত-গৃহে ছিলেন। শচীমাতা যে তাঁহাকে এক দিনেই ছাড়িয়া দিবেন ইহা কিছুতেই সম্ভব মনে হয় না। কবিকর্ণপূর মহাকাব্যে স্পষ্ট করিয়া বলিয়াছেন যে শ্রীচৈতত্ত কয়েক দিন অছৈত-গৃহে ছিলেন, যথা—

ততোহবৈতপ্রীত্যা প্রণতহরিদাসক্ত চ মৃদ।
জগলাথকেতং জিগমিব্রপি স্বপ্রিয়বশং।
শচীদেব্যা তৎপাচিতমতুলমলং নিজজনৈঃ
সমং তৈত্রিনঃ কতি চ গময়ামাস দিবসান্।
—মহাকাব্য, ১১।৭৪

ক্বফদাস কবিরাজ এই শ্লোকের ভাব লইয়া লিথিয়াছেন—
এই মত অদ্বৈত-গৃহে ভক্তগণ মেলে।
বঞ্চিল কথোক দিন নানা কুতৃহলে॥ ২।৩।২০

কিন্তু ইহার পূর্বেই তিনি কাল নির্দিষ্ট করিয়া বলিয়াছেন—
এই মত দশ দিন ভোজন কীর্ত্তন।
একরূপ করি কৈল প্রভূর সেবন ॥ ২।৩।১৩৩

১৪ ত্রীচৈতস্চরিতের উপাদান
Basu Ghosh in his song mentioned that Sri Chaitanya had stayed in the home of Advaita for 10 days

শ্রীচৈতন্তের শান্তিপুরে দশ দিন থাবার কথা বোধ হয় তিনি বাস্থ ঘোষের পদে (গৌরপদতর কিণী, ১ম সংস্করণ, পু. ৩৮০) পাইয়াছিলেন; যথা---

> এইরপে দশ দিন অন্বৈতের ঘরে। ভোজন বিলাসে প্রভূ আনন্দ অন্তরে॥

কবিকর্ণপূর নাটকে শ্রীচৈতন্তের তিন দিন শাস্তিপুরে বাসের কথা বলিয়াছেন, যথা—"ততে৷ জনতা তেষাং চ প্রমোদার্থং ত্রীন্ দিবসান্ তত্র স্থিতা পূর্বমিব ভগবতা। জনকা অচ্যতানন্দজনকা চ পাচিতমন্নং দক্তি: সহ ভূক্ত্ব। তানমুরজ্য চতুর্থে দিবসে গন্তঃ প্রবৃত্তে সর্কৈর্মন্ত্রিত্বা নিত্যানন্দ-জগদানন্দ-দামোদর-মুকুন্দাঃ সঙ্গে দক্তাঃ" (৬।৫, নির্ণয়দাগর সং)।

যাহ। হউক কবিরাজ গোস্বামীর কথা মানিয়া লইলে বলিতে হয় যে আহ্মানিক ১০ই ফাল্পন হইতে ১৯এ ফাল্পন পর্যন্ত শ্রীচৈত্য শান্তিপুরে ছিলেন। তিনি বলেন—

> মাঘ শুরুপক্ষে প্রভু করিলা সন্ন্যাস। ফাল্পনে আদিয়া কৈল নীলাচলে বাদ। काञ्चरनत्र (गर्य मानयाजा म प्रिथन। প্রেমাবেশে তাঁহা বহু মৃত্যুগীত কৈল। ২।৭।৩-৪

১৯এ কাল্পন শান্তিপুর হইতে বাহির হইয়া কাল্পনের মধ্যে পুরীতে পৌছান কঠিন। তবে প্রভূ ভাবোন্মত্তভাবে চলিয়াছিলেন বলিয়া সম্ভব হইতেও পারে। আমার ধারণা, বুন্দাবনদাসের বর্ণিত "আইর ছাদশ উপবাস" অথবা কুফ্রদাস কবিরাজ-বর্ণিত প্রভূর শান্তিপুরে দশ দিন বাদের মধ্যে কয়েক দিন বাদ না দিলে "ফাল্পনে আসিয়া কৈল নীলাচলে বাস" সম্ভব হয় না। কবিকর্ণপূরের চৈতক্যচন্দ্রে নাটকের মত, অর্থাৎ শান্তিপুরে তিন দিন বাদ, ধরিলে ১৩ই Sri Chaitanya recobed puri in the month of Falgun.
ফাল্কন জীচৈতত্ত্বের নালাচল-যাত্রা হয় এবং ফাল্কনের মধ্যেই পুরীতে পৌছান As per Kabikarnapur Sri Chaitanya went to south of Inida after 18 days (stay of Puri) ক্রিণিস্ব মহাকাবো বলেন, নালাচলে আঠার দিন বাস করিয়া প্রভু দাক্ষিণাত্য-ভ্রমণে বাহির ইয়েন (১২।৯৪)। রুফদাস কবিরাজ বলেন যে প্রীচৈতত্যের

বৈশাথ প্রথমে দক্ষিণ যাইতে হৈল মন। ২। গ্র ১৪৩২ শকের বৈশাথে শ্রীচৈতন্য ভ্রমণে বাহির হইলেন।

The time period of Sri Chaitanya's visit to various places

শ্রীচৈতভ্যের তীর্থভ্রমণের কাল-নির্ণয়

এইবার প্রভুর তীর্থভ্রমণের কাল-সম্বন্ধে আলোচনা করিব। কৃষ্ণদাস কবিরাজ বলেন—

> তার মধ্যে ছয় বংসর গমনাগমন। নীলাচল গৌড় সেতুবন্ধ বৃন্দাবন॥ ২।১।১৪

কিন্তু কবিকর্ণপূর মহাকাব্যে বলেন যে তিনি তিন বংসর গমনাগমন করিয়া-ছিলেন, যথা—

চতুর্কিংশে তাবং প্রকটিতনিজপ্রেমবিবশঃ
প্রকামং সন্ন্যাসং সমক্তত-নবদ্বীপ-তলতঃ।
ত্রিবর্ষঞ্চ ক্ষেত্রাদ্ধি তত ইতো যানগময়ত্রথা দৃষ্টা যাত্রা ব্যনয়দ্ধিলা বিংশতিসমাঃ॥

- महाकाता, २०१८०

অর্থাৎ ঐতিচতন্ত চতুর্বিংশতি বংসর নিজ প্রেম প্রকট করিয়া বিবশ হইয়া নবদ্বীপ হইতে সন্মাস গ্রহণ করিয়াছিলেন এবং শ্রীক্ষেত্র হইতে ইতন্ততঃ গমনাগমন করিয়া তিন বংসর যাপন করিয়াছিলেন এবং সমূহ যাত্রা (উৎসব) দর্শন করিয়া বিশ বংসর যাপন করিয়াছিলেন। আপাতদৃষ্টিতে কবিকর্ণপূরের উক্তির সহিত কৃষ্ণদাস করিরাজের উক্তির কিছু বিরোধ দেখা গেলেও উভয়ের মধ্যে নিয়লিখিতভাবে সামঞ্জন্ম করা যায়।

প্রথমে গমনাগমনের কথা ধরা যাউক। রুফ্জাস কবিরাজ (২।১।১৪) ছয় বংসর গমনাগমন লিখিলেও পুনরায় (২।১।৪১-৪২) লিখিয়াছেন—

প্রথম বংসর অদৈতাদি ভক্তগণ।
প্রভূরে দেখিতে কৈল নীলান্তিগমন॥
রথযাত্রা দেখি তাঁহা রহিলা চার মাস।
প্রভূ সঙ্গে নৃত্যু গীত পরম উল্লাস॥

তিনি আরও (২াঃ।৪৫) বলিয়াছেন—

বিংশতি বৎসর ঐছে করে গতাগতি। অন্তোক্ত দোঁহার দোঁহা বিনা নাহি স্থিতি॥ মহাপ্রভু যদি নীলাচলে চব্বিশ বৎসর বাস করেন এবং গৌড়ীয় ভক্তগণ যদি বিশ বংসর তাঁহার সহিত সাক্ষাৎ করেন, তবে প্রভুর গমনাগমন চার বংসর হয়। ইহার মধ্যে "দক্ষিণ যাঞা"-আসিতে তুই বংসর লাগিল (২০১৬৮০)। প্রভু সন্ন্যাসের পঞ্চম বর্ষে (২০১৬৮৫) রথের পর বিজয়া দশমীর দিন (২০১৬৯০) গৌড়দেশে যাত্রা করেন ও বর্ষার পূর্ব্বে তথা রথের পূর্বের নীলাচলে প্রত্যাবর্ত্তন করেন (২০১৬২০) অর্থাৎ প্রায় আট-নয় মাস ভ্রমণ করেন। গৌড় হইতে ফিরিবার বংসরেই অর্থাৎ সন্ন্যাসের যঠ বর্ষে শরৎকালে তিনি রুদ্ধাবন-অভিমুখে যাত্রা করেন (২০১৭২)। বুদ্ধাবনে "লোকের সজ্যট্ট, নিমন্ত্রণের জন্ত্রাল" ও "নিরস্তর আবেশ প্রভুর" জন্ত (২০১৮১০১) বেশী দিন থাকা হয় নাই। মাঘ মাসের প্রথম দিকে প্রয়াগ-অভিমুখে যাত্রা করেন (২০১৮১০৫)। প্রয়াগে "দশ দিন ত্রিবেণীতে মকর স্লান কৈলা" (২০১৮১১২)।

এই মত দশ দিন প্রয়াগ রহিয়া। শ্রীরূপে শিক্ষা দিল শক্তি সঞ্চারিয়া॥ ২।১৯।১২২

তৎপরে কাশীতে ছই মাস সনাতন-শিক্ষা (২।২৫।২) অর্থাৎ কাশীতে চৈত্র মাস পর্যান্ত স্থিতি। তারপর ধরিয়া লওয়া যাউক রথের পরই মহাপ্রভু নীলাচলে ফিরিলেন। মোটের উপর

দাক্ষিণাত্যে গমনাগমন · · · হই বংসর
গোড়ে " · · · প্রায় আট মাস
বৃন্দাবনে " · · · প্রায় দশ মাস
মোট · · প্রায় ৪২ মাস বা

প্রায় সাড়ে তিন বংসর গমনাগমন হয়। কৃঞ্চাস কবিরাজ মোটের উপর ছয় বংসর গমনাগমন বলিলেও তিনি স্ক্র হিসাবে প্রায় সাড়ে তিন বংসর গমনাগমনকাল বর্ণনা করিয়াছেন। ইহার মধ্যে দাক্ষিণাত্য-যাতায়াতের দক্ষন তুই বংসর ও বৃন্দাবনে যাতায়াতের দক্ষন এক বংসর (রথ দেখিয়া শরংকালে গিয়াছিলেন এবং অসুমান করা যাইতেছে, রথের পর ফিরিয়াছিলেন)। এই তিন বার রথযাত্রার সময় প্রভূ পুরীতে ছিলেন না। কবিকর্ণপূর্ব তাহাই বলেন। মহাপ্রভূ চবিশে বংসর সন্ম্যাস-জীবন যাপন করিয়া তিন বার রথের সময় বাহিরে থাকিলে, গৌড়ীয় ভক্তগণ একুশ বার রথের সময় না যাইয়া বিশ বার গেলেন কেন ?

গৌড়ীয় ভক্তগণ একুশ বার না যাইয়া বিশ বার কেন গেলেন তাহার উত্তর শ্রীচৈতগ্যচরিতামূতের ৩।২।৩৯-৪১ হইতে পাওয়া যায়। এক বংসর শ্রীচৈতগ্য শিবানন্দের ভাগিনেয় শ্রীকাস্ত সেনকে বলিয়াছিলেন—

> ভক্তগণে নিষেধিহ এথাকে আসিতে। এ বংসর তাঁহা আমি যাইব আপনে। তাঁহাই মিলিব সব অদ্বৈতাদি সনে।

সেই বংসরেই প্রভু আবির্ভাব-রূপে নৃসিংহানন্দের ভোগ গ্রহণ করিয়াছিলেন। সে বংসর গৌড়ীয় ভক্তগণ রথ দেখিতে যান নাই।

> বর্ণাস্তরে শিবানন্দ লঞা ভক্তগণ। নীলাচলে গিয়া দেখিল প্রভুর চরণ॥ ৩।২।৭৪

এট হিসাবে রুঞ্দাস কবিরাজের উক্ত গৌড়ীয় ভক্তগণের
বিংশতি বংসর এছে করে গতাগতি, ২।১।৪৫

বিবরণের যাথার্থ্য প্রমাণিত হইল; কিন্তু প্রভুর "ছয় বংসর গমনাগমন" (২।১।১৪) যে ঠিক নহে তাহাও ব্ঝা গেল। কবিরাজ গোস্বামীর "বিংশতি বংসর ক্রছে করে গতাগতি"র সহিত মহাকাব্যের

ইতি বিংশতি হায়নৈঃ প্রভূ-র্বানদেবস্থা রথাগ্রতে৷ মূহঃ (১৮।৬১) নৃত্য

করিয়াছিলেন ইহার সামঞ্জ হইল।

17

Pilgrimage undertaken by Sri Chaitanaya as per Kabikarnapur ग्रामा ग्रामा ग्रामा करिक पर्दित विवत पर्टे

- (ক) সন্মাসের পর পুরীতে গিয়া আঠার দিন মাত্র স্থিতি
 - -- महाकाता, ১२।३8
- (গ) তৎপরে দাক্ষিণাত্য-যাত্রা। চাতুর্মান্তের পূর্ব্বেই শ্রীরঙ্গক্ষেত্রে পৌছান ও তথায় চাতুর্মান্ত যাপন (ঐ, ১৩/৫)।
- (গ) শ্রীরঙ্গ হইতে সেতৃবন্ধ পর্যান্ত যাত্রা এবং সেই পথেই গোদাবরী-তীরে প্রত্যাবর্ত্তন।

জগাম তদেশ্বনি শীতরশ্বি-বিবোদয়াদ্রিং জলদাগমান্তে (ঐ. ১৩।৩৫)। অসমান করা যায় বর্বা-অস্তে এক বংসর পরে গোদাবরী-তীরে ফিরিলেন। কবিকর্ণপূরের মতে এই ফেরার পথে রামানন্দের সহিত প্রথম মিলন। রুঞ্চ্ছাস কবিরাজের মতে যাওয়ার পথে প্রথম মিলন।

- (ঘ) স্নান্যাত্রার পূর্বের নীলাচলে প্রত্যাবর্ত্তন (ঐ, ১৩৫০)।
- এই বিবরণ হইতে পাওয়া গেল যে ১৪০২ শকের বৈশাখ মাদে পুরী হইতে যাত্রা করিয়া ১৪০০ শকের বর্ষা-অন্তে গোদাবরী-ভীরে প্রত্যাবর্ত্তন ও ১৪০৪ শকের জৈচ্চ-পূর্ণিমা বা স্নান্যাত্রার পূর্কে পুরীতে ফিরিয়া আসা। এই হিসাবে ১৪০২ ও ১৪০০ শকের রথযাত্রার সময় প্রভু অন্পস্থিত ছিলেন।
- (৫) প্রভূ ১৪০৪ শকের স্থানযাত্রার সময় জগরাথ-দর্শন করিলেন। স্থানযাত্রা হইতে রথযাত্রার পূর্ব প্যান্ত জগরাথ গুড়ভাবে থাকেন। সেই সময়ে শ্রীচৈতক্ত তাঁহার দর্শন না পাইয়া "বভূব হুঃগী ক্বতবাপ্পমোক্ষঃ" (১০)৫৭)। তিনি মনের হুঃথে গোদাবরী-তীরে চলিয়া গেলেন ও রামানন্দের সহিত পুনরায় মিলিত হুইলেন।

After Snan yatra when Sri Chaitanya was unable to see Sri Jagannath went to the banks of Godavari and stayed with Ramananda

নিনায় মাসাংশ্চতুরোহপরাংশ্চ ॥ ঐ, ১৩।৬०

তৎপরে হেমস্তকালে শ্রীচৈতক্য রামানন্দের দহিত ক্ষেত্রে প্রত্যাবর্ত্তন করিলেন।

হেমস্কালেহথ তথিব তেন
সমং সমস্তাৎ করুণাং বিতরন্।
সমাযযো ক্ষেত্রবরং বরীয়ান্
জানাতু কস্তদ্ধবিতং বিচিত্রম্॥ ঐ, ১৩।৬১

শ্রীচৈতক্ত দান্দিণাত্য হইতে ফিরিয়া আদিয়া পুনর্কার রামানন্দের নিকট গোদাবরী-তীরে গিয়াছিলেন, এ কথা স্বীকার করিলে প্রভুর মহিমা থর্ব হয় মনে করিয়া পরবর্ত্তী কোন লেথক এ বিষয়ে কিছু লেখেন নাই। "শ্রীচৈতক্তভাগবতে" ত দান্দিণাত্য-ভ্রমণ-প্রদক্ষই নাই। ইহা হইতে যেমন সিদ্ধান্ত করা যায় না যে প্রভু দান্দিণাত্যে যান নাই, তেমনি কবিকর্ণপূরের পরবর্ত্তী অন্যান্ত লেখকগণ প্রভুর দ্বিতীয় বার রামানন্দ-মিলনের জন্ত যাতায়াতের, কৃথা না লিখিলেও এ সম্বন্ধে শিবানন্দ সেনের পুত্রের কথা অবিশাস করিতে

19

- (চ) ১৪৩৪ শকের হেমন্তকালে প্রভুর পুরীতে প্রত্যাবর্তনের সংবাদ গৌড়দেশে পৌছিল। অনুমান হয়, ১৪৩৫ শকের প্রথমে কোন কোন গৌড়ীয় ভক্ত মহাপ্রভুকে দর্শন করিতে নীলাচল গিয়াছিলেন। কবিকর্ণপূরের মতে শিবানন্দের সহিত মিলন হওয়ার পর "বহু তীর্থভ্রমণকারী, স্থমহান্ প্ণাপরোনিধি" গোবিন্দ আসিয়া প্রভুর পরিচর্য্যায় নিয়োজিত হইলেন কি, ১৩১৩০-৩২)। পুরুষোত্তম আচার্য্য বা স্বরূপ-দামোদরও শিবানন্দের পর শ্রীচৈতত্যের চরণ দর্শন করেন (১৩১৩৭-১৪৪)।
- (ছ) এই ঘটনার পর মহাকাব্যের ১৯০ হইতে জানা যায় যে প্রভূ বিজয়া দশমীর দিন গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন। মহাকাব্যের ১৯।৬ হইতে ২০৷৩৪ প্রান্ত গোড়ে যাতায়াত বর্ণিত হইয়াছে, কিন্তু বর্ণনা পাঠ করিয়া বুঝিবার উপায় নাই ঠিক কত দিন ভ্রমণে লাগিয়াছিল। কবিকর্ণ-পুরের মহাকাব্যে ২০৷৩৫ শ্লোকে প্রভুর বুন্দাবনে গমন ও ২০৷৩৭ শ্লোকে নীলাচলে প্রত্যাবর্ত্তন কথিত হইয়াছে। এরপ সংক্ষেপে এ লীলার বর্ণনার কারণ এই যে পূর্ব্বেই নাটকে (৯।৩৯-৪৮) এ বিষয়ে বিশদরূপে বর্ণনা করা হইয়াছে। বিশ বংসর রথ-দর্শন-সম্বন্ধে কবিকর্ণপূর ও রুফ্দাস কবিরাজ এক মত। কবিকর্ণপূরের মতে গৌড়- ও বৃন্দাবন-ভ্রমণ-জন্ম মহাপ্রভুর রথ দেখা বাদ যায় নাই। কবিরাজ গোস্বামীও বলেন যে গোড়ে গমনাগমন-জন্ম রথ দেখা বাদ যায় নাই। বুন্দাবন-গমনাগমন-জন্ম প্রভুর রথ দেখা বাদ গিয়াছিল কি না সে বিষয়ে তিনি স্পষ্ট কিছু বলেন নাই; আমি তাঁহার ২৪ বংসর নীলাচলে স্থিতি ও ২০ বার গৌড়ীয় ভক্তদের রথ দেখিতে আগমনের মধ্যে সামঞ্জু করিবার জন্ম অনুমান করিয়াছি যে তাঁহার মতে হয়ত বুন্দাবনে গমনাগমন-জন্ম এক বার রথ-দর্শন বাদ পড়িয়াছিল। এ পর্যান্ত কবিকর্ণপূরের ও ক্লফদাস কবিরাজের বিরোধ নাই, কেবল গমনাগমনের কাল লইয়া অতি স্কা পার্থক্য। ছয় বংদর গমনাগমনের কথা ছাড়িয়া দিলে কৃঞ্দাদ কবিরাজ স্ক্রভারে তিন বংসরের কিছু বেশী কাল ভ্রমণের বিবরণ দিয়াছেন। কবিকর্ণপূর সে স্থানে হয়ত ৪।৫ মাস ছাড়িয়া দিয়া মোটামৃটি তিন বংসর ভ্রমণ বলিয়াছেন। এ পার্থক্য বিশেষ গুরুতর নহে।

কালের পরিমাপ-হিসাবে না ধরিয়া শক-হিসাবে ধরিলে কবিরাজ গোস্বামীর ছয় বংসর গমনাগমন বলার একটা মানে বাহির করা যায়।

১। ১৪৩১ শকের ২৯এ মাঘ সন্মাস-গ্রহণ, ঐ শকে রাঢ়, শান্তিপুর প্রভৃতি হইয়া নীলাচলে আগমন।

২-৩। ১৪৩২ এবং ১৪৩৩ শকে দাক্ষিণাত্য-ভ্ৰমণ।

- ৪। ১৪৩৫ শকে সন্ন্যাসের পঞ্চম বর্ষে (চৈ. চ., ২।১৬৮৫) বিজয়া দশমীর পর গৌড়ে যাত্রা (ঐ, ২।১৮৯৩)।*
- ে। ১৪৩৬ শকে বর্ষার পূর্বের (ঐ, ২০১৬) প্রত্যাবর্ত্তন। ১৪৩৬ শকের শরৎকালে বৃন্দাবন-যাত্র। এবং বৃন্দাবন, প্রয়াগ প্রভৃতি দর্শন করিয়া কাশীতে ঐ শকের চৈত্র মাদ পর্যান্ত স্থিতি (ঐ, ২০১৮)২২ ও ২০২০।২)।
- ৬। ১৪৩৭ শকের প্রথম দিকে নীলাচলে প্রত্যাবর্ত্তন, অর্থাৎ কাল-হিসাবে প্রায় সাড়ে তিন বংসর গমনাগমন করিলেও, শ্রীচৈতন্ত ১৪৩১, ১৪৩২, ১৪৩৬, ১৪৩৫, ১৪৩৬ ও ১৪৩৭ শকে যাতায়াত করিয়াছিলেন বলিয়া রুফ্দাস করিরাজ ছয় বংসর গমনাগমন লিথিয়াছেন।

^{*} বিশ্বভারতীর নবীন অধ্যাপক শ্রীস্থেময় মৃথোগাধার "প্রাচীন বাংলা সাহিত্যের কালক্রম" গ্রন্থে
(পৃ: ১৪০) বলেন—"মহাপ্রভু ১৪৩১ শকের মাঘসংক্রান্তির দিনে সন্ন্যাস গ্রহণ করেন। স্তরাং
ভার সন্মাসের পঞ্চম বর্ষ ১৪৩৫ শকের মাঘসংক্রান্তি থেকে ১৪৩৬ শকের মাঘসংক্রান্তি। অতএব ঐ
বর্ষের বিজয়াদশমী ১৪৩৬ শকে পড়বে, ১৪৩৫ শকে নয়।" কৃঞ্চদাস কবিরাজ মহাশয় যদি সন্মাস
গ্রহণের দিন হইতে বংসর গণনা করিয়া থাকেন তাহা হইলে স্থময়বাবৃর উক্তি ঠিক হয়, কিন্তু তিনি
প্রচলিত শকের হিসাব ছাড়িয়া ঐরপ হিসাব করিয়াছিলেন কি ?

Sri Chaitanya in the writings of compatriots সমসাময়িকদের পদে ঐচৈতয়

শ্রীচৈতক্যের জীবনকালে তাঁহার কোন জীবনী লিখিত হয় নাই। তাঁহার co-student and elder than Sri Chaitanya Murari Gupta written a Kadcha / karcha i.e অপেক্ষা বয়োজ্যেষ্ঠ মুবারি গুপ্ত শ্রীকৃষ্ণচৈতগ্যচরিতামৃতম্ নামে যে কড়চা biography in sanskrit Srikrishnachaitanyacharitamritam লেগেন, তাহাতে (১.২.১৪) তাঁহার তিরোধানের কথা আছে। স্কতরাং উহা ১৫০০ খ্রীষ্টাব্দের নই জুলাইয়ের পরে লেখা। ঐ গ্রন্থ ১৫৪২ খ্রীষ্টাব্দে রচিত কবিকর্ণপ্রের শ্রীচৈতগ্যচরিতামৃত মহাকাব্যে (২০।৪২) উপজীব্যরূপে গৃহীত হুইয়াছে। জয়ানন্দ শিশুকালে শ্রীচৈতগ্যকে দেখিয়াছিলেন মানিয়া লইলেও, তাঁহার চৈতগ্যস্পলে অঘৈতের পোত্রের উল্লেখ থাকায় (পৃ.১৫১) মনে হয় উহা ষোড়শ শতাব্দীর মধ্যভাগের পূর্বের রচিত হয় নাই। শ্রীচৈতগ্যের অগ্রান্ত চরিতকার তাঁহাকে দর্শন করিবার সৌভাগ্য হইতে বঞ্চিত হইয়া-ছিলেন।

কিন্তু শ্রীচৈতগুদেবের নবদীপ-লীলার প্রধান কয়েকজন সহচরের রচিত বাংলা ও সন্ন্যাস জীবনে রুপাপ্রাপ্ত অন্ততঃ তিনজনের সংস্কৃত রচনা পাওয়া গিয়াছে। সংস্কৃত রচনা কয়টি শ্বব সম্ভব তাঁহার তিরোধানের পরে লেখা। কিন্তু বাংলা পদগুলির মধ্যে অনেকগুলিই যে তাঁহার জীবনকালে রচিত হইয়াছিল তাহার প্রমাণ পদগুলির মধ্যেই রহিয়া গিয়াছে।

Shivananda Sen father of Kabikarnapur written a bengali song when Sri Chaitanya was alive. কবিকণপূরের পিতা শিবনিন্দ সেনের একটি পদ হইতে উহার প্রকৃষ্ট প্রমাণ পাওয়া যায়। তিনি লিখিতেছেন,

দয়াময় গৌরহরি, নৈতালীলা সাঙ্গ করি, হায় হায় কি কপাল মন্দ।
গোলা নাথ নীলাচলে, এ দাসেরে একা ফেলে, না ঘুচিল মোর ভববন্ধ।
আদেশ করিল যাহা, নিচয় পালিব তাহা, কিন্তু একা কিরপে রহিব।
পুত্র পরিবার যত, লাগিবে বিষের মত, তোমা বিনা কি মতে গোঙাব॥
গোড়ীয় যাত্রিক সনে, বংসরান্তে দরশনে, কহিলা যাইতে নীলাচলে।
কিরপে সহিয়া রব, সন্থংসর কাটাইব, যুগশত জ্ঞান করি তিলে॥
হও প্রভু রূপাবান, কর অন্ন্যতিদান, নিতি নিতি হেরি পদন্দ।
যদি না আদেশ কর, অহে প্রভু বিশ্বস্তর, আত্মঘাতী হবে শিবানন্দ॥
গোঁ, প., ত.,—জগদ্বন্ধু পূ. ৩৮২

শীতৈতন্ত শান্তিপুর হইতে নীলাচলে যাইবার পর পরই এই পদ লিখিত হইয়াছিল, তাহা না হইলে "পুত্র পরিবার যত, লাগিবে বিষের মত", "কিরূপে সহিয়া রব" প্রভৃতি কথার কোন অর্থ হয় না। শীতৈতন্তচন্দ্রের নাটকের নবমান্ধে শিবানন্দ সেনের নেতৃত্বে গৌড়ীয় যাত্রীরা কিরূপে পুরীতে যাইতেছেন তাহার বর্ণনা আছে। শীতৈতন্তভাগবতে রথযাত্রার পূর্বে দেখা যায়—

চলিলা মুকুন্দ দত্ত ক্লফের গায়ন। শিবানন্দ সেন আদি লই আপ্রগণ।" চৈ. ভা., ৩০

শিবনেদ দেন অবস্থাপন গৃহস্থ ছিলেন, তাই প্রীচৈততা তাঁহার উপর গৌড়ীয় ভক্তদের আহার ও বাদস্থানের ব্যবস্থা করিয়া পূরী লইয়া যাইবার আদেশ দিয়াছিলেন।* চৈ. চ. পদ হইতে আরও পাওয়া যায় যে গৌড়দেশের ভক্তেরা নিরন্তর তাঁহার নিকট নীলাচলে থাকিবার অন্তমতি পাইবার জন্ত ব্যাকুল প্রার্থনা জানাইয়াছিলেন, কিন্তু তাঁহাদের দে প্রার্থনা প্রভু পূণ করেন নাই। সন্ন্যাসজীবনে তাঁহার অন্তরঙ্গ সঙ্গী যাহারা তাঁহারা সন্ন্যাসী—পর্মানন্দপুরী, স্বরূপ দামোদর, ব্রন্ধানন্দ প্রভৃতি। সন্ন্যাসগ্রহণের পূর্বে ভক্তদের কিরূপ প্রসাঢ় প্রতি তিনি আক্ষণ করিয়াছিলেন তাহার পরিচয়ও পদ্টির মধ্যে রহিয়াছে।

নিমাইপত্তিত অপুর্ব ভাবস্পদ লইয়া গ্রা হইতে ন্বদ্ধীপে ফিরিয়া Nimai Pandit returned from Gaya in January 1509 and continued teaching till April 1509 আসিলেন। তাহার অলোকসামাল রূপ ও অনন্তসাধারণ প্রতিভা পূর্বেই অনেককে আরুই করিয়াছিল। ১৪০০ শকের মাঘ হইতে ১৪০১ শকের বৈশাগ মাস (১৫০৯ খ্রীষ্টাব্দের জান্ত্রারী হইতে এপ্রিল মাস) প্রান্ত তিনি অভান্ত অব্যাপনাদি কাথ্যের সহিত আব্যাত্মিক জাগ্রণ-সঙ্গাত ভাববিকারের কোনরূপে সামগুল্য করিয়াছিলেন। কিন্তু ১৪০১ শকের জ্যিষ্ঠ মাস হইতে মাঘ মাস প্রান্ত থতদিন তিনি ন্বদ্বীপে ছিলেন, ততদিন সন্ধীর্ত্তন ও ভক্তগণের সহিত ভাব আব্যাদন ছাড়া আরু কিছু করিতে পারেন নাই। তাহার

শিবানন্দ দেন যারে ঘাটী সমাধান সবাকে পালন করি হুথে লইয়া যান। স্বার সর্ব্বকার্য্য করেন দেন বাসাস্থান। শিবানন্দ জানেন উড়িয়া পথের সন্ধান। চৈ. চ., মধ্য ১৬

^{*} ক্ষলাস কবিরাজ লিখিয়াছেন,.

ভাবাবেশ, মধুর নর্ত্তন ও কীর্ত্তন এবং তাঁহার ব্যক্তিত্বের অসাধারণ আকর্ষণী শক্তি প্রথমে নবদীপের ও তাহার নিকটবর্ত্তী কুলাই, কাটোয়া, শ্রীখণ্ড, কাঞ্চনপল্লী (কাঁচড়াপাড়া), কুলীনগ্রাম প্রভৃতি স্থানের এবং পরে চটুগ্রামের ক্যায় স্থার দেশের ভক্তগণকে টানিয়া আনিল। তাঁহারা আসিয়া নিমাইয়ের Many had written songs after witnessing divine fervor of Nimai during chanting of Lord's name ভাবভক্তি দেখিলেন, দেখিয়া মজিলেন এবং অনেকে ভাবাবেগে কবিতা না লিখিয়া পারিলেন না। এই কবিতাগুলির মধ্যে লেখকের কোন চেষ্টার পরিচয় পাওয়া যায় না। এগুলি স্বতঃফার্ এবং সেই জন্মই স্নিক্ষিপ্ত তীরের মতন আদিয়া মর্মস্থল বিদ্ধ করে।

শিবানন্দ সেনের অন্ত একটি পদে শ্রীগৌরাঙ্গের ভাব দেখিয়া ভক্তদের মনের ভিতর কেমন আকুলি-বিকুলি করিত তাহার পরিচয় পাওয়া যায়।

সোনার বরণ গোরা-প্রেম-বিনোদিয়া।
প্রেমজলে ভাসাওল নগর নদীয়া॥
পরিসর বৃক বাহি পড়ে প্রেম-ধারা।
নাহি জানে দিবানিশি প্রেমে মাতোয়ারা॥
গোবিন্দের অঙ্গে পছ অঙ্গ হেলাইয়া।
বৃন্দাবন-গুণ শুনে মগন হইয়া॥
রাধা-রাধা বলি পছ পড়ে মূরছিয়া।
শিবানন্দ কান্দে পছর ভাব না বৃঝিয়া॥

—পদকল্পতক, ২১২৭

পদকল্পতক্র ২০৫৫-সংখ্যক পদটি খুব সন্তব শিবানন্দ সেন ঐতিচতত্তের গৌড়দেশ-যাত্রার সময়ে অর্থাৎ সন্ন্যাসের পঞ্চম বংসরে (চৈ. চ., ২০১৮৫) লিখিয়াছিলেন। কৃষ্ণদাস কবিরাজ বলেন ঐ সময়ে শিবানন্দ পুরীতে ছিলেন। ঐতিচতত্ত গৌড়দেশ হইয়া বৃন্দাবন যাইবেন শুনিয়া গদাধর পণ্ডিত তাঁহার সঙ্গে যাইবার জন্ত জিদ ধরিলেন। কিন্তু "ক্ষেত্র-সন্মাস ছাড়িতে প্রভু নিষেধিলা"। গদাধর তাহাতেও নিবৃত্ত হইলেন না

পণ্ডিত কহে যাঁহা তুমি সেই নীলাচল। ক্ষেত্ৰ-সন্ন্যাস মোৱ যাউ বসাতল। এই ঘটনা লক্ষ্য করিয়া শিবানন্দ লিখিতেছেন—
জন্ম জন্ম পণ্ডিত গোদাঞি।
যার কপাবলে দে চৈতন্যগুণ গাই॥
হেন সে গৌরাক্ষচন্দ্রে যাথার পিরিতি।
গদাধর প্রাণনাথ যাহে নাম-খ্যাতি॥
গৌরগতপ্রাণ প্রেমকে বুঝিতে পারে।
ক্ষেত্রবাদ কফ্দেবা যার লাগি ছাড়ে॥
গদাইর গৌরাঙ্গ গৌরাঙ্গের গদাধর।
জীরাম জানকী যেন এক কলেবর॥
যেন একপ্রাণ রাধা বুন্দাবনচন্দ্র
যেন গৌর গদাধর প্রেমেন্ন তরঙ্গ॥
কতে শিবানন্দ পত্যার অন্তরাগে।
গ্যাম তন্ত গৌর হইন্না প্রেম মাগে॥

Gadadhar Pandit renounced his duties to follow Sri Chaitanya to Gouda

গদাধর পণ্ডিত টোটা গোপীনাথের শ্রীবিগ্রহ সেবা করিতেন; সেই সেবা ছাজিয়া তিনি শ্রীচৈতক্তার সঙ্গে গৌড়দেশে যাইতে অগ্রসর হইলেন। পদটি পরবর্ত্ত্রী কালের লিখিত হইলে, "ক্ষেত্রবাস ক্ষণ্ডেশবা যার লাগি ছাড়ে" এরপ বাক্য থাকিত না। কেন-না চরিতামৃতে আছে যে প্রভূ গদাধর পণ্ডিতকে কটক হইতে ফ্রিট্য়া দিয়াছিলেন। (২০১৮১৩৫-১৪১৩)

গদাধর পণ্ডিত যথন শ্রীচৈতন্তের নিষেধকে উপেক্ষা করিয়। গোপীনাথের সেবা ছাড়িয়া পুরী হইতে চলিয়। গেলেন সেই সময়ে তাঁহার অসাধারণ ত্যাগে মুগ্ধ হইয়া শিবানন্দ সেন "জয় জয় পণ্ডিত গোসাঞি" বলিয়া পদ রচনা করিলেন মনে হয়। স্বরূপ দামোদরের কড়চায় আছে যে শ্রীরাধার প্রণয়-মহিমা বুঝাইবার জন্ম শ্রীকৃষ্ণ শ্রীচৈতন্তরূপে অবতীর্ণ হইয়াছিলেন। শিবানন্দ সেনের এই পদের শেষ চরণে ঐ তত্ত্বের ইঙ্গিত দেখা যায়।

Celebration of Holi festival by Bishwambhar with Narahari Sarkar, Mukunda Dutta গদাধরের সঙ্গে গোরাসের হুগভার প্রতির কথা শিবানন সেনের আর একটি Murarai Gupta, Basu Ghosh, Gadadhar Pandit. পদ হইতে জানা যায়। পদটি থ্ব সম্ভব ১৫০২ খ্রীষ্টান্দে লেখা কেন-না ইহাতে প্রভুর শ্রীকৃষ্ণভাবে ভাবিত হইয়া নরহরি সরকার, মৃকুন্দ দন্ত, মুরারি গুপ্ত, বাহ্ন ঘোষ প্রভৃতির সমক্ষে গদাধরকে লইয়া হোলি খেলার কথা আছে। শিবানন সেন এই অপূর্ব ভাবোন্মত্তা দর্শন করিয়া লিখিয়াছেন—

হোলি খেলত গৌরকিশোর। রসবতী নারী গদাধর কোর॥
স্বেদ্বিন্দুম্থে পুলক শরীর। ভাবভরে গলতহি নয়নে নীর॥
ব্রজ্বস গাওত নরহরি সঙ্গে। মুকুল মুরারি বাস্থ নাচত রঙ্গে॥
থেনেখেনে মুরছই পণ্ডিত কোর। হেরইত সহচর ভাবে ভেল ভোর॥
নিকুঞ্জ মন্দিরে পহুঁ কয়ল বিথার। ভূমে পড়ি কহে কাঁহা মুরলী হামার॥
কাঁহা গোবর্দ্দন যমুনাক কুল। কাঁহা মালতী যূণী চম্পক ফুল॥
শিবানন্দ কহে পহুঁ ভানি রসবাণী। যাঁহা পহুঁ গদাধর তাঁহা বস্থনি॥
—ভক্তির্ত্বাকর, পু. ১৪৪

এই পদটিতে "ব্রজ্বস গাওত নবহরি সঙ্গে। মুকুন্দ মুরারি বাস্থ নাচত রঙ্গে॥"
চরণ তুইটি থাকায় ইহার ঐতিহাসিক মূল্য আবও রুদ্ধি পাইয়াছে। বৈষ্ণবগণ
সেইজন্য স্থাত্বে এই পদটি রক্ষা করিয়াছেন এবং পদকল্পতক সঙ্গলিত হইবার
পুর্বের্ন, অস্টাদশ শতাব্দীর প্রথমে নবহরি চক্রবর্ত্তী ভক্তিরত্বাকরে ৯৪৪-৪৫ পৃষ্ঠায়
Inspired by Shivananda Sen, Narahari Sarkar, Murari Gupta, Basu Ghosh had writter songs after
হয় উদ্ধৃত করিয়াছেন। নবহরি স্বকার, মুরারি গুপ্তা, বাস্তু ঘোষও শিবনিন্দ
witnessing Sri Gouranga's divine sport.
সেনের মতন শ্রীগোরান্ধের লীলাদশনে অন্প্রাণিত হইয়া পদ রচনা
করিয়াছেন।

ভিত্তির রাকরের ১৫২ পৃষ্ঠায় বস্থ রামানন্দের একটি পদ উদ্ধৃত হইয়াছে।
In a song written by Basu Ramananda there is narration of famous three brothers i.e. Govinda,
উহাতে নবদীপ-লীলায় গোবিন্দ ঘোষ, মাধব ঘোষ ও বাস্থ ঘোষ নামক স্প্রসিদ্ধ

Madhava & Basu and Mukunda had participated in Harisankirtan with Sri Gouranga.
ভাতৃত্বয় এবং কীর্ননীয়া মৃকুন্দের সঙ্গে প্রীগোরাস্বের কীর্নলীলার কথা দেখা

যায়।

চৌদিগে গোবিনদ্ধনি শুনি পছ হাসে।
কল্পিত অধবে গোরা গদগদ ভাষে॥
নাচয়ে গোরাঙ্গ যার সঙ্গে নিত্যানন।
অবনি ভাসল প্রেমে বাঢ়ল আনন্দ॥
গোবিন্দ মাধব বাস্থ গায়েন মুকুন্দ।
ভূলিল কীর্ত্তনরসে পায়া নিজর্ন ॥
বঙ্গিয়া সন্ধিয়া সে অমিয়ারসে ভোর।
বস্থ রামানন্দ ভাহে লুবধ চকোর॥*

^{*} জগদ্বস্কু ভদ্র ২৭ পৃষ্ঠায় যে পদ ছাপিরাছেন তাহাতে অনেক বিকৃত পাঠ আছে। যথা চতুর্থ চরণে "বাঢ়ল আনন্দ" স্থলে "গায় রামানন্দ"। পঞ্চম চরণের স্থলে, "মুরারি মুকুন্দ আদি হের আইন বলি" প্রভৃতি।

শ্রীকৈতক্যচন্দ্রের নাটকে রামানন্দ বহুকে কুলীনগ্রামের "গুণরাজম্বের" অর্থাৎ "শ্রীকৃষ্ণবিজয়" প্রণেত। মালাধর বস্তুর বংশধর বলিয়া বর্ণনা করা হইয়াছে। (১০২) মুরারি গুপু (প ১৭০১)

নীলাচলে গৌড়ীয় ভক্তদের মধ্যে "রামানন বস্থলৈচব সত্যরাজাদয়স্তথা" বলিয়। উল্লেখ করিয়াছেন।*

শিবানন সেনের স্থায় রামানন বস্ত শ্রীচৈতন্মের সন্থাস-গ্রহণে বিরহাকুল হইরাছিলেন। শোকের বেগ সামলাইতে না পারির। সন্থাসের কয়েকদিন পরে অর্থাৎ ফাল্কন বা চৈত্র মাসে তিনি এই পদটি লিথিয়াছিলেন, সেইজন্ত "অবর্ত বসন্ত স্থাময়" বলিয়াছেন—

"পাপী মাঘে পহুঁ কয়ল সন্থাস।
তবহি গেও মঝু জীবন-আশু ॥
দিনে দিনে ক্ষীণতম্ম বারয়ে নয়ন
গোরা বিম্ন কতদিন ধরিব জীবন॥
অবহুঁ বসন্থ বসহুঁ স্থপময়।
এ ছার কঠিন প্রাণ বাহির না হয়॥
যত যত পিরীতি করল পহুঁ মোর।
কহে রাসানন্দ সোই প্রাণনাথ।
কবে নির্থিব আরু গদাধর সাথ॥

--জগদ্বৰূ, পৃঃ ৩১০

এই পদটিতে অবশ্য বস্ত রামানন্দের পরিবর্তে শুধু রামানন্দ ভণিতা রহিয়াছে। এই রামানন্দ রামানন্দ রায় হইতে পারেন না; কেন-না সন্নাসের পূর্বে তাহার সহিত প্রভার পরিচয় ছিল না। ব্যক্তিগত সম্বন্ধের ও তৃংথের উল্লেখ দেখিয়া মনে হয় এটি বস্ত রামানন্দেরই রচনা।

পদকল্পতকতে সন্ধলিত ইহার রচিত তুইটি পদ হইতে শ্রীচৈত্য পুরীতে

তবে সভারাজথান আর রামানন্দ। প্রভুর চরণে কিছু করে নিবেদন। — চৈ. চ., ২।১৫।১০২

স্বতরাং ডাঃ স্কুমার দেন সতারাজ্থান ও রামানন্দ বহুকে অভিন্ন বলিয়া ধরিয়া ভুল করিয়াছেন (History of Brajabuli Literature, P. 39)

^{*} চৈত্রচরিতামৃতেও আছে

কি ভাবে প্রেমধর্ম আপনি আচরণ করিয়া অপরকে শিক্ষা দিতেন তাহার পরিচয় পাওয়া যায়। যথা--

আরে মোর গৌরকিশোর।
সহচর কান্দে পত্ত ভুজযুগ আরোপিয়া
নবমী দশায় ভেল ভোর ॥
পড়িয়া ক্ষিতির পরে মৃথে বাক্য নাহি সরে
সাহসে পরশে নাহি কেহ।
সোনার গৌরহরি কহে হায় মরি মরি
তন্তুক দোসর ভেল দেহ ॥
থীর নয়ন করি মথ্রার নাম ধরি
রোয়ে পত্ত 'হা নাথ' বলিয়া।
বাহু রামানন্দ ভণে গৌরাঙ্গ এমন কেনে
না বুবিলুঁ কিসের লাগিয়া॥ (পদ ক., ১৯২০)

এই পদটিতে 'গৌরকিশোর' নাম থাকিলেও, তুইটি কারণে ভাব বর্ণনা কর।

গ্র্যাছে মনে করি। প্রথমতঃ নবদীপে প্রভুর কখনও "তন্তুক দোসর ভেল

দেহ্" অর্থাৎ (হতার মতন) ক্ষীণ দেহ হুইয়াছিল বলিয়া জানা যায় না;

Sri Gouranga used to cry out 'Radha Radha' while at Navadwip not at Puri i.e. after taking monastic vow. দিতীয়তঃ নবদীপে হা নাগ অপেকা 'রাধা রাধা' বলিয়া ক্রনন করাই বেশী

দেখা যায়। অপর পদটিতে স্পেইতঃ শীচৈতেকার নাম লিখিত থাকায় পুরীর
লীলা সঙ্গদ্ধে সন্দেহ থাকে না,

নাচয়ে চৈতন্ত চিন্তামণি।
বুক বাহি পড়ে ধার। মুকতা গাঁথনি ॥
প্রেমে গদগদ হৈয়া ধরনী লোটায়।
হুহুন্ধার দিয়া খেনে উঠিয়া দাঁড়ায়॥
ঘন ঘন দেন পাক উর্দ্ধ বাহু করি।
পতিত জনারে পহু বোলায় হরি হরি॥
হরিনাম করে গান জপে অন্তক্ষণ।
বুঝিতে না পারে কেহ বিরল লক্ষণ॥
অপার মহিমান্তণ জগজনে গায়।
বহু রামানন্দে তাহে প্রেম-ধন চায়॥ —পদ ক., ২০৮২

জগদ্ধ ভদের গৌরপদতরঙ্গিতি শুধু রামানন (বস্থ নহে) ভণিতায় ১০৫ পৃষ্ঠায় "ওহে নিতাই নীলাচল না ছাড়িব আর" ইত্যাদি একটি পদে দেখা যায় যে শ্রীচৈতন্ত হরিদাদের তিরোধানে ব্যাকুল হইয়া বলিতেছেন,

অদৈত শ্রীনিবাস, পুরী দামোদর দাস, তারা গেল এ স্থু ছাড়িয়া।

A song depicting Sri Chaitanya's advice to Nityananda to marry is considered as fake by the writer Biman Bihari Majumder

নিতাই কর গৃহবাদ, যাহ হে পণ্ডিত-পাশ, তোমারে দেখিয়া স্থু পাবে। কোমারে যতন করি দিবে ছুই কল্লা বরি, নিজরূপ তাহাকে দেখাবে॥

এই পদটি জাল; নিত্যানন্দের বিবাহের সমর্থন করার জন্ম উহা রচিত

Advatta, Srinivas were alive after demise of Sri Chaitanya.

ইয়াছিল। অবৈত, জীনিবাস প্রভৃতি শ্রীচেতন্মের তিরোধানের পরে জীবিত

ছিলেন। বস্থ রামানন্দের শ্রীক্ষালীলার যে কয়টি পদ পদকল্পতকতে গৃত

ইয়াছে তাহা হইতে দেখা যায় যে তিনি একজন উচ্চত্রেরে কবি।

বস্থ রামানন্দ যেভাবে গোবিন্দ-মাণব-বাস্থর নাম লিখিয়াছেন তাহা হইতে মনে হয় যে প্রাকৃত্ররের মধ্যে গোবিন্দ ঘোষ জ্যেষ্ঠ ও বাস্ত ঘোষ কনিষ্ঠ। বুন্দাবন দাস মাধব ঘোষের নামই প্রথম করিয়াছেন—তাহার কারণ অবশ্র ইহা হইতে পারে যে তিন ভাইয়ের মধ্যে মাধব ঘোষই ছিলেন অদিতীয় কীর্ত্তনীয়া। যথা—

স্কৃতি মাধব খোষ—কীঠনে তংপর।
তেন কীঠনিয়া নাহি পৃথিবী ভিতর॥
— চৈ. ভা., অন্ত্য ৫, পু. ১৫৫

দানগণ্ড গায়েন মাধবানন্দ ঘোষ। শুনি অবধৃতদিংহ পরম সম্ভোষ॥—ঐ পু. ৪৫৯

গায়ন মাধবানন ঘোষ মহাশয় বাস্তদেব ঘোষ অতি প্রেমর্সময় ৮—ক্র অস্তা ৬, ২। ৪৭৫

গৌরগণোদ্দেশ দীপিকায় (১৮৮ শ্লোক) "গোবিন্দমাধবানন্দবাস্থদেবো যথাক্রমং" লেথা আছে। তাহাতেও প্রমাণিত হয় যে গোবিন্দ ঘোষই বড় ভাই। জগদ্ধ ভদ্র-সঙ্কলিত গৌরপদতবঙ্গিণীর ২৩২ পৃষ্ঠায় প্রদত্ত একটি পদের ভণিতায় তিন ভাইয়ের নামের ক্রম দেখিয়াও ধারণা জন্মে যে গোবিন্দ জ্যেষ্ঠ ভাতা। যথা,

> গোরা অভিষেক এই অপরূপ লীলা গোবিন্দ মাধব বাস্থ প্রেমেতে ভাসিলা।

শ্রীচৈতক্যচরিতামতের মধ্যলীলার ত্রয়োদশ পরিচ্ছেদেও সাতসম্প্রদায়ের কীর্ত্তন প্রসঙ্গে গোবিন্দ ঘোষের নাম প্রথম ও মাধ্ব, বাস্থদেবের নাম পরে কর। ২ইয়াছে।

পদকল্পতক্ষর ২০৯৭ সংখ্যক পদটিতে শ্রীগোরাপের পূর্ববন্ধ গমনে শচীমাতা, লক্ষ্মীদেবী, মালিনী ও কবি গোবিন্দ ঘোষের বিরহ বর্ণিত হইয়াছে। পদটি থদি বর্ণিত ঘটনার সময়েই রচিত হইয়া থাকে, তাহা হইলে এটিকে গৌরBishwambhar went to Bast Bengal a few years before his visit to gaya i.e. before 1509 লীলার সর্ব্যপ্রথম পদ বলিতে হয়। কেন-না গ্যায় যাইবার কয়েক বংসর প্রে বিশ্বন্থর মিশ্র পূর্ববন্ধে যান; গ্যা হইতে ফিরিবার পূর্বে দেশ-বিদেশের ভক্তগণ নবদীপে সমবেত হন নাই ও তাঁহার জীবনের ঘটনা লইয়া পদরচনা করেন নাই। হইতে পারে গোবিন্দ ঘোষ পূর্বে হইতেই নবদীপে বাস করিতেন এবং নিমাইয়ের রূপে ও পান্তিতাগুণে আরুই হইয়াছিলেন। ২০২২ বংসরের এক অপরপ সন্দর তরুণ অধ্যাপক পূর্ববিশ্বে যাইতেছেন শুনিয়া কোন কবির মনে হংগ জাগা ও সেই হংপের প্রেরণায় কবিতা রচনা করার মধ্যে অসম্ভাব্য কিছু নাই। বিশেষ লক্ষ্য করার বিষয় যে পদটিতে শ্রীগোরাক্ষের ভগবন্তা অথবা কীর্ত্তন করা সম্বন্ধে কোন ইন্ধিত নাই। কবিও স্পষ্ট বলিতেছেন যে তিনি গঙ্গার তীরে গৌরাঙ্গকে পথে দেখিতেন এবং তাঁহার সঙ্গে ছই চারিটি কথা হইত। ইহার চেয়ে বেশী ঘনিষ্ঠতার দাবী তিনি করেন নাই। প্রচুর ঐতিহাসিক গুরুজ আছে বলিয়া পদটি সম্পূর্ণ উদ্ধৃত করা হইতেছে—

Probable 1st song written on Sri Chaitanya based on sorrow of separation when Nimai went to visit East Bengal by Govinda Gho গোৱা (গল প্ৰাদেশ নিজ্গণ পাই ক্লো

বিলপয়ে কত পরকার।

কান্দে দেবী লক্ষীপ্ৰিয়া

শুনিতে বিদরে হিয়া

দিবদে মানয়ে অন্ধকার॥
হরি হরি গৌরাঙ্গ বিচ্ছেদ নাহি সহে।
পুন সেই গোরামুথ দেখিয়া ঘুচিবে তুথ

এখন পরাণ যদি রহে॥

শচীর করুণা শুনি

কান্দয়ে অথিল প্রাণী

মালিনী প্রবোধ করে তায়।

निषा नांगदीगन

কান্দে তারা অনুক্রণ

বদন ভূষণ নাহি ভায়॥

স্বধুনী তীরে যাইতে দেখিব গৌরাঙ্গ পথে

কতদিনে হবে শুভ দিন।

চাদমুণের বাণী শুনি জুড়াবে তাপিত প্রাণী

গোবিन घारियत एनर् कीन। -- अन क., ১৫৯৭

গোবিন্দ ঘোষ গৌরাঙ্গের জীবনী লইয়া কোন ধারাবাহিক পালা রচন। করিয়াছিলেন বলিয়া জানা যায় না। তিনি এরপ করিলে বিপুল বৈষ্ণব-সাহিত্যের কোথাও না কোথাও তাহার উল্লেখ থাকিত। স্বতরাং এই পদটি যে আলোচ্য ঘটনার বহুকাল পরে কোন সময়ে রচিত হইয়াছিল এরপ মনে করিবার কোন কারণ দেখি না। বৈরাগ্যভক্তি প্রকাশের পূর্বেও নিমাই পণ্ডিত নদীয়ার নরনারীর কত প্রিয় ছিলেন তাহা এই পদটি হইতে জানা যাইতেছে।

শ্রীগৌরাঙ্গের রূপ কিভাবে গোবিন্দ ঘোষকে আরুষ্ট করিয়াছিল ভাহা পদকল্পতরুর ১০২০ ও ২১৪৬ সংখ্যক পদ ছুইটি হুইতে জানা যায়। শেয়োক্ত পদটির "বিনি হাসে গোরাম্থ হাস" যেমন কবিত্বপূর্ণ, "গোরা না দেখিলে বিষ লাগে" তেমনি আন্তরিকতায় ভর।।

কিন্তু বাস্থ ঘোষ বোধ হয় গোবিন্দ ঘোষ অপেক্ষাও প্রভুর অধিকতর প্রিয় হইয়াছিলেন। ভক্তিরক্লাকর (পৃ. ১১৯) এবং পদকল্পতরু-ধৃত ২১২৮ সংখ্যক भाम आह---

বাস্থদেব রামানন্দ

শ্ৰীবাস জগদানন্দ

নাচে পহু নরহরি সঙ্গ।

ঐ নৃত্যের সময়ে প্রভূ জীদাম স্থদামের কথ। স্মরণ করিয়া "মুরলী মূরলী করি" মুচ্ছিত হইলেন এবং

রাধার ভাবে ভোরা

বরণ হইল গোরা

রাধা নাম জ্পে অনুকণ ॥

এখানে "রাধাভাব" অর্থের শ্রীরাধার প্রতি প্রেম না ধরিলে পূর্বের ও পরে উল্লিখিত তাঁহার শ্রীকৃষ্ণভাবে ভাবিত হওয়ার সঙ্গে সামগ্রস্থ থাকে না। এই পদটি ভক্তিরত্বাকরের ১১০ পৃষ্ঠাতে ধৃত হওয়ায় ইহার ঐতিহাসিকতা সম্বন্ধে কোন সন্দেহ থাকে না।

গোবিন্দ ঘোষের ছইটি পদ প্রভুর সন্ন্যাসের ঘটনা লইয়া রচিত। কবির উক্তি হইতে মনে হয় যে প্রভু তাঁহাকে সন্ন্যাস গ্রহণ করিবার কথা ইঙ্গিতে বলিয়াছিলেন এবং তিনি তংক্ষণাং তাহা শুনিয়া আসিয়া মুকুন্দ দত্ত ও গদাধর পণ্ডিতকে বলিয়াছিলেন—

প্রাণের মুকুন্দ হে কি আজি শুনিলু আচম্বিত কহিতে পরাণ যায় মুথে নাহি বাহিরায় শ্রীগৌরাঙ্গ ছাড়িবে নবদীপ ॥

ইহাও না জানি মোরা সকালে মিলিলুঁ গোরা অবনত মাথে আছে বসি।

নিঝরে নয়ান ঝরে বুক বাহি ধারা পড়ে মলিন হৈয়াছে মুখশশী॥

দেখিয়া তথনি প্রাণ সদা করে আনছান স্থাইতে নাহি অবসর।

ক্ষণেকে সম্বিত হৈল তবে মুঞি নিবেদিল শুনিয়া দিলেন এ উত্তর॥

আমি ত বিবশ হৈয়। তারে কিছু না কহিয়া ধাইয়া আইলুঁ তুয়া পাশ।

এই ত কহিলুঁ আমি থে করিতে পার তুমি মোর নাহি জীবনের আশ ॥

শুনিয়া মুকুন্দ কান্দে হিয়া থির নাহি বান্ধে গদাধরের বদন হেরিয়া।

এ গোবিন্দ ঘোষে কয় ইহা যেন নাহি হয় তবে মৃঞি থাইমু মরিয়া॥—পদ ক., ১৬৽৬

কবির বর্ণনার ভঙ্গী হইতে মনে হয় যে মৃকুন্দ ও গদাধর পূর্ব্বেই এই সংকল্পের কথা শুনিয়াছিলেন—কেন-না তাঁহারা গোবিন্দ ঘোষের নিকট প্রথম

শুনিলে বিশায় প্রকাশ করিতেন। বৃন্দাবনদাস বলেন যে প্রভূ নিত্যানন্দের নিকট প্রথম, পরে মৃকুন্দ ও গদাধরের নিকট সন্ন্যাস-গ্রহণের সঙ্কল্প প্রকাশ করেন। অক্যান্য ভক্তকেও প্রভূ পরে বলেন। যথা—

এই মত আপ্ত বৈষ্ণবের স্থানে স্থানে।
শিখা স্ত্র ঘুচাইমু বলিয়া আপনে॥—২।২৫।৩৫৭ পৃ.

মুরারি গুপ্ত লিথিয়াছেন যে তাঁহাকে ও শ্রীবাসাদি ভক্তগণকে প্রাভূ একথা বলিয়াছিলেন। (২০০০ ও ২০০০) কর্ণপূর শ্রীচৈতক্সচরিতামূত মহাকারে মুরারিকে বলার কথা বাদ দিয়াছেন। যাহা হউক, প্রভূ যথন অনেক আপ্ত বৈঞ্চরকেই বলিয়াছিলেন, তথন গোবিন্দ ঘোষকে বলা অসম্ভব নহে। উদ্ধৃত পদটির উপরে শীর্ষক হিসাবে পদকল্পতকতে লেখা আছে "শ্রীপণ্ডিত গোস্বামিনোক্তং"। ইহার এইমাত্র অর্থ হইতে পারে যে গদাধর পণ্ডিত গোস্বামিনোক্তং"। ইহার এইমাত্র অর্থ হইতে পারে যে গদাধর পণ্ডিত গোস্বামী তাঁহার ভক্তদিগকে এই পদের কথা বলিয়াছিলেন এবং বৈশ্বব দাস এই পরম্পরাপ্রাপ্ত ঐতিহ্য স্বকীয় সন্ধলনে লিথিয়া পদটির ঐতিহাসিক ময়্যাদা রক্ষা করিয়াছেন। গোবিন্দ যদি প্রভূর নিকট না শুনিতেন অথবা মুকুন্দ ও গদাধরকে না বলিতেন তাহা হইলে কল্লিত বর্ণনাটকে বৈশ্বব-সম্প্রাদায় এরূপ আদরের সহিত রক্ষা করিতেন কিনা সন্দেহ। এই পদটিকে আমরা ১৫১০ খ্রীষ্টান্দের প্রারম্ভে অর্থাৎ জাত্রানীর শেষাশেষি সময়ে লেথা বলিয়া ধরিতে পারি।

বলিয়া ধরিতে পারি।
Sri Gouranga left Nabadwip to embrace monastic vow in 1510 (Jan - Feb)
ইহার কয়েকদিন পরে প্রভু যেদিন শেষ রাত্তে গৃহত্যাগ করিয়া চলিয়া
গেলেন, সেদিন গোবিন্দ ঘোষের লেখনী হইতে যে বুকফাটা কালা বাহির
ইইয়াছিল তাহার ধানি এই পদটির মধ্যে আজও পাওয়া যায়।

হেদে বে নদীয়াবাদী কার মূখ চাও।
বাহু পদারিয়া গোরাচাদেরে ফিরাও॥
তো দভারে কে আর করিবে নিজ কোরে।
কে যাচিয়া দিবে প্রেম দেখিয়া কাতরে॥
কি শেল হিয়ায় হায় কি শেল হিয়ায়।
পরাণ-পুতলী নবদীপ ছাড়ি যায়॥
আর না যাইব মোরা গৌরাঙ্গের পাশ।
আর না করিব মোরা কীর্ত্তন-বিলাদ॥

কান্দয়ে ভকত সব বৃক বিদরিয়া। পাষাণ গোবিন্দ ঘোষ না যায় মিলিয়া॥

—পদ ক., ১৬২২

পদাবলী-সাহিত্যের স্থাসিদ্ধ সমালোচক সতীশচন্দ্র রায় মহাশয় লিথিয়াছেন, "গোবিন্দ ঘোষের পদাবলীতে মহাপ্রভুর জীবনের যে কয়েকটী ঘটনা বণিত হইয়াছে গোবিন্দ ঘোষ সেসকল নিজ চক্ষে দেথিয়াছেন, এরূপ বিশাস করার যথেষ্ট কারণ আছে।"—সাহিত্য-পরিষৎ পত্রিকা, ১৬১৬।২

seven songs of Mchildar বিশিশ্য বৈশিশ্য বিশিশ্য বিশ্ব বিশিশ্য বিশ্ব বি

গৌরান্ন ঝাট করি চলহ নদীয়া।
প্রাণহীন হইল অবলা বিষ্ণুপ্রিয়া॥
তোমার রচিত যত পুরব-পিরীত।
সোঙরি সোঙরি এবে ভেল মুরছিত॥
সে হেন নদীয়াপুর সে সব সন্ধিয়া।
ধূলায় পড়িয়া কান্দে তোমা না দেখিয়া।
কহয়ে মাধব ঘোষ ভন গৌরহরি।
তিলেক বিলম্বে আমি আগে যাব মরি॥—পদ ক., ২২৭৮

২২৭৬ সংখ্যক পদটিতে ঐতিচতন্মের সন্ন্যাদে এক নদীয়া নাগরীর ত্থু বর্ণিত হইয়াছে। নবদীপে গঙ্গার তীরে যেথানে প্রভু বসিতেন সেথানে যাইয়া সে

প্রলাপবচন কহিতে লাগিল। তাহা ভনিয়া মাধব ঘোষের হৃদয় ব্যাকুল হইল। এটি কাল্পনিক আলেখা।

95 songs of Basua har talker a for or the songs of Basua har talker a for the song of Basua har talker a আদত হইয়াছে, যে কফদাস কবিবাজ মহাশয় ভক্ত-সমাজে এরপ লিখিয়াছেন—

> বাস্থদেব গীত করে প্রভুর বর্ণনে। কাষ্ঠ পাষাণ জবে যাহার শ্রবণে।

> > - ce. e., 2122

শতীশচন্দ্র রায় মহাশয় লিখিয়াছেন "বাফদেবের যে সকল পদ পদকল্পতকতে উদ্ধৃত হইয়াছে উহার সমন্তই শ্রীগোরাঙ্গ বিষয়ক; এ যাবং বাস্থদেবের এজলীলা বিষয়ক কোন পদ আবিষ্ণত হয় নাই। ইহা হইতে অনুমান হয় যে তিনি অন্ত বিষয়ে পদ রচনা করেন নাই।" (পদকল্লতকর ভূমিকা, পু. ১৫৯।) কিন্তু তাঁহারই সংস্করণে সন্ধলিত ১৩৬৯ সংখ্যক "কে যাবে কে যাবে বডাই ডাকে উচ্চম্বরে" পদটি দানলীলার পদ—উহাতে প্রত্যক্ষভাবে বা ইন্ধিতে কোথাও গৌরলীলার কথা নাই। ২৫০১ সংখ্যক পদটি আক্ষেপায়ুরাগের, উহাতে শ্রীক্লফের বা গৌরাঙ্গের কোন কথা নাই। বাস্ত ঘোষ তাহা হইলে কুঞ্লীলা লইয়াও কিছু পদ রচনা করিয়াছিলেন প্রমাণিত হইল। অন্যান্ত পদগুলির মধ্যে ১৫৩৬, ১৫৩৭ ও ১৫৭১ সংখ্যক পদ তিনটিতে শ্রীগৌরাঙ্গের অভিষেক,

১৫৫০ সংখ্যক পদ তিনটিতে শ্রীগৌরাঙ্গের অভিষেক, ১৫৫০ সংখ্যক পদে
Basu Ghosh or Basudev had witnessed Sri Gouranga's Abhishek / ritualistic bath, running towards the sea
বুলন, ১৬৬২ সংখ্যক পদে পুরীতে সমুদ্রের দিকে শ্রীচেতন্তের ধাবন, ১৯৯১, ১৯৯৪

in Puri and return to Nabadwip.
ও ২২৭০ সংখ্যক পদে শ্রীচৈতন্তের নবদীপে প্রত্যাবর্তন বর্ণিত আছে। এইগুলি ঐতিহাসিক ঘটনা, স্তরাং এসব বিষয়ে প্রত্যক্ষদশী বাস্থদেবের বর্ণনার মূল্য থুব বেশী। জন্ম, বাল্যলীলা, লুকোচুরি-থেলা প্রভৃতি লইয়া ১১২১, ১১৪০, ১১৫০, ১১৫১, ১১৬১ সংখ্যক পদ লিখিত হইয়াছে। এগুলি কবির কল্পনা: কেন-না ঐ সময়ে বাস্থ ঘোষ নবদীপে ছিলেন না, থাকিলেও শিশু নিমাইয়ের कथा निथिया तार्थन नारे। ১১৫० भःशाक भरि पिश्वत निमारे रुति रुति বলিয়া নাচিতেন ও ১১৬১ সংখ্যক পদে বালকদের সঙ্গে হরিবোল বলিয়া গান

According to Veindavandas devotional ecstasy was not manifested by Sri Gouranga before his return from Gaya in 1509.
ক্রিতেন বণিত হইয়াছে। বৃন্দাবন দাসের মতে গয়া হইতে ফিরিবার পূর্বে নিমাইয়ের ভব্তিভাব দেখা যায় নাই। বাকী পদগুলির মধ্যে ১০টি সন্ন্যাস

লইয়া, ৬টি গোরাব্দের রূপ, ২৬টি তাঁহার ভাবও ২৪টি নাগরীভাব লইয়া লিখিত এবং ৯টি স্তব, প্রার্থনা প্রভৃতি বিষয়ক।*

জগদ্ধভার বাহ্নদেবের ১২০টি পদ সংগ্রহ করেন। তাহার মধ্যে নাগরীভাবের আতিশয় অনেকগুলি পদে দেখা যায়। ভদ্রমহাশয় অনেক অরুব্রিম
পদ সংগ্রহ করিয়া রক্ষা করিয়াছেন বলিয়া আমাদের রুতজ্ঞতা-ভাজন; কিছু
তিনি নির্নিচারে অনেক রুব্রিমপদও গ্রন্থে সন্থলন করিয়াছেন। সাহ আকবর
শ্রীচৈততা সম্বদ্ধে পদ লিখিবেন ইহা অবিশ্বান্ত হইলেও ভদ্রমহাশয় ২৫৭ পৃষ্ঠায়
এ নামের ভণিতায় একটি পদ ছাপিয়াছেন। বাস্থ ঘোষের নামে আরোপিত
কয়েকটি পদ জাল সন্দেহ নাই। দৃষ্টান্ত-স্বরূপ দ্বাদশ গোপাল, চৌষ্টি মহাস্ত
ও ছয় গোঁসাইয়ের শ্রীথণ্ডে যাইয়া নরহরি সরকারের আয়োজিত মহোংসবে
যোগদান (পৃ. ৩৫০) করার পদটি উল্লেখ করা যাইতে পারে। এই পদ বাস্থ
ঘোষের ত্রায় শ্রীচৈতত্তার অন্তরন্ধ সন্ধীর পক্ষে লেখা অসম্ভব; কেন-না ছয়
গোঁসাই এককালে কোন সময়েই বৃন্দাবন ত্যাগ করেন নাই; এবং তাহাদের
মধ্যে কেহ কথনও শ্রীথণ্ডে আসিয়াছিলেন বলিয়া কোন কিংবদন্তী পর্যান্ত
নাই। সেইরূপ নিম্নলিথিত পদটিও তাহার দ্বারা লিথিত হইয়াছে বলিয়া
মনে হয় না—

চলরে স্বরূপ চল

यारे ऋत्रधूनी-जन

এ সকল দেই ভাসাইয়া।

গেল যাক কুলমান

আর না রাখিব প্রাণ

তেজিল সলিলে ঝাঁপ দিয়া॥—(গা. প. ত., ২য় मং., পু. ১১৭

[#] রূপ—৬৪১, ৯৭৩, ১০৩০ (১১৩৭ একই), ২০৮৭, ২১০০, ২১৪৩

ভাব—৫৪, ৬৫৬, ৩৭০, ৪৭৬, ৫২৫, ৬৫৬, ৭৬৪, ১১০৮, ১১৮৬, ১২৫৩, ১৩৫৮, ১৪০৯, ১৪২৫, ১৪৯৪, ১৫২৫, ১৫৯৮, ১৬৩৪, ১৬৬২, ২০৪১, ২০৭৮, ২০৭৯, ২১৪০, ২১৮৫, ২৪৭৪

সন্ত্রাস---১৮০১, ১৮৫৬, ২২২১-২৩, ২২২৫, ২২২৬, ২২২৯, ২২৭০, ২২৮০

নাগরীভাব—২৪৯, ৩৬০, ৩৬৫, ৭২৩, ৭৪৭, ৭৭৭, ৮৯৯, ১৬৩৬, ১৬৬৯, ২১৪৯-৫৫, ২১৬৯, ২১৭১, ২১৭২, ২১৭৩, ২১৭৫, ২১৭৬, ২২১১, ২২২৮

निकानम-२७३८, २७३६

खर ७ आर्थना—२:३२, २२১०, २२१३, २२३२, २७४৫, ७००१, ७००४

শ্বরূপ দামোদর শ্রীচৈতত্তের নীলাচলের সন্ধী। যদি বাস্থ্ ঘোষ গঙ্গাতীরের ঘটনার সহিত তাঁহার নাম একদঙ্গে যোগ করিতেন তাহা হইলে পুরুষোত্তম আচার্য্য নাম লিখিতেন। আর একটি পদে (এ, ২য় সং, পৃ. ১৮৬) যমুনার তটে শ্বরূপের সহিত শ্রীচৈতত্তের কথোপকথন বর্ণিত হইয়াছে। শ্বরূপ শ্রীচৈতত্তের সঙ্গে বৃন্দাবনে থান নাই। সেইজ্ল এই পদটিকেও বাস্থ্ ঘোষের রচনা বলিয়া শ্রীকার করা যায় না। যাহা ঘটে নাই বা ঘটা সম্ভব নহে সমসাময়িক লেখক ভাবাস্থাদন-হিসাবেও তাহা লিখেন না।

গৌরপদতরঙ্গিণীতে বাস্থ ঘোষের নামে এমন কয়েকটি পদ আছে যেগুলি দেখিলেই মনে হয় কৃষ্ণলীলার স্থাসিদ্ধ পদ ভাঙ্গিয়া তাঁহার নামে চালাইয়া দেওয়া হইয়াছে। যথা---

নিশি শেষে ছিন্তু গুমের ঘোরে।
গৌর নাগর পরিরম্ভিল মোরে॥
গণ্ডে কয়ল সেই চুন্ধন-দান।
কয়ল অধরে অধর রস পান॥
ভাঙ্গল নিদ নাগর চলি গেল।
অবচেতনে ছিন্তু চেতনা ভেল॥
লাজে তেয়াগিত্ব শয়ন-গেহ।
বাস্থ কহে তুয়া কপট নেহ॥—গৌ প. ত., ২সং., পৃ. ১৩১

সজোগাত্মক নাগরীভাবের প্রাচীনত্ব স্থাপনের জন্ম এইরূপ পদ বাস্থু ঘোষে
আরোপিত হইয়াছে বলিয়া সন্দেহ হয়। এইরূপ পদ থাকায় গৌরপদতরন্ধিণীকে বাস্থু ঘোষের বা নরহরি সরকার ঠাকুরের পদ সম্বন্ধে প্রমাণিক
বলিয়া স্বীকার করা কঠিন হয়। Ceremonial bathing of Bishwambhar and declaring him as God
by elder and intellectual devotees like Advaita, Srivas
in the presence of many other devotees of Navadwip at Srivas's home temple on the seat of Lord Vishnu
আমিরা ভক্তিরত্বাকরে ও পদকল্পত্কতে ধৃত বাস্থু ঘোষের পদ হইতে

আমরা ভাক্তরত্বাকরে ও পদকল্পতকতে দৃত বাস্থ ঘোষের পদ হইতে কয়েকটি ঐতিহাসিক তথ্য সম্বন্ধে পাঠকের দৃষ্টি আকর্ষণ করিব। সন্ন্যাস গ্রহণ করিবার পূর্বে শ্রীবাসের গৃহে বিশ্বস্তর মিশ্রকে ভগবান রূপে অভিষেক করা একটি যুগান্তকারী ঘটনা—কৈন-না ২০৷২৪ বংসরের এক তরুণ যুবককে বয়োবৃদ্ধ ও জ্ঞানবৃদ্ধ অদ্বৈত আচার্যা এবং শ্রীবাস ও বহুতীর্থপর্যাটক অবধৃত নিত্যানন্দ প্রভৃতি সকলে বিশ্বুর খট্টায় বসাইয়া অভিষেক করিয়া তাঁহার ভগবতা সর্ব্বসক্ষে ঘোষণা করিলেন। ঐদিন গোবিন্দ, মাধব ও বাস্থ ঘোষ

উপস্থিত ছিলেন— কেন-না তাঁহারা দৃষ্ট ঘটনা বর্ণনা করার মতন করিয়া পদ লিখিয়াছেন। ঐতিহাসিক গুরুত্ব আছে বলিয়াই নরহরি চক্রবর্তী ভক্তিরত্বাকরে বাস্তু ঘোষের নিম্নলিখিত পদটি উদ্ধৃত করিয়াছেন।

শঙ্খ তৃন্দুভি নাদ বাজয়ে স্থাবে।
গোরাচাদের অভিষেক করে সহচরে॥
গন্ধ চন্দন শিলা ধূপ দীপ জালি।
নগরের নারী সব করে অর্ঘ্য থালী॥
নদীয়ার লোক সব দেখি আনন্দিত।
জয় জয় জয় দিয়া কেহ গায় গীত॥
গোরাঙ্গচান্দের মুখ করে নিরীক্ষণে।
গোরা অভিষেক বদ্ধ বাস্ক্রেয়াধ গানে॥

—ভক্তিরত্বাকর, পূ. ৮৯৩

নরহরি চক্রবতীর সামনে ম্রারির কড়চা, চৈতক্সভাগবত, চৈতক্সচরিতামৃত

The song depicting ceremonial bathing abhishes of Sri Gouranga by Basu was written before any book on Sri Gouranga
প্রভৃতি গ্রন্থ থাকিলেও তিনি অভিষেকের প্রমাণ তুলিলেন বাস্থ ঘোষের পদ

হইতে, কেন-না ঐ পদ উক্ত গ্রন্থাদি রচিত হইবার পূর্বে প্রত্যক্ষদর্শীর দ্বারা
লিখিত হইয়াছিল। এই পদটিতে অভিষেকে নারীদেরও যোগ দেওয়ার কথা
আছে। শচীমাতা, তাঁহার সখী শ্রীবাদের পত্নী মালিনী প্রভৃতি যে ঐ নারীদের

মধ্যে ছিলেন তাহা পদকল্লতক্ষ-ধৃত গোবিন্দমাধ্ববাস্থ ভণিতাযুক্ত একটি পদে

(১৫৩৮ সংগ্যা) দেখা যায়। উহাতে আছে—

তাম্বল ভক্ষণ করি বসিলা সিংহাসনে।
শচীদেবী আইলেন মালিনীর সনে॥
পঞ্দীপ জালি তেহ আরত্রি করিল।
নির্মন্থন করি শিরে ধাত্যদূর্কা দিল॥
ভক্তগণ করে সভে পুষ্প বরিষণ।

আহৈত আচাহা দেই ত্ল্মী চন্দ্ৰ ॥
The event of ceremonial bathing of Bishwambhar was written by Murari Gupta (2/12/12-17),
Kabikarnapur (Mahakavya 5/38,125) and Vrindavandas

অভিষেকের ঘটন। মুরারি গুপ্ত (২।১২।১২-১৭), কবিকর্ণপূর (মহাকাব্য) (৫।৩৮,১২৫) ও বুন্দাবন দাস বর্ণনা করিয়াছেন। বুন্দাবন দাস লিথিয়াছেন যে এদিন বিশ্বস্তারক

Ob

গ্রীচৈতগ্যচরিতের উপাদান

অন্বৈত শ্রীবাস আদি যতেক প্রধান। পড়িয়া পুরুষস্থক করায়েন স্নান ॥

তারপর—দশাক্ষর গোপাল মন্ত্র বিধিমতে।

পূজা করি সভে ন্তব লাগিলা পড়িতে॥
Nimai used to put on the costume of Krishna as Natabara during ecstatic mood

১৪৩১ শকের বৈশাথ হইতে মাঘমাদের মধ্যে নিমাইয়ের বেশভূষা ও ভাব শম্বন্ধে কয়েকটি মূল্যবান তথ্য বাস্থ গোষের পদ হইতে জানা যায়। পদকয়টি ভক্তিরত্বাকরে উদ্ধৃত হইয়াছে। নিমাই যে ভাবাবেশে নটবরবেশ ধারণ করিতেন তাহা নিম্নলিখিত পদ হইতে প্রমাণিত হয়—

> চাচর চিকুর চূড়া চারু ভালে। বেডিয়াছে মালতীর মালে। তাহে দিয়া ময়ুরের পাখা। সপত্ৰ সহিত ফুলশাখ।॥ কপিত কাঞ্চন জিনি অঙ্গ। কটিমাঝে বসন হুরঙ্গ ॥ চন্দন তিলক শোভে ভালে। আজাতুলম্বিত বনমালে। न्देवद्रद्यम् (भावाहाम । রমণীগণের কিবা কাদ॥ তা দেখিয়া বাহ্বদেব কাঁদে। প্রাণ মোর থির নাহি বাঁধে॥

> > —ভক্তিরত্নাকর, পৃ. ৯৩৪-৩৫

এই বেশের মধ্যে চূড়ায় ময়্রের পাথা ও সপত্রকুলশাথা ধারণ বিশেষ লক্ষ্য করার বিষয়। এইরূপ বেশ ধারণ করিয়া তিনি যথন গঙ্গাতীরে মূরলীবাদন-সহকারে গীত গাহিতেন তথন তাঁহাকে দেখিয়া ভক্তদের মনে শ্রীক্লফের কথা মনে হওয়াই স্বাভাবিক।

> সোঙরি পুরুব-লীলা ত্রিভক্ব হইলা। মোহন মুবলী গোরা অধরে ধরিল।

ম্রলীর রক্ত্রে ফুক দিলা গোরাচান। ।

অঙ্গুলি চালায়া করে স্বলিত গান ॥—ভ র , পৃ. ৯৩৫

The sport of pastoral activities by Nimai

ম্রলি-বাদন করিতে করিতে তাঁহার মনে গোষ্ঠলীলার কথা উঠিত। তিনি রামাই, স্থলুর, গৌরিদাস, নিত্যানন্দ প্রভৃতির সঙ্গে—

> শিঙা বেণু মুরলী করিয়া জয়ধ্বনি। হৈ হৈ করিয়া ঘন ফিরায় পাঁচনী॥

ইংা দেখিয়া— বাস্থদেব ঘোষে কহে মনের হরিষে।
গোঠলীলা গোরাচাঁদ করিলা প্রকাশে॥—ভ. ব., পু. ৯৩৫

গোষ্ঠলীলার এই ভাব এইসব সংগ্রসাঞ্জিত ভক্তদের মনে এমন গভীর প্রভাব বিস্তার করিয়াছিল যে তাঁহারা অনেকে সারাজীবন গোপবেশ ধারণ করিয়া শ্রীদাম-স্থদামের অক্লকরণ করিতেন। বৃন্দাবন দাস লিথিয়াছেন যে নিত্যানন্দের সহচর—

ক্লফদাস প্রমেশ্বদাস তুইজন। গোপালভাবে হৈ হৈ করে সর্বক্ষণ॥—হৈচ, ভা., ৯।৫।৪৫৪

নিত্যানন্দের অন্তান্ত সঙ্গীদেরও

বেত্র বংশী শিক্ষা ছাঁদ দড়ি গুঞ্জাহার। তাড় থাড়ু হাথে পায়ে নূপুর সভার॥—এ, পৃ. ৪৭৩

বাস্ত্ ঘোষের ঐ পদটি না পাইলে তাঁহাদের এই গোপালভাবের কারণ পাওয়। যাইত না। তেমনি বৃন্দাবন দাস বর্ণিত—

> গোপীভাবে গদাধর দাস মহাশয়। হইয়া আছেন অতি পরানন্দময়॥ মন্তকে করিয়া গঙ্গাজলের কল্দ। নিরবধি ডাকেন "কে কিনিবে গোরায়"॥

> > — ঐ, পৃ. ৪৫৯

The play of giving away by Gadadhar Das

দানলীলার এই ভাবটি গদাধর দাদের মনে কিভাবে স্থায়ী রূপে মৃদ্রিত হইয়াছিল তাহা বাস্থ ঘোষের এই পদটি পড়িলে বুঝা যায়। 80

আজু গৌরাঙ্গের মনে কি ভাব উঠিল।
নদীয়ার পথে গোরা দান সিরজিল।
কি রসের দান চাহে গোরা দিজমণি।
বেত্র দিয়া আগুলিয়া রাথয়ে তরুণী।
দান দেহ দান দেহ বলি ঘন ডাকে।
নগর নাগরী যত পড়িল বিপাকে।
ক্ষণ অবতারে আমি সাধিয়াছি দান।
সে ভাব পড়িল মনে বাস্থদেব গান॥

— ভ. র., পু. ৯৩৬

গদাধর দাদের ন্যায় যেসব ভক্ত এই লীলার সময়ে উপস্থিত ছিলেন, তাঁহাদের মনে ইহার প্রভাব চিরস্থায়ী হইয়াছিল। তাই দেখি নীলাচল হইতে গৌড়-দেশে দিরিবার সময়—

হুইলা রাধিকা ভাব—গদাধর দাসে। 'দ্ধি কে কিনিব' বলি মহা অটু হাসে॥— চৈ. ভা., ৩৫।৪৫৪

বাস্ত্ ঘোষের এই পদটি সম্বন্ধে বিশেষ লক্ষ্য করার বিষয় এই যে ভক্তিরহাকরে ও পদকল্পতক্তে (১০৯৮ পদ) "বেত্র দিয়া আগুলিয়া রাখ্য়ে তরুণী" আছে, কিন্তু জগদন্ধভদ্র (৩০০ পৃ.) ও মৃণালকান্তি ঘোষ পাঠ ধরিয়াছেন "বেত্র দিয়া আগুলিয়া রাখ্য়ে তরুণী"। তরুণী বেত দিয়া আগুলান যায় না এবং তরুণী ক্ষকিলে দানলীলা সাধার কোন সহায়তাও হয় না। স্তরাং "তরুণী" পাঠই ঠিক। সন্নাস গ্রহণের পূর্বে ভাবের আবেশে বেত দিয়া তরুণী আটকানো বিশ্বন্তর মিশ্রের পক্ষে অসম্ভব হইলে প্রামাণিক বৈশ্ব্নে গ্রন্থে "তরুণী" পাঠ গোকিত না। চালেজালু water' and 'play of Holi' as per Bhaktiratnakar (PP. 936;936-7;

ভক্তিরত্বাকরে ধৃত আর কয়েকটি পদে শ্রীগৌরাঙ্গের গদাধরের সঙ্গে ফুলসমর (পৃ. ১৩৬), পাশাথেলা (পৃ. ১৩৬-৩৭), জল ফেলাফেলি থেলা (পৃ. ১৩৭) ও হোলিখেলা (পৃ. ১৪২-৪৩) বণিত হইয়াছে। এইগুলি যে কল্পিত ঘটনা নহে, কবির স্বচক্ষে দেখিয়া লেখা তাহার একটি প্রমাণ ভক্তিরত্রাকরে ধৃত (পৃ. ১৪৪—৪৫) শিবানন্দ সেনের হোলিখেলার পদে "মৃকুন্দ মুরারি বাস্থ নাচত রক্ষে" উক্তিতে পাওয়া যায়। প্রভুর সঙ্গে বাস্থ ঘোষের নাচের কথা গোবিন্দ ঘোষ ও শিবানন্দ সেন এই তুই সমসাম্যাকের রচনায় পাওয়া গেল।

Poetical rendering of monastic vow of Nimai i.e. Nimai Sannyas by Basu Ghosh is historically important

বাস্থ ঘোষের নিমাই সন্ন্যাদের পাল। স্থারিচিত। মোটাম্টিভাবে ইহাকে ঐতিহাসিক চিত্ররূপে গ্রহণ করা যাইতে পারে। যদিও ছই-এক স্থানে কবিস্থলত অতিশয়োক্তি দেখা যায়। সন্ন্যাস-গ্রহণের অবাবহিত পরে প্রভুর যে দীনভাবের চিত্র বাস্থদেব আঁকিয়াছেন তাহার সমর্থন কোন চৈতন্ত-চরিতে না থাকিলেও উহাকে সত্য বলিয়া না মানার কোন কারণ নাই। পদক্ষতক-ধৃত ২২২৫ সংখ্যক পদে নবীন সন্ন্যাসী শ্রীকৃষ্ণচৈতন্ত বলিতেছেন,

তোমরা বান্ধব মোর

নিজ কর দিয়া মোর মাথে।

করিলাম সন্নাস

বজে যেন পাই ব্রজনাথে ॥

এত কহি গৌর রায়

দিগ বিদিগ নাহি মানে।
ভক্তজ্ঞনার পাছে পাছে

বাস্ত ঘোষ হাকান্দ কান্দনে॥

প্রভূ সন্ন্যাস-ত্রত ভঙ্ক হইবার আশক্ষা করিয়া "নহে যেন উপহাস" বলিতেছেন এবং ভক্তদের আশীর্কাদ প্রার্থনা করিয়া "ত্রজে যেন পাই ত্রজনাথে" বলিলে তাঁহার ভগবতা ক্ষু হইবে মনে করিয়া চরিতকারগণ এই ঘটনাটি বাদ দিয়াছেন মনে হয়।

কবিকর্ণপূর, বুন্দাবন দাস, জয়ানন্দ, রুফ্দাস কবিরাজ প্রভৃতি চরিতকারগণ সন্ন্যাসী শ্রীচৈতক্তের নবদ্বীপে পুনরাগমনের কথা লেখেন নাই। কিন্তু মুরারি (৪।১৪।৩-১১) বলেন যে তিনি একবার নবদ্বীপে আসিয়াছিলেন। লোচন এই অংশের ভাবান্থবাদ করিয়া লিপিয়াছেন—

As per Murarai Gupta Sri Chaitanya went back to Nabadwip only once after sannyasa.

মায়ের বচনে পুত্র গেলা নবদ্বীপে। বারকোণা ঘাট নিজ বাড়ীর সমীপে॥—হৈচ. ম., শেষথগু

বাস্ত্র ঘোষ এই ঘটনা দেখিয়া লিখিয়াছেন-

আওল নদীয়ার লোক গৌরাঙ্গ দেখিতে। আনন্দে আকুল চিত না পারে চলিতে।

শ্রীচৈতগ্রচবিতের উপাদান

চিরদিনে গোরাচাঁদের বদন দেখিয়া।
ভথিল চকোর-আঁখি রহয়ে মাতিয়া॥
আনন্দে ভকতগণ হেরিয়া বিভোর।
জননী ধাইয়া গোরাচাঁদে করে কোর॥
মরণ শরীরে যেন পাই যে পরাণ।
গৌরাঙ্গ নদীয়া পুরে বাস্থু ঘোষ গান॥—জগদ্বরু, ৪১৩

এই পদটি ভক্তিরত্নাকর অথবা পদকল্পতকতে ধৃত হয় নাই। ভক্তিরত্নাকর-ধৃত (৯৮২-৯৮৩ পৃ.) বাস্থ ঘোষের একটি পদে শচীমাতা মালিনী সইকে নিমাইয়ের নীলাচল হইতে নদীয়ায় কেরার কথা স্বপ্নে দেখিয়া বলিতেছেন পাওয়া যায়।

As per Murari & মুরাারিত্র উন্ধান্ত বৈশিষের বর্ণনা হাই তে বুরা। যায় ক্রিটিউজ তর্গা উ-ভ্রমণের সময়ে একবার নবদীপে আসিয়াছিলেন। যেসমন্ত ঘটনা বর্ণনা করিলে জীচৈতত্তার সন্ন্যাসনিষ্ঠা বা ম্যাাদার হানি হইতে পারে, সেওলি পরবর্তী চরিতকারগণ বাদ দিয়াছেন। ইহার অনেক দুইান্ত পরে দিতেছি।

পদকল্পতকতে দিব্যোলাদের দৃষ্টাস্ত হিসাবে বাস্ত্ ঘোষের নিম্নলিখিত পদটি ধৃত হইয়াছে--

সিংহদার তেজি গোরা সমুদ্র আড়ে ধায়।
কোথা রুফ কোথা রুফ সভারে স্থায়॥
চৌদিকে ভকতগণ হরিওণ গায়।
মাঝে কনয়া-গিরি ধূলায় লুটায়॥
আছাড়িয়া পড়ে অঙ্গ ভূমে গড়ি যায়।
দীঘল শরীর গোরা পড়ি মুরছায়॥
উত্তান-শয়ন মুখে ফেনা বাহিরায়।
বাস্থদেব ঘোষের হিয়া বিদ্রিয়া যায়॥—পদ ক., ১,৬৬২

প্রীচৈতন্তের নীলাচল লীলার এমন জীবন্ত আলেখ্য রঘুনাথদাস গোস্বামী
ছাড়া আর কৈহ আঁকিতে পারেন নাই।

Murari Gupta started to write biography of Sri Chaitanya i.e Srikrishnachaitanyacharitamritam after the later had left his mortal book কুর্বেই বলিয়াছি যে মুবারি গুপু প্রীকৃষ্টেততাচরিতামৃতম্ রচনায় প্রভ্র

তিরোধানের পর হাত দেন। তাঁহার একটি উৎকৃষ্ট পদ পদকল্পতকৃতে (৭৫১)

ধৃত হইয়াছে। অতাবিধি কীর্তনীয়াগণ আক্ষেপাত্রাগ পালাগান করিবার

দময় উহা কীর্ত্তন করিয়া থাকেন। পদটির আরম্ভ "দথি হে ফিরিয়া আপন ঘরে যাও"। ইহার কোথাও রাধারুঞ্লীলার স্থাপ্ট ইঙ্গিত নাই। মনে হয় ম্রারি গুপ্ত শুধু ব্যবসায়ে নহে প্রকৃতপক্ষেই কবিরাজ ছিলেন। গোবিন্দ ঘোষ, শিবানন্দ দেন, বস্থ রামানন্দ, নরহরি প্রভৃতি কবিরাই যেন নিমাইয়ের ভাব ও রূপ দেখিয়া অধিক আরুষ্ট হইয়াছিলেন। অবশ্য অনেক অকবিরও মনে গৌরাঙ্গলীলা দেখিয়া ভাবসমূদ্র উদ্বেল হইয়া উঠিয়াছিল এবং তাঁহারা কবিতায় দেই ভাব প্রকাশ না করা পর্যন্ত ছির থাকিতে পারেন নাই। কবি ম্রারি গুপ্ত ১৫০০ খ্রীষ্টাব্দে নিমাইয়ের ভাবাবেগ দেখিয়া যে পদটি রচনা করিয়াছিলেন তাহা বৈফ্রবাণ অঞ্চাদশ শতান্দী পর্যন্ত সমত্রে রক্ষা করিয়াছেন। পদটি ভক্তিবর্ত্তাকরের ১২২ পৃষ্ঠায় ও পদকল্পত্রুর ২১২১ সংখ্যক পদরূপে ধৃত হইয়াছে—

গদাধর অঙ্গে পহু অঙ্গ হেলাইয়া।
বুন্দাবনগুণ গান বিভার হইয়া॥
ক্ষণে হাসে ক্ষণে কান্দে বাহ্য নাহি জানে।
রাধাভাবে আকুল সদা গোকুল পড়ে মনে॥
অনস্ত অনঙ্গ জিনি দেহের বলনি।
কত কোটি চাঁদ কাঁদে হেরি ম্থথানি॥
ত্রিভ্বন দরবিত এ দোহার রসে।
না জানি ম্রারি গুপ্ত বঞ্চিত কি দোষে॥

গৌরপদতরঙ্গিণীতে ধৃত (পৃ. ৭৭,) মুরারি গুপ্ত রচিত একটি পদে দেখ। যায় যে

হাসিয়া মুরারি বোলে, এ নহে কোলের ছেলে
সন্মাসী হইবে গৌরহরি।

এই পদটি সত্যই মুরারির লেখা কিনা সন্দেহ, কেন-না নিমাই যখন হামান্ত ড়ি দিতেছেন তখন এই পদ মুরারি নিশ্চয়ই লেখেন নাই; সন্মাসের পরে লিখিলে "হাসিয়া মুরারি বোলে" লিখিতেন না—কেন-না প্রভুর সন্মাস মুরারির নিকট হাসির ব্যাপার ছিল না ঐরপ নিমাই সমবয়য় শিশুদের সঙ্গে "গোরা সবে বলে হরি হরি। শিশুগণ বলে সঙ্গে হরি" পদটিও ভাষার দৈত্যের জন্ম প্রক্ষিপ্ত মনে হয় (জগদ্বরু পু. ৭৭-৭৮)। দাস্থ-মুরারি ভণিতার পদটিও

মুরারি গুপ্তে আরোপ করা যায় না। মুণালকান্তি যোষ মহাশয় শ্রীকৃষ্ণচৈতন্তচরিতামূতের ভূমিকায় "প্রভূরে রাখিয়া শান্তিপুরে। নিত্যানন্দ আইলেন
নদীয়া নগরে॥" ইত্যাদি ও "চলিল নদীয়ার লোক গৌরাঙ্গ দেখিতে"
ইত্যাদি পদ তুইটি (জগদ্বর্ধ পৃ. ৩৭৮-৭৯) মুরারি গুপ্তের বাংলা রচনার
নম্নারূপে তুলিয়াছেন। কিন্তু জগদ্বর্ধ ভদ্র নিজেই প্রথমোক্ত পদের পাদটীকায়
লিখিয়াছেন কোন কোন গ্রন্থে এই পদের ভণিতা এইরূপ—

বাস্থ ঘোষ বলে না কাঁদিও শচীমাতা। জীবের লাগি তোমার গৌর হৈছে প্রেমদাতা॥

স্তরাং প্রথমটিকে নিঃসন্দেহে মুরারি গুপ্তের রচনা বলা যায় না; এবং দিভীয়টি উহার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে সংশ্লিষ্ট বলিয়া ওটিকেও সমপ্য্যায়ে ফেলিতেছি।

ভক্তিরত্বাকরের মতে (পৃ. ১২২-২৩) বংশীবদন বিফুপ্রিয়াকে রক্ষণাবেক্ষণ করিতেন। ইহার রচিত ২৫টি ও বংশীদাস ভণিতায় ১৭টি পদ পদকল্পতক্তে সঙ্গলিত হইয়াছে। সতীশচন্দ্র রায় মহাশয় উক্ত গ্রন্থের ভূমিকায় লিথিয়াছেন যে, "পদগুলির বিশেষভাবে আলোচনা করিয়া আমাদের দৃঢ় প্রতীতি জন্মিয়াছে যে বংশীদাস ও বংশীবদন অভিন্ন ব্যক্তি" (পৃ. ১৮০)। কিন্তু বংশীদাস ভণিতার

"জয় বে জয়বে মোর গৌরাঙ্গ রায়। জয় নিত্যনন্দ চন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ সীতানাথ দেহ পদছায়॥ জয় জয় মোর, আচাধ্যঠাকুর, অগতি পতিত অতি" ইত্যাদি

পদটির লেখক শ্রীনিবাস আচাঘ্যের পরবর্তী লোক। কেন-না সীতানাথকে একবার জয় দিয়া পুনরায় "আচাঘ্যঠাকুর" বলিয়া অদ্বৈতকে জয় দেওয়ার কোন মানে হয় না, স্কতরাং ঐ আচার্য্যঠাকুর বলিতে শ্রীনিবাস আচার্য্যকে বুঝাইতেছে। শ্রীচৈতত্যের সমসাময়িক বংশীবদন শ্রীনিবাস আচার্য্যকে জয় দিলে কালানোচিত্যদোষ ঘটে। বংশী ও বংশীবদনের পদের ভাষার মিল আছে বলিয়া উভয়কে অভিন্ন ব্যক্তি বলা যায়, কিন্তু বংশীদাস ও বংশীবদন অভিন্ন নহেন। "কর্ণানন্দ" গ্রন্থে (পু. ১২) শ্রীনিবাস আচার্য্যের শিশ্র বংশীদাস ঠাকুরের কথা আছে।

পদকল্পতক্ষর ২৫৬৪ সংখ্যক পদে দেখা যায় যে বাস্থদেবের স্থায় বংশীবদনও

Basngshibadan's song on Sri Gouranga's sport of grazing of cows is historically important

গৌরান্বের গোষ্ঠলীলা বর্ণনা করিয়াছেন। এই পদটি বাস্থ ঘোষের পদ

অপেক্ষাও বিশদ এবং ইহার বর্ণনায় প্রত্যক্ষদশীর বিবরণের ছাপ আছে।

শচীর নন্দন গোরা ও চাঁদ-বয়ানে।
ধবলী শাওলী বলি ডাকে ঘনে ঘনে॥
বুঝিয়া ভাবের গতি নিত্যানন্দ রায়।
শিকার শবদ করি বদন বাজায়॥
নিতাই চাঁদের ম্থে শিকার নিসান।
শুনিয়া ভকতগণ প্রেমে অগেয়ান॥
ধাইল পণ্ডিত গৌরীদাস যার নাম।
ভাইয়া রে ভাইয়া রে বলি ধায় অভিরাম॥
দেখিয়া গৌরাঙ্গ-রূপ প্রেমার আবেশ।
শিরে চ্ড়া শিখি-পাথা নটবর-বেশ॥
চরণে নৃপুর বাজে সর্কাঙ্কে চন্দন।
বংশীবদন কহে চল গোবর্জন॥—পদ ক., ২৫৬৪

গৌরাঙ্গ যে "শিরে চূড়া শিথি-পাথা নটবর বেশ" ধারণ করিতেন তাহা বাস্থ ঘোষের পদ হইতে পূর্বেই দেখাইয়াছি। কবিকর্ণপূর গৌরগণোদ্দেশ-দীপিকায় গৌরীদাসকে স্থবল ও অভিরামকে শ্রীদাম বলিয়াছেন। শ্রীগৌরাঙ্গের সহিত তাঁহারা এইরপ গোষ্ঠলীলা না করিলে তাঁহাদের তত্ত্ব ঐভাবে নিরপিত শাল sport of pastoral activities by Bishwambhar in 1509 CE হইত না। বিশ্বস্তর মিশ্র ১৫০০ খ্রীষ্টাব্দে গোষ্ঠলীলা করিয়াছিলেন এবং তাহা দেখিয়া সেই সময়েই এই পদ লিখিত হইয়াছিল মনে হয়।

বংশীবদনের আর একটি পদে প্রভুর সন্ন্যাস-গ্রহণে কবির নিজের ও শচী-বিষ্ণুপ্রিয়ার অসীম তৃঃথ বণিত হইয়াছে। ইহার মধ্যেও তাঁহার প্রত্যক্ষ-দর্শিতার ছাপ স্কুম্পন্ত। পদটি পদকল্পতক্ষর ১৮৫৫ সংখ্যক পদরূপে ধৃত হইয়াছে—উহার পাঠ ভদ্র-মহাশয়-ধৃত পাঠ (পৃ. ৩৮৫) অপেক্ষা অনেক ভাল।

আর না হেরিব

প্রসর কপালে

অলকা-ভিলক-কাচ।

আর না হেরিব

সোনার কমলে

নয়ন-খঞ্জন-নাচ ।

আর না নাচিবে

শ্রীবাস-মন্দিরে

ভকত-চাতক লৈয়া।

আর না নাচিবে

আপনার ঘরে

আমরা দেখিব চায়া।

আর কি হু ভাই

নিমাই নিতাই

নাচিবেন এক ঠাঞি।

নিমাই করিয়া

ফুকরি সদাই

নিমাই কোথায় নাই॥

निष्य किनव

ভারতী আসিয়া

মাথায় পাড়িল বাজ।

গৌরাক্সন্ব

না দেখি কেমনে

রহিব নদীয়া-মাঝ॥

কেবা হেন জন

আনিবে এখন

আমার গৌর রায়।

শাভড়ী-বধুর

রোদন শুনিতে

বংশী গড়াগড়ি যায়॥—পদ ক., ১৮৫৫

শাশুড়ী-বধ্কে রক্ষণাবেক্ষণের ভার কবি লইয়াছিলেন বলিয়াই তাঁহাদের রোদন শুনিয়া তাঁহাকে গড়াগড়ি যাইতে হয়।

পদকল্পতকতে পরমানন্দ ভণিতায় ১২টি পদ গুত হইয়াছে। উহার সব-গুলিই সতীশচন্দ্র রায় মহাশয় কবিকর্ণপূর পরমানন্দ সেনের রচনা বলিয়া ধরিয়াছেন। কিন্তু ২০০৬ সংখ্যক পদের ভণিতায় কবি "শ্রীরপমঞ্জরিচরণ হাদয়ে ধরি" পদ রচনা করিয়াছেন বলিতেছেন। ইনি শিবানন্দ সেন-পূত্র কবিকর্ণপূর না হইবার সভাবনাই অধিক—কেন-না কবিকর্ণপূর কখনও শ্রীরূপের এরূপ আহুগত্য স্বীকার করিয়াছেন বলিয়া জানা যায় না। ঐ পদের ব্রজ্বলি-মিশ্রিত ভাষার সঙ্গে ১৮০ ও আর্তি, অভিষেক প্রভৃতির ১৫৮৫, ২৮৭১, ২০০৬ সংখ্যক ব্রজ্বলির পদের সাদৃষ্ঠ দেখা যায় বলিয়া এই ছয়টি পদ শ্রীরূপের অহুগত বৃন্দাবনবাসী কোন প্রমানন্দের রচনা বলিয়া ধরা যায়। অপর ছয়টি পদ কবিকর্ণপূরের রচনা না হইয়া, বৃন্দাবনদাস থাহাকে

প্রসিদ্ধ পরমানন গুপ্ত মহাশয়।

পূর্বের যার ঘরে নিত্যানন্দের আলয় ॥— চৈ. ভা. ৩। ৭। ৪৭৫ পৃ.

46

বলিয়াছেন এবং জয়ানন্দ যাহার সম্বন্ধে---

সংক্ষেপে করিলেন তিঁহ পরমানন্দ গুপ্ত। গৌরাঙ্গবিজয় গীত শুনিতে অদ্ভুত॥ —পৃ. ৩

লিখিয়াছেন তাঁহার রচনা হওয়াই অধিকতর সম্ভব। ইহার তুইটি কারণ।
কোন কারণটি সন্দেহ-আকারে সতীশচন্দ্র রায় মহাশয়ের মনে জার্মিয়াছিল।
তিনি লিখিয়াছেন—"বাঁহারা কবিকর্নপূরের সংস্কৃত গল্প-রচনা পড়িয়া, উহার দীর্ঘ সমাস ও অন্প্রপ্রানের ছটায় পদে পদে কবিশ্রের দণ্ডীর 'দশকুমার-চরিত' কথা-কাব্যথানাকে অরণ করিতে বাধ্য হইয়াছেন, তাঁহারা কবিকর্নপূরের এই প্রাপ্তল পদগুলি পড়িয়া বোধ হয় বিশ্বাস করিতে চাহিবেন না যে এগুলি সেই একই কবির রচনা" (ভূমিকা পৃ. ১৪৮)। পরমানন্দ ভণিতার অপর ছয়টি পদের মধ্যে ১১২০, ১৬৯৩ ও ২৫২৮ সংখ্যক পদের আভ্যন্তরীণ প্রমাণ হইতে দেখা যায় যে এগুলি নদীয়া-লীলার কোন প্রত্যক্ষদর্শীর রচনা এবং কবিকর্নপূর ১৫০৯ খ্রীষ্টান্দে জন্মগ্রহণ করেন নাই। ২১২০ সংখ্যক পদটিতে এমন একটি মল্যবান্ তথ্য আছে যাহা কেবলমাত্র তাঁহার অন্তরক্ষ সন্ধীরই জানিবার কথা। পদটি এই—

গোরা-তম্ব ধূলায় লোটায়।

ডাকে রাধা রাধা বলি

গদাধর কোলে করি

পীত বসন বংশী চায়॥

ধরি নটবর-বেশ

সমূগে বান্ধিয়া কেশ

তাহে শোভে ময়্রের পাখা।

ত্রিভঙ্গ ভঙ্গিমা করি

সঘনে বলয়ে হ্রি

চাহে গোরা কদম্বের শাখা॥

ভনি বৃন্দাবন-গুণ

রুপে উন্মত মন

স্থীবৃন্দ কোথা গেল হায়।

না বৃঝিয়া রসবোধ

প্রিয় সব পারিষদ

গৌরাঙ্গ বলিয়া গুণ গায়॥

क्टिश वर्ल मावधान

না করিহ রসগান

উथनिन ना धरत धत्री।

নিজ খন-আনন্দে

কহয়ে পরমানন্দে

কেবা দেহে ধরিবে পরাণি ॥

48

রসগান বা জ্রাক্তফের লীলাকীর্ত্তন শুনিলে প্রভু আত্মসম্বরণ করিতে পারিবেন না, অতএব উহা গান করিও না ইহা নবদীপ-লীলার কোন সঙ্গীর পক্ষেই জানা ও বলা সম্ভব। পদটি নীলাচল-লীলার নহে, কেন-না নীলাচলে প্রভু নটবর-বেশ ধারণ করিতেন না। নিমাই বলিতেছেন "স্থীরা কোথায় গেল", তাঁহার পারিষদেরা উহা বৃঝিতে না পারিয়া তাঁহারই গুণগান করিতেছে, এই বর্ণনা চোথে না দেখিলে লেখা সম্ভব নহে অফুমান করি। ২৫২৮ সংখ্যক পদটিও ক্রমণ চোথে দেখিয়া লেখা। শচীনন্দন গোরাচান্দের

নব অন্তরাগ-ভাবে ভেল ভোর

অন্তথন কঞ্চ-নয়নে বহে লোর ॥
পুলকে পূরিত তম্ম গদগদ বোল।
ক্ষেণে থির করি চিত ক্ষেণে অতি লোল॥
ঐছে বিভাবিত সহচর-সঙ্গ।
প্রমানন্দ কহে প্রেম-তরঙ্গ।

প্রভুর অন্তরাগ দেখিয়া তাঁহার সহচরগণও ঐভাবে বিভাবিত হইতেন ইহা আমরা অন্তমান করিতাম—এই পদে উহার প্রমাণ পাওয়া গেল।

পদকল্পতক্ষর ১৬৯৩ সংখ্যক পদটিতে প্রভুর সন্নাসে ভক্তগণের ছংখ বণিত হইয়াছে। উহাতে বিশেষ করিয়া আছে—

> মুরারি মুকুন্দ না জিয়ব শ্রীনিবাস। আচাধ্য অহৈত ভেল জীবন নৈরাশ।

খুব সম্ভব এটি জয়ানন্দ-বর্ণিত প্রমানন্দ গুপ্তের "গৌরাঙ্গবিজয় গীতে"র অংশ।
"পরশমণির সনে কি দিব তুলনা রে" (৬৭২ সংখ্যক পদ), "গোরা অবতারে
যার (২২০২) এবং গোরা মোর দ্যার অবধি গুণনিধি" (২১১৯) পদ
তিনটিও ঐ "গৌরাঙ্গবিজয় গীতে"র অংশ হওয়া অসম্ভব নহে।

গৌরীদাস পণ্ডিত গৌরাঙ্গ-নিত্যানন্দের কিরূপ প্রিয় ছিলেন তাহা পূর্ব্বেই দেখাইয়াছি। তিনি শুধু ভক্ত নন, একজন উচুদরের কবিও ছিলেন। জ্ঞানন্দ বলেন—

> গৌরীদাস পণ্ডিতের কবিত্ব স্থশ্রেণী সঙ্গীত প্রবন্ধে যার পদে পদে ধ্বনি ॥—পৃ. ৩

তাহার হইটি মাত্র পদ পদকল্পতকতে ধৃত হইয়াছে। একটি (১৬১) শ্রীরাধার সহরাগের, অপরটি নিতাই-গৌরাঙ্গ সম্বন্ধে (২০১০)। শেষোক্ত পদটিকে হাটপত্তনের আদি পদ বলিয়া গ্রহণ করা যায়। ইহাতে আছে যে নিত্যানন্দ রাজা হইলেন, রামাই স্থপাত্র, হরিদাস কোতোয়াল, রুঞ্দাস ঘারী, শ্রীনিবাস মুন্সী, বিশ্বস্তুর গদাধর ও অদৈত দোকানী।

গৌরীদাস হাসি হাসি, রাজার নিকটে বসি হাটের মহিমা কিছু শুনি॥

পদটিতে অদৈত ও গদাধরের সঙ্গে পসারিয়া হিসাবে বিশ্বস্তরের নাম থাকিলেও, উহা প্রভুর সন্ন্যাস-গ্রহণের পরে লেখা, কেন-না উহাতে চৈতক্ত নামও ব্যবহার করা হইয়াছে।

নবদীপে প্রভ্র ভাবপ্রকাশ-লীলা বর্ণনা করিতে যাইয়া প্রমাণ-হিসাবে ভক্তিরত্রাকরে রামচন্দ্র নামধেয় এক কবির একটি পদ তোলা হইয়াছে। নিমাইয়ের সমসাময়িক না হইলে নরহরি চক্রবর্ত্তী রামচন্দ্রের পদ উদ্ধার করিয়া নিজের উক্তি সমর্থন করিতেন না। এই রামচন্দ্র খ্ব সম্ভব নিত্যানন্দ-শাখাভুক্ত রামচন্দ্র কবিরাজ, কেন-না সন্মাসী রামচন্দ্র পুরী বা উড়িয়া রামচন্দ্র দিজ অথবা ছত্রভোগের রাজকর্মচারী রামচন্দ্র খান বাংলা পদ রচনা করিয়াছেন বলিয়া জানা যায় না। পদটি এই—

পহঁ মোর শ্রীগোরান্স রায়।
নিবশুক বিরিঞ্চি মহিমা যার গায়॥
কমলা যাহার ভাবে সদাই আকুলা।
সে পহঁ কাঁদয়ে হরি বলি বাহু তুলি॥
যে অঙ্গ হেরি হেরি অনঙ্গ ভেল কাম।
কীর্ত্তন গুলায় সে গুসর অবিরাম॥
ক্ষণে রাধা রাধা বলি উঠে চমকিয়া।
রহে নরহরি গদাধর মুগ চা'য়া॥
পুরুব নিবিড় প্রেমে পুল্কিত অঙ্গ।
রামচন্দ্র কহে কে না বুঝে ওনা রঙ্গ॥

পদটি পদকল্পতকতেও (২১৮৬) ধৃত হইয়াছে। পদকল্পতকতে তাঁহার গৌরাঙ্গ-বিষয়ক আর একটি পদও সন্ধলিত হইয়াছে (২০৬৪)। উহাতে বলা হইয়াছে—

> দুন্দাবন-গুণ শুনি লুঠত সে দ্বিজমণি ভাবভারে গরগর পাহঁ মোর হাসে। কাশীশ্বর অভিরাম পণ্ডিত পুরুষোত্তম গুণ গান করতহি নরহরি দাসে॥

পদটির ভণিতায় কবি নিজের নাম দিয়াছেন রামচন্দ্রদাস। এই রামচন্দ্র যদি নরোত্তম ঠাকুরের বন্ধু রামচন্দ্র কবিরাজ হইতেন, তবে তাঁহার রচিত পদকে নরহরি চক্রবর্ত্তী গৌরলীলার প্রত্যক্ষদর্শীর বর্ণনা বলিয়া উল্লেখ করিতেন না।

ভক্তিরত্বাকরে এভাবে বলরামের তিনটি পদ উদ্ধৃত হইয়াছে। দেবকী-নন্দনের বৈষ্ণববন্দনায় ইহার সম্বন্ধে আছে—

সঙ্গীতকারক বন্দে। শ্রীবলরাম দাস।

As per Balaram's firt song(quoted in Bhaktiratnakar)child Nimai was expert in singing & dancing; in the 2nd song co singers of Nimai were Gobinda & Madhav Ghosh, Srinivas, Ramananda Basu, Murari Gupta and Mukunda Datta etc.

প্রথম পদটিতে শিশু শচীর ত্লালের কথা আছে। উহার মধ্যে বিশেষ তথ্য এই যে শিশুকাল হইতেই নিমাই গান ও নাচে পারদর্শী ছিলেন। কিন্নর করয়ে শিক্ষা শুনি মৃত্ গান। গন্ধর্ম তাওব হেরি ধরয়ে ধিয়ান॥—ভ. র. ৮৩৭ পৃ.

দিতীয় পদটিতে শ্রীগৌরাঙ্গের সঙ্গী ও গায়ক হিসাবে গোবিন্দ, মাধব ঘোষ, শ্রীনিবাস, রামানন্দ বস্তু, মুরারি গুপু, মুকুন্দ দত্ত প্রভৃতির নাম আছে।

গোবিন্দ মাধব শ্রীনিবাস রামানন্দে।
মুরারি মুকুন্দ মিলি গায় নিজ বুন্দে॥
ভানিয়া পুরুব গুণ উনমত হৈয়া।
কীর্ত্তন-আনন্দে পছ পড়ে মুকুছিয়া॥

. - छ. त्र. २२२ भृ, भन क. २०७१

In the 3rd song of Balaram it is mentioned that women were also participated in the singing & dancing তৃতীয় পদ্টিতে একটি নৃতন তথা দেখিতে পাওয়া যায়। পদ্টির আর্থ্যে "বড় অবতার ভাই বড় অবতার" আছে এবং ইহাতে বলা হইয়াছে—

হেন অবতারের উপমা দিতে নারি। সঙ্কীর্ত্তন-মাঝে নাচে কুলের বৌহারি॥"—ভক্তিরত্বাকর, ৯৫৬ পৃ.

গদাধর পণ্ডিতের ভ্রাতুষ্পুত্র নয়নানন্দের একটি পদও নরহরি চক্রবর্ত্তী গৌরাঙ্গলীলার প্রমাণরূপে উপস্থিত করিয়াছেন। নয়নানন্দের অক্যান্ত পদের মতন এটিতেও গৌরাঙ্গের সহিত গদাধর পণ্ডিতের অন্তরঙ্গতা দেখান ইয়াছে।

> প্রেম সঙ্কীর্ত্রন-স্থ নদীয়ানগরে প্রেমের গৃহিণী সে পণ্ডিত গদাদরে ॥—ভ. র., পৃ. ৯২৫

কিন্তু ১০৪-১০৫ পৃষ্ঠায় নরহরি চক্রচন্তী "শ্রীদাস-গদাধর ঠকুরস্থা শিষ্ম শ্রীষত্বন্দন চক্রবিজ্ঞিকত" তৃইটি গীত উদ্ধার করিয়া এঁড়েদহের গদাধর দাসও যে রাধাভাবে ভাবিত থাকিতেন তাহার প্রমাণ দিয়াছেন। ১০৮ পৃষ্ঠায় উদ্ধৃত কবির অন্য একটি পদে আছে—"না জানি কি লাগি, কান্দয়ে গৌরাঙ্গ, দাস গদাধর কোলে।" ১২৪ পৃষ্ঠায় যত্নন্দনের অন্য পদে দেখি—

দাস গদাধর প্রাণ গোরা। পুরুব চরিত্রে ভেল চোরা॥

শ্রীচৈতন্তের নবদীপ-লীলা ও নীলাচল-লীলার ভাব-মাধুরী ভাষায় প্রকাশ করিতে সবচেয়ে বেশী ক্রতিত্ব দেখাইয়াছেন নরহরি সরকার ঠাকুর মহাশয়। তাঁহার কথা সর্বপ্রথমে না বলিবার উদ্দেশ্য চুইটি। প্রথমতঃ অক্যান্ত সমসাময়িক কবির পদ উদ্ধৃত করিয়া নরহরি সরকারের সহিত শ্রীচৈতন্তের ঘনিষ্ঠতা দেখান হইয়াছে। এরপ দেখান বিশেষ প্রয়োজন। কেন-না রুলাবন দাস একবারও নরহরির নাম করেন নাই। ম্রারি ওপ্তের কড়চার একেবারে শেষে গাঁহাও ও গাঁহগাঁহত শ্লোকে, কবিকর্ণপূরের মহাকারে ১০০১৪৮ ও শ্রীচৈতন্তাচন্দোদয় নাটকে নাই শ্লোকে নরহরির নাম পাওয়া যায়। ম্রারির কড়চা পড়িয়া মনে হয় না যে নরহরির সঙ্গে গৌরাক্ষের নবদ্বীপে পরিচয় ছিল। চৈতন্তচন্দোদয় নাটকের শ্লোকটিও এরপ ধারণা মনে জন্মায়। যথা—

ততন্তেষ্ গৌড়ীয়া: প্রিয়া গৌড়ীয়ানাং মধ্যে বেহতিপ্রিয়া: শতশো দৃষ্টবন্তন্তেহপি শুভাদৃষ্টবন্তো যথামী। নরহরিরঘুনন্দনপ্রধানাঃ কতিচন খণ্ডভূবোহপ্যথণ্ডভাগ্যাঃ প্রথমমিমমদৃষ্টবন্ত এতে প্রতিশরদং পুরুষোত্তমং লভন্তে ॥—নাঃ ১।১

এই শ্লোকের অর্থ ইহা হইতে পারে যে নরহরি প্রভৃতি শ্রীখণ্ডবাসী ভক্তগণ পূর্বের শ্রীচৈতন্মকে দর্শন করেন নাই—এই প্রথম দেখিলেন। কিন্তু শ্রীযুক্ত মণীব্রচন্দ্র রায় মহাশ্র "শতশঃ" শক্টি শত শত ব্যক্তি অর্থে ব্যাখ্য। না করিয়া শত শত বার অর্থে ধরিয়াছেন এবং "প্রথমম" শক্টি কালবাচক না ধরিয়া পুরুষোত্তমের বিশেষণ বলিয়া ধরিয়াছেন। এরপ অন্বয় করিলে অর্থ হয় যে নরহরি প্রভৃতি শ্রীটেতহাকে প্রথম বা শ্রেষ্ঠ পুরুষোত্তম মনে করিতেন। যদি লোচনের চৈত্যুমঙ্গল ব্যতীত অ্যান্য চরিত্রস্থের উপর নির্ভর করিতে হয়, তাহা হইলে ধারণা জন্মে যে নবদীপ-লীলার সময় নরহ্রির সহিত নিমাইয়ের From the songs written by companions of Sri Gouranga it is clear that Narahari Sarkar used to sing & dance বিশেষ অন্তর্গত। ভিলুন।। কিন্তু সমসাময়িক পদকভাদের পদ হইতে স্পষ্ট প্রমাণিত হয় যে নবদীপে নরহরি গৌরাঙ্গের সঙ্গে গান করিতেন, নাচিতেন। ভক্তিরত্বাকরে উদ্ধৃত (পু. ১৪৪-৪৫) শিবানন্দ সেনের পদে আছে---

> ব্রজ্বদ গায়ত নরহরি দঙ্গে। মুকুন্দ মুরারি বাস্থ নাচত রঙ্গে॥

ঐ গ্রন্থে ধৃত (পু. ৯১৯) গোবিন্দ ঘোষের পদে আছে— বাস্থ ঘোষ রামানন্দ, শ্রীবাস জগদানন্দ নাচে প্রু নরহরি সঙ্গ।

বাস্ত্র ঘোষ স্বয়ং নরহরি সরকারের প্রভাব স্থীকার করিয়াছেন— শ্রীসরকার ঠাকুরের পদামৃত পানে। পত্ত প্রকাশিব বলি ইচ্ছা কৈল মনে।

প্রবাদ নরহরি সরকার নিমাই পণ্ডিতের ভাব প্রকাশের পূর্বেই কবিথ্যাতি নরহরির ভাতৃষ্ত রঘুনন্দনের শিশু রায়শেথর नां कतिशाहितन। লিখিয়াছেন--

গৌরাঙ্গ জন্মের আগে, বিবিধ রাগিনী রাগে, ব্রজরায় করিলেন গান। পাঞা পদ শ্রীগৌরাক, বড়স্থথে জুড়াইলা প্রাণ্।। হেন নরহরি সঙ্গ গে). প. ত. প. ৪৫৬, ২য় সং

কবিকর্ণপূর ১৫৭৬ খ্রীষ্টাব্দে গৌরগণোদ্দেশদীপিকায় নরহরিকে "প্রভাঃ প্রিয়ঃ" বলিয়া "মধুমতী" তত্ত্বরূপে নিরূপণ করিয়াছেন (১৭৭ শ্লোক)।

শাপ শাপ্ত চাতিব্যুব্যক্ষিণ্ড of Sri Chaitanya has not mentioned the name of Narahari Sarkar এখন প্রমান্ত বৈ নরহরির সঙ্গে এত অস্তর্গৃত থাকা সত্তেও চরিতকারগণ নবদ্বীপ-লীলা-প্রসঙ্গে তাঁহার নাম উল্লেখ করিলেন না কেন ? ইহার কারণ গৌর-নাগরী ভাব লইয়া তাঁহাদের সঙ্গে নরহরির মতভেদ। নরহরি নাগরী-ভাবের কয়েকটি পদ লিখিয়াছিলেন। কিন্তু গৌরপদতর্গ্ণিতে তাঁহার নামে যে-সকল স্থদীর্ঘ, ছন্দত্ত ও অশ্লীল পদ আরোপিত হইয়াছে তাহা তাঁহার রচন। হইতে পারে না। নরহরি সরকারের কোন্ পদটি আসল আর কোন্টি নকল তাহা চিনিতে হইলে নিম্লিখিত স্ত্রুলি মনে রাখা প্রয়োজন। তিনি ব্রুব্রিল বাবহার করেন নাই। অত্যন্ত সরল স্থানর বাঙ্গালা শব্দ ব্যবহার করিয়াছেন। তাঁহার পদে নরহরি চক্রবর্ত্তীর পদের আয় উপমা ও অস্প্রাসের বাছল্য নাই। তাঁহার পদে ছন্দংপতন হয় নাই। তাঁহার পদগুলি সংক্ষিপ্ত অথচ রস্থন। সম্বোগ বা উহার আহ্রম্বিক বিষয়ে তিনি পদ লেখেন নাই বলিয়া মনে হয়।

নবহরি সরকার ঠাকুরের পদ এই অধ্যায়ের সর্কশেষের দিকে দিবার দিতীয় কারণ এই যে অন্যান্ত সমসাময়িকের। প্রধানতঃ নবদীপ-লীলা ও প্রভুর সন্মাস সহন্ধে পদ রচনা করিয়াছেন। বাস্ত ঘোষের "সিংহদার ত্যজি গোরা সম্প্র আড়ে ধায়" পদ ছাড়া নীলাচলে শ্রীচৈতন্তের ভাবপ্রকাশক পদ খুব অল্লই আছে। কিন্তু নরহরি সরকার ঠাকুর পুরীতে প্রভুর সন্মাসজীবনের অপূর্বর আলেখ্য অন্ধিত করিয়াছেন। লীলারসের পৌর্বাপিথ্য রক্ষার জন্তু সরকার ঠাকুরের সহন্ধে শেষে আলোচন। করিতেছি।

নরহরি সরকার ঠাকুর 'শ্রীকৃষ্ণভদ্ধনামূত্য' নামে একথানি সংস্কৃত গ্রন্থ লিথিয়াছিলেন। ঢাকা বিশ্ববিচ্চালয়ে (১৪৪৫ সংগ্যা), দক্ষিণথণ্ডের সত্যানন্দ ঠাকুরের নিকট ও শ্রীকুলাবনে উহার পু'থি পাওয়া গিয়াছে। ১০০৫ বঙ্গান্দের সক্ষনতোষণী পত্রিকায় উহা প্রকাশিত হইয়াছিল। তাহার পর উহার অনেকগুলি সংস্করণ ছাপা হইয়াছে। ঐ গ্রন্থে শ্রীটেততা ও গদাধর সম্বন্ধে যাহা লিথিত হইয়াছে তাহা স্মরণ রাখিলে তাঁহার পদগুলি ব্ঝার স্থবিধা হইবে। তিনি লিথিয়াছেন—"শ্রীকৃষ্ণটৈততান্ত কৌপীনধারী দীনবেশং সন্মাসাশ্রমালঙ্গতোহতান্ত কুলিঙ্গং, বলবন্ত মহার্যভ তৃদ্ধুক্তমধ্যাত্মবাদিনং, বিষ্যান্ধং, কুষোগিনং জড়মজশ্রমন্ত পাপং চণ্ডালং ধ্বনং মূর্থং কুলপ্রিয়ঞ্চ প্রেমদিন্ধে পাত্যামাস;

আনন্দেন বৈকুঠোপরি স্থাপয়ায়ায়। কেবলং প্রেমধারয়ের সর্বেষায়াশয়ং শোধিতবান্, আয়রভাবঞ্চ চ্রিতবান্। কিয়য়দ্বা বহু বক্তব্যম্। পুরুষান্ এব প্রকৃতিভাবং নিনায়। শ্রীকৃষ্ণচৈতয়ভাবকলা-বিমোহিতাঃ শ্রীগদাধর পণ্ডিত ভাবদর্শনয়মুদিত—গোপীয়ণভাব। বেদান্তিনোহিপ বিষয়িণোহিপ প্রকৃতিভাবের্ণ্রতঃ; বৈষ্ণবানাং কা কথা।" শ্রীচৈতয় পাপীতাপীমূর্যয়বন বিয়য়ায়, কুয়োয়ি, অধ্যাত্মবাদী প্রভৃতির হরয় শোধন একটি মাত্র উপায়ে করিয়াছেন—তাহা হইতেছে তাঁহার নয়নের দরবিগলিত ধারা—প্রেমধারা। বড় বড় বিয়য়ী লোক, বৈদান্তিক পণ্ডিতও গোপীভাবে নৃত্য করিয়াছেন।

গৌরপদতরঙ্গিণীতে সরকার ঠাকুরের নামে এত পদ চালাইবার চেষ্টা করা হইয়াছে যে কেবলমাত্র ঐ সঙ্গনেই পাওয়া যায়, অক্তত্র পাওয়া যায় না, এরূপ পদের উপর সম্পূর্ণ বিশ্বাদ রাথা কঠিন। আমরা পদকল্পতকগৃত তাঁহার নয়টি নবদ্বীপ-লীলার এবং আটটে নীলাচল-লীলার পদ লইয়া এথানে আলোচনা করিব। পদগুলি পদকল্পতরুতে পূর্দারাগ (পদসংখ্যা ১০৩), বাসকসজ্জ। (৩০৭), বিপ্রলব্ধা (৩১৬), খণ্ডিতা (৪০৮, ৪২১), আক্ষেপানুরাগ (৮৫৩, ৭৯৯, ৮২০, ৮৩২, ৮৪০) এবং বিরহ (১৭৪৬, ১৯০২) পর্যায়ে গৌরচন্দ্রিকারপে ব্যবহৃত হওয়ায় আপাতদৃষ্টিতে মনে হয় যে গোবিন্দ দাস, রাধামোহন ঠাকুর প্রভৃতির গৌরচন্দ্রিকার মতন এগুলি বুঝি কেবল রাধাকৃষ্ণলীলার সঙ্গে সামঞ্জ রাখিয়া পৌরলীলার বর্ণনা। কিন্তু সমসাময়িক কবিদের বর্ণিত প্রীচৈতত্তার ভাবলীলা সত্য ঘটনার উপর প্রতিষ্ঠিত। গৌরাঙ্গের ভারমাধুরী শ্বরণ করিয়া রাধাকুঞ-লীলা শ্রবণ করিলে তবে তাহার তাৎপণ্য হদয়পম হয় বলিয়া বৈফবগণের অভিমত। বীজ হইতে অঙ্কর ও অঙ্কর হইতে বীজের উৎপত্তির ক্রায় রাধা-ক্বফের লীলা স্মরণ করিয়া গৌরচন্দ্রের ভাবোদয়, কিন্তু তাঁহার ভাবই পরবতী মহাজনদিগকে লীলাকীর্ত্তনের পদ রচনায় অহপ্রেরণা জোগাইয়াছিল। শ্রীগোরাঙ্গের ভাবরাজী দর্শন না করিলে অথবা ঐ ভাবের বর্ণনা প্রত্যক্ষদর্শীর পদে না পাঠ করিলে পদকর্তারা রাধাক্ষফলীলার স্বমধুর ভাবঘন পদ রচনা করিতে পারিতেন না।

ভক্তিরত্নাকরে নরহরি ভণিতায় যতগুলি পদ আছে, তাহার মধ্যে একটি ছাড়া, সবগুলি নরহরি চক্রবর্তীর রচনা। নরহরি সরকার ঠাকুরের একটি মাত্র উদ্ধার করিয়া চক্রবর্তী লিখিয়াছেন—"শ্রীনরহরি সরকার ঠকুরস্থাগীতমিদং" (পু. ১২৪)—

গৌরাঙ্গ ঠেকিলা পাকে।
ভাবের আবেশে রাধা রাধা বলি ডাকে॥
স্থরধুনী দেখি পছ ষম্নার ভনে।
ফুলবন দেখি বৃন্দাবন পড়ে মনে॥
পুরব আবেশেতে ত্রিভঙ্গ হৈয়া রহে।
পীত বসন আর সে ম্রলী চাহে॥
প্রিয় গদাধরে ধরিয়া নিজ কোলে।
কোথা ছিলা কোথা ছিলা গদগদ বোলে॥
ভাব বৃঝি পণ্ডিত রহয়ে বাম পাশে।

In a song written by Naraharidas, Sri Gouranga due to ecstasy had thought Ganga as Jamuha and place with flowering plants as Vrindayan in Nahadwin

flowering plants as Vrindavan in Nabadwip.
এই পদটিতে নবদীপ-লালার ঘটনা বণিত হইতেছে—কেন-না ইহাতে স্বধুনীর
কথা আছে। গঙ্গাকে প্রভু যম্না মনে করিয়া ও ফুলবনকে বৃন্দাবন মনে
করিয়া কৃষ্ণভাবে ভাবিত হইয়া রাধারপ গদাধরকে কোলে করেন। শ্রীরূপ
গোস্বামীর শ্রীচৈতন্তাষ্টকে প্রভুর নীলাচলের সম্দ্রতীরস্থ উপবন দেখিয়া বৃন্দাবন
মনে পড়ার কথা আছে—

পরোবাশেস্তীরে ক্রর্পবনালিকলনয়।
মূহর্দারণ্যস্থরণ-জনিত-প্রেমবিবশ:।
কচিং ক্লার্তিপ্রচলরদনো ভক্তিরসিক:
স চৈতন্তঃ কিং মে পুনরপি দুশোর্যাস্তাতি পদম্॥—১।৬

ক্লফদাস কবিরাজ এই শ্লোকের ভাব লইয়। নিথিয়াছেন—

একদিন মহাপ্রভু সমুদ্রতীরে যাইতে। পুল্পের উত্থান তাঁহা দেখি আচম্বিতে॥ বুন্দাবন ভ্রমে তাঁহা পশিল ধাইয়া। প্রেমাবেশে বুলে তাঁহা ক্লফ অন্বেষিয়া॥

নরহরি সরকার ও প্রীরপ প্রীচৈতন্তের একই রূপ ভাবাবেশে ভ্রম বর্ণনা করিয়াছেন। একজন স্বধুনী-তীরে, অপরে সম্দ্রের তীরে এই প্রকার ভ্রম দেখিয়াছিলেন। কিন্তু প্রীরূপ ও রুফদাস কবিরাজের মতে প্রীচৈতন্ত ফুলবনে কুফকে অন্বেষণ করিতেছিলেন, আর নরহরি সরকার বলেন যে বিশ্বস্তর স্বয়ংই কুফ হইয়া

পূরব আবেশেতে ত্রিভঙ্গ হৈয়া রহে।

পীত ব্সন আর সে মুরলী চাহে॥ Sri Gouranga used to cry out chanting the name of Radha in the Krishna intoxicated mood which is described by Murari, Shivananda Sen, Basu Ghosh & Narahari Sarkar

শ্রীগৌরাঙ্গের এইরূপ রুঞ্চভাবে বিভোর হইয়া রাধা রাধা বলিয়া ক্রন্দন করার কথা মুরারি গুপ্ত, শিবানন্দ সেন, বাস্থ ঘোষের পদেও আছে তাহা পূর্বের দেখাইয়াছি।

নরহরি সরকারের বৈশিষ্ট্য এই যে তিনি নবদ্বীপ-লীলাতেও প্রভুর রাধার ভাবে বিভাবিত হইয়া পূর্বরাগ, বিপ্রলব্ধা, গণ্ডিতা, বিরহ প্রভৃতির বর্ণনা দিয়াছেন। এই পদগুলি ভাব ও ভাষার সম্পদে অতুলনীয়। পদকল্পতক্ষর ১০০ সংখ্যক পদে আছে—"অরুণ নয়ানে ঘন চাহে অনিবার"। এ স্থলে ঘন অর্থে যদি মেঘ ধরা যায় তাহা হইলে নবঘনভাম রুফকে চাওয়া বুঝায়। কিন্তু ঐ অর্থই যে ঠিক তাহা জোর করিয়া বলা যায় না—কেননা উহাতে "হানিলে নয়ান-বাণ হিয়ার মাঝার", "যুবতি যৌবন দিতে চাহে অস্বাগে" প্রভৃতি গৌর-নাগরী ভাবের উক্তিও আছে। ৩০৭ সংখ্যক পদটিতে যে শ্রীগোরাক্ষের রাধাভাবে ভাবিত হইয়া শ্রীক্ষক্ষের জন্ম প্রতীক্ষা করা বর্ণিত হইয়াছে সে বিষয়ে কোন সন্দেহের অবকাণ নাই।

কি লাগিয়া মোর

গৌরস্থন্দর

বিসিয়া গৃহের মাঝে।

বদন অদন

রতন-ভূষণ

সাজ্য়ে অঙ্গের মাঝে॥

আপন বপুর

ছাহ দেখিয়া

চমকি উঠয়ে মনে।

কি লাগি অবহু

না মিলল পহঁ

এত না বিলম্ব কেনে॥

কহে নরহরি

মোর গৌরহরি

ভাবিয়া রাইয়ের দশা।

সজল নয়ানে

চাহে পথপানে

কহে গদ গদ ভাষা ॥—পদ ক., ৩০৭

"বসন অসন, রতন-ভূষণে" সাজা কল্পিত ঘটনা নহে। ২২৪১ সংখ্যক পদে নরহরি নিজেই লিখিয়াছেন যে সন্মাসী হইয়া প্রভূ

সম্পাম্য্রিকদের পদে ঐতিচতন্য As per Narahari Sarkar Sri Chaitanya had discontinued wea

কনক অঙ্গদ বালা

মণি মুকুতার মালা

তেয়াগিলা সে মোহন বেশ।

বুন্দাবন দাসও লিখিয়াছেন—

करा বোলে—চল वड़ाई! याई वृन्तावता। গোকুলম্বন্ধনী-ভাব বৃঝিয়ে তথনে ॥—২।১২।২৮৮ পৃ.

৩১৬ সংখ্যক পদে দেখি গৌরাঙ্গ "অসন বসন" ত্যাগ করিয়া "ব্রজ্ঞবিলাসিনী-হাতি" রোদন করিতেছেন—

হরি হরি বলে

প্রাণনাথ করি

धवनी धविष्रा উঠে।

কোথা না যাইব

কাহারে কহিব

পাষাণ ফাটিয়া উঠে :

প্রভূ নিজের ব্যথা বৃঝাইয়া বলিতে পারিতেছেন না, অথচ বেদনায় গুমরাইয়া মরিতেছেন—

আমার পরাণ

করয়ে যেমন

বেদন কাহারে বলি॥

নরহরি দাসে

গদগদ ভাষে

কহয়ে গৌরাঙ্গ মোর।

আন ছলে বুলে

উদ্ধারে সকলে

मना तांधा-त्थारम राजात ॥---भन क., ७३७

৪০৮ সংখ্যক পদে নরহরি সরকার একীগোরাঙ্গের গণ্ডিতা-নায়িকার ভাব বর্ণন। করিয়াছেন। — প্রভু "অরুণ নয়ন মুখ বিরাট হইয়া" বলিতেছেন—

> জনেলুঁ তোহারে তোর কপট পিরীতি। যা সঞে বঞ্চিলা নিশি তাঁহা কর গতি॥

৪২১ সংখ্যক পদে ঐ ভাবেই বিভোৱ হইয়। প্রভু বলিতেছেন—"আশা দিয়। विक्ना त्रक्नी।"

> কান্দিয়া কহয়ে গোরা বায়। এ তুথ সহনে নাহি যায়॥

প্রভু রাধার ভাবে---

হরি-অহুরাগে

আকুল অন্তর

গদগদ মৃত্ কহে।

সকল অকাজ

করে মনসিজ

এত কি পরাণে সহে॥

অবলা শরীর

করে জরজর

মনের মাঝারে পশি।—পদ ক., ৮৫৩

নরহরি সরকারের নিকট হইতে আমরা জানিতেছি যে প্রভূ যে কেবল কাঁদেনই তাহা নহে; তাঁহার "কারণ বিহনে হাসি" আরও করুণ।

ক্ষেণে উচ্চস্বরে গায়

কারে পহঁ কি স্থধায়

কোথায় আমার প্রাণনাথ।

কেণে শীতে অঙ্গকম্প কেণে কেণে দেই লম্ফ

কাঁহা পাও যাও কার সাথ।

ক্ষেণে উদ্ধবাহ করি নাচি বুলে ফিরিফিরি

কেণে কেণে করয়ে প্রলাপ।

ক্ষেণে আঁথিযুগ মূন্দে হা নাথ বলিয়া কান্দে

(कर । कर । करा मरा मरा । — भा क., ১१६७

শ্রীক্লফের বিরহে গৌরাঙ্গচন্দ্র ধূলায় ধূদর হইয়া—

উহু উহু করি

ফুকরি ফুকরি

উরে পাণি হানি কান্দে॥

ঘামে তিতি গেল সব কলেবর

ছাড়য়ে দীঘ নিশাস।

রাইয়ের পিরিতি হেন তেন রীতি

কহে নরহরি দাস ॥—পদ ক., ১৯০২

প্রভুর সন্যাস গ্রহণের পর প্রথম চাতুর্যান্তের সময় সরকার ঠাকুর পদকল্পতক-ধৃত ১৭২৯ সংখ্যক পদ লিখিয়াছিলেন। উহাতে তিনি বলিতেছেন---

> কি লাগিয়া মুড়াইলা, গেলা কোন্ দেশে। কার ঘরে রহিলেন ইহ চতুর্মাদে॥

নরহরি সরকার ঠাকুরের বর্ণিত প্রভুর নীলাচলের ভাব-মাধুরী আরও হানয়গ্রাহী। এই পদগুলিতে শ্রীচৈতন্তের প্রলাপ-অবস্থা ষেমন ফুটিয়া উঠিয়াছে, তেমনটি যেন শ্রীচৈতন্তচরিতামুতের অস্ত্যুথণ্ডেও ফুটে নাই। তবে অন্তান্ত কবির বিভিন্ন ভাবের পদের মধ্যে এই আটটি পদ চাপা থাকায় ইহাদের সমবেত মাধুর্ঘ পদকল্পতকর পাঠকের নিকট এতদিন ধরা পড়ে নাই। গৌরপদতরঙ্গিণীতে যেন ছাই দিয়া সোনা ঢাকিয়া রাখা হইয়াছে। জগল্লাথ দর্শন করিয়া প্রভুর মনে যে ভাবসমৃদ্র উদ্বেল হইয়া উঠিত তাহার পরিচয় ৭৯৯ সংখ্যক পদে সরকার ঠাকুর দিয়াছেন—

দেখি গোরা নীলাচল-নাথ।
নিজ পারিষদগণ সাথ॥
বিভোর হইলা গোপী-ভাবে।
কহে পহু করিয়া আক্ষেপে॥
আমি তোমা না দেখিলে মরি।
উলটি না চাহ তুমি কিরি॥
করিলা পিরিতময় ফাঁদ।
হাতে দিলা আকাশের চাঁদ।
এবে তোমা দেখিতে সন্দেশ।
কহে গোরা করিয়া আবেশ॥
ছলছল অরুণ নয়ান।
বস বস বিরস বয়ান॥
অপরূপ গৌরাশ্ব-বিলাস।
কহে কিছু নরহরি দাস॥—পদ ক., ৭৯৯

কৃষ্ণদাস কবিরাজ বলেন—"যেকালে করেন জগনাথ দরশন। মনে ভাবে কৃষ্ণদেরে হইল মিলন॥ (চৈ. চ. ২।১)। কিন্তু বিপুল প্রীচৈতন্ত্য-সাহিত্যের মধ্যে নরহরির এই পদের তুলনা মেলেনা; কেন না আর কোথাও প্রভুর কোন সহচর নিজে জগনাথ-দর্শনে প্রভুর এই প্রকার আক্ষেপ-অন্তরাগের পরিচয় দেন নাই। ইহার মধ্যে কবিত্ব করিবার কোন প্রয়াস নাই। সহজ সরল ভাষায় প্রভুর "রসরস বিরস বয়ানের" ছবিথানি পঠিকের মনের চোথের উপর তুলিয়া ধরা হইয়াছে। কৃষ্ণদাস কবিরাজ (চৈ. চ. ৩।১৫) স্বকৃত গোবিন্দ-

লীলামতের শ্লোক তুলিয়া জগল্লাথ-দর্শনে প্রভুর মনের ভাব বর্ণনা করিয়াছেন। তিনি বহুস্থানে লিথিয়াছেন যে প্রভু রামানন্দ রায় ও স্বরূপ দামোদরের অন্তর্ম সঙ্গে রুসাস্থাদন করিতেন।

রাত্রি হৈলে স্বরূপ-রামানন্দ লইয়া
আপন মনের বার্ত্তা কহে উথারিয়া॥— চৈ. চ. ৩।১৪
এই মনের বার্ত্তার একটু পরিচয় রাথিয়াছেন সরকার ঠাকুর নিম্নলিখিত পদে—

রামানন্দ স্বরূপের সনে।
বিদি গোরা ভাবে মনে মনে॥
চমকি কহয়ে আলি আলি।
ক্ষণে রহিয়া বাশীরে দেয় গালি॥
পুন কহে স্বরূপের পাশে।
বাশী মোর জাতিকুল নাশে॥
ধ্বনি কানে পশিয়া রহিল।
বধির সমান মোরে কৈল॥
নরহরি মনে মনে হাদে।
দেখি এই গৌরাক্ষ-বিলাসে॥—পদ ক্র ৮২০

যে শ্রীচৈতন্য মহাপ্রভু "চক্ষ্মা প্রাবৃষায়িতং" লিখিয়াছেন, তাঁহারই মুখের ভাষা যেন পাইতেছে "ধ্বনি কাণে পশিয়া রহিল, বধির সমান মোরে কৈল।" মুরলীর ধ্বনি ছাড়া আর কাণে কিছুই পশে না; জগতের অন্ত সমস্ত শব্দের নিকট প্রভু যেন বধির। এই একটি বাক্যে শ্রীচৈতন্তের ভাব-জীবনের যে আলেখ্য ফুটিয়া উঠিয়াছে, তাহার তুলনা বৈক্ষ্ব-সাহিত্যের আর কোথাও আছে বলিয়া আমার জানা নাই।

৮৩২ সংখ্যক পদে দেখি ঐাচৈতত্ত "প্রিয় পারিষদগণকে" কহে মৃঞি ঝাঁপ দিব সমুদ্র মাঝারে॥ করিলুঁ দারুণ প্রেম আপন। আপনি। তুরুলে কলক হৈল, না যায় পরাণি॥

Sri Chaitanya had jumped into the sea and was caught by fishing net এইরপ ভাবের ফল যাহা তাহা কবিরাজ গোস্বামী অন্তালীলার অষ্টাদশ পরিচ্ছেদে বর্ণনা করিয়াছেন। প্রভু সত্য সত্যই সমৃদ্রে ঝাঁপ দিয়াছিলেন। এক জালিয়া জালে ধরিয়া তাঁহার দেহ কুলে তুলিয়াছিল।

প্রভূব ব্যথা যে কেহ বুঝে না এই ব্যথাই তাহার সবচেয়ে বেশী বাজে এই তথ্যটি ৮০৪ সংখ্যক পদে পাওয়া যায়।

স্বরূপ দামোদর রামরায়।
করে ধরি করে হায় হায়॥
কহে মৃত্ গদগদ ভাষ।
ঘন বহে দীঘ-নিশাস॥
মরম না বুঝে কেহো মোর
কহে পহু হইয়া বিভোর॥
কেনে বা এ প্রেম বাঢ়াইলুঁ
জীয়স্তে পরাণ খোয়াইলুঁ॥—পদ ক., ৮৪০

Narration of Gambhira - lila by Narahari

নরহরি-অন্ধিত গম্ভীরা-লীলার চিত্র দশটি চরণে যাহা ফুটিয়া উঠিয়াছে, তাহ। কৃষ্ণদাদ কবিরাজের বণিত অস্তালীলার সার-নির্যাদ—

গম্ভীরা ভিতরে গোরা রায়।
জাগিয়া রজনী পোহায়॥
থেনে থেনে করয়ে বিলাপ।
থেনে থেনে করয়ে বিলাপ।
থেনে থেনে রোয়ত থেনে থেনে কাঁপ॥
থেনে ভিতে মুখ শির ঘষে।
কোন নাহি রহু পহুঁ পাশে॥
থেনে কান্দে তুলি তুই হাত।
কোথায় আমার প্রাণনাথ॥
নরহরি কহে মোর গোরা।
রাই-প্রেমে হইয়াছে ভোরা॥—পদ ক., ১৬৪০

২২৪১ সংখ্যক পদে দেখা যায় যে প্রভূ সিন্ধৃতীরে কীর্ত্তন করিতে ভালবাসিতেন। বৃন্দাবনদাসও বলেন—

সর্ববাত্তি সিন্ধৃতীরে পরম-বিরলে। কীর্ত্তন করেন প্রভূ মহাকুতুহলে॥—০।৩।৪১০ পৃ.

ইহাতে কিন্তু ব্ঝা যায় যে তিনি একলা কীর্ত্তন করিতেন কিন্তু সরকারঠাকুর বলেন—

শ্রীচৈতন্যচরিতের উপাদান

Sri Chaitanya used to chant God's name with Swarup, Rup, Ramananda, Govinda, Paramananda on the sea beach

সকল ভকত সঙ্গে

সংকীর্ত্তন-মহারক্ষে

বিহার করয়ে সিন্ধু-ভীরে।

স্বরূপ রূপ রামানন্দ

গোবিন্দ পরমানন্দ

भिलिला मकल भर्काद्र ॥--- भन क., २२८১

কয়েকথানি পৃথিতে "স্বরূপ রূপ" স্থলে "স্বরূপ রামানন্দ" আছে।
Sri Chaitanya incarnation's main significance.
শ্রীচৈতন্তের তত্ত্ব নিরুপণের ইতিহাসে ২২০০ সংখ্যক পদটি অত্যন্ত মূল্যবান্। কবিরাজ গোস্বামী বলেন যে স্বরূপ দামোদর তাঁহার কড়চায় রাধাভাব আস্বাদানার্থ প্রভুর অবতার গ্রহণের কথা প্রচার করিয়াছেন। খুব সম্ভব স্বরূপ দামোদরেরও পূর্বে নরহরি সরকার ঐ তত্ত্তির ইন্ধিত এই পদটিতে করেন—

রসে তত্ত চরচর

গৌরকিশোর বর

নাম তার শ্রীক্লটেততা।

এসব নিগৃঢ় কথা

কহিতে অন্তরে বেথ।

ভক্ত বিষ্ণু নাহি জানে অন্য॥

দাপর যুগেতে ভাম

কলিতে চৈত্যু নাম

গৰ্গ-বাক্য ভাগবতে লিথি।

মনে করি অনুমান

শ্রাম হইল গৌরাক

রাধাক্ষণ-তমু তার সাথী॥

অন্তরেতে খ্রাম-তয়

বাহিরে গৌরাঙ্গ জন্ম

অদ্ভূত চৈতন্ত্রের লীলা।

রাই সঙ্গে থেলাইতে

কুঞ্জরায় বিলাইতে

অমুরাগে গৌর-তমু হৈল।॥

কহিবার কথা নহে

কহিলে কিজানি হয়ে

না কহিলে মনে বড় তাপ।

চিত্তে অন্নমান করি

গৌরাক হৃদয়ে ধরি

ब्राह्म क्राह्म क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्राह्म क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक क्रिक क्रिक्ट क्रिक क्र

স্বরূপ দামোদরের কড়চায় তত্ত্ব নির্ণীত হওয়ার পরে এই পদ লিখিত হইলে কবি এত ভয় ও সঙ্কোচ বোধ করিতেন না। তিনি জানেন যে ভক্ত ছার্ডা একথা অন্ত কেহ জানে না; তথাপি প্রকাশ করিয়া ইহা বলিবার নহে-

কেন-না "কহিলে কিজানি হয়ে"; কিন্তু তিনি মনের সমস্ত দ্বিধা-সঙ্কোচ দূর করিয়া ইহা প্রকাশ করিতে যেন বাধ্য হইতেছেন—কেন-না

"না কহিলে মনে বড় তাপ।"

অনস্ত আচার্য্যের বাড়ী নবদীপে ছিল এবং তিনি অদ্বৈতশাখাভূক্ত ছিলেন (২৮. ৮. ১।১২)। পদকল্পতকর ২২৮৫ সংখ্যক পদটি ইহার রচনা হওয়া সম্ভব। পদটিতে শ্রীচৈততা সম্বন্ধে বলা হইয়াছে—

অথিলের গুরু হরি ভারতীরে গুরু করি মন্ত্র দিয়া করিলা গ্রহণ ॥

এই ঘটনাটির বিস্তৃত বর্ণনা বৃন্দাবনদাস দিয়াছেন। তিনি বলেন যে গৌরচন্দ্র কেশব ভারতীকে বলেন যে আমি স্বপ্নে এক মন্ত্র পাইয়াছি, উহা ঠিক কিনা শুস্থুন তো—

> এত বলি প্রভূ তাঁর কর্ণে মন্ত্র কহে। ছলে প্রভু কুপ। করি তাঁরে শিশু কৈল ॥— চৈ. ভা., ২।২৬।৩৬৬ পু.

অনস্ত দাসও চরিতামৃতের মতে অদৈতশাথাভুক্ত। খুব সম্ভব তাঁহারই রচিত ৩২টি পদ পদকল্পতক্তে স্থান পাইয়াছে। সতীশচন্দ্র রায় মহাশয় ইহাকে প্রথম শ্রেণীর কবি বলিয়াছেন। ২১৬৭ সংথাক পদে গৌরচন্দ্রের যড়ভুজ রূপের বর্ণনা আছে। ২২০৮ সংথ্যক পদে শ্রীগৌরাঙ্কের ভাব সম্বন্ধে কবি বলিতেছেন—

> আমার গৌরাঙ্গের গুণে দারু পাষাণ কিবা গলিয়া গলিয়া পড়ে অবনী। অরণ্যের মৃগপাথী কুরিয়া কান্দে নাহি কান্দে হেন নাহি পরাণী॥

২৩৩৬ সংখ্যক পদে সম্পাম্য়িকের লেখার হুর পাওয়া যায়। যথা---

দেখ দেখ অপরপ গৌরাঙ্গ নিতাই
অথিন জীবের ভাগ্যে অবনী বিহরে গো
পতিত-পাবন দোন ভাই॥

48

শ্রীচৈতন্যচরিতের উপাদান

যারে দেখে তার ঠামে যাচিয়া বিলায় প্রেমে উত্তম অধম নাহি মানে॥

পদকল্পতক্তে কাহুদাস নামে ছয়টি ও কাহুবামদাস নামে সাভটি পদ ধৃত হইয়াছে। ভাব ও ভাষা উভয় ভণিতায় একই রূপ। চৈতক্সচরিতামূতে পুরুষোত্তমদাসের পুত্র নিত্যানন্দশাখাভুক্ত কাহুঠাকুরের নাম পাওয়া যায়। খুব সম্ভব ইনিই কাহুদাস ও কাহুবামদাস ভণিতায় পদ রচনা করিয়াছেন। ২৩২৭ সংখ্যক পদে নিত্যানন্দ প্রভূ গৌড়দেশে কিভাবে শ্রীগৌরাঙ্গের প্রেমধর্ম প্রচার করিতেছেন তাহার উল্লেখ দেখা যায়—

> অপার করুণা গৌড়-দেশে। নাচিয়া বুলয়ে ভাব-আবেশে॥ গদগদ কহে ভাইয়ার কথা। প্রেমজলে ডুবে নয়ন রাতা॥

পদটির ভণিতায় আছে

করুণা শুনিয়া বাঢ়ল আশ। প্রেম মাগে পদে এ কাফদাস॥

২০২১ সংখ্যক পদও নিত্যানন্দ স্ততি ; ইহার ভণিতায় দেখা যায়—

কাহরাম দাদে বোলে কি বলিব আসি। এ বড় ভরসা মোর কুলের ঠাকুর তুমি॥

কুলের ঠাকুর কথাটির তাংপর্যা কি তাহা ক্লফদাস কবিরাজের চরিতামৃত হইতে জানা যায়।

শীসদাশিব কবিরাজ বড় মহাশয়।
শীপুরুযোত্তমদাস তাঁহার তনয় ॥
আজন্ম নিমগ্ন নিত্যানন্দের চরণে।
নিরস্তর বাল্যলীলা করে ক্ষণ্যনে ॥
তাঁর পুত্র মহাশয় শ্রীকান্স্ঠাকুর।
যাঁর দেহে রহে ক্ষণপ্রমামৃতপুর ॥—চৈ. চ , ২০১১

একই দক্ষে তিনপুরুষ ভক্ত হওয়ার দৃষ্টাস্ত গৌরাঙ্গ-গোষ্ঠাতেও বিরল। পুরুষোত্তম শর্মার "শ্রীশ্রীহরিভক্তিতত্ত্বদারদংগ্রহ" গ্রন্থের শেষে আছে—

> যদিদং দৰ্কমাখ্যাতং তৎ দৰ্কং স্থমহাত্মস্থ শ্ৰীনিত্যানন্দ-দেহেষু ঘটতে নাগুদেহিষু॥ পুরুষোত্তম শর্মা শ্রীসদাশিব তহুদ্রবঃ বস্তাগর্ভ-সম্ভূত: থলিকালী-নিবাসভূ:॥

গৌরগণোদ্দেশ দীপিকায় (১৩১) বলা হইয়াছে যে সদাশিবস্থত পুরুষোত্তম বৈলবংশোন্তব: স্বভরাং প্রমাণিত হইতেছে যে ষোড়শ শতাব্দীতে বৈলেরা শর্মা উপাধি ব্যবহার করিতেন।

পদকল্পতকর ১৮৫৪, ২১৪৮ ও ৩০৩০ সংখ্যক পদ তিনটি বিশ্বস্তর মিশ্রের মেসোমহাশয় ও পারিষদ চন্দ্রশেথর আচার্য্যের রচনা বলিয়া প্রাসিদ্ধি আছে-এই কথা সতীশচন্দ্র রায় মহাশয় লিখিয়াছেন। ১৮৫৪ সংখ্যক পদটি পড়িলেই মনে হয় যেন চোথের উপর যাহা ঘটিতেছে তাহা দেথিয়া কবি লিখিতেছেন। পদটির ঐতিহাসিক মূল্য এত বেশী যে উহা স্থদীর্ঘ হইলেও উদ্ধার করিতেছি।

ক্ষণেক রহিয়া, প্রবেশি নগরে, দেখে ঘরে ঘরে, না মেলে পদার, নগরে নাগরী. দেখিয়া নগর. আধমরা হেন. প্রভুর রমণী, পড়িয়া আছেন. नामनामी मव. সোধাইছে তারে. পণ্ডিত কহেন. গৌরাঙ্গ-স্থন্দর. ভানিয়া বচন. আৰু একজন, শুনিয়া শ্রীবাস, মরা হেন ছিল.

চলিয়া উঠিয়া. না করে আহার, কান্দয়ে গুমরি. ঠাকুরের ঘর, ভূমে অচেতন, দেহ অনাথিনী, মলিন বদন. আছয়ে নীরব, कश्र पिशि भारत. মোর আগমন. পাঠাইল মোরে. मञ्जल नग्नन, চলিল তথন, यानियो छेलाम. অমনি ধাইল,

পণ্ডিত জগদানন । লোক সব নিরানন। কারে। মুথে নাহি হাসি॥ থাকলে বিরলে বসি॥ প্রবেশ করিল যাই। পড়িয়া আছেন আই ॥ প্রভূবে হইয়া হারা। मुल्ल नशांत्न थाता॥ দেখিয়া পথিকজন। কোপা হইতে আগমন॥ নীলাচলপুর হৈতে। তোমা সভারে দেখিতে। नहीद करन शिया। শ্রীবাদ মন্দিরে ধায়া। যত নবদ্বীপবাসী। পরাণ পাইল আদি॥

শ্রীচৈতন্যচরিতের উপাদান

মালিনী আদিয়া,
তাহারে কহিল,
ভানি শচী আই,
কহে তার ঠাই,
দেখি প্রেমসীমা,
সেই গোরামণি,
হেন নীত রীত,
পণ্ডিত রহিলা,
চন্দ্রশেথর,
গৌরাঙ্গ-চরিত,

শচী বিষ্ণুপ্রিয়া,
পণ্ডিত আইল,
সচকিত চাই,
আমার নিমাই,
স্মেহের মহিমা,
যুগে যুগে জানি,
গৌরাঙ্গ চরিত,
নদীয়া নগরে,
পশুর সোদর,

উঠাইল যতন করি।
পাঠাইল গৌরহরি॥
দেখিলেন পণ্ডিতেরে।
আসিয়াছে কতদ্রে॥
পণ্ডিত কান্দিয়া কয়।
তুয়া প্রেম-বশ হয়॥
সভাকারে শুনাইয়া।
সভাকারে স্থ দিয়া॥
বিষয়-বিষেতে রত।
তাহাতে না লয় চিত॥

পদটিতে "প্রভুর রমণী র নাম লইতে যেমন সংগাচ দেখা যায় তাহাতে উহা সমসাময়িকের রচনা বলিয়াই মনে হয়। বৃন্দাবনদাস ঠাকুরও পারতপক্ষে বিফুপ্রিয়া দেবীর নাম উল্লেখ করেন নাই—তিনি তত্তঃ লক্ষ্মী বলিয়া তাঁহাকে লক্ষ্মী নামে উল্লেখ করিয়াছেন।

পদকল্পতক্ষরত চৈতক্সদাস ভণিতাযুক্ত ৪৬৩, ১১৬৯ ও ১৯৮৫ সংখ্যক পদ তিনটি গদাধরশাখাভুক্ত চৈতক্সদাসের রচনা হওয়া সম্ভব। বাস্কু ঘোষের মতন এই কবি শ্রীগৌরাঙ্গের গোষ্ঠলীলা বর্ণনায় লিখিতেছেন—

গৌরাশ্বচান্দের মনে কি ভাব উঠিল।
পুরুব-চরিত্র বুঝি মনেতে পড়িল॥
গৌরীদাস-মুখ হেরি উলসিত হিয়া।
আনহ ছান্দন ডুরি বোলে ডাক দিয়া॥
আজি শুভ দিন চল গোঠেরে যাইব।
আজি হৈতে গো-দোহন আরম্ভ করিব॥
ধবলী সাওলী কোথা শ্রীদাম স্থদাম।
দোহনের ভাও মোর হাতে দেহ রাম॥
ভাবাবেশে বেয়াকুল শচীর নন্দন।
নিত্যানন্দ আসি কোলে করে সেইক্ষণ॥
চৈতন্তদাসেতে বলে ছান্দনের দড়ি।
হারাইল গৌরীদাস গোপী কৈল চুরি॥—পদ ক., ১১৬৯

৪৬৩ সংখ্যক পদে কবি তাঁহার সহিত গৌরাঙ্গের অস্তরঙ্গতার কথা বলিতেছেন—

মোহে বিহি বিপরীত ভেল।
অভিমানে মোহে উপেথি পত্ঁ গেল॥
কি করিব কহ না উপায়।
কেমনে পাইব সেই মোর গোরা রায়॥
কি করিতে কি না জানি হৈল।
পরাণ-পুতলি গোরা মোরে ছাড়ি গেল॥
কে জানে যে এমন হইবে।
আঁচলে বান্ধিতে ধন সায়রে পড়িবে॥
চৈতত্যদাসের সেই হৈল।
পাইয়া গৌরাক্ষচান্দ না ভজি তেজিল॥

১৯৮৫ সংগ্যক পদে শ্রীগোরাঙ্গের ভাবের বর্ণনায় আছে—

আরে মোর গৌরকিশোর।
পূরব প্রেম-রসে ভোর॥

হু নয়নে আনন্দ-লোর।
কহে পহু ইইয়া বিভোর॥
পাওলু বরজকিশোর।
সব হুথ দূরে গেও মোর॥
চির দিনে পায়লু পরাণ।
থৈছন অমিয়া-সিনান॥
হেরি সহচরগণ হাস।
গাওট চৈতভাদাস॥

নরহরি সরকার ও শিবানন্দ সেনের রচনাশৈলীর সঙ্গে ইহা অভিন্ন। প্রভুর-অন্তরপ ভাবের কথা রুঞ্দাস কবিরাজ লিথিয়াছেন—

রথধাতায় আগে যবে করেন নর্ত্তন।
তাঁহা এই পদমাত্র করয়ে গায়ন॥
সেই ত পরাণনাথ পাইস্ক
যাহা লাগি মদন-দহনে ঝুরি গেস্ক ॥— চৈ. চ., ২।১

পদকল্পতকর ২৩ সংখ্যক পদটির কবির নাম পর্মেশ্বর। সতীশচন্দ্র রায়

মহাশয় লিখিয়াছেন "পদটীর বিশেষত্ব এই যে, উহা পড়িলেই, উহা অদ্বৈত-ভবনে একদ। শ্রীমহাপ্রভুর আদেশে অমৃষ্ঠিত এক কীর্ত্তন-মহোৎসবের সাক্ষাৎ-দ্রষ্টার ক্বত বর্ণন বলিয়া মনে হয়। বস্তুতঃ জগদ্ধবাবু তাঁহার উপক্রমণিকায় চৈতক্যচরিতামৃত ও চৈতক্যভাগবত হইতে পরমেশ্বর সম্বন্ধে যে সকল উল্লেখ উদ্ধৃত করিয়াছেন, তাহাতে নিত্যানন্দ শাখাভুক্ত এই পরমেশ্বর দাস শ্রীমহাপ্রভুর প্রায় সমসাময়িক বলিয়াই জানা যায়।" – পদ ক., ভূমিকা পূ. ১৪৮। পদটা এই--

একদিন পত্ত হাসি অন্বৈত-মন্দিরে আসি

विमिल्न नहीत क्यांत।

নিত্যানন্দ করি সঙ্গে

অধৈত বদিয়া রঙ্গে

মহোৎসবের করিলা বিচার॥

ভনিয়া আনন্দে হাসি

শীতা ঠাকুরাণী আসি

कशिलन भ्रभुत्र वहन।

তা ভূমি আমন্দ-মনে

মহোৎসবের বিধানে

বোলে কিছু শচীর নন্দন॥

ভন ঠাকুরাণি সীতা

বৈষ্ণব আনিয়ে এথ।

আমন্ত্রণ করিয়া যতনে।

যেবা গায় যেবা বায়

আমন্ত্রণ করি তায়

পৃথক্ পৃথক্ জনে জনে॥

এত বলি গোৱা রায়

আজা দিল সভাকায়

বৈফ্ব কর্হ আমন্ত্রণ।

খোল করতাল লৈয়া

অগুরু চন্দন দিয়া

পূর্ণ-ঘট করহ স্থাপন ॥

আবোপণ কর কলা তাহে বান্ধি ফুলমালা

कीर्खन-भएनी क्उ्रल।

यांना ठनन अया

ঘৃত মধু দধি দিয়া

(थाल-मञ्जल मन्त्राकारल ॥

ভনিয়া প্রভুর কথ। প্রীতে বিধি কৈল যথা

নানা উপহার গন্ধবাদে।

সভে হরি হরি বোলে

খোল-মঙ্গল করে

প্রমেশ্বর দাস রুসে ভাষে ॥—পদ ক., ২৩

সীতাঠাকুরাণী গৌরচন্দ্রের সঙ্গে কথাবার্ত্তা বলিতেন তাহা বৃন্দাবনদাস ঠাকুর বর্ণনা করিয়াছেন (চৈ. ভা., ২।১৯।২৯৭)। ১৮০৯-১০ খ্রীষ্টান্দে বৃকানন হামিল্টন Purnea Report্ম (পৃ. ২৭৩) লিথিয়াছেন যে অছৈত-পত্নী সীতাঠাকুরাণী ভাষে বিহুল পান্ধ করি প্রান্ধ করি ভাষা ভাষা বিহুল স্থাভাব বৈষ্ণব সম্প্রদায় স্থাপন করেন ও ঐ সম্প্রদায়ের লোক স্থালোকের বেশ গ্রহণ করিয়া জঙ্গলীটোলায় (গৌড়ে) ভজন করে ইহা তিনি দেখিয়াছেন।

পদকল্পতকগৃত ২০৫৮ সংখ্যক পদটি গৌরীদাস পণ্ডিতের ভাই নিত্যানন্দশাখাভুক্ত কৃষ্ণদাসের রচনা হওয়ার সন্তাবনা। দেবকীনন্দনের বৈষ্ণববন্দনায়
ইহার সম্বন্ধে লিখিত আছে—"গৌরীদাস পণ্ডিতের অমুজ কৃষ্ণদাস।" কৃষ্ণদাসকৃত পদে গৌরীদাস পণ্ডিতের বাড়ীতে গৌর-নিত্যানন্দের বিগ্রহ কিভাবে
প্রতিষ্ঠিত হইল তাহার সমসাময়িক বিবরণ রহিয়াছে।

ঠাকুর পণ্ডিতের বাড়ী গোরা নাচে ফিরি ফিরি নিত্যানন্দ বলে হরি হরি।

কান্দি গৌরীদাস বলে পড়ি প্রভ্র পদতলে কভু না ছাড়িবে মোর বাড়ী॥

আমার বচন রাথ অম্বিকা নগরে থাক এই নিবেদন তুয়া পায়।

যদি ছাড়ি যাবে তুমি নিশ্চয় মরিব আমি রহিব দে নির্থিয়া কায়॥

ভোমরা যে ছটি ভাই থাক মোর এই ঠাঞি ভবে সভার হয় পরিক্রাণ।

পুন নিবেদন করি না ছাড়িহ গৌরহরি তবে জানি পতিত-পাবন ॥

প্রভু কহে গৌরীদাস ছাড়হ এমত আশ প্রতিমূর্ত্তি সেবা করি দেখ।

তাহাতে আছিয়ে আমি নিশ্চয় জানিহ তুমি সত্য মোর এই বাক্য রাখ।

এত শুনি গৌরীদাস ছাড়ি দীর্ঘনিখাস ফুকরি ফুকরি পুন কান্দে।

পুন সেই ছই ভাই প্রবোধ করয়ে তায় তমু হিয়া থির নাহি বাবে। 90

শ্রীচৈতন্যচরিতের উপাদান

कर्ए मीन कुरामा

বা অভিরঞ্জিত মনে হইবে না।

চৈত্ত্য-চরণে আশ

ছুই ভাই রহিলা তথায়।

ঠাকুর পণ্ডিতের প্রেমে

वनी देश। इट्टें करन

ভকত-বংসল তেঞি গায় ॥—পদ ক., ২৩৫৮

মুরারি গুপ্তের কড়চাতেও এই মৃর্টিশ্বাপনের ইতিহাস লিখিত হইয়াছে—

ততো নিত্যানন্দগৌরচক্রো সর্কেশ্বরেশ্বরো।
জয়তাং গৌরীদাসাথ্য পণ্ডিতস্ম গৃহে প্রভুঃ ॥
তস্ম প্রেমা নিবদ্ধো তো প্রকাশ্যক্ষচিরাং শুভাম্।
মৃর্টিং স্বাং স্থাং রসৈঃ পূর্ণাং সর্কাশক্তিসমন্নিতাম্॥
দদতঃ পরমপ্রীতো নিবসন্থো যথাস্থগম্।

তাভাগং সহ ভূতবন্তাবন্ধ বিবিধঃ বসম্ ॥—৪।১৪। ১২-১৪
During Sri Chaitanya's lifetime worship of his image had started

শ্রীচৈতন্তার জীবনকালেই যে তাঁহার মূর্ত্তপূজার প্রচলন হইয়াছিল তাহার প্রমাণ মুরারি শুপ্ত ও কৃষ্ণদাসের রচনায় পাওয়া যায়।

এই গ্রন্থের অষ্টাদশ অধ্যায়ে "ভক্তগণের পান্তিত্য ও কবিত্ব"-শীর্ষক প্রবদ্ধ দেখাইয়াছি যে শ্রীচৈতন্তের সমসাময়িকদের মধ্যে ১৬ জনের কবিতা শ্রীরপ-গোস্বামিসকলিত পভাবলীতে এবং ২২ জনের পদ পদকল্পতক্ষতে গৃত হইয়াছে। ইহা ছাড়া ২৪ জন সমসাময়িক ভক্ত গ্রন্থ রচনা করিয়া খ্যাতিলাভ করিয়াছেন। মুরারি প্রপ্ত, সার্ক্ষভৌম ভট্টাচাষ্য, রঘুনাথদাস গোস্থামী প্রভৃতি কয়েকজন বিলালিও লিখিয়াছেন, গ্রন্থ বচনা করিয়াছেন। সর্কামমেত ৫৮ জন শ্রীচৈতন্তাসহচর কবিগাতি লাভ করিয়াছেন। কন্ফুশিয়াস্ হইতে আরম্ভ করিয়া মাদাম রাভাট্দি প্রয়ন্ত অন্ত কোন ধর্মসম্ভাদায়ের প্রবর্ত্তকের সঙ্গীদের মধ্যে এত অধিক সংখ্যক কবি দেখা যায় না। শ্রীচৈতন্তার সহচরদের এরপ বৈশিষ্ট্যের প্রধান কারণ এই যে, প্রচন্দ্র উদয়ে সমৃদ্র যেমন উদ্বেল হইয়া উঠে, চৈতন্তাচন্দ্রের দর্শনেই তেমনি তাঁহার পারিষদগণের ভাবসমৃদ্র উথলিয়া উঠিত এবং তাঁহাদিগকে কবিতা-রচনায় অন্ধপ্রেরিত করিত। দদাশিব কবিরাজ, পুরুষোত্তমদাস ও কায় ঠাকুরের মতন পিতামহ, পিতা ও পুরে একসঙ্গে তত্ত্ব হওয়া অথবা গোবিন্দ-মাধ্য-বাহ্বদেব ঘোষের মতন তিন ভাই একসঙ্গে কবি হওয়াও জগতের ইতিহাসে ভ্লাভ। শ্রীচৈতন্তার সমসাময়িকদের রচনা পাঠ করিবার সময়ে এই কথাটি মনে রাখিলে আর বহু ভাব ও ঘটনাকে অস্বাভাবিক

তৃতীয় অধ্যায়

Chapter 3

মুরারি গুপ্তের কড়চা Kadcha / Biography by Murari Gupta

Adhyatma - a pertaining to the Supreme Being , pertaining to the individual soul; spiritual, metaphysical, physical; Adhyatmatattva -n knowledge about God, knowledge about the soul, metaphysics; Adhyatmavid -n one who has knowledge about God or the soul, a metaphysician ${\tt Adhyatmavad} \ - {\tt n} \ {\tt subjectivism} \ , \ {\tt spiritualism}$ Adhyatmavadi -(1) asubjectivistic, spiritualistic, (2) n a subjectivist, a spiritualist.

আদিম এটিচভশ্যগৈতিত মুরারির স্থান
Place of Murari Gupta in the companion of Sri Chaitanya

মরারি গুপ্ত শ্রীচৈতন্মের নবদ্বীপ-লীলার একজন প্রধান পরিকর। শ্রীচৈতন্মচন্দ্রেম নাটকে (১।৭৬-৭৯) বর্ণিত আছে যে একদিন শ্রীচৈতন্য ঐশ্বর্যাভাবে অধৈত-শ্রীবাসাদি ভক্তগণকে কুপা করিতেছেন, এমন সময়ে অদৈত মুরারি ও মুকুন্দের দাস্মভাবের প্রশংসা করিলেন। তাহা শুনিয়া মহাপ্রভু মুরারির সম্বন্ধে বলিলেন, "মুরারির মনে ভক্তিরদ সিদ্ধ হয় না; কেন-না রস্থনের হুর্গন্ধের ক্যায় অতিকটু অধ্যাত্ম ভাবনায় ইহার আগ্রহ রহিয়াছে। অভাপি অফুক্ষণ বাশিষ্ঠ-বিষয়ে (যোগবাশিষ্ঠ) ইহার অত্যস্ত The limitation of Adhyatma yoga as per Sri Gouranga উৎসাহ রহিয়াছে।" অবৈত জিজ্ঞাসা করিলেন, "অধ্যাত্ম যোগের দোষ কি ?" মহাপ্রভু উত্তর দিলেন, "যাহার নিঃশ্রেয়দেশ্বর ভগবান্ হরিতে ভক্তি আছে, দে খেন অমৃতের দাগরে ক্রীড়া করে; তাহার পক্ষে আবার থালের জলের প্রয়োজন কি ?" তৎপরে মুকুন্দের অপরাধ-সম্বন্ধে আলোচনা হইবার পর অদৈত বলিলেন, "ইহার। তুইজন গুরুতর অপরাধ-হেতু বড়ই কষ্ট পাইতেছেন, স্তবাং আপনি ইহাদের মন্তকে চরণ-কমল ক্রন্ত করুন।" মহাপ্রভু তাহাই করিলেন।

প্রায় অনুরূপ ঘটনা মুরারি গুপ্ত তাঁহার "কড়চায়" (২১১৪।২২-২৩) বর্ণনা করিয়াছেন। কিন্তু তথায় অদ্বৈতের উপস্থিতির বর্ণনা নাই। ফলতঃ মুরারি ২৷১৫ সর্গে অর্থাৎ মুকুন্দ ও নিজের প্রতি উপদেশ-দানের পর অদ্বৈতের সহিত বিশ্বস্তর মিশ্রের মিলন বর্ণন। করিয়াছেন। মুরারির গ্রন্থে মুরারির প্রতি প্রভুর নাটক-বর্ণিত ক্রোধ-সম্বন্ধে কিছু লেখা নাই। মুকুন্দকে উপদেশ দিবার পর মুরারিকে মহাপ্রভূ মাত্র এই বলিয়াছিলেন— .

> কথং বং কৃতবান্ বৈহা গীতমধ্যাত্ম-তৎপরম্। জীবিতে যদি বাঞ্চান্তি প্রেমি বা তে হরেঃ স্পৃহা। তদ। গীতম্ পরিত্যজ্ঞা কুফ ল্লোকং হরেঃ স্বয়ম্ ॥

> > — मूत्रात्रि, २।५८।२२-२७

এই ঘটনা-বর্ণনার পূর্বের মুরারি নিজগৃহে প্রভুর বরাহ-ভাবের আবেশ বর্ণনা করিয়াছেন (২।২)। বরাহ-ভাব-প্রকাশের পর একদিন শ্রীরাের শ্রীরাদাদি ভক্তগণকে অধ্যাত্ম ব্যাথ্যা করিতে নিষেধ করিলে মুরারি বলিয়াছিলেন, "আমি অধ্যাত্ম জানি না ত প্রভু।" তাহার উত্তরে প্রভু বলিলেন, "তং প্রাহ দেবাে জানাদি কমলাক্ষাক্ত, তং হি তং।" অধ্যাত্মবাদের মূলস্তম্ভ ছিলেন কমলাক্ষ বা অদৈত; স্বতরাং অদৈতকে ছাড়িয়া মুরারি ও মুকুন্দের প্রতি অধ্যাত্মভাব-প্রচারের জন্ম কোন করা সঙ্গত মনে হয় না। যাহা হউক, এই বিচার হইতে মুরারির সঙ্গন্ধে একটি তথ্য পাওয়া গেল। সেটি এই যে তিনি মহাপ্রভুর শ্রীচরণাশ্রয় গ্রহণ করার পূর্বের অধ্যাত্মবাদী ছিলেন।

এই ষে তিনি মহাপ্রভুব শীচবণাশ্র গ্রহণ করার পূর্কে অধ্যাত্মবাদী ছিলেন।

Murari's visit to Puri with Advatta when Murari first went to see Sri Chaitanya inster

কবিকর্ণপুর তাঁহার "শীচেতক্সচরিতামৃত মহাকারে" নিম্নলিথিত ঘটনাটি

of Jagannath

বর্ণনা করিয়াছেন। একবার ম্বারি অনৈতের সহিত পুরীতে গিয়াছিলেন।

তিনি নরেন্দ্র-সরোবর পর্যন্ত ষাইয়া বিদয়া পড়িলেন ও বলিলেন, "আপনাদের

দয়ায় এতদূর আসিয়াছি, কিন্তু আরু আমার ক্ষমতা নাই। জগরাথ-দর্শন

করিবার সাহস্পু নাই; কেন-না আমি দীনহংগী—হুপামর। আপনারা এই

কথা প্রভুকে জানাইবেন, পরে আমার যাইবার ক্ষমতা হয়ত হইবে।" ইহা

বলিয়া তিনি সেই স্থানেই স্থির হইয়া বিদয়া রহিলেন (১৯।৭৭৮৪)। ভক্তগণ

যথন শীচৈতত্যের আদেশে জগরাথ-দর্শন করিবার পর মহাপ্রভুকে দর্শন

করিলেন, তথন তিনি "মুরারি কই, মুরারি কই" জিজ্ঞাদা করিলেন। তথন

ভক্তগণ যাইয়া নরেন্দ্র-সরোব্রে মুরারিকে থবর দিলেন। মুরারি নয়নজলে

আপ্রত হইয়া ধ্লি-ধুসররূপে শীচেতত্যের নিকট আদিলেন ও পরিহিত বস্তের

অর্দাঞ্চল গলে বাধিয়া তাঁহাকে দীর্ঘকাল ধরিয়া দর্শন করিতে লাগিলেন, মুথ

দিয়া তাঁহার কোন কথাই বাহির হইল না। শীচেতত্যেও নয়নবারি-ছারা

মুরারির পৃষ্ঠদেশ সিক্ত করিতে লাগিলেন ও মুরারির অস্পষ্ট কাকুবাদ ও রোদন

শুনিয়া বিকল হইয়া পভিলেন (১৪।১০৩-১১২)।

এই ঘটনা হইতে ম্বাবির সহিত শ্রীচৈতত্যের সমন্ধ কিরূপ ঘনিষ্ঠ ছিল । তাহা জানা যাইতেছে। আর একটি তত্ত এই ঘটনার দারা রলা হইয়াছে। ম্বাবি রঘ্নাথের উপাসনা করিলেও শ্রীচৈতত্যকে শ্রীরামের সহিত একীভূতভাবে দেখিতেন। শিবানন্দ সেন গৌরগোপাল-মন্ত্রের উপাসক ছিলেন (কর্ণপূর নাটক ১৮, চৈ. চ. ৩২০৩)। প্রবাদ, শ্রীথণ্ডের নরহরি সরকার গৌরমন্ত্রে দীক্ষিত ছিলেন। তাঁহার বংশধরেরা আমাকে বলিয়াছেন যে,

পুরুষাত্মক্রমে গৌরমক্সে দীক্ষা দিয়া আসিতেছেন। শ্রীমন্নরহরি-কথিত ও লোকানন্দ-গ্রথিত গৌরমন্ত্র-বিষয়ক একথানি সংস্কৃত পুস্তকও First proponents of of Gour Paramyayada (Gour as chosen deity) are Shivenanda Sen of প্রকাশ করিয়াছেন। কাচড়াপাড়ার শিবানন্দ সেন, নবছাপের মুরারি Kanchrapara, Murari Gupta of Nabadwip and Narahari Sarkar of Srikhand.
গুপু ও শ্রীপণ্ডের নরহার সরকার—এই তিন জন থাটি বাঙ্গালী বৈছ গৌর পারম্যবাদের প্রথম প্রবর্ত্তক। উল্লিখিত ঘটনার দ্বারা এই গৌর-পার্মাবাদ স্টিত হইয়াছে। অক্যান্ত ভক্ত মহাপ্রভুর কথামত আগে জগন্নাথ-দর্শন করিয়া পরে শ্রীচৈতন্য-দর্শন করিলেও মুরারি দৃঢ়চিত্তে আগে জগন্নাথ-দর্শন করিতে অস্বীকার করিলেন। তিনি সর্কাগ্রে শ্রীচৈতন্ত্র-দর্শন করিবেন সমল্ল করিলেন এবং মহাপ্রভু তাঁহার বাসনা পূর্ণ করিলেন। শ্রীপাদ কৃষ্ণদাস কবিরাজ শ্রীচৈতন্য-চরিতামতে (২০১১০৭৪) নিজম্ব ভঙ্গীতে উক্ত ঘটনা New inormation on Murari Gupta in Sri Chaitanya Bhagavat বৰ্ণনা করিয়াছেন।

শ্রীচৈতন্মভাগবতে মুরারি গুপ্ত-সম্বন্ধে কয়েকটি নৃতন তথ্য পাওয়া যায়— যথা, মুরারির জন্ম হয় শ্রীহট্টে (অতুলক্ষণ্ড গোসামীর ২য় সংস্করণ, ১৷২৷৩১); তিনি গন্ধাদাস পণ্ডিতের টোলে পডিতেন (১)৬০০৮): তিনি নির্বিরোধ ভাল মান্ত্র্য ছিলেন; বিশ্বস্তবের "আটোপট্রার" শুনিয়াও কোন জবাব দিতেন না (১।৭।১৯-১৩)। বিশ্বস্তর অন্ত সকল পড়ুয়াকে সহজেই হারাইয়া দিতেন; কিন্তু মুরারির বেলায় "প্রভুভূত্যে কেহ কারে নারে জিনিবারে।"

প্রভূব প্রভাবে গুপ্ত পরম পণ্ডিত।

মুরারির ব্যাখ্যা শুনি হন হ্রষিত ॥—১১৭১৯-৩০
Murari Gupta was elder than Nimai and are in same class in the school, knows many events of Nabadwip, Nimai's first spiritual ecstasy had happened in his home. Devotees of Nabadwip had selected him to write Nimai's sports in Nabadwip and had Nimai's approval of it.
নুরারি গুপ্ত প্রভূপপেকা বয়দে বড় সহাধ্যায়া ছিলেন, প্রভূর প্রিয়পাত্তরূপে নবদীপ-লীলার অধিকাংশ ঘটনা জানিতেন। তাঁহার গৃহেই সর্কাপ্রথমে শ্রীচৈতন্মের আবেশ হয়। তিনি কবিষ-গুণসম্পন্ন ছিলেন বলিয়া প্রভুর নবদ্বীপ-লীলার সময়েই ভক্তগণ স্থির করিয়াছিলেন যে মুরারিই প্রভূব লীলা বর্ণনা করিবেন। মুরারি নিজেই এ বিষয়ে ইঙ্গিত করিয়াছেন—কড়চা 218128-251

কবিকর্ণপূরের মহাকাব্যে নারায়ণ গুপ্ত বলিয়াছেন—

কাঁকণ্যমীশর বিধেহি মুরারিওপ্তে বক্ত: যথাইতি তথৈব চরিত্রমেষ:।—৬।৪৪ ইহা ভনিয়া মহাপ্রভূ বলিলেন—

যদ্ যদ্দিশ্যতি তদেব সমস্তমেব শুদ্ধং ভবিশ্যতি ভবিশ্যতি শক্তিক্তা ৷—৬৷৪৫

বৃন্দাবনদাদের শ্রীচৈতগ্রভাগবত হইতে জানা যায় যে আদিম শ্রীচৈতগ্র-গোষ্ঠীতে মুরাবির স্থান কত উচ্চে; তিনি মুরাবির সম্বন্ধে লিথিয়াছেন—

মুরারির প্রতি সর্ব্ধ বৈষ্ণবের প্রীত।
সর্বাভিতে ক্নপালুতা মুরারির চরিত॥
থেতে স্থানে মুরারির ধদি সঙ্গ হয়।
শেই স্থানে সর্বাভীর্থ শ্রীবৈকুণ্ঠময়॥

Authenticity of Murari's book

মুরারির গ্রন্থের প্রামাণ্য-বিচার

মুবারি গুপু মহাপ্রভুর খুব অন্তরঙ্গ ভক্ত ছিলেন, প্রমাণিত হইল। কিন্তু ইহা হইতে তাঁহার নামে যে সংস্কৃত বই "অমৃতবাজার" কার্যালয় হইতে ছাপা হইয়াছে তাহার অক্রিমতা প্রমাণিত হয় নাই। মহাত্মা শিশিরকুমার ঘোষ ঐ গ্রের একগণ্ড পুঁথি ঢাকা উথলী-নিবাদী শ্রীঅহৈতবংশীয় ৺মধুস্দন গোস্বামীর নিকট পাইয়াছিলেন। অন্ত একগানি পুঁথি বৃন্দাবন হইতে পাওয়া যায়। কিন্তু কাহার নিকট হইতে পাওয়া যায় তাহা প্রকাশ নাই। এই তুই পুঁথি মিলাইয়া ৺ভামলাল গোস্বামী মহাশয় ১০০০ সালে শ্রীকৃষ্ণতৈতন্ত-চরিত প্রকাশ করেন। ১০১৭ সালে ইহার ২য় ও ১০০৭ সালে বৈফ্রব-সাহিত্যে স্থপণ্ডিত শ্রীযুক্ত মুণালকান্তি ঘোষের হার। ইহার ৩য় সংস্করণ প্রকাশিত হয়।

গ্রন্থানির তিনটি সংস্করণ প্রকাশিত ২ইলেও ইহাতে অজস্র ভুল রহিয়াছে। কতকগুলি ভুল এমন মারাত্মক যে অর্থগ্রহ করা কঠিন। একটি মাত্র দৃষ্টান্ত দিতেছি।—পূর্কে যে সাগ্রহ৪-২৬ শ্লোক উদ্ধৃত করিয়াছি, তাহার ২৫ শ্লোকের পূর্কাদ্ধ নিমন্ধপে ছাপা আছে—

"তথাজ্ঞাং গুরু দেবেশ তচ্ছত্ব। সন্মিতাননঃ।"

মুরারির গ্রন্থবিচারের পক্ষে শ্লোকটির মানে নৃঝা অত্যন্ত প্রয়োজন। আমি কবিকর্ণপূরের মহাকাব্যের সঙ্গে মিলাইয়া উহার পাঠোদ্ধার করিলাম—

"তথাজ্ঞাং কুরু দেবেশ তচ্ছ ুতা সম্মিতাননঃ।"

এইরূপ ভূল পাঠ থাকায় ও বান্ধলা অহবাদ না থাকায় সাধারণ পাঠকের পক্ষে বইথানি বুঝা স্থানে স্থানে কঠিন হইলেও ভূল পাঠ থাকাতেই বইথানির মূল্য ঐতিহাসিকের নিকট খুব বেশী বিবেচিত হওয়া উচিত। মহাত্মা শিশিরকুমার বা মূণালবার ইচ্ছা করিলেই বইথানি পণ্ডিতের দ্বারা আজোপান্ত সংশোধন করাইয়া লইতে পারিতেন। কিন্তু এরূপ সংশোধনের উপদ্রবে অনেক সময়েই মূল গ্রন্থের অর্থ বিক্লত হয়। গ্রন্থের প্রথম তুই সংস্করণের শেষে নিম্নলিখিত শ্লোকটি ছিল—

"চতুদ্দশতাকান্তে পঞ্-বিংশতিবংসরে। আষাচ্দিতসপ্তম্যাং গ্রন্থেইয়ং পূর্ণতাং গতঃ॥"

শ্রীচৈতন্তের জন্ম ১৪০৭ শকে। ১৭২৫ শকে গ্রন্থ শেষ হইলে ইহাতে শ্রীচিতন্তের জীবনের প্রথম আঠার বংসরের কথা মাত্র থাকা। উচিত। ডক্টর দীনেশচন্দ্র সেন সিদ্ধান্ত করেন যে আঠার বংসরের পরবর্তী যে সমন্ত ঘটনা লিখিত আছে তাহা প্রক্রিপ্রা। আমি ১৩৩০ সালের সাহিত্য-পরিষদ্-পত্রিকার ওর্থ সংখ্যায় বলি যে বিফুপ্রিয়া-পত্রিকার জন্তমবর্ষে ২৬৮ পৃষ্ঠায় ঐ তারিখের পাঠ পক্ষবিংশতি স্থানে পক্ষত্রিংশতি দেখা যায়, ১৩৩৭ সালে মৃত্রিত ম্রারির গ্রন্থের তৃতীয় সংস্করণে পক্ষত্রিংশতি ছাপা হইয়াছে। শ্রুদ্ধেয় শ্রীঘৃক্ত মুণালকান্তি ঘোষ মহাশয় ঐ সংস্করণের ভূমিকায় লিখিয়াছেন, "শ্রীগৌরাঙ্গ ১৪৪১ শকে সম্মান্দ গ্রহণ করেন। ইহার চারি বংসর পরে অর্থাং ১৪৪৫ শকে তিনি জননী-জন্মভূমি ও জাহ্নবী দেখিবার জন্ম শ্রীনবদ্বীপে গমন করেন। তাহা হইলে এই সময় পর্যান্থ প্রভূর লীলা গ্রন্থে থাকিবার কথা। কিন্তু প্রকৃত পক্ষে শ্রীপ্রভূর শেষ দ্বাদশ বর্ষের গন্থীরা লীলার কথাও এই গ্রন্থে আছে। ইহাতে বোধ হয় ১৩৪৫ শকে এই গ্রন্থ সমাপ্ত হয় নাই, তাহার বছবংসর পরে ম্রারি ইহার শেষ করেন।"

গ্রন্থা শুধু গ্রানালার বর্ণনা (৪।২৪) নাই, মহাপ্রভুর তিরোধানের উল্লেখন আছে (১।২।১২-১৪)। ১০০৭ সালে লিখিত ভূমিকার মুণালবার উপরি-উদ্ধৃত মত প্রকাশ করিলের ১০৪১ সালের ভাদ মাসের "বঙ্গ শী" পত্রিকার শ্রাযুক্ত স্কুমার সেন বলেন যে গ্রন্থানি "আহুমানিক ১৫২০ খুষ্টান্দের দিকে রচিত হইয়াছিল।" ১৪৮৬ খ্রীষ্টান্দে মহাপ্রভুর জন্ম, ১৫১৪ খ্রীষ্টান্দে তাঁহার ২৮ বংসর পূর্ণ হয়; গ্রন্থের শেষে উল্লিপিত ১৪৩৫ শক আ্যাঢ় মাস

১৫১৩ খ্রীষ্টাব্দ হয়। ১৪৩৫ শককে গ্রন্থরচনার কাল বলিয়া স্বীকার না করিয়া আর ৭ বংসর পরে গ্রন্থরচনার সময় নির্দেশ করিলে ৪।২৪র ঘটনার সহিত কোনরপে সামঞ্জ বিধান করা যায় বটে, কিন্তু আমি যে তিরোভাবের কাল উল্লেখ করিয়াছি (১।২।১২-১৪) তাহার সহিত ১৫২০ খ্রীষ্টাব্দ মিলে না, কেন-না শ্রীচৈতন্মের তিরোভাব ১৫৩৩ খ্রীষ্টাব্দে ঘটিয়াছিল।

গ্রন্থের রচনাকাল-সম্বন্ধে এইরূপ বিভাট দেখিয়া স্বতঃই সন্দেহ হয় যে গ্রন্থানির আত্যোপান্ত বোধ হয় অক্তিম নয়। এই সমস্যা সমাধানের জন্ত কিন্তুগানি গ্রেষ্ট্র সাহায় লগ্ন্যে মাইকে পারে।

তিন্থানি গ্রন্থের সাহায্য লওয়া যাইতে পারে।
Author ofBhaktiratnakar - Narahari Chakraborty / Ghanashyam son of Vipra Jagannath

প্রথম "ভক্তিরয়াকর"। এই গ্রন্থ বিশ্বনাথ চক্রবর্তীর শিশ্য বিপ্র জগন্নাথের পুর নরহরি চক্রবর্তী বা ঘনশ্রামদাদ-কর্তৃক রচিত (ভক্তিরয়াকর, পৃ. ১০৬৭-৬৮); স্বতরাং উহা অষ্টাদশ শতাকীর প্রথমে রচিত। ভক্তিরয়াকরে মুরারির বইয়ের শ্লোক উদ্ধৃত থাকিলে দিদ্ধান্ত করিতে হইবে যে অষ্টাদশ শতাকীর প্রথম ভাগে মুরারির বই প্রচলিত ছিল। অবশ্য এইরূপ সন্দেহ করা যাইতে পারে যে অমৃতবাজার কার্যালয়ের ছাপাবই দেখিয়া ভক্তিরয়াকরে প্রক্রম অধ্যায়াদি বদাইয়া দেওয়া হইয়াছে। এ ক্লেত্রে কিন্তু এরূপ সন্দেহের অবকাশ নাই, কেন-না ভ্রামনারায়ণ বিভারয় ১২০৫ সালে ভক্তিরয়াকর ছাপেন ও তাহার ৮ বংসর পরে ১৩০৩ সালে শিশিরকুমার মুরারির বই প্রকাশ করেন।

- (১) দাদশ তরঙ্গ ৭১১ পৃষ্ঠায় ১৷১৷১৬-১৮ মুরারি
- (२) के १५०-५১ भू. ११२१४-४० के
- (v) A 950 9. 11e-55 A
- (8) जे १७२ %. अवाअन जे

ভক্তিবন্নাকরে "তেজ্সারিতিমিরং" পাঠ মুরারিতে "তেজ্সারিতিমিরা"

(()	ভক্তিরত্নাকর	990	পৃ.	১ ৬ ৪	মুরারি
(💩)	À	960-67	পৃ.	21910	न
(9)	B	68-48 d	જ્.	२।७।५०-५७	ঐ
(b)	3	267	পৃ.	२१५०१२०	F
(2)	F	b b@	역.	२।१।२१	<u>S</u>

(>)	ভক্তিরত্বাকর ৮৮	৬ পৃ.	41-41615	মুরারিঃ
(>>)	ঐ ৮৮	৮ পৃ.	२।११४-५४	S
(><)	क् २७	-8-be 9.	81212-0	F
(><)	<u>ज</u> े २०	ર ઝ્	812012	5

তাহা হইলে ভক্তিরত্বাকর হইতে পাওয়া গেল যে ম্বারির গ্রন্থ অস্ততঃ ৪।১০ দর্গ পর্যান্ত অর্থাৎ মহাপ্রভুব বৃন্দাবন-দর্শন পর্যান্ত অন্তাদশ শতাব্দীর প্রথম ভাগে প্রচলিত ছিল (১।১৩।১৪)। তিনি আদি লীলা বল্লিতে সন্ন্যাস পর্যান্ত ব্রিয়াছেন। তাঁহার উক্তি দেখিয়া সন্দেহ হয় যে ম্বারি বৃঝি শুধু নবদ্বীপলীলাই লিখিয়াছেন। এই সন্দেহ আর ছইটি কারণে দৃঢ় হয়। প্রথম হইতেছে এই যে "চৈতক্যচরিতের" বক্তা ম্বারি ও শ্রোতা দামোদর পত্তিত। বৃন্দাবনদাস লিখিয়াছেন যে নীলাচলে দামোদর-স্বরূপের সহিত মহাপ্রভুর মিলনের পর

দামোদর পণ্ডিত শ্রীশঙ্কর পণ্ডিত। কথোদিনে আসিয়া হইলা উপনীত॥—৩৩।৪০৮-৯

কৃষ্ণাস কবিরাজ শান্তিপুর হইতে নীলাচলে যাইবার সময় শ্রীচৈতন্তের চারজন
সঙ্গীর মধ্যে দামোদর পণ্ডিতকে সঙ্গী বলিয়াছেন (২০০২০৬)। কবিকর্ণপূর
মহাকাব্যে নীলাচল-লীলা-উপলক্ষে দামোদর পণ্ডিতের নাম উল্লেথ করিয়াছেন
(২০০১০); নবদীপ-লীলা-উপলক্ষে মুরারি বা কবিকর্ণপূর কেহই দামোদর
পণ্ডিতের নাম উল্লেথ করেন নাই। স্কুরাং আমরা বুলাবনদাসের উক্তিই
ঠিক বলিয়া ধরিয়া লইলাম। দামোদর পণ্ডিত যদি লীলা স্বচক্ষে দেখিয়া
থাকেন, তবে আর মুরারির নিকট শুনিবার প্রয়োজন কি পু মুরারি মাঝে

Murari Gupta went to Puri for a few occasions and Damodar Pandit almost always stayed at Puri.
মাঝে নীলাচলে আসিতেন আর দামোদর পণ্ডিত প্রায় সর্কাদা নীলাচলে
থাকিতেন। এ ক্ষেত্রে মুরারির নিকট দামোদর পণ্ডিতের নীলাচল-লীলা
শ্রবণ করিতে উৎস্কে হওয়া একটু অস্বাভাবিক নয় কি পু

^{*} ভক্তিরত্নাকর এই স্থানে খ্রীচৈতক্ষচরিতে তৃতীয়প্রক্রমে লিখিয়ছেন। ইহা কি লিপিকর প্রমাদ? ম্রারির দ্বিতীয় প্রক্রমের দশম সর্গে যে লোক (১৬-১৭) ছাপা হইরাছে তাহা ভক্তি-রত্নাকরের ৯৪৫ পৃঠায় "দ্বিতীয়প্রক্রমে পঞ্চমসর্গে" লেখা হইল কেন? সর্গের বিভাগ কি অক্সরক্রম ছিল? প্রাচীন পুঁথি কয়েকখানি না পাইলে ইহার সমাধান হইবে না।

ম্বারির গ্রন্থের নবদীপ-লীলার পরবর্তী ঘটনার বর্ণনায় সন্দিশ্ধ হইবার বিতীয় কারণ হইতেছে কবিকর্ণপূরের মহাকাব্য। কবিকর্ণপূর মহাকাব্যে (২০।৪২) বলিতেছেন যে যিনি আশৈশব প্রভুর চরিত্র- ও বিলাস-বিষয়ে বিজ্ঞা, সেই মঙ্গলকর নামধারী ম্বারি নামক কোন ব্যক্তি যে বিলাস-লালিত্য সমাক্ লিথিয়াছেন, এই আমি শিশু তাহাই দেখিয়া লিখিতেছি। কবিকর্ণ-পূর মহাকাব্যের একাদশ সর্গ পর্যন্ত বর্ণনায় অত্যন্ত নিষ্ঠার সহিত ম্রারির গ্রন্থ অন্থসরণ করিয়াছেন। কিন্ত একাদশ সর্গের পর আর তিনি তেমনভাবে ম্রারিকে অন্থসরণ করেন নাই। ইহাতে নীলাচল-লীলা-বর্ণনা-বিষয়ে ম্রারির গ্রন্থের অর্ক্তিমতায় সন্দেহ দৃঢ় হয়। *

এ বিষয়ে সংশার-সমাধানের পক্ষে লোচনের চৈতন্তমঙ্গল সাহায্য করে।
লোচন তাঁহার গ্রন্থের উপাদান যে মুরারির গ্রন্থ হইতে লইয়াছেন তাহা
স্ত্রেখণ্ডের ৭ পৃষ্ঠায় (মুণালকান্তি ঘোষ-সংশ্বরণ), আদিখণ্ডের ২৭ পৃষ্ঠায়
মধ্যখণ্ডের ৮০ ও ৮৬ পৃষ্ঠায় এবং শেষখণ্ডের ১১৮ পৃষ্ঠায় স্বীকার করিয়াছেন।
নীলাচল হইতে মহাপ্রন্থর বুন্দাবন-দুর্শন ও নীলাচলে প্রত্যাবর্তনের পর

* জীযুক্ত বিশ্বরঞ্জন ভাছড়ী (Indian Historical Quarterly, March, 1944, পু. ১৩২-১৪২) বলেন যে তৃতীয় প্রক্রমের কিয়দংশ, চতুর্থ প্রক্রমের সমগ্র এবং প্রথম প্রক্রমের ২।১২-১৫ এবং ১৬।১৫-১৯ অস্থ্য লোকের লেখা। ঐ লোক লোচনের চৈত্যুমঙ্গল রচনার পূর্বের ঐসব অংশ লিখিয়াছিলেন এবং লোচন উহা সীয় গ্রন্থে অকৃত্রিম বলিয়া স্থান দিয়াছেন। "Locana's knowledge up to the 21st canto of the fourth Parakrama of Muraris Book does not establish the fact that Murari himself wrote the whole Kayva. The latter portion might have been added by some other writer before Locana wrote his Caitanya-mangala" (পু. ১৩৫)। যদি অপর কেই উলিখিত অংশ লোচনের চৈতন্ত-মঙ্গলের পূর্বে যোগ করিয়া থাকেন, তাহা হইলে ইতিহাসের দিক দিয়া এই যোগ করা অংশের মূল্য কিছু কম হয় না। ভার্ড়ী মহাশয়ের মতে মুরারির মূল বই ১৪৩৫ শকে বা ১৫১৩ শুষ্টান্দে রচিত হইয়াছিল, কিন্তু ঐ গ্রন্থের প্রথম চুই সংস্করণে তো ছাপা হইয়াছিল "পঞ্বিংশতি বংসরে"। আমি ১৩৩ সালের সাহিতাপরিষং পত্রিকায় লিখি যে বিষ্ণুপ্রিয়া পত্রিকায় অষ্ট্রম বর্ষের ২৬৮ পু. অমুদারে ঐ শব্দ হইবে পঞ্জিংশতি এবং তাহার দাত বংদর পরে যথন তৃতীয় সংস্করণ প্রকাশিত হয় তথন 'পঞ্চবিংশতিকে', পঞ্চত্রিংশতি করা হয়। ভাছড়ী মহাশয় বলেন শ্রীচৈতন্তের তিরোভাবের পর মুরারির বর্ষ ৬০র কাছাকাছি হইয়াছিল, সূতরাং তিনি ঐ বয়দে গ্রন্থ লিখিতে পারেন না ; এই যুক্তিও গ্রহণযোগ্য মনে হয় না।

Sri Chaitanya had met Bibhishan after returning from Vrindavan

বিভীষণের সহিত সাক্ষাৎকার-বিষয়ে লোচন ম্রাবির গ্রন্থের প্রায় আক্ষরিক অনুবাদ করিয়াছেন। কয়েকটি দৃষ্টাস্ত দিতেছি।

১। মুরারি—

রাজগ্রামং ততো গতা গোকুলং প্রেক্ষ্য বিহ্বলম্।

-81218

লেচন-

রাজগ্রাম গিয়া পরে দেখয়ে গোকুল। সম্বরিতে নারে হিয়া ভৈগেল আকুল॥

—শেষথত্ত, পু. ৯৫

২। মুরারি—

দাদশৈতহনং রম্যং শ্রীকৃষ্ণপ্রীতিদং সদা।
মাহাত্ম্যমেষাং জানস্থি ভক্তা নাক্তে কদাচন॥
—-৪।৩৮

লোচন—

কুষ্ণের বিহার এই দ্বাদশ বনে। ভক্ত বিনে কেহ ইহার মরম না জানে॥ শে., পৃ. ৯৬

৩। মুরারি--

রাজবাটীং নৈঋতে স্থানানারত্বিভূষিতাম্। পূর্বোত্তরাভ্যাং দারৈক রত্বযক্তঃ সমন্বিতাম্॥ —৪।৪।৩-৪

লোচন-

কংসের আবাস দেখ পুরীর নৈঞ্জে। পুরুবে উত্তরে হুই হ্যার তাহাতে॥

শে., পৃ. ৯৬

8। भ्वांति—

বিভীষণো নামাশ্যহমিত্যুক্ত্বা প্রযথৌ স চ। বিপ্রোহপি তেন সার্দ্ধঞ্চ যথৌ সৌভাগ্যপর্বতম্॥

--- 8122129

80

লোচন--

বিভীষণ নাম মোর শুনহ ত্রান্ধণ।

ইহা বলি চলি যায় রাজা বিভীষণ। পাছে যায় তভু দরিদ্র ব্রান্ধণ॥

শে, পু. ১১৪

এই তুলনামূলক বিচারের দারা প্রমাণিত হইল যে মুরারির বইয়ের ৪।২১ অধ্যায় পর্যান্ত অর্থাং ৪।২১, ২৩, ২৪ অধ্যায় ছাড়া অক্যান্ত অংশ লোচনের জানা ছিল। পূর্বের দেখান হইয়াছে যে ভক্তিরত্বাকরে চতুর্থ প্রক্রমের দশম সর্গ পর্যান্ত উদ্ধৃত হইয়াছে।

এইবার ম্বারির গ্রন্থের অক্কল্রিমতার বিক্লদ্ধে পূর্বে যে সংশয় উত্থাপন করিয়াছি বা পূর্ব্দাক্ষ করিয়াছি তাহার উত্তর দিতেছি। দামোদর পণ্ডিতের নীলাচল-লীলা-দহদ্ধে অন্তদ্ধিংশার অযৌক্তিকতার উত্তরে বলা যাইতে পারে যে মহাপ্রভুর বিরহে যথন ভক্তগণ কাতর তথন শ্রীবাস ও দামোদর ম্রারিকে প্রভুর লীলা বর্ণনা করিতে অন্তরোধ করিলেন। মুরারি স্বভাবকবি ছিলেন, লীলাবর্ণন-বিষয়ে প্রভুর ক্রপাশক্তি হয়ত পূর্বেই লাভ করিয়াছিলেন, এবং বাল্যাবিধি প্রভুকে জানিতেন, সেই জন্ম তাহাকে লীলা বর্ণন করিতে অন্তরোধ করা স্বাভাবিক। ম্রারি প্রভুকে যুগাবতার বলিয়া বিশাস করিতেন (১।৪।১৭-২৬), সেই জন্ম তাহার লীলা বর্ণনা করিতে যাইয়া পৌরাণিক রীতিতে শুক্ত পরীক্ষিত্ত এবং শিব-পার্ক্বন্তী-সংবাদের ন্যায় ম্রারি-দামোদর-সংবাদ ভাবে গ্রন্থ লিথিয়াছেন। মহাপ্রভুর নবদীপের বা নীলাচলের অপর কোন স্থায়ী সঙ্গী যথন লীলা-বর্ণনে অগ্রসর হইলেন না, তথন ম্রারির পক্ষে সমগ্র লীলা-বর্ণনাই স্বাভাবিক।

কবিকর্ণপূর মহাকাব্যে একাদশ সর্গের পর মুরারির গ্রন্থ দৃঢ়ভাবে অন্থসরণ করেন নাই; তাহার কারণ এই যে, তিনি পিতার নিকট ও অক্সান্থ ভক্তদের নিকট (যথা স্বগ্রামবাসী বাস্থদেব দত্ত, নিকটবর্তী কুমারহট্ট-গ্রামবাসী শ্রীবাস, তাহার ভাইয়েদের বা শ্রীবাসের বাড়ীর অক্সান্থ লোকের নিকট) নীলাচল-লীলা শুনিয়াছিলেন, তজ্জন্থ মুরারির গ্রন্থকে তাদৃশ নিষ্ঠার সহিত অন্থসরণ করেন নাই। তবে মুরারি যেমন শ্রীচৈতন্তের বৃন্ধাবন হইতে প্রত্যাগমনের পর তৃই চারটি ঘটনা বর্ণনা করিয়াই গ্রন্থ শেষ করিয়াছেন কবিকর্ণপূরও তাহাই করিয়াছেন।

ম্বারি লীলা-বর্ণনার যে রীতি প্রবর্ত্তন করেন, পরবর্ত্তী দকল চৈতক্তাথাায়কই তাহা মানিয়া লইয়াছেন। বুন্দাবনদাস যে ওড়ন ষষ্ঠার ঘটনা-প্রসঙ্গে
পুত্রীক বিভানিধির চরিত্র বর্ণনা করিয়াই গ্রন্থ শেষ করিলেন তাহাও বোধ
হয় ম্রারি-প্রবর্ত্তিত রীতিরই অন্স্সরণ। ম্রারি যেমন নিত্যানন্দ প্রভূব গোড়ভ্রমণ বর্ণনা করিয়াছেন, বুন্দাবনদাসও তাহাই করিয়াছেন। ম্রারির ৪।২৪
যদি অক্লব্রিম হয়, তবে কঞ্চদাস করিরাজ তাহাই বিশ্বদর্পে ব্যাখ্যা করিয়া
অন্ত্যেপণ্ডের ১৪ হইতে ২০ পরিচ্ছেদ লিখিয়াছেন। করিরাজ গোস্বামী
১।২০১৪ পরারে ম্রারির আদিলীলার স্ত্রের মাত্র উল্লেখ করিলেও ২।১০।৪৪
পরারে বলিতেছেন—

দামোদর স্বরূপ আর গুপ্ত মুরারি। মুখ্য মুখ্য লীলাস্ত্র লিখিয়াছে বিচারি॥

ইহা হইতে অন্নমান করা যাইতে পারে যে কবিরাজ গোস্বামী জানিতেন যে মুরারি প্রভুর সকল প্রধান প্রধান লীলারই স্ত্র কবিয়াছিলেন।

তাহা হইলে শিক্ষান্ত করা যাইতেছে যে ম্রারির গ্রন্থ যাহা অমৃতবাজার কার্যালয় হইতে ছাপা হইয়াছে তাহা মোটের উপর অকৃত্রিম ও নির্ভরযোগ্য। বৈফব সমাজে এমন লীলাগ্রন্থ খ্বই কম আছে যাহাতে পরবর্তী কালে কোন পরিবর্ত্তনই হয় নাই। সে হিসাবে ত্ই-চারটি শ্লোক ম্রারির গ্রন্থে প্রক্ষিপ্ত শারে। আমারা Gupta's kadcha was written between 1533 to 1542 as Kabikarnapur at the end part his Srichaitanyacharitamrita mahakavya on 1542 had mentioned that he had followed Murarils kadcha.
ম্রারির গ্রন্থ যে ১৪৩৫ শকে, এমন কি ১৫২০ গৃষ্টান্দের কাছাকাছিও,

মুবারির গ্রন্থ যে ১৪০৫ শকে, এমন কি ১৫২০ গৃষ্টান্দের কাছাকাছিও, রচিত হইতে পারে না তাহার প্রমাণ পূর্বে দিয়াছি। এই গ্রন্থ শ্রীচৈতন্তের লীলাবদানের পর রচিত হইয়াছিল। ১৫৪২ গৃষ্টান্দে কবিকর্ণপূর শ্রীচৈতন্তেন চরিতামৃত মহাকাবা শেষ করিবার সময়ে লিখিয়াছেন যে তিনি মুবারির গ্রন্থ হইতে উপাদান সংগ্রহ করিয়াছেন। মুরারির গ্রন্থ ১৫০০ হইতে ১৫৪২ গৃষ্টান্দের মধ্যে লিখিত হইয়াছিল। মহাপ্রভুর তিরোভাবের অল্পকালের মধ্যে তাঁহার প্রধান প্রধান পরিবারগণ লীলা সংবরণ করেন বলিয়া প্রবাদ। শ্রীবাদ ও দামোদর পণ্ডিতের জীবনকালেই মুরারির গ্রন্থ লিখিত হইয়াছিল। অনুমান হয় মহাপ্রভুর তিরোধানের তুই বংসরের মধ্যে গ্রন্থ-লেখা শেষ হয়।

এক্নপ অন্নথানের কারণ এই যে ম্রারির ন্যায় অন্তরক্ষ ভক্তের পক্ষে শোক সামলাইতে এক বংসর ও গ্রন্থ রচনা করিতে এক বংসর লাগিতে পারে। সেকালে রেল ও ছাপাখানা না থাকায় গ্রন্থ প্রচারিত হইতে অন্ততঃ ত্ই-এক বংসর লাগিত।

মুরারির মুদ্রিত গ্রন্থের শেষে কালবাচক শ্লোকটি পরবর্ত্তী কালে কেহ্ বদাইয়া দিয়াছেন। হয়ত তিনি ভাবিয়াছিলেন ১৪০৫ শকে গ্রন্থ রচিত হইয়াছিল বলিলে উহার প্রামাণ্য বাড়িয়া যাইবে। আমি এই প্রবন্ধটি শ্রদ্ধেয় ভকুর দীনেশচন্দ্র দেন মহাশয়কে পড়িয়া শুনাইলে তিনি বলেন যে, হয়ত মুরারি ১৪০৫ শক পর্যান্ত কালের লীলাই লিথিয়াছিলেন। পরে মুরারির পরিবারভুক্ত কোন ব্যক্তি হয়ত অবশিষ্ট অংশ ও ভূমিকা প্রভৃতি যোগ করিয়া দিয়াছিলেন। এ অহুমানের গুরুত্ব আমি স্বীকার করি। তবে ম্রারির পরবর্ত্তী কোন ব্যক্তি যদি কিছু যোগ করিয়া থাকেন তাহা হইলে দে কার্য্য লোচনের চৈত্ত্যমঙ্গল-রচনার পূর্নেই হইয়াছিল বলিতে হয়। কেন-না লোচন মুরারির গ্রন্থের বৃন্দাবন-ভ্রমণাদির অন্ত্বাদ করিয়াছেন। মুরারির কাল হইতে লোচনের গ্রন্থরচনার কালের ব্যবধান ৫০।৬০ বংসরের বেশী হইবে না। অত অল্প সময়ের মধ্যে মুরারির মত স্থ্রাসিদ্ধ ভক্তের গ্রন্থে অপর কেহ কিছু সংযোজনা করিবেন ইহা বিশ্বাস করিতে প্রবৃত্তি হয় না। তর্কের থাতিরে যদি মানিয়া লওয়া ধায় যে, সমগ্র গ্রন্থ বের লেখা নহে তাহা হইলেও যে-সমস্ত অংশের প্রতিধ্বনি কর্ণপূরের মহাকাব্যে আছে সেদব অংশকে প্রামাণ্য বলিয়া স্বীকার করিতেই হইবে। আর ্য অংশগুলি লোচনের গ্রন্থে পাওয়া যায় সেগুলিও ষোড়শ শতাব্দীর মাঝামাঝি সময়ের রচনা বলিয়া মানিতে হইবে।

Kabikarnapur's debt near Murari

মুরারির নিকট কবিকর্ণপূরের ঋণ

কবিকর্ণপূর নবদীপ-লীলা বিষয়ে মুরারির গ্রন্থকে এমন প্রামাণ্য মনে করিয়াছেন যে অধিকাংশ স্থলে পূর্ব্বোক্ত গ্রন্থের কয়েকটি শব্দ ও ছন্দ মাত্র বদলাইয়াছেন। নিমে কয়েকটি উদাহরণ দিতেছি।

(:) নুরারি---

অথ প্রভাতে বিমলেহরুণেহর্কে স্বয়ং কৃতস্থানবিধির্যথাবং। হরিং সমভ্যর্ক্য পিতৃন্ স্থরাদীন্ নান্দীম্থশ্রাদ্ধমথাকরোদ্ধিজ:॥ ১।১০।৩

কবিকর্ণপূরের মহাকাব্য-

অথ প্রভাতে বিমলাকভূষিতে
স্বয়ং ক্নৃতস্পানবিধির্যপাবিধি।
প্রভুঃ পিতৃনর্চ্চয়িতুং যথাতথা
নান্দীমৃথশ্রাদ্ধমথাকরোদসৌ॥ ৩।৪৮

(२) म्त्राति--

গুরৌ স ভক্তিং পরিদর্শয়ন্ স্বয়ং ফল্পু চক্রে পিতৃদেবতার্চ্চনম্। প্রেতাদিশৃকে পিতৃপিগুদানং ব্রহাসুলীরেণুযুতেষু ক্রতা॥ ১া৬১।১

কবিকর্ণপূর—

অথ স ফল্কনদী-প্লাবনে যথা-বিধিবিধয়ে পিতৃন্ সমতর্পয়ং। শবমহীভৃতি পিওমদাদ্যো করুণতোহকুণতোহপারুণেক্ষণঃ॥ ৪।৬২

(৩) মুরারি—

স দদর্শ ততো রূপং ক্লফশ্র ষড় ভূজং মহৎ।
ক্লাচ্চতু ভূজং রূপং দিভূজ্ঞ ততঃ ক্লাং॥ ২৮।২৭
(সঃ অর্থাৎ নিত্যানন্দ।)

কবিকর্ণপূর---

পুরঃ ষড় (ভির্দোভিঃ পরমক্ষচিরং তত্র চ পুন
*চতুর্ণাং বাহুনাং পরমললিতত্ত্বন মধুরম্।

তদীয়ং তদ্রপং সপদি পরিলোচ্যান্ত সহস।

তদাশ্চর্যাং ভূয়ো দ্বিভূজমথ ভূয়োহপ্যকলয়ং॥ ৬।১২২

এখানে আর উদাহরণ দিব না। কবিকর্ণপূর কিভাবে ম্রারিকে অসুসরণ করিয়াছেন তাহা এই অধ্যায়ের পরিশিষ্টে প্রদত্ত ম্রারি ও কর্ণপূরের গ্রন্থের সমঘটনাবর্ণনামূলক শ্লোকের তালিকা হইতে বুঝা যাইবে।

Murari had witnessed most of Nabadwip events related to Nimai and had the conviction that

মালবা মুরারি পরম ভক্ত। তিনি নবদীপ-লীলার অধিকাংশ ঘটনা সচকে দর্শন বিশ্বস্তবের ক্রিয়াকলাপ দেগিয়া তাঁহার ধারণা জন্মিয়াছিল করিয়াছিলেন। যে তিনি ঈশবের অবতার। মুরারি অবতারের তুই প্রকার ভেদ করিয়াছেন: যুগাবতার ও কার্যাবতার। সত্যযুগে শুক্ল, ত্রেতায় যক্ত্র, দ্বাপরে পুথু ও কলিতে শ্রীচৈতন্য যুগাবতার (১।৪।১৮-২৭)। মংস্থা, কুর্মা, বরাহ, নৃসিংহ, বামন, ভার্গব, রাম,ক্লফ, বৃদ্ধ, কল্কী—এই দশজন বিশেষ বিশেষ কার্য্যসাধনার্থ অবতার হইয়াছিলেন (১।৪।২৮-৩৩)। মুরারি অবশেষে বলিয়াছেন যে এইরূপ আরও বহু কার্য্যাবতার আছেন। শ্রীরূপ গোম্বামী অবতার-তত্ত্বের অন্তর্রূপ বিভাগ করিয়াছেন। তিনি লঘু-ভাগবতামতে সত্যাদিযুগে যথাক্রমে শুক্ল, রক্ত, শ্রাম asan varnas trayo ny asya grhnato 'nuyugam tanun /śuklo raktas ও কৃষ্ণ অবতার্কে যুগাবতার বলিয়াছেন। শ্রীমন্তাগবতে শুক্ল, রক্ত, পীত tatha pita idamim krsnatam gatah BhP_10.08.013 ও কৃষ্ণকৈ যুগাবতার বলা হইয়াছে (১০৮।১৩)। শ্রীরূপ গোস্বামী লঘু-ভাগবতামূতে শ্রীচৈতন্তকে পু্ক্ষাবতার, গুণাবতার, লীলাবতার মন্বস্তরাবতার বা যুগাবতারের মধ্যে ধরেন নাই; কেবল মঙ্গলাচরণে "ক্লফবর্ণং ত্রিষা ক্লফং" ইত্যাদি ভাগবতের ১১৷৫৷৩২ শ্লোক উদ্ধত করিয়াছেন ও চতুর্থ শ্লোকে

> শ্রীচৈতন্ত্র-মুখোদ্যীণা হরেক্সফেতি বর্ণকাঃ। মঙ্জয়তো জগং প্রেম্নি বিজয়স্তাং তদাহবয়াঃ॥

প্রভৃতি বলিয়াছেন। জীজীব গোস্বামীও ষট্দনভেঁর প্রারুত্তে "কুষ্ণবর্ণং স্বিষা কুষ্ণং" বলিয়া মঙ্গলাচরণ করিয়া

> <u> अन्नःकृष्यः वर्धिः विशेषा विशेष</u> কলৌ সন্ধীৰ্ত্তনালৈঃ শ্বঃ কৃষ্ণচৈত্ত্যমান্ত্ৰিতাঃ॥

প্রভৃতি বলিয়াছেন। কিন্তু "শ্রীকৃষ্ণসন্দর্ভে" শ্রীকৃষ্ণ যে শ্রীচৈতগ্য ও বলরাম যে নিত্যানন্দ এ কথা তিনি স্পষ্ট করিয়া বলেন নাই।

অষ্টাদশ শতাব্দীর প্রথমে বলদেব বিচ্ছাভূষণ "কুফবর্ণং ত্রিষা কুফং" শ্লোকের টীকায় "অথ কৃষ্ণবিৰ্ভাবস্য স্বদাক্ষাৎকৃত-পাদামুজস্য শ্ৰীকৃষ্ণচৈতন্ত্ৰস্য বিজয়ব্যঞ্জনং মঙ্গলম্" বলিয়াছেন এবং "অঙ্গেতি নিত্যানন্দাহৈতে উপাঙ্গেতি শ্ৰীবাদ-পণ্ডিত দয়: "-রূপে ব্যাখ্যা করিয়াছেন। শ্রীঅদৈতবংশাবতংস পণ্ডিতবর মদনগোপাল গোস্বামী উহার বাকালা অহুবাদ এইরূপ করিয়াছেন—"যিনি সাধারণ দৃষ্টিতে গৌরকান্তি হইয়াও ভক্তবিশেষের দৃষ্টিতে শ্রামস্কররূপে



বিভাত, অবৈত-নিত্যানন্দ যাঁহার অঙ্গ, শ্রীবাসাদি যাঁহার উপান্ধ, হরিনাম যাঁহার অন্ত, এবং গদাধর, গোবিন্দ প্রভৃতি যাঁহার পার্ধদ, স্থিরবৃদ্ধি সাধুগণ সঙ্গীর্তন-যজ্ঞবারা দেই ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভৃকে অর্চনা করিয়া থাকেন।"

ম্রারি গুপ্ত শ্রীচৈতক্তকে যুগাবতার ও ১।৫।৪ শ্লোকে "হরেরংশং" বলিয়াছেন। তিনি ১।১২।১৯-এ শ্রীচৈতক্তকে "ভগবান্ স্বয়ম্," এবং ১।১৫।১ ও অক্তাক্ত বছ স্থানে হরি বলিয়া বর্ণনা করিয়াছেন। ২।১।৫ শ্লোকে তিনি হৃংখ করিয়া বলিয়াছেন—

চৈতত্যচন্দ্র তব পাদসরোজযুগাং
দৃষ্ট্বাপি যে অয়ি বিভোন পরেশবৃদ্ধিম্।
কুর্বস্তি মোহবশগা রসভাবহীনাত্তে মোহিতা বিততবৈভবমায়য়া॥

"হে চৈতক্তচক্র ! তোমার পাদপদ্ম দর্শন করিয়াও যাহারা তোমাতে পরেশ-বৃদ্ধি করে না, তাহারা তোমার বৈভবমায়ায় মোহিত।"

Three distinctive features of Murari Gupta's writing from other biographers of Sri Chaitanya মুরারি গুপ্ত প্রতিত্যতে মুগাবতার বলিলেও বুন্দাবনদাস, ক্ষণাস কবিরজি প্রভৃতি পরবর্তী লীলা-লেথকের সহিত তাঁহার তিনটি বিষয়ে পার্থক্য দেখা খায়।

(ক) মুরারি শ্রীটেতভাকে চতু ভূ জ-বিফুরপে প্রণাম করিয়াছেন। **য**থা—

নমামি চৈতন্তমজং পুরাতনং
চতু ভূজং শঙ্খাগদাজচক্রিণম্।
শ্রীবংস-লক্ষাঞ্চিত্রক্ষসং হরিং
সন্তালসংলগ্নমণিং স্থবাসসম্॥—১।১।১৪

সরপ দামোদর, বৃন্দাবনদাস হইতে আরম্ভ করিয়া বলদেব বিতাভ্যণ পর্যস্ত বৈষ্ণবগণ শ্রীচৈতত্যকে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের আবির্ভাবস্থরপ দেথিয়াছেন।

(খ) মুরারি ঐচৈততার ভগবং-আবেশের যে ব্যাখ্যা দিয়াছেন, তাহা পরবর্তী বৈষ্ণব-সমাজ গ্রহণ করেন নাই। তিনি বলেন যে ভগবানের ধ্যান, কীর্ত্তন ও প্রবণ হইতে স্নহাত্মন্ লোকের হদয়ে হরির প্রবেশ হয় এবং তখন তাহার। আত্মদেহ-বিশ্বত হইয়া হরির অনুসরণ করেন (১৮৮৯-১০)।

কিছুকাল পরে তাঁহাদের আবার বাহজ্ঞান হয় ও তাঁহারা সহজভাবে কর্ম করেন। ইহার দৃষ্টান্তস্বরূপ তিনি গোপসাধ্বীদের তাদাত্ম্য, ক্বফ-কর্ত্বক নারদকে তেজ দেখান, এবং শিবের নিকট রামের বিশ্বরূপ দেখাইবার কথা বলিয়াছেন। ক্বফ ও রামের দৃষ্টান্ত দেওয়া সত্ত্বেও তিনি কোন্ মতাকুসারে এই প্রসঙ্গে "ভক্তদেহো ভগবতো হাত্মা চৈব ন সংশয়ং" বলিলেন ব্রিতে পারিলাম না।

(গ) মুরারি দেবগণ-কর্ত্তক শচীর গর্ভস্ততি, শচী ও জগন্ধাথের নৃপুর-ধ্বনি শ্রবণ প্রভৃতি কথ। লিখিলেও তিনি নিমাইকে শিশুকাল হইতে ভক্তরূপে বর্ণনা করেন নাই। ১৮১১৫ শ্লোকে হরিকীর্ত্রতংপর ভক্তবৃন্দের দারা সমাবৃত হইয়া মরণোন্মুণ পিতার নিকট আদাকে গ্য়া যাইবার পূর্বে নিমাইয়ের কীর্ত্তন করার অভ্যাদের প্রমাণস্বরূপ গ্রহণ করা যায় কিনা সন্দেহ। মৃত্যুকালে হরিনাম শোনানো সনাতন প্রথা। তিনি দেখাইয়াছেন যে গয়া হইতে প্রত্যাবর্ত্তনের বহু পূর্ব্বে কেবলমাত্র একবার তিনি মাতাকে একাদশীত্রত-পালনের উপদেশ-কালে আবিষ্ট হইয়াছিলেন। সম্ভবতঃ শিশু বিশ্বস্তারের অশুচিস্থানে উপবেশন-কালে দত্তাত্তেয়-ভাব হইয়াছিল। মুরারি যে নবদীপ-লীলা বৰ্ণনা করিয়াছেন, তাহাতে আবেশের সময় ব্যতীত অন্য সময়ে অলৌকিক কিছুর বর্ণনা নাই। মহাপ্রভুর দাক্ষিণাত্য-ভ্রমণ-বিষয়ে তাঁহার ও অক্সান্ত লেথকের (সন্তবতঃ গোবিন্দ কর্মকার ছাড়া) ব্যক্তিগত কোন জ্ঞান ছিল না। ঐ লীলাপ্রসঙ্গে মুরারি বলিয়াছেন যে শ্রীচৈতন্তের স্পর্শে সাভটি তমালবৃক্ষ শাপমুক্ত হইয়। গন্ধর্করপে নিজশাসনে চলিয়া গেল। শ্রীচৈতক্তলীলার ঐতিহ্য-विচারে আমি নবদীপ-লীলা-বিষয়ে মুরারির বর্ণনাকে সর্কাপেকা অধিক প্রামাণিক বলিয়া মানিয়া লইব। ঐ প্রসঙ্গে মুরারির উক্তির সহিত অন্তের বর্ণনার বিরোধ হইলে মুরাব্রিকেই স্বীকার করিব।

Kabikarnapur has followed Murari's writings
কবিকর্বপূর্ন-কর্ত্তৃক মুরারিকে অমুসরণ

কবিকর্ণপূরের শ্রীচৈতক্সচরিতামৃত মহাকাব্যের অধিকাংশ তথ্য যে মুরারি গুপ্তের শ্রীকৃষ্ণতৈক্সচরিতামৃত হইতে লওয়া তাহা নিমে প্রদত্ত তুলনামূলক তালিকা হইতে প্রমাণিত হইবে। মুরারিকে মৃ. ও কর্ণপূরকে ক. বলিয়া উল্লেখ করা হইল।

মৃ. প্রথম প্রক্রম	ক. দ্বিতীয় সৰ্গ	মৃ. প্রথম প্রক্রম	ক.
212-0	> ¢	ন্ব্য সূৰ্গ	তৃতীয় সর্গ
२।६	29	৬	৬-৭
२।७	72	۵	><
२।१	25	>>	> ¢
२।৮	२०	>8	36-
२।२	٤,٢	১৬	२०
७ ।२७	6.6	> 9	२ >-२२
@129	¢ 9	72-	२७
ঙাণ	% 0	٤٥	₹8
७।२১-२२	90-98	२७	રહ
७ २७- २ €	१৮-१२	₹8	२१
8100	b2,ba	₹4	२৮
৬ ৩৩-৩৫	४९-५ २	২.৬	22-00
910	२ २	२৮	৩৫-৩৬
ঀৢ৻ড়	20	७२	9 5
919	ನ ಿ	৩৩	್ರಾ
913	दद	⊙ 8	8 0 - 8 2
9128	> 0	৩৬	. 80
9150	220	৩ ৭	88
5127-58	222-224		
6170	226	মৃ. দশম সর্গ	
6139	775	2	89
४।२ ०	>>>	•	86
- COM OF -	-	8	6 0
মৃ. প্রথম প্রক্রম	ক. তৃতীয় সৰ্গ		
ন্বম সূৰ্গ		. 5 9	(:
২ ত	২ ভ		€૨ ૯૨
		2	
œ	æ	~	e 5

শ্রীচৈতন্যচরিতের উপাদান

মু, দশম সৰ্গ	ক. তৃতীয় দৰ্গ	মৃ. প্রথম প্রক্রম	ক. ভৃতীয় সৰ্গ
٥.	a a	দ্বাদশ সর্গ	
>>	৫৬	8	774
১৩	¢ 9	٩	773
১৬	<i>৬۰,৬১</i>	ъ	\$2.
59	৬২	٦	757
\$ 5	৬৫	>•	255
२०	৬৬	>2	\$2 0- \$28
२२	৬৭		
২৩	৬৮	মৃ. ত্রয়োদশ সর্গ	ক. ততীয় সৰ্গ
₹¢	৬৯	2	229
२१	92	•	> >৮
		8	: २ २
	ক. তৃতীয় সৰ্গ	¢	500
2	৭৩	> .	ऽ ७ २
ર	98	78	> >
৬	৮৩	. 9	300
٩	64,b9		
P-9	p-p-		
22	52	মু. পঞ্দশ সৰ্গ	ক. চতুৰ্থ সৰ্গ
১২	25	2	a
>9	36-85	2	६- ७
>9	29	৩	> 4
74	۶٩	>>	e 2
\$5	२ ४	78	48
२०	55	১৬	69
٤ ۶	> • •	59	৫৮ (ভাষা
२२	> <		এক)
২৩	200	74	c >
28	2 0 8	29	<i>&</i> 5

মৃ. ষোড়শ সর্গ	ক. চতুৰ্থ দৰ্গ	মৃ. ২।দ্বিতীয় দৰ্গ	ক. পঞ্ম দৰ্গ
>	७२	۵۹	75
ર	৬৩	२১-२8	२०-२১
৬- ৭	૭ ૯	মৃ. ২।দিতীয় সর্গ	क सर्व सर्व
b	৬৬	,	
ે	৬৭	ર ৮	•
>>	%b-9 \$	২৯	8
		৩১	¢
		মৃ. ২৷তৃতীয় সর্গ	ক. ষষ্ঠ সৰ্গ
দিতীয় প্রক্রম		a	৬
মৃ. ২৷প্রথম সর্গ	ক, পঞ্চম দৰ্গ	৬	9
ઢ	2	٩	ь
>>	٩	ъ	રુ
5 2	8	22 (>>
30	¢	> ७	20
28	,s ₅	24	28
5 e	٩	১৬	٧٥-١٠
3%	Ь	२ ०	20
75	ء	25	36
২ ২	> 0	२०	39
28	7.7	₹9	>>
₹@	>>	₹@	22
२७	30		
২৭	\$8	মু. ২৷চতুৰ্থ সৰ্গ	ক. ষষ্ঠ দৰ্গ
		ર	२७
মৃ. ২।দ্বিতীয় সর্গ	ক. পঞ্চম দৰ্গ	•	₹8-₹€
22	: 0	8	२७
30	১৬	æ	२१
> ¢	> 9	•	२४
১৬	১৬	å	२३

শ্রীচৈতন্যচরিতের উপাদান

মৃ. ২াচ তু র্থ দ র্গ	ক. ষষ্ঠ দৰ্গ	মৃ. ২৷পঞ্ম সূর্গ	क. यष्ट्रं मर्ग
ь	٥.	>8->C	৬১
పె	٥٥	२०	৬৩
٥.	७२	22	98
\$ 2	ত৫	२७	৬৫
>8	৩৬	₹¢	<i>.</i> 56
> ¢	৩ ৭	26	৬৮
۵ ۹	© b	.	৬৯
55	৩৯	৩২	90
2 0	8。		<u>-</u>
۶ ۶	8 2	মু. ২। ষ্ঠ স্গ	ক. ষষ্ঠ দৰ্গ
२२	8 २	2	93
২৩	80	٠	92
₹8	88	¢ .	90
, २७	84-85	۹ .	98
२ १-२৮	8 9	٥.	90
	·-·\a\	> 2	9.5
	क. यष्ठं मर्ग	5	99
२৮-७১	86-	28	96
৩৩	82	5 9	92
૭ ೪-৩ ¢	e >	25	P 0
মু. ২। পঞ্চম সর্গ	ক. ষষ্ঠ সৰ্গ	₹ •	67
5	6 0	٤ ۶	८ २
2	¢8	<i>২৩</i>	50
æ	a a	२৫	P-8
· 5	e &	২ ৬	₽ @
٩	« 9	মৃ. ২৷ সপ্তম দর্গ	ক. ষষ্ঠ দৰ্গ
2	¢ b	2	৮৭
>>	63	2	৮৮
5 2	৬০	ь	> •

মৃ. ২। সপ্তম দর্গ	क. यष्टे मर्ग	মৃ. ২। নৰম সৰ্গ	ক. সপ্তম দৰ্গ
25	> <	20	≥ @
२ २	200	28	२२
₹¢	> 8		
ર ૧	> 0	মৃ. ২। নবম সর্গ	ক, সপ্তম সর্গ
		20	৩২
		22	৩৫
म्. २। अष्टेम मर्ग	ক. ষষ্ঠ সগ		
2	> 0	মৃ. ২। দশম সর্গ	ক. সপ্তম দৰ্গ
o	3 • 9	5	৩৭
8	7.02	2	815
¢	200	٠	82-60
٩	>> -	8	a 5
ь	222	a	¢ 2
22	225	•	¢ 8
24	>> 9	9	44-45
? °	556	۾	49
२७	229	> 0	¢ b
২ 8	250	>%	৬৬
₹.€	252	\$2	৬৭
২ ৭	>>>	২ ۰	৬৮
२৮	५२७	٤5	৬৯
		૨ ૨	90
মৃ. ২। নবম দর্গ	ক. সপ্তম দৰ্গ	२७	95
ં	>	₹1	90
8	2-22		
¢	25	মু. ২। একাদশ দর্গ	ক. সপ্তম দৰ্গ
•	30- 3 8	2	95
ь	> 6- ₹ °	9	, 9 9
: ₹	२७-२8	৬	96

শ্রীচৈতন্যচরিতের উপাদান

মু. ২৷ একাদশ সর্গ	ক. সপ্তম সর্গ	মু. ২। ত্রয়োদশ সর্গ	ক. অষ্টম দৰ্গ
٩	95	> 0	<u>ಾ</u>
ь	৮০	56	25-78
৯	6 2	٤>	> 0
> 0	₽8		
>>	6	মু. ২৷ চতু দশ সর্গ	ক অইম সর্গ
>0	৮৬	2	۱۳۰۱۵۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲۲
30	⊳ 9	8	રહ
> 9	bb,3°	¢ .	28
3 5	22	•	₹¢
२२	३ २	٩	૨ ৬,૨૧
20	ప్రాల	৮	26
₹8	28	> .	25
₹ @	96	30	৩৩
		>8	ં લ
মৃ. ২৷ দ্বাদশ সৰ্গ	ক. সপ্তম সর্গ	30	৩৬,৫১
٥	29	3.9	С Ь-
٩	24	39	৩৯,৪০
b	ನಿನ	\$b-	82-98
64-6	> 0	22	4.0
28	> 8-> 0	২ ৩	4 8
		•	
म्. २। जरशानम मर्ग	ক. অষ্টম সর্গ	The state of the state of	- कालेन सर्व
৬	>	মৃ. ২। পঞ্চলশ সৰ্গ ত	ক. অস্তম শুগ ৫৬
٩	2	J	« s
ь	•		
٦	8	म्. २। পঞ্চन मर्ग	ক. একাদশ সৰ্গ
> 0	৬	રુ	9
>>	9	>•	৮
>5	6	25	5

মৃ. ২। ষোড়শ সর্গ	ক. একাদশ সৰ্গ	মৃ. ৩৷ তৃতীয় দৰ্গ	ক. একাদশ সূৰ্গ
৬-9	२ ८ - २ १	৬, ৭	63
ನ	२৮	2 .	৬৽
20	৩৫	۵ ۹	৬১ (একই
\$ 5	S b		ভাষা)
य रा चलाव्य वर्ष	क अक्रमान पूर्व	74	৬১
ম্. ২। সপ্তদশ সর্গ	क. धकारन गग	20	৬২-৬৩
¢			
9	৩ ৯	মৃ ও চতুর্থ সর্গ	ক. একাদশ সূৰ্য
>>	8 •	8	৬৩ (একই
ग्. ১। अष्टोमन मर्ग	ক. একাদশ সৰ্গ		ভাষা)
>	8.2	> «	৬৫ (একই
٥	8२		ভাষা)
٩	go	₹₡	90
>>	80 **	ર .હ	٩٥
>8	88	৩৽	9 >
>9	84	७ ১-৩១	90
\$5	85	৩৫-৩৬	9 @
૨ ૧	S ٦		
		মৃ. ৩৷ পঞ্চম সর্গ	ক. একাদশ সূৰ্গ
মৃ. ৩৷ প্রথম দর্গ		2	9.5
79	¢ °	2.7	b.o
মৃ. ৩৷ দ্বিতীয় দৰ্গ	ক. একাদশ সৰ্গ	\$8-\$¢	63
`````	৫১ ( একই		
	ভাষা )	মৃ. ७। यष्ठं मर्ग	ক. একাদশ দৰ্গ
8	<b>¢</b> ₹	৩	د. م
٦	69		
		মৃ. ও৷ একাদশ সূৰ্গ	
	ক. একাদশ সৰ্গ	8-4	<b>&gt;</b> 2
۵	<b>@</b> 9	28	৬

## দ্রীচৈতন্যচরিতের উপাদান

মু. ৩৷ দাদশ সৰ্গ	ক. দাদশ সৰ্গ	মৃ. ৩৷ চতুদিশ সৰ্গ	क. द्यानम नर्ग
9	70-75	•	> 0
ء	20-29	8	> 9
52	₹8	9	272
20	७১-७२		
<b>.</b>	<b>৮</b>	মৃ. ৩৷ পঞ্চশ সূৰ্গ	ক. ত্ৰয়োদশ সৰ্গ
মু, ৩৷ ত্রয়োদশ সর্গ	ক. দ্বাদশ সৰ্গ	٩	৩
59	29	> 0	8
মৃ. ৩৷ চতুৰ্দশ সৰ্গ	ক. হাদশ দৰ্গ		
>	>08	ইহার পর আর বে	কান মিল নাই।

## চতুৰ্থ অধ্যায়

Sri Chaitanya in the writings of Kabikarnapur

## কবিকর্ণপূরের গ্রন্থসমূহে শ্রীচৈতন্য

পরমানন দেন স্থাসিদ্ধ শ্রীচৈত্যপারিষদ্ শিবানন সেনের কনিষ্ঠ পুত্র। কৃষ্ণদাস কবিরাজ লিখিয়াছেন—

চৈতক্যদাস রামদাস আর কর্ণপূর। তিনপুত্র শিবানন্দের প্রভূর ভক্তশূর॥—চৈ. চ., ১।১০।৩০

কর্ণপূর নাম নহে 'কবিরত্ন', 'কবিশেথরের' মতন উপাধি। শব্দটির অর্থ কর্ণের অলঙার। শ্রীমন্তাগবতে (৪।২২।২৫) 'হরেম্ছন্তৎপর-কর্ণপূর-গুণাভিধানেন' অর্থাৎ হরিভক্তগণের কর্ণপূর বা কর্ণের অলঙার-স্বরূপ শ্রীহরির গুণাবলী পূন: পূন: কীর্ত্তনের ফলে—এইরূপ প্রয়োগ আছে। সন্তবতঃ এই প্রয়োগ দেখিয়াই পরমানন্দ সেনকে কর্ণপূর উপাধি দেওয়া হইয়াছিল। শ্রীচৈতন্ত্র-চন্দ্রোদয় নাটকে কবি নিজের নাম পরমানন্দাস বলিয়া উল্লেখ করিয়াছেন—"শ্রীক্রফ্টেতন্তন্ত্র প্রিয়পার্থদশ্র শিবানন্দসেনশ্র তন্তক্ষেন নির্দ্মিতঃ পরমানন্দাসকবিনা" (নান্দান্তে স্ব্রধারের উক্তি)। তাহার শ্রীচৈতন্ত্রচরিতামৃত মহাকাব্যের শেষে আছে যে তিনি শিবানন্দ সেনের কনিষ্ঠ পূত্র—

ইং পরমক্পালোর্গেরিচক্রস্ম কোইপি প্রণয়-রসশরীরঃ শ্রীশিবানন্দসেনঃ ভূবি নিবসতি তস্থাপত্যমেকং কণীয়-ন্তংক্রতপরমমৌগ্রাচ্চিত্রং মেতং প্রবন্ধম ॥—২০।৪৬

গৌরগণোদ্দেশদীপিকাতেও কবি "পিতরং শ্রীশিবানন্দং দেনবংশপ্রদীপকং" বলিয়া উল্লেখ করিয়া নিজের নাম শ্রীপরমানন্দদাস লিখিয়াছেন (শ্লোক ৫)।
শ্রীকৃষ্ণাহ্নিককৌন্দীতে তিনি পরমানন্দদাস ও কবিকর্ণপূব উভয় নামই
লিখিয়াছেন। কবি তাঁহার স্থপ্রসিদ্ধ অলক্ষার-গ্রন্থ অলক্ষারকৌস্তভ আরম্ভ
করিয়াছেন—"স্বানন্দরসসভৃষ্ণঃ কৃষ্ণশৈচতক্তবিগ্রহা জয়তি" বলিয়া। গৌরগণোদ্দেশদীপিকায় (তৃতীয় শ্লোকে) নিজের গুরু শ্রীনাথকে শ্রীচৈতক্তের
দয়িত বলিয়া প্রণাম করিয়াছেন এবং শেষে (২১০-২১১ শ্লোকে) শ্রীনাথের
ভাগবতসংহিতার ব্যাখ্যার কথা ও কৃষ্ণদেবমৃতি-সেবার কথা বলিয়াছেন।

অলকারকৌস্তভে (১০।৫৮) ঐ চীকা হইতে একটি বাক্য উদ্ধার করিয়াছেন।
আনন্দর্শাবনচম্প্র প্রারম্ভে (শ্লোক ৫) তিনি স্বগুরুর ভাগবত-ব্যাখ্যার
গুণগান করিয়া লিখিয়াছেন—"আমর। শ্রীনাথ নামাভিধেয় সদ্গুরুকে স্থতি
করি, যিনি ব্রাহ্মণবংশের চন্দ্র, যিনি বিশ্বের রত্ত্বণ, যিনি প্রভু গৌরাঙ্গের প্রিয়
অন্তর্গজন, তাঁহার ম্থিনিংস্ত মধুর বৃন্দাবনের পরম রস-রহস্যযুক্ত কথাসরিৎ
পান করিয়া এই জগতে কে না আনন্দিত হয় ?"

শ্রীনাথের 'শ্রীচৈতন্মতমঞ্জ্বা' নামী ভাগবত টীকায় লিখিত আছে—

শ্রীকৃষ্ণ চৈতন্ত -মতান্ত্রণারি, যৎকিঞ্চিদিমিরসমঞ্জসত্বম্। অস্মিন্ সমাধাবলি শক্তিহীনঃ, শ্রীনাথনাম। বিদ্ধতি কশ্চিৎ॥

শীচিতের শ্রীমন্তাগবতের শ্লোক উদ্ধার করিয়া অনেকে সময়ে মনের ভাব প্রকাশ করিতেন এবং অন্তরঙ্গ ভক্তদের দঙ্গে বার্ত্তালাপ করিতেন। শ্রীনাথ ও সনাতন Srinath's gloss on Srimad Bhagavat (Srichaitanyamanjusha) and Sanatan Goswami's gloss on Srimad Bhagavat গোসামী তাঁহার মতাস্পারে শীমন্তাগবতের ব্যাখ্যা করিয়াছেনে। সনাতন

(Vaishnavatoshani) provides accurate view of Sri Chaitanya s viewpoint / doctrine বিশ্বামীর বৈষ্ণবতোষণা স্থাসিদ্ধ। শ্রীনাথের টাকা ১৯৫৫ খ্রীষ্টাব্দে শ্রীরন্দাবন-ধাম হইতে হরিদাস শর্মা কর্ক প্রকাশিত হইয়াছে। ইহার সহিত সনাতন গোস্বামীর টাকা মিলাইয়া পড়িলে শ্রীচেতগ্রমহাপ্রভুর মতবাদের থাটা পরিচয় মিলাইয়া পড়িলে শ্রীচৈতগ্রমহাপ্রভুর মতবাদের থাটা পরিচয় মিলাইয়া পড়িলে শ্রীচৈতগ্রমহাপ্রভুর মতবাদের থাটা পরিচয়

কবিকর্ণপূর মুরারিকে দৃঢ়ভাবে অন্তুসরণ করিয়। ঐতিচতন্তচরিতামৃত মহাকাবা লিপিয়াছেন। ইহাতে প্রমাণিত হয় যে কবির বয়স তথন অল্প, এবং তিনি সাধীনভাবে কাব্যরচনার পথ তথনও খুঁজিয়া পান নাই। এইজন্ত বলিতে হয় যে মহাকাব্যই তাঁহার প্রথম রচনা। এই গ্রন্থের শেষে আছে—

বেদা(৪) রদাঃ(৬) শ্রুতয়(৪) ইন্(১) রিতি প্রসিদ্ধি শাকে তথা থলু শুচৌ শুভগে ৮ মাসি। বারে স্থাকিরণনাম্যসিত দ্বিতীয়া— তিথ্যস্তরে পরিসমাপ্তিরভূদমুক্স॥ ২০।১৯

Srichaitanyacharitamrita mahakavya was completed on the 9th year [1542] of Sri Chaitanya's demise [1533].
অর্থাৎ ১৪৬৪ শকে আষাঢ় মাসে সোমবার কৃষ্ণপক্ষের দিতীয়ায় এই গ্রন্থ রচন।
সমাপ্ত হয়। এই তারিখে অবিশাস করিবার কোন হেতু নাই। ঐতিচতত্তার
তিরোভাবের নয় বৎসর পরে এই গ্রন্থ রচিত হয়। সেই সময় কবির বয়স
কত ছিল ও ডা: রাজেন্দ্রনাল মিত্র তাঁহার সম্পাদিত চৈত্তাচন্দ্রোর

ভূমিকায় (পৃ. ৬) লিখিয়াছেন যে কবিকর্ণপূর ১৫২৪ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন। ক্ষণাদ কবিরাজ প্রভুর অস্তালীলা বর্ণনায় (চৈ. চৈ., ৩।১২।৬০-৭০) লিখিয়াছেন যে শিবানন্দের কনিষ্ঠ পুত্রকে দেখিয়া প্রভু তাহার নাম জিজ্ঞাদা করিলেন: শিবানন্দ তাঁহাকে পরমানন্দাদ নাম জানাইলেন।

শিবানন্দ সেই বালক যবে মিলাইল। মহাপ্রভূ পদাঙ্গুঠ তার মুখে দিল॥—৩।১২

এই বর্ণনা হইতে মনে হয় এই সময়ে পরমানন্দ এরপ শিশু যে সে অঙ্কুলি চুষে। ইহার পর যখন শ্রীচৈতত্তের সঙ্গে পরমানন্দের দেখা হয় তথন তাঁহার বয়স দাত বংসর—

> সাত বংসরের বালক, নাহি অধ্যয়ন। এছে শ্লোক করে, লোকের চমংকার মন ॥---৩।১৬

এই ঘটনা যে ঐতিচতত্যের তিরোধানের বংসরে বা তুই বংসর আগে হয় তাহা নিশ্চিতরূপে জানিবার কোন উপায় নাই। ডাঃ স্থশীলকুমার দে লিখিয়াছেন (Vaisnava Faith and Movement, পৃ. ৩০) ঢাকা বিখ্বিতালয়ে রক্ষিত মহাকাব্যের এক পুঁথিতে (২০৮৯ সংখ্যক) লিপিকর বিফুলাস লিখিয়াছেন যে কর্ণপূর ১৬ বংসর বয়সে ঐ গ্রন্থ রচনা করেন। রুষ্ণদাস করিরাজ-বর্ণিত ঘটনাকে প্রভুর জীবনের শেষ বংসরের ঘটনা ধরিলে ১৫৪২ ঐটোকে কর্ণপূরের বয়স ১৬ হয়। যাহা হউক, মহাকাব্য রচনার সময়ে করিকর্ণপূর তরুণবয়য় ছিলেন ইহা তাঁহার লেখার ধরণ হইতে বুঝা যায়। তিনি কেবল যে মুরারিকে অন্ধ্রসরণ করিয়াছেন তাহা নহে, যেখানে সেখানে নিজের পাণ্ডিত্য দেখাইবার প্রয়াসও করিয়াছেন।* গ্রন্থের শেষে তিনি মুরারির নিয়লিথিতভাবে নিজের ঋণ স্বীকার করিয়াছেন—

97

^{*} ডাঃ স্থালক্ষার দে বলেন—"For a boy in his teens, who calls himself a sisu, the work is indeed a notable literary achievement; but its immaturity is obvious, and one can not assign to it high poetic merit......

He succumbs very often, in his youthful enthusiasm, to the temptation of rhetorical display in general and of committing the verbal atrocities of Citra-bandha in particular, while his conscious employment of varied metres is an aspect of the prevailing tendency of his time towards laboured artificiality." (Vaisnava Faith, pp-432-33)

আশৈশবং প্রভূচরিত্রবিলাসবিজ্ঞৈ:
কেচিন্মুরারিরিভিমঙ্গলনামধেয়েঃ।
যদ্মদিলাসললিতং সমলেথিতজ্ঞত্তি
ন্তত্ত্বিলোক্য বিলিলেথ শিশুঃ স এষঃ॥—২০।৪২

শৈশবাবধি যিনি প্রভুর চরিত্র ও বিলাস বিষয়ে স্থবিজ্ঞ সেই তরজ্ঞ "মুরারি"
—এই মঙ্গলনামা কোন এক মহাত্মা যে যে বিলাস-লালিত্য সম্যক্ লিথিয়াছেন,
এই আমি শিশু তাহাই দেথিয়া লিথিয়াছি।

বন্ধাঞ্জলিঃ শিরসি নির্ভরকাকুবাদৈ ভূরো নমাম্যহমসৌ স মুরারিসংজ্ঞং। তং মুগ্ধকোমলধিয়ং নস্থ যংপ্রসাদা-ডৈভেন্সচন্দ্রচরিভামৃতমক্ষিপীতং॥

আমি মন্তকে অঞ্জলিবদ্ধ করিয়া নিরতিশয় কাকুবাক্যে পুনঃপুনঃ সেই মনোহর ও কোমলবৃদ্ধি মুরারি-নামক মহাত্মাকে প্রণাম করিতেছি। তাঁহারই প্রসাদে শ্রীচৈতক্যচন্দ্রের চরিতরূপ অমৃত আমার চক্ষু পান করিয়াছে।

পূর্বেই বলিয়াছি মহাকাব্যের প্রথম আট দর্ম ও একাদশ দর্ম মুরারি গুপ্তবণিত লীলার দৃচ অন্থদরণ করিয়া লেখা। মূলতঃ মুরারিকে অন্থদরণ করিলেও
স্থানে স্থানে মুরারির সহিত মহাকাব্যের পার্থক্য দেখা যায়। এই পার্থকঃ
দুইটি কারণে ঐতিহাসিকের নিকট অত্যন্ত মূল্যবান্, প্রথমতঃ মুরারির কিছু
অস্পষ্টতা বা ভ্লক্রটি থাকিলে, তাঁহার গ্রন্থরচনার অত্যন্তকাল পরেই কবিকর্ণপূর সেগুলি সম্বন্ধে তাঁহার পিতা শিবানন্দ সেন ও অন্থান্থ ভক্তগণের নিকট
অন্থদ্ধান করিয়া যথার্থ বিবরণ দিয়াছেন। মুরারিকে দৃচভাবে অন্থদরণ
করিতে করিতে তিনি কোথাও তাঁহার উক্তির বিক্রদ্ধে যাইলে মনে করিতে
হইবে যে বিশেষ কোন কারণবশতঃ মুরারির মত কবিকর্ণপূর গ্রহণ করিতে
পারেন নাই। যে শ্লোকগুলিতে কবিকর্ণপূর মুরারির প্রতিধ্বনি করিয়াছেন,
সেগুলির বণিত ঘটনা সম্বন্ধে কোন প্রকার সন্দেহ থাকিতে পারে না।

মুরারির গ্রন্থ পড়িয়া মনে হয় যে অবৈতের সহিত বাল্যকালে বৃঝি বিশ্বস্তারের পরিচয় ছিল না ও গয়া হইতে প্রত্যাবর্ত্তনের কিছু পরে শ্রীবাসাদিসহ শান্তিপুরে যাইয়া বিশ্বস্তর অবৈতের সহিত সাক্ষাৎ করেন (২)৫।১-৩০)। কিন্তু কবিকর্ণপূর মহাকাব্যে বলিয়াছেন যে অবৈতই

প্রথম শ্রীবাদের বাড়ীতে বিশ্বস্তরের সহিত সাক্ষাৎ করিতে আসেন (৫।২৪, ৩১)। বৃন্দাবনদাস বলেন যে বিশ্বরূপ অবৈতের নবদীপস্থ ভবনে প্রায়ই যাইতেন ও শিশু বিশ্বস্তর একদিন তাঁহার বড়ভাইকে ডাকিতে সেখানে গিয়াছিলেন (২।২২।৩১৭ পৃ.)। এস্থলে বৃঝিতে হইবে যে ম্রারি অবৈতের সহিত বিশ্বস্তরের পূর্ব্ব-পরিচয় অপ্রয়োজনীয়-বোধে বর্ণনা করেন নাই, কেন-না ভাবের মানুষ বিশ্বস্তরের সহিত যে পরিচয় দেই ত সত্য পরিচয়।

কবিকর্ণপ্রের মহাকাব্যের ঐতিহাসিক ম্ল্যের দিতীয় কারণ এই যে কবি কোন কোন স্থানে অলোকিক ঘটনার যোগ করায় বা নবভাব সংযোগ করায় ঐচিতভ্যসম্প্রদায় কি করিয়া বিকসিত ও গঠিত হইতেছে তাহার ধারা ব্ঝিতে পারা যায়। ঐচিতভ্য যে তের মাস গর্ভে ছিলেন এমন কথা মুরারি লেখেন নাই; অথচ কর্ণপূর (২।২৪) তাহা বলিয়াছেন। ম্রারি (১।৫।৬-১৫) ব্রন্ধাদিদেবগণকর্ত্তক শচীর গর্ভস্কতি বর্ণনা করিয়াছেন; রন্দাবনদাসও (১।২।২০-২২ পৃ.) ম্রারিকে এবং ভাগবতের দেবকী-গর্ভ স্থিতিকে অন্নরণ করিয়া লিথিয়াছেন—

#### "ব্ৰহ্মা-শিব-আদি স্তুতি করেন আসিয়া।"

Murari and Vrindavandas had not mentioned that Nimai was in the womb for 13 months.

কিন্তু ইহার। কেহই নিমাইয়ের তের মাস গর্ভবাসের কথা লেখেন নাই। কবিকর্ণপূর একটু অতিপ্রাক্তভাব স্বাষ্ট করার অভিপ্রায়ে ঐ কথা যোগ করিয়াছেন মনে হয়। কৃষ্ণদাস কবিরাজও (১।১৩) এখানে ম্রাধরিকে অস্তুসরণ না করিয়া কবিকর্ণপূর-বর্ণিত তের মাস গর্ভবাসের কথা লিখিয়াছেন।

ম্রারি বলেন জগনাথ মিশ্র পুত্রের জাতকর্ম-মহোৎদবে তাম্বল, চন্দন, মাল্য ও গন্ধ দিয়াছিলেন (১।৫।২৯)। কর্ণপূর বলেন (২।৪৩) যে ইয়ন্তা করা যায় না এত ধন জগনাথ মিশ্র দিজাতিকে দিয়াছিলেন। বৃন্ধাবনদাস বলেন—

Father of Naimai was not wealthy as per Murari and Vrindavandas

শুনি জগরাথ মিশ্র পুত্রের আখ্যান।
আনন্দে বিহরল বিপ্রে দিতে চাহে দান॥
কিছু নাহি—স্থদরিদ্র, তথাপি আনন্দে।
বিপ্রের চরণ ধরি মিশ্রচক্র কান্দে॥—১।২।২৬ পৃ.

এখানে বৃন্দাকন দাদের দক্ষে ম্রারির বর্ণনার বিশেষ কিছু পার্থকা নাই— কেন-না মাল্য চন্দন দিতে দে যুগে খরচ হইত না। কর্ণপূর প্রভূর পিতাকে

দরিদ্র করিয়া আঁকিতে চাহেন নাই। তিনি (২।৬৫) শি<del>ত্ত</del>-নিমাইয়ের গায়ে "প্রবালমুক্তা মণিহার, মনোজ্ঞ কন্ধণ, কিন্ধিণী" প্রভৃতি গহনার কথা লিখিয়াছেন-- মুরারিতে এরকম কিছু নাই। মুরারি (১।৬।২) বলেন-- নিমাই একদিন শুক্ষ পল্লবদ্বারা বয়স্তকে আঘাত করিয়াছিলেন, কর্ণপূরের হাতে উহ। নবপল্লবে পরিবর্ত্তিত হইয়াছে (২।৬৭)। মুরারিতে আছে (১।৬।২১-২২) নিমাই একদিন শচীকে "মূঢ়ে" সম্বোধন করিয়াছিলেন, কর্ণপুর ঐ ঘটনা বর্ণনার সময় ঐ শব্দ পরিত্যাগ করিয়াছেন (২।৭৮-৭৯)। বিশ্বস্তর গ্রা হইতে ফিরিয়া আসিয়া মাকে প্রণাম করিলে, সহসা কাংস্থা, বংশী, বীণা ও মুরজ প্রভৃতির মনোহর ধ্বনি হইল (কাব্য ৪।৭০) এরপ কথা কর্ণপুর লিখিলেও, মুরারি বলেন নাই। শচী খুসী হইয়া বড়লোকের মত ব্রান্ধণ, নর্ত্তক ও বাদক প্রভৃতিকে টাকাপয়স। বিতরণ করিলেন (কাব্য 819৫) এরপ কথাও মুরারিতে নাই। বিশ্বন্তর মিশ্র কোন নীচজাতির
As per Murari Nimai had cleaned a temple with broom etc. কাজ নিজে করিয়াছেন একথা বলিতে মুরারির বাবে না, কিন্তু কর্ণপূরের বাধে। মুরারি বলেন একদিন বিশ্বস্তর বাঁটা ও কোদাল হাতে করিয়া
Hadika., m. a servant of the lowest caste আচার্য্য প্রভৃতির হাতেও এরপ দিয়া "কৃষ্ণশু হড়িছপা ভূত্বা" এক দেবালয় পরিষ্ণার করিয়াছিলেন (২।১৩।১-৫)। কর্ণপূর এই ঘটনাটি বাদ দিয়াছেন। কিন্তু মুরারির গ্রন্থ এন্থলে প্রক্ষিপ্ত হয় নাই তাহার প্রমাণ পাওয়। যায়
Narahari Chakraborty had quoted the above verse (2/13/1-5) from Murari অষ্টাদশ শতকের প্রথমে নরহরি চক্রবভী কর্তৃক মুরারির খ্লোক কয়টি উদ্ধার করায় (ভক্তিরত্নাকর পূ. ৮৫২)। এইসব দৃষ্টান্ত হইতে বুঝা যাইবে যে শ্রীচৈতন্তের তিরোভাবের নয় বংসরের মধ্যেই কিভাবে শ্রীচৈতক্যচরিতে সংযোজন-সংশোধন-প্রক্রিয়া আরম্ভ হইয়াছিল। যোড়শ শতাব্দীর শেষভাগে এই প্রক্রিয়ার রূপ কেমন হইয়াছিল তাহা ক্লফ্লাস কবিরাজের রচনার সহিত আবার কবিকর্ণপূরের রচনা মিলাইয়া পড়িলে বুঝা যাইবে।

কবিকর্ণপূর একাদশ সর্গ পর্যান্ত ম্রারিকে অনুসরণ করিয়া লিখিয়াছেন।
তারপরের ঘটনাগুলি তিনি তাঁহার পিতা ও অন্তান্ত ভক্তদের নিকট ভানিয়া
লিখিয়াছেন। দাদশ সর্গে সার্কভৌম-উদ্ধার, ত্রয়োদশে দাক্ষিণাত্য-ভ্রমণ ও
রামানন্দমিলন ও প্রতাপক্ত-উদ্ধার, চতুর্দশ হইতে অষ্টাদশ সর্গে পুরীতে
প্রভুর ভাবোয়ত্তা, এবং উনবিংশ ও বিংশ সর্গে বৃন্দাবন-ভ্রমণ ও তথা
হইতে পুরীতে প্রত্যাবর্ত্তন বণিত হইয়াছে। সমগ্র মহাকাব্যখানি ১৯১১টি
ক্লোকে শেষ হইয়াছে।



মহাকাব্যের সহিত চৈতন্তচন্দ্রোদয় নাটক মিলাইয়া পড়িলে দেখা যায়
যে নাটক রচনার সময়ে কবির রচনাশৈলীর যথেষ্ট উন্নতি হইয়াছে।
শেষাক্ত লেখার মধ্যে সংযমের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। মহাকাব্যে কেবল
শ্রীচৈতন্তের বিয়োগে তৃঃথপ্রকাশ আছে, আর নাটকে প্রভুর প্রায় সকল ভক্তই
তিরোহিত হইয়াছেন বলা হইয়াছে। "এতাং তংপ্রিয়মণ্ডলে শিব শিব
স্বত্যেকশেষংগতে।" (নাটক দশমাঙ্কের পর দিতীয় শ্লোক)। প্রসক্তমে
বলা যায় যে আনন্দরন্দাবনচন্দ্র মঙ্গলাচরণেও কবি লিখিয়াছেন—"শ্রীচৈতন্ত্র
ভগবানের পার্যদগোদ্রী স্ব অভীষ্ট ধামে গমন করায়, তাঁহাদের তিরোধানহেতু বিদয়্ধ বিরহী ভক্তগণের প্রণয়রসধার। বিলুপ্ত ও বিপয়্ত হইয়াছে।
তাই সকবির কবিতামাধ্র্য আছ অবলম্বনহীন হইয়া পড়িয়াছে (শ্লোক ৬)।"

শ্রীচৈতন্ত চন্দ্রাদয় নাটকের প্রস্তাবনায় আছে যে মহারাজ প্রতাপক্ষর শ্রীচৈতন্ত বিরহে শোকাকুল হইয়াছিলেন এবং তাঁহার শোক অপনোদনের জন্ত এই নাটকের অভিনয়ের ব্যবস্থা করা হয়। স্ত্রধার বলিতেছেন যে "গজপতিনা প্রতাপক্ষণ্ডেগদিষ্টোহন্মি।" প্রধানতঃ ইহার উপর ভিত্তি করিয়া আমি এই গ্রন্থের প্রথম সংস্করণে বলিয়াছিলাম যে নাটক প্রতাপক্ষরের জীবিতকালেই অর্থাং ১৫৪০ খ্রীষ্টান্দের কাছাকাছি লিখিত হইয়াছিল। কিন্তু এখন ম্বারি গুপ্তের সহিত কর্ণপূরের মহাকাব্যের অনেকগুলি শ্লোক একেবারে মিলিয়া যাইতেছে দেখিয়া দিদ্ধান্ত করিতেছি যে মহাকাব্য সত্যই অপরিণতব্যঙ্গ ব্যক্তির লেখা এবং ঐ লেখার অনেক পরে চৈতন্ত চন্দ্রোদয় নাটক লিখিত হইয়াছিল। প্রতাপক্ষরে আদেশের কথাকে আমি ঐতিহাসিক সত্য বলিয়া মানিয়া লইয়াছিলাম; এখন উহাকে কাল্পনিক বলিয়া ধরিতে হইতেছে।* নাটকীয় পাত্র-পাত্রীর মধ্যে কবিকর্ণপর প্রতাপক্ষরতে রক্ষমঞ্চে ক্যেক্বার

^{*} ডাঃ স্থালকুমার দে এই প্রন্থের প্রথম সংহরণে প্রস্তু আমার মত সহক্ষে লিখিয়াছেন—
"One must, however, recognise the difficulty of this reference, for most historians are of opinion that Prataprudra was dead by 1540 A. D. This is one of the strong reasons which leads B. Majumdar to hold that the drama was composed before 1540, that is, even before the poem, which is dated 1542 A. D." (Vaisnava Faith and Movement, P. 34, Footnote 2). অধ্যাপক শিবপ্রসাদ ভট্টাচার্য্য (Our Heritage IV-I 1956, পৃ. ১-১৯) এখন নিঃসন্দেহে প্রমাণ করিয়াছেন যে নাটকপানি পরিণত ব্যস্কের রচনা।

নামাইয়াছেন। যে-সমস্ত সংস্কৃত নাটকের প্রস্তাবনায় কোন রাজার আদেশে নাটক-রচনার কথা আছে, সেই রাজাকে ফের নাটকের মধ্যে নাটকীয় পাত্ররূপে অবতারণা করাইবার রীতি অন্ত কোথাও আছে বলিয়া আমার জানা নাই। কবিকর্ণপূর প্রতাপক্তের রাণীকেও রঙ্গমঞে নামাইয়াছেন; রাজ। জীবিত থাকিলে এরপ হুইতে পারিত কিনা সন্দেহ। স্থতরাং চৈতন্ত-চন্দ্রোদয় নাটকের নারদ, কলি, অধর্ম, বিরাগ, ভক্তিদেবী, প্রেমভক্তি প্রভৃতি পাত্র-পাত্রী যেমন কাল্পনিক, প্রস্থাবনায় উল্লিখিত প্রতাপরুদ্রের আদেশও সেইরপ কাল্পনিক বলিয়া ধরিতে হয়। বস্তুতঃ ১৫৩৩ খ্রীষ্টাব্দে প্রভুর তিরোভাবের সময়ই প্রতাপক্ষরের বিরহভাব জাগিবার কথা, কিন্তু কর্ণপূর তথনও শিশু বা কিশোর—নাটক লিখিবার মতন বয়স তাঁহার হয় নাই। আমি নাটকের রচনাকাল সম্বন্ধে ডাঃ স্থশীলকুমার দে-র মত মানিয়া লইতেছি। তিনি লিখিয়াছেন—"If Kavikarnapura does not strictly follow Murari's account in this work, and departs in many details from his earlier poem, it is perhaps due to his more mature and fuller knowledge and judgment, as well as to his desire to enlarge in the drama upon the later phase of Caitanva's life, as much as his immature poem was largely devoted (after Murari Gupta) to its earlier phase. (Vaisnava Faith and Movement, P. 34)." ১৫৭২ এটাকে বচনার কথা শ্রীচৈত্রচন্দোদয় Srichaitanyachandradoya drama was written

নাটকের শেষে নিম্নলিখিত শ্লোকে পাওয়া যায়— (completed) in 1572 as per the verse at the end of the said drama.

শাকে চতুর্দশশতে রবিবাজিযুক্তে গৌরোহরিগরণিমওলে আবিরাদীং। তিমিংশুর্নবিভিতাজি তদীয় লীলা-গ্রস্থোহয়মাবিরভবং কতমস্য বক্তাং॥

কেহ কেহ এই শ্লোকের অর্থ ১৫০১ শকে অর্থাৎ ১৫৭৯ খ্রীষ্টাব্দে রচনা বলিয়া ধরেন। কিন্তু ১৫৭৬ খ্রীষ্টাব্দে রচিত গৌরগণোদ্দেশদীপিকায় (৩৪ শ্লোকে) চৈতক্যচন্দ্রোদয় নাটকের শ্লোক উদ্ধৃত আছে, স্বতরাং ১৫৭৯ খ্রীষ্টাব্দে নাটক রচিত হইতে পারে না।

শ্রীচৈতম্রচন্দ্রোদয় নাটকে শ্রোভাদের মনে শ্রীচৈতন্তের ঈশর্ভ সম্বন্ধে ধারণা

জনাইবার আপ্রাণ চেষ্টা দেখা যায়। যেখানেই জনসাধারণের পক্ষে বিশাস করা কঠিন এমন কোন ঘটনা বলা হইয়াছে, সেখানেই তাহার পক্ষে অমুকূল যুক্তি দেখান হইয়াছে। দৃষ্টান্তস্বরূপ প্রথম অঙ্কের স্ত্রধার ও পারিপার্বিকের এবং কলি ও অধর্মের কথোপকথন উল্লেখ করা যাইতে পারে। অবশ্র এই নাটকে শ্রীচৈতন্মও শ্রীমন্তাগবতের শ্লোকাদি উদ্ধার করিয়া নিজের উক্তির সমর্থন করিতেছেন দেখা যায়*। নাটকে বর্ণিত রামানন্দ-সংবাদ ক্লফ্দাস কবিরাজ কিভাবে উন্টাপান্ট। করিয়া লিখিয়াছেন তাহা শ্রীচৈতন্মচরিতামত বিচারের সময় আলোচনা করিব। পরবন্তী বিচারে দেখাইব যে শ্রীচৈতন্তার সাম্প্রদায়িক ধর্ম স্থাপন ও প্রচার করিবার জন্ম তাঁহার প্রাচীনতম চরিতাখ্যায়ক মুরারি গুপ্ত ও কবিকর্ণপূরের কতকগুলি উক্তির অবলোপসাধন করা প্রয়োজন হইয়াছিল। কিন্তু শ্রীচৈতত্তের জীবনী লিখিতে গেলে এই ছুই জনের সম্পর্কিত ঘটনা বা ইহাদের গ্রন্থকে বাদ দেওয়া খুব কঠিন কাজ। সেইজগ্র কোন কোন বৈহুব এরপ তুই-একটি কাহিনীর সৃষ্টি করিয়াছিলেন, যাহাতে ইহাদের প্রতি লোকের শ্রদ্ধার কিছু হ্রাদ হয়। 'পুরীদাদ' নাম এইরূপ একটি কাহিনী। অপর কাহিনী হইতেছে কৃষ্ণদাদ-কবিরাজ-বর্ণিত পুরীদাদের 'কৃষ্ণ' না বলা।

'কৃষ্ণ কহ' বলি প্রভু বোলে বার বার।
তভু কৃষ্ণ নাম বালক না করে উচ্চার॥
শিবানন্দ বালকেরে বহু যত্ন কৈলা।
তভু সে বালক কৃষ্ণ নাম না কহিলা॥
প্রভু কহে আমি নাম জগতে লওয়াইল।
স্থাবর পর্যন্ত কৃষ্ণ নাম কহাইল॥
ইহারে নারিল কৃষ্ণ নাম কহাইলে।
ভূমিরা স্বরূপ গোসাঞি কহেন হাসিতে॥
তুমি কৃষ্ণ-নাম-মন্ত্র কৈলে উপদেশ।
মন্ত্র পাঞা কারে। আগে না করে প্রকাশ॥

Srimad Bhagavat verses quoted in the drama of Kabikarnapur

* প্রথম অক্টে প্রভু শ্রীমন্তাগবতের ৬।১২।২২, ৭।১০।৪৮, ৭।১৫।৭৫, ১০।৯।২১, পঞ্চম অক্টে ১১।২৩।৫৭, অন্টম অক্টে ১১।২৯।৩ প্লোক উদ্ধৃত করিয়াছেন। ভাগবতের স্লোক দিয়া কথোপকগনের রীতি যে তিনি অবলম্বন করিয়াছিলেন শ্রীচৈতক্সভাগবত হইতেও তাহা প্রমাণিত হয়।

#### মনে মনে জপে—মুখে না করে আখ্যান। এই ইহার মন:কথা করি অন্নমান ॥

— চৈ. চ.. **৩**।১৬।৬২-৬৭

কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী সরূপ-দামোদরের একটি অনুমান জুড়িয়া দিয়া বৈষ্ণবগণের পূর্ব্বোল্লিখিত প্রচেষ্টার সঙ্গে কবিকর্ণপূরের আদিম শ্রীচৈতন্ত-সম্প্রদায়ে উচ্চস্থানের একরূপ সামগ্রস্থা-বিধান করিলেন।

আদিম শ্রীচৈতন্তরগাষ্টাতে শিবানন্দ সেনের স্থান কিরূপ উচ্চ ছিল তাহা মুরারি গুপ্তের কড়চার, কবিকর্ণপূর-কৃত নাটকে, শীচৈত্যুচরিতামত মহাকাব্যে, পুরুষাবনদাদের শ্রীচৈত্যভাগবতে, গুজয়ানন্দের শ্রীচৈত্যুসঙ্গলে, " ও কৃষ্ণদাস কবিরাজের শ্রীচৈতক্সচরিতামতে বর্ণিত আছে।*

Importance of Sri Chaitanyachandrodaya natak

ভাতিতি সাচ্ছে প্র নাটকের প্রানাণ্য বিচার
From the historical point the drama of Kabikarnapur is used as the source regarding Sri Chaitanya's life after visit to south of India till Cambhira-lila

ত তীচৈত্ত্বলীলার এতিহাবিচারের জন্য দাক্ষিণাত্য-ভ্রমণের পর হইতে

গভীরা-লীলা পর্যান্ত কালবিষয়ে শ্রীচৈত্যাচন্দ্রোদয় নাটকের প্রমাণ বিশেষ মূল্যবান্। ইহার কারণ চুইটি। প্রথমতঃ এই গ্রন্থ বৈষ্ণব-সমাজে সাধারণতঃ Many biographers of Sri Chaitanya had quoted from the Srichaitanyachandradoya drama আদৃত ও প্রামাণ্যরূপে গৃহীত হয় এবং কবিকর্ণপূরের পরবন্তী চৈতক্যচরিত-লেথকের) ইহার প্রমাণ উদ্ধার করিয়াছেন। কৃষ্ণদাস ক্রিরাজের প্রীচৈত্ত্ত-Krishnadas Kaviraj had quoted 14 verses from Srichaitanyachandradoya drama চবিতামতে নিম্লিথিত চৌদটি শ্লোক নাটক হইতে উদ্ধৃত হইয়াছে—

- (১) দার্বভৌমের দহিত বিচার—নাটক, ৮৮৭; চৈ. চ. ২৮৮১৩৩-এর পর
- (২) স্বরূপ দামোদধের শ্রীচৈতত্ত্য-শুব্-নাটক, ৮।১৪ ; চৈ. চ., ২।১০।১১৬র পর
- ১ মুরারি গুপ্তের কড়চা, ৪।১৭।৬
- २ बैटिड्याट्सामग्र नार्टिक, ४१८१, २१२, २१३, २०१३, २०१७, २०१७
- ৬ শ্রীচৈতস্মচরিভামত মহাকার্, ১৩।১২৭, ১৪।১০০-১০২, ২০।১৭
- ৪ বুন্দাবনদাসের খ্রীচৈতস্তভাগ্রত, ৩া৫।৪৪৫, ৩া৯।৪৯১, ৩া৯।৪৯৩
- ৫ জারনন্দের চৈতক্তমঙ্গল, পৃ. ১৪২
- ७ (ह. ह., ७।२।२२-२४, ७।२०।२७३, ७।२२।२२, ७।२२।८८, ७।२७।७०

- (৩) প্রতাপরুদ্রের সহিত মিলন—নাটক, ৮।২৭, ২৮, ৩৪ ; চৈ. চ., ২।১১।৬ ৮, ৩৭-এর পর
- (৪) শিবানন্দের সহিত মিলন—নাটক, ৮।৫৭; চৈ. চ., ২।৯।১৩৬-এর পর
- (৫) শ্রীরূপের সহিত শ্রীচৈতন্তের মিলন—নাটক, ৯।৪৮, ৯।৪২, ৯।৪২, চৈ. চ., ২।১৯।১০৯-এর পর

শিবানন্দ সেনের পুত্র কবিকর্ণপূর। রূপের মিলন গ্রন্থে লিথিয়াছেন প্রচুর॥

(৬) রপ-সনাতনের প্রতি রুপা—নাটক, নাঙ্গ-১৬-১৮; চৈ.চ., ২।২৪।২০৯-এর পর

> নিজ গ্রন্থে কর্ণপূর বিস্তার করিয়া। সনাতনে প্রভুর প্রসাদ রাথিয়াছে লিথিয়া॥

(৭) রখুনাথের মহিমা—নাটক, ১০।০-৪; চৈ. চ, ০।৬।২৫৯-এর পর এই প্রস্তাবে শ্রীকবিকর্ণপুর। রঘুনাথের মহিমা গ্রন্থে লিখিয়াছে প্রচুর॥ শিবানন্দ থৈছে সেই মন্ত্রে কহিল। কর্ণপুর সেইরূপ শ্লোক বর্ণিল॥

শে কয়টি ঘটনা-উপলক্ষ্যে কবিরাজ-মহোদয় কবিকর্ণপুরের শ্লোক তুলিয়াছেন,
Krishnadas Kaviraj had not given due credit to Kabikarnapur against quoting from later's writings
শে কয়টি ঘটনাই প্রীচেতগুলীলার অগুতম প্রধান বিষয়। অথচ কবিরাজ
গোস্বামী যখন স্বগ্রন্থবর্ণিত লীলার প্রমাণ-পঞ্জীর উল্লেখ করিয়াছেন, তখন
কবিকর্ণপূরের নাম করেন নাই; যথা—১৮৮২ - ৪৫ ও ১৮৮৭৬ পয়ারে
কেবলমাত্র বুন্দাবনদাসের নাম; ১৮০৮৪ মুরারি গুপ্তের নাম; ১৮০৮৫
সরপ-দামোদরের নাম; ১৮০৮৪৪-৪৮ স্বরপ-দামোদর, মুরারি ও বুন্দাবনদাসের নাম; ১৮৭৩২০ বুন্দাবনদাসের নাম; ২০২৭০ স্বরপ ও রঘুনাথদাস
গোস্বামীর নাম; ২০১৪৪৮৮

রঘুনাথদাসের সদা প্রভূ-সঙ্গে স্থিতি। তাঁর মূথে শুনি লিখি করিয়া প্রতীতি॥

কবিকর্ণপ্রের নাটকের শ্লোক যে স্থানে উল্লেখ না করিয়া পারা যায় না, মাত্র সেই স্থানেই কবিরাজ গোস্বামী তাহার উদ্ধার করিয়াছেন, অত্যাত্ত স্থানে তাঁহার নাম উল্লেখ না করিয়া তাঁহার গ্রন্থের ভাবাম্থবাদ বা স্থানে স্থানে আক্ষরিক অমুবাদ করিয়াছেন। ইহার উদাহরণ এই অধ্যায়েই পরে দিতেছি। কবিরাজ গোসামীর পক্ষে কবিকর্ণপ্রকে বুন্দাবনদাস, স্বরূপ-দামোদর ও রগুনাথদাস গোসামীর সহিত প্রামাণ্য বলিয়া উল্লেখ করা কেন শস্তবপর হয় নাই, তাহা শ্রীচৈতক্যচরিতামৃতের বিচারে উল্লেখ করিব।

ভক্তিরত্বাকরে কবিকর্ণপূরের নাটকের কয়েকটি শ্লোক উদ্ধৃত হইয়াছে। ১৬৩৪ শকে অর্থাৎ ১৭১২ খ্রীষ্টাব্দে কুলনগর-নিবাসী পুরুষোত্তম বা প্রেমদাস সিদ্ধান্তবাগীশ ঐটেচততাচন্দ্রোদয় নাটকের অন্থাদ বাঙ্গালা পছে করেন। প্রেমদাস শ্রীচৈতত্যের সমসাময়িক জগরাথ-নামক ব্রাহ্মণের প্রপৌত্র এবং বাগনাপাড়ার রামাই ঠাকুরের শিগ্র বলিয়া নিজের পরিচয় দিয়াছেন।

পদক্তা উদ্ধবদাস লিথিয়াছেন-

শ্রীটেতগ্রচন্দ্রোদয়,

ত্রবাবলী গ্রন্থচয়

রচিলেন কবিকণপুর।

যা শুনি ভক্তি উদয়

নান্তিকতা নষ্ট হয়

**अटेनक्ष्त जात रहा मुद्र**॥

কর্ণপুর গুল যত

একগ্থে কৰ কত

চৈতত্যের বরপুত্র থেঁহ।

উদ্ধবেরে দয়া করি জ্ঞানচন্দু দান করি

কবিত্ব লওয়ায় জানি তেঁহ। 2

শ্রীযুক্ত মূণালকান্তি ঘোষ মহাশয় এই উদ্ধবদাসকে রাধামোহন ঠাকুরের শিষ্য বলিয়া নিণয় করিয়াছেন এবং ইনি গদাধর পণ্ডিতের শিষ্য উদ্ধবদাস নহেন এরপ প্রমাণ করিতে চেষ্টা করিরাছেন। " শ্রীযুক্ত হরেকৃষ্ণ মূখোপাধ্যায় মহাশয় গদাধর পণ্ডিতের শিশা উদ্ধবদাদের একটি পদ উদ্ধার করিয়াছেন। " আমার উদ্ধৃত পদের শেষ তিন চরণ দেখিলে মনে হয় ঐ পদের লেথক কবিকর্ণপূরের ব্যক্তিগত সংস্পর্শে আদিয়াছিলেন।

১ গৌরপদতরক্রিণী, ৬।৩ ৪৭

ঐ ২য় সংস্করণ, ভূমিকা, পৃ. ৭৪-৭ঃ

৩ ভারতবর্ষ, কার্ত্তিক, ১৩৪১

# Gourganoddeshadipika of Kabikarnapur (ว่าโสกไปใหม่คโคค)

কবিকর্ণপূর পৌরগণোদ্দেশনীপিকায় ঐতিচতন্তের সমসাময়িক ভক্তবৃদ্দের তব্ব নিরূপণ করিয়াছেন। উক্ত গ্রন্থের পঞ্ম সংখ্যক শ্লোকে পাওয়া যায় যে শ্রিপরমানন্দদাস-নামক এক ব্যক্তি কতিপয় মহাস্কৃত্ব সাধু ব্যক্তির অন্তরোধে এই গ্রন্থ লিখিলেন। গ্রন্থকার স্বরূপদামোদরাদির গ্রন্থ দেখিয়া, মথুরা, উড়িয়া ও গৌড়দেশের ভক্তদের মুখে শুনিয়া এবং স্ব-মনীষার দারা বিচার করিয়া এই তব্ব নিরূপণ করিয়াছেন। গ্রন্থের শেষ শ্লোক হইতে জানা যায় যে ইহা ১৫৭৬ গ্রিষ্টাব্দে সমাপ্ত হয়। ইহাতে শ্রীটেতন্যচন্দ্রোদয় নাটকের শ্লোক ধৃত হইয়াছে। আর মঙ্গলাচরণে "অলন্ধার কৌন্তভের" মঙ্গলাচরণশ্লোক প্রদত্ত হইয়াছে। সেইজন্য অন্তর্মান হয় কবির রচনার মধ্যে বোধ হয় ইহাই শেষ গ্রন্থ। কেহ কেহ সন্দেহ করেন যে গৌরগণোদ্দেশদীপিকা কবিকর্ণপূরের রচনা নহে। '

তাঁহাদের আপত্তি এই যে (ক) কৃষ্ণাস কবিরাজ ঐ গ্রন্থের নাম-উল্লেখ করেন নাই বা উহার কোন শ্লোক উদ্ধার করেন নাই। (খ) গ্রন্থে ব্রজের ও তংপূর্কালীলার পার্যদর্গণের সহিত যে ভাবে শ্রীচৈতক্সলীলার পার্যদর্গণের ত্ব মিলান হইয়াছে তাহা ছয় গোস্বামীর অন্থুমোদিত নহে। (গ) যে হেতু ইহাতে শ্রীচৈতক্সকে স্মাধ্য-সম্প্রদায়ের অন্তর্ভুক্ত বলা হইয়াছে, সেই হেতু ইহা কবিকর্ণপূরের লেখা নহে।

প্রথম আপত্তি সম্বন্ধে বক্তব্য এই যে কবিরাজ গোস্বামী কবিকর্ণপূর-রচিত শ্রীকৈতন্যচরিতামৃত মহাকাব্যের নাম উল্লেখ বা শ্লোক উদ্ধার করেন নাই। আমি কবিকর্ণপূরের মহাকাব্যের বিচারে দেখাইয়াছি যে তংসত্ত্বেও তিনি যে

শিকৈতজ্ঞমতবোধিনা পত্রিকা, ৪০৭ চৈতজ্ঞান নোনার গৌরাঙ্গ পত্রিকা, ১৩৩২, তৃতীয় বর্ষ, ১১ সংখ্যা, পৃ. ৬৮৪ মাসিক বস্থমতী, ১৩৪২, পৌষ, পু. ৪৫৫

খুব সম্ভব ইহাদের আপত্তির মূল কারণ এই যে গণোদ্দেশে কৃষ্ণদাস কবিরাজের নাম নাই। বন্দাবনদাস ও শ্রীজীব গোস্বামা শ্রীটেডজ্ঞাকে খুব সম্ভব দর্শন করেন নাই, তথাপি তাঁহাদের নাম ইহাতে আছে, অথচ গোবিন্দলীলামূতের লেখক কৃষ্ণদাস কবিরাজের নাম নাই। ইহাতে অনেকের মনে হঃখ লাগিয়াছে। ১৫৭৬ খ্রীষ্টাব্দের লেখা বইয়ে অবশ্য ১৬১২ বা ১৬১৫ গ্রীষ্টাব্দের লেখা চরিতামূতের উল্লেখ থাকিতে পারে না।

১ রাসবিহারী সাঝাতীর্থ—"বৈক্ব নাহিত", কাশিমবাজার সাহিত্য-সন্মিলনীর সম্পূর্ণ বিবরণ, পু. ১২॥

ঐ গ্রন্থ সম্বাছে পড়িয়াছিলেন ও চ্ই-এক স্থানে ইহার ভাবাহ্নাদ করিয়াছেন ভাহার বিশিষ্ট প্রমাণ আছে। কবিরাজ গোস্বামী প্রবোধানন্দ সরস্বতীর শ্রীচৈতগ্যচন্দ্রামৃতের একটি শ্লোকও উদ্ধৃত করেন নাই। সে জন্ম কবিকর্ণপূরের মহাকার্য ও প্রবোধানন্দের শ্রীচৈতগ্যচন্দ্রামৃতকে কেহ জাল বলে না।

দিতীয় আপত্তির উত্তর এই যে কবিকর্ণপূরের তত্তবিচারের সঙ্গে গোস্বামিগণের তত্ত্ব ও ভাববিচারের পার্থকা স্থাপন্ত। বিশেষতঃ স্বরূপ গোস্বামীর মত তুলিয়া কবিকর্ণপূর তাহা খণ্ডন করিয়াছেন। পর্যোজ্মণ্ডলে এক প্রকার মতবাদ ও বৃন্দাবনমণ্ডলে অন্য প্রকার মতবাদ স্থাপিত হইয়াছিল। সেইজন্মই কবিকর্ণপূরের গণোদ্দেশের প্রতিধ্বনি পাচ গোস্বামীর লিখিত গ্রন্থে পাওয়া যায় না। আরও অন্যান হয়, এইজন্মই কবিরাজ গোস্বামী গণোদ্দেশের খ্লোক তুলেন নাই।

এইবার গৌরগণোদ্দেশদীপিকা যে কবিকর্ণপূরেরই লেখা তাহার কয়েকটি
প্রমাণ উপস্থিত করিতেছি। (ক) শিবানন্দ সেনের পুত্র ছাড়া অন্ত কাহারও
এত সাহস হইতে পারে না যে স্বরূপ দামোদরের মত তুলিয়া তাহা খণ্ডনপূর্বক
স্বমত স্থাপন করেন। (খ) আলোচ্য গ্রন্থের তৃতীয় শ্লোকে শ্রীনাথকে ও্রুক
বলিয়া প্রণাম করা হইয়াছে। কবিকর্ণপূর-কৃত "আনন্দ-বৃদ্ধাবন-চম্পূর"
মঙ্গলাচরণেও শ্রীনাথ-নামক গুরুকে প্রণাম আছে। ৬০ শ্লোকে আছে যে
নিত্যানন্দের মহিমা বলিয়া

ইতি ক্রবন্ মে জনকো ননও।

১৪৫ শ্লোকে চৈত্তাদাস ও রামদাসকে 'মজ্যোসেঁ।" বলিয়া বর্ণনা করা হইয়াছে।
কৃষ্ণদাস কবিরাজ্ও বলিয়াছেন—

চৈত্রদাস, রামদাস, আর কর্ণপূর। তিনপুত্র শিবানন্দের—প্রভুর ভক্তশূর॥—১।১০।৬০

১৭৬ লোকে কবিকণপূর নিজের পিতা ও মাতার তত্ত্ব নিরূপণ করিয়াছেন।
১৭২ লোকে দারস ঠকুরের তত্ত্ব নিরূপণে গ্রন্থকার বলিতেছেন—

প্রহলাদো মহাতে কৈশ্চিন্মংপিতা স ন মহাতে। শিবানন্দের পুত্র ব্যতিরেকে আর কেহ গ্রন্থ লিখিলে "আমার পিতার এই মত

১ গৌরগণোদ্দেশদীপিকার ১৪৭-১৫৩ শ্লোকে স্বরূপের মত খওন করা হইরাছে।

নহে"—এরপ লিখিতেন না। শিবানন্দ সেন যে শ্রীচৈতক্ত-সম্প্রদায়গঠনে এক-জন প্রধান উদ্যোক্তা ছিলেন তাহার বহু প্রমাণ পূর্বের দিয়াছি এবং এই ১৭২ সংখ্যক শ্লোকটিই তাহার অন্ততম শ্রেষ্ঠ প্রমাণ।

গৌরগণোদ্দেশদীপিকার অক্লব্রিমতায় সন্দিহান ব্যক্তিদের তৃতীয় যুক্তি-সম্বন্ধে এইবার আলোচনা করা যাউক। বিরুদ্ধবাদীরা বলেন যে বলদেব বিভাভূষণ এই গ্রন্থ লিখিয়া কবিকর্ণপূরের নামে চালাইয়া দেন। এইরূপ সন্দেহ যুক্তিসঙ্গত মনে হয় না; কারণ প্রথমতঃ বলদেব বিভাভূষণ ১৬৮৬ শকে বা ১৭৬৪ খ্রীষ্টাব্দে শুবাবলীর টীকা লেখেন। ইহার বহু পূর্ব্ব হইতেই মাধ্ব-সম্প্রদায়ের গুরুপ্রণালী খ্রীচৈতগ্য-সম্প্রদায়ে প্রচলিত ছিল। ১৬৯৬ খ্রীষ্টাব্দে মনোহরদাস "অফুরাগবল্লী" গ্রন্থে ঐ প্রকার গুরুপ্রণালী দিয়াছেন। তিনি আবার গোপাল গুরুর লেখা গুরুপ্রণালী উদ্ধার করিয়াছেন। বিশ্বনাথ চক্রবর্ত্তী বলদের বিভাভ্যণের প্রব্রবর্তী ব্যক্তি। বিশ্বনাথের নিজের দেওয়া তারিথ হইতে জানা যায় যে তিনি ১৬০১ শকের ফাল্পনী পূণিমায় অথাৎ ১৬৮০ গ্রীষ্টান্দে "শ্রীকৃষ্ণ-ভজনামূত," ১৬৯৬ গ্রীষ্টান্দে "উজ্জ্বনীল্মণি"র "আনন্দচন্দ্রিক।" টীকা ও ১৬২৬ শকের মাঘ মাদে অর্থাৎ ১৭০৫ খ্রীষ্টাব্দে ভাগবতের টীকা শমাপ্ত করেন। প্রবাদ যে তাঁহার শিশু ক্লফদেব সার্বভৌমের সহিত বলদেব বিত্যাভূষণ জয়পুরে বিচার করিতে যান। এ কেত্রে যথন বিশ্বনাথের "গৌরগণস্বরপতত্তক্রিকায়" মাধ্ব-গুরুপ্রণালী পাওয়া যায় তথন উহা সর্ব-প্রথমে বলদেব বিভাভ্যণ "গৌরগণোদ্দেশদীপিকা" জাল করিয়া চালাইলেন ইহা কিরূপে স্বীকার করা যায় ৪

দিতীয়তঃ "গৌরগণোদেশদীপিক।" যে কবিকর্ণপূরেরই রচনা তাহা বলদেবের কিঞ্চিং পূর্ববর্তী বা সমসাময়িক হুইজন প্রসিদ্ধ লেথকের উক্তি হুইতে জানা যায়। এই হুইজনের মধ্যে একজন হুইতেছেন "ভক্তিরব্লাকর"-প্রণতা নরহরি চক্রচর্তী। তিনি ৭৭, ১৪২, ১৫০, ৭৩৭, ৮৩০, ১০১৬ ও ১০৩৭ পৃষ্ঠায় "গৌরগণোদেশদীপিকা"র ক্লোক উদ্ধার করিয়াছেন। তিনি ৩১১ পৃষ্ঠায় মাধ্ব-গুরুপ্রণালী লিখিবার সময় বলিয়াছেন—"তথাহি শ্রীকবিকর্ণপূর-কৃত-শ্রীমদেগার-গণোদেশ-দীপিকায়াম্"। অন্ত লেখক হুইতেছেন বাঙ্গালা ভক্তমালের লেখক লালদাস বা কৃষ্ণদাস। তিনিও উক্ত গুরুপ্রণালী কবিকর্ণপূর-কর্তবলিয়াছেন (পৃ. ২৬-২৭)।

এই-সকল প্রমাণ-বলে আমি সিদ্ধান্ত করিতেছি যে এই গ্রন্থ শিবানন্দ

সেনের পুত্র কবিকর্ণপূরেরই রচন।। তিনি যে নিজের কল্পনাবলে গৌরভক্তদের তত্ত্ব নির্ণয় করিয়াছেন তাহা নহে। শ্রীচেতন্ত ভাবাবেশে যে ভক্তকে রুফলীলার যে ব্যক্তি বলিয়া সম্বোধন করিয়াছেন, তাহাই তাঁহার তত্ত্বরূপে নির্ণীত হইয়াছে। অনেকে রামানন্দকে ললিতা বলেন, কিন্তু কর্ণপূর বলেন যে যেহেতু গৌরচন্দ্র রামানন্দের পিতা ভবানন্দকে পৃথাপতি বলিয়াছিলেন, সেই হেতু রামানন্দ অর্জ্ন (গণোদেশ, ১২২)।

## Sri Chaitanya's doctrine and tenet/opinion as per Kabikarnapur তাতি তাতি তাতি প্রতিক্রার তাতি ও মত-সম্বাধা কবিক্র

নাটকের ও ম্রারির কড়চার তারিগ-সপ্তমে আমার সিদ্ধান্ত সকলে না মানিতে পারেন। কিন্তু কবিকর্ণপূরের শীচেতগুচরিতামৃত মহাকাব্যের তারিগ (১৪৬৪ শক, মহাপ্রভূর তিরোভাবের নয় বংসর পরে) ও উহার অক্তরিমতা-সম্বন্ধে সন্দেহ করিবার কোন কারণ নাই। এই মহাকাব্য হইতে শ্রীচৈতগু-সম্বন্ধে দার্শনিক তত্ত্বসমূহের প্রথম যুগের অভিব্যক্তির নিদর্শন পাওয়া যায়।

মহাকাব্য লিখিবার সময় স্থির হইয়া গিয়াছে যে ঐটচতত্য "ঐমদ্ জবরবধ্-প্রাণনাথ" (১৮)। তাঁহার আবির্ভাবের যে কারণ স্বরূপ দামোদর নির্ণয়
করিয়াছেন ও রুফদাস করিরাজ অন্ধরণ করিয়াছেন তাহার কোন উল্লেখ
কবিকর্ণপূরে পাওয়া যায় না। "ঐয়াধার প্রণয়মহিমা" কিরূপ প্রভৃতি
বাস্থাত্তম পরিপূরণার্থ ঐটচতত্য অবতীর্ণ হইয়াছিলেন, এ কথার ইঙ্গিত কবিকর্ণপূরে নাই। বরং তিনি মহাকাব্যে বলিয়াছেন যে ঐটচেতত্য "ত্রিবিধ
তাপতপনে" ক্লিষ্ট জীবের উদ্ধার-জন্য পৃথিবীতে আসিয়াছিলেন (১৭)।
ঐটচতত্যচন্দ্রোদয় নাটকেও প্রভূর অবতার-গ্রহণের কারণ সম্বন্ধে বলা হইয়াছে
যে তিনি নির্বিশেষপর অবৈতবাদ খন্তন করিয়া "ভগবান্ ঐরুষ্ণ এব সবিশেষং
প্রন্ধেতি তত্বম, তত্যোপাসনং সনন্দনাত্যপ্রীতমবির্গতিমবিকলঃ পুরুষার্থঃ। তত্য
সাধনং নাম নামসন্ধীর্ত্তনপ্রধানম্, বিবিধভক্তিযোগমাবির্ভাব্মিতৃং ঐটচতত্যরূপী
ভগবানাবিরাসীৎ" (১০)। আবার ঐটচতত্য ধে "হরিভক্তিযোগ" শিক্ষা
দিবার জন্ম অবতীর্ণ ইইয়াছেন তাহাও বলা হইয়াছে (নাটক, ১২৮)।

শ্রীচৈতক্য যে স্বয়ং ভগবান্ তাহা কিরপে নিরুপিত হইল, তংসম্বন্ধে শ্রীচৈতক্যচন্দ্রোদ্য নাটক হইতে জানা যায় (নাটক, ১০০০-০৫)। আনন্দময় পুরুষই সকল লোককে আনন্দিত করিতে পারেন, যেমন ধনবান্ ব্যক্তিই অপরকে ঋণী করিতে পারে। শ্রীচৈতক্য "সকলজনচিত্তচমংকারক" বলিয়া ইনি

ভগবান্। এরূপ গুণ ও ধৈর্যা, গান্তীর্যা, বিছা, মাধুরী, স্নিশ্বতা অন্ত পুরুষেও ত বিছমান থাকিতে পারে? তাহার উত্তরে কবি কলির মুখ দিয়া বলাইয়াছেন যে গীতায় (১০।৪১) আছে, "যে যে বিভূতিযুক্ত বস্তুসমূহ শ্রীবিশিষ্ট হয় তুমি তংসমূদ্য আমার তেজ এবং অংশ হইতে এত দ্রপে সমুৎপন্ন বলিয়া জানিবে।" শ্রীচৈতন্তের ভগবতা-নিরূপণের এই যুক্তিমূলক প্রণালী (rationalistic theory) মুরারি গুপ্তের আবেশ-ব্যাখ্যার অন্তর্গণ। এই যুক্তিমূলক বাদ পরবর্ত্তী শ্রীষ্টেতন্তলীলা ও তত্বলেথকগণ স্বীকার করেন নাই।

শীচৈতত্যের মত-সম্বন্ধে কবিকর্ণপূরের মহাকাব্য হইতে জানা যায় যে তিনি মুক্তিকে চরম সাধ্যবস্থ বলিয়া স্বীকার করিতেন না (১২।৯২)। শ্রীচৈতন্য-চন্দোদয় নাটকেও অমুরূপ উক্তি করা হইয়াছে (১।১৮-১৯)। তথায় শ্রীচৈতন্য বলিতেছেন, "মুক্তিশব্দোহত্র পার্যদম্রপপরঃ।" শ্রীজীব গোস্বামী যে তত্ত্বসন্তে "অবিভাধ্যস্তমজ্ঞবাদিকং হিত্ব। স্বরূপেণ ব্যবস্থিতিঃ মুক্তিঃ" বলিয়াছেন ৫৭), তাহার মূল-ব্যাগ্যাতা যে শ্রীচৈতন্য তাহা পাওয়া গেল।

কবিকর্ণপূর শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকে বৈধী ও রাগাস্থা ভক্তির বিচার করিয়াছেন (৩)১৯)। সেথানে বলা হইয়াছে যে শান্ত্রীয় মার্গ ও অমুরাগের মার্গ পৃথক্। অসুরাগের পথ নিয়ম মানে না। "প্রেমভক্তি"র (নাট্যোক্ত পাত্রী) এই সিদ্ধান্তে "মৈত্রী" বলেন "অনিয়মিত পথে গমন করিলে গম্যস্থানে পৌছিতে অতি বিলম্ব হইতে পারে।" তাহার উত্তরে "প্রেমভক্তি" বলেন, "তাহার নিশ্চিয়তা নাই। যেমন জলপ্লাবনের সময় বন্সার কোন নির্দিষ্ট পথ না থাকিলেও নৌকারোহিগণ অতি সত্তর নিয়মিত স্থানে উপস্থিত হইতে পারে, কিন্তু সভাবতঃ অতি কুটল নদীর প্রবাহে পতিত হইলে নির্দিষ্ট পথেও বিলম্ব ঘটিয়া থাকে।"

Place of Kabikarnapur in the vaishnava society

#### বৈষ্ণব-সমাজে কবিকর্ণপূরের স্থান

গৌড়ীয় বৈশ্বৰ সমাজে কবিকর্ণপূরের স্থান দেখিয়া আমি বড়ই বিশায় বোধ করি। ১৫৩২ খ্রীষ্টাব্দ (বিদগ্ধমাধব-রচনার কাল) হইতে ১৫৭৬ (শ্রীজীবের লগুতোষণী রচনার কাল) খ্রীষ্টাব্দের মধ্যে গৌড়দেশে বিদিয়া কবিকর্ণপূর যে যে শ্রেণীর বই লিখিয়াছেন, শ্রীরূপ ও শ্রীজীবন্ত দেই সেই শ্রেণীর বই লিখিয়াছেন। কবিকর্ণপূর শ্রীমন্তাগবতের টীকা লিখিয়াছেন, কিন্তু তাহ। প্রকাশিত হয় নাই। শ্রীরূপ যেমন উজ্জ্বনীলমণি লিখিয়াছেন, কবিকর্ণপূর তেমনি অলকারকৌপ্তত লিখিয়াছেন। শ্রীরূপ রুঞ্লীলা লইয়া তিনথানি নাটক লিখিয়াছেন, কবি-কর্ণপূর শ্রীগোরাঙ্গলীলা লইয়া একথানি নাটক ও একথানি মহাকাব্য লিখিয়াছেন। শ্রীরূপ রুঞ্গণোদ্দেশদীপিকা ও কবিকর্ণপূর গোরগণোদ্দেশদীপিকা রচনা করিয়াছেন। শ্রীমন্তাগবত অবলম্বন করিয়া শ্রীজীব গোপাল-চম্পু লিখিয়াছেন, কবিকর্ণপূর আনন্দর্দাবন-চম্পু লিখিয়াছেন। শ্রীরূপ ও শ্রীজীবের গ্রন্থাদি কবিকর্ণপূরের জীবনকালে গৌড়দেশে আদিবার কোন প্রমাণ পাই নাই, যদিও শ্রীনিবাদ আচায্যের পূর্কো তাহা আদা অসম্ভব নহে; কিন্তু কবিকর্ণপূরের কোন কোন কবিতা শ্রীরূপের হাতে পৌছিয়াছিল, তাহা না হইলে তিনি "পতাবলী"তে কবিকর্ণপূরের একটি কবিতা (৩০ সংখ্যক) উদ্ধৃত করিতে পারিতেন না।

দেখা যাইতেছে যে একই কালে বৃন্দাবনে ও গোড়ে গোড়ীয় বৈষ্ণব-ধর্মের কাবা, নাটক, অলমার ভাগবতের টাকায় দর্শন-শাল্প লিখিত হইতেছিল। কৃষ্ণাদ কবিরাজের গ্রন্থে, নরোত্তম ঠাকুর মহাশয়ের প্রার্থনায় ও শ্রীনিবাস আচার্য্যের স্তবে আমরা ছয় গোস্বামীর নাম পাই। বৃন্দাবনের বৈষ্ণবেরা যে ছয় গোস্বামী নিরূপণ করিয়াছিলেন, তাহার মধ্যে কবিকর্ণপূর মহাপ্রভুর সাক্ষাথ কৃপাপাত্র হইয়াও এবং অতগুলি গ্রন্থ লিখিয়াও স্থান পাইলেন না; অথচ শ্রীজীব গোস্বামী শ্রীটেতেন্সের ঘনিষ্ঠ সম্পর্কে না আদিয়া এবং রঘুনাথ ভট্ট কোন গ্রন্থ না লিখিয়াও স্থান পাইলেন!

কবিকর্ণপূর বৈছ ছিলেন বলিয়া যে স্থান পাইলেন না তাহা নহে, কেন না কায়স্থ রঘুনাথদাস ছয় গোস্থামীর এক গোস্থামী। ছয় গোস্থামীর মধ্যে স্থান না পাওয়ার এক কারণ হয়তো তিনি বৃন্দাবনে বাস করেন নাই। অন্ত কারণ হয়তো এই যে মুরারি গুপ্ত, কবিকর্ণপূর ও নরহরি সরকার শ্রীগোরাঙ্গকেই পরম-উপাশ্ত-রূপে নিরূপণ করিয়াছিলেন; তাহারা শ্রীকৃষ্ণকে পরম-দৈবত-রূপে মানিলেও শ্রীচৈতন্ত যে শুধু রাধাভাব আস্থাদনের জন্তই অবতীর্ণ হইয়াছিলেন ইহা স্থীকার করিতেন না। গৌড়ীয় বৈষ্ণবগণকে বৃন্দাবনে প্রবর্ত্তিত উপাসনা-অন্তুসারে শ্রীচৈতন্তের ভাবকে অবলম্বন করিয়া শ্রীকৃষ্ণকে উপাসনা করিতে হয়। আর শিবানন্দ সেন, নরহরি সরকার ও সম্ভবতঃ মুরারি গৌরমন্ত্র-ছারা রাধাক্ষক্ষের সন্মিলিত-রূপ গৌরান্ধেরই উপাসনা প্রবর্ত্তন করেন। বৃন্দাবনে ও গৌড়দেশে উথিত তুই মতবাদে শ্রীচৈতন্তের স্থান সম্বন্ধে বলা ষাইতে পারে যে বৃন্দাবনের গোস্বামীদের নিকট গৌরাঙ্গ হইতেছেন

উপায়মাত্র (means to an end) আর গৌড়ে উত্থিত মতবাদে তিনি হয়ং উপেয় (end in itself)। প্রসিদ্ধ ধর্মব্যাখ্যাতা কুলদাপ্রসাদ মল্লিক ভাগবত-বর মহাশয় কথা-প্রসঙ্গে আমাকে বলেন যে বৃন্দাবনে ছয় গোস্থামী যে মতবাদ স্থাপন করিতেছিলেন, তাহার উদ্দেশ্য ছিল নিখিল ভারতে প্রচার। শ্রীকৃষ্ণ সে সময়ে প্রায় সর্ব্রবাদিসমত হইয়াছেন। তাঁহাকে পুরোভাগে রাখিলে শ্রীচৈতত্যের মতবাদ প্রচারের স্থবিধা হয়। কিন্তু থাটা গৌড়বাসীরা নিখিল ভারতের অপেক্ষা না রাখিয়া শ্রীচৈতত্যের উপাদনাই প্রবর্তন করেন। এই মত যদি গৃহীত হয়, তাহা হইলে কবিকর্ণপূর কেন ছয় গোস্থামী বা সাত গোসামীর মধ্যে স্থান পায়েন নাই তাহার হেতু পাওয়া যায়।

Five Goswamis of Vrindavan and Sri Chaitanya

### বুন্দাবনের পাঁচ গোস্বামী ও শ্রীচৈতন্য

### ১। রঘুনাথদাস গোস্বামী

রঘুনাথদাস গোস্বামী শ্রীচৈতন্তের যতটা ঘনিষ্ঠ সম্পর্কে আসিয়াছিলেন, ছয় গোস্বামীর মধ্যে অন্ত কেহ সেরপ সৌভাগ্য লাভ করেন নাই। ছয় গোস্বামীর মধ্যে তিনিই একমাত্র প্রাহ্মণেতর ব্যক্তি। তিনি সপ্তগ্রামের জমিদারের পুল্ল। তাঁহার জীবনী শ্রীচৈতন্তচরিতামৃতের অন্ত্যলীলার ষষ্ঠ পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে।

রঘুনাথদাস গোসামি-সম্বন্ধে তাঁহার নিজের উক্তি হইতে যাহা জানা যায় তাহা নিমে আলোচনা করিতেছি। "গৌরাপ্তবকল্পত্রু"র ১১ সংখ্যক শ্লোকটি শ্রীচৈতক্সচরিতামতে উদ্ধৃত হুইয়াছে। ঐ শ্লোকটি হুইতে জানা যায় যে এটিচতকা তাঁহাকে মহাসম্পৎ ও কলতাদি হইতে উদ্ধার করিয়াছিলেন; তাঁহাকে স্বরূপ দামোদরের নিকট অর্পণ করিয়াছিলেন এবং বক্ষের গুঞ্জাহার ও Sri Chaitanya has given his Gobardhanshila to Raghunathdas Goswami
প্রিয় গোবর্জনশিল। দান করিয়াছিলেন। উক্ত শ্লোকের পাঠ রাধাগোবিন্দ নাথ মহাশয়-সম্পাদিত শ্রীচৈততাচরিতামূতে "মহাসম্পদাবাদপি" আছে এবং তিনি ব্যাখ্যাকালে বলিয়াছেন, "বিপুল সম্পত্তিকে দাবানল তুলা" বলা হইয়াছে। কিন্তু ১৬৭৪ শক অর্থাৎ ১৭৫২ খ্রীষ্টাব্দে লিখিত বঙ্গবিহারী বিভালন্ধারের টীকায় "মহাসম্পদারাদপি" পাঠ দেখা যায়। উক্ত বিভালম্বার "শ্রীগোপালভট-গোস্বামি-প্রিয়াসূচর-শ্রীযুতাচাধ্যঠকুরাধয়-শ্রীযুত-মধুস্দন-প্রভুবর-চরণান্ত্রর" বলিয়া নিজের পরিচয় দিয়াছেন। তিনি ঐ পদের ব্যাখায় লিখিয়াছেন, "মহাসম্পদশ্চ দারাশ্চ তেষাং সমাহারঃ যদা মহাসম্পদ্জিঃ সহিতো দার ইতি তৃতীয়া-সমাস:।" "গুরুদারে চ পুল্রেয় গুরুবছ্তিমাচরেদিতি প্রয়োগাদেক-বচনাস্তোহপি দারশব্দ:।" "দার" পাঠই ঠিক। ইহা হইতে জানা গেল ষে বিবাহের পর রঘুনাথদাদ গোস্বামী গৃহতাাগ করেন। ক্লফ্লাদ কবিরাজও ইহার ইঞ্চিত করিয়াছেন—

> ইন্দ্রসম ঐশ্বয়া, স্ত্রী অপ্সরাসম। এ সব বান্ধিতে যার নারিলেক মন॥—৩।৬।৩৮



114

মহাপ্রভু কায়স্থ রঘুনাথদাসকে নিজের পূজিত গোবর্জনশিলা দিয়াছিলেন।
শীচিততা যে ভক্ত বৈষ্ণবের ক্ষেত্রে শার্ত্তপথ অমুসরণ করা প্রয়োজন মনে
করিতেন না, ইহাই তাহার সর্কোৎকৃষ্ট দৃষ্টান্ত। "শীহরিভক্তিবিলাসে" কোন
প্রাচীন মত উদ্ধার না করিয়াই সিদ্ধান্ত করা হইয়াছে যে শালগ্রামশিলা পূজায়
সকলেরই অধিকার আছে। শীচৈততাের ব্যবহারই বাধে হয় এ বিধির প্রমাণ
যোগাইয়াছিল। কিন্তু পরবর্ত্তী কালে "হরিভক্তিবিলাসের" এই উদার মত
বৈষ্ণব-সমাজের আচারে গৃহীত হয় নাই।

রঘুনাথদাস গোস্বামী স্বরূপ দামোদরের নিকট শ্রীমন্মহাপ্রভু-কর্তৃক স্বস্ত হইয়াও এবং বহুদিন তাঁহার সংসর্গে থাকিয়াও নিম্নলিখিত শ্লোক কেন লিখিলেন বুঝিতে পারিলাম না —

যদ্যরতঃ শমদমাত্মবিবেকথোগৈ-রধ্যাত্ম-লগমবিকারমভূমনো মে। রূপস্থ তংশ্মিতস্থাং সদয়াবলোক-মাসাত্ম মাত্মতি হরেশ্চরিতৈরিদানীম্॥

—অভীষ্টস্চনম্, ২য় শ্লোক

"এরপের যত্নে আমার যে মন শম, দম, বিবেক এবং যোগ-দ্বারা বিকারশৃন্ত হইয়া ভগবত্তব্বে সংলগ্ন হইয়াছিল, সেই মন এরিপ গোস্বামীর রূপা-দৃষ্টি প্রাপ্ত হইয়া এক্ষণে হরিচরিত্রসমৃহে মত্ত হইতেছে।" এইচতক্তচন্দ্রোদয় নাটক হইতে জানা যায় যে রঘুনাথদাস গোস্বামী নীলাচলেও "স্বরূপাত্ন" ছিলেন ও "বৈরাগ্যক্ত" নিধি" বলিয়া পরিচিত হইয়াছিলেন। এ নাটকে ও এইচতক্তচরিতামৃতে লিখিত আছে যে রঘুনাথের দীক্ষাগুরু ছিলেন যত্নন্দন আচার্য্য। রঘুনাথ "মনঃশিক্ষার" ১১, "স্বনিয়মদশকের" ১০ ও "এরাধার্কফোজ্জলকুস্থমকেলির" ৪৪ প্লোকে এরিপকে শিক্ষাগুরুরণে উল্লেখ করিয়াছেন। কবিকর্ণপ্র "গৌরগণোক্ষেশদীপিকায়" স্বরূপ গোস্বামীকে বিশাখা বলিয়াছেন (১৬০)। রঘুনাথ ১৩৪টি প্লোকে "বিশাখানন্দ-স্থোত্র" লিখিয়াছেন। এ বর্ণনা পড়িলে স্থানে স্থানে মনে হয় বুঝি বা স্বরূপই এ স্থানে লক্ষিত হইভেছেন। কিস্কু স্থোত্ত-শেষে আছে—

শ্রীমদ্রপপদান্তোজ-ধূলীমাত্রৈক সেবিনা। কেনচিদ্ গ্রথিতা পজৈ মালাদ্রেয়া তদাশ্রয়েঃ॥ "শ্রীমংরপের পাদপদাধূলিমাত্রের দেবনকারী কোন ব্যক্তি পত-দারা এই মালা গ্রন্থন করিলেন, তদাশ্রের ব্যক্তিগণ ইহা আত্রাণ করুন।" রত্নাথ অন্তর্জ্বরপকে স্বলের সহিত তুলনা করিয়াছেন।" তাঁহার "অভীইস্চনের" শেষ ল্লোকে "মাং পুনরহো শ্রমান্ সরপোহ্বতু" আছে; এ স্থানে স্বরূপ দামোদরকেই লক্ষ্য করা হইয়াছে বলিয়া আমার মনে হয়; কিন্তু প্রাচীন টীকাকার বিত্যালন্ধার বলেন, অহা হে বজ্বাসিনঃ স শ্রমান্ রূপো মাং পুনরবতু রক্ষতু।"

রখনাথদাস গোস্বামী দীর্ঘকাল স্বরূপ দামোদরের সঙ্গ পাইয়াও শ্রীরূপের প্রতি কিরূপ একান্ডিক অন্তরাগ প্রকাশ করিয়াছেন, তাহা "প্রার্থনাশ্রয়-চতুদ্দশকে" প্রকাশিত হইয়াছে—

অপ্কপ্রেমারেঃ পরিমলপরংকেননিবহৈঃ
সদা যো জীবাত্যমিথ রূপয়াসিধ্যদত্ত্লম্।
ইদানীং তুদ্বোং প্রতিপদ্বিপদ্যব্যলিতে।
নিরালপঃ সোহয়ং কমিহ তমৃতে যাতু শরণম্॥
শ্রায়তে মহাগোষ্ঠং গিরীন্দ্রোহজগরায়তে।
ব্যাপ্রত্থায়তে কুণ্ডং জীবাতুরহিত্ত মে॥

--প্রার্থনাপ্রয়-চতুর্দশক, ১০-১১

বিতালন্ধারের টীকা-অন্থসারে অন্থবাদ এইরপ—"( শ্রীরপ ) অপূর্ব্য প্রেমসমূদ্রের পরিমলজ্বের ফেনসমূহ-দারা সর্বাদা আমাকে যে প্রকার সিক্ত করিয়াছেন তাহার তুলনা নাই; সম্প্রতি চুদ্দিববশতঃ ক্ষণে কিণেদ্রপ দাবানলগ্রস্থ হওয়ায় আশ্রয়শূত্য হইয়াছি; অতএব পূর্বার পাসিক্ত মদ্বিদ্দান এখন উক্ত শ্রীরূপ ব্যতিরেকে আর কাহাকে আশ্রয় করিবে ? এখন মহাগোষ্ঠ শ্রের ত্যায়, গিরিরাজ গোবর্দ্দন অজগরের ত্যায় এবং শ্রীকৃত্ত ব্যাদ্রের বদনের ত্যায় বোধ হইতেছে।" শ্রীরূপের বিরহেই এরপ শোক করা সন্থব।

"ব্ৰজবিলাসন্তবের" দিতীয় শ্লোক ২ইতে রঘুনাথদাস গোস্বামীর বাৰ্দ্ধকাদশার চিত্র পাওয়া যায়—

> দক্ষং বাৰ্দ্ধক্যবন্তবহ্নিভিন্নলং দষ্টং ত্রান্ধ্যাহিন।। বিদ্ধং মামতিপারবভাবিশিথৈঃ ক্রোধাদিসিংহৈরু তম্ ॥

> তদাশ্ররঃ শ্রীমজপুপদাক্ষোজাশ্ররেঃ ইতি টীকা

২ গৌরাক্তব-কল্পতরু, ১০

"আমি বার্দ্ধক্যরূপ দাবানলে অতিশয় দশ্ধ হইতেছি ও ভয়ানক অন্ধতারূপ কালসর্প আমাকে দংশন করিতেছে, এবং পরাধীনতারূপ শাণিত শরে ও কোধদিরূপ সিংহসমূহে আরুত হইয়াছি।"

দাস গোস্বামি-কর্ত্ব রচিত "দানকেলিচিন্তামিণ" নামক একখানি সংস্কৃত কাল্যের পুঁথি আমি বরাহ্নগর গ্রন্থমন্দিরে পাইয়াছি। পুঁথির ক্রমিক সংখ্যা ১৯৬। এই গ্রন্থের আর এক খণ্ড বৃন্দাবনের রাধারমণমন্দিরে মদনমোহন গোস্বামী মহাশয়ের নিকট আছে। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ভূতপূর্ন্থ অধ্যাপক হরেজনাথ চক্রবর্ত্তী (বর্ত্তমান নাম হরিদাস বাবাজী) মহাশয় এই গ্রন্থের বঙ্গান্থবাদ করিয়াছেন ও মূলসহ তাহা প্রকাশ করিতেছেন। বরাহনগরের পুঁথির শেষে লিখিত আছে—"সম্বং ১৭৫০, ১৬১৮ শাকে শ্রীজীব গোস্বামী কুঞ্জ্ব শ্রিক্লাবনদাস লিপ্যাদর্শং দৃষ্ট্যা এবঞ্চ ১৯১৪ সম্বতি শ্রীক্রম্কচরণ দাস লিপ্যাদর্শং দর্শক্ষ লিখিতং শ্রীআনন্দনারায়ণ ভাগবতভূষণেন নিধুবনান্থিকে ১৭৮৮ শাকে।" ভক্তির্য়াকরে এই গ্রন্থের নাম "দানচরিত্ত" বলিয়া উল্লেখ করা হইয়াছে—

রঘুনাথদাস গোসামীর গ্রন্থতায়। স্তবমালা নাম স্তবাবলী যাবে কয়॥ শ্রীদানচবিত ম্ক্রাচবিত মধুর। যাহার শ্রবণে মহাতৃঃথ হয় দূর॥ ৫২ পৃ.

"মুক্তাচরিতের" দহিত মিলাইতে যাইয়া "দানকেলিচিন্তামণি"কে "দানচরিত" বলা অসম্ভব নহে।

"দানকেলিচিন্তামণি"র মঙ্গলাচরণে বা অন্তে শ্রীচৈতত্যকে প্রণাম বা নমজিয়াস্চক কোন শ্লোক নাই। শ্রীরূপ গোষামীর "দানকেলিকৌম্দী", "পত্যাবলী", "হংসদূত"ও "উদ্ধবদূতে"ও উ প্রকার নমজিয়া নাই। শ্রীচৈতত্যের প্রতি নমজিয়া আছে কি না দেখিয়া গ্রন্থরচনার কাল শ্রীচৈতত্যের সহিত গ্রন্থর সাক্ষাতের পূর্বের নির্দেশ করিলে অনেক সময় ভ্রান্ত হইতে হয়। "দানকেলিকৌম্দী" বৃন্দাবনের আবহাওয়ায় রচিত এবং শ্রীরূপ শ্রীচৈতত্যের রূপ। পাইবার পূর্বের বৃন্দাবনে বাস করেন নাই। "পত্যাবলী"তে শ্রীচৈতত্যের রচিত শ্লোক "ভগবতঃ" বলিয়া উল্লেখ আছে; উহাতে কবিকর্ণপূরের ও রঘুনাথদাসের শ্লোকও মৃত ইয়াছে। সেই জন্ম "পত্যাবলী"তে শ্রীচৈতত্যের প্রতি নমজিয়া না থাকিলেও উহা শ্রীচৈতত্যের রূপ। পাইবার পরে শ্রীরূপ

গোসামী রচন। করিয়াছিলেন, দলেহ নাই। গৌড়ীয় বৈষ্ণবগণের নিকট শ্রীকৃষ্ণ ও শ্রীচৈতন্য তত্ত্বতঃ অভিন্ন বলিয়া শ্রীকৃষ্ণের নমক্রিয়ার দারা শ্রীচৈতন্তের প্রণামও করা হয়। রঘুনাথদাদের "দানকেলিচিস্তামণি"তে শ্রীচৈতত্ত্যের প্রতি নমজিয়া না থাকিলেও ইহা দাস-গোস্বামীর বুদ্ধ বয়সের রচনা। পূর্বে "ব্ৰহ্মবিলাস" তব হুইতে আমৱা দেখাইয়াছি যে ইনি বৃদ্ধ বয়সে অন্ধ হুইয়া-ছিলেন। কিন্তু অন্ধতা ও বার্দ্ধক্য ইহার হৃদয়ের কাব্যরসকে শুক্ষ করিতে পারে নাই। ইনি যে অন্ধ অবস্থাতেই "দানকেলিচিন্তামণি" রচনা করেন, ভাহার প্রমাণ ঐ গ্রন্থের ২ ও ১৭২ সংখ্যক শ্লোক হইতে পাওয়া যায়—

> উদ্বাম-নর্মার্সরক্ষতরক্ষকান্ত-वाधामविक्तिविधवार्यय-मञ्जदमाक्रम्। শ্রীরূপচাক্চরণাক্তরজঃপ্রভাবা-দ্দোহপি দানকেলিমণিং চিনোমি ॥ ২

प्रधापिमाननवरक लि-व्रमासि**भर**धा भग्नः नवीनमूवत्रप्रमुगः बक्छ। নশাণি জ্লম্দিতছাতি-গৌরনীল-মদোহপি লুক ইং লোকিতুস্ংস্কোইসি॥ ১৭২ Raghunath Das had received special blessings from Nityananda Prabhu...at panihati

শ্রীপাদ রুফ্দাস কবিরাজ লিখিয়াছেন যে রঘুনাথ নিত্যানন্দ প্রভুর বিশেষ রূপা পাইয়াছিলেন। পানিহাটী গ্রামে তিনি নিতাইয়ের ঐচরণ দর্শন করিয়াছিলেন ( চৈ. চ., অভা৪১-৪২ )। ব্যুনাথ নিত্যানন্দ-গণকে দ্বিচিডার মহোৎসব দিয়াছিলেন। তিনি নিত্যানন্দের নিকট প্রার্থনা করেন--

মোর শিরে পদ ধরি করহ প্রসাদ।

নির্কিন্নে চৈত্তর পাও কর আশীর্কাদ ॥— চৈ. চ., আডা১৩২

নিত্যানন স্ব-গণ-সহ রঘুনাথকে আশীকাদ করিয়াছিলেন। রঘুনাথদাস গোস্বামীর স্থবাবলীর বিভিন্ন স্তবে কোথাও শ্রীমন্নিত্যানন্দ প্রভুর উল্লেখ না দেখিয়া বড়ই বিশায় বোধ করিতেছি। রখুনাথ এটেচ ভাগিকে ঈশরপুরীর, গোবিন্দের ও স্বরূপের নাম করিয়াছেন। গৌরাঙ্গত্তবকল্পতক্তে কাশী মিশ্রের, স্বরূপের, গোবিন্দের ও ঈশ্বরপুরীর নাম উল্লেখ করিয়াছেন। শ্রীমদাসগোস্বামী "মনঃশিকায়"—

গুরৌ গোষ্ঠে গোষ্ঠালয়িষু স্বজনে ভূস্থরগণে স্বমন্ত্রে শ্রীনামি ব্রজনবযুবদ্দশরণে

মনের অমুরাগ প্রার্থনা করিয়াছেন। "স্বনিয়মদশকে"

গুরৌ মন্ত্রে নামি প্রভূবর-শচী-গর্ভজপদে স্বরূপে শ্রীরূপে গণযুজি তদীয়-প্রথমজে

অন্তরাগ যাজ্ঞা করিয়াছেন। তাঁহার প্রীচৈতন্ত-ন্তব পড়িয়া মনে হয় নীলাচলের প্রীচৈতন্তেই তাঁহার অন্তরাগ—নবদীপের গৌরাঙ্গে নহে। মুরারি, শিবানন্দ, কবিকর্ণপুর, নরহরি, বাস্থ ঘোষ প্রভৃতি ভক্তগণ নবদীপের প্রীগৌরাঙ্গকেই উপাদনা ও আন্দাদন করিয়াছেন। নরহরি সরকার ঠাকুর যেমন চরম নবদীপলাবাদী, রঘুনাথদাস গোস্বামী তেমনি চরম বুন্দাবনলীলাবাদী। দাস গোস্বামী "স্বনিয়মদশকে" বলিয়াছেন—

ন চান্তত্ৰ ক্ষেত্ৰে হবিতন্থ-সনাথোহপি স্ক্ৰনা-দ্ৰসাম্বাদং প্ৰেম্ণা দধদপি বসামি ক্ষণমপি। সমং ত্বেতদ্গ্ৰাম্যাবলিভিবভিতমন্নপি কথাং বিধান্তে সংবাসং ব্ৰজ্বন এব প্ৰতিভ্ৰম্॥

অথাং "স্টেম্বরের মুগক্ষরিত রস সপ্রেম-আস্থাদনপূর্বক শ্রীক্লফবিগ্রহ্যুক্ত হইলেও অন্য স্থানে ক্ষণকালও বাস করিব না, কিন্তু এই ব্রজভূমিতে গ্রামাজনের

স্থিত গ্রামানিপ করিতে করিতে জন্মে জন্মে বাস করিব।"
Raghunath Das Goswami is the main writer of Sri Chaitanya's lila in Nilachal (last few years)
রঘ্নাথদাস গোষামীর কুপায় আমর। শ্রীচেতন্মেরনীলাচল-লালার শেষ কয়

বংসরের অতি উজ্জল ও মনোহর বর্ণনা পাইয়াছি। মুরারি, কবিকর্ণপূর,

বৃন্ধাবনদাস, জয়ানন্দ ও লোচন এ লীলার মধুররস বর্ণনা করেন নাই। ক্লফ্ট্রাস The last years of Sri Chaitanya is narrated in Srichaitanyashtaka and Srigourangastavakalpatan কবিরাজ মূলতঃ দাস গোসামীর শীচৈত্যাষ্টিক ও শ্রীগোরাঙ্গস্তবকল্পতক্ অবলম্বন করিয়া অন্তালীলার চতুদ্ধ হইতে উনবিংশ পরিচ্ছেদ লিথিয়াছেন।

গৌরাক্সবকল্পতক্রর চতুর্থ শ্লোকে আছে একদিন কাশী মিশ্রের গৃহে

> কৃষ্ণদাস কবিরাজ গৌরাঙ্গন্তবকল্পতকর চতুর্থ শ্লোক তা১৪।৬৮-র পর, অন্তম শ্লোক তা১৪।১১৩-র পর, সপ্তম শ্লোক তা১৬।৮০-র পর, পঞ্চম শ্লোক তা১৭।৬৭-র পর, বর্চ শ্লোক তা১৯।৭১-র পর এবং একাদশ শ্লোক তা৬।৩১৯-র পর উদ্ধার করিয়াছেন। প্রথমোক্ত পাঁচটি শ্লোক অবলম্বন করিয়া চতুর্দ্দশ, যোড়শ, সপ্তদশ ও উনবিংশ পরিচ্ছেদ রচিত হইয়াছে।

At Kashi Mishra's house due to loosening of joints of Sri Chaitanya's body..

ব্রজপতি-ফ্তের উৎকট বিরহে অঙ্গের শোভা ও সন্ধি-সকল শ্লথ হওয়ায় থাহার হস্ত ও পদ অধিক দীর্ঘ হইয়াছিল এবং সেই অবস্থায় ভূলুন্তিত হইয়া অত্যন্ত কাতরতার সহিত থিনি গদ্গদ বাকো রোদন করিয়াছিলেন, সেই শ্রীগৌরাঙ্গ আমার হদয়ে উদিত হইয়া আমাকে আনন্দিত করিতেছেন। "শ্লথশ্রী-সন্ধিতাদধিকদৈর্ঘঃ ভূজপদোঃ " সন্ধি শ্লথ হওয়ায় হস্তপদের দৈর্ঘ্য বাড়িয়া বিয়াছিল; কিন্তু কতটা বাড়িয়াছিল তাহা দাস গোস্বামী বলেন নাই। কবিরাজ গোস্বামী ঐ পদের ব্যাখ্যায় বলিয়াছেন—

প্রভুর (१) পড়ি আছে দীর্ঘ—হাত পাচ ছয়।
অচেতন দেহ, নাসায় শ্বাস নাহি বয়।
একেক হস্তপদ—দীর্ঘ তিন তিন হাত।
অন্থি প্রন্থি ভিন্ন চর্ম আছে মাত্র তাত।
হস্ত পদ গ্রীবা কটি অস্থি সন্ধি যত।
একেক বিভন্তি ভিন্ন হইয়াছে তত।
চন্ম মাত্র উপরে সন্ধির আছে দীর্ঘ হক্রা।
ছংগিত হইলা সভে প্রভুকে দেখিয়া।

-- (b. b., c1)8190-90

এ স্থানে যেখন দাস গোসামীর "অধিকদৈশাং" পদের বিস্তৃত ব্যাগ্য। কবিরাজ গোসামী করিয়াছেন, তেমনি দাস গোসামীর "গৌরাঙ্গস্তবকল্পতকর" পঞ্চম শ্লোকের ব্যাগ্যায় কয়েকটি শক্ষ অন্থবাদ না করিয়া সংক্ষেপে লীলা-বর্ণনা করিয়াছেন। পঞ্চম শ্লোকে আছে---

অন্তদ্যাট্য দারত্রয়মুক চ ভিত্তিত্রয়মহো বিলজ্যোটেচ: কালিপিক-স্থরভিমধ্যে নিপতিতঃ। তন্তাৎসকোচাৎ কমঠ ইব ক্লফোক-বিরহাৎ বিরাজন গৌরাসো হদয় উদয়নাং মদয়তি

অথাৎ "যিনি বহির্গমনের তিনটি দার উদ্ঘাটন না করিয়া অতি উচ্চ প্রাচীরত্রয় উল্লেখনপূর্বক কলিঙ্গদেশীয় গাভীগণ-মধ্যে নিপ্তিত হইয়াছিলেন, এবং

> বিভালক্কার-কৃত টীকা—"মদয়তি হর্ণয়তি, চফুধোরগোচরতাং প্রপয়তীতি বেতি সর্বতাহ্যয়ঃ।" বাধাগোবিন্দ নাথ মহাশয় ব্যাপ্যা করিয়াছেন "মদয়তি:-উন্মন্ত করিতেছেন।"

ক্রিরাছিলেন, সেই শ্রীগোরাক আমার ক্রায়ে উদিত হইয়া আমাকে আনন্দিত করিতেছেন।

কৃষ্ণদাস কবিরাজ ঐ শ্লোকের ব্যাথা করিতেছেন--

তিন দার কপাট তৈছে আছে ত লাগিয়া।
ভাবাবেশে প্রভু গেলা বাহির হইয়া।
সিংহদারের দক্ষিণে রহে তেলেঙ্গা গাভীগণ।
তাঁহা যাই পড়িলা প্রভু হৈয়া অচেতন।
এথা গোবিন্দ মহাপ্রভুর শব্দ না পাইয়া।
স্বরূপেরে বোলাইল কপাট খোলিয়া।
তবে স্বরূপ গোসাঞি সঙ্গে লৈয়া ভক্তগণ।
দীয়টী জালিয়া করে প্রভুর অন্বেষণ।
হতি উতি অন্বেষিয়া সিংহ্লারে গেলা।
গাভীগণ মধ্যে যাই প্রভুরে পাইলা।
পেটের ভিতর হস্তপদ কুর্মের আকার।
মুখে ফেন পুলকাঙ্গ নেত্রে অশ্ধার।

-- CF. F., 413913=-20

কবিরাজ গোস্বামী এতগুলি শব্দ ব্যবহার করিয়াও "মৃক চ ভিত্তিত্রয়মহে। বিলক্ষ্যোক্তিঃ" ( অতি উচ্চ তিনটি প্রাচীর লাফাইয়া ) কথা কয়টির অম্বাদ কেন করিলেন না জিজ্ঞাসা করা যাইতে পারে। উক্ত শ্লোক অবলম্বন করিয়াই যে তিনি লীলাটি বর্ণনা করিয়াছেন তাহা তিনি স্বীকার করিয়াছেন—

> এই লীলা স্বগ্রহে রঘুনাথদান। গৌরাঙ্গন্তবকল্পরক্ষে করিয়াছে প্রকাশ॥

> > — हे. इ., ७१३ ११७१

"অফুলাট্য দারত্রয়ম্" কথা কয়টি তাহার খুব ভাল লাগিয়াছিল। তাই পূর্ব্বোক্ত শ্লোকের (অর্থাৎ চতুর্থ শ্লোকের ) ব্যাখ্যায়ও উহা লাগাইয়াছেন।

> প্রভূর শব্দ না পাঞা স্বরূপ কপাট কৈল দূরে। তিন দার দেওয়া আছে প্রভূ নাহি ঘরে॥

চিন্তিত হই সতে প্রভু না দেখিয়া।
প্রভু চাহি বুলে সতে দীয়টা জালিয়া॥
সিংহদ্বারের উত্তর দিশায় আছে এক ঠাঞি।
তার মধ্যে পড়ি আছেন চৈত্তা গোদাঞি॥

---01:8105-65

Krishnadas Kaviraj wrongly described the place as Lionsgate / Singhadwara of Jagannath temple for Sri Chaitanyas Lila of icreasing of the body length.

তৎপরে কবিরাজ গোস্বামীর ব্যাগ্যা আমরা চতুর্থ শ্লোক-প্রসঙ্গে (৩।১৪।৬০-৬০ পরার) পূর্বে উদ্ধার করিয়াছি। কবিরাজ গোস্বামীর "অফুদ্রবাট্য দারত্রয়ম্"-প্রীতির ফলে দাঁড়াইয়াছে এই যে, যে লীলা (দৈর্ঘ্য অধিক হওয়ার) রখনাথদাস গোস্বামী "কচিরিশ্রাবাদে" ঘটিয়াছিল বলিয়া বর্ণনা করিয়াছেন, তাহা কবিরাজ গোস্বামী "সিংহদারের উত্তর" দিশায় ঘটাইয়াছেন। রখুনাথদাস গোস্বামীর চতুর্থ শ্লোক-বর্ণিত লীলা-অবলম্বনেই যে কবিরাজ গোস্বামী ৩০১৪।৫৬-৫৭ পয়ার লিথিয়াছেন, তাহা তিনি নিজেই স্বীকার করিয়াছেন (চৈ. চ., ৩০১৪।৬৮)। স্তরাং এ কথা বলা চলিবে না যে শ্রীচৈতক্যের দেহ এক দিন রখনাথদাস-বর্ণিত মিশ্রাবাদে, অত্য দিন কবিরাজ গোস্বামি-বর্ণিত 'সিংহলারের উত্তর দিশায়" দীর্ঘর প্রাপ্ত ইয়াছিল।

"সিংহ্ছারের উত্তর দিশায়" দীর্ঘ প্রাপ্ত ইয়াছিল।
Sri Chaitanya used to wear loin cloth and other robe as per Raghunathdas goswami রঘুনাথদাস গোষামীর শ্রীচৈতন্তাষ্ট্রকের তৃতীয় শ্লোক হইতে জানা ধায় যে প্রভু কৌপীন ও তত্পরি অরুণ বর্ণের বহির্ম্ম পরিধান করিতেন। তিনি সহ্যে মধুর নামাবলী উক্তৈংম্বরে গান করিতেন। প্রত্যহ্ নিয়ম করিয়া অর্থাৎ এত সংখ্যা নাম জপ করিব সংকল্প করিয়া নামকীর্ত্তন করিতে তিনি উপদেশ দিতেন

#### হরেরুফেত্যেবং গণন-বিধিন। কীর্ত্তয়ত ভো: ॥—চতুর্থ শ্লোক

Used to see Lord Jagannath from Garudastambha / pillar of Garuda and his body got wet with tears.
গ্ৰুড্ডেৱে নিকটে পাকিয়া যথন তিনি নীলাচলপতিকে দেশন করিতেন তখন
নয়নজলে তাঁহার স্দীগ উজ্জল তকু ভাসিয়া যাইত—

পুরং পশুন্ নীলাচলপতিমুক্তপ্রম-নিবহৈ।
ক্ষরশ্বেত্রান্ডোভিঃ স্পপিত নিজদীবোজ্জনতকঃ।
সদা তিষ্ঠন্ দেশে প্রণায় গক্তভ্তরমে
শচীস্ফুং কিং মে নয়ন-শ্বণীং যাজতি পুনঃ ?

ন্দাতীরের কুস্থমকুঞ্চে গোকুলবিধুর বিরহবিধুর হওয়ায় তাঁহার নয়নজলধারায় ্যন অহা এক নদীর স্ষ্টি হইত। তিনি মৃহ্মুছ মৃচ্ছাপ্রাপ্ত হইতেন (অইম ঞাক:)।

শ্রীগোরাঙ্গত্তকল্পতক্তে শ্রীকৃষ্ণবিরহে শ্রীচেতন্তের কিভাবে বিবর্ণতা, প্রভাব, অস্ট্রচন, কম্প, অশ্রু, পুলক, হাস্তু, ঘর্ম ও নৃত্য প্রকাশ পাইত তাহার বর্ণনা আছে।

> অলঙ্গত্যাত্মানং নববিবিধ-রত্মৈরিব বল দিবর্ণত্ব-স্কন্তান্ত্র-বচন-কম্পাশ্রুপুলকৈ:। হসন্ স্বিগুল্লাত্যন্ শিতিসিরিপতেনির্ভরমুদে পুরঃ শ্রীসৌরাঙ্গে। হাদয় উদয়রাং মদয়তি॥

নরহরি সরকার ঠাকুর যেমন লিথিয়াছেন—'থেণে ভিতে মৃথ শির ঘদে" (পদক, ১৬৪০), তেমনি দাস গোসামী প্রভুর শুধু মৃথঘর্ষণ নহে, ক্ষত ও রক্তপাত পর্যান্ত বর্ণনা করিয়াছেন।

সকীয়স্ত প্রাণার্কা, দসদৃশ গোষ্ঠস্তা বিরহাং প্রলাপাত্মাদবং সততমতি কুর্কান্ বিকলধীঃ। দধন্তিতৌ শশ্বদনবিধুঘর্ষেণ ক্ষধিরং ক্ষতোথং গৌরাস্থো হৃদয় উদয়ন্তাং মদয়তি॥--- ষষ্ঠ শ্লোক

প্রভাৱ মুগে ক্ষত হইবে, তাহা হইতে বক্ত পড়িবে ইহা কবিরাজ গোসামী সহা করিতে পারেন নাই। তাই ঐ শ্লোক অস্তালীলার উনবিংশ পরিচ্ছেদে উদ্ধৃত করিলেও, লিখিয়াছেন যে প্রভাৱ সেবক শহর সর্বদা প্রভাবেক পাহারা দেন এবং

> তার ভয়ে নাবে প্রভু বাহিরে যাইতে। তার ভয়ে নাবে ভিত্তো মুখাবু ঘসিতে॥—হৈচ. চ., ৩১১

কবিরাজ গোস্বামী শ্রীগোরাঞ্চরকল্পতকর নবম ও দশম শ্লোক উদ্ধৃত করেন নাই। নবম শ্লোকে স্বরূপ ও অক্যান্ত ভক্তের সহিত প্রভূব দোলাখেলার কথা আছে। দশম শ্লোকে আছে যে শ্রীকৃষ্ণ যেমন গুবলকে স্নেহ করিতেন প্রভূ তেমনি স্বরূপকে ভালবাসিতেন এবং প্রমান্দপুরীকে গুরুবৃদ্ধি করিতেন। গৌরগণোদ্দেশদীপিকায় গৌরীদাসকে স্বল ও স্বরূপকে বিশাখা বলা হইয়াছে। তথ্ন রঘুনাথদাস গোস্বামী শ্রীচৈতন্তত্ত্বকে কিভাবে প্রকাশ করিয়াছেন তৎসম্বন্ধে একট্ আলোচনা করিব। প্রীচৈতন্তাষ্টকের প্রথম শ্লোকে তিনি বিলয়াছেন, "যে হরি দর্পণপত আপনার নিরুপম শরীর দর্শন করিয়া প্রেয়দী সধী প্রীমতী রাধিকার ন্তায় আত্মমাধুর্ঘকে দর্বতোভাবে আপনাতে অফুভব করিবার জন্ত গৌড়দেশে জন্মগ্রহণ করিয়াছিলেন, অহো! যে প্রভু শ্রীমতী রাধিকার গৌরকান্তি-ঘারা স্বয়ং নিজ শরীরের স্থলর গৌরবর্ণত্ব স্বীকার করিয়াছেন, সেই শচীনন্দন কি পুনর্বার আমার নয়নপথ প্রাপ্ত হইবেন ?" শ্লোকটিতে স্বরূপ দামোদরের তিনটি বাঞ্চার কথা স্পষ্টরূপে প্রতিধ্বনিত হুয়াছে। শ্রীকৃষ্ণই যে শ্রীগোরাঙ্গ তাহা তিনি দৃঢ়ভাবে ঘোষণা করিয়াছেন। "মহাপ্রভু শ্রুতিসমূহে গৃঢ়, পূর্ব্ব পূর্ব্ব ভক্তিনিপুণ মুনিগণ-কর্ত্বক অজ্ঞাত ভক্তিলভা—যাহার কল প্রেমোজ্জল রস—তাহা ক্রপা করিয়া গৌড়ে বিস্থার করিয়াছেন।" গৌড়দেশ-জাত রগুনাথদাস গোস্বামীর বিশেষ আনন্দের করিয়াছেন।" গৌড়দেশ-জাত রগুনাথদাস গোস্বামীর বিশেষ আনন্দের করিয়াছেন।" গৌড়াদিগকে নিজ্বত্ব অগ্রাং আত্মীয়রূপে স্বীকার করিয়াছেন।"

শ্রীমদাস গোস্বামী "মুক্তাচরিত্রের" মঞ্চলাচরণে শ্রীচৈতত্তার ঈশ্বরত্ব নিয়-লিখিতভাবে ব্যাখ্য। কলিয়াছেন—

> নিজামুজ্জলিতাং ভক্তিস্বধামপ্যিতুং ক্ষিতৌ উদিতং তং শচীগভ্বোগিয়ি পূৰ্ণং বিধুং ভজে।°

অথাং থিনি এই সংসারে নিজের উজ্জল ভক্তিস্থা সমর্পণ করিবার অভিলাষে শীশচীর গর্ভরপ আকাশে পূর্ণচন্দ্রের ন্যায় উদিত হইয়াছেন, তাঁহাকে আমি ভক্তনা করি। "নিজাম্ উজ্জলিতাং ভক্তিস্থাং"—নিজাম্ শব্দে তাঁহার নিজের প্রতি ভক্তি নিজেই প্রচার করিতে আসিয়াছেন, ইহা বলা হইয়াছে। শীচৈতন্মচন্দ্রোদয় নাটক-গত সার্বভৌম-কত হবেও "নিজভক্তি যোগ" শিক্ষা দিবার জন্ম পুরাণপুরুষ শীক্ষণচৈতন্মের আবির্ভাব হইয়াছে বলা হইয়াছে (নাটক, ৬।৭৪)।

প্রশক্ষমে উল্লেখ করা যাইতে পারে যে মুক্তাচরিত্রের চতুর্থ শ্লোকে দাদ গোস্বামী নিজের গুরুকে ( যত্নন্দন আচাধ্যকে ) প্রণাম-উপলক্ষে বলিয়াছেন,

১ রঘুনাথদাস-কৃত খ্রীচৈতক্সাইকের চতুর্থ প্লোক

২ ঐ পঞ্চ লোক ৩ মুক্তাচরিত্র, তৃতীয় লোক

"বাহার হবিখ্যাত কপায় নাম-শ্রেষ্ঠ হবিনাম শচীপুত্র, স্বরূপ, রূপ, সনাতন, নগ্রাপুরী, গোষ্ঠবাটী, রাধাকুণ্ড, গিরিবর গোবর্জন ও শ্রীরাধামাধবের আশা পাইয়াছি দেই গুরুদেবকে প্রণাম।" গ্রন্থশেষে তিনি প্রার্থনা করিয়াছেন, "শ্রীমদ্রপদান্তোজ-ধূলিঃ স্থাং জন্মজননি।" শ্রীরূপের শিক্ষাতে ও "মদেক-জীবিত্তকু" শ্রীজীবের আদেশে এই গ্রন্থ প্রণায়ন করিলেন এবং "শ্রীমদ্রপগণ" শ্রিরূপের অক্তর্গণ উহা আস্বাদন করুন, এই কথাও বলিয়াছেন। "ন্ক্রাচরিত্রে", "দানকেলিচিন্তামণিতে" ও "স্তবাবলীতে" নিত্যানন্দ প্রভূর কোন উল্লেখ পাইলাম না, এবং নিত্যানন্দের পরম ভক্ত বৃন্দাবনদাস ঠাকুরের গ্রন্থ র্যনাথদাদ্যের নাম পাইলাম না। শ্রীচৈতন্তভাগবতে বণিত আছে যে খ্রন নিত্যানন্দ পাণিহাটীতে রাঘবের মন্দিরে আদেন তথন—

"ব্যুনাথ বৈছ আইলেন ততক্ষণে" ( গং।৪৪৯ ), "ব্যুনাথ বেজওঝা ভক্তিবসময়" ও "ব্যুনাথ বৈছ-উপাধ্যায় মহামতি" ( পৃ. ৪৫৪ ), ৩।৬।৪৭৪ প্রায় শেষোক্ত পদ, এবং ৩।১।৪৯৩ পৃষ্ঠায় ব্যুনাথ বৈছেব নাম আছে। কৃষ্ণাদ কবিবাজও নিত্যানন্দ-শাখা-বর্ণনায় বলিয়াছেন—

> রঘুনাথ বৈচ্চ উপাধ্যায় মহাশয়, গাঁহার দর্শনে কৃষ্ণপ্রেমভক্তি হয়॥—১।১১।১৯

স্ত্রাং রঘুনাথদাসকে বুন্দাবনদাস ভ্লক্রমে রঘুনাথ বৈছ বলেন নাই, তিনি ইচ্ছা করিয়াই রঘুনাথদাসের নাম বাদ দিয়াছেন।

#### 2. Sanatan Goswami

### ২। সনাতন গোস্বামী

শ্রিপাদ সনাতন গোষামীকে কবিকর্ণপূর "গোরাভিন্নতত্ব: সর্বারাধ্য" বলিয়া গোরগণোদ্দেশদীপিকায় করিয়াছেন (১৮২)। সনাতন গোষামী শ্রিটেতন্তের কোন লীলা বর্ণনা করিয়া কোন গ্রন্থ, এমন কি অপ্টকাদিও লেখেন নাই। কিন্তু তাঁহার গ্রন্থাদিতে শ্রীচৈতন্তের লীলা ও তত্ব-বিষয়ে কিছু কিছু তথ্য পাওয়া যায়। সেই-সব তথ্যের গুরুত্ব বৃঝিতে হইলে, প্রথমে শ্রীচৈতন্ত্য-

গোষ্ঠাতে তাঁহার স্থান-সহদ্ধে কিছু আলোচনা করা প্রয়োজন।
Sanatan with younger brother Rup went to Ramkali village to meet Sri Chaitnaya for the first time
ন্রারি গুপ্ত রামকেলি গ্রামে শ্রীচৈতন্তের সহিত সাহজ সনাতনের প্রথম
মিলন বর্ণনা করিয়াছেন (৩)১৮)। ঐ বর্ণনা-পাঠে মনে হয় যে সনাতন
শ্রীচৈতন্তের কুপা পাইবার পূর্কেই সাধনরাজ্যের উচ্চ স্তরে অধিরত হইয়া-

ছিলেন। শ্রীচৈতন্য রামকেলিতে আসিয়াছেন শুনিয়াই সনাতন তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিলেন। তিনি বৈফ্রোচিত দৈন্ত-সহকারে প্রাচেতন্তের নিকট আত্মসমর্পণ করিলেন। শ্রীচৈতন্য বলিলেন, "তুমি নিশ্চয়ই বৃন্ধাবনের লোক। আমি তোমার সাথে মথ্রা যাইতে ইচ্ছা করি। তুমি বৃন্ধাবনের লুপ্ত তীর্থ প্রকট করিবে" (৩।১৮।৪-৬)। সনাতন তাঁহাকে বলিলেন, "নির্জ্জন বৃন্ধাবনে জনসংঘট্টের সহিত যাইয়া কি হইবে?" তিনি প্রার্থনা করিলেন যে শ্রীচৈতন্য কুপারপ শল্পের দ্বারা তাঁহার সংসারশৃত্মল দ্বিয় করুন। শ্রীচৈতন্য বলিলেন, "কুফ তোমার মনোরথ পূর্ণ করিলেন।" সনাতনের কথা শুনিয়াই শ্রীচৈতন্য বৃন্ধাবন যাওয়ার সংকল্প ত্যাগ করিয়া গৌড়দেশ
ভ্রমণান্তে নীলাচলে ফ্রিয়া গেলেন (৩০১৮১১)।

As per Kabikarnapur Sri Chaltanya met Sanatan at Kashi and Rup at Prayag

কবিকণপূর শ্রীচৈতগ্রচন্দ্রোদয় নাটকে বা শ্রীচৈতগ্রচরিতামৃত মহাকাব্যেরামকেলিতে সনাতনের সহিত শ্রীচৈতগ্রের মিলন বর্ণনা করেন নাই। কাশীতে সনাতনের প্রতি শ্রীচৈতগ্রের রূপার কথা তিনি নাটকে লিখিয়াছেন (৯৪৬)। তিনি সনাতনকে "গৌড়েন্দ্রশ্রু সভাবিভ্রণমণি" বলিয়া উল্লেখ করিয়াছেন (৯৪৫) ও লিখিয়াছেন যে শ্রীচৈতগ্র অবধৃতাক্বতি সনাতনকে দেখিয়াই আলিঙ্গন করিয়াছিলেন। নাটকে বণিত হইয়াছে যে শ্রীচৈতগ্র কুলাবন হইতে ফিরিবার পথে প্রয়াগে শ্রীরপের প্রতি কুপা করেন; তৎপরে তিনি বারাণসীতে আসেন ও সনাতনের সহিত মিলিতে হয়েন। কিন্তু বারাণসীর ঘটনা বলিবার সময় বার্ত্তাহারী প্রতাপক্রপ্রকে বলিতেছে—

কালেন বৃন্দাবন-কেলিবার্ত।
লুপ্তেতি তাং খ্যাপয়িতুং বিশিষ্য।
কুপামতে নাভিষিষেচ দেবস্তুত্রৈব রূপক স্নাত্নক ॥—১।৪৮

অর্থাৎ কালক্রমে বৃদাবন-সম্বনীয় প্রীক্ষণীলাকথা বিলুপ্ত হইলে, প্রীচৈতন্ত পুনরায় তাহা বিশেষরূপে প্রকাশ করিবার অভিপ্রায়ে রূপ ও সনাতনকে তথায় কুপায়ত দ্বারা অভিষিক্ত করিলেন। শ্লোকের চতুর্থ চরণের "তত্ত্রব" শব্দের অর্থ কি ? নাটকের বর্ণনার ক্রম দেখিয়া মনে হয়, "তত্ত্রব" মানে বারাণসীতে। ১৩০৭ বন্ধান্দে অবৈতবংশীয় প্রভূপাদ রাধিকানাথ গোস্বামী বৃদ্ধাবন হইতে প্রীচৈতন্তচরিতায়তের যে সংস্করণ বাহির করেন, তাহার সংস্কৃত টীকায় "ভত্ত্বিব বুলাবন এব" ব্যাখ্যা করিয়াছেন। রাধাগোবিন্দ নাথ মহাশয় "তত্ত্বৈব প্রয়াগে কাশীপূর্য্যাঞ্চ যথা বুলাবনে" বলিয়া পাঠককে বড়ই মুষ্কিলে ফেলিয়াছেন। কুফ্লাস করিবাজ বলেন যে প্রয়াগে শ্রীরপের ও অহপমের সহিত শ্রীচৈততার দাক্ষাৎ হয়। শ্রীরপকে উপদেশ দিবার পর শ্রীচৈততা যখন কাশীতে যাইবার জ্মা বাহির হইলেন, তখন শ্রীরপ তাঁহার সহিত যাইতে চাহিলেন। শ্রীচৈততা তাঁহাকে বুলাবনে পাঠাইয়া দিলেন ( চৈ. চ., ২০১০১০৫-২০১)। কাশীতে গখন সনাতনের সহিত তাঁহার সাক্ষাৎ হইল তখন শ্রীরপ সেখানে ছিলেন না। স্কুরাং এক স্থানে তুই ভাইকে কুপা করা সম্ভব হয় না। রূপ-সনাতনের বিরোধ গাকিলে, করিবাজ বোধানার কুফ্লাস করিবাজের সহিত করিকর্পপূরের বিরোধ থাকিলে, করিবাজ গোস্বামীর কথাই অধিকতর নির্ভর্যোগ্য মনে করিতে হইবে, কেন-না কুফ্লাস করিবাজ শ্রীরপের সঙ্গে জীরপের সঙ্গে দীর্ঘকাল বাস করিয়াছিলেন। ক্রিকর্ণপূরের সঙ্গে শ্রীরের সঙ্গে শ্রীনৈতের কথা জানা যার না। স্ক্রবাং নাটকের "তব্রেব" শব্দে এক সঙ্গে শ্রীচৈততা রূপ-সনাতনকে কুপা করিয়াছেন, বলা ভুল।

কবিকর্ণপূর রূপ-সনাতন-সম্বন্ধে আর একটি ভুল সংবাদ তাঁহার মহাকারে দিয়াছেন বলিয়া মনে হয়। তিনি লিখিয়াছেন যে সনাতন, অহপম, রূপ— এই তিন ভাই একত্র শ্রীচৈত্যুকে নীলাচলে দর্শন করিয়াছিলেন ও শ্রিমন্তাগ্বতোক্ত ব্রহ্মস্তুতি-দারা তাঁহাকে শুব করিয়াছিলেন (মহাকার্য, ১৭৯-২৪)। কৃষ্ণদাস কবিরাজ বলেন শ্রীরূপ ও অহুপম বৃন্দাবন হইতে গৌড়ে ফিরিয়া আসিতেছেন।

এই মত তুই ভাই গৌড় দেশে আইলা।
গৌড়ে আসি অমুপমের গঙ্গা প্রাপ্তি হৈলা॥— চৈ. চ., ৩।১।৩২
ীরপ একা নীলাচলে যাইয়া শ্রীচৈতন্তার শ্রীচরণে উপস্থিত হইলেন।

সনাতনের বার্ত্তা যবে গোদাঞি পুছিল।
রূপ কহে তাঁর সঙ্গে দেখা না হইল॥
আমি গঙ্গাপথে আইলাম তেঁহো রাজপথে।
অতএব আমার দেখা নহিল তাঁর সাথে॥
প্রয়াগে শুনিল তেঁহো গেলা বৃন্দাবন।
অন্তপ্রের গঙ্গা প্রাপ্তি কৈল নিবেদন॥

- CD. 5., U13184-89

Sri Rup stayed at Puri till Dolyatra i.e. for ten months and returned to Vrindayan প্রাক্ত পাকিয়া বৃন্ধাবনে ফিরিয়া (গলেন ( চৈ. চ., ৩।৪।২৫, ৩।১।১৬০ )।

নীলাচল হইতে রূপ গোড়ে যবে গেলা। মগুরা হইতে স্নাতন নীলাচলে আইলা॥—৩।৪।২

প্রভু কহে ইহা রূপ ছিলা দশমাস। ইহা হৈতে গৌড়ে গেলা দিনদশ॥ ৩।৪।২৫

এ ক্ষেত্রেও ক্বফানস কবিরাজের প্রদত্ত বিবরণ কবিকর্ণপূরের বর্ণিত বিবরণ অপেক্ষা অধিকতর বিশ্বাসধােগ্য বােধ হয়। এই হুই ঘটনা-সম্বন্ধেই লক্ষ্য করিবার বিষয় এই যে কবিরাজ গােষামী কবিকর্ণপূরের নাটকের ৮।৪৫, ৯।৪৮ শ্লোক উদ্ধৃত করিয়া লিথিয়াছেন—

নিজ গ্রন্থে কবিকর্ণপূর বিস্তার করিয়া। সনাতনে প্রভুর প্রসাদ রাগিয়াছি লিথিয়া॥—২।২৪।২৫৯

মাও৮ শ্লোক পুনরায় ২৷১৯৷১০৯-এর পর উদ্ধার করিয়া তিনি লিখিয়াছেন—

শিবানন সেনের পুত্র কবিকর্ণপূর। ক্রপের মিলন গ্রন্থে লিখিয়াছেন প্রচুর॥

কবিকর্ণপূর নাটকে ছইটি শ্লোকে সনাতনের প্রতি রূপা ও একটি শ্লোকে রূপের প্রতি রূপা বর্ণনা করিয়াছেন। ছইটি বা একটি শ্লোককে "বিস্তার করিয়া" ও "লিখিয়াছিলেন প্রচুর" বলা কতদূর সঙ্গত স্থাগণ বিবেচনা করিবেন। করিরাজ গোস্বামী কবিকর্ণপূর-বর্ণিত ঘটনাকে স্বীকার করেন নাই, তথাচ নিজ্ঞের বর্ণিত ঘটনার বিপরীত ঘটনামূলক শ্লোক উদ্ধার করিয়াছেন। হয়ত পূর্বাচাগ্যকে প্রতিবাদ না করাই বৈষ্ণবীয় রীতি অথবা এই ঘটনাকে বৈষ্ণব লেখকগণ বিশেষ প্রয়োজনীয় মনে করেন নাই—তাই সে সম্বন্ধে কোন উচ্চবাচ্য করেন নাই।

বৃন্দাবনদাস ঠাকুর ঐতিচতগুভাগবতের মধ্যথণ্ডের ষষ্ঠ অধ্যায়ের ও একাদশ অধ্যায়ের প্রথমে ঐতিচতগুকে "জয় রূপ-সনাতন-প্রিয়-মহাশয়" বলিয়া বন্দনা করিয়াছেন। কিন্তু রূপসনাতন-সম্বন্ধে তিনি যে সংবাদ দিয়াছেন তাহা কবিকর্ণপ্রের প্রদত্ত তথ্যের গ্রায় ভাস্থিস্লক। তিনি অস্তাথণ্ডের নবম অধ্যায়ে লিথিয়াছেন যে নীলাচলে রূপ-সনাতন একই সময়ে অবস্থান করিতেছিলেন ( চৈ. ভা, পু. ৪৯৩ )। অধৈতের নিকট ইহাদের পরিচয় দিবার সময় শ্রীচৈততা বলিতেছেন—

> রাজ্যস্থ ছাড়ি কাঁথ। করঙ্গ লইয়া। মথুরায় থাকেন ক্ষের নাম লৈয়া॥

আমায়ায় কৃষ্ভক্তি দেহ এ তুইরে ⊩— চৈ. ভা., পৃ. ৫০৮ Sanatan Goswami arrived at Puri after ten days of Sri Rup's departure

পূর্কো শ্রীচৈতক্সচরিতামৃত হইতে দেখাইয়াছি যে রূপ নীলাচল হইতে চলিয়া যাইবার দশ দিন পরে সনাতন তথায় আগমন করেন এবং নীলাচলে আসার পূর্বে তুই ভাইয়ের মণুরায় সাক্ষাৎ হয় নাই ; যথা—

> সনাতনের বার্তা যবে গোসাঞি পুছিল। রপ কহে তাঁর সঙ্গে দেখা না হইল ॥— চৈ. চ., ৩।১।৪৫

জয়ানন্দ রূপ-সনাতনের কথা অতি অল্পই জানিতেন। তিনি লিথিয়াছেন—

শ্রীক্ষণৈ চৈত্য রহিলেন কুতৃহলে। দবির থাস তুই ভাই গেল। নীলাচলে॥ দ্বির থাসে ঘুচাইলা সংসার বন্ধন। তুই ভাইর নাম হইল রূপ সনাতন ॥—জয়ানন, পু. ১৪৯

বৃন্দাবনদাসের মতে রূপের উপাধি ব। পদ ছিল দবিরখাস অর্থাৎ খাস মৃন্দী (private secretary); জয়ানন্দ ফার্দী ভাষায় একেবারে অজ ছিলেন, তাই দবিরখাস উপাধিকে 'দ্বির' ও 'থাস' এই তুই পদে বিভক্ত করিয়া তাহা রূপ ও স্নাতনের নাম ভাবিয়াছেন।

লোচনদাস শ্রীচৈতন্তমঙ্গলের প্রারম্ভে রপ-সনাতনকে বন্দন। করিয়াছেন, কিন্তু গ্রন্থমধ্যে কোথাও তাঁহাদের প্রদক্ষ বর্ণনা করেন নাই। "শেষথণ্ডে" Sri Chaitanya had Sissapeared from inside Gunjabadi অদর্শন হওয়া বর্ণনা করার পর তিনি লিখিয়াছেন—

> কাশীমিশ্র স্নাত্ন আর হরিদাস। উৎকলের সভে কান্দি ছাড়য়ে নিখাস।—লোচন, পৃ. ১১৭

শীচৈতন্তের তিরোধানের সময় সনাতন নীলাচলে ছিলেন, এ কথা অন্ত কোন এত্বে পাওয়া যায় না। লোচন এ কেত্রে ভ্রাস্ত হইয়াছিলেন বলিয়া মনে হয়।

উল্লিখিত আলোচনা হইতে দেখা যাইতেছে যে ঐতিতগ্রচরিতামৃত রচিত হইবার পূর্বের গৌড়মণ্ডলে রচিত ঐতিচতগ্রের জীবনীসমূহে রূপ-সনাতনের কথা বিশেষ কিছু নাই; অথচ সকল গ্রন্থেই তাঁহাদিগের নাম সসম্মান উল্লেখ করা হইয়াছে।

কৃষ্ণাস কবিরাজ গোস্থানী শ্রীচৈতগুচরিতামৃতের মধ্যলীলার প্রথম পরিচ্ছেদের ২৬-৩৬, ৫৩-৭৫, ১৬৫-২১০, ২২৭-২৩১ ও উনবিংশ হইতে পঞ্চ-বিংশ পরিচ্ছেদে এবং অন্তাখণ্ডের প্রথম ও চতুর্থ পরিচ্ছেদে রূপ-সনাতনের কথা বর্ণনা করিয়াছেন।

প্রধানতঃ এই বিবরণ অবলম্বন করিয়া রায় বাহাত্ম ডক্টম দীনেশচন্দ্র সেন তাঁহার "Chaitanya and his Companions" গ্রন্থের তৃতীয় অধ্যায় রচনা করিয়াছেন। ঐ অধ্যায়ের একটি উক্তি সংশোধিত করিয়া পাঠ করা প্রয়োজন। ডক্টম দেন লিখিয়াছেন, "Rupa met Chaitanya at Benares where the latter took pains to instruct him in the cardinal points of the Vaisnava religion." কৃষ্ণদাস কবিরাজের মতে শ্রীচৈতক্য রূপকে প্রয়াগে শিকা দিয়াছিলেন; যথা—

এই মত দশ দিন প্রয়াগে রহিয়া। শ্রীরূপে শিক্ষা দিল শক্তি সঞ্চারিয়া॥

ভক্তর স্থালকুমার দে "প্রভাবলীর" যে পাণ্ডিত্যপূর্ণ গ্রেষণামূলক সংস্করণ প্রকাশ করিয়াছেন তাহার ভূমিকায় লিখিয়াছেন যে কাশীতে রূপ, অমুপ্রমণ্ড শ্রীচৈতত্যের সহিত স্নাতনের সাক্ষাং হয়। এ উক্তি কৃষ্ণদাস করিরাজের বর্ণিত ঘটনার বিরুদ্ধ। বোধ হয় ভক্তর দে শ্রীচৈতত্যচন্দ্রোদায় নাটকের প্র্বোলিখিত "তত্রৈব" শব্দ অমুস্রণ করিয়া এরূপ লিখিয়াছেন।

উক্ত ভূমিকায় ডক্টর দে বলিয়াছেন, "No doubt, Chaitanya is represented as commissioning Sanatana and Rupa to prepare these learned texts as the doctrinal foundations of the faith and suggesting to them elaborate outlines and schemes; but these outlines and schemes are so suspiciously faithful

Dr. D. C. Sen, Chaitanya and his Companions, אָנ געי

Pr. S. K. De, Padyavali, Introduction, p. xlvii

to the actual and much later products of the Gosvamins themselves that this fact takes away whatever truth there might have been in the representation. ......But to hold Chaitanya responsible for every fine point of dogma and doctrine elaborated by Sanatana and Rupa and Jiva would indicate an undoubtedly pious but entirely unhistorical imagination. তাহাৰ এই উক্তি অয়োক্তিক মনে হয় না।

Cast of Rup-Sanatan

#### রূপ-সনাতনের জাতি

ক্ষণাস কবিরাজ রূপ-সনাতনের মুখ দিয়া বলাইয়াছেন—

"নীচ জাতি নীচ সঙ্গী কবি নীচ কাজ।

তোমার অগ্রেতে প্রভু! কহিতে বাসি লাজ।

—हें . ह., २।३।३१२

শ্লেচ্ছ জাতি শ্লেচ্ছদেবী করি শ্লেচ্ছকর্ম।
গোত্রাহ্মণদ্রোহী সঙ্গে আমার সঙ্গম॥"—হৈচ. চ., ২।১।১৮৬

সনাতন কহে—"নীচ বংশে মোর জন্ম। অধর্ম অন্থায় যত আমার কুলধর্ম॥ হেন বংশে ঘুণা ছাড়ি কৈলে অঙ্গীকার। তোমার কুপাতে বংশে মঙ্গল আমার॥"

এই-সব উক্তি দেখিয়া, বিশেষতঃ "নীচ জাতি" ও "নীচ বংশ" শব্দ দেখিয়া কোন কোন গবেষক সিদ্ধান্ত করিয়াছেন যে রূপ-সনাতন অথবা তাঁহাদের পিতা কুমারদেব মুসলমান হইয়া গিয়াছিলেন। স্থপণ্ডিত বসন্তকুমার চট্টো-পাধ্যায় লিখিয়াছেন, "রূপ-সনাতনের আবির্ভাবের কিছুকাল পূর্বের পিরালি খাঁনামক একজন মুসলমান পীরধর্ম প্রচারার্থে যশোহর জেলায় আসেন। রূপ-সনাতনের পিতা ঐ সময় যশোহর জেলায় বাস করিতেন। সম্ভবতঃ তিনি পিরালি ধর্ম গ্রহণ করিয়াছিলেন।"

১ ঐ ভূমিকা, pp. xxxv-vii

২ ভারতবর্ষ, প্রাবণ, ১৩৪১, পৃ. ১৭৭-৭৮

শ্রীপাদ কৃষ্ণদাস কবিরাজ সনাতনের মৃথ দিয়া বৈষ্ণবীয় দীনতা প্রকাশ করাইতে যাইয়া সনাতনের বংশকে নীচ ও অন্তায়পরায়ণ বলাইয়াছেন। তাঁহার অন্তান্ত উক্তি দেখিয়া কিন্তু মনে হয় না যে রূপ-সনাতন সত্য সভাই স্বধর্মন্ত্রই হইয়াছিলেন বলা তাঁহার অভিপ্রেত। তিনি লিখিয়াছেন যে রামকেলিতে শ্রীচৈতন্তার সহিত সাক্ষাৎ করার পর—

তুই ভাই বিষয় ত্যাগের উপায় স্থাজিল।
বহু ধন দিয়া তুই প্রাহ্মণ বরিল॥
কৃষ্ণমন্ত্রে করাইল তুই পুরশ্চরণ।
অচিরাতে পাইবারে চৈতক্যচরণ॥—চৈ. চ., ২০১৯৩-৪

সনাতন রাজ্যভায় উপস্থিত না হইয়।

ভট্টাচার্য্য পণ্ডিত বিশ ত্রিশ লঞা। ভাগবত বিচার করে সভাতে বসিয়া॥

-- रेठ. ठ., २।১२।১७

যদি রূপ-সনাতন বা তাঁহাদের পিতা সতাই মুসলমান হইয়া যাইতেন, তাহা হইলে তাঁহাদের পক্ষে পুরশ্চরণের জন্ম ও ভাগবত-বিচারের জন্ম বাহ্মণ পাওয়া সম্ভব হইত না। ব্রাহ্মণ-সমাজের অন্তঃশাসন তথন থুব প্রবল ছিল।

রূপ-সনাতন মুসলমান হইলে সে কথা রুফদাস কবিরাজের পূর্ববর্তী সকল লেখক একযোগে চাপিয়া যাইবেন, ইহাও সম্ভব মনে হয় না।

ঐতিহাসিক বিচারের একটি মূল সূত্র হইতেছে এই যে যাহার সম্বন্ধে কথা তাহার নিজের উক্তি পাওয়া গেলে তাহাই সাধারণতঃ সর্বাপেক্ষা অধিক বিশ্বাসযোগ্য বলিয়া গ্রহণ করিতে হইবে। অবশ্য সেই ব্যক্তির যদি সত্য গোপন করা অভ্যাস থাকে বা শ্বতিভ্রংশ হইয়াছিল প্রমাণিত হয় তবে তাহার কথা বিশ্বাস করা যায় না। রূপ-সনাতনের ক্ষেত্রে শ্বতিভ্রংশের কথা উঠিতেই পারে না। তাঁহারা যে ক্ষেন্ডায় পিতার বা নিজেদের ধর্মান্তর-গ্রহণ-বৃত্তাম্ভ গোপন করিয়া যাইবেন, এ কথাও বিশ্বাস্ত মনে হয় না। তাঁহারা রাজমন্ত্রী হিসাবে যথেষ্ট মান-সন্মান পাইয়াছিলেন—লোকনিন্দার ভয়ে আত্মপরিচয় গোপন করিবার পাত্র তাঁহারা নহেন। মহত্তর জীবনের আহ্বানে রাজ-ঐশ্য ত্যাগ করিয়া তাঁহারা ইচ্ছাপূর্বক সত্যগোপন বা মিথ্যাভাষণ করিবেন, ইছা বিশ্বাস করিতে প্রবৃত্তি হয় না।

As per Sanatan (in the tika of 3rd verse of Brihadbhagavatamrita) Rup was born in a Vipra family সনাতন গোষামী বৃহন্তাগবতামৃতের তৃতীয় শ্লোকের স্বরুত টীকায় লিখিয়াছেন, "পক্ষে চ ভক্তঃ স্বপ্রিয়ভৃত্যো যো রূপঃ কর্ণাটদেশবিখ্যাত-বিপ্রকৃলাচার্য্য-শ্রীজগদ্গুরুবংশজাত-শ্রীকৃমারাত্মজো গৌড়দেশী যঃ শ্রীরূপনামা বৈফববরন্তেন সহেত্যর্থঃ।" এখানে সনাতন রূপকে বিপ্রবংশজাত বলিতেছেন।

শ্রীরূপ গোস্বামী "দনাতনাষ্টকে" লিগিয়াছেন-

স্থাকিণাত্য-ভূমিদেবভূপবংশ-ভূষণং মুকুন্দদেব-পৌত্রকং কুমারদেব-নন্দনম্। স্বজীব-তাতবল্লভাগ্রজমূরপকাগ্রজং ভজায্যহং মহাশয়ং কুপাস্থৃধিং সনাতনম্॥

এস্থলেও রূপ সনাতনকে ব্রাহ্মণবংশভূষণ বলিয়া বন্দনা করিয়াছেন। এজীব গোস্বামী ভাগবতের লঘুতোষণীর অস্তে রূপ-সনাতনের বংশপরিচয় দিয়াছেন। তাহাতেও জানা যায় যে তাঁহারা ব্রাহ্মণ ছিলেন। উক্ত পরিচয়ে আছে—

> জাতস্তত্র মৃকুনতো দিজবরঃ শ্রীমান্ কুমারাভিধঃ কঞ্চিদ্রোহমবাপ্য সংকুলনির্বন্ধালয়ং সঙ্গতঃ। তৎপুত্রেষু মহিষ্ঠবৈষ্ণবগণপ্রেষ্ঠান্ত্রয়ো জজ্জিরে যে স্বং গোত্রমমৃত্র চেহ চ পুনশ্চক্রুস্তরামর্কিতম্॥

এই শ্লোকের "দ্রোহ" শব্দ দেখিয়া বসন্তকুমার চটোপাধ্যায় মহাশয় সন্দেহ করেন যে কুমারদেব জাতিচ্যুত হইয়াছিলেন। কিন্তু "ভক্তিরত্বাকরে" ঐ শ্লোকটির মর্ম্ম লইয়া লেখা হইয়াছে—

শ্রীমৃকুন্দ দেবের নন্দন শ্রীকৃমার।
বিপ্রকুলপ্রদীপ পরম শুদ্ধাচার॥
সদা যজ্ঞাদিক ক্রিয়া নিভূতে করয়।
কদাচার জনস্পর্শে অতি ভীত হয়॥
যদি অকন্মাৎ কভু দেধয়ে যবন।
করে প্রায়শ্চিত্ত অন্ন না করে গ্রহণ॥

জ্ঞাতিবৰ্গ হইতে উদ্বেগ হৈল মনে।

হাড়িলেন নবহট্ট গ্রাম সেই ক্ষণে॥

নিজ্ঞপণ সহ বন্ধদেশে শীঘ্র গেলা।

বাকলা চন্দ্রদীপ গ্রামেতে বাস কৈলা॥—পৃ. ৪০

ঐ গ্রন্থে আরও লিখিত আছে—

সনাতন-রূপ নিজ দেশস্থ ব্রাহ্মণে। বাসস্থান দিলা সবে গঙ্গা-সন্নিধানে॥—পৃ. ৪৩

ইহাতেও সনাতনের ব্রাহ্মণত্ব হচিত হয়। তবে এ কথা অস্বীকার করিবার

Rup-Sanatan wer উপায়ি নাই বি মুসলমান সরকারে চাকুরী করার জন্ম রূপ-সনাতনের পাতিত্য

দোষ ঘটিয়াছিল। সনাতন গোসামী ইহার ইন্ধিতও করিয়াছেন। তিনি
রুহভাগবতামৃতে লিখিয়াছেন—

আছামাধুনিকীং বার্চাং স্বধর্মাভনপেক্ষয়া
সাক্ষাচ্ছীভগবদ্বৃদ্যা ভজতাং ক্রত্রিমামপি।
ন পাতিত্যাদিদোষঃ স্তাদ্ গুণ এব মহান্ মতঃ
সৈবোত্তমা মতা ভক্তিঃ ফলং যা পরমং মহৎ ॥—২।৪।২০৮-৯

অর্থাৎ যাঁহারা স্বধর্মাদির অপেক। না রাখিয়া পুরাতনী বা আধুনিকী প্রতিমা ভঙ্কনা করেন, তাঁহাদের পাতিত্যাদি দোষ হয় না; প্রত্যুত তাঁহার। মহান্ গুণ সঞ্চয়ই করিয়া থাকেন; কারণ ভগবং-দেবাই উত্তমা ভক্তি এবং এই দেবাই পরম মহৎ ফল।

Guru of Sanatan

#### সনাতনের গুরু কে ?

শীরূপ ও সনাতন গোস্বামী তাঁহাদের গ্রন্থসমূহে অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন। তাঁহারা যদি শ্রীচৈতত্যের সহিত সাক্ষাতের পূর্বের শাস্ত্রচর্চানা করিতেন, তাহা হইলে এরূপ পাণ্ডিত্য-অর্জ্জন করিতে পারিতেন কি না সন্দেহ। শ্রীজীব গোস্থামী লঘুতোষণীর অস্তে লিথিয়াছেন—

যে শ্রীভাগবতং প্রাপ্য স্বপ্নে প্রাতশ্চ জাগরে।
স্বপ্নদৃষ্টাদেব বিপ্রাৎ প্রথমে বয়সি স্থিতা:॥
মমজ্জ্: শ্রীভগবত: প্রেমামৃতমহাম্ব্রে।
তেষামেব হি লেখে।হয়ং শ্রীসনাতননামিনাম্॥

ঐ শ্লোকের ভাবাহ্বাদ ভক্তিরত্বাকরে এইরূপ আছে—

শ্রীসনাতনের অতি অন্তুত চরিত।
শ্রীমন্তাগবতে যার অতিশয় প্রীত ॥
প্রথম বয়সে স্থপ্নে এক বিপ্রবর।
শ্রীমন্তাগবত দেই আনন্দ অন্তর ॥
স্থপভঙ্গে সনাতন ব্যাকুল হইলা।
প্রাতে সেই শ্রীমন্তাগবত দিলা॥
পাইয়া শ্রীভাগবত মহা হর্ষ চিতে।
মগ্র হৈলা প্রভু প্রেমামৃত সমৃদ্রেতে॥
শ্রীমন্তাগবত অর্থ থৈছে আস্বাদিল।
তাহা শ্রীবৈঞ্চবতোষ্ণীতে প্রকাশিল॥—পৃ. ৩৮

নরহরি চক্রবর্তী "ভক্তিরত্নাকরে" আরও সংবাদ দিয়াছেন যে ঐচিতত্মের সহিত মিলনের পূর্ব্বে রূপ-সনাতন সর্বাদা "সর্ব্বশাস্ত চর্চ্চা" করিতেন। কেহ আয়স্থত্রের ব্যাথা করিলে তাঁহাদিগকে শুনাইতে আসিতেন। সনাতন গোস্বামী বৃহৎ বৈষ্ণবতোষণীর প্রারম্ভে নিজের শিক্ষা-শুরুদের বন্দনা নিম্নলিখিতভাবে করিয়াছেন—

ভট্টাচার্য্যং সার্ব্বভৌমং বিগ্গাবাচস্পতীন্ গুরুন্। বন্দে বিগ্গাভ্ষণঞ্চ গৌড়দেশবিভ্ষণম্ ॥ বন্দে শ্রীপরমানন্দ-ভট্টাচার্য্যং রসপ্রিয়ম্। রামভদ্রং তথা বাণীবিলাসং চোপদেশকম্ ॥

উদ্ধৃত শ্লোকে যথন "গুরুন্" শব্দের প্রয়োগ আছে, তথন উল্লিখিত ব্যক্তিদের মধ্যে কোন একজনকে সনাতনের দীক্ষাগুরু মনে করিবার কারণ নাই। ইহারা সকলেই সনাতনের অধ্যাপক ছিলেন মনে হয়। ভক্তিরত্বাকরে আছে—

> শ্রীসনাতনের গুরু বিছাবাচস্পতি। মধ্যে মধ্যে রামকেলি গ্রামে তাঁর স্থিতি॥

এই স্থানে নরহরি চক্রবর্ত্তী যদি গুরু-অর্থে দীক্ষাগুরু ব্ঝিয়া থাকেন তবে তিনি ভুল করিয়াছেন বলিতে হইবে; কেন-না আমরা দনাতন গোস্বামীর নিজের দাক্ষ্য পাইয়াছি যে তাঁহার গুরু শ্রীচৈতন্ত। তিনি বৃহস্তা**গবভামতে**র মঙ্গলাচরণে লিপিয়াছেন—

নমং শ্রীগুরুক্ষার নিরুপাধি-ক্রপাক্তে।

যং শ্রীচৈতন্তরপাহভং তরন্ প্রেমরসং কলৌ।
ভগবস্তক্তি-শাস্ত্রাণামরং সারস্ত সংগ্রহঃ

অম্বভূতস্ত চৈতন্তদেবে তংপ্রিয়র্রপতঃ ॥—>>->>

সনাতন সকৃত টীকায় লিখিয়াছেন, "শ্রীগুরুবরং প্রণমতি। চৈতক্যদেবে চিত্তাধিষ্ঠাতৃ-শ্রীবাহ্নদেবে। যদা চৈত্তাদেবেতি খ্যাতে শ্রীশচীনন্দনে। তত্ত তহ্য যৎ প্রিয়ং রূপং যতিবেশ-প্রকাণ্ড-গৌরশ্রীমৃত্তিস্তশাতদত্বভাববিশেষেণেতার্থঃ। পক্ষে তক্স প্রিয়ো রূপনামা মহাশয়ন্তশাদিতি পূর্ববিৎ।" উক্ত শ্লোকের ভাবার্থ--্যিনি শ্রীটেডভারূপ পরিগ্রহ করিয়াছেন, অহেতুক করুণাকারী সেই শ্রীক্লফ-রূপ শ্রীগুরুকে নমস্কার। চৈত্যুদেবের প্রিয় রূপ হইতে তাঁহাতে অহুভূত যে ভগবদ্ধকি শাল্পসমূহের সার, ইহা তাহারই সংগ্রহ। একাদশ শ্লোকের টীকায় "প্রিয়রপতঃ" শকের ব্যাখ্যায় ত্ইটি বিষয় লক্ষ্য করিতে হইবে। প্রথমতঃ সনাতন গোষামীর মতে ঐচিতত্তের প্রিয় রূপ হইতেছে যভিবেশ। গৌড়মওলের শিবানন্দ দেন, নবহরি সরকার, বাহ্ন ঘোষ প্রভৃতি গৌরগোপাল অর্থাৎ নবদ্বীপের কিশোর গৌরাঙ্গ মৃত্তিকেই শ্রীচৈতন্মের শ্রেষ্ঠরূপ মনে করেন। একিঞ্চ-সম্বন্ধ যেমন বলা হয় বৃন্দাবনের এক্সঞ্চ পূর্ণতম, মথুরার পূর্ণতর এবং দারকার ও কৃষ্ণেত্রের পূর্ণ: তেমনি গৌরপারমাবাদিগণ নবদ্বীপের কিশোর গোরাঙ্ককে পূর্ণতম, গ্রা হইতে প্রত্যাগত ভাবোন্মত্ত বিশ্বস্তরকে পূর্ণতর ও যতিবেশধারী ঐীচৈত্যাকে পূর্ণ মনে করিতেন এবং এখনও করেন। ব্রজমণ্ডলে শ্রীচৈতব্যের ধর্ম-সমন্তে যে-সমন্ত গ্রন্তাদি রচিত হইয়াছিল তাহাতে দেখা যায় যে শ্রীচৈততা মূলতঃ উপায়—উপেয় নহেন। সেইজ্বাই ব্রজমণ্ডলের সাধকদের নিকট শ্রীচৈতব্যের যতিবেশ, যে বেশে তিনি শ্রীরাধার ভাবমাধুর্য্য আস্বাদন করিয়াছিলেন, তাহাই প্রিয়রূপ।

উদ্ধৃত টীকাংশে লক্ষ্য করিবার বিতীয় বিষয় এই যে সনাতন নিজের অফুক্ত শ্রীরূপকে কিরূপ সম্মানের সহিত উল্লেখ করিতেছেন। সনাতন গোস্বামী বৃহৎ বৈষ্ণবতোষণীর প্রারম্ভে আরপ্ত জোর দিয়া শ্রীরূপের কথা বলিয়াছেন; যথা—

## শ্রীমন্চৈতন্তরপশ্র প্রীতা গুণবতোহথিলম্। ভূয়াদিদং যথাদেশবলেনৈব বিলিখ্যতে॥

শ্রীরপের আদেশ-বলেই সনাতন শ্রীমন্তাগবতের টীকা লিখিতেছেন। বিশায়ের বিষয় এই যে শ্রীরপ নিজে সনাতনকে গুরু বলিয়া সর্বত্র প্রণাম করিয়াছেন। গুরু হইয়াও সনাতন শিল্পের আদেশে বৃহৎ বৈষ্ণবতোষণী রচনা করিলেন বলিতেছেন; ইহাতে এক দিকে যেমন সনাতনের চরিত্রের মহন্ত ও উদারতা প্রকাশ পাইতেছে, অন্ত দিকে তেমনি ব্রজমণ্ডলে শ্রীরপের অসাধারণ মর্যাদা দেগা যাইতেছে। ব্রজমণ্ডলের ভজনপ্রণালীর প্রবর্ত্তক শ্রীরপ—সনাতন নহেন। রঘুনাথদাস ও রুফ্দাস কবিরাজের গ্রন্থাদি পাঠেও এই ধারণা জন্মে। বর্ত্তমান কালে গৌড়ীয় বৈষ্ণব-ধর্মের সংস্কারকামী গৌড়ীয় মঠও "রূপায়ুগত ভজনপ্রণালী"র পুনকজ্জীবন আকাজ্যা করিতেছেন।

এইবার সনাতন গোস্বামীর গুরু কে, সেই বিচারে ফিরিয়া আসা যাউক।
বুহন্তাগবতামূতের দশম ও একাদশ শ্লোক হইতে জানা যায় যে শ্রীচৈতক্যকেই
তিনি গুরুবর বলিয়া প্রণাম করিয়াছেন। ঐ গ্রন্থথানি Pilgrim's Progress-এর ক্রায় সনাতন গোস্বামীর আধ্যাত্মিক অমুভূতির রূপক। গ্রন্থের বিতীর থণ্ডের নায়ক সত্যাক্সান্ধিংস্থ গোপকুমার স্বয়ং সনাতন। দ্বিতীয় থণ্ডের প্রথম অধ্যায়ের ৩০ সংখ্যক শ্লোকে আছে যে কামাখ্যা দেবী স্বপ্লে উক্ত গোপকুমারকে দশাক্ষর গোপালমন্ত্র উপদেশ করিয়াছিলেন। এই দশাক্ষর গোপালমন্ত্র মাধ্যকন্ত্রপ্রীর, ঈশ্বরপুরীর ও শ্রীচৈতক্যদেবেরও যে উপাসিত মন্ত্র, এ কথা স্বরণ রাখিতে হইবে। ভগবং-পার্যদগণ গোপাকুমারকে বলিলেন—

গৌড়ে গঙ্গাতটে জাতো মাথুর-ব্রাহ্মণোত্তম:।
জয়ন্তনামা কৃষ্ণস্থাবতারতে মহানু গুরু:॥—২।৩।১২২

অর্থাৎ গৌড়দেশে গঙ্গাতীরে জয়ন্ত নামে এক মাথুর ব্রাহ্মণ আছেন। তিনি কফের অবতার এবং তিনিই তোমার মহান্ গুরু। গৌড়দেশে গঙ্গাতীরে শ্রীচৈতন্ত ব্যতীত অন্ত কোনও কফের আনতার আবিভূতি হইয়াছিলেন বলিয়া জানা যায় না। সেইজন্ত উক্ত জয়ন্ত শ্রীচৈতন্তের রূপকাকারে গৃহীত নাম।

এই-সকল প্রমাণ-বলে আমি অন্থমান করিতেছি যে ঐতিচতন্তই সনাতনের গুরু। অবশ্য এই অন্থমান বৈষ্ণব-সম্প্রদায়ের সিদ্ধান্তের বিরোধী। রাধা-গোবিন্দ নাথ মহাশয় লিখিয়াছেন, "বৈষ্ণব শাস্তান্থ্যারে ঐমিয়হাপ্রভু হইলেন শ্বাং ভগবান্ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ তত্ততঃ সমষ্টিগুক হইলেও ব্যষ্টিগুক্রর কান্ধ তিনি করেন না; তিনি নিজে কাহাকেও দীক্ষা দেন না। যোগ্য ভক্ত-দ্বারা দীক্ষা দান করাইয়া থাকেন।" তিনি তুইটি প্রমাণ-বলে সিদ্ধান্ত করিয়াছেন ষে সনাতনের গুরু শ্রীচৈতত্য নহেন। প্রথমতঃ শ্রীচৈতত্যচরিতামূতে আছে যে রামকেলিতে শ্রীচৈতত্যের চরণ দর্শন করিয়া শ্রীকপ-সনাতন স্বগৃহে গেলেন ও শ্রীচৈতত্যচরণ-প্রাপ্তির আশায় তুইটি পুরুক্তরণ করাইলেন। নাথ মহাশয় হরিভক্তিবিলাসের ৭০০ শ্রোকের বিধি-অন্ত্যারে বলেন যে দীক্ষার পরে পুরুক্তরণ হয়, পূর্কে নহে। অভএব শ্রীচৈতত্যের সহিত সাক্ষাৎ হইবার পূর্কেই কপ-সনাতনের দীক্ষা হইয়াছিল। সনাতনের নিজের উক্তির সহিত বিরোধ-হতু নাথ মহাশয়ের এই অন্ত্যান যুক্তিসহ বলিয়া মনে হয় না। নাথ মহাশয়ের প্রদত্ত দ্বিতীয় প্রমাণ বৈষ্ণবতোষণীর মঙ্গলাচরণে উক্ত "ভট্টাচার্য্যং বাহ্যদেবং বিভাবাচম্পতীন্ গুরুন্।" পূর্কেই বলিয়াছি যেগানে গুরু-শব্দের বহুবচন প্রয়োগ হয় সেখানে শিক্ষাগুরুই ব্রায়; কেন-না দীক্ষাগুরু একজন এবং শিক্ষাগুরু বহু ইতে বাধা নাই।

আলোচ্য মঙ্গলাচরণে সনাতন-কর্ত্বক সার্ব্যভৌম ভট্টাচার্য্য, বিহ্নাবাচম্পতি, বিহ্নাভ্যণ, পরমানন্দ ভট্টাচার্য্য, রামভদ্র ও বাণীবিলাসকে বন্দনা করা হইয়াছে। ইহাদের মধ্যে প্রথমোক্ত তৃইজন ছাড়া অপর চারজনের নাম জীটেতহাগোষ্ঠাতে পাওয়া যায় না। কোন বৈষ্ণববন্দনায় ঐ চারজনের নাম উল্লেখ নাই। স্বত্তরাং অহুমান হয় যে জীটেতহাের সহিত সাক্ষাং হইবার পূর্ব্বে ঐ ছয়জনের নিকট সনাতন শিক্ষালাভ করিয়াছিলেন। এই অহুমানের সমর্থনকল্পে তৃইটি ঘটনার উল্লেখ করিব। (১) সনাতন নীলাচলে বাসকালে সার্ব্বভৌমের নিকট যে শিক্ষালাভ করিয়াছিলেন, এরপ কোন প্রমাণ নাই। অতএব যখন সার্ব্বভৌম গৌড়দেশে থাকিয়া ছাত্রদিগকে হাায়শান্তাদি শিক্ষা দিতেন সেই সময়ে হয়ত সনাতন তাঁহাের নিকট পড়িয়াছিলেন। (২) ভক্তিবরাকরের মতে—

গ্রায়স্ত্র ব্যাখ্য শিনিজক্ত যে করয়। সনাতন রূপ শুনিলে সে দৃঢ় হয়॥—পৃ. ৪২

১ রাধাগোবিন্দ নাথ-সম্পাদিত শ্রীচৈতক্সচরিতামৃত, অস্তা, পরিশিষ্ট ২১৮

২ নাথ মহাশয় "বাহ্নদেবং" পাঠ কোখায় পাইলেন জানি না। ভক্তিরত্নাকরের ৪৩ পৃষ্ঠায় উদ্ধৃত পাঠ ও রামনারায়ণ বিচারত্ব-সম্পাদিত বৈক্বতোষণীর পাঠ "সার্বভৌমং"।

অর্থাৎ সনাতন স্থায়শাস্ত্রে পাণ্ডিত্য লাভ করিয়াছিলেন। সনাতন রুহন্তাগবতান্মতে স্থায়শাস্ত্রের জ্ঞানের পরিচয় দিয়াছেন; যথা—"তুমি রুফাবিষ্ট হইয়া পানাদি মন্তের স্থায় অথবা উন্মন্তের স্থায় কথনও নৃত্য করিয়া, কথন গান করিয়া, কথন কম্পমান হইয়া, কথন বা রোদন করিয়া স্থায়শাস্ত্রাক্ত জন্মনরণাদি একবিংশতি প্রকার সংসার-তৃঃথ হইতে লোক সকলকে উদ্ধার করিয়া কেবল যে তাহাদিগের তৃঃথমোচন করিয়াছ তাহা নহে, কিন্তু সর্ব্বে হরিভক্তি বিস্তার করিয়া তাহাদিগকে পরম স্থী করিয়াছ।" সার্বভৌমাদি ছয়জন গুরুর নিকট সনাতন শ্রীচৈতন্তের রুপালাভ করিবার পূর্ব্বে স্থায়শাস্ত্র পাঠ করিয়াছিলেন, মনে হয়। Eggling সাহেব বলেন যে সনাতন গোস্থামি-ক্রত তাৎপর্য্যাদীপকানামে মেঘদ্তের একথানি টীকা India Office Library-তে আছে। ঐ টীকা আমাদের সনাতন গোস্থামীর রচনা হইলে উহা নিশ্চয়ই শ্রীচৈতন্তের রুপাপ্রাপ্তির পূর্বের লেখা।

Books written by Sanatan

#### সনাতনের রচিত গ্রন্থাদি

শ্রীর গোস্বামী লঘুতোষণীর অন্তে সনাতনের রচিত বলিয়া চারিথানি গ্রন্থের নাম উল্লেখ করিয়াছেন: (১) ছই খণ্ডে সম্পূর্ণ ভাগবতায়ত, (২) হরিভক্তিবিলাস ও তাহার টীকা দিক্প্রদর্শিনী, (৩) লীলান্তব, (৪) বৈষ্ণবতোষণী। ইহাদের মধ্যে প্রথম ও চতুর্থথানির সম্বন্ধে কোন গণ্ডগোল নাই। হরিভক্তিবিলাস নাম দিয়া যে গ্রন্থ রামনারায়ণ বিভারত্র ছাপিয়াছেন তাহা গোপাল ভট্ট-কত। তিনি গ্রন্থণেষে লিথিয়াছেন—"গোপাল ভট্টের ভগবস্তক্তিবিলাসকে প্রায়শঃই লোকে 'হরিভক্তিবিলাস' বলিয়া থাকে, স্থতরাং এই গ্রন্থ 'হরিভক্তিবিলাস' নামেই অভিহিত হইল।" বিভারত্র মহাশয় ঐ গ্রন্থের যে টীকা ছাপিয়াছেন তাহা সনাতন গোস্বামীর লেখা বলিয়া নিঃসন্দেহে গ্রহণ করা যাইতে পারে। গোপাল ভট্ট মঙ্গলাচরণের দিতীয় শ্লোকে লিথিয়াছেন যে তিনি রূপ, সনাতন ও রঘুনাথদাসের সম্প্রোয়-বিধানার্থ গ্রন্থ লিথিতেছেন। টীকায় রঘুনাথদাসের পরিচয়দান-প্রসঙ্গে লিথিত হইয়াছে—
"শ্রীরঘুনাথদাসো নাম গৌড়কায়স্থকুলভান্ধরঃ পরমভাগবতঃ শ্রীমণুরাশ্রিভন্তদা-

১ বৃহস্তাগবভামৃত, ১।৪।৬ মূল ও তাহার টীকার বঙ্গামুবাদ

Regional India Office Catalogue, VII, pp. 1422-23

দীন্ নিজ্ঞদদিন: সম্ভোষয়িত্মিত্যর্থ: ।" এহলে বগুনাথাদির সঙ্গী বলিয়া রূপসনাতনের কথা টীকায় অন্ধ্রিথিত বহিয়া গেল। ঐ টীকা যে সনাতন
গোস্বামীরই লেগা, ইহা তাহার একটি প্রমাণ। অপর প্রমাণ হইতেছে এই
যে শ্রীজীব লিখিয়াছেন যে সনাতন হরিভক্তিবিলাসের দিক্প্রদর্শিনী টীকা রচনা
করিয়াছেন। আলোচ্য মুদ্রিত টীকায় আছে—

লিখ্যতে ভগবন্ধক্তিবিলাসস্ত যথামতি। টীকা দিগ্দশিনী নাম তদেকাংশাৰ্থবোধিনী॥

"দিক্প্রদর্শিনী" ও "দিপশিনীর" মধ্যে বিশেষ কোন প্রভেদ নাই। কিন্তু প্রশ্ন হইতেছে এই যে সনাতন কি একবার স্বকৃত হরিভক্তিবিলাসের টীকা করিয়াছিলেন, আবার গোপাল ভটের "ভগবন্তক্তিবিলাসের" টীকা করিয়াছিলেন, আবার গোপাল ভটের বইয়েরই টীকা লিখিয়াছিলেন, নিজের বইয়ের টীকা লিখেন নাই গুলনাতন-কৃত "হরিভক্তিবিলাসের" কয়েকথানি পুঁথি না পাওয়া পয়্যন্ত এ সমস্থার সমাধান করা যাইবে না। ৺রামনারায়ণ বিছারত্ব সনাতনের "হরিভক্তিবিলাসের" টীকা দেগেন নাই বলিয়া মনে হয়; কেন-না তিনি গোপাল ভটের বইয়ের শেষে লিখিয়াছেন, "কোন কোন স্থানে কেবল সনাতন-বর্চিত মূল সংক্ষিপ্ত হরিভক্তিবিলাস দেখিতে পাওয়া যায়।" অধ্যাপক চিন্তাহরণ চক্রবতী মহাশয় আমাকে জানাইয়াছেন যে এসিয়াটিক সোপাইটীতে বা সাহিত্য-পরিষদে সনাতনের হরিভক্তিবিলাসের পুঁথি নাই—গোপাল ভট্টের "ভগবন্তক্তিবিলাসের" পুঁথি আছে।

#### Who is the writer of Gitavali"গীতাবলী"র রচয়িত। কে ?

সনাতন গোস্বামীর "লীলান্তব"-নামক গ্রন্থ সতন্ত্রাকারে প্রকাশিত হয় নাই। ১৯৪১ খ্রীষ্টাব্দে হরিদাস দাস ও ১৯৪৪ খ্রীষ্টাব্দে পুরীদাস এই গ্রন্থ সম্পাদনা করিয়া প্রকাশ করিয়াছেন। "ভক্তিরত্বাকরের" মতে "লীলান্তবের" অপর নাম "দশম চরিত"; যথা—

> লীলান্তব দশম চরিত যারে কয়। ` সনাতন গোস্বামীর এই চতুষ্টয়॥

কৃষ্ণাস কবিরাজ লিখিয়াছেন—

হরিভক্তিবিলাস আর ভাগবভামৃত।
দশম টিপ্পনী আর দশম চরিত॥
এই সব গ্রন্থ কৈল গোসাঞি সনাতন।

-टिंह. ह., २१३१०:-७**३** 

"লীলান্তবেরই" অপর নাম "দশম চরিত", কেন-না ইহাতে দশম স্বন্ধের পঞ্চয়ারিংশ অধ্যায় পর্যন্ত প্রত্যেক অধ্যায়ের সংক্ষিপ্ত-সার আছে। পরামনারায়ণ বিভারত্ব শ্রীরূপ গোস্বামীর "ন্তবমালায়" "নন্দোংসবাদিচরিতং" হইতে আরম্ভ করিয়া "রঙ্গন্থল-ক্রীড়া" নামক ২৩টি লীলাবর্ণনমূলক কবিতা ছাপিয়াছেন। "নন্দোংসবাদিচরিতং"-এর টীকায় বলদেব বিভাভূষণ বলিতেছেন যে ইহা শ্রীরূপ গোস্বামীর রচনা; যথা—"ভগবল্লীলাং বর্ণয়িয়ান্ শ্রীরূপো ভগবল্লামোৎকর্ষং মঙ্গলমাচরতি জীয়াদিতি।" বৈঞ্বাচার্য্য রসিকমোহন বিভাভূষণ "দশম চরিত"-সম্বন্ধে লিথিয়াছেন, "শ্রীমদ্ বলদেব বিভাভূষণ গীতাবলী ও দশম চরিতকে শ্রীপাদ রূপ-বির্হিত বলিয়াই তদীয় টীকা-প্রারম্ভে বিঘোষিত করিয়াছেন। কিন্তু, আমরা চিরদিন হইতেই শুনিয়া আসিতেছি যে এই কাব্যন্ত শ্রীপাদ সনাতনের রচিত। শ্রীপাদ কবিরাজ যে শ্রীপাদ সনাতন-লিথিত দশম চরিত গ্রন্থের নামোল্লেথ করিয়াছেন উহা এই ন্তবমালাভূক্ত দশম চরিত ভিন্ন অন্য কোন কাব্য নহে বলিয়াই আমার ধারণা।"

বলদেব বিতাভূষণ অষ্টাদশ শতাব্দীর লোক; রূপ-সনাতনের গ্রন্থরচনা-সম্বন্ধে তাঁহার উক্তি থুব বেশী নির্ভরযোগ্য নহে। অন্তান্ত প্রমাণ-বলেও মনে হয় যে আলোচ্য ২৩টি পত্য শ্রীরূপেরই রচনা। শ্রীজীব গোস্বামী লঘুতোষণীতে শ্রীরূপের গ্রন্থসমূহের মধ্যে "ছন্দোইটাদশকং" নামে একথানি গ্রন্থের নাম করিয়াছেন। স্তবমালার "অথ নন্দোংসবাদিচরিতং" পত্যের দ্বিতীয় শ্লোকে

> নন্দোৎসবাদয়ন্তাঃ কংসবধান্তা হরেমহালীলাঃ। ছন্দোভিললিতাদৈরটাদশভিনিরূপ্যন্তে॥

তাহা হইলে বুঝা যাইতেছে যে এজীব-কথিত "ছন্দোইটাদশকং" গ্রন্থই "স্তবমালা"র আলোচ্য পত্যগুলি।

১ শ্রীমংরাপসনাতন শিক্ষামৃত, পৃ. ৪৯৪

শ্রীজীব গোম্বামী, কৃষ্ণদাস কবিবাজ, নরহরি চক্রবর্তী বা বলদেব বিছাভ্ষণ সনাতনের রচিত বলিয়া "গীতাবলী"-নামক কোনও স্বতম্ব গ্রন্থের নাম উল্লেখ করেন নাই। অথচ "স্তবমালা"র অস্তভ্ ক্ত "গীতাবলী"-নামক ৪১টি গীতের প্রত্যেকটিতেই সনাতনের নাম কোন-না-কোন প্রকারে উল্লিখিত হইয়াছে। এরূপ ভণিতা দেখিয়া মনে হয় এগুলি সনাতন গোস্বামীরই রচনা। পদকর্তা গোপীকান্তদাস লিখিয়াছেন—

শ্রীল সনাতন কয়ল গীতাবলী বিবিধ ভকতরঙ্গী॥

গৌরস্থন্বদাসও লিখিয়াছেন—
গোপাঞি সনাতন কয়ল গীতাবলী
ভনইতে উন্মিত চিত।

রিদিনাহন বিভাভ্যণ মহাশয় গীতাবলী সনাতনের রচিত বলিয়। সিদ্ধান্ত করিয়াছেন। অথচ শ্রীজীবাদি পূর্ব্বোলিখিত চারজন বৈষ্ণবাচার্য্য সনাতনের গ্রন্থ-তালিকায় "গীতাবলী"র নাম দেন নাই। পদকল্পত্রুতে "গীতাবলী"র অনেকগুলি গীত ধৃত হইয়াছে, কিন্তু সতীশচক্র রায় মহাশয় দেগুলি শ্রীরূপের রচনা বলিয়। নিদেশ করিয়াছেন। তিনি লিখিয়াছেন যে শ্রীরূপ "বিনয়বশতঃ নিজ নামের ভণিতা না দিয়া স্থকৌশলে তাহার পূজনীয় অগ্রজ সনাতনের নাম সংযুক্ত করিয়াছেন।" ও সংখ্যক গীতে "স্বহুৎ সনাতন", ১৩ সংখ্যক গীতে "সনকসনাতন-বণিত চরিতে", ২০ সংখ্যক গীতে "গিরিশ সনাতন সনকসনন্দন" প্রভৃতি বাক্য দেখিয়া মনে হয় ইহা শ্রীরূপেরই লেখা; কেন-না শ্রীরূপ ললিত-মাধ্বের প্রথম অঙ্কের সপ্তম শ্লোকে সনাতনকে "সনকাদীনাং তৃতীয়ঃ পুরা" বলিয়াছেন। সনাতন নিজে গীতাবলী লিখিলে সনকাদির সহিত নিজের নাম ভণিতাচ্ছলে উল্লেখ করিতেন না।

> বলদেব বিভাতৃষণ গীতাবলীর টীকার শেষে ৪১টি গীতেরই নাম করিয়াছেন, যথা— গাথা-চড়ারিংশদেকাধিকা যো ব্যাচষ্ট শ্রীরূপাদিষ্টাঃ প্রযক্তাং। তরামনারায়ণ বিভারত্ব ২২ সংখ্যক গীতের পর ভূল করিয়া ২৪ সংখ্যা দিয়া গীতসংখ্যা ৪২ করিয়াছেন। রিসিকমোহন বিভাতৃষণ মহাশয় ইছা লক্ষ্য না করিয়া লিখিয়াছেন—"ইছাতে ৪২টি গীত আছে।"—রূপসনাতন-শিক্ষামৃত, পৃ. ৪৮৮

२ कीर्डनानम, शृ. २४ ७ कीर्डनानम, शृ. २४ 8 श्रमकहाउत, ६म थख, शृ. २०8

আমার মনে হয় শ্রীরূপ গীতাবলীতে সনাতনকে শ্রীক্লফের সহিত অভেদভাবে দর্শন করিয়া "মুঞ্সনাতন সঙ্গতিকামং" প্রভৃতি পদ লিখিয়াছেন।

Sanatan on Sri Chaitanya tattva

শ্রীচৈতগ্যতত্ত্ব-সম্বন্ধে সনাতন

Sripad Sanatan goswami has accepted Sri Chaitanya as GOD

প্রীপাদ সনাতন গোস্বামী প্রীচৈতগ্যকে ভগবান্ বলিয়া স্বীকার করিয়াছেন। বৃহদ্ভাগবতামতের মঙ্গলাচরণের প্রথম ও তৃতীয় শ্লোকে তিনি প্রীচৈতগ্যকে শ্রীক্ষণ্ণের সহিত অভেদ তত্ত্বরূপে বর্ণনা করিয়াছেন। প্রথম শ্লোকের টীকায় শ্রীচৈতগ্যের আবির্ভাবের কারণ নিম্নলিখিতভাবে প্রকাশ করিয়াছেন—"য়ৃত্তপি শ্রীচৈতগ্যদেবে৷ ভগবদবতার এব তথাপি প্রেমভক্তি-বিশেষপ্রকাশনার্থং স্বয়মবতীর্ণত্বাত্তন তদর্থং স্বয়ং গোপীভাবোহপি বাঞ্জাতে।" তৃতীয় শ্লোকটি এই—

স্বদয়িত-নিজভাবং যো বিভাব্য স্বভাবাং। স্থমধুরমবতীর্ণো ভক্তরপেণ লোভাং॥ জয়তি কনকধামা রফচৈতক্তনামা। হরিরিহ যতিবেশঃ শ্রীশচীস্কুরেষঃ॥

"সদয়িত-নিজভাবং" পদের টাকায় সনাতন লিখিয়াছেন, "স্বস্থা হরেভাবঃ নিজভক্তজনেষু যং প্রেমা, তত্মাৎ সকাশাৎ সদয়িতানাং ভক্তানাং ভাবঃ।" শ্লোকটির বাঙ্গালা অর্থ এই—"নিজ ভাব হইতে স্বীয় ভক্তবর্গের নিজের প্রতি ভাব আলোচনা করিয়া, সেই ভাবের প্রতি লোভবশতঃ যিনি ভক্তরূপে এই স্থানে অবতীর্ণ হইয়াছেন, সেই কনককান্তি যতিবেশধারী শ্রীশচীনন্দন, শ্রীকৃষ্ণচৈতন্তন-নামক শ্রীহরি সর্কোৎকর্ষে বিরাজ করিতেছেন। শ্লোকের টীকায় "উক্তং সার্কভৌম-ভট্টাচার্য্য-পাদেঃ" বলিয়া—-

কালান্নইং ভক্তিযোগং নিজং যঃ
প্রাতৃষ্ঠ কুং কুঞ্চৈতগুনামা।
আবিভূ তিন্তস্থ পাদারবিন্দে
গাঢং গাঢং লীয়তাং চিত্তভুকঃ ॥

শ্লোকটি সনাতন উদ্ধার করিয়াছেন। এ স্থানে শ্রীরাধার ভাবমাধূর্য্য আম্বাদনের বাঞ্চায় শ্রীচৈতত্ত্বের আবির্ভাবের কথা স্পষ্ট করিয়া বলা হয় নাই।

সনাতন গোমামী এটিচতত্ত্বের যে অপূর্ব্ধ প্রেম দর্শন করিয়াছিলেন, তাহাতে তাঁহার আর কোন সন্দেহ ছিল না যে স্বয়ং শ্রীকৃষ্ণ বা শ্রীরাধাই শ্রীচৈতক্সরূপে অবতীর্ণ হইয়াছেন। "বৃহদ্যাগবতামৃতে" নারদ গোপকুমারকে বলিতেছেন, "সেই প্রেম নিরূপিতই হইতে পারে না; যদি বা কোনক্রমে নিরূপিত হয়, তথাপি অধুনা তোমার প্রতীতির বিষয় হইবে না। যদি তাদৃশ প্রেমবিশিষ্ট লোকের সাক্ষাৎ দর্শন হয়, তবেই সেই প্রেমতত্ত সাক্ষাৎ অবগত হওয়া যায়। গোপীগণ-মধ্যে স্থপ্রসিদ্ধা পরম-প্রেমভরবতী শ্রীরাধিকা যদি প্রভ্যক্ষীভূতা হয়েন, তবেই দেই মৃর্তিমান্ প্রেম দাক্ষাং অহুভূত হইতে পারে। দেই ভগবতীই সেই প্রেম ব্যাখ্যা করিতে পারেন। এখানে যদি বা কাহারও প্রেমতত্ত-শ্রবণে শক্তি হয়, তথাপি সে ব্যক্ত করিতে পারে না; কারণ উপযুর্গির প্রেমাবির্ভাবে দর্কাদা সকলে মহোন্মত্তের ক্রায় হইয়া থাকে। অপর শোতাও তাদৃশ প্রেমরোগগ্রন্থ হইয়া থাকে। কেবল সেই ভগবতীর দর্শন হইলেই, তাঁহাতে প্রাত্ত্ত মহাপ্রেমলকণ সাক্ষাৎ দৃষ্ট হইয়া থাকে এবং সেই প্রেম যথার্থতঃ বিজ্ঞাতও হইয়া থাকে। তাদৃশ নিজপ্রেম-বিস্তারকারী কৃষ্ণচল্লের যদি কোন অবতার হয়, অথবা শ্রীরাধিকার যদি কোন অবতার হয়, তাহা হইলেই সেই প্রেম অমুভূত হইতে পারে।"—র. ভা. ২।৫।২৩৩-৩৪

বৃহৎ বৈঞ্বতোষণীর মঙ্গলাচরণে সনাতন গোস্বামী লিথিয়াছেন—

বন্দে শ্রীক্লফটেততাং ভগবন্তং ক্লপার্ণবম্। প্রেমভক্তি-বিতানার্থং গৌড়েম্ববততার যঃ॥

এ স্থলেও প্রেমভক্তি প্রচার করাই শ্রীচৈতগ্য-অবতারের মৃথ্য উদ্দেশ্য বলিয়া কথিত হইয়াছে।

শ্রীক্লফ-লীলান্ডবের শেষে শ্রীটেতন্তের স্তব করিয়া তিনি লিখিয়াছেন যে এই দীনদীনকে কি তুমি কি কখনও শ্রবণ করিবে? ইহা দেখিয়া মনে হয় গ্রন্থানি শ্রীটেতন্তের জীবনকালে লিখিত হয়। প্লোকগুলি এই—

শ্রীমকৈতগুদেব বাং বন্দে গৌরাক্সন্দর।
শ্রীনন্দন মাং ত্রাহি ষতিচ্ডামণে প্রভা ॥
আজান্তবাহো মেরাস্থ নীলাচলবিভূষণ।
জগৎপ্রবর্ত্তিত-স্বাত্ব ভগবরামকীর্ত্তন ॥

অবৈতাচার্য্য-সংশ্লাঘিন্ সার্কভৌমাভিনন্দক।
বামানন্দকতপ্রীত সর্কবৈঞ্ব-বান্ধব॥
শ্রীকৃষ্ণচরণাম্ভোজ-প্রেমামৃত-মহামৃধে।
নমতে দীনদীনং মাং কদাচিং কিং শ্ববিশ্যদি॥—১০৪

এগানে অবশ্য প্রীচৈতন্যকে ষতিচ্ডামণি ও ক্লফচরণপদ্মে প্রেমামৃত্বে মহাসমৃদ্র মাত্র বলা হইয়াছে, প্রীক্লফের সঙ্গে অভিন্নত্ব স্থাপন করা হয় নাই। ঐ গ্রন্থেই জগনাথের স্তবে সনাতন গোস্বামী জগনাথকে "চৈতন্যবল্লভ" বলিয়াছেন, গ্রন্থের শেষে দৈন্যার্ত্তি বিজ্ঞাপনে তিনি নীলাচলে প্রীচৈতন্যদেবের সঙ্গ প্রাপ্তির কথা উল্লেখ করিয়া কৃষ্ণকে বলিতেছেন—

> অত্তৈব তং প্রিয়ং যক্ষ মদেকধনজীবনম্। প্রাপয়ন্ মে পুনঃ সঙ্গং তব্যৈ নিত্যং নমো নমঃ॥

এখানে যে "মদেকধনজীবনন্" বলিতে শ্রীচেতক্তকে বৃঝাইতেছে তাহা বৃহদ্ভাগবতামৃতের ২।৩।৩-৪ শ্লোক হইতে প্রমাণিত হয়। উহাতে আছে যে "আমি
শ্রিভগবানের আজ্ঞা স্মরণ করিয়া এই বৃন্দাবনে ইতস্ততঃ শ্রমণ করিতে করিতে
কোন এক কুঙ্গে শ্রীগুরুদেবকে প্রেমমূর্চ্চিত অবস্থায় দর্শন করিলাম। আমি
বহু প্রয়াদে তাঁথাকে স্কন্ত করিলাম।" ঐ অধ্যায়ের অব্যবহিত পূর্কে সনাতন
লিথিয়াছেন—

শ্রীমচ্চৈতন্তরপায় তথ্যৈ ভগবতে নম:। যাৎকারুণ্য-প্রভাবণে পাষাণোহপ্যেষ নৃত্যতি॥

— ২া২ টীকার শেষে

3. Srirup Goswami

#### ৩। এিরপ গোস্বামী

শ্রীকৃষ্ণ চৈতন্ত পর্যাতি ধর্মসম্প্রদায়ে যে সাধন-ভন্তন-রীতি অধিকাংশ ব্যক্তি অনুসরণ করেন তাহার প্রবর্তক হইতেছেন শ্রীরূপ গোস্বামী। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় "শ্রীশ্রীপ্রার্থনা"য় ২০, ৪১, ৪২, ৪০ পদে শ্রীরূপের আত্মগত্য করিয়া শ্রীরাধাক্বফের ভন্তন করিবার প্রার্থনা করিয়াছেন। ৪১ সংখ্যক প্রার্থনাটি তুলিয়া দিতেছি—

শুনিয়াছি সাধুমুখে বলে সর্বজন। শ্রীরূপ কুপায় মিলে যুগল চরণ॥ হা হা প্রভূ সনাতন গৌর-পরিবার॥
সবে মিলি বাঞ্চা পূর্ণ করহ আমার॥
শীরূপের কুপা ঘেন আমা প্রতি হয়।
সে পদ আশ্রয় যার সেই মহাশয়॥
প্রভূ লোকনাথ কবে সঙ্গে লয়ে যাবে।
শীরূপের পাদপদ্ম মোরে সমর্পিবে॥
হেন কি হইবে মোর নর্ম-স্থীগণে।
অন্ত্রগত নরোত্তমে করিবে শাসনে॥

শ্রীরূপ নিজে "ভক্তিরসামৃতিসির্গতে বলিয়াছেন যে শ্রীটেচতক্তই তাঁহার হৃদয়ে প্রেরণা দিয়াছেন—

> স্থাদি যক্ত প্রেরণয়া প্রবর্তিতোহহং বরাকরূপোহপি। তক্ত হরে: পদক্ষলং বন্দে চৈত্ত্যদেবস্তু॥

Books written by Srirup

### শ্রীরূপের রচিত গ্রন্থাদি

শ্রীজীব গোস্বামী লঘুতোষণীর শেষে শ্রীরূপের রচিত গ্রন্থাদির নিম্নলিথিত বিবরণ দিয়াছেন—

তরোরহজেসটেয় কাব্যং শ্রীহংসদ্তকম্।
শ্রীমত্দ্ধবদন্দেশং ছন্দোইটাদশকং তথা ॥
স্তবস্থোৎকলিকাবল্লী গোবিন্দবিক্ষণাবলী।
প্রেমেন্দুসাগরাজন্চ বহবং স্প্রতিষ্টিতাঃ ॥
বিদ্যাললিতাগ্রাখ্য-মাধবং নাটকদ্বয়ম্।
ভানিক। দানকেল্যাখ্যা রসামৃত্যুগং পুনঃ ॥
মথুরামহিমা পজাবলী নাটকচন্দ্রিকা।
সংক্ষিপ্ত-শ্রীভাগবতামৃত্যেতে চ সংগ্রহাঃ ॥

এই তালিকায় লিখিত উৎকলিকাবলী, গোবিন্দবিক্ষণাবলী ও প্রেমেন্দ্রনাগর স্তবমালার অন্তর্ভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে। লঘুতোষণী ১৫০৪ শকে বা ১৫৮২-৮৩ খ্রীষ্টাব্দে রচিত হয়। ঐ সময়ের মধ্যে শ্রীক্রপ (১) হংসদৃত, (২) উদ্ধবসন্দেশ, (৩) স্তবমালার অন্তর্ভুক্ত ছন্দোইটাদশকম্, উৎকলিকাবলী, গোবিন্দবিক্ষণাবলী ও প্রেমেন্দ্রনাগরাদি স্তব, (৪) বিদয়মাধ্ব, (৫) ললিভ্যাধ্ব,

- (७) मान्दक्लिकोम्मो,* (१) ङङ्ख्यिमामुङमिसू, (৮) <u>उ</u>द्ध्यननीलम्।
- (১) মথুরামহিমা, (১০) পছাবলী, (১১) নাটকচন্দ্রিকা, (১২) সংক্ষিপ্ত ভাগবতামৃত রচনা করেন। কিন্ধু "ভক্তিরত্বাকরে" আছে—

শ্রীরূপ গোস্বামী গ্রন্থ ষোড়শ করিল। লীলাসহ সিদ্ধান্তের সীমা প্রকাশিল॥

এই উক্তির পোষকতা করিবার জন্ম 'তথাহি' বলিয়া নিম্নলিখিত শ্লোকগুলি নরহরি চক্রবর্ত্তী উদ্ধার করিয়াছেন—

এই তালিকায় "রুফজন্মতিথি-বিধি", "রুহৎ ও লঘু গণোদ্দেশদীপিক।" এবং "প্রযুক্তাখ্যাতচন্দ্রিক।" এই চারখানি গ্রন্থের নাম নৃতন সন্নিবিষ্ট হইয়াছে। আর উৎকলিকাবল্লী প্রভৃতি স্তবের পরিবর্ত্তে স্তবমালার নাম লেখা হইয়াছে। শ্রীরূপ

Rup-Sanatan were courtiers of Husen Sah, who was ruler from 1493-1518.

^{*} ডাঃ সুশীলকুমার দে দানকেলিকো মুদীর রচনাকাল ১৪৯৫ খ্রীষ্টান্দে বলিয়া নির্দেশ করিয়াছেন (Vaisnava Faith পৃ. ১১৯-১২১), কারণ মুদ্রিত গ্রন্থের পৃক্ষিকায় ও হরপ্রসাদ শান্ত্রীর Notices-এ (1.164) ঐ তারিখ আছে। কিন্তু ১৪৯৫ খ্রীষ্টান্দে বিখন্তর মিশ্রের বয়স নয় বৎসর মাত্র, তথন রূপগোষামীর পক্ষে রাধাকৃত্তে বিস্না গ্রন্থ লেখা অসম্ভব। রূপ-সনাতন হসেন শাহের অমাত্য ছিলেন। হিনেন শাহ ১৪৯৩ ইইতে ১৫১৮ খ্রীষ্টান্দে পর্যান্ত রাজত্ব করেন। ১৪৯৩ খ্রীষ্টান্দে ছসেন শাহ স্থলতান ইইলেন। ১৪৯৫ খ্রীষ্টান্দে রূপের পক্ষে রাধাকৃত্তে থাকা সম্ভব নহে। আমি ১৩৪২ সালের সাহিত্য-পরিষং পত্রিকার (৪২ থগু, পৃ. ৫১-৫২) পুশিকায় লিখিত 'চক্রন্থর' শব্দ 'চক্র-শর' ধরিয়া ১৫২৯ খ্রীষ্টান্দে অর্থাং শ্রীটেতনের তিরোভাবের চারি বংসর পূর্বের উহার রচনার তারিথ স্থির করি। ডক্টর নে আমার এই মত থগুন না করিয়া উল্লেখ করিয়াছেন (পৃ. ১২০)।

গোষামী কভকগুলি শুব ও অষ্টক রচনা করিয়াছিলেন, কিন্তু সেগুলি শুব-মালা নাম দিয়া কোন একথানি গ্রন্থে সন্নিবিষ্ট করেন নাই। ঐগুলি সংগ্রহ করিয়া শ্রীক্ষীব উহার নাম শুবমালা দেন; যথা—

> শ্রীমদীশ্বররূপেণ রসামৃতকৃতা কৃতা। স্থবমালামুজীবেন জীবেন সমগৃহত।

'তথাহি' বলিয়া "ভক্তিরত্বাকরে" উদ্ধৃত দ্বিতীয় তালিকাটি কাহার বচিত ? নরহরি চক্রবন্তী লগুতোষণীর তালিকা উদ্ধৃত করার পর লিখিতেছেন—

এই ত কহিল গোস্বামীর গ্রন্থগণ।
পুনঃ বিবরিয়া কহি করহ শ্রবণ॥
শ্রীজীবের শিশু কৃষ্ণদাস অধিকারী।
তেঁহো নিজ গ্রন্থে ইহা কহিল বিস্তারি॥

তাহা হইলে বুঝা যাইতেছে যে দ্বিতীয় তালিকাটি শ্রীজীবের শিশ্ব ক্ষণাস অধিকারীর রচনা। চারখানি নৃতন গ্রন্থ শ্রীজীব-প্রদত্ত তালিকায় যোগ করার ছই প্রকার অর্থ হইতে পারে,—হয় শ্রীজপ ঐ চারখানি বই ১৫৮২-৮৩ থ্রীষ্টান্দের পর, অর্থাং লঘুতোষণী-রচনার পর লিথিয়াছিলেন; না হয় অন্ত কেহ চারখানি গ্রন্থ বচনা করিয়া শ্রীজপের নামে চালাইয়া দিয়াছেন। আমার মনে হয় প্রথমোক্ত অহুমানই সঙ্গত, কেন-না শ্রীজীবের শিশ্বের তালিকায় প্রক্রিপ্ত গ্রন্থ শাওয়ার সন্থাবনা কম। কিন্তু এই মত মানিলে শ্রীক্রম্বগণোদেশ-দীপিকা লইয়া কিছু গোল্যোগ উপস্থিত হয়। "মাধুকরী" পত্রিকায় ১৩২২ ফাল্কন হইতে ১৩৩০ শ্রাবন সংখ্যায় ঐ গ্রন্থ প্রকাশিত হইয়াছিল। উহার শেষ শ্লোক হইতে জানা যায় যে ঐ গ্রন্থ প্রকাশিত হইয়াছিল। উহার শেষ শ্লোক হইতে জানা যায় যে ঐ গ্রন্থ ১৪৭২ শকে বা ১৫৫০-৫১ খ্রীষ্টান্দে লিখিত হয়; যথা—

শাকে দৃগখশকে নভসি
নভোমণিদিনে ষষ্ঠ্যাম্।
ব্ৰহ্মপতিসন্মনি শ্ৰীমতী রাধাকৃষ্ণগণোদ্দেশদীপিকাদীপি॥—২৫৩ শ্লোক

১৫৫০ খ্রীষ্টাব্দে গ্রন্থখানি লিখিত হইলে ১৫৮২ খ্রীষ্টাব্দে সন্ধলিত তালিকায় শ্রীক্ষীব উহার নাম উল্লেখ করিলেন না কেন? এই গ্রন্থে ২৪৬ সংখ্যক শ্লোকের পর 'সম্মোহনতন্ত্র' হইতে রাধিকার স্থীদের নাম উদ্ধৃত হইয়াছে। শ্রীরূপ অপর কোন গ্রন্থে কোন তন্ত্রের মত উল্লেখ করেন নাই। শ্রীক্তীবের প্রদত্ত তালিকার ১২খানি গ্রন্থের মধ্যে কোথাও শ্রীরূপ স্পষ্টতঃ নিত্যানন্দের বন্দনা করেন নাই। শ্রীকৃষ্ণগণোদ্দেশ-দীপিকার মঙ্গলাচরণে আছে—

### বন্দে গুরুপদদ্ব: ভক্তবৃন্দসমন্বিতম্। শ্রীচৈতগ্যপ্রভুং বন্দে নিত্যানন্দসহোদিতম্॥

রাধাবিনোদ দাস বাবাজী-কর্ত্ব সম্পাদিত "নিত্যানন্দদায়িনী পত্রিকা"র ২৭ন সালের চতুর্থ ভাগে ও ১২৮০ সালের প্রথম ভাগে "শ্রীমদ্রূপ গোস্বামীকৃত শ্রীশ্রীকৃষ্ণচৈতন্ত সহস্র নাম" গ্রন্থ প্রকাশিত হইয়াছিল। উহাতে লিখিত আছে—

"নম: অস্থা শ্রীকৈত ক্রদিব্যসহ প্রনামন্তোত্তমন্ত্র শ্রীরূপমঞ্জরী ঋষির মৃত্ত্রপ্রদান বিষ্ণুপ্রিয়া শক্তির্মহাপ্রভূদিবতা মনোমোহনকামবীজম্। শ্রীবৈকৃষ্ঠনাথকীলকং শ্রীকৈত ক্রায় নমঃ ইতি মন্ত্রম্। শ্রীকৃষ্ণ কৈত ক্রায়ে লাম ইতি মন্ত্রম্। শ্রীকৃষ্ণ কৈত ক্রায়ে লাম উল্লিখিত ত্রটি তালিকায় না থাকায় এবং উদ্ধৃত অংশটি থাকায় ইহা শ্রীক্রপ গোস্বামীর রচনা বলিয়া স্বীকার করিতে পারিলাম না। ঐ পত্রিকার ২৮/০ প্রায় শ্রীক্রপ-গোস্বামি-বিনির্মিতং শ্রীশ্রীপদাধর পণ্ডিতাইকম্ প্রকাশিত হইয়াছিল। ঐ অইকে ১১টি শ্রোক আছে ও একটি অইক-মাহান্ত্রাস্ক্রক শ্লোক আছে। শ্রীক্রপ সংখ্যাগণনায় এক্রপ ভূল করিবেন মনে হয় না।

উক্ত পত্রিকার ১২৮০ সালের দিতীয় ও তৃতীয় ভাগে শ্রীমজপ-গোসামিবিরচিত "শ্রীহরি নামাষ্ট্রকম্", "শ্রীশ্রীযুগলকিশোর ধ্যানম্", "শ্রীমদ্দাবনেশ্বরী রাধিকার আনন্দচন্দ্রিকাখ্য স্টীক দশনাম স্থোত্রম্", "শ্রীশ্রীমতী রাধিকার প্রেমস্থাসত্রাখ্য স্টীক অষ্টোত্তর-শতনাম", "শ্রীশ্রমণ্ড শ্রীশ্রীমদ্দাবনধামাষ্ট্রকম্" ভাপ। হইয়াছিল। এগুলি শ্রীক্রপের

রচিত কি না বলা কঠিন।
Srirup has met Sri Chaitanya three times - Ramkali village for few hours, At Parayag for 10 days
প্রীচেতক্সচরিভাম্ভের মতে প্রীরূপ প্রীচেতক্সের সহিত ভিন বার মিলিভ
and at Puri for ten months

হইয়াছিলেন। প্রথম রামকেলি গ্রামে সামান্ত কিছুক্ষণের জন্ত (২!১।১৭২২১২), ভারপর প্রয়াগে দশ দিন (২।১৯।১২২) এবং নীলাচলে দশ মাস

(৩৪।২৫)। ভিনি প্রতিবারই শ্রীচৈতক্সের যতিবেশ দর্শন করিয়াছেন।

ত্রিরপ ঐতিতত্তের জীবনী-সম্বন্ধে বিস্তৃত কোন বিবরণ লেখেন নাই।
তিনি কেবলমাত্র তিনটি ঐতিচত্তাইক লিখিয়া গিয়াছেন। ঐরূপ নবদীপলাল দর্শন করেন নাই; দেইজত্ত সেই লীলার বিষয়ে বিশেষ কিছু লেখেন নাই। তিনি ঐতিচত্তাের পার্বদগণের মধ্যে প্রথমাইকের তৃতীয় শ্লোকে স্বরূপ, অছৈত, ঐবাস, পর্মানন্দ পুরী ও গজপতি প্রতাপক্ষত্রের, এবং তৃতীয়াইকের দ্বিতীয় শ্লোকে স্কর্বৃদ্ধি সার্কভৌমের নাম উল্লেখ করিয়াছেন। ঐপাদ কৃষ্ণদাস কবিরাজ লিথিয়াছেন যে রামকেলি গ্রামে যখন রূপ-স্নাতন ঐতিচত্তাের চরণ-দর্শনের জন্ত উপস্থিত হইলেন, তখন প্রথমে নিত্যানন্দ ও হিলাসের সহিত তাঁহারা দেখা করিলেন—

অর্দ্ধরাত্রে হুই ভাই আইলা প্রভূ-স্থানে।
প্রথমে মিলিয়া নিত্যানন্দ হরিদাস সনে॥
তাঁরা হুইজন জানাইলা প্রভূর গোচরে।
রূপ-সাকর মল্লিক আইলা তোমা দেখিবারে॥

—टेह. ह., २१३१३ १७−8

তারপর নীলাচলেও এরপের সহিত নিজ্যানন্দের সাক্ষাৎকার হইয়াছিল; যথা—

> অধৈত নিতানন্দাদি সব ভক্তগণ। কুপা করি রূপে সভে কৈল। আলিঙ্গন॥—৩।১।১৫২

গোড়ীয় বৈষ্ণবধর্মে শ্রীচৈতন্য "মহাপ্রভূ" এবং অবৈত ও নিত্যানন্দ "প্রভূ" বলিয়া পৃঞ্জিত হয়েন। শ্রীরূপ নিত্যানন্দের রূপা পাইয়াছিলেন বলিয়া রূষদাস কবিরাজ লিখিয়াছেন। অথচ শ্রীরূপ অবৈতের নাম উল্লেখ করিলেন কিছ নিত্যানন্দের নাম কেন করিলেন না অহুসন্ধান করা কর্ত্তব্য। পূর্বের দেখাইয়াছি যে শ্রীরূপের একান্ত অহুগত বন্ধু রঘুনাথদাসও নিত্যানন্দের নাম

১ শ্রীরূপ-কৃত শ্রীদৈতক্তাইক, তাং

ন বর্ণনিত্মীশতে গুরুতরাবতারহিতা। ভবস্তম্কবৃদ্ধনো ন ধল্ সার্বভৌমাদয়া:।

२ श्रीत्रश्लात्मन मीशिकाम बन्नश-मात्मामस्त्रतं मक वित्रा हिनिक, ১২-১५

কোথাও করেন নাই। এই বিষয়ে অমুসন্ধান করিবার সময় স্মরণ রাখিতে হইবে যে সনাতন গোসামী বৃহৎ বৈষ্ণবতোষণীর মঙ্গলাচরণে লিথিয়াছেন—

> নমামি শ্রীমদধ্যৈতাচার্য্যং শ্রীবাসপণ্ডিতম্। নিত্যানন্দাবধৃতঞ্চ শ্রীগদাধরপণ্ডিতম্॥

> > Sri Rup on Sri Chaitanya lila

### শ্রীচৈতগুলীলা-সম্বন্ধে শ্রীরূপ

শ্রীচৈতত্তের যতিবেশ-সহন্ধে শ্রীরূপ একটি মূল্যবান্ সংবাদ দিয়াছেন—
"কটিলসংকরন্ধালন্ধার।" তাঁহার কটিদেশে করন্ধরূপ অলন্ধার শোভা
পাইত। বলদেব বিভাভূষণ করন্ধ শব্দের টীকা করিয়াছেন— "নারিকেলফলাষ্ঠিরচিতমন্থ্পাত্রম্।"

শ্রীচৈতত্ত্বের ভঙ্জনপ্রণালী-সম্বন্ধে শ্রীরূপ লিথিয়াছেন—

হরেক্বফেত্যুক্তি:ক্রিতরসনো নামগণনাকৃতগ্রন্থিশী স্থভগকটিসুকোজ্জলকর:।
বিশালাকো দীর্ঘার্গলথেলাঞ্চিতভূজ:
স চৈতন্ত: কিং মে পুনরপি দুশোর্যান্ততি পদম্॥

"উচ্চৈংশ্বরে হরের্ক্ষ নাম উচ্চারণ করিতে যাঁহার রসনা নৃত্যু করিতে থাকে ও উচ্চারিত নামের গণনার নিমিত্ত গ্রন্থীকৃত কটিস্তে যাঁহার স্থনর বামহস্ত লগেভিত, যিনি বিশাল-নয়ন ও আজাফলন্বিত-বাহু, সেই চৈতন্তাদেব কি পুনর্বার আমার নয়নপথের পথিক হইবেন ?" এর্ক্ষ-নাম গ্রহণ করিতে করিতে এমেরহাপ্রভূর ভাব-বিকার উপস্থিত হইত। কিন্তু যথন তিনি "হরেক্ক্ষ" মহামন্ত্র জপ করিতেন তথন রীতিমত গণনা করিতেন— তুইজন প্রত্যক্ষদর্শীর উক্তি হইতে ইহা প্রমাণিত হইতেছে। ভাবোন্ত এটিচতন্তের পক্ষে এইরূপ গণনা করিতে পারা কম সংযমের পরিচায়ক নহে।

The divine play of Sri Chaitanya at Puri includes Remembering Vrindavan on seeing gardens near sea beach, cancing প্রাপ্ত পোস্থামী স্বচক্ষে প্রীচেতন্তের যেসব লীলা দর্শন করিয়াছিলেন, infront of Cars during car festival, shedding continuous tears while chanting the name of Krishna তাহাদের মধ্যে কয়েকটি বিশেষ লীলা তাঁহার স্বতিপটে গভীরভাবে অঙ্কিত হইয়া গিয়াছিল। তাই তিনি প্রীচেতন্তের স্তব করিতে ষাইয়া প্রভ্র সম্প্রতীরের উপবনসম্হ-দর্শনে বৃন্দাবন-স্বরণ, রথাগ্রে ভাবাবেশে নর্ত্তন, রুফনাম করিতে করিতে অনবরত অশ্রপতন প্রভৃতি লীলা বিশেষভাবে স্বরণ

করিয়াছেন। শ্রীরপের বর্ণিত লীলাস্ত্র অবলম্বন করিয়া রুঞ্দাস করিয়াক মহাশয় শ্রীচৈতক্সচরিতামতে মহাপ্রভূর অস্তালীলার অপূর্ব আলেখ্য অন্ধন করিয়াছেন।

শীরূপ গোস্থামীর শ্রীচৈততান্তিকের তৃতীয় শ্লোকে শ্রীচৈততাকে স্বরূপদামোদরের ও অবৈতের প্রিয়, শ্রীবাদের আশ্রয়স্থরূপ, পরমানন্দপুরীর গৌরববৃদ্ধিকারী বলা হইয়াছে। চতুর্থ শ্লোকে শ্রীচৈততার রূপ বর্ণনায় বলা হইয়াছে
— যিনি মধুর ভক্তির্দ আস্থাদনে উন্মত্ত, যাহার অবয়ব কোটিকন্দর্পের স্থায়
মনোহর ও দম্জ্রল, যিনি সন্থাদিগণের শিরোমণি, যাহার বসন প্রভাত-কালীন
স্থ্যকিরণের স্থায় অরুণ-বর্ণ এবং যাহার অঙ্গকান্তি স্থ্যনাশির অত্যুজ্জ্বল
কান্তিকেও পরাভব করিয়াছে, দেই চৈততাদের কি পুনরায় আমার নয়নপথে
পতিত হইবেন ? দপ্তম শ্লোকে বলা হইয়াছে যে রুথাধিষ্ঠিত জগন্ধাথের সম্মুণে
পথের মধ্যে বৈফ্রুগণ পর্মানন্দে নামস্থীর্ভন করিতে থাকিলে, চৈততাদের
মহাপ্রেমে নৃত্যু করিতে করিতে বিজ্বল হইয়া পড়িতেন। অইম শ্লোকে লিথিত
হইয়াছে যে সন্ধীর্ভনের দম্য তাঁহার অশ্রধারায় ধরাতল প্লাবিত হইয়া যাইত
এবং তাঁহার দেহ কদম্বকেশ্র-বিজয়ী পুলক্মালায় রোমাঞ্চিত হইয়া উঠিত।

শ্রীচৈতন্তের প্রচারিত অপূর্ব্য প্রেমধর্ম এক দিকে যেমন সহস্র সহস্র ধর্মপিপাস্থ ব্যক্তিকে আশা ও সাখনার বাণী শুনাইয়াছিল, অন্ত দিকে তাঁহার বিরুদ্ধ-বাদীদের সংখ্যাও নিতান্ত কম ছিল না। যাঁহারা শ্রীচৈতন্তকে স্বয়ং ভগবান্ বলিয়া আবাধনা করেন নাই, শ্রীরূপ তাঁহাদিগকে অস্তর-ভাবান্থিত বলিয়াছেন। এইরূপ আস্থরী প্রকৃতির লোকদের বিপক্ষতা ভক্তদের মনকে বিচলিত করিতে পারে নাই। শ্রীরূপ স্পষ্ট বলিয়াছেন যে শরণাগত ব্যক্তিগণ শ্রীচৈতন্তকেই ব্রিক্সপতে "অধিদৈব" বা প্রুমদেবতারুপে উপাসনা করেন।

শীরপ গোস্বামী শীচৈতগ্যকে শিবাদি দেবগণের "সদোপাশ্র", উপনিষৎসমূহের লক্ষ্যান, মূনিগণের সর্বস্থ বলিয়া তব করিয়াছেন। ইহা সত্ত্বেও যদি
কেহ বলেন যে শীচৈতগ্র জীবদশায় ভগবান্ বলিয়া উপাদিত হয়েন নাই, তাহা
হইলে তাঁহাকে কুপার্হ বলা ষাইতে পারে।

অনারাধ্য প্রীত্যা চিরমন্থরভাবপ্রণয়িনাং
 প্রপয়ানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং জিলগতি।

শ্রিরপ গোষামী প্রেমধর্মের প্রাচীনত্ব প্রতিষ্ঠা করিবার জক্য "লঘু ভাগবভামৃত" বচনা ও "পঢ়াবলী" সংগ্রহ করিয়াছেন। কিন্তু তিনি জানিতেন যে শ্রীচৈতক্ত যে মহাভাব প্রকাশ করিয়াছেন, তাহা জগতের ইতিহাসে অতুলনীয়। শ্রিচৈতক্ত নিজে আসাদন করিয়া যে প্রেমভাব প্রচার করিলেন, তাহার আভাস প্র্রেশ্ব পাওয়া গেলেও, তাহার বিকাশ কথনও হয় নাই। শ্রীচৈতক্তের প্রবৃত্তিত ধর্ম এইজক্তই একেবারে মৌলিক। শ্রীরূপ বলিতেছেন—

ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং স্বয়ঞ্চ বিবৃতং ন যদ্ গুরুতরাবতারাস্তরে। ক্ষিপমসি রসাম্বধে তদিহ ভক্তিবত্বং ক্ষিতো শচীস্থত ময়ি প্রভা কুরু মুকুন্দ মন্দে রূপাম্॥

অর্থাৎ হে রসরত্নাকর ! যাহা বেদে নাই, উপনিষদে নাই এবং অক্যান্ত অবতারে প্রকাশিত হয় নাই, সেই ভক্তিরত্ন তুমি ধরাতলে বিতরণ করিতেছ। অতএব হে শচীনন্দন ! এই অধমজনে রূপা কর।

Srijiv Goswami

#### 8। এজীব গোস্বামী

গোড়ীয় বৈষ্ণবধর্মের রসশাস্ত্র যেমন শ্রীরূপ গোস্বামীর স্জনী প্রতিভার নিদর্শন, শ্রীচেতন্ত্র-সম্প্রদায়ের দার্শনিক মতবাদ তেমনি শ্রীক্সীব গোস্বামীর ব্যক্তিত্ব-দ্বারা অন্থ্রাণিত। বাঙ্গালা দেশে ব্রজ্ঞমণ্ডলের দিন্ধান্ত প্রচারের প্রধান উদ্বোক্তা শ্রীজীব গোস্বামী; শ্রীনিবাস আচার্য্য, নরোত্তম ঠাকুর মহাশয় ও শ্রামানন্দ শ্রীজীবের নিকট শাস্ত্র অধ্যয়ন করেন ও তাঁহারই আদেশে গোস্বামি-গ্রহুসমূহ বাঙ্গালা দেশে আনিয়া তাহাদের পঠন-পার্ঠন প্রচলন করেন। বোড়শ শতান্ধীর শেষে ও সপ্তদশ শতান্ধীর প্রথম ভাগে শ্রীচৈতন্ত্রের অন্থগত সম্প্রদায়ের অন্বিতীয় নেতা ছিলেন শ্রীজীব। ভক্তিরগ্রাকরের শেষে শ্রীজীবের চার্থানি পত্র উদ্ধৃত হইয়াছে। ঐ পত্র কয়্থানি হইতে জানা যায় যে বাঙ্গালার বৈষ্ণবগণের মনে যখন যে দন্দেহ উঠিয়াছে, শ্রীজীব বৃন্দাবন হইতে তাহার সমাধান করিয়া দিয়াছেন। শ্রীজীবের প্রত্যেক পত্রে নিজের গ্রহ্বেচনার বা গ্রন্থ-সংশোধনের কথা আছে—এইরূপ উল্লেখ তাঁহার জ্ঞানান্থ্রাগের প্রকৃত্তি পরিচয়। যোড়শ শতান্ধীর ভারতীয় পঞ্জিতের চিঠিপত্র আর কোথাও সংগৃহীত আছে বলিয়া আমার জানা নাই; সে হিসাবেও এই চিঠিগুলির

বিশেষ ঐতিহাসিক মূল্য আছে। এক দিকে সাধন-রাজ্যের নিগৃঢ় তক্ষম্হের আলোচনায় নিযুক্ত জ্ঞানগভীর ভক্তের, অপর দিকে শ্রীনিবাসের ও বীর হাম্বীরের পুত্রাদির কুশল সংবাদ পাইবার জন্ম ব্যাকুল স্নেহশীল গুরুর চরিত্র উদ্যাটন করিয়াছে বলিয়া এই পত্র কয়খানি আমাদের নিকট পরম আদরের সাম্প্রী।

মুরারী গুপ্তের গ্রন্থে, কবিকর্ণপূরের শ্রীচৈতগ্যচন্দ্রোদয় নাটকে এবং শ্রীচৈতগ্যচরিতামৃত মহাকাব্যে শ্রীজীবের নাম নাই। বৃন্দাবনদাস, লোচন এবং জয়ানন্দও শ্রীজীবের নামোল্লেখ করেন নাই। কিন্তু কবিকর্ণপূরের গৌরগণোদ্দেশ-দীপিকার শ্রীজীব গোস্বামীকে "খেতমগ্রন্নী"-তত্ত্বরূপে নির্ণয় করিয়া বলা হইয়াছে—

"স্থাীলঃ পণ্ডিতঃ শ্রীমঞ্জীবঃ শ্রীবল্লভাত্মজঃ।" >

ইহা হইতে বুঝা যায় যে ১৫৭৬ এটাব্দের পূর্ব্বেই এজীব পাণ্ডিত্যের জন্ত খ্যাতি লাভ করিয়াছিলেন।

বরাহনগর গ্রন্থ-মন্দিরের ৪০০ সংখ্যক পুঁথিখানি শ্রীজীব গোস্বামীর মাধব-মহোৎসব মহাকাব্য। এই অপ্রকাশিত মহাকাব্যের পুষ্পিকা হইতে জান। যায় যে ইহা ১৫৫৫ খ্রীষ্টাব্দে রচিত; যথা—

> সপ্তমপ্তমনৌ শাকে, কশ্চিদ্নাবনে বসন্। স্বমনোরথবক্তব্যং কাব্যমেতদপূরয়ং॥

শ্রীজীব গোস্বামীর অন্ত কোন তারিথযুক্ত গ্রেষ্ট্রের পূর্বের তারিথ নাই। তাঁহার গোপালচম্পূ উত্তরথপ্ত ১৬৪৯ সংবং, ১৫১৪ শকে বা ১৫৯২ থ্রীষ্ট্রাকে বৈশাথ মাদে সমাপ্ত হয়। ইহা হইতে জানা ঘাইতেছে যে, অন্ততঃ ১৫৫৫ হইতে ১৫৯২ খ্রীষ্ট্রাক্ত পর্যন্ত ৩৭ বংসর কাল ধরিয়া তিনি ক্রমাগত গ্রন্থানি রচনা করিয়াছেন। শ্রীজীব একবার কোন গ্রন্থ লিথিয়াই নিরস্ত হইতেন না; পুন: পুন: তাহার সংশোধন ও পরিবর্তন করিতেন। উল্লিখিত পত্রের প্রথমখানিতে তিনি শ্রীনিবাস আচার্য্যকে লিথিয়াছিলেন—"শ্রীরসামৃত-সিন্ধু-শ্রীমাধবমহোৎসবোত্তরচম্পূহরিনামামৃতানাং শোধনানি কিঞ্চিনবশিষ্টানি বর্ত্তরে।"

> त्शोत्रशर्माप्प्रम-मीशिका, २०७

২ গোপালচম্পু, উত্তরচম্পু, ৩৭ পুরণ, ২৩২, ২৩৩

মাধব-মহোৎসব ও উত্তরচম্পূর সমাপ্তির ব্যবধানকাল ৩৭ বৎসর। এত দীর্ঘ ব্যবধানের পরও তিনি "মাধব-মহোৎসব" সংশোধনে প্রবৃত্ত হইয়াছিলেন।

তিনি শ্রীশ্রীমন্মহাপ্রভুর শ্রীচরণ দর্শন করিয়াছিলেন বলিয়া নরহরি চক্রবর্তী একটি প্রবাদের উল্লেখ করিয়াছেন। নরহরি লিখিয়াছেন যে শ্রীচৈতক্ত যখন বৃদ্ধাবনে যাইবার পথে রামকেলি গ্রামে আগমন করেন তখন—

সনাতন রূপ শ্রীবন্ধভ তিন ভাই।

যে স্থাং ভাসিল তা কহিতে সাধ্য নাই ॥
কেশব ছত্রীন আদি যত বিজ্ঞাণ।

হইল ক্লতার্থ পাই প্রভূব দর্শন ॥
শ্রীজীবাদি সঙ্গোপনে প্রভূবে দেখিল।

অতি প্রাচীনের মূথে এ সব শুনিল॥—ভ. র., পৃ. ৪৫

শ্রীরূপ ও সনাতনকে শ্রীচৈতন্ত যথন রামকেলিতে রূপ। করেন, তথন বল্লভ

Vallabh is another name of Anupam brother of Sri Rup and Sanatan, father of Srijiv
বা অম্প্রপম এবং তাঁহার পুল্ল শ্রীক্ষীব উপস্থিত ছিলেন—এ কথা নরহরি চক্রবর্তীর
পূর্ববর্তী শ্রীচৈতন্তের কোন চরিতাগ্যায়ক লেখেন নাই।

শ্রীপাদ রুফ্লাস কবিরাজ রূপ-স্নাতনের প্রসঙ্গে শ্রীজীব-সম্বন্ধে মাত্র তুই স্থানে লিথিয়াছেন; যথা—

তাঁর ভ্রাতৃষ্পুত্র নাম শ্রীজীব গোসাঞি।

যত ভক্তিগ্রন্থ কৈল তার অন্ত নাই ॥

শ্রীভাগবত-দন্দর্ভ নাম গ্রন্থ বিস্তার।
ভক্তিসিদ্ধান্তের তাতে দেখাইয়াছেন পার॥
গোপালচম্পু নামে গ্রন্থ মহাশ্র।

নিত্যলীলা-স্থাপন যাহে ব্রজ্বসপূর॥

—हें . ह., २१४१७१-७३

অপর স্থানে নিত্যানন্দের আজ্ঞা লইয়া শ্রীজীবের বৃন্দাবনে আগমন-কাহিনী বর্ণিত হইয়াছে ( চৈ. চ., ৩।৪।২১৮-২৬ )। Sri Chaitanya has arrived at Ramkeli village on 1513 (the fifth* year of taking sannyasa)

শীনৈতন্ত সন্ন্যাদের পঞ্চম বর্ষে ১৪৩৫ শকে বা ১৫১৩ খ্রীষ্টাব্দে রামকেলি
থামে আগমন করেন। সেই সময়ে যদি শ্রীজীবের বয়স পাঁচ বৎসরও হয়,
ভাহা হইলে ১৫৩৩ খ্রীষ্টাব্দে শ্রীনৈতন্তের তিরোধানের সময় তাঁহার বয়স হয়

পঁচিশ বংসর। "ভক্তিরত্বাকর" বলেন যে এজীব অল্প বয়সেই "এক্সফটেতন্ত বলি হইলা মূর্চ্চিত" (পৃ. ৪৯), তাহা হইলে তিনি যে এমিয়হাপ্রভূকে দর্শন করিতে একবারও নীলাচলে যাইবেন না, ইহা বিশ্বয়ের বিষয়।

প্রথম যৌবনেই শ্রীজীবের মনে হয়ত ভক্তিভাব সঞ্চারিত হয় নাই। রূপ, সনাতন ও বল্লভের অস্থান্য ভাই শ্রীচৈতন্তের চরণ আশ্রয় করেন নাই; সেইরূপ শ্রীজীবও হয়ত তরুণ বয়সে শুধু বিজ্ঞাচর্চোতেই মগ্ন ছিলেন; এবং শ্রীচৈতন্তের তিরোভাবের পরে নিত্যানন্দের রূপা পাইয়া বৃন্দাবনে গমন করেন। ১৫১৪ শ্রীষ্টাব্দের শেষভাগে শ্রীচৈতন্ত বৃন্দাবনে গমন করেন ও ১৫১৫ শ্রীষ্টাব্দের প্রথমে প্রয়াগে রূপ ও বল্লভের সহিত তাঁহার দেখা হয়। তৎপরে রূপ ও বল্লভ বৃন্দাবন দর্শন করিয়া গৌড়ে ফিরিয়া আসেন ও তাহার অল্পদিন পরেই বল্লভ পরলোকে গমন করেন ( চৈ. চ., আসতং )। বল্লভের বৃন্দাবন-যাত্রার পূর্বে অর্থাৎ ১৫১৫ খ্রীষ্টাব্দের পূর্বে শ্রীজীবের জন্মগ্রহণ স্বীকার করিতেই হইবে। সেইজন্ত নিতান্ত শৈশবকালে শ্রীজীবের পক্ষে শ্রীচৈতন্তকে রামকেলিতে দর্শন করা অসম্ভব নহে। অতএব অন্থমান হয় ১৫০৮ খ্রীষ্টাব্দের কাছাকাছি কোন সময়ে শ্রীজীব জন্মগ্রহণ করেন।

ম্বাবিলাল অধিকারী মহাশয় "বৈষ্ণব দিগ্দর্শনী" গ্রন্থ ১৭৩৯ শকে বা ১৫১৭ খ্রীষ্টাব্দে শ্রীজীবের আবির্ভাব হইয়াছিল লিথিয়াছেন। কিন্তু শ্রীচৈতন্ত-চরিতামৃত-পাঠে মনে হয় না যে ১৫১৫ খ্রীষ্টাব্দে শ্রীচৈতন্তের সহিত প্রয়াগে সাক্ষাৎকারের পর বল্লভ গৃহে আসিয়া পুল্রোৎপাদন করিয়াছিলেন। উক্ত গ্রন্থে আছে—

এই মতে ছই ভাই গৌড়দেশে আইলা।
গৌড়ে আদি অন্তপমের গদাপ্রাপ্তি হইলা॥
রূপ গোদাঞি প্রভূপাশ কবিলা গমন।
প্রভূকে দেখিতে তাঁর উৎকন্তিত মন॥
অন্তপম লাগি তাঁর কিছু বিলম্ব হৈল।—হৈচ. চ., ৩।১।৩২-৩৪

পণ্ডিতবর রাজেন্দ্রনাথ ঘোষ মহাশয় "অহৈতসিদ্ধি"র ভূমিকায় লিথিয়াছেন বে "ভক্তিরত্বাকরের মতে মহাপ্রভুর রামকেলি গমনের সময় দ্বর্থাৎ ১৫১৪ খুষ্টাব্দের ২০০ বংসর পূর্বেইহার জন্ম হয়।" মহাপ্রভু ১৫১৪ জীট্টাব্দে নহে,

১ রাজেক্রনাথ ঘোষ-সম্পানিত "অহৈতসিদ্ধি"র ভূমিকা, পৃ. ৫২

২০১৩ খ্রীষ্টাব্দে রামকেলিতে গমন করেন এবং ভক্তিরত্বারুরে এমন কোন কথা নাই ধাহাতে মনে করা ধাইতে পারে যে শ্রীজীবের বয়স তথন মাত্র ২০০ বংসর। বরং "সঙ্গোপনে দেখার" সঙ্গতি বাহির করার জন্ম অন্ততঃ বয়স পাচ বংসর ধরা উচিত।

Srijiv and Madhusudan Saraswati

# ঞ্জীব ও মধুসূদন সরস্বতী

ঘোষ মহাশয় উক্ত ভূমিকায় আরও লিথিয়াছেন "১২।১৩ বংশরের বায়োজ্যেষ্ঠ প্রীজীব মধুস্দনের (অদৈতসিদ্ধির গ্রন্থকার মধুস্দন সরস্বতীর) ৩০ বংসর বয়সে অর্থাং ১৫৫৫ খৃষ্টাব্দে মধুস্দনের নিকট অদৈতবাদ শিক্ষা করিয়াছিলেন।" মধুস্দন সরস্বতী এক দিকে যেমন অদ্বতবাদের পুন:-প্রতিষ্ঠাতা, অন্ত দিকে তেমনি দাসীভাব-ভাবিত রসিক ভক্ত। তিনি লিথিয়াছেন—

অবৈতসামাজ্যপথাধিরঢ়াস্থণীক্বতাখণ্ডলবৈতবাক। শঠেন কেনাপি বয়ং হঠেন দাসীক্বতা গোপবধ্বিটেন॥

অর্থাৎ আমরা অধৈত-সাম্রাজ্যের পথে অধিরত হইলেও এবং ইন্দ্রের বৈভব তৃণের ন্থায় তুচ্ছ জ্ঞান করিলেও কোন এক গোপবধূলস্পট শঠের দারা বলপূর্ব্বক দাসীকৃত হইয়াছি। এই মায়াবাদী সন্মাসীর মুথ দিয়া বাহির হইয়াছে—

বংশীবিভূষিত-করারবনীরদাভাৎ পীতাম্বরাদরুণবিষ্ফলাধরোষ্ঠাং। পূর্ণেন্দুস্থন্দরম্থাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্তমহং ন জানে॥

Srijiv has studied Vedanta Darshan

এরপ রসিক ভক্তের নিকট শ্রীজীব গোস্থামীর বেদান্ত শাস্ত্র অধ্যয়ন করা অসম্ভব নহে। বাঙ্গালার চুইজন শ্রেষ্ঠ দার্শনিক পরস্পরের সহিত ঘনিষ্ঠ দম্বন্ধে আবদ্ধ ছিলেন ভাবিতেও আনন্দ হয়, কিন্তু কাল-বিচার করিলে এই গুরুশিয়া-সম্বন্ধ-বিষয়ে সন্দেহ উপস্থিত হয়। ঘোষ মহাশ্যের অসুমান যে ১৫৫৫ খ্রীষ্টাব্দে শ্রীজীব মধুস্থদনের নিকট বেদান্ত অধ্যয়ন করিতেছিলেন, কিন্তু আমরা পূর্ব্বেই দেখাইয়াছি যে এ বৎসর তিনি বৃন্দাবনে বাস করিয়া "মাধ্ব-মহোৎসব" কাব্য রচনা করিয়াছিলেন। উপরস্কু বিশেষ লক্ষ্য করিবার

১ রাজেজনাথ ঘোষ-সম্পাদিত "অবৈতসিদ্ধি"র ভূমিকা, পৃ.১০১

বিষয় এই যে ভক্তিরত্বাকরের মতে শ্রীজীবের বেদাস্তাধ্যাপক মধুস্থদন বাচস্পতি— মধুস্থদন সরস্বতী নহেন; যথা—

নবদীপ হইতে পরমানক মনে।

শ্রীজীব গোস্বামী কাশী গেলা কতো দিনে॥
তাহা রহে শ্রীমধূসদন বাচম্পতি।
সর্কাশাস্বে অধ্যাপক যেন বৃহস্পতি॥
তেঁহো শ্রীজীবেরে দেখি অতি স্নেহ কৈলা।
কতো দিন রাখি বেদাস্থাদি পঢ়াইলা॥
শ্রীজীবের বিভাবল দেখি বাচম্পতি।
যে আনক হৈল তাহা কহি কি শকতি॥
কাশীতে শ্রীজীবেরে প্রশংসে সর্কা ঠাই।
লাগ্য বেদাস্থাদি শাস্তে ক্রছে কেহো নাই॥

এই বর্ণনা পড়িয়া, বিশেষতঃ "শ্রীজীবেরে দেখি অতি স্নেহ কৈলা" দেখিয়া মনে হয় না কি যে, মধুস্দন বাচস্পতি শ্রীজীবের অপেকা বয়দে বড় ছিলেন? অথচ ঘোষ মহাশয় প্রমাণ করিয়াছেন যে মধুস্দন সরস্বতী ১৫২৫ হইতে ১৫৩০ খ্রীষ্টাব্দের মধ্যে জন্মগ্রহণ করেন। মধুস্দন সরস্বতী ও শ্রীজীবের সম্বন্ধ-বিষয়ে কোন স্থির সিদ্ধান্তে আসা স্কঠিন; কেন-না মধুস্দন সরস্বতীর উপাধিও খ্র সম্ভব বাচস্পতি ছিল, কারণ একটি প্রবাদমূলক শ্লোকে আছে—-

নবদ্বীপে সমায়াতে মধুস্দন-বাক্পতে। চকম্পে তর্কবাগীশঃ কাতরোহ ভূদ্ গদাধরঃ॥

অর্থাৎ মধুস্থদন বাক্পতি নবদীপে আদিলে তর্কবাগীশ কম্পিত ও গদাধর কাতর হইয়াছিলেন।

Books written by Srijiv

### ঞ্জীজীবের রচিত গ্রন্থাদি

"ভক্তিরব্লাকরে" শ্রীজীবের গ্রন্থসমূহের যে তালিকা আছে তাহা হইতে
নিম্নলিখিত পঁটিশগানি গ্রন্থের নাম পাওয়া যায়:—(১) হরিনামামৃত ব্যাক্রণ,
(২) স্ত্রেমালিকা, (৩) ধাতুসংগ্রহ, (৪) রুফার্চ্চাদীপিকা, (৫) গোপালবিরুদাবলী, (৬) রসামৃতশেষ, (৭) শ্রীমাধব-মহোৎসব, (৮) শ্রীসম্ব্লক্লর্ক,
(৯) ভাবার্থস্চকচম্পু, (১০) গোপাল-ভাপনীর টীকা, (১১) ভক্তিরসামৃত-

সিদ্ধর টীকা, (১২) উচ্ছলনীলমণির টীকা, (১৩) যোগসার-স্তবের টীকা, (১৪) অগ্নিপুরাণস্থ শ্রীগায়জীভাষ্যের টীকা, (১৫) পদ্মপুরাণোক্ত শ্রীকৃষ্ণের পদচিহ্ন ও শ্রীরাধিকাকরপদস্থিত চিহ্ন, (১৬) ব্রহ্মসংহিতার টীকা, (১৭) গোপালচম্পু--পূর্কবিভাগ, (১৮) গোপালচম্পু--উত্তরবিভাগ, (১৯-২৪) যট্সন্দর্ভ এবং (২৫) ক্রমসন্দর্ভ-নামক ভাগবভের টীকা। নরহরি চক্রবর্ত্তী ষে সংস্কৃত শ্লোক অবলম্বন করিয়া এই তালিকা দিয়াছেন, তাহার শেষে "ইত্যাদয়:" আছে। এই তালিকা হইতে "সর্কসংবাদিনী"র গ্রায় স্থপ্রসিদ্ধ দার্শনিক গ্রন্থ বাদ পড়িয়াছে। রামনারায়ণ বিভারত্ব "দানকেলি-কৌমুদী" নাটকের প্রচ্ছদপটে জানাইয়াছেন যে, উহার টীকা শ্রীজীব গোস্বামীর রচনা। ঐ টাকা যে শ্রীজীব গোস্বামীরই লেখা তাহার কোন আভ্যন্তরীণ প্রমাণ নাই। বিভারত্ব মহাশয় "ললিতমাধব নাটক" ও তাহার টীকা প্রকাশ করিয়াছেন, কিন্তু টীকাটি কাহার রচিত তাহা বলেন নাই। ঐ টীকার প্রথমে "এরফটেতত্ত্য-রূপাধরেঃ এমজপুগোসামি-চর্বেণ্মদেক-শর্বেণঃ" পাঠ দেখিয়া মনে হয় যে উহ। শ্রীজীবের দারা রচিত। এতদ্তিম শ্রীরূপ গোস্বামীর কতকগুলি ন্তব সংগ্রহ করিয়া এজীব "ন্তবমাল।" নামে প্রকাশ করেন। আমি আমার গুরুদেব নিত্যধামগত শ্রীল অদ্বৈত্দাস পণ্ডিত বাবাজী মহোদয়ের গ্রহাগারে তাঁহার নিজের হাতে নকল করা সংস্কৃত ভাষায় খ্রীজীব গোস্বামীর র্বাচত "বৈষ্ণববন্দনা" নামে একথানি পুস্তিকা পাইয়াছি। বরাহনগর গ্রন্থ-মন্দিরে ৪৪০ সংখ্যক পুঁথিও ঐ গ্রন্থের অহুলিপি। শুনিয়াছি যে পদকর্তা জানদাদের শ্রীপাট কাঁদড়ায় আর একখণ্ড অমুলিপি আছে। ঐ গ্রন্থে নিত্যানন্দের ভক্তদের যে বিশদ বিবরণ আছে তাহা দেখিয়া মনে হয় যে শ্রীজীব নিত্যানন্দের বিশেষ কুপা লাভ করিয়াছিলেন।

Srijiv on Sri Chaitanya tattva

#### শ্রীচৈতগুতত্ত-বিষয়ে শ্রীজীব

শ্রীজীব গোস্বামী শ্রীচৈতগ্রের কোন লীলা বর্ণনা করেন নাই। তিনি
শ্রীকৃষ্ণসন্দর্ভ লিথিয়াছেন, কিন্তু শ্রীচৈতগ্রসন্দর্ভ লেখেন নাই। তবে যথন তিনি
ক্রমসন্দর্ভ-নামক শ্রীমন্তাগবতের টীকা লেখেন, তথন শ্রীচৈতগ্রের সম্প্রদায় সন্থবদ্ধভাবে স্প্রতিষ্ঠিত হইয়াছে। তাই তিনি শ্রীচৈতগ্রকে "স্বসম্প্রদায়-সহস্রাধিদৈবং"
বলিয়া বর্ণনা করিয়াছেন। ঐ টীকার শেষে তিনি শ্রীচৈতগ্রকে নিয়লিখিতভাবে বন্দন। করিয়াছেন—

## নমশ্চিস্তামণি: কৃষ্ণচৈত্ত্য-রুসবিগ্রহ:। পূৰ্ণ: শুদ্ধো নিতামুক্তোইভিন্নতানামনামিনো: ॥ As per Srijiv Sri Chaitanya and Sri Krishna are one

শ্রীক্ষীর সর্বাত্র শ্রীচৈততাকে শ্রীক্লফ হইতে অভিন্নরূপে দেখিয়াছেন। বটুসন্দর্ভের অন্তে প্রীতির বিচার করিয়া তিনি লিপিয়াছেন, "তাদৃশ ভাবময়ী ভক্তি বিস্তার কবিবার জন্ম জগতে যে অবতার আগমন কবিয়াছেন, যিনি তুর্জ্জন পর্যান্ত

সকলের আশ্রের, সেই চৈতন্ত-বিগ্রহ ক্ষেরে জয়।"
Logic put forward by Srijiv to establish GOD hood of Sri Chaitanya
"সর্বসংবাদিনী"তে শ্রীজীব শ্রীচৈতন্তার ভগবত্তা সপ্রমাণ করিবার জন্ত নিম্ন-লিখিত যুক্তিসমূহেণ আশ্রয় গ্রহণ করিয়াছেন। (ক) শ্রীমন্ত্রাগবতে শ্রীকৃষ্ণ-চৈতন্ত্র-নামধেয় খ্রীভগবান্ই কলিবুগে বৈষ্ণবগণের উপাস্ত বলিয়া নিণীত হইয়াছেন। শ্রীমন্তাগবতে যে শ্রীক্লটেচতগ্রকেই কলিযুগের উপাস্থ বলা হইয়াছে, তাহা সপ্রমাণ করিবার জন্ম ছুইটি শ্লোক উদ্ধার করা হইয়াছে।

> আসন্ বর্ণান্তরে। হাস্তা গুরুতোহিমুগুগং তনুঃ। শুক্লো বক্তস্তথ। পীত ইদানীং ক্লণ্ডাং গতঃ॥

> > —ভাগবত, ১০৮।২৩

শ্রীজ্ঞীব ইহার ব্যাখ্যায় বলেন যে সভায়ুগে ভগবানের শুক্লবর্ণ, ত্রেতায় রক্তবর্ণ, দাপরে ক্লফবর্ণ, স্থতরাং পরিশেষ প্রমাণে কলিযুগে এই উপাস্তাদেব যে পীতবর্ণ ধারণ করেন তাহা প্রতিপন্ন হইল। ও অপর শ্লোকটি এই :---

> कृष्ध्वर्गः वियोक्षयः मारक्षां भाक्षान्य-भावन्य । যজ্ঞৈ সন্ধীৰ্ত্তন-প্ৰায়েৰ্যজন্তি হি স্কমেধসঃ॥

> > —ভাগবত, ১১/৫/৩২

"ক্ষণবর্ণ" শব্দের ছুইটি অর্থ, প্রথমতঃ গাহার পূর্ণ নামে "ক্ষণ" এই ছুইটি বৰ্ণ আছে, তিনিই কৃষ্ণবৰ্ণ অৰ্থাৎ কৃষ্ণচৈততা নামে কৃষ্ণ এই বৰ্ণদ্বয় আছে। দিতীয়তঃ যিনি এক্ষের বর্ণনা করেন এবং সকল জীবের প্রতি করুণাবশতঃ

১ এই কৃষ্ণতৈত ফাদেবনামানং ইভিগবন্তং ক্লিগুগেহ মিন্ বৈঞ্বজনোপাস্থাবভারত রার্থবিশ্বো-নিক্সিতেন শ্রীভাগবত-পয়সংবাদেন ক্টোতি : — সর্পসংবাদিনী

২ জ্রীরূপ গোস্বামী লঘু ভাগবতামূতে কিন্তু বলেন— কণ্যতে বর্ণনামভ্যাং গুক্লঃ সত্যযুগে হরিঃ। রক্তভামক্রমাং কৃষ্ণস্ত্রেতায়াং দ্বাপরে কলো।

দকল লোকের প্রতিই শ্রীক্বফের বিষয়ে উপদেশ দেন। "ত্বিষাক্বফং" শব্দের অর্থ এই যে যিনি স্বরং অক্বফ অর্থাৎ গৌরকান্তি ধারণ করিয়া কৃষ্ণ-সম্বন্ধে উপদেশ দেন এবং যাঁহাকে দর্শন করিয়া সকলের হৃদয়ে শ্রীকৃষ্ণ-স্ফুর্তি হয়; অথবা যিনি জনসাধারণের দৃষ্টিতে অক্বফ অর্থাৎ গৌরক্বপে প্রতিভাত হয়েন; ভক্তবিশেষের দৃষ্টিতে শ্রামন্থলর বলিয়া প্রতীত হয়েন। ফলতঃ ইহাতে দর্মপ্রকারেই শ্রীকৃষ্ণক্রপের প্রকাশ-নিবন্ধন এই শ্রীকৃষ্ণকৈতক্ত সাক্ষাৎ শ্রীকৃষ্ণেরই আবির্ভাব-বিশেষ। "তত্মাৎ তেমিন্ সর্কাথ শ্রীকৃষ্ণক্রপত্মৈর প্রকাশাৎ তত্মিব সাক্ষাদাবির্ভাবঃ স ইতি ভাবঃ।"—সর্কাসংবাদিনী

"আবির্ভাব" শক্টি পারিভাষিক। শ্রীরূপ গোস্বামী লঘুভাগবতামৃতে উহার ব্যাখ্যার বলিয়াছেন যে শ্রীকৃষ্ণ মথুরার চলিয়া যাইবার পর ব্রজ্বাসিগণ বিরহে আকুল হইরা পড়িয়াছিলেন; তাঁহাদের বিরহজনিত ক্লান্তি দেখিরা শ্রীকৃষ্ণ ব্যগ্র হইরা হঠাৎ তাঁহাদিগের সমক্ষে আবিভূতি হয়েন। এইরূপ আবির্ভাবের পর হইতে ব্রজ্বাসিগণ মনে করেন যে শ্রীকৃষ্ণ আমাদিগকে পরিত্যাগ করিয়া কথনই অন্তত্ত গমন করেন নাই; তবে যে ভানিতে পাই, তিনি মণুরার গিরাছেন, সে আমাদের স্বপ্নমাত্র। শ্রীজীব গোস্বামী যদি "লঘুভাগবতামুতের" অর্থে শ্রীচৈতন্তকে শ্রীকৃষ্ণের আবির্ভাব বলিয়া থাকেন তাহা হইলে ভক্তহাদরের অন্নভূতিই শ্রীচৈতন্তের ভগবত্তার মূল প্রমাণ হয়।

থে) বিষদস্ভবের উপর জোর দিয়া প্রীজীব বলিতেছেন যে বহু বহু
মহাস্তব বহু বার তাঁহার ভগবতাস্চক অঙ্গ-উপাঙ্গ-অন্ত পার্যদ সমন্বিতরপে
শ্রীচৈতল্যকে দর্শন করিষ্ধা তাঁহাকে স্বয়ং ভগবান্ বলিয়া ব্ঝিয়াছেন।
সর্বসংবাদিনীর প্রথমেই তিনি লিখিয়াছেন যে "কোটি কোটি মহাভাগবত
বহি দৃষ্টি ও অন্ত দৃষ্টি-দারা যাঁহার ভগবতা বিনিশ্চয় করিয়াছেন, ভগবতাই
যাঁহার নিজস্বরূপ, যে স্বয়ং ভগবানের শ্রীপাদপদ্দকে অবলম্বন করিয়া অন্তর্রু
হল্ল সহন্র প্রেম-পীযুষ্ময় জাহ্নবীধারা তদীয় নিজ অবতার-প্রকটনে
প্রচারিত হইয়াছে, দেই শ্রীকৃষ্ণচৈতল্য-নামধেয় শ্রীভগবান্কেই শ্রীমদ্ভাগবতশাস্ত্র
এই কলিয়ুগে বৈষ্ণবর্গবের উপাস্থ বলিয়া নির্ণয় করিয়াছেন।"

কোন্ কোন্ দেশের মহাত্তবগণ ঐচিতন্তের তগবতার একাধিক বার প্রমাণ পাইয়াছেন? তাহার উত্তরে ঐজীব বলিতেছেন—"গৌড়বরেন্দ্র বন্ধ-হন্ধাৎ কলিকাদি দেশীয়ানাং মহাপ্রসিদ্ধেং" অর্থাৎ গৌড়, বরেন্দ্র, বন্ধ, হ্লম ও উৎকলদেশবাদী মহাত্রতবগণের মধ্যে তাঁহার এই তগবতা মহাপ্রসিদ্ধ। শ্রীচৈতক্তের ভগ্রন্ত। যথন এইরূপে বাঙ্গালা ও উড়িয়ায় প্রাসিদ্ধি লাভ করিয়াছে, তথন শ্রীজীব তাঁহাকে "সমস্প্রদায় সহস্রাধিদৈবং" বলিয়া বন্ধনা করিয়াছেন।

(গ) প্রীক্তীব "বিকুধর্মোন্তরের" প্রীচেতন্তের ভগবন্তার বিরুদ্ধরূপে প্রভীয়মান বচনসমূহেরও বিচাব করিয়াছেন। বিকুধর্মোন্তর বলেন যে ঘাপর যুগের
অবতারের বর্ণ শুকপক্ষবর্ণ এবং কলির নীলঘন। প্রীক্তীব বলেন, "যে ঘাপরে
কৃষ্ণ অবতার না হয়েন, উহা সেই ঘাপর অবতারের বর্ণস্চক প্রমাণ-বচন
বলিয়া মনে করিতে হইবে। অপিচ, যে ঘাপরে প্রীকৃষ্ণ অবতীর্ণ হইয়া থাকেন,
সেই কলিতেই প্রীচৈতন্ত অবতীর্ণ হয়েন। প্রীকৃষ্ণাবতার ও প্রীগৌরাবতার
একই রসসগদ্ধস্থত্তে সম্বন্ধ। ইহা হইতে ইহাই জানা যায় যে প্রীগৌরাবতার
একই রসসগদ্ধস্থত্তে সম্বন্ধ। ইহা হইতে ইহাই জানা যায় যে প্রীগৌর প্রীকৃষ্ণের
আবির্ভাবিবিশেষ।" বিকুধর্মোন্তরে আরও আছে যে কলিতে হরি কোন
প্রত্যক্ষ রূপ ধারণ করিয়া অবতীর্ণ হয়েন না—এজন্ত হরিকে "ত্রিযুগ" বলা
হয়। ইহার উত্তরে প্রীজীব বলেন যে প্রীকৃষ্ণের ঐশ্বর্য অসীম, তাহাতেই
সময়ে সময়ে আর্থ-বচন-প্রমাণের অতিক্রম দৃষ্ট হয় এবং কলিকালেও প্রীভাবান্
আাত্মদেহ প্রকট করিয়া অবতীর্ণ হয়েন। এই যুক্তির মধ্যে অনেকথানি
হর্মনতা দেখা যায়। যাহা হউক, প্রীজীব নিজে প্রীচৈতন্তের ভগবন্তা দৃঢভাবে
ঘোষণা করিয়া তত্বসন্তর্তর মঙ্গলাচরণে লিথিয়াছেন—

অস্তঃকৃষ্ণং বহির্গে বিং দর্শিতাঙ্গাদিবৈভবম্। কলৌ সঙ্গীর্ত্তনাজ্যৈ স্থাঃ কৃষ্ণচৈতক্তমাশ্রিতাঃ॥

অর্থাৎ যাঁহার বাহিরে গৌরবর্ণ, অন্তবে কুফুবর্ণ, যিনি স্বীয় অঙ্গাদির বৈভব জনসমাজে প্রকটিত করিয়াছেন, আমরা কলিযুগে সঙ্গীর্তনাদিঘারা তাঁহার উপাসনা করি।

#### 5. Gopal Bhatta Goswami ৫। গোপাল ভটু গোস্বামী

শ্রীপাদ গোপাল ভট্ট ছয় গোস্বামীর অন্তত্ম। কিন্তু তাঁহার জীবনী ও কার্য্যাবলী রহস্তজালে আবৃত। তিনি ত্রিমল্ল ভট্টের অথবা বেন্ধট ভট্টের পুত্র তাহা লইয়া মভভেদ আছে। "ভক্তিবত্বাকরের" মঙ্গলাচরণের দ্বিতীয় শ্লোকেও গোপাল ভট্টের স্চকে তাঁহাকে শ্রীমন্তেন্ধট ভট্টনন্দন বলা হইয়াছে। অথচ ১৬৯৬ খ্রীষ্টান্দে লিখিত "অহুরাগবল্লী" গ্রন্থে তাঁহাকে "ত্রিমল্লের বালক গোপাল- ভট্ট নাম" বলিয়া উল্লেখ করা হইয়াছে। এইরূপ মতভেদের কারণ বোধ হয় প্রাদ রুঞ্চাদ কবিরাজ গোস্বামীর অনবধানতা। তিনি প্রীচৈতক্তচরিতামূতের মধ্যথণ্ডের প্রথম পরিচ্ছেদে লিথিয়াছেন যে প্রীচৈতক্ত প্রীরক্তক্তি উপস্থিত হইয়া—

ত্রিমল্লভট্টের ঘরে কৈল প্রভূ বাস। তাহাঞি রহিলা প্রভূ বর্ষা চারি মাস॥

**─रे**ं . च., शांकि

কিন্তু মধ্যলীলার নবম পরিচ্ছেদে লিথিয়াছেন যে তিনি শ্রীরক্ষক্ষেত্রে বেকট ভটের গৃহে চাতুর্মাশু যাপন করেন (২।১।৭৬-৮০)।

কবিরাজ গোস্বামীর এই অনবধানত। "অত্বাগবল্লী"র গ্রন্থকার মনোহর দাসের চোথ এড়ায় নাই। তিনি লিথিয়াছেন—

সেথানে ত্রিমল্ল ভট্টের ঘরে ভিক্ষা লইলা।
ভট্টের প্রার্থনা মতে চাতুর্মাস্থ রৈলা॥
নকম পরিচ্ছেদে সেই সূত্র বিস্তারিল।
তাহে তার ছোট ভাই বেঙ্কট লিখিল॥
তিমল্ল ভট্টের পুল্রাদি আত্মসাৎ পরিপাটী।
রহি গেল তে কারণে লিখনের ক্রুটী ॥—প্রথম মঞ্জরী

ক্রিরাজ গোস্বামী গোপাল ভট্টকে অন্ত পাঁচ গোস্বামীর সহিত উল্লেখ
ক্রিয়াছেন এবং শাখানির্গয়ে কেবলমাত্র লিথিয়াছেন যে—

শ্রীগোপাল ভট্ট এক শাখা সর্কোত্তম। রূপ-স্নাতন সঙ্গে থাঁর প্রেম আলাপন॥—১।১০।১০৩

ইং। ছাড়া তাঁহার গ্রন্থে গোপাল ভট্ট-সম্বন্ধে আর কোন কথা নাই। অক্স পাচ গোস্বামীর জীবনবৃত্তান্ত শ্রীচৈতন্সচরিতামৃতে প্রদত্ত হইয়াছে। গোপাল ভট্ট-সম্বন্ধে তাঁহার নীরবতা দেখিয়া পরবর্ত্তী কালে বৈষ্ণবদের মনে নানারূপ দিন্দেহ উপস্থিত হয়। "ভক্তিরত্বাকরে" এই সন্দেহের কথা নিম্নলিখিতরূপে দিত করা হইয়াছে—

> শ্রীগোপাল ভট্টের এসব বিবরণ। কেহো কিছু বর্ণে কেহে। না করে বর্ণন॥

না বৃঝিয়া মর্ম ইথে কৃতর্ক যে করে। অপরাধ বীজ তার হৃদয়ে সঞ্চারে ॥—পৃ. ১৫

নরহরি চক্রবর্তী কবিরাজ গোস্বামীর নীরবতার চুইটি কারণ নির্দেশ করিয়াছেন। প্রথমতঃ বৃন্দাবনদাস যেমন শ্রীচৈতত্যের দক্ষিণ-ভ্রমণ-প্রসঙ্গ একেবারে বাদ দিয়াছেন, তেমনি কবিরাজ গোস্বামীও গোপাল ভট্টের বিবরণ বাদ দিয়াছেন। উভয়েরই উদ্দেশ্য ভবিগ্যতের কবিদের বর্ণনা করিবার জন্ম কিছু অবশিষ্ট রাখা। দ্বিতীয়তঃ কবিরাজ গোস্বামী চরিতামৃত লিখিবার অহ্মতি প্রার্থনা করিলে—

শ্রীগোপালভট্ট হাই হৈয়া আজা দিল। গ্রন্থে নিজ প্রসঙ্গ বর্ণিতে নিষেধিল॥

নবহরি চক্রবর্ত্তীর প্রথম যুক্তি-সম্বন্ধে বক্তব্য এই যে প্রীজীবের সহিত প্রীচৈতন্তের সাক্ষাৎকার সন্দেহের বিষয় হইলেও তাঁহার কথা তিনি লিখিতে পারিলেন, অথচ গোপাল ভট্টের কথা বাদ দিলেন—ইহার কারণ হয়ত কিছু শুরুতর। বিতীয় যুক্তি সমর্থন করা আরও কঠিন; কেন-না চরিতামৃত আরম্ভ করিবার পূর্বে যদি গোপাল ভট্টের আজ্ঞা লওয়া হইত, তাহা হইলে আদি লীলার অস্টম পরিচ্ছেদে সে কথা তিনি গৌরব করিয়া লিখিতেন।

গোপাল ভটের নাম কবিকর্ণপূরের "শ্রীচৈতগুচন্দ্রোদয় নাটকে" ও "শ্রীচৈতগুচরিতামত মহাকাব্যে" নাই। বৃন্দাবনদাস, লোচন ও জয়ানন্দও ' তাঁহার সম্বন্ধে নীরব। কিন্তু শ্রীচৈতগ্রের প্রথম চরিতাখ্যায়ক ম্রারি গুপু তাঁহার সম্বন্ধে লিখিয়াছেন—

স্থাদীনং জগলাথং ত্রিমল্লাখ্যো বিজোত্তমঃ।
স্ত্রীপুত্রস্বজনৈঃ দার্দ্ধং দিষেব প্রেমনিতরঃ ॥
গোপালনামা বালোহস্ত প্রভোঃ পার্দ্ধে স্থিতন্তদা।
তং দৃষ্টা তক্ত শির্দি পাদপদাং দয়ার্দ্ধিঃ॥
দত্তা বদ হরিং চেতি সোহপি হর্ষসমন্বিতম্।
বাল্যক্রীড়াং পরিত্যজ্য কৃষ্ণং গায়ন্ ননর্ভ চ॥

-0120128-26

2

Father of Gopal Bhatta is Trimalla Bhatta

বিশিষ্ট প্রমাণ ব্যতিরেকে ম্রারির উক্তির সত্যতায় সন্দেহ করা যায় না। সেইজন্ম গোপাল ভট্টের পিতার নাম ত্রিমন্ন ভট্ট বলিয়াই আমরা সিদ্ধান্ত করিলাম। গোপাল কবিকর্ণপূরের তায় বাল্যকালেই শ্রীচৈতত্তের রূপা পাইয়াছিলেন, এই সংবাদও মুরারি গুপ্তের নিকট হইতে পাওয়া গেল।

বাল্যকালেই গোপাল ভট্ট শ্রীচৈতত্যের চরণে আত্মসমর্পণ করিয়াছিলেন, অথচ এই প্রথম সাক্ষাংকারের পর মহাপ্রভু বাইশ বংসর কাল পুরীতে থাকিলেও গোপাল ভট্ট আর কথনও তাঁহার শ্রীচরণ দর্শন করিতে চেষ্টা করিয়াছিলেন বলিয়া জানা যায় না। "অহুরাগবল্লী"র মতে গোপাল ভট্ট পিতা ত্রিমল্ল, গুরু ও পিতৃব্য প্রবোধানন্দ ও পিতৃব্য বেক্কটের পরলোকগমনের পর বৃন্দাবনে আসেন।

আশিয়া পাইলা রূপ-সনাতন-সঙ্গ।
ত্ই রঘুনাথ-সহ প্রেমার তরঙ্গ॥
শ্রীজীবে বাংসল্য কোটি প্রাণের অধিক।
সদা-স্বাদ রাধা-ক্লফ্ল-বিলাস-মাধ্বীক॥

রঘুনাথদাস শ্রীমন্মহাপ্রভুর তিরোধানের পর বুন্দাবনে আসেন। গোপাল ভট্টও কি তবে শ্রীচৈতন্তের তিরোভাবের পর বুন্দাবনে গমন করেন? নরহরি চক্রবর্ত্তী গোপাল ভট্টের স্চকে লিথিয়াছেন যে রূপ-সনাতন যথন বুন্দাবনে আসিলেন, তথন গোপাল ভট্ট তাঁহাদের সহিত দেখা করিলেন। অর্থাৎ গোপাল ভট্ট রূপ-সনাতনের পূর্ব্বেই বুন্দাবনে বাস করিতে আরম্ভ করেন; যথা—

রূপ আর সনাতন যবে আইলা বৃন্দাবন ভটুগোসাঞি মিলিলা সবায়।

আবার এই লেখকই "ভক্তিরব্লাকরে" বলিতেছেন যে

লিখিলেন পত্রীতে শ্রীরূপ-সনাতন। গোপাল ভট্টের বৃন্দাবন আগমন॥

ফলত: ১৫১২ হইতে ১৫৩৪ খ্রীষ্টাব্দের মধ্যে গোপাল ভটু বৃন্দাবনে আগমন করেন; এই ঘটনার দেড় শত বংসরের অধিক কাল পরে "অহুরাগবল্লী" ও "ভক্তিরত্বাকর" লিখিত হয়। এই ছই গ্রন্থ রচনার সময়ে লেখকগণ জনশ্রুতি ব্যতীত অক্ত কোন উপাদান পায়েন নাই। দেইজক্তই তাঁহাদের নিজেদের উদ্ধির মধ্যেই পরস্পর-বিরোধ ও অসামঞ্জন্ম রহিয়া গিয়াছে।

নরহরি চক্রবর্ত্তীর মতে ঐচৈততা গোপাল ভট্টের জতা নীলাচল হইতে ডোর ও কৌপীন বৃন্ধাবনে পাঠাইয়। দিয়াছিলেন। গোপাল ভট্ট সাধারণতঃ পশ্চিমাদিগকে শিশ্ব করিতেন; যথা—

> গোপাল ভটের সেবক পশ্চিমা মাত্র। গৌড়িয়। আইলে রঘুনাথ কুপাপাত। ?

কিছ তাঁহার এই রীতি উল্লেখন করিয়া তিনি শ্রীনিবাস আচার্য্যকে শিয়তে বুত করেন।

আমি বরাহনগরের গ্রন্থমন্দিরে কবিকর্ণপূর-কবিরাজ-ক্বত গোপাল ভট্টের একটি বন্দনা পাইয়াছি। ° তাহাতে আছে ষে গোপাল ভট্ট নাট্য ও সঙ্গীতে নিপুণ ও আলাপে-আলোচনায় রসিক ছিলেন; যথা-

> ক্সিতবর-গতিভঙ্গিনাটাসঙ্গীত-রঞ্গী তমুভূত-জমু-চিত্রানন্দ-বর্দ্ধি-স্থানঃ। চরিত-স্থাবিলাদ-িত্রচাতুর্য্য-ভাষঃ িপরম-পতিত্যীশঃ পাতু গোপালভট্টঃ॥

Who is the author of Haribhaktivilas

## হরিভক্তিবিলাসের রচয়িতা কে ?

১২৮৯ বঙ্গান্ধে রামনারায়ণ বিভারত মহাশয় "হরিভক্তিবিলাস" গ্রন্থ প্রকাশ করেন। ঐ গ্রন্থ গোপাল ভটুগোস্বামীর রচনা বলিয়া তিনি প্রচার করেন। তিনি গ্রন্থের শেষে গোপাল ভটের যে সংক্ষিপ্ত জীবন-চরিত লিথিয়াছেন. ভাহাতে বলিয়াছেন যে, গোপাল ভটু সনাতন গোসামীর "হরিভক্তিবিলাস"কে মৃল স্তারূপে পরিগণিত করিয়া ব্রতাদির মাহাত্ম্য, নিভ্যতা ও বিবিধ মতামত নানা পুরাণ ও সংহিতাদি হইতে সংগ্রহপূর্মক একখানি স্বর্হৎ গ্রন্থ করত "ভগবস্তুক্তিবিলাস" নামে জনসমাজে প্রচারিত করেন। কিন্তু স্টীক ও সংক্ষিপ্ত হরিভক্তিবিলাস যে সনাতনের রচিত তাহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়; কোন কোন স্থলে কেবল সনাতনের রচিত মূল সংক্ষিপ্ত "হরিভক্তি-বিলাস" দেখিতে পাওয়া যায়। সনাতন গোসামীর ছারা লিখিত "হরিভক্তি-

- ১ অমুরাগবলী, বিভীয় মঞ্চরী
- ২ বরাহনগর গ্রন্থমন্দির, পুণি-সংখ্যা ৬৩৮

বিলাদ" গ্রন্থ আমি বছ অন্নেদ্ধান করিয়াও কোথাও দেখিতে পাই নাই। গোপাল ভট্টের গ্রন্থের নাম যে "ভগবন্ধক্তিবিলাদ", "হরিভক্তিবিলাদ" নহে, তাহা রামনারায়ণ বিভারত্ব মহাশয়ও স্বীকার করিয়াছেন। তাঁহার মতে ত্ইখানি বৈষ্ণবশ্বতি রচিত হইয়াছিল—একখানি দংক্ষিপ্ত, দনাতন কৃত; অন্তথানি বিশদ, গোপাল ভট্ট-কৃত।

কিন্তু মৃদ্রিত হরিভক্তিবিলাসের সহিত ঐতিচতক্যচরিতামৃতের মধ্যলীলার ২৪ পরিচ্ছেদের মিল দেখিয়া মনে হয় বৈষ্ণবস্থাতি মাত্র একথানিই রচিত হইয়াছিল—তুইথানি নহে। সনোহরদাসও বলেন—

> শ্রীসনাতন গোসাঞি গ্রন্থ করিল। সর্ব্বত্র আভোগ ভটুগোসাঞির দিল॥

> > —অহুরাগবল্লী, প্রথম মঞ্জরী

#### ভক্তিরত্বাকরেও দেখা যায়---

করিতে বৈষ্ণবশ্বতি হৈল ভট্ট মনে।
সনাতন গোস্বামী জানিলা সেইক্ষণে॥
গোপালের নামে শ্রীগোস্বামী সনাতন।
করিল শ্রীহরিভক্তিবিলাস-বর্ণন॥—পৃ. ১৪

এই ত্ই গ্রন্থই শ্রীনিবাস আচার্য্যের পরিবারের লোকের লেখা এবং গোপাল ভট্ট শ্রীনিবাস আচার্য্যের গুরু। গোপাল ভট্ট স্বয়ং গ্রন্থ লিখিলে ইহারা সে কথা ইচ্ছা করিয়া গোপন করিতেন না।

কিন্তু গ্রন্থথানি সনাতনের লেখা হইলে মঙ্গলাচরণের শ্লোক লইয়া কিছু মৃদ্ধিল বাধে। দ্বিতীয় শ্লোকে আছে—

ভক্তেবিলাসাং কিহুতে প্রবোধা-নন্দস্য শিয়ো ভগবংপ্রিয়স্ত। গোপালভট্টো রঘুনাথদাসং সম্ভোষয়ন্ রূপ-সনাতনৌ চ॥

্ ডা: স্নীলক্ষার দে আমাকে পত্র লিখিয়া জানাইয়াছেন—'হরিভক্তিবিলাস' ও 'ভগবছজি-বিলাস' ছইবানি পুথক গ্রন্থের নাম ধরিবার কোনও কারণ নাই। একই পূধিতে তুই নামই পাওয়া বার্য।

অর্থাৎ "ভগবংপ্রিয় প্রবোধানন্দের শিল্য গোপালভট্টনামা ব্যক্তি রঘুনাথদাস তথা রূপ-সনাতনকে সম্ভট করিবার নিমিত্ত ভক্তির বিলাস সম্যাগরূপে আহরণ করিতেছে।" এই শ্লোক কিছুতেই সনাতনের রচিত হইতে পারে না—কেন-না তিনি নিজে একথা জাহির করিবেন না যে, তাঁহার সন্তোষের জন্ম গোপাল ভট্ট গ্রন্থ লিখিতেছেন।

শামার মনে হয় গোপাল ভট্ট ও সনাতন গোস্বামীর সমবেত চেষ্টার ফলে গ্রন্থানি রচিত হইয়াছে। সনাতন গোস্বামী গ্রন্থের মালমশলা জোগাড় করিয়া দিয়াছিলেন, গোপাল ভট্ট গ্রন্থ রচনা করিয়াছিলেন।

Haribhaktivilas and Bengal's Vaishnava Society

#### হরিভজিবিলাস ও বাংলার বৈঞ্বসমাজ

"হরিভক্তিবিলাদের" মতামত লইয়া গৌড়ীয় বৈষ্ণবধর্মের আচার-অষ্ঠান
সম্পন্ন হয় এই ধারণা জনসাধারণ-মধ্যে প্রচলিত। কিন্তু প্রকৃত-পক্ষে কয়েকটি
প্রধান বিষয়ে "হরিভক্তিবিলাদের" সিদ্ধান্ত শীগোরাদ্ধের প্রবৃত্তিত ধর্মসম্প্রদায়ে
গৃহীত হয় নাই। শীচৈতক্তদেব কায়ন্ত রঘুনাথ দাসকে নিজের পূজিত
গোবর্জনশিলা প্রদান করিয়াছিলেন। সেই সার্কজনীন আদর্শে অষ্প্রাণিত
হইয়া গোপাল ভট্ট বিধান দিয়াছেন—

এবং শ্রীভগবান্ সর্কোঃ শালগ্রামশিলাত্মকঃ। দ্বিজঃ স্থীভিশ্চ শূদ্রেশ্চ পূজ্যো ভগবতঃ পরে:॥

All (any cast and any gender) should worship Shalgramshila

অর্থাৎ কি দ্বিজ (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য), কি স্ত্রী, কি শৃদ্র সকলেই নিরত হইয়া শালগ্রামণিলা-রূপী ভগবানের পূজা করিবেন। সনাতন গোস্বামী ঐ ক্লোকের টীকায় লিথিয়াছেন—"ভগবদীক্ষা-প্রভাবেণ শৃদ্রাদীনামপি বিপ্রসাম্যং সিদ্ধমেব," কিন্তু বাঙ্গালাদেশে শৃদ্র শালগ্রাম-পূজার অধিকার পায় নাই।

"হরিভজিবিলাসের" অটাদশ বিলাসে শ্রীমৃতি-নির্মাণের রীতি বণিত হইয়াছে। ইহাতে গোপাল, মহাবরাহ, নৃসিংহ, ত্রিবিক্রম, মংস্থা, কৃর্মা, মহাবিষ্ণু, লোকপালবিষ্ণু, চতুর্জ বাহ্ণদেব, সমর্হণ, প্রহায়, অনিক্রম, বামন, বৃদ্ধ, নরমারায়ণ, হয়গ্রীব, জামদয়্য ও দাশরথি রাম প্রভৃতি মৃর্ভি-গঠনের বিধান লিখিত জাছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে লক্ষীনারায়ণ ও ক্রফক্রিণীর

In Haribhaktivilas there is no information on making Radha Krishna image

মৃর্ত্তির কথা থাকিলেও, রাধাক্তফের মৃর্ত্তির কথা কিছুই নাই। কুফের যে মৃর্ত্তির বর্ণনা আছে, তাহা বান্ধালার বৈষ্ণবের ধ্যানের বস্তু নহে। বান্ধালী বৈষ্ণব বিভুদ্ধ মুরলীধর কুফকে ভজনা করেন। আর বিষ্ণুধর্মোত্তর হইতে "হরিভক্তি-বিলাদে" ধৃত হইয়াছে—

#### ক্লফশ্চক্রধর: কার্য্যো নীলোৎপলদলচ্ছবি:। ইন্দীবরধরা কার্য্যা তম্ম সাক্ষাচ্চ রুক্মিণী॥

There is no mention of how to make Sri Radha's image, and no instructions on meditation of Radha with Sri

^{Krishna}লম্মীর মৃর্ত্তি কিরপে নির্দাণ করিতে হইবে তাহার বিধান আছে, কিন্তু রাধাম্ত্রির কোন ইঙ্গিত পর্যন্ত নাই। পঞ্চমবিলাদে শ্রীনন্দনন্দন-বর্ণনা-প্রসঙ্গে গোপীগণসহ শ্রীক্বফের ধ্যান করিবার উপদেশ দেওয়া হইয়াছে, কিন্তু শ্রীরাধার ধ্যান নাই। গৌড়ীয় বৈফ্বধর্দোর প্রথম ও সর্কশ্রেষ্ঠ শ্বৃতিগ্রন্থে এইরূপ অন্তন্ত্রেথ অত্যন্ত বিশ্বয়ের বিষয়।

গ্রন্থের শেষে গোপাল ভট্ট লিখিতেছেন—

"কুত্যান্তেতানি তু প্রায়ো গৃহিণাং ধনিনাং সতাম্।"

অর্থাৎ সজ্জন ধনী গৃহস্থদিগের প্রায় সমস্ত ক্বতা ইহাতে লিখিত হইল।
শ্রীরাধার মহাভাবের আম্বাদনই যদি শ্রীচেতক্তমহাপ্রভুর প্রবর্ত্তিত সাধনার শ্রেষ্ঠ
দান হয়, তাহা হইলে ধনীদের তাহা হইতে বঞ্চিত করিবার কোন সঙ্গত
কারণ দেখিতে পাই না।

গোপাল ভট্ট শ্রীকৃষ্ণকর্ণামৃতের শ্রীকৃষ্ণবল্পভা টীকা রচনা করিয়াছেন। ঐ টীকার মঙ্গলাচরণে শ্রীচৈতত্যের প্রতি নমস্কার নাই। আমার সন্দেহ হয় ঐ টীকা ছয় গোস্বামীর অন্ততম গোপাল ভট্টের রচিত নহে; কেন-না ঐ টীকাতে গোপাল ভট্ট নিজের পিতার নাম দ্রাবিড় হরিবংশ ভট্ট ও পিতামহের নাম নৃসিংহ লিখিয়াছেন। উক্ত টীকাকারের রচিত কালকৌমুদী ও রসিকরঞ্জনী টীকাতেও ঐ পরিচয় পাওয়া যায়।

গোপাল ভট্টের দার্শনিক জ্ঞানের পরিচয় শ্রীজীব গোস্বামী শ্রীভাগকত-সন্দর্ভের মঙ্গলাচরণে দিয়াছেন। শ্রীজীব স্বীকার করিয়াছেন যে গোপাল ভট্ট শ্রীমস্তাগবতের সিদ্ধান্তসমূহ সংগ্রহ করিয়া একখানি সন্দর্ভগ্রন্থ রচনা করেন।

> বন্ধীয় সাহিত্য-পরিষং ২৮০ সংখ্যক পুণি। ডাঃ স্থালকুমার দে করেকথানি পুণি
মিলাইয়া সটীক কৃষ্ণকর্ণাস্ত প্রকাশ করিয়াছেন।

কিন্তু ঐ গ্রন্থে ক্রম ও পর্যায়-অন্নারে সিদ্ধান্তাদির বিচার হয় নাই বলিয়া শ্রীক্ষীব ষট্সন্দর্ভ-রচনায় মনোনিবেশ করেন।

গোপাল ভট্ট শ্রীচৈতত্যের কোন লীলা বর্ণনা করেন নাই। তবে "হরিভক্তিবিলাদের" প্রত্যেক বিলাদের প্রথমে শ্রীচৈতত্যকে বন্দনা করা হইয়াছে। গ্রন্থকার শ্রীচৈতত্যকে ভগবান্', গুরুত্তর , জগংগুরু প্রভৃতি আখ্যায় স্তৃতি করিয়াছেন। তিনি বারবার স্বীকার করিয়াছেন যে শ্রীচৈতত্যের ক্লপাতেই এই গ্রন্থ লিখিবার ক্ষমতা তিনি প্রাপ্ত হইয়াছেন। কিন্তু শ্রীচৈতত্যের মৃত্তি, ধ্যান ও উপাসনা-সম্বন্ধে এই গ্রন্থে কিছুই লিখিত হয় নাই।

> इतिङक्षिकिविद्याम, २५।>

٠ ١٥٠ الله ١٥٠

७ व २।३

171

## ঞীচৈতফচন্দ্রামৃত

"শ্রীচৈতগ্যচন্দ্রামৃত" ভক্তিরদে ভরপূর একথানি সংস্কৃত স্তোত্রকাব্য। ইহার শ্লোকসংখ্যা, ১৪০। স্ততি, নতি, আশীর্মাদ, শ্রীচৈতগ্যভক্তমহিমা, শ্রীচৈতগ্যের অভক্তদের নিন্দা, দৈগ্য, উপাস্থানিষ্ঠা, শ্রীচৈতগ্যের উৎকর্য, শ্রীচৈতগ্য অবতারের মহিমা, লোকশিক্ষা, রূপোল্লাস, শোচন—এই দ্বাদশটি প্রকরণে গ্রন্থখানি বিভক্ত। ইহাতে অহুষ্টুপ্, ইক্রবজ্ঞা, উপেক্রবজ্ঞা, উপজ্ঞাতি, বসন্থ-তিলক, মালিনী, শিথরিণী, পৃথী, মন্দাক্রান্থা, শার্দ্ধূলবিক্রীড়িত, শ্রন্ধরা, শালিনী ও রথোদ্ধতা ছন্দ ব্যবহৃত হইয়াছে। শুধু ছন্দে নহে, শক্ষাপদ্ ও ভাবসম্পদেশু কাব্যখানি অপূর্ব। শ্রীচৈতগ্যের প্রতি একান্তিক নিষ্ঠা ও অহুরাগ গ্রন্থের ছত্তে ছত্ত্রে ফুটিয়া উঠিয়াছে। শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ রূপাপাত্র না হইলে এ ধরনের কাব্য লেখা কঠিন। লেখকের সহিত শ্রীচৈতগ্যের ব্যক্তিগত পরিচয় ও অন্তর্ম্বকার ছাপ লেখার মধ্যে স্কুম্পষ্ট।

Who is Prabodhananda

#### প্রবোধানন্দের পরিচয়

শ্রীচৈতত্যচন্দ্রামৃতের রচয়িতার নাম প্রবোধানন্দ সরস্বতী বলিয়া প্রসিদ্ধ।
কিন্তু এই প্রবোধানন্দের সবিশেষ পরিচয় নির্ণয় করা ত্রুহ। কাব্যথানি যে
১৫৭৬ খ্রীষ্টান্দের পূর্বের রচিত সে বিষয়ে সন্দেহ নাই; কেন-না কবিকর্ণপূর
গৌরগণোন্দেশদীপিকায় লিথিয়াছেন—

তুঙ্গবিদ্যা ব্রজে যাসীৎ সর্ব্যশাস্ত্রবিশারদা। সা প্রবোধানন্দযভিগৌ রোদ্যান্দরস্বতী॥—১৬৩

অর্থাৎ ব্রজে যিনি সর্ক্রশাস্থবিশারদা তৃত্ববিভা ছিলেন, তিনি গৌরোদগান সরস্বতী প্রবোধানন্দ যতি।

আমি শ্রীজীব গোস্বামীর রচিত বলিয়া কথিত যে সংস্কৃত বৈষ্ণববন্দন। পাইয়াছি, তাহাতে আছে— প্রবোধানন্দরস্বতীং বন্দে বিমলাং যয়া মুদা। চক্রামৃতং রচিতং যংশিয়ো গোপালভট্ট:॥

দেবকীনন্দন সেনের বৈষ্ণববন্দনায় আছে-

প্রবোধানন্দ গোসাঞি বন্দৌ করিয়া যতন। যে কবিল মহাপ্রভুর গুণের বর্ণন।

দ্বিতীয় বুন্দাবনদাদ "বৈষ্ণববন্দনা"য় লিথিয়াছেন—

বন্দো করিয়া ভক্তি প্রবোধানন্দ সরস্বতী পরম মহত্ত গুণধাম।

পুস্তক যাঁহার কৃত <u>শীচৈতগ্যচন্দ্রামৃত</u> এই পুথি ভক্ত-ধন-প্রাণ॥

অত্যস্ত বিশায়ের বিষয় এই যে প্রবোধানন্দের নাম শ্রীপাদ কৃষ্ণদাস কবিরাজের শ্রীচৈততাচরিতামূতের দশম পরিচ্ছেদে শ্রীচৈততাের শাথাবর্ণনার মধ্যে নাই। গোপালভট্ট নিজে "ভগবদ্ধজিবিলাদ" গ্রন্থের মঙ্গলাচরণে লিখিয়াছেন যে তিনি প্রবোধানন্দের শিয়া। এই পরিচয় সত্তেও রঞ্চাস কবিরাজ প্রবোধানন্দের নাম কেন যে উল্লেখ করিলেন না তাহা অমুসন্ধেয়।

১ বরাহনগরের পুথিতে পাঠান্তর 'বিমলয়া মূদা'

ভক্তবিলাসাংশিকুতে প্রবোধা-ર নন্দপ্ত শিষ্যো ভগবংপ্রিয়প্ত। গোপালভটো রঘুনাগদাসং সংস্থাবয়ন রূপসনাতনো চ॥

সমাতন গোম্বামী এই শ্লোকের টীকায় লিথিয়াছেন—"ভগবং প্রিয়স্তেতি বছব্রীহিণা তৎপুক্ষেণ বা সমাসেন তক্ত মাহামাজাতং অভিপাদিতম্। এবং তড়িহাসা শ্রীগোপালভট্টকাপি তাদুক্ বোদবাম।" অনুরাগবল্লীতে মনোহর দাস ঐ টীকার বাঙ্গালা ব্যাথ্যায় লিথিয়াছেন-

> গ্রন্থকর্ত্তা নাম শ্রীগোপ ভট্ট কয়। ভগবান্ শব্দে কহে শ্রীকৃকচৈতগ্র। শ্ৰীরাপসনাতন-কৃত-গ্রন্থতয়। मर्केज क्रगवर भस कंब्रदा लिथन।

প্রবোধানন্দের শিক্ষ তাহাতেই হয়। সে প্রবোধানন্দ বা কাহার শিশ্ব হয়। ভগবানের প্রিয় ইহা জানিহ নিশ্চয় ॥ তাহার করুণা-পাত্র অতএব ধ্যা 🛭 তাতে যে স্থানে প্রয়োগ মহাপ্রভুর হয়। শ্বরং ভগবান্ জানি 🔊 কৃষ্টেত্য 🛚 । সেবিষেম গোপাল ভট্ট কায়বাকামনে তে কারণে মহাপ্রভুর কুপার ভাজনে।

শ্রীচৈতত্যের তিরোভাবের দেড় শত বংসরের অধিককাল পরে লেখা তুইখানি বান্ধালা বইয়ে এক প্রবোধানন্দের পরিচয় আছে। মনোহরদাস "অমুরাগবল্লী"তে লিখিয়াছেন যে ত্রিমল্ল ও বেশ্বট ভট্টের কনিষ্ঠ প্রাতার নাম প্রবোধানন্দ। তিনিই গোপাল ভট্টের পূর্বাগুরু। মনোহরদাসের মতে এই গুরু দীক্ষাগুরু নহেন—শিক্ষাগুরু মাত্র; যথা—

অধ্যয়ন উপনয়ন যোগ্য আচরণে।
পূর্দ্বেতে সকল শিক্ষা পিতৃব্যের স্থানে॥
তারপরে মহাপ্রভুর চরণ-দর্শন।
সভারি হইল পূর্ব্ব করিল লিখন॥
অত্যাদরে বিভাগ্তিফ লিখেন জানিকা।
যংকিঞ্চিং সম্বন্ধ অধিক মানিকা॥

-- अञ्जागवली, भृ. 8

উক্ত গ্রন্থকার বলেন যে শ্রীমন্মহাপ্রভু ত্রিমন্ন ভট্টের গৃহ হইতে বিদায় লইবার কিছুকাল পরে ভট্টগোষ্ঠা তীর্থভ্রমণে বাহির হয়েন। তারপর তাঁহারা পুরীধামে আসিয়া শ্রীচৈতত্যের চরণপ্রাস্তে পতিত হয়েন। মহাপ্রভু গৃহে প্রত্যাবর্তন করিয়া তাঁহাদিগকে ভজন-সাধন করিতে উপদেশ দেন।

ক্রমে ক্রমে তিন ভাইয়ের সিদ্ধিপ্রাপ্তি হৈল।
তা সভার ঘরনা অগ্রপশ্চাং পাইল॥
সর্ব্ব সমাধান করি উদাসীন হঞা।
বুনাবনে আইলেন প্রেমে মত্ত হঞা॥—অহুরাগবল্লী, পৃ. ৭

এই বিবরণ হইতে বৃঝা যায় যে প্রবোধানন্দের পরলোকগমনের পর গোপাল-ভট্ট বৃন্দাবনে বাস করিতে আরম্ভ করেন।

ইহাতে প্রবোধানন্দ প্রভূপার্ঘদ হয়। তেমতি গোপাল ভট জানিহ নিশ্চয়।

অপি শব্দের অর্থ এই ত নির্দ্ধার। সনাতন-মুখোদিত সিদ্ধান্তের সার।

প্রবোধানন্দ প্রভূর প্রিয়পার্ঘদ বলিয়া স্বীকৃত হইলেও কৃঞ্দাস কবিরাজ তাঁহার নাম একবারও
করিলেন না কেন ?

"ভক্তিরত্নাকর"ও বলেন যে প্রবোধানন্দ গোপাল-ভট্টের পিতৃব্য ও শিক্ষাগুরু। তিনি শ্রীচৈতত্তের অতিশয় প্রিয়পাত্র ছিলেন; যথা—

কেহ কহে শ্রীপ্রবোধানন্দ যত্ন কৈল।
অল্পকাল হৈতে অধ্যয়ন করাইল॥
পিতৃব্য-ক্রপায় সর্কাশাল্পে হৈল জ্ঞান।
গোপালের সম এথা নাই বিভাবান্॥
কেহ কহে প্রবোধানন্দের গুণ অতি।
সর্কাত্র হইল যার খ্যাতি সরস্বতী॥
পূর্ণব্রন্ধ শ্রীকৃষণ্টেতিক্য ভগবান্।
ভার প্রিয় তা বিনা স্বপনে নাহি আন॥—পৃ. ১১

শ্রীচৈতত্ত্বের সহিত মিলনের পর প্রবোধানন্দের কি হইল তাহ। আর নরহরি চক্রবর্ত্তী বর্ণনা করেন নাই। "অমুরাগবল্লী" ও "ভক্তিরত্বাকরের" বর্ণনা পাঠ করিয়া মনে হয় প্রবোধানল-সম্বন্ধে একটি গুরুতর সমস্তা অমীমাংসিত বহিয়া যাইতেছে। - শ্রীচৈত্তা ত্রিমল ভট্টের গৃহে প্রবোধানন্দকে কুপা করিয়া-ছিলেন। সে সময়ে তিনি নিশ্চয়ই গৃহী ছিলেন, কেন-না সন্ন্যাসী হইয়া ভাইয়েদের সহিত এক বাড়ীতে বাস করা নিয়ম নহে। তারপর "অফুরাগবল্লী" ত্রিমল্লাদি তিন ভাইয়ের তিন ঘরনীরও উল্লেখ করিয়াছেন। তৎপরে কোন সময়ে হয়ত তিনি "সরস্বতী"-সম্প্রদায়ভুক্ত সন্নাদী হইয়াছিলেন। রামচক্র, পরমানন্দ, দামোদর, স্থানন্দ, গোবিন্দানন্দ, ব্রহ্মানন্দ প্রভৃতি পুরী, নরসিংহ, পুরুষোত্তম, রঘুনাথ প্রভৃতি তীর্থ ও সত্যাননাদি ভারতী, দশনামী সন্নাসি-সম্প্রদায়ভুক্ত হইবার পর এটিচতত্তের রূপা লাভ করিয়াছিলেন। কিন্তু এটিচতত্তের প্রিয়পাত্র হইবার পর রূপ-সনাতন প্রভৃতির স্থায় গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ে যোগ না দিয়া প্রবোধানন্দ সরস্বতী-সম্প্রদায়ে যোগ দিবেন কেন ? "প্রীচৈতভাচন্দ্রামৃত" গ্রন্থ পাঠ করিয়া ধারণা জন্মে যে শ্রীচৈতক্তের চরণাশ্রয় গ্রহণ করিবার পূর্বের প্রবোধানন্দ "মায়াবাদী" ছিলেন। তিনি উক্ত গ্রন্থের ১৯ সংখ্যক শ্লোকে বলিয়াছেন—"যে পর্যাম্ভ ঐতিচততার চরণকমলের প্রিয় ভক্তজন দৃষ্টিগোচর না হয়েন, সেই পর্যান্তই ব্রহ্মকথা ও মুক্তিমার্গ তিক্ত বোধ হয় না, সেই পর্যান্তই लाक म्याना ७ तक म्यान विमुख्य ताथ रम्र मा, धवः त्मरे भर्या छ रे विद्यन-মার্গ-পতিত বেদাস্তাদি শাস্তজ্ঞদিগের পরস্পার কলহ হইবার সম্ভাবনা।"

৩২ স্নোকে তিনি ব্রহ্মজ্ঞানলাভে উৎফুল্লম্থ জড়মতি ব্যক্তিদিগকে ধিকার দিয়াছেন—"ধিগন্ত ব্রহ্মাহং-বদনপরিফুল্লান্ জড়মতীন্॥" ৪২ শ্লোকে তিনি লিখিয়াছেন যে শ্রীচৈতত্যের বিবিধ ভাববিকার ও লীলাকটাক্ষ দর্শন করিয়া সকল লোকের মনে মোকাদির তুচ্ছতাবোধক প্রেমানন্দ উৎপন্ন হয়।

যদি অমুমান করা বায় যে প্রবোধানন্দ শ্রীচৈতন্তের সহিত সাক্ষাৎকারের পূর্ব্বে অবৈত-বেদান্তচর্চায় নিমগ্ন জ্ঞানী গৃহস্থ ছিলেন, তাহা হইলেও মহাপ্রভুক্ত রূপা পাইবার পর তিনি সরস্বতী-সম্প্রদায়ভুক্ত সন্মাসী হইবেন ইহা কল্পনা করা কঠিন। সেইজত্য সিদ্ধান্ত করিতে হয় যে শ্রীচৈতত্তের শ্রীচরণদর্শন করিবার পূর্ব্বেই তিনি সন্মাস অবলম্বন করিয়াছিলেন ও পরে স্বরূপ-দামোদরের ত্যায় গৌরপ্রেমসিন্ধৃতে নিমজ্জিত হইয়াছিলেন। এই সিদ্ধান্ত যদি যুক্তিসহ বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে শ্রীচৈতত্তের তিরোভাবের ১৬০ বৎসর পরের লেখা "অমুরাগবল্লী"র বিবরণ লান্ত বলিতে হয়। মোটের উপর "ভক্তিরত্বাকর" ও "অমুরাগবল্লী" হইতে প্রবোধানন্দের জীবনচরিত-সম্বন্ধে সঠিক বিবরণ পাওয়া গেল না।

অনেকে মনে করেন শ্রীচৈতত্তের ক্পালাভের পূর্ব্বে প্রবোধানদের নাম ছিল প্রকাশানদ এবং শ্রীচৈতত্তই তাঁহাকে প্রবোধানদ নামে অভিহিত করেন। কিন্তু এরূপ ধারণার সমর্থক কোন উক্তি আমি কোন সমসাময়িক বা প্রামাণিক বৈষ্ণবগ্রন্থে পাইলাম না। শ্রীপাদ ক্বন্ধণাস কবিরাজ প্রকাশানদের কথা শ্রীচৈতত্তচরিতামৃতের আদি লীলার সপ্তম পরিচ্ছেদে ও মধ্য লীলার সপ্তদেশ ও পঞ্চবিংশ পরিচ্ছেদে লিখিয়াছেন, কিন্তু কোথাও প্রকাশানদের নাম প্রবোধানদ হইল এরূপ উক্তি করেন নাই। আরও আশ্চর্যের বিষয় এই যে শ্রীচৈতত্ত্বচিরতামৃতের কোথাও "শ্রীচৈতত্তচন্দ্রামৃতের" একটি শ্লোকও উদ্ধৃত হয় নাই। প্রকাশানদেই যদি প্রবোধানদ হইতেন তাহা হইলে প্রকাশানদের ভক্তিভাব দেখাইবার জন্ত ক্বন্ধণেদ কবিরাজ গোস্বামী "চন্দ্রামৃতের" অন্ততঃ ত্ই-একটি শ্লোক উদ্ধৃত করিতেন।

#### শ্রীচৈতন্য ও প্রবোধানন্দ

"এটিচতত্যচন্দ্রামৃতের" আভ্যন্তরীণ প্রমাণ হইতে জান। যায় যে প্রবোধানন্দ নীলাচলে আসিয়া প্রিটেডত্তের প্রীচরণদর্শন করিয়াছিলেন। তিনি ৭৯ শ্লোকে লিখিয়াছেন—"যিনি যমুনাতীরবর্তী স্থরম্য বৃন্দাবন পরিত্যাগ করিয়া লবণ- সমৃদ্দ্রের তীরস্থ পূপাবাটিকায় গমন করিয়াছেন, যিনি পীতবদন পরিত্যাগ করিয়া রক্তবদন ধারণ করিয়াছেন এবং যিনি নিজ ইন্দ্রনীলমণি-বিড়ম্বিনী কান্তি পরিত্যাগ করিয়া গৌরকান্তি ধারণ করিয়াছেন, দেই শ্রীগৌরহরিই আমার গতি।" ৮৬ শ্লোকেও "সন্মাদিকপটং নটন্তং গৌরাঙ্গং নিজরদমদাদম্বিতটে" বলিয়াছেন। লবণসমৃদ্রের তটে নর্ত্তনশীল শ্রীচৈততাকে ১২৯ ও ১৩১ শ্লোকেও শ্বরণ করা হইয়াছে। ১৩৫ ও ১৩৬ সংখ্যক শ্লোক তৃইটি পাঠ করিলে সন্দেহ থাকে না যে লেখক স্বয়ং শ্রীচৈততাকে দর্শন করিয়া তাঁহার রূপ-বর্ণনা করিয়াছেন। শ্লোক তৃইটির বাংলা অনুবাদ দিতেছি—

"বয়ং শ্রীকৃষ্ণ গৌরাঙ্গ হইয়া সমুদ্রতীরে উপবেশনপূর্ব্যক, করতলে বদরফলের আয় পাতৃবর্গ কপোলদেশ অর্পণ করিয়া, নয়নজলে স্মুখস্থ ভূমি পদ্ধিল করিতেছেন এবং মনোহর অরুণ-বসন পরিধান করিয়া শ্রীরাধার পাদপদ্মে রতি বিস্তার করিতেছেন।" "যিনি পদধ্বনিতে দিক্সকল মুখরিত, নয়নবারি-ধারায় পৃথীতল পদ্ধিল এবং অট অট হাস্তপ্রকাশে নভোমতল ভ্রুবর্গ করিতেছেন, সেই চক্রকান্তি শ্রীগোরদের কটিতটে আলম্বমান রক্তবসনে স্থাভিত হইয়া সমুদ্র-ভীরবন্ত্রী পুশোছানে নৃত্য করিতেছেন।"

প্রবোধানন্দ নীলাচলে প্রীচৈতত্যের সহিত কতিপর শ্রেষ্ঠ ভক্তকেও নৃত্য করিতে দেখিয়াছিলেন। ২৭ শ্লোকে অদৈতের ও ৪৪ শ্লোকে ব্রেশ্বরের নাম উল্লিখিত হইয়াছে। এই-সব ভক্তের দর্শনলাভ করিয়াছিলেন বলিয়াই তিনি প্রীচৈতত্যভক্তমহিমা" ও "প্রীচেতত্যভক্তনিন্দা" নামক প্রকরণ আবেগভরে লিখিতে পারিয়াছিলেন। গৌরভক্তগণের চরিত্রের মাধুর্ঘ তিনি একটি শ্লোকে অতি স্থলররূপে বর্ণনা করিয়াছেন; যথা—

তৃণাদপি চ নীচত। সহজসৌম্য-মৃঞ্চাকৃতিঃ
স্থামধুরভাষিতা বিষয়গন্ধ-থৃথুংকৃতিঃ।
হরিপ্রণয়বিহ্বলা কিমপি ধীরনালম্বিতা
ভবস্তি কিল সদ্গুণা জগত গৌরভাজামুমী ॥—২৪ শ্লোক

প্রবোধানন্দ নীলাচলে শ্রীচৈততা ও তাঁহার ভক্তগণকে দর্শন করিলেও, শ্রীচৈতত্তের তিরোভাবের কিছুদিন পরে "শ্রীচৈততাচন্দ্রামৃত" লেখেন। অমুমান হয় শ্রীচৈতত্তের তিরোভাবের পাঁচ বংসরের মধ্যে ঐ গ্রন্থ রচিত হইয়াছিল; কেন-না ৩৮ শ্লোকে প্রবোধানন্দ লিখিতেছেন— "হা ঐতিচতন্ত। কোথায় গমন করিলে ? তোমার সেই নির্মল পরোমজ্জল-রস ভক্তিমার্গ আর কোন স্থানে দৃষ্ট হইতেছে না; বরং কোন সম্প্রদায়ে কর্মজড়তা, কোন সম্প্রদায়ে জপ-তপ-যোগাদি, কোন সম্প্রদায়ে ঐতিগাবিন্দার্চনে বিকার, কোন স্থানে বা জ্ঞান-বিষয়ে অভিমান এবং কোথাও বা পরমোজ্জল ভক্তি বালাত্রে অবস্থান করিতেছেন এরপ দেখিতে পাওয়া যায়।" এইরপ উক্তি সেই সময়েই করা সম্ভব যথন ঐতিচতন্তের তিরোভাবের অল্প দিন পরে অন্তর্ম ভক্তগণও লোকান্তরিত হইয়াছেন, অথচ গৌড়মওলে বা ব্রজ্মওলে সাধকমওলী সজ্ববদ্ধ হইয়া শক্তিশালী হইতে পারেন নাই।

শ্রীচৈতগ্যচন্দ্রমৃত" হইতে শ্রীচৈতগ্যের অপরূপ ভাবমাধুর্য্যের আস্থাদন পাওয়া যায়। ১০ শ্লোকে তাঁহার নৃত্যাবেশে হরিসন্ধীর্তনের, ১৪ শ্লোকে নবীন মেঘ, ময়ুরপুচ্ছ ও গুল্পাবলী-দর্শনে ব্যাকুল হওয়ার, ১৬ শ্লোকে কটিভোরগ্রন্থি বন্ধনপূর্বক সংখ্যা-গণনা-ঘারা নাম-জপ ও নয়নজলে সিক্ত হইয়া জগল্লাথদর্শন করার, ৩৮ শ্লোকে হরেরুফ নাম করিতে করিতে বিবশ ও শ্বলিতগাত্র হওয়ার, ৬৯ শ্লোকে দামনক-পুপ্পের মালা ধারণ করার, এবং ৭ শ্লোকে অশ্রু ও রোমাঞ্চ-ঘারা শোভিত মনোহর রূপের কথা বণিত হইয়াছে। শ্রীচৈতগ্রের ভাববিকাশের প্রত্যক্ষদশীর বর্ণনা-হিসাবে উক্ত শ্লোকগুলির ঐতিহাসিক মূল্য খুব বেশী।

শ্রীচৈতক্য কিভাবে প্রেমভক্তি প্রচার করিতেন তাহারও ইঙ্গিত প্রবোধানন্দ দিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু যুক্তিতর্কের আশ্রয় গ্রহণ করিয়া বিমৃথ জনকে ভক্তিপথে আনয়ন করিতেছেন এরপ বর্ণনা কোথাও "শ্রীচৈতক্যচন্দ্রামৃতে" নাই। প্রবোধানন্দ বলেন—

> দৃষ্টঃ স্পৃষ্টঃ কীত্তিতঃ সংস্কৃতো বা দ্রস্থৈরপ্যানতো বাদৃতো বা। প্রেম্ণঃ সারং দাতুমীশো য একঃ শ্রীচৈতত্তং নৌমি দেবং দয়ালুম্॥

অর্থাং যিনি একমাত্র দৃষ্ট, স্পৃষ্ট, কীর্ত্তিত বা স্মরণের বিষয়ীভূত হইলে বা দ্রস্থ ব্যক্তিগণ কর্ত্ক নমস্কৃত বা বহুমানিত হইলে প্রেমের গৃঢ় তত্ত প্রকাশ করেন, সেই দয়ালুদেব শীচৈতক্তকে নমস্কার করি।

প্রবোধানন পূর্বে মায়াবাদী দল্লাদী ছিলেন; আর শ্রীগোরাকের

ক্বপাপ্রাপ্তির পর তিনি একেবারে গৌরপ্রেমিসিক্ত নিমজ্জিত হইয়াছিলেন।
৬০ শ্লোকে তিনি লিথিয়াছেন যে গৌরমূর্ত্তি কোন চোর তাঁহার নিষ্ঠাপ্রাপ্ত
লৌকিক ও বৈদিক ব্যবহারকে হরণ করিয়াছে, কীর্ত্তনে ও নর্ত্তনে লজ্জাকে
দুর করিয়াছে এবং প্রাণ ও দেহাদির কারণস্বরূপ ধর্মকেও অপহরণ

Prabodhananda worshipped Sri Chaitanya as GOD
করিয়াছে। প্রবোধানন্দ শ্রীটেততাকে 'স্বয়ং ভগবান্'-রূপে উপাসনা করিতেন।'
শ্রীরাধারসস্থানিধি"-নামক কাব্যে প্রবোধানন্দ মঙ্গলাচরণে গৌরচজ্রকে
নমস্কার করিয়াছেন এবং শেষে লিথিয়াছেন—

শ জয়তি গৌরপয়োধির্মায়াবাদার্বাতাপসস্তপ্তম। হয়ত উদশীতলয়দ্—যো রাধারসম্বধানিধিনা॥

প্রবোধানন্দ সহপ্রশ্লোকে "শ্রীরন্দাবনমহিমায়তম্" রচনা করেন। তাহার প্রারম্ভে এবং ৫।১০০ শ্লোকে শ্রীচৈতত্তের বন্দনা করিয়াছেন। তাঁহার "সঞ্চীতমাধ্ব" গীতিকাব্যের শেষে আছে —

> অস্ত্রোথৈর করন্দ বিন্দু নিবহৈ নিঃ শু দি ভিঃ স্থ নরং নেত্রেন্দীব্রমাদধং স্থপুলকোংকম্পঞ্চ বিভ্রদ্বপ্তঃ। বাচশ্চাপি সগদ্গদা হরিহরীত্যান দিনী ক্রদ্গিরন্ প্রেমানন্দরসোংসবং দিশতু বোদেবঃ শচীনন্দনঃ।

> > Gour Paramyavad

#### গোর-পারম্যবাদ

তিনি শ্রীকৃষ্ণ ও শ্রীচৈতগ্যকে এক অভিন্ন তত্ত্বরূপে জানিয়াছিলেন। তথাপি শ্রীকৃষ্ণকে উপাসনা করা অপেক্ষা শ্রীচৈতগ্যকে উপাসনা করিয়া তিনি অধিকতর আনন্দ পাইতেন। তিনি ৫৮ শ্রোকে লিথিয়াছেন—

"যদি কোন মুরাবিভক্ত শ্রীক্ষের শ্রবণ-কীর্তনাদি নববিধ সাধনভক্তি-ছারা পরমপুরুষার্থ প্রেম সাধন করেন, তবে মঙ্গল বটে, তিনি তাহা সাধন করুন; কিন্তু আমার পক্ষে অপার-প্রেমস্থাসির্কু-স্বরূপ শ্রীগৌরহরির ভক্তিরসে ধে অতিরহস্ত প্রেমবন্ত আছে তাহাই আদরের সহিত ভদ্ধনীয়।"

ইহাই গৌর-পারম্যবাদ। নরহরি সরকার ও শিবানন্দ সেন এই পথেরই পথিক। প্রবোধানন্দ এইরূপ মতবাদ পোষণ করিতেন বলিয়াই কি, শ্রীপাদ

১ জীচৈতন্যচন্দ্রামৃত, ৩৭, ৪১ ও ১৪১ জোক

কৃষ্ণদাস কবিরাজ "শ্রীচৈততাচরিতামৃতে" তাঁহার নাম উল্লেখ বা তাঁহার গ্রন্থের কোন শ্লোক উদ্ধার করেন নাই ?

বৃন্দাবনদাস ঠাকুর লিখিয়াছেন—

অতএব যত মহামহিম দকলে। "গৌরাঙ্গ-নাগর" হেন স্তব নাহি বোলে॥—চৈ. ভা., পৃ. ১১০

কিন্তু প্রবোধানন্দ ১৩২ শ্লোকে "গৌরনাগরবর"কে ধ্যান করিয়াছেন। এই ধ্যানের মৃর্ত্তির সহিত নীলাচলবাদী সন্ন্যাসী প্রীচৈতন্তের কোন সাদৃশ্য নাই।

> কো২য়ং পট্রধটীবিরাজিতকটীদেশঃ করে কন্ধণং হারং বক্ষসি কুণ্ডলং শ্রবণয়োর্বিভ্রৎ পদে নৃপুরম্। উদ্ধীকৃত্য নিবদ্ধ কুন্তলভর-প্রোৎফুল্লমল্লীস্রগা-পীড়ঃ ক্রীড়তি গৌরনাগরবরো নৃত্যন্ধিজনামভিঃ॥

অর্থাৎ যিনি কটিদেশে পট্রস্থা, করে কন্ধণ, বক্ষঃস্থলে হারা, কর্ণদ্বয়ে কুণ্ডল, চরণে নৃপুর, উদ্ধীকৃত নিবদ্ধ কেশসমূহে প্রফুল্ল মল্লিকামালা ধারণ করিয়াছেন, সেই কোন নাগরবর শ্রীগোরহরি নিজনাম কীর্ত্তনসহকারে নৃত্য করিতে করিতে ক্রীড়া করিতেছেন।

In the house of Mahaprabhu at Nabadwip the Gour-nagar image is worshiped

নরহরি সরকার ও লোচনের উপাসনা-প্রণালীর সহিত এই ভাবের সম্পূর্ণ সাদৃশ্য রহিয়াছে। আরও লক্ষ্য করিবার বিষয় এই যে, নবদ্বীপে "মহাপ্রভূর বাড়ীতে" প্রবোধানন্দ-বর্ণিত মৃত্তিই পূজিত হইতেছেন। প্রবোধানন্দ "গৌরনাগর"-মৃত্তি ধ্যাম করিয়াছেন বলিয়াই কি, ক্লফ্লাস কবিরাজ শুনিচৈতন্ত্র-চরিতামতে" "চক্রামতের" কোন শ্লোক উদ্ধার করেন নাই ? Chapter 7 Sri Chaitanya Bhagavat Who is the writer of Sri Chaitanya Bhagavat

## **শ্রী**টেতগুভাগবত

## শ্রীচৈতগ্রভাগবতের লেখকের পরিচয়

বালাবার বৈষ্ণবদ্যাকে "এটিচতগুভাগবত" অপেক্ষা অধিকতর জনপ্রিয় ও আদরণীয় গ্রন্থ আর নাই। "এটিচতগুচরিতামৃত" পণ্ডিতের গ্রন্থ— আপামর জনসাধারণের নহে। এপাদ বৃন্দাবনদাস ঠাকুর সহজ ও সরল ভাষায় এটিচতগু ও নিত্যানন্দের লীলা বর্ণনা করিয়াছেন। তাঁহার রচনা প্রগাঢ় প্রেমভক্তির দারা অন্ধ্রপাণিত এবং সেইজগুই হৃদয়গ্রাহী। "এটিচতগুভাগবতের" যত অধিক সংগ্যক হাতেলেখা পৃথি পাওয়া যায়, এত আর অন্থ কোন বৈষ্ণবগ্রন্থের পাওয়া যায় না।

এরপ জনপ্রিয় গ্রন্থের গ্রন্থকার-সহন্ধে আমর। কিছুই জানি না বলিলে অত্যুক্তি হয় না। প্রাচীন বৈশ্বনাহিত্যের অনেক লেথক গ্রন্থমধ্যে নিজের বংশপরিচয় ও বাসন্থানের বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। বৈশ্বনগ্রন্থকারদের মধ্যে কবিকর্ণপূর, জয়ানন্দ, লোচন প্রভৃতি নিজের নিজের পরিচয় দিয়াছেন। কিন্তু ইহারা সকলেই ছিলেন গৃহী। রূপ, সনাতন, রঘুনাথদাস, গোপাল ভট্ট, রুম্ফদাস কবিরাজ প্রভৃতি গার্হয়াশ্রম ত্যাগ করিয়াছিলেন বলিয়া নিজেদের কোন পরিচয় দেন নাই। অবশ্য শ্রীজীব গোস্বামী রূপস্কাভনের বংশ-বিবরণ লিথিয়াছেন; কিন্তু তাহা গুরুর গৌরবরৃদ্ধির জন্ম, নিজের মহিমা ঘোষণার জন্ম নহে। বৃন্দাবনদাস যে নিজের কোন লৌকিক পরিচয় দেন নাই, বৈরাগ্য-অবলহন তাহার কারণ হইতে পারে।

তিনি বছ স্থলে নারায়ণীর কথা লিথিয়াছেন; যথা ১।১।১১, ২।১০।১৪০, ৬।৬।৪৭৫। কিন্তু একবার মাত্র বলিয়াছেন যে

> সর্বশেষ ভূত্য তান বৃন্দাবনদাস। অবশেষ পাত্র নারায়ণী-গর্ভজাত ॥—৩।৬।৪৭৫

১ প্রভূপাদ অভুলকৃষ্ণ গোহামি-সম্পাদিত দিতীয় সংকরণ। পরের পৃষ্ঠাক্ষণ্ডলিও ঐ সংকরণ

হইতে দেওয়া হইবে।

4

শ্রীচেতন্তের ক্বপাপাত্রী নারায়ণীর পুত্র বলিয়া নিজেকে পরিচিত করা, আর লোকিক জীবনের পরিচয় প্রদান করা এক কথা নহে। কবির মনে নিজের লোকিক পরিচয় দিবার বিন্দুমাত্র ইচ্ছা থাকিলে অস্ততঃ তিনি নিজের মাতামহের নাম করিতেন। তিনি শুধু নারায়ণীকে শ্রীবাদের প্রাত্ত্রতা বলিয়াছেন (২।২০।১৭০); কিন্তু কোন্ লাতার কল্যা, তাহা লেখেন নাই। কবিকর্ণপূর বলেন যে শ্রীবাদের চার ভাই এবং চারজনকেই মহাপ্রভু ক্বপা করিয়াছিলেন (শ্রীচেতন্তাচরিতামৃত মহাকাব্য, ৫।২০)। বৃন্দাবনদাস শুধু শ্রীবাদ ও শ্রীরামের কথা লিথিয়াছেন—কবিকর্ণপূর শ্রীপতি নামে আর এক ভাইয়ের বিবরণ দিয়াছেন (ঐ ৫।২২)। অম্বিকাচরণ ব্রন্দারী মহাশয় লিথিয়াছেন যে নারায়ণী শ্রীবাদ ঠাকুরের ল্রাতা শ্রীনিবাদ আচার্য্যের কল্যা" (বঙ্করয়, ছিতীয় ভাগ)। কিন্তু বৃন্দাবনদাস বলেন—শ্রীবাদ ও শ্রীনিবাদ একই ব্যক্তির নাম; যথা—

প্রভূ বোলে শুন শুন শ্রীবাদ পণ্ডিত॥
আমি নিত্যানন্দ হই নন্দন তোমার।
শ্রীনিবাদ-চরণে রহুক নমস্কার॥
গৌরচন্দ নিত্যানন্দ নন্দন যাহার॥

—हें छा., श्रश्राव

অতএব শ্বরণ করা প্রয়োজন যে, শ্রীনিবাদ-নামের সহিত যথন আচার্য্য-উপাধি যোগ করা হয় তথন গোপাল ভট্টের শিশ্ব, নরোত্তম ঠাকুরের সমকালীন যাজিগ্রামের শ্রীনিবাদ আচার্য্যকে বৃঝায়। শ্রীযুক্ত স্কুমার দেন বলেন যে শ্রীবাদ পণ্ডিতের অহ্যতম প্রাভা শ্রীরামের কন্যা নারায়ণী (বল্পশ্রী, আশ্বিন ১০৪১, পৃ. ৩২৬)। এই উক্তির পোষক কোন প্রমাণ নাই, বরং স্কুমারবার্ যে প্রেমবিলাদের ১৯শ বিলাদের মত এই উক্তির অব্যবহিত পূর্ব্বে মানিয়া লইয়াছেন, তাহাতে নলিন পণ্ডিত নাম আছে। "প্রেমবিলাদের" ত্রয়োবিংশ বিলাদে আছে—শ্রীবাদ, শ্রীরাম, শ্রীপতি ও শ্রীকান্ত এই চার ভাই। নারায়ণী শ্রীবাদের মৃত জ্যেষ্ঠ প্রাভা নলিন পণ্ডিতের কন্যা (প্রেমবিলাদ, পৃ. ২২১-২, যশোদানন্দন ভালুকদারের সংস্করণ)। প্রভূপাদ অতুলকৃষ্ণ গোস্বামী ভক্তিবর্ত্বাকর ও নরোত্ত্য-বিলাদের মত গ্রহণ করিয়া বলেন যে শ্রীবাদের আর তিনজন ভাইত্বের নাম শ্রীরাম, শ্রীপতি ও শ্রীনিধি। শ্রীনিধি নাম হইতে বুঝা যায় যে

গোষামী মহাশয় প্রেমবিলাদের বিবরণ বিখাস করেন নাই। বস্তুতঃ নারায়ণী শ্রীবাসের কোন্ প্রতার কলা, তাহা জানিবার উপায় নাই। শ্রীবাসের সকল শ্রাতাই যথন মহাপ্রভুর ক্রপাপাত্র ছিলেন, তথন বৃন্ধাবনদাস মাতামহের নাম উল্লেখ করিলেন না কেন ?

বৃন্দানদাস যে বিধবার গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা জগদন্ধ ভদ্র (গৌরপদতরন্ধিনী, প্রথম সংস্করণ—উপক্রমণিকা, পৃ. ১২৮), অফিকাচরণ বন্ধচারী (বঙ্গরত্ব, দিতীয় ভাগ) ও ডাঃ দীনেশচন্দ্র সেন (বঙ্গভাষা ও সাহিত্য, ৫ম সং, পৃ. ৩১২) স্বীকার করিয়াছেন। কিন্তু "প্রেমবিলাসের" ত্রয়োবিংশ বিলাসের মতে—

বৃন্দাবনদাস যবে আছিলেন গর্ভে। তাঁর পিতা বৈকুপদাস চলি গেল স্বর্গে॥—পৃ. ২২২

"প্রেমবিলাদের" এই অংশ প্রক্রিপ্র—আধুনিকী সংযোজনা মাত্র। অতুলক্ক গোসামী মহাশয় প্রেমবিলাসে প্রদত্ত বুন্দাবনদাসের কাহিনী বিশাস না করিলেও উদ্ধৃত্ মত স্বীকার করিয়। লিথিয়াছেন যে "নারায়ণী গর্ভবতী হইলে তিনি বিধবা হন" ( চৈত্তভাগবত, পরিশিষ্ট, পু. ৪৪ )। মুণালকাঞ্জি ঘোষ মহাশয় গোসামী মহাশয়ের এই মত মানিয়া লইয়াছেন ( গৌরপদ্তর্ঞ্গী, ২য় সং, ভূমিকা, পু. ২১৬)। শ্রীবাদের ভাতৃতনয়া, মহাপ্রভুর সাক্ষাৎ কুপাপাত্রী নারায়ণী দেবী বিধবা অবস্থায় গর্ভবতী হইয়াছিলেন, এ কথা মানিয়া লইতে বৈষ্ণব লেখকগণের মনে কট হয়, তাই তাঁহার৷ প্রমাণ করিতে ব্যস্ত যে বৃন্দাবনদাস বৈধ বিবাহের ফলে জাত। অতুলক্ষ গোসামী মহাশয় লিখিয়াছেন—"যদি ঐ সকল প্রবাদ শুদ্ধ বৈষ্ণবগণের মধ্যে প্রচলিত থাকিত, ভাহা হইলে কোন না কোন মহাজনের গ্রন্থে অবখ্য উল্লিখিত হইত। হয়ত কোন সময়ে কোন তৃষ্টমতাবলম্বী ব্যক্তি বৈষ্ণব ধর্মের অমঙ্গলের চেষ্টায় ঐ সকল প্রবাদ সৃষ্টি করে এবং তংপরে অতত্ত বৈফ্রদিগের মধ্যে তাহা স্বীকৃত হইয়া পরম্পর কর্ণাকর্ণী হইয়া আদিতেছে।" কিন্তু প্রাচীন মহাজনের গ্রাছে যে নারায়ণীর বালবৈধব্যের কথা নাই, তাহা নহে। কবিকর্ণপুর ও বুলাবনদাসের মতে বিশ্বস্তর মিশ্র গ্রা হইতে প্রত্যাবর্তন করিয়া এক বৎসর সংসারাশ্রমে ছিলেন। বিশ্বস্তরের ২৩ বৎসর বয়সের সময়ে অর্থাৎ ১৪৩০ শক্তে শ্রীবাস-গৃহে নারায়ণী বিশ্বস্তবের প্রসাদ খাইয়া কাঁদিয়াছিলেন। বৃন্দাবনদাস বলেন, ঐ সময়ে নারায়ণীর বয়স চার বৎসর-

চারি বংসরের সেই উন্নত চরিত।
'হা কৃষ্ণ' বলিয়া কান্দে নাহিক সম্বিত॥—২।২।১৭০ এই ঘটনা-প্রসঙ্গে মুরারি গুপ্ত লিখিয়াছেন—

শ্রীবাসভাত্তনয়াভর্ত্কা মধুরছ্যতিঃ।
প্রাপ্য হরেঃ প্রসাদঞ্চ রৌতি নারায়ণী শুভা ॥—২।৭।২৬

অতুলক্ষণ গোস্বামী মহাশয় এই শ্লোক উদ্ধার করিবার সময়ে পাঠ লিথিয়াছেন—

> শ্রীবাসভাত্তনয়াহভাত্কা মধুরত্যতিঃ। হরেঃ প্রাপ্য প্রসাদঞ্চ রৌতি নারায়ণী শুভা॥ — চৈ. ভা., পরিশিষ্ট, পু. ৪৩

কোন মেয়ের পরিচয় দিতে হইলে তাহার স্বামী আছে কি না বলা, তাই আছে কি না বলা অপেকা অনেক বেশী প্রয়োজনীয়। সেইজন্ত মনে হয় অমৃতবাজার-কার্যালয়ের ছাপা বইয়ের "অভর্কা" পাঠই ঠিক। প্রাচীন পদক্র্তা উদ্ধবদাস লিথিয়াছেন—

প্রভুর চর্বিত পাণ স্লেহবশে কৈলা দান
নারায়ণী ঠাকুরাণী-হাতে।
শৈশবে বিধবা ধনী সাধ্বীসতী-শিরোমণি
সেবন করিল সে চর্বিতে॥

আমার মনে হয়, নারায়ণী শিশুকালে অর্থাৎ চার বংসর বয়সের পূর্বের বিধবা হইয়াছিলেন এবং যৌবনপ্রাপ্তির পর তাঁহার গর্ভ-সঞ্চার হইয়াছিল। প্রভুর প্রসাদ খাইয়া কাঁদিবার সময়ে নারায়ণীর বয়স যে মাত্র চার বংসর ছিল, রুদাবনদাস তাহা লিখিয়া গিয়াছেন; কিন্তু জগদ্ধ ভদ্র প্রভৃতি লেখকগণ তাহা লক্ষ্য না করিয়া ১৪২৭ শকে নারায়ণীর বয়স নয় দশ বংসর বলিয়া অহুমান করিয়াছেন (গৌরপদতর্ক্ষিণী, প্রথম সং, পৃ. ১২৮)।

নারায়ণীর কত বংদর বয়দে বৃন্দাবনদাদ জন্মগ্রহণ করেন, তাহা ঠিকভাবে জানিবার উপায় নাই। তবে বৃন্দাবনদাদের কয়েকটি ইঙ্গিতের সাহায্যে তাঁহার জন্মকাল-সম্বন্ধে একটা মোটাম্টি ধারণা করা যাইতে পারে। ১৪৩০ শকে যদি নারায়ণীর বয়দ চার বংদর হয়, তাহা হইলে ১৩।১৪ বংদর বয়দের
পূর্বের তাঁহার দন্তান-সম্ভাবনা হইতে পারে না; অর্থাং ১৪৪০ শক বা
১৫১৮ খ্রীটান্দের পূর্বের বৃন্দাবনদাদের জন্ম হয় নাই। ঐ সময়ে খ্রীচৈতক্ত
নীলাচলে অবস্থান করিতেছিলেন। বৃন্দাবনদাদ শ্রীচৈতক্তের নবদীপ-লীলা
বর্ণনা-প্রসক্ষে বারংবার বলিয়াছেন যে

হইল পাপিষ্ঠ জন্ম নহিল তথনে। হইয়াও বঞ্চিত সে-স্থুখ দুর্শনে ॥—১৮৮১

কবি এই উক্তি বিশ্বস্তবের অধ্যাপক-জীবনের সমাপ্তিকাল-বর্ণনা-উপলক্ষেও করিয়াছেন (২।১।১৫৫)। বৃন্দাবনদাস মধ্যথতে বিশ্বস্তবের গয়া হইতে প্রত্যাবর্ত্তন আরম্ভ করিয়া সন্ন্যাস-গ্রহণ পর্যান্ত ঘটনা বর্ণনা করিয়াছেন। এই সমস্ত ঘটনা এক বৎসরকাল মাত্র হইয়াছিল; যথা—

> মধ্যথণ্ড কথা ভাই শুন একচিত্তে। বংসরেক কীর্ত্তন করিলা যেই মতে॥—২।১।১৭১

কবিকর্ণপূরও বলেন যে পৌষ মাদের শেষে গয়া হইতে ফিরিয়া বিশ্বস্তর মিশ্র গ্রীষ্মকাল পর্যান্ত অধ্যাপনা করিয়াছিলেন (শ্রীচৈতক্যচরিতামৃত মহাকাব্য থাত-৩৫)। তারপর আট মাদকাল কীর্ত্তনে ও নর্ত্তনে অতিবাহিত করার পর তিনি সন্ম্যাস-গ্রহণ করেন।

বৃন্ধাবনদাস ও কবিকর্ণপূরের উক্তি হইতে বুঝা যাইতেছে যে ১৪৩১ শকের গ্রীম্মকালে যখন প্রীচৈতক্ত অধ্যাপনা বন্ধ করেন, তথন বৃন্ধাবনদাসের জন্ম হয় নাই।

১৪৪০ শকে বা ১৫১৮ খ্রীষ্টাব্দে বৃন্দাবনদাস যদি জন্মগ্রহণ করিয়া থাকেন তবে ১৫৩০ খ্রীষ্টাব্দে শ্রীচৈতন্তের তিরোভাবের সময়ে তাঁহার বয়স মাত্র ১৫ বংসর হয়। ঐ বয়সের বালকের পক্ষে প্রীতে যাইয়া শ্রীচৈতন্তদর্শন সম্ভব নহে। বৃন্দাবনদাসও কোথাও এমন আভাস দেন নাই যে তিনি শ্রীচৈতন্তকে দর্শন করিয়াছেন। ১৪৪০ শকের পূর্কে যেমন বৃন্দাবনদাসের জন্ম হইতে পারে না, ভেমনি ঐ সময়ের বেশী পরেও তাঁহার জন্মগ্রহণ সম্ভব নহে; কেন-না তিনি নিত্যানন্দপ্রভূব অন্তর্গ সঙ্গ পাইয়াছিলেন এবং নিত্যানন্দপ্রভূ

Birth year of Vrindavandas son of Narayani

"শ্রীচৈতন্তভাগবতের" আভ্যন্তরীণ-দাক্ষ্য-বিচারপূর্ব্বক আমি বৃন্দাবনদাদের জন্মকাল ১৪৪০ শকের বা ১৫১৮ খ্রীষ্টাব্দের কাছাকাছি স্থির করিতে চাহি। বৈষ্ণবদাহিত্য লইয়া খাহারা আলোচনা করিয়াছেন, তাঁহারা দাধারণতঃ কোন শোনা কথার উপর বিশ্বাদ করিয়া বা অধিকাংশ ক্ষেত্রে দৈববাণী শুনিয়া দন ও তারিথ লিথিয়াছেন। কি প্রমাণ-বলে ঐরপ দন ও তারিথ তাঁহারা নির্ণয় করিলেন দে বিষয়ে পাঠকদিগকে কিছুই বলেন নাই। বৃন্দাবনদাদের জন্মদময়-সম্বন্ধে এইরপ জনশ্রতিমূলক কয়েকটি মতবাদের উল্লেখ করিতেছি।—

	<i>লে</i> থক	গ্ৰন্থ	বৃন্দাবনদাদের	
			জন্ম ক'ল	
21	জগদৃষ্ ভদ্ৰ	গৌরপদতরঙ্গিণী, ২ম সং	, ১৪২৯ শক, বৈশাখী	
		উপক্রমণিকা, পৃ. ১২৮	কৃষণ দাদশী	
	অম্বিকাচরণ ব্রন্ধচারী	বঙ্গরত্ন, ২য় ভাগ, পৃ. ৯	B	
	অচ্যুত্তচরণ চৌধুরী	বিফুপ্রিয়া পত্রিকা, ৮৷১২	les পৃ.	
	হবিলাল চট্টোপাধ্যায়	বৈষ্ণৰ ইতিহাস, পৃ. ৪৩	B	
	হরিমোহন মুখোপাধ্যায়	বঙ্গভাষার লেখক, পৃ. ১৬	· 3	
	ম্রাবিলাল অধিকারী	दिक्छव मिश्-मिनी, शृ. २	•	

১৪০৭ শকে ঐতিচততার জন্ম, ১৪২৯ শকে তাঁহার বয়স ২২ বৎসর। বৃদাবনদাসের মতে ঐতিচততার ২৩ বংসর বয়সের সময়ে নারায়ণীর বয়স ৪ বংসর। উল্লিখিত ব্যক্তিগণের মত মানিয়া লইতে হইলে বলিতে হয় যে নারায়ণীর তিন বংসর বয়সে ছেলে হইয়াছিল।

২। ক্ষীরোদচন্দ্র রায়চৌধুরী মহাশয় বলেন—রুন্দাবনদাস ১৪৫৯ শকে অর্থাৎ ১৫৩৭ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন। ঐ সময়ে তাঁহার জন্ম হইলে অন্ততঃ যোল বৎসরের পূর্বের তাঁহার দীক্ষা হইতে পারে না। ১৪৭৫ শক পর্যন্ত অর্থাৎ খ্রীচৈতন্মের তিরোভাবের প্রায় ত্রিশ বংসর পরেও নিত্যানন্দ বাঁচিয়া ছিলেন, এমন কোন প্রমাণ নাই। নিত্যানন্দ বার বংসর বয়দে সয়্যাসীর সহিত গৃহত্যাগ করেন।

হৈন মতে ছাদশ বংসর থাকি ঘরে। নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে॥

# তীর্থযাত্র। করিলেন বিংশতি বৎসর। তবে শেষে আইলেন চৈত্রত্ত-গোচর॥—১।৬।৬৬

অর্থাৎ নিত্যানন্দের বয়স যথন ৩২, বিশ্বস্তারের বয়স তথন ২৩ বংসর, ১৪০০ শকে নিত্যানন্দের বয়স ৩২ বংসর হইলে, ১৪৭৫ শকে তাঁহার বয়স হয় ৭৭। এত বৃদ্ধকাল পর্যান্ত নিত্যানন্দ জাবিত ছিলেন না বলিয়া ক্ষীরোদবাবুর নিশিষ্ট কাল গ্রহণ করা যায় না।

- ৩। তক্টর দীনেশচন্দ্র সেন—বঙ্গভাষা ও সাহিত্য (১ম সং, পৃ. ১৯৩)
  —১৪২৯ শক; (৫ম সং, পৃ. ৩০৯) ১৪৫৭ শক। প্রথম ও দিতীয় শ্রেণীর লেথকগণের মতের বিরুদ্ধে যাহা বলিয়াছি, ডক্টর সেনের উভয় মত-সম্বন্ধেও তাহা প্রযোজ্য।
- ৪। শ্রীস্তকুমার সেন—( "বঙ্গশ্রী", আশ্বিন, ১০৪১, পৃ. ৩২৬)—বোড়শ শতকের প্রথম দশকের শেষভাগে অথবা দিতীয় দশকের প্রারম্ভে অর্থাৎ তাঁহার মতে ১৫০৭ হইতে ১৫১৫ খ্রীষ্টাব্দের মধ্যে। ১৫০৭ খ্রীষ্টাব্দে নারায়ণীর বয়স তিন বৎসর; ১৫১৫ খ্রীষ্টাব্দে ১১ বৎসর। অতএব উভয় তারিথই অসম্ভব।
- ৫। প্রভূপাদ অতুলক্ষ গোষামী বলেন, "মহাপ্রভুর সন্নাস গ্রহণ করার তিন-চারি বংসর পরে ঠাকুরের জন্ম হয়।" তাহা হইলে ৮। সবংসর বয়সে নারায়ণীর সন্থান হওয়া স্বীকার করিতে হয়।

বর্ত্তমান নবদ্বীপ রেল-টেশন হইতে তিন মাইল ও নবদ্বীপের মালঞ্চপাড়া হইতে তুই মাইল উত্তর-পশ্চিমে মামগাছা গ্রাম। সেইখানে নারায়ণীর সেবা-পাট আছে। জনপ্রবাদ যে, ঐ সেবা বাস্থদেব দত্তের স্থাপিত। অন্তমান হয়, বাস্থদেব দত্ত নারায়ণীর উপর সেবার ভার অর্পণ করিয়া সমাজ-পরিত্যক্তা বিধবার ভরণপোষণের উপায় করিয়া দেন। বৃন্দাবনদাস বাস্থদেব দত্তের কার্রণেরে যেরূপ প্রশংসা করিয়াছেন, এরূপ আর অন্ত কোন ভক্তের করেন নাই। শ্রীচৈতক্তের গৌড়-শ্রমণ-প্রশঙ্কে বৃন্দাবনদাস বাস্থদেব দত্তের প্রশংসা সবিস্তারে উচ্ছুসিতস্বরে করিয়াছেন; যথা—

জগতের হিতকারী বাহ্নদেব দত্ত।
ব্রুপজুতে রূপালু চৈতত্ত্য-রদে মত্ত।
গুণগ্রাহী অদোষ-দরশী সভা প্রতি।
উপরে বৈঞ্বে যথাযোগ্য রতি মতি॥—০।৫।৪৪৬

Guru of Vrindavandas is Nityananda prabhu

"জগতের হিতকারী" ও "অদোষ-দরশী" বিশেষণ দেখিয়া অমুমান হয়, বৃন্দাবনদাস এখানে ব্যক্তিগত কৃতজ্ঞতা, জ্ঞাপন করিতেছেন। মামগাছীতে বৃন্দাবনদাসের বাল্যকাল অতিবাহিত হইয়াছিল। এই স্থানে বাস করিবার সময়ে তিনি নিত্যানন্দ প্রভুর কুপা পাইয়াছিলেন। নিত্যানন্দ অনেক সময় বড়গাছীতে কাটাইতেন।

বিশেষ স্কৃতি অতি বড়গাছী গ্রাম।
নিত্যানন্দ স্বরূপের বিহারের স্থান ॥—৩৬।৪৭৩
বড়গাছী-নিবাসী স্কৃতি কৃষ্ণদাস।
তাঁহার মন্দিরে নিত্যানন্দের বিলাস॥—৩৬।৪৭৪

"ভক্তিরত্নাকরের" মতে ( দ্বাদশ তরঙ্গ, পু. ১৯০-১২ ) রুঞ্চনাসের অগ্রজ স্থাদাসের তুই কতাকে নিত্যানন্দ বিবাহ করেন। বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই যে বৃন্ধাবনদাস বস্থধা, জাহ্নবী বা বীরভদ্রের নামও উল্লেখ করেন নাই। যাহা হউক, মামগাছী হইতে বড়গাছী মাত্র তিন মাইল দ্রে, সেইজ্জ্য মনে হয়, বাল্যকালেই বৃন্ধাবনদাস নিত্যানন্দের সঙ্গ পাইয়াছিলেন।

র্ন্দাবনদাস যে বিশেষ পাণ্ডিত্য অর্জন করিয়াছিলেন সে বিষয়ে সন্দেহ
নাই। শ্রীমন্তাগবত বোধ হয় তাঁহার কঠন্থ ছিল, তাহা না হইলে অনেক
ন্থলে ভাগবতের আক্ষরিক অন্থাদ গ্রন্থমধ্যে সন্নিবিষ্ট করিতেন না। গীতা ও
ভাগবত ছাড়! নিম্নলিখিত গ্রন্থগুলি হইতেও তিনি শ্লোক উদ্ধার করিয়াছেন—
১। যাম্ন ম্নির স্থোত্ররর, পৃ. ৫; ২। পদ্মপুরাণ, পৃ. ২৬০, ০০৮, ৪০৭;
০। মন্ত্র্যাংহিতা, পৃ. ১০২; ৪। নারদীয়-সংহিতা, পৃ. ১২৯, ১৮৮, ০০৮;
৫। বরাহপুরাণ, পৃ. ১০০, ৪৮১; ৬। জৈমিনি-ভারত, পৃ. ১৪৭; ৭। বিষ্ণুপুরাণ, পৃ. ১৬২, ২৬৯, ৫০০; ৮। শহরভাগ্য, পৃ. ২৮১; ৯। মহাভারত,
পৃ. ০৬৭, ৫০৪; ১০। শহরাচার্য্যের ষট্পদী স্থোত্র, পৃ. ৪০২; ১১। ম্রারি গুপ্তের
কড়চা, পৃ. ১, ৪০৬; ১২। স্বন্ধুরাণ, পৃ. ৪৪০; ১০। শ্রীহরিভক্তিন্ত্র্যোদয়, পু. ৪৮১।

বৃন্দাবনদাস যে শুধু পাণ্ডিতাই অর্জন করিয়াছিলেন, তাহা নহে। সঙ্গীত-বিভাতেও তিনি পারদর্শী ছিলেন। তিনি সঙ্গীত রচনা করিয়া তাহাতে রাগরাগিণী যোগ করিয়াছেন।

বুন্দাবন্দাস দেহুড়ে বসিয়া শ্রীচৈতগ্যভাগবত লিখিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে। সেইখানে তাঁহার শ্রীপাট বর্ত্তমান। Time of Sri Chaitanyabhagavat's writing

### শ্রীচৈতগুভাগবভের রচনা-কাল

শ্রীচৈতক্সভাগবত কবে রচিত হইয়াছিল তাহা ঠিকভাবে বলা যায় না।

গ্রাম্বে মঙ্গলাচরণের দিতীয় শ্লোকটি ম্রারি গুপ্তের কড়চা হইতে উদ্ধৃত।

ম্বারি গুপ্তের রামাষ্টকের পঞ্চম ও সপ্তম শ্লোকও বৃন্দাবনদাস উদ্ধার করিয়াছেন
( ৩।৪।৪৩৫-৩৭ )। ইহা হইতে অন্তমান করা যায় যে ম্রারির গ্রন্থ-রচনার
পর শ্রীচৈতক্সভাগবত রচিত হইয়াছিল। এই অন্তমান কফদাস করিরাজের
নিম্লিথিত উক্তি-দারা সমর্থিত হয়—

দামোদর স্বরূপ আর গুপু ম্রারি
ম্থ্য মূখ্য লীলাস্ত্র লিথিয়াছে বিচারি॥
সেই অফুসারে লিথি লীলাস্ত্রগণ।
বিস্তারি বণিয়াছেন দাস বৃন্দাবন॥ ১।১৩।৪৪

অর্থাৎ মুরারির স্তা বৃন্দাবনদাস বিস্তার করিয়া লিখিয়াছেন।
১৫৭৬ খ্রীষ্টাব্দে গৌরগণোদ্দেশ-দীপিকা লিখিত হয়। তাহাতে আছে—

বেদব্যাসো য এবাসীদ্ধাসো বুন্দাবনোহধুনা। সথা যঃ কুস্থমাপীড়ঃ কাৰ্য্যতন্তং সমাবিশৎ॥

১৫৭৬ খ্রীষ্টাব্দে শ্রীচৈতগুভাগবতের খ্যাতি এত দৃঃ স্থপ্রতিষ্ঠিত হইয়াছিল যে তাঁহাকে বেদব্যাদের অবভার বলা হইয়াছে। আরও লক্ষ্য করিবার বিষয় এই যে পাণ্ডিভ্যের গুণে শ্রীক্ষীব গোস্বামী যেমন শ্রীচৈতগ্রের ঘনিষ্ঠ সংসর্গে না আসিয়াও গৌরগণের মধ্যে স্থান পাইয়াছেন, তেমনি বুন্দাবনদাসও গৌরগণের মধ্যে সাদরে উল্লিখিত হইয়াছেন। শ্রীচৈতগ্রভাগবত রচিত হইবার পর অন্ততঃ একপুরুষের জীবনকাল অতিক্রান্ত হইলে গৌরগণোদেশ-দীপিকা রচিত হইয়াছিল মনে হয়। এরপ মনে করিবার কারণ এই যে বুন্দাবনদাস ভাবিয়াছিলেন, তাঁহার অপেক্ষা অধিকতর শক্তিসম্পন্ন বহু কবি পুরাণাকারে শ্রীচৈতগ্রের জীবনী লিখিবেন এবং তাঁহারা বেদব্যাস আখ্যা পাইবেন; যথা—

মধ্যথণ্ডে আছে আর কত কোটি লীলা বেদব্যাস বর্ণিবেন সে সকল থেলা ॥— চৈ. ভা., ১।১।১১ দৈবে ইহা কোটি কোটি মূনি বেদব্যাদে। বণিবেন নানামতে অশেষ বিশেষে॥—চৈ. ভা., ২।২৬।৩৬৮

তিনি নিজে বেদব্যাসত্বের দাবী করেন নাই। কিন্তু গৌরগণোদ্দেশ-দীপিকার রিচত হইবার সময়েই স্থির হইয়াছিল যে, যে হেতু শ্রীমন্তাগবতে ক্বফলীলার বর্ণনা করিয়াছেন বেদব্যাস, সেই হেতু শ্রীচৈতক্তলীলা বর্ণনা যিনি করিয়াছেন তিনিই বেদব্যাস। শ্রীচৈতক্তলাগবত রচনার পর অন্ততঃ ২৫।৩০ বংসর গত না হইলে বুন্দাবনদাস বেদব্যাসরূপে পূজিত হইতেন কি-না সন্দেহ। ছইখানি গ্রন্থ রচনাকালের মধ্যে এইরূপ ব্যবধান অন্থমান করিবার আর একটি কারণ এই যে, গৌরগণোদ্দেশ-দীপিকায় সকল ভক্তের তত্ব বা ক্বফলীলার নাম লিখিত হইয়াছে, কিন্তু বুন্দাবনদাস বলিতেছেন যে—

নিত্যানন্দ স্বরূপের নিষেধ লাগিয়া। পূর্ব্যনাম না লিখিল বিদিত করিয়া॥—৩।৬।৪৭৩

২০০০ বংসর গত না হইলে নিত্যানন্দের আদেশ এরপভাবে বিশ্বত হওয়ার সঙ্গত কারণ খুঁজিয়া পাওয়া যায় না। ঐতিচতক্তভাগবত-রচনার সময়ে সকল ভক্তের তত্তও স্বস্পষ্টরূপে নিণীত হয় নাই; যথা—

> ভাগবতরূপে জন্ম হইল সভার। রুষ্ণ দে জানেন যার অংশে জন্ম যার॥—১।২।১৬

এইরূপ যুক্তিবলে বলা ধাইতে পারে যে ১৫৪৬ হইতে ১৫৫০ খ্রীষ্টাব্দের মধ্যে শ্রীচৈতগ্রভাগবত রচিত হইয়াছিল। বৃন্দাবনদাসের জন্ম যদি ১৫১৮ খ্রীষ্টাব্দের কাছাকাছি হয়, তাহা হইলে শ্রীচৈতগ্রভাগবত রচনার সময়ে তাঁহার বয়স হয় ২৮ হইতে ৩৩ বংসর।

হয় ২৮ হইতে ৩৩ বংসর।

Vrindavandas had advocated to 'kick' those who denounces Nityananda prabhu

শ্রীচৈতন্সভাগবত যে যুবকের রচনা তাহাতে কোন সন্দেহ নাই। গ্রন্থের
বর্ণনায় অসহিষ্ণুতা ও যুবজনোচিত তেজ্বিতার যথেট পরিচয় পাওয়া যায়।
নিত্যানন্দের তত্তকে যাঁহারা মানেন না, কবি তাঁহাদের প্রতি বিন্মাত্র
সহিষ্ণুতা দেখান নাই।

এত পরিহারেও যে পাপী নিন্দা করে। ভবে লাখি মারো তার শিরের উপরে॥ এই উক্তি তিনি পুন:পুন: করিয়াছেন (পৃ. ৭১, ১৩৭, ২৪৩, ৩৪১ ও ৪৮৩)। কবি যদি যৌবনের মধ্য বা শেষভাগে গ্রন্থ লিখিতেন তাহা হইলে অধিকতর ধৈর্য্য ও ক্ষান্তি প্রদর্শন করিতেন।

জগদ্ধ ভদ্র ও অচ্যুত্তরণ চৌধুরীর মতে শ্রীচৈতন্তভাগবত ১৪৫৭ শকে বা ১৫৩৫ খ্রীষ্টান্দে বচিত হয়। শ্রীযুক্ত স্থকুমার সেন মনে করেন যে উহারও পূর্কে ইহার রচনা আরম্ভ হয়। তিনি বলেন, "সন্তবতঃ শ্রীচেতন্তোর তিরোভাবের পূর্কেই গ্রন্থের পত্তন হইয়াছিল এবং নিত্যানন্দ প্রভুর পূক্র বীরচন্দ্র গোষামীর জন্মের পূর্কেই গ্রন্থটি পরিসমাপ্ত হইয়াছিল।" বুন্দাবন্দাস যথন বলিয়াছেন যে বিশ্বস্থারের ২৩ বংসর বয়সের সময়ে নারায়ণীর বয়স চার বংসর, তথন সে কথা অবিশ্বাস করিবার উপায় নাই। বুন্দাবন্দাস যদি ১৫১৮ খ্রীষ্টান্দে জন্মগ্রহণ করিয়া থাকেন, তাহা হইলে ১৫৩৩ ও ১৫৩৫ খ্রীষ্টান্দে তাঁহার বয়স হয় যথাক্রমে ১৫ ও ১৭ বংসর। ঐ বয়সের বালক যে অত গভীর শাক্ষজ্ঞানের ও সঙ্গীতবিভার পরিচয় দিয়াছেন ইহা ধারণা করা অসম্ভব।

শ্রীচৈতগ্রভাগবতের কৃতকগুলি আভ্যন্তরীণ প্রমাণ হইতেও ব্ঝা যায় যে শ্রীচৈতগ্র ও নিত্যানন্দের তিরোভাবের অন্তঃ ১০।১৫ বংসর পরে বুন্দাবন্দাস এই গ্রন্থ রচনা করেন।

(ক) তৈর্থিক ব্রাহ্মণকে শিশু বিশ্বস্তর বলিতেছেন—

যাবত থাকয়ে মোর এই অবতার। তাবত কহিলে কারে করিব সংহার॥—১।৩।৩৯

আবার দিখিজয়ি-পরাভব-প্রদক্ষে পণ্ডিত বিশ্বস্তর বলিতেছেন—

যে কিছু তোমারে কহিলেন সরস্বতী।
তাহা পাছে বিপ্র! আর কহ কাহো প্রতি॥—১।৯।১০০

শ্রীচৈতক্তের তিরোভাবের পর এরপ কাহিনীর প্রচলন এবং এই ধরণের লেখা সম্ভব।

> (থ) সর্বশেষ ভূত্য তান বৃন্দাবনদাস। অবশেষ পাত্র নারায়ণী-গর্ভকাত॥—৩।৭।৪৭৫

নিত্যানন্দ প্রভু ধরাধামে বর্ত্তমান থাকিলে বুন্দাবনদাস নিজেকে সর্ব্যশেষ ভূত্য বলিয়া অভিহিত করিতেন না। দলে দলে ভক্তগণ যেমন নিত্যানন্দের শিয়া হইয়াছিলেন, তাহাতে প্রভুর জীবদ্দশায় লিখিত গ্রন্থে বুন্দাবনদাস নিজেকে সর্বশেষ ভূত্য বলিতে সাহসী হইতেন না।

(গ) অভাপিহ বৈষ্ণবমগুলে যাঁর ধ্বনি। চৈতভার অবশেষ পাত্র নারায়ণী॥—৩।৭।৪৭৫

নারায়ণী জীবিত থাকিলে "অভাপিহ" শব্দ ব্যবস্থত হইত না মনে হয়। শ্রীচৈতন্ত্র-নিত্যানন্দের তিরোভাবের ১০।১৫ বংসর পরে রচিত না হইলে "অভাপিহ" শব্দ প্রয়োগের কোন সার্থকতা দেখা যায় না।

(ঘ) শ্রীচৈতগ্রভাগবত লিথিবার সময়ে গৌড়ীয় বৈষ্ণবগণ কয়েকটি উপশাখায় বিভক্ত হইয়াছিলেন। প্রথমতঃ, গৌরাঙ্গ-নাগরবাদিগণ, বাঁহাদিগকে কটাক্ষ করিয়া বৃন্দাবনদাস লিথিয়াছেন—

অতএব যত মহামহিম সকলে। গৌরাঙ্গ-নাগর হেন ন্তব নাহি বোলে॥—১।১০।১১০

দিতীয়তঃ, অদৈত-সম্প্রদায়—

অদৈতরে গাইবেক শ্রীক্বঞ্চ করিয়া

যত কিছু বৈঞ্বের বচন লজ্মিয়া ॥—২।২২।৩১৮

অদৈতরে ভজে গৌরচন্দ্রে করে হেলা।

পুত্র হউ অদৈতের তভু তিঁহ গেলা॥—৩।৪।৪৬০

তৃতীয়তঃ, গদাধর-সম্প্রদায়—

অদৈতের পক্ষ হৈয়া নিন্দে গদাধর। দে অধম কভে। নহে অদৈত-কিন্ধর॥

— २।२७।७८১, २।२८।७८७

চতুর্থত:, নিত্যানন্দ-বিদেশী সম্প্রদায়, যাহাদের মত-খণ্ডন ও নিত্যানন্দের মহিমা-ঘোষণা-উদ্দেশ্যে শ্রীচৈতগুভাগবতে লিখিত হইয়াছে—

> এই অবতারে কেহো গৌরচন্দ্র গায়। নিত্যানন্দ নাম ভনি উঠিয়া পালায়॥—২।৩।১৭৮

শীচৈতত্যের তিরোভাবের পর ১০।১৫ বংসর অতীত না হইলে অতগুলি পরস্পর বিবদমান উপশাখার স্বষ্ট হইতে পারিত না। প্রসঙ্গক্রমে বলা যাইতে পারে যে, বাংলা দেশে যোড়শ শতান্দীতে বৈফ্বধর্মের ইতিহাসে যাহা ঘটিয়াছিল, উনবিংশ শতান্দীতে ব্রাক্ষসমাজের ইতিহাসে তাহারই পুনরাবৃত্তি ঘটিয়াছে।

৬। মুরারি শুপু, শিবনিন্দ সেন, স্বরূপ-দামোদর প্রভৃতি প্রীচেতত্যের পার্বদেশ প্রীচেতত্যকে কৃষ্ণ বলিয়া ঘোষণা করিয়াছিলেন সত্য, কিন্তু প্রীচেতত্যের জীবনীকে একেবারে কৃষ্ণলীলার ছাচে ফেলিবার চেটা তাঁহারা করেন নাই। এরূপ চেটা বৃন্দাবনদাসই প্রথম করেন এবং সেইজ্যুই তাঁহার গ্রন্থের নাম প্রীচেত্যুভাগবত। খণ্ডিচি স্থানে বিদিয়া কথা বলার সময়ে বিশ্বস্থরের দ্তাত্তেয়ভাব, উপনয়ন-সময়ে বামন-ভাব, সাপের উপর শয়ন করিয়া অনন্থলীলা এবং পিতৃবিয়োগে কৃন্দনের সময়ে রাম-ভাব দেখাইয়া কবি প্রমাণ করিতে চাহেন যে প্রীচৈতত্যে সকল অবতার বর্ত্তমান। বিশেষ করিয়া তিনি শ্রিক্ষণ। গলার ঘাটে তাঁহার ব্যবহার দেখিয়া সকলে জগগাথ মিশ্রকে বলেন—

পূরবে শুনিলা যেন নন্দের কুমার।
সেই মত সব করে নিমাই তোমার ॥—১।৪।৪২

বিশ্বস্তব নবদীপের মাঝে ভ্রমণকালে রজক, গদ্ধবণিক্, মালাকার প্রভৃতির বাড়ীতে যান; কবি তাহা বর্ণনা করিয়া বলেন—

পূর্বে যেন মধুপুরী করিলা ভ্রমণ। সেই লীলা করে এবে শ্রীশচীনন্দন।

সেই লীলা কবে এবে শ্রশ্নীনন্দন।
Sri Chaitanya has not manifested four hoofs of Boar as per Murari Gupta in whose house the event of
Boar Incarnation was taken place and only Murari Gupta had witnessed it (no body was present at that time)
এইরপ বহু দৃষ্টান্ত দেওয়া যাইতে পাবে। ঐতিচত্যভাগবতে অনেক অলোকিক
ঘটনাও স্থান পাইয়াছে। মুবাবি গুপু নিজেব গ্রেম্থে এমন কথা বলেন নাই

যে তিনি বরাহভাবাবিষ্ট বিশ্বভরের ক্ষ্র দেখিয়াছিলেন, কিন্ত বৃন্দাবনদাস বলেন—

Wrong information by Vrindavandas on manifestation of Boar Incarnation of Sri Chaitanya

শ্রীচৈতত্যের জীবনী এইভাবে রূপাস্তরিত হইতে তাঁহার তিরোভাবের পর অস্ততঃ ১৫ বংসর অতিক্রান্ত হওয়া প্রয়োজন বলিয়া বিবেচনা করি। শ্রীচৈতত্য-ভাগবত যে শ্রীচৈতত্যের তিরোভাবের হুই-এক বংসরের মধ্যে লিখিত হইতে পারে না তাহা দেখান হইল। ঐ গ্রন্থ যে তাঁহার তিরোভাবের ৪০।৪২ বংসর পরেও রচিত হইতে পারে না তাহা দেখাইতেছি।

ডক্টর দীনেশচন্দ্র সেন মহাশয় অন্থমান করেন যে ঐচিতক্সভাগবত ১৫৭৩ খ্রীষ্টাব্দে রচিত হইয়াছিল। অম্বিকাচরণ ব্রহ্মচারী ও মুরারিলাল অধিকারীর মতে ১৪৯৭ শকে বা ১৫৭৫ খ্রীষ্টাব্দে ঐ গ্রন্থ লিখিত হয়। কিন্তু ১৫৭৩ বা ১৫৭৫ খ্রীষ্টাব্দে ঐতিচতক্সভাগবত লিখিত হইলে, ১৫৭৬ খ্রীষ্টাব্দে অর্থাৎ তিন বা এক বংসরের মধ্যে বুন্দাবনদাস বেদব্যাস বলিয়া পূজা পাইতেন না।

১৫৭৩ বা ১৫৭৫ খ্রীষ্টাব্দে নিত্যানন্দের ভগবত্ত। স্থ্রতিষ্ঠিত হইয়াছে—
অন্ততঃ তাঁহার নিন্দাকারীর দল ঐ সময়ের মধ্যে নীরব হইয়াছে। কিন্তু
শ্রীচৈতক্তভাগবতে দেখা যায় যে নিত্যানন্দের বিরুদ্ধবাদিগণ অত্যন্ত প্রবল;
যথা—

নিত্যানন্দে যাহার তিলেক দ্বেষ রহে।
ভক্ত হইলেও সে ক্লফের প্রিয় নহে॥—১।৬।৬৯
না জানিয়া নিন্দে তাঁর চরিত্র অগাধ।
পাইয়াও বিষ্ণুভক্তি হয় তার বাধ॥
—পৃ. ১৭৮, ১৮২, ১৮৭, ১৯৬
ভাগবত পড়িয়াও কারো বৃদ্ধিনাশ।
নিত্যানন্দ নিন্দা করে যাইবেক নাশ॥—২।৯।২২৭

শাস্ত্র পড়িয়াও কারো কারো বৃদ্ধিনাশ।
নিত্যানন্দ নিন্দা করে হবে সর্কানাশ।
আছ পড়ি মৃত্ত মৃড়ি কারো বৃদ্ধিনাশ।
নিত্যানন্দ নিন্দে রুথা যাইবার নাশ।
নিত্যানন্দ নিন্দে রুথা যাইবার নাশ।
—২।৬।১৯৭

এই বিরুদ্ধবাদীদিগকে নীবৰ করিবার জন্ম শ্রীচৈতন্মভাগৰতের প্রারম্ভে বলরামের রাসলীলার কথা শাস্ত্রে আছে কি না বিচার করা হইয়াছে।
শ্রীচৈতন্মের জীবনী লিখিতে যাইয়া কবি বিংশ সংখ্যক প্যারেই আরম্ভ করিলেন—

যে জীসক ম্নিগণে করেন নিন্দন। ভানাও রামের রাগে করেন গুবন॥ বলরামের রাস যদি শান্ত্রীয় বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে নিত্যানন্দের সহিত বস্থা ও জাহুবীর লীলার সমর্থন পাওয়া যায়; কেন-না

> ষি**জ** বিপ্র ব্রাহ্মণ যে হেন নাম-ভেদ। এই মত নিত্যানন্দ অনস্ত বলদেব॥—১।১।৮

নিত্যানন্দের তিরোধানের অল্প দিন পরে তাঁহার ভক্ত ও বিরুদ্ধবাদী দলের মধ্যে তুমুল বিতর্ক হওয়া সম্ভব। দিন যতই অতীত হয়, কুৎসা ততই চাপা পড়ে। এইজন্ম শ্রীচৈতন্মের তিরোভাবের ৪০ বা ৪২ বংসর পরে শ্রীচৈতন্মভাগবতের রচনা হয় নাই বলিয়া মনে হয়।

আর একটি কারণেও মনে হয় যে অত পরে ঐতিচতগ্যভাগবত রচিত হয় নাই। ঐতিচতগ্যভাগবতে একবার মাত্র বিষ্ণুপ্রিয়ার নাম করা হইয়াছে; যথা—

> বেন কৃষ্ণ ক্রিণীতে অক্সোন্ত উচিত। সেই মত বিষ্ণুপ্রিয়া নিমাই পণ্ডিত॥— ১।১০।১১১

অক্যান্ত সকল স্থানে বিশ্বুপ্রিয়াকে ত্র-হিসাবে লক্ষী বলিয়া উল্লেখ করা হইয়াছে। ইহা হইতে মনে করা যাইতে পারে যে গ্রন্থরচনার সময় বিষ্ণুপ্রিয়া দেবী জীবিত ছিলেন, এবং তাঁহার প্রতি সম্ব্রমবশতঃই কবি বার বার তাঁহার নাম করেন নাই।

এইসব যুক্তিবলে আমি মনে করি যে ঐতিচতন্তভাগবত ঐতিচতন্তের তিরোভাবের আহমানিক ১৫ বংসর পরে রচিত হইয়াছিল। রামগতি তায়রত্ব মহাশয় যে ১৫৪৮ খ্রীষ্টাব্দে ঐতিচতন্তভাগবতের রচনা-কাল নির্দ্দেশ করিয়াছিলেন তাহাই যুক্তিসক্ষত মনে হয়।

এই প্রকার কাল-নির্দেশের বিরুদ্ধে ছুইটি যুক্তি উপস্থিত করা যাইতে পারে। প্রথমতঃ, কবি বলিতেছেন যে—

> অন্তর্যামী নিত্যানন্দ বলিলা কৌতুকে। চৈতক্সচরিত্র কিছু লিখিতে পুস্তকে॥—৮ ও ১৩৬ পৃ.

নিত্যানন্দ স্বরূপের আজ্ঞা করি শিবে। স্তুমাত্র লিখি আমি রূপা অনুসারে॥—১।১১।১১৭ তাঁহার আজ্ঞায় আমি রূপা অহরপে। কিছুমাত্র স্থত্র আমি লিখিল পুস্তকে॥—২।২৬।৩৬৮

সেই প্রভু কলিযুগে অবধৃত রায়। স্ত্র মাত্র লিখি আমি তাহান আজ্ঞায়॥—৩।৪।৪৩৫

নিত্যানন্দের আদেশে যে গ্রন্থ রচনার প্রবৃত্তি, তাহা শ্রীচৈতত্তের তিরোভাবের
১৫ বংসর পরে লিখিত হইতে পারে কি? আমার মনে হয় তাহা অসম্ভব

Vrindavandas is the disciple of Nityananda prabhu and heard many events of Sri Chaitany from him.
নহে। নিত্যানন্দ প্রভূর বৃদ্ধি-বয়দে বৃন্দাবনদাস তাহার শিশ্র হয়েন। তিনি

নিত্যানন্দের নিকট অধিকাংশ বিবরণ শুনিয়াছিলেন। কিন্তু গ্রন্থ-রচনা
শেষ করিবার সময় নিত্যানন্দের তিরোভাব ঘটিয়াছিল। ১৫৪২ খ্রীষ্টাব্দে
কবিকর্ণপুর শ্রীচৈতত্ত্যচরিতামৃত মহাকাব্য রচনা করেন; তাহাতে রন্দাবনদালনের
নাম বা শ্রীচৈতত্ত্যভাগবতের কোন প্রভাব নাই। স্বতরাং ঐ গ্রন্থ রচনার
পাচ-ছয় বংসর পরে শ্রীচৈতত্ত্যভাগবত লিখিত হইয়াছিল অস্কুমান করায় কোন
দোষ হয় না।

দ্বিতীয়তঃ, বুন্দাবনদাস লিথিয়াছেন যে—

অতাপিহ শ্রীবাদেরে চৈতন্ত-কুপায়। দারে সব উপসন্ন হইতেছে লীলায়॥—৩।৫।৪৪৮

আপাতদৃষ্টিতে মনে হয় যে এই পয়ার লিথিবার সময় শ্রীবাস জীবিত ছিলেন।
কিন্তু ইহার অর্থ এরপও হইতে পারে যে শ্রীবাসের প্রতি শ্রীচৈতত্ত্যের বরদানহেতু আজও অর্থাৎ শ্রীবাসের তিরোভাবের পরও সমন্ত দ্রব্য তাঁহার গৃহে
আসিয়া উপস্থিত হয়। শ্রীচৈতন্ত বর দিয়াছিলেন যে—

স্থবে শ্রীনিবাদ তুমি বদি থাক ঘরে। আপনি আদিবে দব তোমার হুয়ারে॥

ত্রীবাসের জীবদ্দশায় যে দ্রব্যসামগ্রী আসিবে তাহাতে আর বিশ্বয়ের কথা

কি ? "অত্যাপিহ" শব্দের অর্থ শ্রীবাসের তিরোধানের পরও।

Sri Chaitanyabhagavat was written at around 1548 CE i.e. 15 years after Sri Chaitanya prabhu's demise.

পূর্ব পক্ষের যুক্তি ধণ্ডন করিয়া আপাততঃ সিদ্ধান্ত করা যাইতেছে যে

১৫৪৮ খ্রীষ্টাব্দে শ্রীচৈতস্গভাগবত বচিত হইয়াছিল।

Actual events vs events described in Sri Chaitanyabhagavat

## এটিতভাজাগবভের প্রামাণিকভা বিচার

শ্রীচৈতন্মের জীবনের ঘটনা-সম্বন্ধে শ্রীচৈতন্মভাগবতের বর্ণনা কতটা নির্ভর্যোগ্য ভাহা বিচার করা প্রয়োজন। এই বিচার-কালে প্রথমে দেখিতে হইবে বৃন্দাবনদাস কির্পে তথ্য-সংগ্রহ করিয়াছিলেন। তিনি নিজে Vrindavandas has not seen Sri Chaitnya, and collected information from others শ্রীচৈতন্মকে দর্শন করেন নাই। তবে ধাহারা শ্রীচৈতন্মের অন্তর্ম সম্প্রাভ করিয়া ধন্য হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে অনেকের নিকট হইতে প্রভ্রন লীলাকাহিনী শুনিবার সৌভাগ্য তাঁহার হইয়াছিল।

Vrindavandas is the son of Srivas's brother's daughter বুন্দাবনদাস শ্রীবাসের প্রাতৃপ্রীর পুত্র। সন্নাস-গ্রহণের এক বংসর পূর্বে প্রভু যে অপূর্ব্ব প্রেমভক্তি প্রদর্শন করিয়াছিলেন, তাহার কেন্দ্র ছিল শ্রীবাসের বাড়ী। কিন্তু কবি কোথাও এরপ ইন্ধিত করেন নাই যে তিনি শ্রীবাস, শ্রীরাম বা নিজের জননী নারায়ণীর নিকট লীলাকাহিনী শুনিয়াছেন। যদি শ্রীবাসের বাড়ীর লোকে তাঁহাকে দৌহিত্র বলিয়া স্বীকার না করিয়া থাকেন ও কবির বাল্যাবস্থায় নারায়ণীর পরলোকসমন ঘটিয়া থাকে তাহা হইলে এরপ নীরবতার অর্থ বুঝা যায়। কবি সাধারণভাবে উল্লেখ করিয়াছেন যে—

বেদগুহু চৈতগ্রচরিত কেবা জানে। তাহা লিখি যাহ। শুনিয়াছি ভক্ত-স্থানে॥—পু.৮

এই ভক্তগণ-মধ্যে শ্রীবাদের বাড়ীর কেহ ছিলেন কি না নিশ্চয় করিয়া বলা যায় না। বৃন্দাবনদাদের বর্ণনার প্রধান উপজীবা ছিল নিত্যানন্দ প্রভূর উক্তি।

Vrindavandas has collected most informations from Sri Nityananda prabhu

নিত্যানন্দ প্রভূ-মূথে বৈষ্ণবের তত্ত্ব।
কিছু কিছু ভনিলাঙ সবার মহত্ত ॥—২।২০।৩০৯

নিত্যানন্দ প্রভূ বৃন্দাবনদাস ঠাকুরকে ঐতিচতগুলীলার বিস্তৃত বর্ণনা দিয়াছিলেন এবং কিভাবে গ্রন্থ লিখিতে হইবে তাহাও বলিয়াছিলেন মনে হয়; কেন-না নিত্যানন্দ ভক্তগণের পূর্ক-নাম লিখিতে নিষেধ করিয়াছিলেন (পৃ. ৪৭০)।

নিত্যানন্দ ব্যতীত শ্রীচৈতন্তের প্রধান পার্বদগণের মধ্যে গদাধর গোস্বামীর নিকটও তিনি অনেক ঘটনার বিবরণ শুনিয়াছিলেন; যথা— Vrindavandas has also collected informations from Sri Gadadhar Goswami and Advaita prabhu

## যেরপ ক্রফের প্রিয় পাত্র বিভানিধি। গদাধর শ্রীমৃধের কথা কিছু লিখি॥ ৩।১১।৫১৭

্রুন্দাবনদাস অধৈত প্রভুর নিকটও কোন কোন কথা ভনিয়াছিলেন।

অহৈতের শ্রীমুখের এ সকল কথা।
ইহা যে না মানয়ে সে তৃষ্কৃতি সর্ব্বথা॥—২।২৪।৩৪৪
অহৈতের শ্রীমুখের এ সকল কথা।
ইহাতে সন্দেহ কিছু না কর সর্ব্বথা॥-—২।১০।২৩৪

ভক্ত-মহিমা-বর্ণনা-উপলক্ষে কবি লিখিয়াছেন---

গ্রীমুথে অধৈতচক্র বারবার কহে। এ সব বৈষ্ণব দেবতারো দৃশ্য নহে॥

The life events of Sri Chaitanya where Sri Nityananda prabhu was present can be taken as correct.

নিত্যানন্দ প্রভু ভাবের মাহ্রষ। বৃন্দাবনদাস তাঁহার ভাবোয়াদনার যে অপূর্ব্ব আলেথ্য অন্ধন করিয়াছেন, তাহাতে বিশেষ অতিরঞ্জন নাই বিলয়। মনে হয়। যিনি পরনের কাপড় সামলাইয়া উঠিতে পারেন না, এক পথ ধরিতে অন্ত পথে চলিয়া যান, তিনি যে বৃদ্ধবয়সে শ্রীচৈতন্তের বহিরদ্ধ জীবনের ঘটনার পুঝাহুপুঝ বর্ণনা যথাযথভাবে দিয়াছেন তাহা সম্ভব মনে হয় না। তবে যেস্ব ঘটনা ঘটবার সময়ে নিত্যানন্দ প্রভু উপস্থিত ছিলেন সেগুলির সম্বন্ধে বৃন্দাবনদাসের বর্ণনা মোটামুটিভাবে সত্য বলিয়াই মানিয়া লইতে হইবে।

বৃন্দাবনদাসের বর্ণনা মোটামুটিভাবে সত্য বলিয়াই মানিয়া লইতে হইবে।
Sri Nityananda prabhu met Biswambhar Mishra after the later's return from Gaya, i.e. when
বিশ্বস্তব মিশ্রের গ্য়া হইতে ফিরিয়া আসার পর অর্থাৎ তেইশ বৎসর বয়সের

Biswambhar Mishra was 23 years of age (1509-1486).
সময়ে নিত্যানন্দের সহিত তাঁহার মিলন হয়। প্রতিতক্তভাগবতের মধ্যথণ্ডের তৃতীয় অধ্যায় হইতে গ্রন্থের শেষ অধ্যায় পর্যন্ত বর্ণিত ঘটনার মধ্যে অধিকাংশগুলির সহিত নিত্যানন্দ ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন। প্রীচৈতক্তের জীবনের যে-সকল ঘটনার সহিত নিত্যানন্দের বিশেষ সম্পর্ক ছিল না, কবি সেগুলি হয় বাদ দিয়াছেন, না হয় অতি সংক্ষেপে বর্ণনা ক্রিয়াছেন। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে তিনি গ্রন্থের প্রারম্ভে স্ক্ররূপে নিম্লিখিত লীলার উল্লেখ করিয়াছেন, কিন্তু গ্রন্থমধ্যে তাহার বর্ণনা করেন নাই।—

শেষথতে সেতৃবন্ধে গেলা গৌর রায়। ঝাড়িথত দিয়া পুন গেলা মথুরায়॥ শেষথতে গৌরচন্দ্র গেলা বারাণসী।
না পাইল দেখা যত নিন্দুক সন্মাসী।
শেষথতে পুন নীলাচলে আগমন।
অহনিশ করিলেন হরি সন্ধীর্তন॥

Sri Nityananda prabhu was not present during Sri Chaitnya's going to 'Setubandha', 'Mathura'

নিত্যানন প্রভু উল্লিখিত একটি ঘটনাও প্রত্যক্ষ করেন নাই; বৃন্দাবনদাস
'Varanasi' and back to 'Puri'. Therefore Vrindavandas has not narrated those events in the book.
হয়ত সেইজ্ঞাই এ ঘটনাগুলি-সম্বন্ধে কোন প্রকার বিবরণ দেন নাই।

শ্রীচৈতগ্রভাগবত যে অসমাপ্ত গ্রন্থ সে বিষয়ে সন্দেহ নাই। এই গ্রন্থ বৈষ্ণবসমাজে এত আদৃত হইয়াছিল যে লোকে যে ইহার শেষের অধ্যায়ত্রয় বাদ দিয়া পুথি নকল করিবে তাহা সম্ভব নহে। সেইজন্য অম্বিকাচরণ বেন্দারি-কর্তৃক প্রকাশিত শ্রীচৈতন্যভাগবতের পরিশিষ্ট বলিয়া কথিত অধ্যায়ত্রেয়কে অক্তরিম বলিয়া গ্রহণ করা যায় না।

সে যাহা হউক, ক্রম-অন্নসারে যেখানে শ্রীচৈতত্যের দাক্ষিণাত্য-শ্রমণ, বৃদ্দাবন-গমন ও বারাণদীতে উপস্থিতি বর্ণনা করা উচিত ছিল দে-দব স্থানে বৃদ্দাবনদাস কোন প্রকার বিবরণ লিপিবদ্ধ করেন নাই। হয়ত কবির ভাবাবেশে এরপ ঘটিয়াছে; কিন্তু অধিকতর সন্তাব্য অন্নমান যে তিনি নিত্যানন্দ প্রভ্র নিকট এ-দব কথা শুনেন নাই বলিয়াই কিছু লেখেন নাই। শেষোক্ত অন্নমান যদি যথার্থ বিবেচিত হয়, তাহা হইলে বলিতে হইবে যে কবি বিশিষ্ট সাক্ষীর নিকট না শুনিলে কোন ঘটনা লিখিতে রাজী ছিলেন না।

বিশিষ্ট সাক্ষীর নিকট না শুনিলে কোন ঘটনা লিখিতে রাজী ছিলেন না।

The four causes due to which events narrated in the book were not always historical.

বৃন্দাবনদাসের বর্ণনার ঐতিহাসিক মূল্য কিন্তু চারটি কারণে কিছু ক্ষ্ম

হইয়াছে। প্রথমতঃ, তিনি নিত্যানন্দের ভাবে অন্প্রপাণিত হইয়া ঐতৈচতগুলীলা

বর্ণনা করিয়াছেন। প্রত্যেক জীবনচরিত-লেখক নিজের অজ্ঞাতসারে আলোচ্য

জীবনীতে ব্যক্তিগৃত আদর্শের ছায়াপাত করেন। নিজের ব্যক্তিত্বকে সম্পূর্ণরূপে

বিলুপ্ত করিয়া নৈর্ব্যক্তিক-ভাবে জীবনী লেখা এই বৈজ্ঞানিক যুগেও সম্ভবপর

হয় নাই। যোড়শ শতান্দীতে এরূপ রচনার কল্পনা কাহারও মনে উদিত হয় নাই।

নিত্যানন্দের চরিত্রে উদ্দামতার একটি ধারা বিভ্যমান ছিল। নিত্যানন্দ-ভক্ত

বুন্দাবনদাসের লেখায় ঐতিচতগ্রের চরিত্রে সেই উদ্দামতা কিছু সংক্রামিত হইয়াছে

মনে হয়। তুইটি উদাহরণ দিতেছি। অহৈত ভক্তি হইতে জ্ঞানকে বড় বলায়

পিঁড়া হৈতে অদৈতেরে ধরিয়া আনিয়া।

সহস্তে কিলায় প্রভূ উঠানে পাড়িয়া।—২।১৯।২৯৭

#### কাজীদলন-প্রসঙ্গে---

ভাদিলেন সব ষত বাহিরের হর।
প্রভূ বোলে অগ্নি দেহ বাড়ীর ভিতর॥
পুড়িয়া মরুক সর্বাগণের সহিতে।
সর্ববাড়ী বেঢ়ি অগ্নি দেহ চারি ভিতে॥

শ্রীচৈতন্তের সমসাময়িক অন্তান্ত চরিতকার ও পদকর্ত্বপণ যদি তাঁহার চরিত্র-বর্ণনায় অন্তর্নপ কোন ইন্ধিত করিতেন তাহা হইলে উল্লেখিত ত্বইটি বর্ণনাকে ঐতিহাদিক সত্য বলিয়া মানিয়া লইতাম। কিন্তু শ্রীচৈতন্তের চরিত্রের সঙ্গে ঐরূপ ঘটনার এতই গভীর বিরোধ যে উহাকে বৃন্দাবনদাসের ব্যক্তিগত আদর্শের ছাপ বলিয়া ধরিয়া লওয়াই অধিকতর সঙ্গত।

প্রীচৈতত্যভাগবতের ঐতিহাসিক মূল্য আর একটি কারণে ক্ষুণ্ণ হইয়াছে। বুন্দাবন্দাস যথন গ্রন্থ-রচনায় প্রবৃত্ত হয়েন, তথন প্রীচেতত্যের সহিত প্রীক্তক্ষের অভিন্নত্ব দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হইয়াছিল। কবি নিমাইকে ক্রফ্রুপে স্বীকার করিয়া লইয়া বাল্যলীলা বর্ণনা করিয়াছেন। সন্ন্যাসী প্রীচেতত্য সহস্র সহস্র লোকের নিকট পরিচিত—তাঁহার সন্ন্যাস-জীবনের ভাব ও ঘটনা-সম্বন্ধে সমসাময়িক অনেক ব্যক্তিই অল্লাধিক খবর রাখিতেন; ঐ সময়ে তাঁহার বহিরক্ষ জীবনের কোন কোন ঘটনার সহিত প্রীমন্তাগবত-বর্ণিত প্রীক্তক্ষ-লীলার সাদৃশ্য পাওয়া কঠিন। ভাবের দিক্ দিয়া দেখিতে গেলে বিরহ-কাতরা প্রীরাধার সহিত প্রীচৈতত্যের সাদৃশ্য স্বন্দাই। এই হিসাবে স্কর্মপ-দামোদর যে প্রকারে প্রীচৈতত্যের তত্ব নিরূপণ করিয়াছিলেন এবং বৃন্দাবনের গোস্বামিগণের রচিত সাহিত্যে যাহা প্রচারিত হইয়াছিল তাহার সহিত ঐতিহাসিক শ্রীচৈতত্যের অনেকটা মিল আছে। বুন্দাবনদাসও ত্ই-এক স্থলে শ্রীচৈতত্যের জীবনে গোপীদের বিরহ ফুটাইয়া তুলিয়াছেন। যেমন গয়া হইতে প্রত্যাগত বিশ্বস্তর মিশ্র গোপীভাবে বিভোর হইয়া বলিতেছেন—

প্রভূ বোলে দফা ক্বফ কোন্ জন ভজে।
কৃতত্ব হইয়া বলি মারে দোষ বিনে।
স্ত্রীজিত হইয়া কাটে স্ত্রীর নাক-কাণে।

সর্বান্ধ লইয়া 'বলি' পাঠায় পাতালে। কি হইবে আমার ভাহার নাম লৈলে॥—২।২৫।৩৫৩

এই অংশ শ্রীমন্তাগবতের ভ্রমরগীতার একটি লোকের (১০।৪৭।১৫) ভাবামুবাদ।
কিন্তু গয়াগমনের পূর্বে বিশ্বস্তর মিশ্রের জীবনী বৃন্দাবনদাস রুঞ্জীলার
ছাচে ঢালিয়া বর্ণনা করিয়াছেন। ঐ সময়ে নিত্যানন্দের সহিত বিশ্বস্তরের
সাক্ষাৎকার ঘটে নাই। বিশ্বস্তরের ভবিগ্রৎ গ্যাতি এবং অলৌকিক প্রেমভাবপ্রকাশের কথা তথন কেহ বৃঝিয়া তাঁহার জীবনের খুঁটিনাটি ঘটনা লিখিয়া
রাখেন নাই নিশ্চয়ই; যাঁহারা বালক বিশ্বস্তরকে জানিতেন তাঁহাদের মধ্যে
মাত্র মুরারি গুপ্ত শ্রীচৈতন্তের জীবনী লিখিয়াছেন। ম্রারির শ্রীকৃঞ্চচৈতন্তাচরিতের" সহিত বৃন্দাবনদাসের শ্রীচৈতন্তভাগবতে বর্ণিত আদি বা বাল্য
লীলার তুলনামূলক বিচার করিলে দেখা যাইবে যে কি করিয়া বিশ্বস্তরের
জীবনীতে শ্রীকৃঞ্জলীলার ছাপ পড়িতেছে।

এই তুলনামূলক বিচারের প্রথমেই বলা প্রয়োজন যে মুরারি গুপ্তের গ্রন্থে বিশ্বস্তারের বাল্যলীলা-বর্ণনা-উপলক্ষে শ্রীকৃষ্ণলীলার সহিত তুলনার যে ইঙ্গিত আছে বুন্দাবনদাস তাহাই বিস্তৃত করিয়া বলিয়াছেন। একটি উদাহরণ দেওয়া যাইতেছে। মুরারি লিথিয়াছেন—

তীর্থভ্রমণশীলস্থ বিজস্থারং জনার্দ্দনঃ। ভূক্তা তং স্মরয়ামাস নন্দগেহ-কুতৃহলম্॥—১।৬৮৮

বৃন্দাবনদাস মুরারির এই একটি শ্লোকের ঘটনা লইয়া আদিখণ্ডের তৃতীয় অধ্যায়ের ৩৪ হইতে ৪৯ পৃষ্ঠা পর্যান্ত লিখিয়াছেন। তৈথিক ত্রাহ্মণের অন্ন খাওয়ায় যথন নারীরা নিমাইকে বলিলেন—

কোথাকার ব্রাহ্মণ কোন্ কুল কেবা চিনে। তার ভাত খাই জাতি রাথিব কেমনে॥

তাহার উত্তরে-

হাসিয়া কহেন প্রভূ আমি যে গোয়াল। ব্রাহ্মণের অন্নে কি গোপের জাতি যায়ে।

তৃতীয় বাব ব্রাহ্মণের অন্ন নষ্ট করার পর নিমাই তাঁহার নিকট উপস্থিত হইয়। বলিলেন— আর জন্মে এইরূপ নন্দগৃহে আমি। দেখা দিলাঙ তোমারে না শ্বর তাহা তুমি॥—১।৩।৩৯

এই পয়ারটি মুরাবির পূর্কোদ্ধত শ্লোকের ভাবান্থবাদ। কিন্তু ইহার পরই বৃন্দাবনদাদের নিমাই বলিতেছেন—

যাবত থাকয়ে মোর এই অবতার।
তাবত কহিলে কারে করিব সংহার॥
সঙ্কীর্ত্তন আরম্ভে আমার অবতার।
করাইম্ সর্কদেশে কীর্ত্তন-প্রচার॥
ব্রন্ধাদি যে প্রেমভক্তিযোগ বাস্থা করে।
তাহা বিলাইম্ সর্কা প্রতি ঘরে ঘরে॥
কথোদিন থাক তৃমি অনেক দেখিবা।
এ সব আখ্যান এবে কারো না কহিবা॥—১।৩।৩২

মুরারির নিমাই কদাচিৎ ভাবাবেশে নিজেকে ঈশ্বর বলিয়া ঘোষণা করেন, আর বুন্দাবনদাসের নিমাই শিশুকাল হইতেই লীলার উদ্দেশ্য কোন কোন ভক্তকে—যথা তৈথিক ব্রাহ্মণকে, পরাভূত দিখিজয়ীকে (১।১০।১০০) ও তপন মিশ্রকে (১।১০।১০৬)—বলিয়াছিলেন।

মুরারি গুপ্ত বিশ্বস্তরকে শিশুকাল হইতেই বৈফবরূপে অন্ধন করেন নাই। বুন্দাবনদাস লিখিয়াছেন—

- (ক) যত যত প্রবোধ করেন নারীগণ।
  প্রভু পুনঃ পুনঃ করি করয়ে রোদন॥
  হরি হরি বলি যদি ডাকে সর্কজনে।
  তবে প্রভু হাদি চান শ্রীচন্দ্রবদনে॥—১।৩।২৯
- (খ) নামকরণ-সময়ে—

সকল ছাড়িয়া প্রভূ শ্রীশচীনন্দন। ভাগবত ধরিয়া দিলেন আলিক্ষন ॥—১।৩।৩১

(গ) দিন তুই তিনে লিখিলেন সর্ব্ব ফলা।
নিরস্তর লিখেন ক্ষের নামমালা॥—১।৪।৪০

কৰি বিশ্বস্তবকে বাল্যকাল হইতেই এইরূপ ভক্ত করিয়া অন্ধন করা সত্তেও তিনি বৈষ্ণবদের মুখ দিয়া আক্ষেপ করাইয়াছেন—

হেন দিব্যশরীরে না হয় রুষ্ণ রস।
কি করিব বিভায় হইলে কাল-বশ॥—১।৭।৭৭
মান্ত্রের এমন পাণ্ডিত্য দেখি নাই।

ক্লফ না ভজেন সবে এই দুঃথ পাই॥—১।৮।৮৩

পূর্ব্বে উদ্ধৃত তিনটি বর্ণনার সহিত উল্লিখিত তুইটি উক্তির সামঞ্জু করা কঠিন। মুরারি ও কবিকর্ণপূর বলেন না যে গয়া হইতে প্রত্যাগমনের পূর্বে বিশ্বভারের ভক্তির কোন লক্ষণ দেখা গিয়াছিল। সেইজ্যু মনে হয় যে বুলাবনদাস ভক্তিভাবের আতিশ্যাবশতঃ শিশু নিমাইকে ভক্তরূপে অন্ধন করিয়াছেন।

প্রীচৈতগ্রভাগবতের ঐতিহাসিক মূল্য ক্ষা হইবার তৃতীয় কারণ ক্রমভঙ্গ দোষ। কবি নিজেই বলিয়াছেন—

এ সব কথার নাহি জানি অত্তর্ক্ষম।

যে তে মতে গাই মাত্র ক্ষেত্র বিক্রম।—২।১৯।৩০২

এ সব কথার অত্যক্রম নাহি জানি।

যে তে মতে চৈত্যের বল সে বাথানি॥—৩।৫।৪৪৪

এইরপ ক্রমভঙ্গ হইবার কারণ এই যে কবি ঐতিহাসিক পারম্পর্য্য বা ক্রমের দিকে দৃষ্টি রাখিবার প্রয়োজন বোধ করেন নাই। তাঁহার নিকট প্রত্যেকটি লীলাই নিত্য। আর কালের যে বোধ ঐতিহাসিকের ঘটনা-বর্ণনার ভিত্তি, তাহা ভক্ত-কবির নিকট অসমগ্র দৃষ্টির পরিচায়ক। কবি বলেন—

বংসরেক নাম মাত্র কত যুগ গেল।

চৈতন্ত্র-আনন্দে কেহ কিছু না জানিল।

যেন মহারাস-ক্রীড়া কত যুগ গেল।

তিলার্দ্ধেক হেন সব গোপিকা জানিল॥—২।৮।২১৬

শ্রীচৈতগ্রভাগবতের ক্রমভঙ্গের কয়েকটি উদাহরণ দিতেছি। পূর্ব্বেই বলিয়াছি যে তিনি স্কোকারে প্রভুর দক্ষিণদেশ-গমন ও মণ্রা, বারাণদী ভ্রমণ উল্লেখ করিলেও গ্রন্থমধ্যে ঐ ঘটনাগুলি একেবারে ছাড়িয়া দিয়াছেন। ম্রারি গুপ্ত কড়চায় বলিয়াছেন যে তিনি নবদীপে শ্রীবাসের অঙ্গনে রামাষ্টক পাঠ করিয়াছিলেন (২০০)। বৃন্দাবনদাস লিথিয়াছেন যে শ্রীচৈতক্ত যখন নীলাচল হইতে গৌড়ে আগমন করেন, তখন শান্তিপুরে অদ্বৈতগৃহে ম্রারি রামন্তব পাঠ করিয়াছিলেন (৩৪)। শ্রীচৈতক্তভাগবতে বণিত লৌকিক ঘটনা প্রায়শঃই ঐতিহাসিক বটে, কিন্তু ঐ গ্রন্থকে অবলম্বন করিয়া শ্রীচৈতক্তের জীবনীর ঘটনার ক্রমনির্ণয় করা নিরাপদ্নহে।

ইতিহাস-হিসাবে ঐতিতত্তভাগবতের চতুর্থ দোষ কবির বর্ণনায় পৌরাণিক রীতির অবলমন। জগাই-মাধাইয়ের উদ্ধার-কাহিনী লিখিবার পর বৃন্দাবনদাস যম-চিত্রগুপ্ত-সংবাদ লিখিয়াছেন (২।১৪)। যম ঐতিচতত্তার মহিমা দেখিয়া নৃত্য করিতে লাগিলেন। দেবগণও তাঁহার সঙ্গে নৃত্য করিলেন।

## Murari Gupta and Vrindavandas মুরারি গুপ্ত ও বৃন্দাবনদাস

শ্রীচৈতন্তের নবদীপ-লীলার অনেক ঘটনা বৃন্দাবনদাস মুরারির গ্রন্থ হইতে সংগ্রহ করিয়াছেন। কিন্তু তিনি লোচনের তায় মুরারির গ্রন্থ সামনে রাথিয়া অন্থবাদ করেন নাই। মুরারি থেমন ভাবে শ্রীচৈতত্তের জীবনীকে বিভক্ত করিয়াছেন, বৃন্দাবনদাসও অনেকটা তেমনি করিয়াছেন। গয়৷ হইতে প্রত্যাবর্ত্তন পর্যান্ত মুরারির প্রথম প্রক্রম, বৃন্দাবনদাসের আদিগগু । মুরারির দিতীয় প্রক্রমেও বৃন্দাবনদাসের মধ্যগণ্ডে গয়৷ হইতে প্রত্যাবর্ত্তন ও নবদ্বীপে ভাব-প্রকাশ। মুরারির তৃতীয় প্রক্রমের ঘটনা লইয়া শ্রীচৈতত্তভাগবত্তের অন্ত্যগগু লিখিত হইয়াছে। মুরারির চতুর্থ প্রক্রমে শ্রীচৈতত্তের বৃন্দাবন-দর্শন। বৃন্দাবনদাস উহা বাদ দিয়াছেন। মুরারি-কর্তৃক লিখিত ঘটনাগুলিকে বৃন্দাবনদাস নিজের ভারের রসে মজাইয়া মৌলিকরূপে বর্ণনা করিয়াছেন। আক্ষরিক অন্থ্রাদকে ভারের রসে মজাইয়া মৌলিকরূপে বর্ণনা করিয়াছেন। আক্ষরিক অন্থ্রাদকে তিনি বিশেষ প্রীতির চোখে দেখিতেন না। শ্রীমন্ত্রাগবতের যে-সকল শ্লোক তিনি উদ্ধার করিয়াছেন তাহার অন্থ্রাদেও তাহার এই স্বাধীন রীতির পরিচয় পাওয়া যায়; যথা—শ্রীমন্ত্রাগবত ১০০২।০৭-এর সহিত শ্রীচৈতত্তভাগবতের হা১৮৮৬ তুলনীয়।

ম্রারি গুপ্তের রামাইকের ছইটি শ্লোক বৃন্দাবনদাস উদ্ধার করিয়াছেন। উহার অসুবাদেও এইরূপ স্বাধীনতা দেখা যায়। শ্রীচৈতগুভাগবতে ম্রারির অগু কোন শ্লোক উদ্ধৃত না হইলেও বৃন্দাবনদাস নিম্লিখিত ঘটনাগুলি ম্রারির গ্রন্থ হইতে লইয়াছিলেন মনে হয়। নিমে ঘটনাটি উল্লেখ করিয়া প্রথমে শ্রীচৈতগ্রভাগবতের, পরে ম্রারির ও শেষে কবিকর্ণপ্রের মহাকাব্যের অধ্যায় ও শ্লোকাদির নির্দেশ করিতেছি। ইহাতে প্রমাণিত হইবে যে ঐ ঘটনাগুলি শ্রীচৈতগ্রের জীবনে শত্যই ঘটিয়াছিল। ( মৃ. = ম্রারির কড়চা, ভা. = শ্রীচৈতগ্র-ভাগবত, ক. = কবিকর্ণপ্রের মহাকাব্য)

Historically correct events as mentioned in Gri Chaitanyabhagavat
(১) উচ্ছিষ্ট ইাড়ির উপর ঐতিচতত্ত্তের উপবেশন এবং তদবস্থায় শচীমাতার
প্রতি দ্বাত্তেয়ভাবে তকোপদেশ—

মু. ১।৬।১৩-২১, ভা. ১।৫।৫৩, ক. ২।৭০-৭৬

(২) জগরাথ মিশ্রের গৃহে শিশু নিমাইয়ের গমন-সময়ে নৃপুর-ধ্বনি—
মৃ. ১।৬।৩৪-৩৫, ভা. ১।৩।৩৩, ২৮৭-৮৯; বৃন্দাবনদাস নৃপুরধ্বনি শোনার
কথা বলিয়াই ক্ষান্ত হন নাই, নিমাইয়ের ভগবতার চাক্ষ্য প্রমাণও দিয়াছেন—

সব গৃহে দেখে অপরূপ পদচিহ্ন। ধ্বজবজ্র পতাকা অঙ্কুশ ভিন্ন ভিন্ন॥—১।৩।৩৩

মুরারি বা কবিকর্ণপুর এরপ চিহ্নের কথা লেখেন নাই।

(৩) লক্ষীর সহিত বিবাহের প্রস্তাব— মু. ১১৯, ভা. ১১৭, ক. ৩৫-৪৪

এই ঘটনাটির বর্ণনায় বৃন্দাবনদাস মুরারির লেখার অহুবাদ করিয়াছেন; যথা—

এবম্কে ততঃ প্রাহাচার্যাঃ শৃণু বচো মম ॥
মিশ্রঃ পুরন্দর-স্তঃ শ্রীবিশ্বস্তর-পণ্ডিতঃ ॥
স এব তব কলায়া যোগ্যং সদ্গুণসংশ্রয়ঃ ।
পতিন্তেন বদাম্যত্ম দেহি তথ্যৈ স্থতাং শুভাম্ ॥
তচ্ছ ুমা বচনং তহ্য মিশ্রঃ কার্যাং বিচার্যা চ ।
উবাচ শ্রম্বতাং ভাগ্যবশাদেতদ্ববিশ্বতি ॥
ময়া ধনবিহীনেন কিঞ্চিদাত্বং ন শক্যতে ।
কল্যকৈব প্রদাতব্যা তত্রাজ্ঞাং কর্ত্ব্রুহিসি ॥

বৃন্দাবনদাস-

আচার্য্য বোলেন শুন আমার বচন। ক্যা-বিবাহের এক কর স্থলগন॥ মিশ্র পুরন্দর-পুত্র নাম বিশ্বস্তর।
পরম পণ্ডিত সর্বপ্তণের সাগর॥
তোমার কন্সার যোগ্য সেই মহাশয়।
কহিলাম এই কর যদি চিত্তে লয়॥
শুনিয়া বল্লভাচার্য্য বোলেন হরিষে।
সে হেন কন্সার পতি মিলে ভাগ্যবশে॥

সবে এক বচন বলিতে লজ্জা পাই।
আমি সে নির্ধন, কিছু দিতে শক্তি নাই॥
কন্যামাত্র দিব পঞ্চ হরীতকী দিয়া।
এই আজ্ঞা সবে তুমি আনিবে মাগিয়া॥

## (৪) পূর্ববঙ্গ-ভ্রমণ-

মৃ. ১।১১।৫-১৬, ভা. ১।১০।১০৩, ক. ৩৮২-৯৫
মুরারি বলেন, বিশ্বস্থর "ধনার্থং প্রথযো দিশি" (১।১১।৫)। বুন্দাবনদাস
ভগবানের এরপ উদ্দেশ্যে গমন স্বীকার করিতে চাহেন না। তিনি বলেন—

তবে কথো দিনে ইচ্ছাময় ভগবান্। বঙ্গদেশ দেখিতে হইল ইচ্ছা তান॥

মুরারি গুপ্ত শ্রীচৈতত্যের সহিত এক টোলে পড়িতেন। শ্রীচৈতত্য ব্যাকরণের কোন টিপ্পনী লিখিলে তিনি তাহা উল্লেখ করিতেন, ঐ টিপ্পনী ভক্তগণ সাদরে রক্ষা করিতেন এবং আমরা উহা দেখিতে পাইতাম। বঙ্গ-ভ্রমণ-উপলক্ষে মুরারি ও কবিকর্ণপূর শ্রীচৈতত্যের কোন টিপ্পনীর পঠন-পাঠনের উল্লেখ করেন নাই। অথচ বৃন্দাবনদাস লিখিতেছেন যে বঙ্গদেশের ব্রাহ্মণেরা আসিয়া বিশ্বস্তরকে বলিলেন—

উদ্দেশে আমরা সভে তোমার টিগ্পনী। লই পঢ়ি পঢ়াই শুনহ দ্বিজমণি॥

(৫) ঈশ্বরপুরীর নিকট বিশ্বস্তারের দীক্ষা-গ্রহণ—
মৃ. ১৷১৫, ভা. ১৷১২, ক. ৪৷৫৬-৬৮

বৃন্দাবনদাস বিশ্বস্তারের দীক্ষা-প্রার্থনাটিতে ম্রারির আক্ষরিক অহবাদ করিয়াছেন।

- (৬) ম্রারি-গৃহে বরাহ-ভাব-প্রকাশ—
  মৃ. ২।২।১১-২৬, ভা. ২।৩।১৭২, ক. ৫।১৫-২১
  বৃন্দাবনদাস এই প্রসঙ্গে বিশ্বস্থারের ক্ষুর-প্রকাশের অলৌকিক কাহিনী অবতারণা
  করিয়াছেন।
  - ( ৭ ) শ্রীবাদের প্রতি বিশ্বস্তারের রূপা— মু. ২৷৩৷১-৪, ভা. ২৷১৩৷২৬২
  - (৮) শুক্লাম্বর ব্রহ্মচারীর প্রতি রুপা— মৃ. ২৷৩৷৫-৯, ভা. ২৷১৬৷২৭৫, ক. ৬৮/১১
  - ( ৯ ) মহা-অভিষেক ও একাদশ-প্রহরিয়া ভাব—
    মৃ. ২৷১২৷২-১৭, ভা. ২৷৯৷২১৮
  - (১০) মুরারির রামস্তব ও রুপা-লাভ—
    মু. ২াণা৭-২৫, ভা. ২া১০া২২৮ ও ৩া৪া৪৩৫, ক. ৬৯৯-১১০
  - (১১) নিত্যানন্দের পাদোদক পান—
    মৃ. ২৷১০৷২০-২১, ভা. ২৷১২৷২৪৬, ক. ৭৷৬৮-৬৯
  - (১২) শিবের গায়নের প্রতি রূপা— মু. ২।১১।১৪-২০, ভা. ২।৮।২০৮, ক. ৭।৮৬-৯০
  - (১৩) বিশ্বস্থারের বলভদ্র-ভাবে মগ্য চাওয়া ও গঙ্গাজল থাইয়া মত্ত হওয়া—

মু. ২।১৪।১-২৬, ভা. ২।৩।১৭৭ ও ২।৫।১৮৪, ক. ৮।১৯-৫०

(১৪) অভিনয়—

মৃ. ২।১৫।৭-১৯, ২।১৬।১-২৩ ও ২।১৭।১-৩, ভা. ২।১৮।২৮২ প্রভৃতি, ক. ১১।২-৩৮

এই তালিকায় সর্বজনবিদিত ঘটনা-হিসাবে বিশ্বস্তবের জন্ম, বিবাহ, গ্যামাত্রা, সন্মাস-গ্রহণ প্রভৃতি ঘটনার উল্লেখ করিলাম না। কয়েকটি ঘটনা মুরারি লিখিলেও বুন্দাবনদাস বাদ দিয়াছেন; যথা—শিশু নিমাই অশুচিষ্থানে বিসমা মাকে থাপরা ছুড়িয়া প্রহার করিলেন। বুন্দাবনদাস এই ঘটনাকে অশ্বীকার করিয়া লিখিয়াছেন:—

Historical events not accepted / written in Sri Chaitanyabhagavat

ধর্ম-সংস্থাপক প্রভু ধর্ম-সনাতন।
 জননীরে হস্ত নাহি তোলেন কথন॥—১।৩।৬॰

ম্বারি গুপ্ত বিশস্তরের প্রথম আবেশের কথা (১)৭।১৯-২৫) লিখিয়া কেন আবেশ হয় তাহা বলিয়াছেন। তাঁহার উক্তি যুক্তির উপর প্রতিষ্ঠিত। কিন্তু বৃদ্ধাবনদাসের নিমাই জন্মকাল হইতেই সজ্ঞানে বিভৃতিপ্রকাশে তৎপর; স্থতরাং এইরূপ আবেশের কথা উল্লেখ করার কোন প্রয়োজন তিনি দেখেন নাই।

বৃন্দাবনদাস বিশ্বস্তারের মহিম। ও অলোকিক ঐশ্বর্যান্তোতক এমন কতকগুলি ঘটনা সর্ব্বপ্রথমে বর্ণনা করিয়াছেন, যেগুলির সত্যতা বিশেষভাবে পরীক্ষা করিয়া লওয়া প্রয়োজন।

পরীক্ষা করিয়া লওয়া প্রয়োজন।
Events narrated in Sri Chaitanyabhagabavat need further critical examination
(১) (ক) চৌরন্বয়ের বৃত্তান্ত; (খ) ঘরে কিছুই সমল নাই—মাতার
নুখে এই কথা শুনিয়া মাতৃহন্তে তৃই তোলা স্বর্ণদান—

যেই মাত্র সম্বল সক্ষোচ হয় ঘরে। সেই এই মত সোণা আনে বাবে বাবে ⊪—পৃ. ৬১

- (গ) শ্রীবাদের মৃত পুত্রের সহিত বিশ্বস্তারের কথোপকথন (পৃ. ৩৪৭)। এই তিনটি ঘটনার অলোকিকত্ব এত বেশী যে সেগুলি বিশ্বাস করা কঠিন। বিতীয়তঃ, এরূপ অলোকিক ঘটনা ঘটলে প্রত্যক্ষদর্শী মুরারি নীরব থাকিবেন কেন? যোগবিভৃতি প্রকাশ করিয়া সোণা আনার সঙ্গে বিশ্বস্তারের উন্নত-চরিত্রের সামগ্রস্থা নাই।
- (২) ম্রারি গুপ্ত প্রেমবশে শ্রীচৈতন্মের উদ্দেশে আয় নিবেদন করিলেন; তাহা খাইয়া শ্রীচৈতন্মের অজীর্ণ হইল ও ম্রারির জল খাইয়া অজীর্ণ সারিল। ম্রারি গরুড়-ভাবে চতুর্জ বিশ্বস্তরকে স্কন্ধে করিলেন। এই তুইটি ঘটনা বৃন্দাবনদাস বর্ণনা করিয়াছেন (২।২০।৩০৫-৬)। ম্রারির জীবনে এমন অভুত অভিজ্ঞতা ঘটলে তিনি নিশ্চয়ই উহা উল্লেখ করিতেন।

(৩) দিখিজয়ি-পরাভব-প্রসঙ্গে (১।৯ অধ্যায়) বৃন্দাবনদাস লিখিতেছেন যে একজন দিখিজয়ী পণ্ডিত সমগ্র ভারতের পণ্ডিতদিগকে হারাইয়া দিয়া নবদীপে আসিলেন। নবদীপের পণ্ডিতের। ভয়ে অস্থির! বিশ্বস্তর মিশ্র গোপনে তাঁহাকে পরাজিত করিলেন; গোপনে পরাজয়ের উদ্দেশ্য এই ষে সভা-মধ্যে জয় যদি করিয়ে ইহারে। মৃততুল্য হইবেক সংসার-ভিতরে॥

কিন্তু গঙ্গাতীরে যখন দিখিজয়ী গঙ্গার মহিমা বর্ণনা করিতে লাগিলেন, তথন

সহস্র সহস্র যত প্রভুর শিশুগণ। অবাক্য হইলা সভে শুনিঞা বর্ণন॥

প্রভূ দিখিজয়ীর শব্দালকারের দোষ ধরিলেন। পরাজিত হইবার পর রাত্তিকালে দিখিজয়ী স্বপ্নে সরস্বতীর নিকট শুনিলেন যে বিশ্বস্তর স্বয়ং ভগবান্। পর দিন দিখিজয়ী বিশ্বস্তরের নিকট আত্মসমর্পণ করিলেন। বিশ্বস্তর তাঁহাকে কুপা করিলেন ও বলিলেন—

যে কিছু তোমারে কহিলেন সরস্বতী।
তাহা পাছে বিপ্র আর কহ কাহা প্রতি॥
বেদ গুহু কহিলে হয় পরমায়ু ক্ষয়।
পরলোকে তার মন্দ জানিহ নিশ্চয়॥

### দিখিজয়ী তারপর

হস্তী ঘোড়া দোলা ধন যতেক সন্থার। পাত্রসাৎ করিয়া সর্ক্রম্ব আপনার॥

#### নিঃসঙ্গতাবে চলিয়া গেলেন।

দিখিজয়ী জিনিলেন শ্রীগোরস্করে। ভানিলেন ইহা সব নদীয়া নগরে॥ সকল লোকে হৈল মহাশ্চর্য্য জ্ঞান। নিমাই পণ্ডিত হয় বড় বিভাবান্॥

ঘটনাটির বর্ণনার মধ্যে পরস্পর-বিরোধী অনেক উক্তি আছে। প্রভুর আদেশে বিষিজ্ঞয়ী যদি স্বপ্ন-বৃত্তান্ত কাহাকেও না বলিয়া থাকেন, তবে বৃন্দাবনদাস উহা জানিলেন কিরপে? প্রীচৈতন্ত যদি গোপনে দিখিজয়ীর গর্ব চুর্ণ করিবার সহল করিয়া থাকেন, তাহা হইলে নদীয়ার সকল লোকে দিখিজয়ি-পরাভবের কথা শুনিলেন কিরপে ? হাতী, ঘোড়া বিলাইয়া দেওয়া হইল, নবদীপে

সোরগোল পড়িয়া গেল, অথচ ম্বারি গুপ্ত বা সমসাময়িক কোন পদকর্ছা তাহা জানিলেন না। জানিয়াও কি তাঁহারা প্রভুর এ হেন গোরব-কাহিনী-সম্বন্ধে নীরব রহিলেন? কবিকর্ণপূর ১৫৪২ খ্রীষ্টাব্দে যখন শ্রীচৈতক্মচরিতামৃত মহাকাব্য লেখেন তখনও কি তাঁহার পিতা শিবানন্দ সেনের নিকট বা অক্য কোন ভক্তের নিকট প্রভুর অসাধারণ পাণ্ডিভ্যের এ হেন নিদর্শন-কাহিনী শুনিতে পায়েন নাই? আরও আশ্চর্য্যের কথা এই যে, অত বড় একজন পণ্ডিত পরাজিত হইয়া চলিয়া গেলেন, অথচ তাঁহার নাম বৃন্দাবনদাস কাহারও নিকট শুনিতে পাইলেন না। আমার মনে হয়, শ্রীচৈতক্যের তিরোভাবের Digvijayi parabhava has not actually happened i.e. not a historical fact পর তাঁহার সম্বন্ধে যে-সকল কিংবদন্তী প্রচলিত হয়, তাহারই একটিকে অবলম্বন করিয়া কবি এথানে দিগ্রিজয়ি-পরাভবের কাহিনী লিথিয়াছেন।

১৬১৫ খ্রীষ্টাব্দে কৃষ্ণদাস কবিরাজ এই ঘটনা-বর্ণনা-উপলক্ষে লিখিয়াছেন-

বৃন্দাবনদাস ইহা করিয়াছেন বিস্তার।
স্ফুট নাহি করে দোষ গুণের বিচার॥—চৈ. চ., ১৷১৬৷২৪

তিনি বিশদভাবে বর্ণনা করিতে যাইয়া বৃন্দাবনদাসের সহিত কয়েকটি বিষয়ে পার্থক্য আনিয়া ফেলিয়াছেন।

(ক) শ্রীচৈতগ্যভাগবতের মতে দিগ্নিজ্বয়ী প্রভূর কাছে আসিয়াই ভয় থাইয়া গেলেন।

> পরম নিঃশঙ্ক সেই দিখিজয়ী আর। তভো প্রভু দেখিয়া সাধ্বস হৈল তার॥—>৫ পু.

শ্রীচৈতক্যচরিতামৃতের মতে দিখিজয়ী প্রভূর নিকট আদিয়া দম্ভতরে তাঁহার প্রতি অবজ্ঞা প্রকাশ করিলেন।

> ব্যাকরণ পড়াহ নিমাই পণ্ডিত তোমার নাম। বাল্যশান্ত্রে লোকে তোমার কহে গুণগ্রাম ॥—হৈ. চ., ১।১৬।২৮

#### (খ) শ্রীচৈতগ্রভাগবতে—

এই মত প্রহর খানেক দিখিজয়ী। পড়ে জ্রুত বর্ণনা তথাপি অস্ত নাহি॥

চবিতামতে—"ঘটা একে শত প্লোক গৰার বর্ণিলা।"

- (গ) শ্রীচৈতগুভাগবতে আছে প্রভু দিয়িজয়ীকে ব্যাখ্যা করিয়া ঘাইতে বলিলেন এবং ব্যাখ্যার দোষ ধরিলেন। চরিতামতে বিশ্বস্তরকে শ্রুতিধররূপে অঙ্কন করা হইয়াছে। এক শত শ্লোকের মধ্যে তিনি একটি নির্বাচন করিয়া লইয়া, তাহা আর্ত্তি করিয়া পাঁচটি দোষ দেখাইলেন।
- (ঘ) ঐতিচতগ্রভাগবতে কোন শ্লোকের উল্লেখ নাই; কিন্তু চরিতামৃতে "মহত্বং গঙ্গায়াঃ সতত্মিদমাভাতি নিতরাম্" শ্লোকটি আছে। ঐ শ্লোকের একটি চরণে আছে "ভবানীভর্ত্ত্রগা শির্দি বিভবত্যমুতগুণা।" এই "ভবানীভর্ত্তা"-সম্বন্ধে কুফ্দাস কবিরাজের মতে বিশ্বস্তুর বলিলেন—

ভবানী শব্দে কহে মহাদেবের গৃহিণী।
তার ভর্তা কহিলে দ্বিতীয় ভর্তা জানি॥
শিবপত্নীর ভর্তা ইহা শুনিতে বিরুদ্ধ।
বিরুদ্ধমতিকুৎ শব্দ শাস্তে নহে শুদ্ধ॥

"সাহিত্যদর্পণে" ঠিক এই দৃষ্টান্ডটি দিয়াই বিরুদ্ধমতিরং দোষ দেখান হইয়াছে; যথা—"'ভূতয়েহস্ত ভবানীলঃ' অত্র ভবানীল-শব্দো ভবান্যাঃ পত্যস্তর-প্রতীতিকারিছাদিরুদ্ধমরগময়তি" (সপ্তম পরিচ্ছেদ)। সাহিত্যদর্পণ প্রাক্তিত্ত যুগের বই। কোন দিখিজ্মী পণ্ডিতের যে সাহিত্যদর্পণের ন্তায় স্থাসিদ্ধ অলম্বারের গ্রন্থও পড়া ছিল না ইহা বিশ্বাস করা কঠিন। "গোবিন্দলীলামুতের" গ্রন্থকার রুক্ষদাস কবিরাজের পক্ষে পঞ্চদোষ-যুক্ত একটি শ্লোক রচনা করিয়া দেওয়া কিছুই কঠিন নহে।

শ্রীচৈতন্মচরিতামৃত-রচনার প্রায় এক শত বংসর পরে নরহরি চক্রবর্ত্তী "ভক্তিরত্বাকরে" এই ঘটনা বর্ণনা করিয়াছেন (হাদশ তরঙ্গ, পৃ. ৮৬১-৬৩)। তিনি শ্রীচৈতন্মচরিতামৃত অন্থসরণ না করিয়া শ্রীচৈতন্মভাগবতের বর্ণনা মানিয়া লইয়াছেন। নরহরি চক্রবর্ত্তী ঐ দিখিজয়ীর নাম স্থির করিয়াছেন কেশব কাশ্মীরী। তিনি কেশব কাশ্মীরীর গুরু-প্রণালীও উল্লেখ করিয়াছেন। কেশব কাশ্মীরী নিম্বার্ক-সম্প্রদায়ভুক্ত স্থ্রপদ্ধি বৈদান্তিক। ১৭১৩ প্রীষ্টাব্দেরচিত ভক্তমালের টীকায় প্রিয়াদাসজীও উক্ত দিখিজয়ীর নাম কেশব কাশ্মীরী বলিয়াছেন (ভক্তমাল, নয়লকিশোর প্রেস সং., পৃ. ৫৬৬-৫৭০)। গদাধর-ক্বত "সম্প্রদায় প্রদীপ" হইতে জানা যায় যে মথ্রায় বলভাচার্য্যের সহিত কেশব কাশ্মীরীর মিলন ঘটয়াছিল এবং কেশব বল্লভের ভাগবত-ব্যাখ্যা শুনিয়াছিলেন

( হরপ্রসাদ শাস্ত্রী, Catalogue of Sanskrit Mss. of the Asiatic Society of Bengal, Vol. IV, p. 102)। "চৌরাশী বৈষ্ণবন্কী বার্ত্তা" নামক বল্লভ-সম্প্রদায়ী গ্রন্থে আছে যে কেশব কাশ্মীরী বল্লভাচার্য্যের নিকট শিক্ষভাবে ভাগবত শ্রবণ করেন। "জব শ্রীভাগবতকী কথা সম্পূর্ণ ভই, তব কেশব ভট্টনে শ্রীআচার্যাজী মহাপ্রভুনসেঁ কহী জো কছু গুরুদক্ষীণা লেউ; তব শ্রীআচার্যাজী মহাপ্রভুননে কহৌ—জো হম কছু লেত নাহী; তব কেশব ভট্টনে কহ্যো জো মৈ তুমকে এক সেবক সম্পিতহো, সো মধোভট্টোজী আচার্যাজী মহাপ্রভুনকো সোপে" (চৌরাশী বৈষ্ণবন্কী বার্ত্তা, ১২২-২৩ পূ., লক্ষ্মীবেন্ধটেশ্বর প্রেস সং)। এই-সব বিবরণ দেখিয়া মনে হয় যে ষোড়শ শতাকীর ধর্ম-সম্প্রদায়গুলি কেশব ভট্টকে নিজ নিজ সম্প্রদায়ের অন্তভুক্ত করিবার জন্ম ব্যস্ত ছিল।

#### (৪) কাজী-দলন-প্রস্ক—Kaji dalan prasanga

বৃন্দাবনদাস লিথিয়াছেন যে, যে সঙ্কীর্ত্তনদল কাজীকে দলন করিতে বাহির হইয়াছিল, তাহার মধ্যে মুরারি গুপ্ত ছিলেন (২।২০)০২৫)। মুরারি গুপ্ত কিন্তু স্পষ্টভাবে কাজী-দলনের কোন ইঞ্চিত করেন নাই। তিনি শুধু লিথিয়াছেন—

Murari Gupta who was present during Harisankirtan procession in the town had not given any indication of Kaji Dalan

হরিসন্ধীর্ত্তনং কৃত্বা নগরে নগরে প্রভুঃ মেচ্ছাদীমূদ্ধারাসৌ জগতামীশ্বরো হরিঃ ॥—২।১৭।১১

কবিকর্ণপূর মহাকাব্যে অহুরূপ কোন শ্লোক লেখেন নাই বা কাজীর সহজে কোন কথা বলেন নাই।

বৃন্দাবনদাদের কাজী-দলন-বর্ণনায় আতিশয্য-দোষ দেখা যায়; যথা---

চলিলেন মহাপ্রভু নাচিতে নাচিতে। লক্ষ কোটি লোক ধায় প্রভুবে দেখিতে॥ কোটি কোটি মহাতাপ জলিতে লাগিল। চদ্রের কিরণ দর্ব্ব শরীরে হইল।

জীব মাত্র চতুভূজি হইল সকল।

না জানিল কেহ কৃষ্ণ আনন্দে বিহবল।

### কীর্ত্তনামন্দে কোন কোন ভক্ত বলিতেছেন—

ভজ বিশ্বস্তব নহে করিমূ সংহার।—-২।২৩।৩৩৩

### বুন্দাবনদাস লিথিয়াছেন-

কোধে বোলে প্রভু আরে কাজিবেটা কোথা।
বাট আন ধরিয়া কাটিয়া ফেলো মাথা॥
নির্যবন করো আজি সকল ভূবন।
পূর্বেব যেন বধ কৈলুঁ সে কাল্যবন॥
প্রাণ লঞা কোথা কাজি গেল দিয়া দার।
ঘর ভাঙ্গ ভাঙ্গ প্রভু বোলে বার বার॥ —২।২৩।৩৩৫

তাঁহার আদেশে ভক্তগণ কাজীর ঘর ভাঙ্গিলেন ও ফুলের বাগানের গাছ উপাড়িয়া ছারখার করিলেন। তারপর বিশ্বস্তর যথন বলিলেন, "অগ্নি দেহ ঘরে তোরা না করিহ ভয়," তথন ভক্তেরাই তাঁহাকে ব্ঝাইয়া-স্ঝাইয়া শাস্ত করিলেন।

> হাসে মহাপ্রভু সর্কাদাসের বচনে। হরি বলি নৃত্যুরসে চলিলা তথনে॥ —পু. ৩৩৭

#### কৃষ্ণদাস কবিরাজ বলেন-

উদ্ধৃত লোক ভাঙ্গে কাজীর ঘর পূষ্পবন।
বিস্তারি বণিলা ইহা দাস বৃন্দাবন ॥
তবে মহাপ্রভু তার দারেতে বসিলা।
ভব্যলোক পাঠাইয়া কাজীরে বোলাইলা॥
দূর হৈতে আইলা কাজী মাথা নোয়াইয়া।
কাজীরে বসাইলা প্রভু সম্মান করিয়া॥
প্রভু বোলে আমি তোমার আইলাম অভ্যাগত।
আমা দেখি দুকাইলা এ ধর্ম কি মত॥

--रेह. ह., ३१३११३७७-३७३

বৃন্দাবন্দ্রাসের মতে বিশ্বস্তর নিজে আদেশ দিয়া কাজীর ঘর-বাগান ভাঙ্গাইলেন; ক্বঞ্চাস কবিরাজ দেখিলেন এইরূপ ব্যবহার করিলে, বিশেষতঃ ঘর পুড়াইবার

আদেশ দিলে ঐচিতন্ত-চরিত্রের মহিমা ক্ষা হয়। তাই তিনি বৃন্দাবনদাসের বর্ণনাকে একটু চূণকাম করিয়া দিলেন। বিশ্বস্তুর অভ্যাগত বা অতিথিরূপে কাজীর বাড়ীতে উপস্থিত হইলে, কাজীর ঘর-পোড়ানর আদেশ দেওয়া তাঁহার পক্ষে কিছুতেই সঙ্গত হয় না।

কৃষ্ণনাস কবিরাজের মতে বিশ্বস্তারের সহিত কাজীর গোবধ লইয়া বিচার হইল। কাজী পরাজিত হইয়া স্বীকার করিলেন যে

তুমি যে কহিলে পণ্ডিত সেই সত্য হয়।
আধুনিক আমার শাস্ত্র বিচারসহ নয়॥
কল্পিত আমার শাস্ত্র আমি সব জানি।
জাতি অন্তরোধে তবু সেই শাস্ত্র মানি॥

অবশেষে কাজী-

প্রভুর চরণ ছুঁই কহে প্রিয় বাণী। তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি।

এই ক্বপা কর যে তোমাতে রহে ভক্তি।—চরিতামৃত, ১৷১৭

Murari Gupta mentioned only Nagar-Sankirtan not anything about Kaji
মুরারি গুপ্ত শুধু নগর-সন্ধীর্ত্তনের উল্লেখ করিয়াছেন—বুন্দাবনদাস নগরসন্ধীর্ত্তনের মধ্যে কাজীকে দণ্ডদানের কথা লিথিয়াছেন। কৃষ্ণদাস করিরাজ
এমন করিয়া ঘটনা বর্ণনা করিয়াছেন যে কাজীকে দণ্ডদান নহে, উদ্ধার করাই
প্রভুর নগর-সন্ধীর্ত্তনের প্রধান উদ্দেশ্য। নগর-সন্ধীর্ত্তন প্রধান উদ্দেশ্য হইলে
তাহার মধ্যে কাজীর বাড়ীতে বসিয়া বিচার-বিতর্ক করিবার অবসর ও প্রবৃত্তি
হয় না। জয়ানন্দ গ্রন্থমধ্যে কাজী-দলন বর্ণনা করেন নাই; তবে গ্রন্থের শেষে
স্থ্রাকারে বলিয়াছেন—

শিশ্বলিয়া প্রামেতে কাজীর দ্বর ভাঙ্গি। সাত প্রহরিয়া ভাবে হৈলা বড় রঙ্গী। সিম্বলিয়া গ্রাম ছাড়ি পলাইল যবন। —পৃ. ১৪৭

দিম্বলিয়া বা সিমলিয়া গ্রাম ছাড়িয়া মৃদলমানগণ অবশ্য স্থায়িভাবে প্রায়ন করেন নাই, কেন-না এখনও সেখানে মৃদলমানদের প্রাচীন সমাধি আছে ও বসবাস আছে।

আমার মনে হয় যে কোন কোন মুসলমান নগর-সন্ধীর্তনে বাধা দেওয়ায়

বিশ্বস্তব নগর-সঙ্গীর্ত্তনে বাহির হইয়াছিলেন, সঙ্গীর্ত্তন-বিরোধিগণের বাড়ীর পাশ দিয়া সজোরে কীর্ত্তন করিয়া চলিয়া গিয়াছিলেন—তাঁহার দলের কোন কোন লোক বিরোধী মুসলমানদের গাছপালা নই করিয়াছিলেন, তাহা সত্ত্বেও কীর্ত্তনের মাধুর্য্যে আরুই হইয়া বিরোধী দলের প্রধান ব্যক্তি ভক্তিধর্ম গ্রহণ করিয়াছিলেন।

# Vrindavandas on Sri Chaitanya's monastic life (Chaitanya's monastic life (Chaitanya's monastic life (Chaitanya's monastic life

বুন্দাবনদাস ঠাকুর শ্রীচৈতগ্যভাগবতের অন্ত্যপণ্ড লিখিবার সময়ে মুখ্যতঃ নিতানন প্রভুর সহিত সংশ্লিষ্ট ঘটনাগুলি লিথিয়াছেন। তাঁহার দৃষ্টি ছিল গৌড়ীয় ভক্তগণের সহিত সন্ন্যাসী শ্রীচৈতত্ত্যের সম্বন্ধ দেখানোর দিকে এবং বাংলাদেশে কি ভাবে বৈষ্ণবধর্ম প্রচারিত হইল তাহার বিবরণ লিপিবন্ধ করার দিকে। কাব্য-হিদাবে এইরপভাবে অস্তাথণ্ড লিখিলে বিষয়বস্তুর ঐক্য বজায় থাকে। আদিখতে যে বিষয়ের অবতারণা করা হইয়াছে, মধ্যথতে যাহার বিকাশ দেখানো হইয়াছে, অস্ত্যুখণ্ডে তাহারই পরিণতিমাত্র বর্ণনা করিয়া কবি কাব্যরমকে কেন্দ্রীভূত করিয়াছেন। আদিগতে ভক্তগণের নবদীপে সমাবেশ ও জনসাধারণের ভক্তিহীনত। দেখিয়া আক্ষেপ ও ভগবংক্লপার জন্ম প্রার্থনা। মধ্যখণ্ডে ভক্তগণের মধ্যে ভাবমাধুরী-শোভিত শ্রীভগবানের প্রকাশ এবং নবদীপে বিভিন্ন ভক্তের প্রতি রূপা। অস্ত্যুগণ্ডে সন্মাসী হইয়া শ্রীভগবানের দেশাস্তরে গমন; তথা হইতে আদিয়া পশ্চিম-বঙ্গে পূর্বতন ভক্তদের সহিত মিলন, নিত্যানন্দ প্রভুর ঘারা প্রচারের স্ব্যবস্থা, বিরহ-কাতর ভক্তদের সহিত নীলাচলে প্রভুর বিবিধ লীলা-বর্ণনা। বাংলাদেশের ভক্তমগুলীকে কেন্দ্র করিয়া শ্রীচৈতগ্রভাগবত লিখিত হইয়াছে। বাংলার ভক্তমণ্ডলী যেখানে মূল বিষয়, সেখানে প্রভুব দাক্ষিণাত্য-ভ্রমণ, রামানন্দের সহিত মিলন, উড়িয়। ভক্তদের শহিত ঘনিষ্ঠতা, বৃন্দাবন-গমন এবং বৃন্দাবনের বৈঞ্বমগুলীর প্রতিষ্ঠাতাদের বিস্তৃত বিবরণ দেওয়া অবাস্তর বিষয়র্কাপে গণ্য হইতে পারে। দেইজগ্রই হয়ত বুন্দাবনদাস উক্ত ঘটনাগুলি-সম্বন্ধে বিশেষ ক্ছু লেখেন নাই। ঐতিচতত্যের জীবনচরিত ও ইতিহাসের দিক্ দিয়া দেখিতে গেলে এইরূপ অমুল্লেখহেতু শ্রীচৈতমূভাগবতকে আংশিক একদেশদর্শী গ্রন্থ বলা যাইতে পারে। কিন্তু ঠিক এইজ্বাই, কাব্য-হিসাবে শ্রীচৈত্যভাগবত শ্রীচৈত্যসম্পর্কিত সংস্কৃত ও বাংলা সমস্ত গ্রন্থের মধ্যে শীর্ষস্থান অধিকার করিয়া আছে।

শ্রীচৈতন্যভাগবতের আদি ও মধ্যথতে যে-সকল ভক্তের কথা বলা হয় নাই, এমন ভক্তদের বিবরণ অস্ত্যথতে থুব অল্লই দেওয়া হইয়াছে। যাহা কিছু আছে তাহার অধিকাংশ নিত্যানন-ভক্তদের কথা। এীচৈতন্ত বিংশতিবর্ধকাল পুরীধামে অবস্থান করিলেন। সেই কালের মধ্যে বহু সহস্র লোক পুরীতে তাঁহার ভক্ত হইলেন। তাঁহাদের মধ্যে বৃন্দাবনদাস মাত্র সার্বভৌম, পরমানন্দ পুরী, দামোদরম্বরূপ, প্রত্যায় মিশ্র, প্রমানন্দ, রামানন্দ, দামোদর পণ্ডিত, শহর পণ্ডিত, ভগবান আচার্য্য (৩।৩।৪০০-৯), প্রতাপরুদ্র (৩।৫।৪৫০-৫৩), রূপ-সনাতন (৩)১০।৫০১-২) ও শিথি মাহাতীর (৩)১।৪৯৩) কথা উল্লেখ করিয়াছেন। অতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত শ্রীচৈতন্ত্র-ভাগবতের ৩৬৯ হইতে ৫২০ পৃষ্ঠায় অর্থাৎ ১৫১ পৃষ্ঠায় অস্ত্যথণ্ড ছাপা হইয়াছে। তক্সধ্যে এ-সকল ভক্তের কথা মাত্র ১৯টি পৃষ্ঠায় বর্ণিত হইয়াছে। প্রভুর নীলাচল-লীলা বর্ণনা করিবার জন্য শ্রীচৈতন্যচরিতামত লেখার প্রয়োজন ছিল। ঐ গ্রন্থের আলোচনাকালে উক্ত ভক্তদের সম্বন্ধে বুন্দাবনদাসের বর্ণনার ঐতিহাসিকতা বিচার করিব। এই স্থানে শুধু বলিয়া রাখি যে বৃন্দাবনদাস ব্রজ্মগুলের রঘুনাথদাস, গোপাল ভট্ট ও রঘুনাথ ভট্ট-সম্বন্ধে একটি কথাও বলেন নাই, এমন কি তাঁহাদিগের বন্দনা পর্যান্ত করেন নাই। নরহরি সরকার, রঘুনাথ ঠাকুর প্রভৃতি নাগরীভাবের ভক্ত-সম্বন্ধেও তিনি নীরব। উড়িয়ার সর্ব্বপ্রধান ভক্ত রায় রামানন্দের কথা তাঁহার গ্রন্থ হইতে বিশেষ কিছু জানা যায় না। জগরাথদাস, বলরামদাস, অচ্যতানন্দ, কানাই খুঁটিয়া, মাধবী দেবী প্রভৃতি উড়িয়া ভক্তদের বিষয়েও তিনি কিছু লেখেন নাই।

Visit of Goud by Sri Chaitanua by Vrindavandas

বৃন্দাবনদাস ঐতিচতত্যের গৌড়ভ্রমণ বিশেষ বিস্তারিতভাবে উল্লেখ করিয়াছেন। অস্তান্ত বর্ণনার সহিত ইহার তুলনামূলক বিচার করা যাউক। বৃন্দাবনদাস বলেন যে নীলাচলে কিছুকাল বাস করার পর ঐতিচতন্ত

> গঙ্গা প্রতি মহা অহুরাগ বাড়াইয়া। অতি শীঘ্র গৌড় দেশে আইলা চলিয়া॥ —৩।৩।৪১২

(১) তিনি দার্কভোমের ভ্রাতা বিছাবাচম্পতির গৃহে আদিলেন। তাঁহার বর্ণনা পড়িয়া মনে হয় যে নবদীপ হইতে বনজনল ভালিয়া থানিক দূর গিয়া, গঙ্গা পার হইয়া বিভাবাচস্পতির বাড়ীতে যাইতে হয়। বিভাবাচস্পতির গ্রামে বহু লোকের সংঘট্ট হইতেছে দেখিয়া "নিত্যানন্দ-আদি জনকথো সঙ্গে বৈয়া" প্রভু গোপনে কুলিয়া নগরে যাইলেন।

(২) কিন্তু কুলিয়াতেও লোকে তাঁহাকে খুঁজিয়া বাহির করিল। নবদীপ হইতে দলে দলে লোক তাঁহাকে দেখিতে আসিল।

> খেয়ারির কত বা হইল উপার্জন। কত কত হাট বা বসিল সেই ক্ষণ॥

কুলিয়াতে বৈষ্ণব-নিন্দক একজন গ্রাহ্মণকে ও বক্রেশ্বরের কুপাপ্রাপ্ত দেবানন্দ পণ্ডিতকে প্রভু কুপা করিলেন।

- (৩) কুলিয়া হইতে গদার তীরে তীরে চলিয়া তিনি গৌড়ের নিকট রামকেলি গ্রামে যাইলেন। রামকেলি গ্রাম বর্ত্তমান মালদহ জেলার ইংরাজ-বাজার হইতে প্রায় সাড়ে আট মাইল দক্ষিণে অবস্থিত। সেইথানে হুসেন শাহ বহু সহত্র ভজের সহিত শ্রীচৈতক্তকে যাইতে দেখেন। হুসেন শাহের প্রধান প্রধান কর্মচারীর মধ্যে রূপ, সনাতন, কেশব ছত্রী, শ্রীথণ্ডের মুকুল সরকার প্রভৃতি ছিলেন। প্রভূর রামকেলি-গমন-প্রসঙ্গে কিন্তু বৃন্দাবনদাস রূপ-সনাতনের সহিত সাক্ষাতের কথা উল্লেখ করেন নাই।
- (৪) শ্রীচৈততা রামকেলি হইতে মথ্রায় না যাইয়া শান্তিপুরে গমন করিলেন। তিনি শান্তিপুরে পৌছিলে লোকে শচীমাতার নিকট বলিল—

শান্তিপুরে আইলেন শ্রীগৌরস্থলর।
চল আই ঝাট আসি দেখহ সত্তর। —৩।৪।৪৬২

শচীদেবী মুরারি গুপ্ত প্রভৃতি ভক্তগণ-সঙ্গে শান্তিপুরে গেলেন এবং শ্রীচৈতক্তকে নিজের হাতে রাধিয়া থাওয়াইলেন।

> (৫) কথোদিন থাকি প্রভূ অদৈতের ঘরে। আইলা কুমারহট্ট শ্রীবাস-মন্দিরে॥ — ৩।৫।৪৪৫

কুমারহট্টের বর্ত্তমান নাম হালিসহর।

(৬) কথোদিন থাকি প্রভূ শ্রীবাসের ঘরে।
তবে গেলা পানিহাটী রাঘব-মন্দিরে। —৩।৫।৪৪৮

(৭) তবে প্রভ্ আইলেন বরাহনগরে।
মহাভাগ্যবন্ত এক ব্রাহ্মণের ঘরে॥ — ০।৫।৪৪৯
এই মত প্রতি গ্রামে গ্রামে গঙ্গাতীরে।
রহিয়া রহিয়া প্রভ্ ভক্তের মন্দিরে॥
সভারি করিয়া মনোরথ পূর্ণকাম।
পুন আইলেন প্রভু নীলাচল ধাম॥ — ০।৫।৪৫০

বৃন্দাবনদাসের এই বর্ণনার সঙ্গে মুরারি গুপ্তের বর্ণনার মোটাম্টি মিল আছে। শ্রীচৈতন্তের গৌড়-ভ্রমণ-বর্ণনার অন্তে মুরারি গুপ্ত লিখিতেছেন—

> এবং শ্রীভক্তবর্গাণাং গ্রামে গ্রামে গৃহে গৃহে। ভুক্ত্যা পীত্বা স্থ্যং কৃত্বা যযৌ শ্রীপুরুষোত্তমম্॥ —৩।১৮।২১

বুলাবনদাসের "এই মত প্রতি গ্রামে গ্রামে গঙ্গাতীরে" প্রভৃতি ইহারই অনুবাদ মনে হয়। স্করাং অনুমান করা যাইতে পারে যে বুলাবনদাস নিত্যানল প্রভুর নিকট শুনিয়া ও ম্রারি গুপ্তের বর্ণনা পড়িয়া আলোচ্য ভ্রমণ-বিবরণ লিথিয়াছেন। ম্রারি গুপ্ত বলেন যে প্রভু নীলাচল হইতে বাহির হইয়া বাচম্পতি-গৃহে আদিলেন। সেখানে নবদ্বীপের লোকের। তাঁহাকে দর্শন করিয়া পরমানললাভ করেন (৩)১৭।১৫)। তাঁহার বর্ণিত দেবানল-উদ্ধার-কাহিনীর সহিত বুলাবনদাসের বর্ণনার মিল আছে।

মুরারি গুপ্ত এবং বৃন্দাবনদাসের বর্ণনা অন্তুসরণ করিয়া জয়ানন্দ জ্রীচৈতন্তের গৌড়-ভ্রমণ লিথিয়াছেন। বেশীর ভাগ তিনি থবর দিয়াছেন যে—

> রেম্না বাঁশদা দিয়া দাঁতনে রহিলা গিয়া জলেশবে রহিল শর্কারী।

> ছাড়িয়া দেবশরণ প্রবেশিলা মনদারণ

বৰ্দ্ধমানে দিলা দ্বশন ॥ —পৃ. ১৪০

অর্থাৎ জয়ানন্দের মতে এটিচতন্ত কটক হইতে মেদিনীপুর জেলা—মন্দারণ পরগনা—বর্জমান হইয়া নবদীপে আদিলেন। বর্জমানের নিকট আমাইপুরা গ্রামে জয়ানন্দের মা রোদনীর হাতের রালা থাইয়া—

> বোদনী ভোজন করি চলিলা নদীয়া পুরী বায়ড়ায় উত্তরিলা গিয়া।

বিভাবাচম্পতির গ্রামের নাম অন্ত কোন লেখক দেন নাই। কিন্তু জয়ানন্দ বলিতেছেন যে নবদীপের অন্তর্গত বায়ড়া গ্রামে বিভাবাচম্পতির গৃহ। দেখানে মাত্র একরাত্রি তিনি বাস করিলেন। তারপর লোকের ভিড় দেখিয়া কুলিয়া গেলেন। সেখানে

উচ্চ দেখি মঞ্চ রহিলা পূর্দ্বমূথে।
অর্ধ্যুদ অর্ধ্যুদ লোক দেখে ইৎসা স্থাে ॥
বৃদ্ধ বাল্য যুবা জত নবদীপে বদে।
ধাইল অর্ধ্যুদ লোক আউদর কোণে॥
আই ঠাকুরাণী বিফুপ্রিয়া স্থলোচনা।
মুরারি গুপ্ত গোপীনাথ বৃদ্ধিমন্তথানা॥

গদার অপর পার হইতে শচী ও বিফুপ্রিয়া শ্রীচৈতত্মকে দর্শন করিলেন।

আই ঠাকুরাণী মৃচ্ছা গেল বিফুপ্রিয়া। চৈততা দেখিয়া কান্দে সকল নদীয়া॥ মায়েরে দেখিয়া প্রভু হৈল নমসার। বধু লঞা ঘরে যাহ ন হইহ গঞ্চাপার॥

বায়ড়া হইতে এটিচতত রামকেলি গেলেন; কিন্তু জয়ানন্দ রামকেলির নাম কৃষ্ণকেলি লিথিয়াছেন। প্রভুর শান্তিপুর-প্রবাদ-কাহিনী জয়ানন্দ প্রাপ্রি বৃন্দাবনদাস হইতে লইয়াছেন। শান্তিপুর হইতে কুমারহট, পানিহাটী ও বরাহনগর গমন।

এই তিনজন লেখকের বর্ণনায় শ্রীটেতত্যের ভ্রমণের যে ক্রম দেওয়া হইয়াছে তাহা কবিকর্ণপূর ও রুফদাস কবিরাজ স্বীকার করেন নাই।

কবিকর্ণপুর ঐতিতত্যচন্দ্রোদয় নাটকে লিখিয়াছেন যে প্রতাপরুদ্রের রাজ্যের উৎকলের সীমান্ত হইতে নৌকায় চড়িয়া প্রভু সর্বপ্রথমে পানিহাটী গ্রামের রাঘব পণ্ডিতের নিকট গেলেন। দেখানে একরাত্রি থাকিয়া কুমারহট্টে ঐবাসের বাড়ী গেলেন। তথা হইতে কাঞ্চনপন্নী বা কাচ্ডাপাড়ায় কবির পিতা শিবানন্দ সেনের বাড়ী গেলেন। দেখানে "মৃহূর্ত্তং স্থিত্বা" বাস্থদেব-দত্তের গৃহে। ভারপর শান্তিপুরে অবৈতের বাড়ী। তথা হইতে নৌকাতেই

"নবদীপশু পাবে কুলিয়া-নাম-গ্রামে মাধবদাস-বাট্যামুত্তীর্ণবান্। নবদীপ-লোকামুগ্রহহেতোঃ দপ্ত দিনানি তত্ত্ব স্থিতবান্।" নবদীপ হইতে গৌড়ে পুমুন এবং মথুরায় না ষাইয়া নীলাচলে প্রত্যাবর্ত্তন ( ১০১১ প্রভৃতি )।

স্থানির মহাকাব্যের বিংশসর্গে শ্রীচৈতন্তের গোড়প্রমণ-বর্ণনার সময়ে ম্রারির মতকে পরিত্যাগ করিয়া নাটকে যেমন বর্ণনা করিয়াছেন তেমনি লিখিয়াছেন। কেবল পানিহাটীতে একরাত্রি থাকার পরিবর্ত্তে ৫।৬ দিন (২০।১৩), তথা হইতে নিত্যানন্দকে নবদ্বীপে থবর দিতে পাঠান (২০।১৫), শ্রীবাদের বাড়ী ২।০ দিন, শিবানন্দের বাড়ী একরাত্রি (২০।১৮), শান্তিপুরে ৬ দিন (২০।২৪) এবং নবদ্বীপের পশ্চিম পাড়ে ৫।৬ দিন থাকিয়া (২০।৩০) পশ্চিম দিকে কোন স্থানে গমন করিলেন; পরে গঙ্গাতীরে আগমন করিলেন (২০।৩৩)।

কবিকর্ণপূর-বর্ণিত ভ্রমণক্রম অধিকতর সঙ্গত মনে হয়; কারণ ভৌগোলিক হিসাবে তাঁহার বর্ণিত পথেই আসা সহজ। উড়িয়ার সীমানা হইতে নৌকায় চড়িয়া পানিহাটী আসা স্বাভাবিক। রেনেলের ম্যাপ হইতে অহুমান হয় ষোড়শ শতান্দীতে মেদিনীপুর জেলার কাঁসাই নদীর তীরবর্তী পিছলদা হইতে পানিহাটী আসিবার জলপথ থাকা অসম্ভব ছিল না। রাস্তাঘাট-সম্বন্ধে ভাবোমত্ত নিত্যানন্দ অপেক্ষা গৌড়ীয় যাত্রিগণের পথপ্রদর্শক শিবানন্দ সেনের পুত্রের কথা অধিক নির্ভরযোগ্য। পানিহাটী হইতে বরাহনগর, হালিসহর, কাঁচড়াপাড়া হইয়া শান্তিপুরে যাওয়াই স্বাভাবিক।

কৃষণাস কবিরাজ মধ্যলীলার স্ত্র লেথার সময় বুন্দাবনদাসের ভ্রমণক্রম মানিয়া লইয়াছেন, অথচ গৌড়ভ্রমণ-বর্ণনার সময় খানিকটা কবিকর্ণপূরের ক্রম গ্রহণ করিয়া উভয় ক্রমের মধ্যে দামঞ্জন্ত-স্থাপনের চেটা করিয়াছেন। মধ্যলীলার প্রথম পরিচ্ছেদে আছে যে প্রভু প্রথমে বিভাবাচম্পতির গৃহে এবং পরে কুলিয়ায় যান (২।১।১৪০-১)। কুলিয়া হইতে রামকেলি গমন (২।১।১৫৬); রামকেলি হইতে কানাইয়ের নাটশালা (২।১।২১০) পর্যান্ত অগ্রসর হইয়া অত লোকের সঙ্গে বুন্দাবন যাইবেন না বলিয়া শান্তিপুরে আসিলেন (২।১।২১৮)। শান্তিপুর হইতে নীলাচলে ফিরিলেন। এই বর্ণনায় বৃন্দাবনদাস অহুস্ত হইয়াছে বটে, কিন্তু প্রভুর কুমারহট্ট, পানিহাটী ও বরাহনগর যাইবার কথা ইহাতে নাই।

কবিরাজ গোস্বামী মধ্যলীলার যোড়শ পরিচ্ছেদে প্রভুর গৌড়ভ্রমণ-বর্ণনার

শময় কবিকর্ণপূরকে অনুসরণ করিয়া লিথিয়াছেন যে ওড়দেশের সীমা পর্যান্ত আসার পর (২০১৬১৪৪) একজন যবন নৌকায় করিয়া

> মক্রেশ্বর তৃষ্টনদ পার করাইল। পিছলদা প্যাস্থ সেই য্বন আইল॥ — ২।১৬।১৯৬

তারপর

সেই নৌকা চড়ি প্রভু আইলা পানিহাটী।

পানিহাটী হইতে কুমারহট্র, তথা হইতে বিভাবাচস্পতির গৃহ এবং কুলিয়া হইয়া শান্তিপুর; শান্তিপুর হইতে রামকেলি। রামকেলি ও কানাইয়ের নাটশালা হইতে ফিরিয়া

> শান্তিপুরে পুন কৈল দশ দিন বাস। বিস্তারি বর্ণিয়াছেন বুন্দাবনদাস॥ — ২।১৬।২১২

কিন্তু বৃন্দাবনদাস প্রীচৈতত্তের গৌড়ভ্রমণ-বর্ণনায় প্রভুর তৃই বার শান্তিপুরে আসার কথা লেখেন নাই।

বুন্দাবনদাদের বর্ণনা পড়িয়া একটি অমীমাংসিত সমস্থার কথা মনে পড়ে। প্রীচৈতন্ত প্রথমেই যদি নীলাচল হইতে নবদীপে আসিয়া থাকেন, তবে তিনি কোন্ পথে আসিয়াছিলেন ? মদ্রেশ্বর নদ দিয়া জলপথে আসিয়া নিশ্চয়ই পানিহাটীতে নামেন নাই—কেন-না বুন্দাবনদাদের মতে প্রভূ সর্বশেষে কুমারহট্ট, পানিহাটী প্রভৃতি গমন করেন। যদি জয়ানন্দের মত অহুসরণ করিয়া ধরিয়া লওয়া যায় যে প্রভু জলেশ্বর ও দাঁতন হইয়া, মন্দারণ পরগনা এবং বর্দ্ধমানের মধ্য দিয়া নবদীপে উপস্থিত হইয়া থাকেন, তাহা হইলে অবশ্ব ম্বারি গুপ্ত ও বৃন্দাবনদাদ কেন প্রথমেই প্রীচৈতন্তের নবদীপের অপর পারে আসার কথা বলিলেন তাহার কারণ বুঝা যায়। কিছে ওড়দেশের সীমা হইতে জলপথে পানিহাটীতে না আসিয়া প্রীচৈতন্ত কি স্থলথে—অত্যন্ত ঘোরা পথে—নবদ্বীপের নিকটে আসিয়াছিলেন ? কবিকর্ণপূর ও কবিরাজ গোস্বামী প্রীচৈতন্তের স্থলপথে আসা স্বীকার করেন না।

এক দিকে কবিকর্ণপূর ও ক্লফদাস কবিরাজ, অন্ত দিকে বৃন্দাবনদাস ও জন্মানন্দের মধ্যে গৌড়-ভ্রমণ-বিষয়ে মতভেদ খুব গুরুতর নহে, কিন্তু এই সম্বন্ধে আমি যে বিস্তৃত আলোচনা করিলাম তাহার উদ্দেশ্য এই যে বাঙ্গালী লেখকেরা শ্রীচৈতন্তের বাংলাদেশ-পরিভ্রমণ-বিষয়েই যখন এক মত হইতে পারেন নাই, তখন তাঁহার দাক্ষিণাত্য-ভ্রমণ-বর্ণনায় যে তাঁহাদের মধ্যে গুরুতর মতভেদ থাকিবে তাহাতে কোন সন্দেহ নাই।

এই প্রদক্ষে সন্ন্যাসী শ্রীচৈতন্তের সহিত শচীমাতার কয় বার দেখা হইয়াছিল আলোচনা করা যাইতে পারে। ম্রারি গুপ্ত বলেন যে বৃন্দাবন হইতে ফিরিবার পথে প্রভু কুলিয়ায় আদেন। তিনি ভক্তগণের প্রার্থনায় কুলিয়া হইতে নবদ্বীপে আদেন এবং বিষ্ণুপ্রিয়া দেবীকে নিজম্র্তি-স্থাপনের অহমতি দেন। নবদ্বীপ হইতে তিনি গৌরীদাস পণ্ডিতের গৃহে অধিকা-কালনায় গমন করেন এবং তথা হইতে শান্তিপুরে যান। শান্তিপুরে শচীমাতাও গিয়া কয়েক দিন বাস করেন (৪।১৪ ও ৪।১৫ সর্গ)। লোচন এই অংশ অবলম্বন করিয়া লিখিয়াছেন—

মায়ের বচনে পুন গেলা নবদ্বীপ। বারকোণা ঘাট নিজ বাড়ীর সমীপ॥ শুক্লাম্বর ব্রহ্মচারি-ঘরে ভিক্ষা কৈল। মায়ে নমস্কারি প্রভু প্রভাতে চলিল॥

কবিকর্ণপূর, বৃন্দাবনদাস, জয়ানন্দ ও ক্লফ্দাস কবিরাজ এই লীলাটি বাদ দিয়াছেন। সন্ন্যাস-গ্রহণের পর সন্ন্যাসী একবার মাত্র জন্মস্থানে আসিতে পারেন বলিয়া লোকাচার আছে। তাহা সত্ত্বেও প্রভুর নবদ্বীপে আসায় পাছে কোন দোষ স্পর্দে ভাবিয়া কি উহারা এ ঘটনা বর্ণনা করেন নাই ?

Historical value of Sri Chaitanyabhagavat

## শ্রীচৈতগুভাগবতের ঐতিহাসিক মূল্য

বৃন্দাবনদাস ঠাকুরের রচনায় ক্রমভন্ধ, অতিশয়োক্তি ও অলোকিক ঘটনা-সংযোজনার প্রবৃত্তি থাকিলেও সমগ্রভাবে দেখিতে গেলে তাঁহার গ্রন্থ ঐতিহাসিকের নিকট বিশেষ মূল্যবান্। শ্রীচৈতগ্রচরণাশ্রিত বৈষ্ণবদের মধ্যে মতভেদ, নিত্যানন্দ প্রভূব বিবিধ কার্য্যকলাপ ও গৌড়দেশে প্রেমধর্মপ্রচারসমন্ধন্ধে তাঁহার গ্রন্থই আমাদের একমাত্র উপজীব্য। গয়াপ্রত্যাগত বিশ্বস্তরের নবদীপ-লীলার যে চিত্র বৃন্দাবনদাস ঠাকুর অন্ধন করিয়াছেন তাহা হইতে আমরা বিশ্বস্তরের ভাবজীবন-সম্বন্ধে যতটা জ্ঞানলাভ করি, তাঁহার বহিরদ্ধ জীবনের শত শত খুঁটনাটি ঘটনা যথায়থ ভাবে বর্ণনা করিলেও আমরা

তাহার শতাংশের একাংশও জানিতে পারিতাম না। রুশাবনদাসের কবিত্বশক্তি অতুলনীয়। কবির অন্তদ্ধি লইয়া তিনি শ্রীচৈতন্তের অলোকিক প্রেমের
যে আলেখ্য অন্ধন করিয়াছেন তাহা রিদকজনের পরম আদরের ধন।
ঐতিহাসিকের বহিমুখী দৃষ্টির নিকট খুটিনাটি ঘটনায় রুশাবনদাসের সামান্ত
ক্রটিবিচ্যুতি ধরা পড়িলেও, যোড়শ শতাব্দীর বাংলার ধর্ম, সমাজ ও সংস্কৃতিবিষয়ে শ্রীচৈতন্তভাগবত ঐতিহাসিক তথ্যের আকরম্বরপ।

#### 223 Chapter 8 Jayananda's Chaitanyamangal Inbtroduction of Book and

Writer

## অপ্তম অধ্যায়

## জয়ানন্দের চৈতন্যমঙ্গল

## গ্রন্থ ও গ্রন্থকারের পরিচয়

জয়ানন্দের শ্রীচৈতগ্রমঙ্গল নিষ্ঠাবান্ বৈফবদের নিকট সম্পূর্ণ অপরিচিত ছিল। ১৩০৪ ও ১৩০৫ সালের সাহিত্য-পরিষং-পত্রিকায় প্রাচ্যবিত্যামহার্ণব নগেন্দ্রনাথ বস্থ মহাশয় সর্বপ্রথমে এই গ্রন্থের পরিচয় প্রদান করেন। তিনি কালিদাস নাথ মহাশয়ের সহযোগিতায় সাহিত্য-পরিষং হইতে ইহা সম্পাদন করিয়া ১৩১২ সালে গ্রন্থথানি প্রকাশ করেন।

জয়ানন্দ বলেন যে শ্রীচৈতন্ত যথন নীলাচল হইতে মথুরা-গমনের উদ্দেশ্রে গোড়ে প্রত্যাবর্ত্তন করেন, তখন তিনি বর্দ্ধমানের অন্তর্গত আমাইপুরা গ্রামে জয়ানন্দের পিতা স্থবৃদ্ধি মিশ্রের আতিথ্য গ্রহণ করিয়াছিলেন। জয়াননের মাতা রোদনী দেবী শ্রীচৈতত্তকে রাধিয়া খাওয়াইয়াছিলেন * 217(পৃ. ১৪০%)। পূর্ব্ব অধ্যায়ে দেখাইয়াছি যে শ্রীচৈতত্তের জলপথে গৌড়ে আসাই অধিক সম্ভব। তাহ। হইলে জয়ানন্দের বিবরণ ভ্রাস্ত বলিতে হয়। কিন্তু জয়ানন্দ থেরপভাবে স্ববৃদ্ধি মিশ্রের বাড়ীতে শ্রীচৈতন্তের আগমন-কথা লিখিয়াছেন তাহাতে মনে হয় না যে তিনি দকৈব মিখ্যা কথা বলিতেছেন। হয়ত তাঁহার ঐতিচততাের আগমনকাল-সম্বন্ধে ভুল হইয়াছিল। এরপ ভুল হওয়া বিচিত্র নহে; কেন-না ঐ সময়ে জয়ানন্দ অত্যন্ত শিশু; নিজেই বলিয়াছেন "রোদনী রান্ধিল তার লঞা।" গৌড় হইতে নীলাচলে ফিরিবার সময় শ্রীচৈতন্ত কোন্ পথে গিয়াছিলেন তাহার কোন বর্ণনা কোন গ্রন্থে নাই। দেইজন্ত মনে হয় গৌড়ে আসার সময় অপেক্ষা গৌড় হইতে ফেঁরার সময় শ্রীচৈতন্তের আমাইপুরা যাওয়া অধিকতর সম্ভব। বৰ্দ্ধমান হইয়া নীলাচলে যাওয়ার একটি মাত্র পথ ছিল। ঐ পথেই জয়ানন শ্রীচৈতগ্যকে নালাচল হইতে তাঁহার বাড়ীতে আনিয়াছেন; যথা-

> তুঙ্গনা ভদ্রথপাড়া ছাড়িয়া অস্বর গড়া সরো নগরে বাসা করি।

বেমুনা বাঁশদা দিয়া

দাতনে রহিলা গিয়া

कल्यात त्रश्नि। गर्सत्री॥³

ছাড়িয়া দেবশরণ

প্রবেশিলা মান্দারণ

वर्षभारत मिला मत्रभन। -- %. ১৪०

Father of Jayananda Sri Subuddhi Mishra was a disciple of Gadadhar Goswami জয়ানন্দের পিতা স্থবৃদ্ধি মিশ্র "গোসাঞির পূর্ব্ব শিশ্র" অর্থাৎ গদাধর গোস্বামীর শিশু ছিলেন। গ্রন্থের ভণিতা দেখিয়। মনে হয় জয়ানন্দ নিজেও গদাধর গোস্বামীর নিকট দীক্ষা লইয়াছিলেন।

তিনি প্রায়শ: নিম্নলিথিত ভণিতা দিয়াছেন—

চিন্তিয়া হৈতন্ত-গদাধর-পদদন্দ। আদিখণ্ড জয়ানন্দ করিল প্রবন্ধ ॥ —পৃ. ৪

বুন্দাবনদাস নিত্যানন্দের শিশ্য বলিয়া ভণিত। দিয়াছেন—

শ্ৰীক্ষটেতত্ত্ব-নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবনদাস তছু পদযুগে গান ॥

নগেজনাথ বহু মহাশয়ও লিথিয়াছেন, "যত্নাথ দাস-কৃত শাথানির্ণয়ামৃত পাঠে জানিতে পারি যে তিনি গদাধর পণ্ডিতের শাথাভুক্ত ছিলেন।"" কিন্তু

> পথের এই ক্রম[্] ভুল। পুরী হইতে বাংলা দেশে আসার পথে প্রথমে জলেম্বর ও ভাহার পরে দাঁতন পড়ে।

Randaran extended from Nagor in western Birbhum over Raniganj, along the Damodar to above Burdwan, and thence from there over Khand Ghosh, Jehanabad, Chandrokona (western Hughli district) to Mandalghat, at the mouth of the Rupnarayan river." Blochman's Note on Ain-i-Akbari. Vol. II, page 141

[&]quot;The Orissa trunk road from Kola on the Rupnarayan through Midnapore to Danton on the frontier of Orissa and the pilgrim Road from Midnapore to Raniganj."

⁻Imperial Gazetteer of Bengal, page 307

নগেক্সবাবু যত্নাপের অস্থের লোক উদ্ধার করেন নাই। শোকটি এই— वत्न टिज्ञुकामांशः जग्नानन-महाग्यम्। প্রকাশিতং যেন যত্নাং শ্রীচৈতপ্রবিলাসকম।

[—] শ্রীগৌড়ভূমি পত্রিকা, ১৩০৮ সাল , ১ম খণ্ড, পু. ৫৩

বহু মহাশয় অক্তম লিখিয়াছেন, "তবে অভিরাম গোসাঞির পানোদক-প্রসাদে —এই ভণিতা-অফুসারে যেন অভিরাম গোস্বামীকে তাঁহার মন্ত্রগুরু বলিয়া বোধ হয়" ( চৈতন্তমঙ্গল, মুখবন্ধ পূ. 🗸 ।। ডক্টর দীনেশচন্দ্র সেন ( বন্ধভাষা ও সাহিত্য, পঞ্চম সং পৃ. ৩০৭) ও শ্রীযুক্ত স্কুমার সেন (বঙ্গশ্রী, ১৩৪১ পৌষ, পৃ. १৫৬) বস্থ মহাশয়ের শেষোক্ত মত গ্রহণ করিয়াছেন। কিছ গ্রন্থের ভণিতা, যতুনাথ দাদের শাখা-নির্ণয় ও গ্রন্থমধ্যে গদাধরের বন্দনা (मिथ्या जाभाव मत्न इय (य ज्यानन गर्नाध्दववरे निश ।

Why the book of Jayananda was not popular

## বৈষ্ণবসমাজে জয়ানন্দের গ্রন্থ অনাদৃত হইবার কারণ

যিনি গদাধর গোস্বামীর শিশু ও বাহাকে প্রীচৈতন্ত রূপা করিয়াছিলেন তাঁহার গ্রন্থ বৈষ্ণবদমাজে আদৃত হইল না কেন ? আমার মনে হয় নিম্নলিখিত তিনটি কারণে বাংলার বৈষ্ণবসমাজ তাঁহার গ্রন্থের আদর করেন নাই:-

(১) জয়ানন্দ গ্রন্থরচনায় বৈঞ্বীয় রীতি অবলম্বন করেন নাই এবং গোস্বামি-শাস্ত্রে প্রদত্ত শ্রীচৈতন্তের ধর্মমত ব্যাখ্যা করেন নাই। তিনি বাংলা পয়ারের প্রথমেই রাধারুফ, শ্রীচৈততা বা গুরুদেবকে বন্দনা না করিয়া প্রচলিত হিন্দুরীতি-অমুসরণ করিয়া লিখিয়াছেন—

> প্রথমে বন্দিব দেব শিবের নন্দনে। জাঁহার স্মরণে বিম্ন না রহে ভুবনে ॥

বৈষ্ণব কবিগণ বলেন যে শ্রীচৈতন্মের লীলা শ্রবণ করিলে ভক্তিলাভ হয় বা কৃষ্ণকুপা বা প্রীচৈতগ্রকুপা লাভ হয়। কিন্তু জয়ানন্দ বলেন চৈতগ্রমকল শুনিলে তীর্থযাত্রা, অশ্বদান, ক্লাদান, তুলাপুরুষাদির ফল পাওয়া যায় (পৃ. ৮৪)। জয়ানন্দ শ্রীচৈতত্তের দারা যোগ-সাধনার উপদেশ করাইয়াছেন; যথা---

> আউট হাত ঘর থানি তাহে দশ দার। তার মধ্যে আছে ছয় রদের ভাগুরি॥

১ চৈতগুমঙ্গলের প্রারম্ভে---

গ্রীপত্তিত গোসাঞি বন্দে । বন্দে । নিরম্ভর । জার প্রেমে পূর্ণ হল জঙ্গম ছাবর।

্ব ২৭ পৃষ্ঠায় গদাধ্রের উচ্চ প্রশংসা আছে। মঙ্গলাচরণে অভিরামের বন্দনা নাই।

একাদশ চোর তাহে দহ্য পাঁচজন।
গলাযমুনা নদী বহে সর্বাক্ষণ ॥
হংস ক্রীড়া করে তাহে চরে দশাঙ্গুলে।
ইঙ্গলা পিঙ্গলা নাড়ী স্বয়ার মূলে॥ —পৃ. ৭৭

এই বর্ণনা যেন বাউলদের দেহতত্ত্বর গানের মতন শোনায়। ঐতিচতত্তের তিরোভাবের পঞ্চাশ বংসরের মধ্যে একদল ভক্ত ঐতিচতত্তের মুখ দিয়া শৃশুবাদ, একদল যৌগিক বা ভান্ত্রিক সাধনা, একদল রুঞ্ভাব, একদল গোপীভাবের কথা বলাইয়াছেন। উড়িগ্রার অচ্যুতানন্দ ও ঐথণ্ডের নরহরি রূপ-সনাতন অপেক্ষা ঐতিচতত্তের কম অন্তরক ছিলেন না; জয়ানন্দও ঐতিচতত্তের বেশী পরবর্ত্তী নহেন। এরূপ ক্ষেত্রে ঐতিহাসিকের পক্ষে অচ্যুতানন্দ, নরহরি, জয়ানন্দ প্রভৃতির মত ঐতিচতত্তের মত নহে, রূপ-সনাতন এবং রুঞ্চদাস কবিরাজ্ব-বর্ণিত মতই সত্য মত এরূপ নির্দেশ করা নিরাপদ্ নহে। তবে রূপ-সনাতনের মতই গৌড়বঙ্গে বৈক্ষবদের মধ্যে সর্বাপেক্ষা বহুলভাবে প্রচারিত হইয়াছে। ঐ মতের সহিত জয়ানন্দের মতের পার্থক্য এরূপ স্কম্পেষ্ট বলিয়া তাঁহার বই বৈফ্বসমাজে আদৃত হয় নাই।

জয়ানন্দ বলেন যে জালিন্দ্র নামে এক মহাশ্র ইন্দ্রপদ-প্রাপ্তির আশায়
ইন্দ্রের সহিত যুদ্ধ আরম্ভ করেন। জালিন্দ্রের স্ত্রী বৃন্দা থুব সতী ছিলেন বলিয়া
ইন্দ্র তাঁহাকে পরাজিত করিতে পারিতেছিলেন না। ইন্দ্রকে জয়ী করিবার
জয়্য জনার্দ্দন জালিন্দ্রের রূপ ধরিয়া বৃন্দার সহিত বিহার করিলেন। বৃন্দার
সতীত্ব এইরূপে নম্ভ হওয়ায় জালিন্দ্র ইন্দ্র-কর্তৃক নিহত হইল। বৃন্দা জনার্দ্ধনের
প্রবঞ্চনা বৃঝিতে পারিয়া তাঁহাকে শাপ দিলেন "পায়াণ শরীর হউক সে দেহ
ছাড়িঞা।" কৃষ্ণ বলিলেন—

আমি দেহ ছাড়ি হব শালগ্রাম শিলা।
তুমি তুলদী বৃন্দা পূর্বের লক্ষ্মী আছিলা॥
মথুরা যে বৃন্দা তোমার বনস্থলী।
দেই বৃন্দাবনে দে করিব রসকেলি॥

তারপর

শালগ্রাম শিলা হৈলা গগুকী-নিবাদী।
দেহ ছাড়িয়া বৃন্দা হইলা তুলদী॥ —পৃ. ১৩১-৩৩

কোন নিষ্ঠাবান্ বৈষ্ণব এরূপ কাহিনী শ্রন্ধার সহিত পড়িতে পারেন না।

(২) জয়ানন্দ-বর্ণিড শ্রীচৈতগুলীলা-বর্ণনা-মধ্যে ঐতিহাসিক ক্রম বিন্দুমাত্র নাই। তাহার ফলে শ্রীচৈতক্তের প্রেম-ভক্তির ক্রমবিকাশ লক্ষিত হয় না। তিনি ঐচৈত্তমূলীলাকে নয় থণ্ডে বিভক্ত করিয়াছেন। আদিখণ্ডে পাপ-ভারাক্রাম্ভ পৃথিবীর ছু:খ দেখিয়া হরি চৈতগ্ররূপে অবতীর্ণ হইবার সকল করিলেন। অনস্তর নদীয়াখণ্ডে এটিচতন্তের জন্ম, বাল্যলীলা, অধ্যয়ন, অধ্যাপনা, পিতৃবিয়োগ, গ্য়াগ্মন, তুইবার বিবাহ, ভক্তগণ-সঙ্গে কীর্ত্তন ও জ্ঞগাই-মাধাই-উদ্ধার বর্ণিত হইয়াছে। জয়ানন্দ বিশ্বস্ভবের পিতৃবিয়োগের পরই তাঁহার · গ্যাগ্যন ও ঈশ্বর পুরীর নিকট দীক্ষা-গ্রহণ বর্ণনা করিয়াছেন; তারপর একে একে তাঁহার তুই বিবাহের কথ। লিখিয়াছেন। ইহাতে শ্রীচৈতন্তের মনে যে কিরূপে প্রেমভক্তির উদয় হইল তাহা বর্ণিত হইল না। এটিচতগুলীলার মাধুর্য্যের সর্ব্যপ্রধান কথা এইরূপে অকথিত রহিয়া গেল। অতঃপর বৈরাগ্য-থও। জয়ানন্দের মতে শ্রীচৈতত্তার মনে দহদা বৈরাগ্যের উদয় হইল। তিনি সংসারের অসারতা-সম্বন্ধে সকলকে উপদেশ দিতে লাগিলেন। বৈরাগ্যথণ্ডে এইরূপ উপদেশ-প্রদান ছাড়া আর বিশেষ কোন ঘটনার উল্লেখ নাই। তারপর সন্মাদথতে কাটোয়া ও শান্তিপুরের ঘটনা। পঞ্চম, উৎকলথত-শান্তিপুর হইতে পুরী-যাত্রা ও প্রতাপকদের প্রতি রূপা। ষষ্ঠ, তীর্থখণ্ড, দক্ষিণাপথ-ভ্রমণ (পু. ১০৪); দেতুবন্ধ-দর্শন বর্ণনা করিয়া কবি লিখিতেছেন-

সঙ্গীত উৎকল খণ্ড

অক্ষয় অমৃত কুণ্ড

কর্ণরন্ত্রে জগজন পিয়ে।

পরে রামানন্দ-মিলনের সময় লিখিতেছেন—

চিন্তিয়া চৈতন্ত-গদাধর পদদদ। আনন্দেতে তীর্থথণ্ড গাএ জয়ানন ॥ —পৃ. ১০৫

১০৫ হইতে ১০৯ পৃষ্ঠা পর্যান্ত প্রত্যেক অমুচ্ছেদের পর এইরূপ ভণিত। আছে। তারপর ১০৯ হইতে ১৩৫ পৃষ্ঠা পর্যান্ত প্রকাশখণ্ড। কিন্তু ১৩৫ পৃষ্ঠায় কবি আবার লিখিতেছেন—

> এই অবধি প্রকাশখণ্ড হৈল দাক। তীর্থযাত্রা করিলেন ঠাকুর গৌরাক।

কবির মনে ঐতিত্যের তীর্থভ্রমণ-সম্বন্ধে স্প্রাই ধারণা ছিল না। ষষ্ঠ, তীর্থপতে, রায় রামানন্দ-মিলন, রামানন্দের পুরীতে আগমন, রামানন্দের প্রতি উপদেশ। তারপর সপ্তম, প্রকাশখণে ঐতিত্ত্য-কর্তৃক জগরাথের মহিমার বর্ণনা, সার্বভৌম-উদ্ধার, প্রতাপক্ষের প্রতি রুপা ও ঐতিত্তত্যের মৃথ দিয়া বৃন্দা-জালিক্ষের কাহিনীর তায় কতকগুলি কাহিনীর বর্ণনা। তারপর আবার সপ্তম নাম দিয়া তীর্থখণ্ডে বৃন্দাবন-দর্শন এবং

মথুরা দেখিয়া তবে গেলা সেতৃবন্ধ ॥
শিবকাঞ্চি বিফুকাঞ্চি মধ্যে মহারণ্য ।
স্রাবিড় ডাহিনে থুঞা চলিলা চৈতক্ত ॥ —পৃ. ১৩৬

অন্তম, বিজয় খণ্ড—ইহাতে শ্রীচৈতত্যের গৌড়যাত্রা ও তিরোধান-বর্ণনা। কবি উত্তরখণ্ডের সব ভূল দামলাইয়া লইয়াছেন। উত্তরখণ্ডের ১৪৫ হইতে ১৪৯ পৃষ্ঠা মুখ্যতঃ শ্রীচৈতত্যভাগবতের সংক্ষিপ্তদার। শ্রীচৈতত্যভাগবতে যে-দকল ঘটনার বর্ণনা আছে, অথচ জয়ানন্দের চৈতত্যমঙ্গলে নাই, দে-দকল ঘটনার স্ত্র উত্তরখণ্ডে আছে। এরূপ কয়েকটি ঘটনার উল্লেখ করিতেছি—নিমাইকে চোরে লইয়া যাওয়া, জগদীশ হিরণ্যের ঘরে নৈবেছ খাওয়া, তৈর্থিক বিপ্রের কাহিনী, দিখিজয়ীর পরাভব, বিশ্বস্তরের বঙ্গদেশে গমন। জয়ানন্দ রুন্দাবনদাদের শ্রীচৈতত্যভাগবত পড়িয়াছিলেন সন্দেহ নাই; তবে লীলা-বর্ণনার সময়ে শ্রীচৈতত্যভাগবত দেখিয়া লেথেন নাই।

জয়ানন্দের চৈত্ত্যমন্ধলে ঐতিহাদিক ঘটনার ক্রম-বিপর্যয় ঘটিবার অক্তম কারণ হয়ত এই যে তিনি ক্রম-সম্বন্ধ সম্পূর্ণ গ্রন্থ লিখিতে বদেন নাই। তিনি নয়টি গানের পালা বাঁধিয়াছিলেন। এক একটি পালারচনার সময় মূল ঘটনার আহ্বন্ধিক যত ঘটনা সব দিয়াছেন। তাই জগন্নাথ মিশ্রের মৃত্যুর পরই বিশ্বস্তারের গ্রায় গমন-বর্ণনা—কেন-না মৃত্যু, শ্রান্ধ, গয়ায় পিগুলান প্রভৃতি পরম্পর সংশ্লিষ্ট। সেইজ্লুই উৎকল্পত্তে একবার শ্রীচৈতল্যের তীর্থভ্রমণ-বর্ণনা, আবার তীর্থপত্তে আর একবার তাহারই বর্ণনা। জয়ানন্দ নিজেই স্বীকার করিয়াছেন যে তাহার বই পালাগানের বই; যথা—

ইবে শব্দ চামর সঙ্গীত বাছারসে। জয়ানন্দ চৈতক্সমন্দল গাও শেষে॥ —পৃ. ৩ পালাগান করিয়া গৃহত্ব জনসাধারণের মনোরঞ্জন করাই তাঁহার উদ্দেশ্য ছিল। তাঁহার পালাগান ভনিবার জন্ম অনেক দ্বীলোক উপস্থিত হইত ; যথা—

> मर्क लोक इतिरवान खग्नानम वरन। জয় জয় দেহ তবে স্ত্রীলোক সকলে॥ —পৃ. ৮৩

লোকে যাহাতে চৈত্ত্যমন্ত্ৰ পাৰা গান করায় তাহার জ্ঞ্য কবি আশীর্বাদ করিয়াছেন যে চৈততামকল পালা দিলে মনের মতন ছেলে হইবে ( পৃ. ১৫২ )। গৃহস্থ-ঘরে যে পালা গান হইবে তাহাতে শুধু ঐচৈতত্ত ও তাঁহার ভক্তর্নের কথা থাকিলে চলিবে কেন? নানাক্রপ পৌরাণিক কাহিনী গাহিয়া ্শোত্র্নের মনোরঞ্জন করা দরকার। তাই ছাপা ১৫২ পৃষ্ঠার বইয়ে ধ্রুবচরিত্র (পৃ. ৬৩-৭০), জড়ভরত (পৃ. ৭৩-৭৬), কৃঞ্লীলার সংক্ষিপ্তসার (পৃ. ১০৭-৮), জগন্নাথক্ষেত্র-মহিমা (পৃ. ১০৯-২৩), সত্যবতী-কাহিনী (পৃ. ১২৭-২৮), জুয়াড়ীর কাহিনী (পৃ. ৩১-৩৩), অজামিল উপাখ্যান প্রভৃতির দারা তিনি প্রায় ৪৪ পৃষ্ঠা ভর্ত্তি করিয়াছেন, আর দশ-বার পাতায় আছে সংসারের অনিত্যতা ও বৈরাগ্য-বিষয়ে শ্রীচৈতন্তের উপদেশ।

(৩) বৈষ্ণবদমাজে জ্য়ানন্দের গ্রন্থ আদৃত না হইবার তৃতীয় কারণ এই যে তিনি বিশেষ অমুসন্ধান না করিয়া এমন অনেক সংবাদ লিখিয়াছেন যাহা ভ্রান্ত। ইহার দৃষ্টান্ত পরে দিব।

When Chaitanyamangal was written চেত্রামঙ্গল-রচনার কাল

জয়ানন্দ বলেন যে তাঁহার গ্রন্থ রচনার পূর্বের সার্কভৌম চৈতন্তসহস্রনাম, বুন্দাবনদাস চৈত্যভাগ্বত, গোপাল বহু চৈত্যুমঙ্গল ও পর্মানন্দ গুপ্ত গৌরাক্বিজয়-গীত লিখিয়াছিলেন (পৃ.৩)। সম্ভবতঃ জয়ানন্দের পরমানন্দ গুপ্ত বৃন্দাবনদাস-কথিত---

প্রসিদ্ধ পরমানন্দ গুপ্ত মহাশয়॥ পূর্বের যার ঘরে নিত্যানন্দের আলয়॥ — চৈ. ভা:, ভাঙা৪৭৫ গোপাল বস্থব "চৈতন্তমঙ্গল"-এর কোন খবর পাওয়া যায় নাই।

১ বধা—৬০, ৬১, ৬৩, ৭৭, ৭৯, ১০৬-৭, ১২৩-২৪, ১২৯ ও ১৩১ পৃষ্ঠায় উপদেশ

জয়ানন্দ কোন্ সময়ে চৈতল্যমন্দল রচনা করিয়াছিলেন তাহা নিশ্চয় করিয়া বলা যায় না। তবে বৃন্দাবনদাদের গ্রন্থ যদি ১৫৪৮ প্রীপ্তাব্দের কাছাকাছি সময়ে রচিত হইয়া থাকে, তবে তাহার অন্ততঃ ১০।১২ বৎসর পরে জয়ানন্দের গ্রন্থ-রচনার কাল ধরিতে হয়; কেন-না বৃন্দাবনদাদের সময় হয়ত বীরভদ্রের প্রভাব বিশেষ বিস্তৃত হয় নাই, কিন্তু জয়ানন্দ "বীরভদ্র গোসাঞির প্রসাদ মালা পাঞা" (পৃ.৩) পালা রচনা করিয়াছেন। আর বৃন্দাবনদাদের সময় বৈষ্ণবধর্ম জীবিকানির্বাহের উপায়রূপে ব্যাপকভাবে অবলম্বিত হয় নাই, অর্থাৎ churchianity খ্ব বেশী প্রকাশ পায় নাই। কিন্তু জয়ানন্দের সময়ে অনেকে ঠাকুর-বাড়ী করিয়া পেট চালাইতেছেন দেখিতে পাই; যথা—

কোন দেবালয়ে কেহ সেই বৃত্তি করি। পরিবার পুষিবেক বৈষ্ণব রূপ ধরি॥ —পৃ. ৭১

বৈষ্ণৰ নেতৃবুন্দের ঐশ্বর্য হইয়াছে !

নানা অলঙ্কারে কেহ দিব্য পরিচ্ছেদে। দোলাএ ঘোড়াএ জাব কেহো মহাস্ত সপদে॥ —পু. ৭১

শ্রীচৈতগ্য চরিতামতের মতে সন্ন্যাদের পঞ্চমবর্ষে বিজয়াদশমীর পর (২।১৬।৮৫, ৯৩) শ্রীচৈতগ্য গৌড়দেশে আসেন। ঐ সময় ১৪৩৬ শক, ১৫১৪ খ্রীষ্টাবদ । ১৫১৪ খ্রীষ্টাবদ জয়ানন্দকে কোলে করিয়া রোদনীকে রাঁধিতে হইয়াছিল, স্থতরাং 'তথন জ্বানন্দের বয়স এক বংসরেরও কম; অর্থাং ১৫১৩ খ্রীষ্টাবদ জ্বানন্দের 'তথন জ্বানন্দের কাছাকাছি তিনি পালা রচনা শেষ করিয়াছিলেন খ্রিলে, ঐ সময় তাঁহার বয়স হয় ৪৭ বংসর। শ্রীচৈতগ্রের তিরোভাবের ত্ই বংসর পরে বীরভন্তের জন্ম ধরিলে ১৫৬৩ খ্রীষ্টাবদের তাঁহার বয়স হয় ২৫ বংসর। ঐ সময়ে তাঁহার খ্যাতি-প্রতিপত্তি প্রতিষ্ঠিত হইতে পারে। ১৫৬০ খ্রীষ্টাব্দের বেশী পরে চৈতগ্রমক্ষল রচিত হইলে বৃন্ধাবনের গোশ্বামীদের রচিত শান্তের ছাপ তাহার উপর পড়িত।

জয়ানন্দ শোনা কথার উপর নির্ভর করিয়া অনেক ঘটনা লিখিয়াছেন বলিয়া তাঁহার গ্রন্থে এইদব মারাত্মক ভুল ধবর রহিয়া গিয়াছে। Serious misinformation in Jayananda's Chaitanyamangal

## জয়ানন্দের চৈত্তভাগললে ভুল খবর

(১) জয়ানন্দ জগন্নাথ মিত্রাকে খুব বড়লোক করিয়া আঁকিয়াছেন;

Jagannath Mishra was very rich which is not true as he was a poor householder.

লিখিতে না পারি দাস দাসী যত মিশ্রের মন্দিরে খাটে। —পৃ. ১০

তাঁহার মতে নিমাইয়ের গায়ে "মণিমুক্তাপ্রবালহার" ছিল (পৃ. ১৯)। মুরারি গুপ্ত দাসদাসী বা এখাগ্যের কথা কিছুই লেখেন নাই। বৃন্দাবনদাস স্পষ্টই বলিয়াছেন—

শুনি জগন্নাথ মিশ্র পুত্রের আখ্যান।
আনন্দে বিহ্বল বিপ্রে দিতে চাহে দান॥
কিছু নাই স্থদরিদ্র তথাপি আনন্দে।
বিপ্রের চরণ ধরি মিশ্রচান্দ কান্দে॥ — ১।২।২৬

(২) জয়ানন্দ বলেন যে নিত্যানন্দ "অষ্টাদশ বৎসরে ছাড়িল গৃহবাস।"
নিত্যানন্দের প্রিয়শিয় বৃন্দাবনদাস বলেন— Nityananda Prabhu left home when he was 12 years old not 18 years.

হেন মতে দ্বাদশ বংসর থাকি ঘরে।
নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে॥ —১।৬।৬৬

নিত্যানন্দের জীবনী-সম্বন্ধে জয়ানন্দ অপেক্ষা বৃন্দাবনদাসের উক্তি তের বেশী নির্ভরযোগ্য। জয়ানন্দ নিত্যানন্দকে ঈশ্বরপুরীর শিশু বলিয়া বর্ণনা করিয়াছেন (পৃ. ১১); কিন্তু বৃন্দাবনদাস বলেন নিত্যানন্দের সহিত মাধ্বেন্দ্রপুরীর সাক্ষাৎকার হইয়াছিল এবং তাঁহার

> ঈশ্বরপুরী ব্রহ্মানন্দপুরী আদি যত। সর্বাশিয় হইলেন নিত্যানন্দে রত॥ — ১।৬।৬১

Biswambhar seldom engaged in Kirtan not immersed in it when he was a student.

(৩) জয়ানন্দ লিখিয়াছেন যে বিশ্বস্তর পড়ুয়া অবস্থাতেই কীর্ত্তনে উন্মত্ত হইয়াছিলেন (পৃ. ২৫); কিন্তু অভাভ সকল চরিত-লেথকই বলেন যে কদাচিৎ ভাব প্রকাশ করিলেও গয়া হইতে ফিরিবার পূর্কে প্রীচৈততা কীর্ত্তনে বিশেষ রত ছিলেন না। (৪) জয়ানন্দ বলেন যে জগয়াথ মিশ্রের পরলোক-গমনের পরেই বিশ্বস্তর গয়ায় শ্রান্ধ করিতে গিয়াছিলেন। গয়া হইতে ফিরিবার পর লক্ষীকে বিবাহ, পূর্ব্বেক্তে গমন, লক্ষীর দেহ-ত্যাগ ও বিষ্ণুপ্রিয়াকে বিবাহ—এরূপ ঘটনা আর কোন চৈতল্যচরিতে নাই। জয়ানন্দ লিখিয়াছেন যে মুরারি গুপ্ত নিমাইয়ের সহিত গয়ায় গিয়াছিলেন। এই মুরারি গুপ্ত তাঁহার কড়চায় বলেন যে s per Murari Gupta Nimai went to Gaya after his marriage to Vishnupriya when he was a teacher. বিষ্ণুপ্রিয়ার সহিত বিবাহের পর অধ্যোপক অবস্থায় নিমাই পণ্ডিত গয়ায় গিয়াছিলেন এবং গয়া হইতে ফিরিবার পর তাঁহার ভাব-প্রকাশ আরম্ভ হয় (১০০ সর্গ)। জয়ানন্দ আরপ্ত বলেন যে

হরিদাস ঠাকুর পণ্ডিত গদাধর।
গোপীনাথ মুরারি মুকুন্দ বক্রেশ্বর॥
জগদানন্দ গোবিন্দ আচার্য্যরত্ব সঙ্গে।
গ্যা যাত্রা করিলেন নবদ্বীপ-খণ্ডে॥ —পু. ৩২

জয়ানন্দ ব্যতীত অক্সান্ত চৈতক্যচরিত-লেখক যখন বলিতেছেন যে গ্যা যাইবার পূর্ব্বে নিমাই ভক্ত হয়েন নাই, তখন হরিদাস ঠাকুর বা বক্তেশ্বরের ক্যায় প্রেমােমত ব্যক্তি যে তাঁহার সঙ্গে গ্যায় গিয়াছিলেন তাহা সম্ভব মনে হয় না। ম্রারি গুপ্ত কোন সঙ্গীর নাম দেন নাই। কবিকর্ণপূর মহাকাব্যে লিখিয়াছেন যে বিশ্বস্তবের সহিত তাঁহার মেসাে আচার্য্যরত্ব গিয়াছিলেন (৪।২১)। রন্দাবনদাস বলেন "যাত্রা করি চলিলা অনেক শিশ্ব লইয়া" (১।১২।১৩১)। সম্ভবতঃ গোপীনাথ, আচার্য্যরত্ব এবং কয়েকজন ছাত্র তাঁহার সহিত গয়ায় গিয়াছিলেন।

(৫) अग्रानम लिथिशाष्ट्रन-

ত্র্গম পথ পরিহরি মগধে প্রবেশ করি রাজগিরি ঈশ্বরপুরী বৈদে।
গোপালমন্ত্র দশাক্ষর প্রেমভক্তি শক্তিধর

ঈশ্বরপুরী কহিল উদ্দেশে॥ —পৃ. ৩৩

As per Murari Gupta, Kabikarnapur and Vrindavandas Nimai's initiation had happened at Gaya from Ishwar Puri (Given Gopal mantra to Nimai), not at Rajgiri of Magadha.
ম্বারি গুপ্ত (১০১৬), কবিকর্ণপূর (৪০৬) ও বৃন্ধাবনদাস (১০১১১৩৩)
বলেন যে এটিচতন্তের দীকা গ্যায় হইয়াছিল। জ্য়ানন্দ যথন ইহাদের পরে
বই বিথিয়াছেন তথন তাঁহার পক্ষে যে ইহাদের চেয়ে বেনী থবর পাওয়ার

স্থবিধা হইয়াছিল তাহা মনে হয় না। এটিচতক্তের কোথায় দীকা হইয়াছিল তাহা মুরারি নিশ্চয়ই জানিতেন।

- (৬) জয়নন্দের মতে গয়য় বিশ্বস্তরের সহিত মাধ্বেদ্রপুরীর সাক্ষাৎকার হইয়াছিল। কিন্তু বুন্দাবনদাস ও রুঞ্চনাস কবিরাজ নিত্যানন্দ ও অবৈতের সহিত মাধ্বেদ্রের মিলন বর্ণনা করিলেও প্রীচৈতত্যের সহিত মাধ্বেদ্রের দেখা-সাক্ষাতের কথা লেখেন নাই। খুব সম্ভব বিশ্বস্তরের গয়া-গমনের পূর্বেই মাধ্বেদ্রপুরী পরলোক-গমন করিয়াছিলেন।
  - (৭) জয়ানন্দের মতে বিশ্বস্তর—

After hearing the passing away of wife Lakhsmi Nimai had danced in joy is not correct.

লক্ষীর বিয়োগ-কথা লোক-মুখে ভনি। প্রেমানন্দে কীর্ত্তনে নাচেন দ্বিজমণি॥ —পু. ৫০

#### বৃন্দাবনদাস বলেন-

পত্নীর বিজয় শুনি গৌরাক শ্রীহরি।
ক্ষণেক রহিলা কিছু হেট মাথা করি॥
প্রিয়ার বিরহ-তৃঃথ করিয়া স্বীকার।
তৃষ্ণী হই রহিলেন সর্ববেদ-সার॥ — ১।১০।১০৮

As per Kabikarnapur Nimai had taken monastic vow at the age of 24 not 28.

- (৮) জয়ানন্দের মতে বিশ্বস্তর বিশ বৎসর বয়সে সয়্যাস গ্রহণ করেন ও আটাশ বৎসর সয়্যাস-জীবন যাপন করেন (পৃ. ১৮৭)। কিন্তু প্রীচেতত্যের তিরোধানের মাত্র নয় বৎসর পরে লেখা কবিকর্ণপুরের মহাকার্য্যে পাওয়া যায় যে প্রীচেতত্য ২৪ বৎসর বয়সে সয়্যাস লইয়া, তিন বৎসর তীর্থ-ভ্রমণাদি করেন ও বিশ বৎসর নীলাচলে বাস করেন। কবিকর্ণপুরের উক্তি জয়ানন্দের বর্ণনা অপেক্ষা অনেক বেশী নির্ভরযোগ্য। যে লেখক প্রীচৈতত্য কত বৎসর বয়সে সয়্যাস গ্রহণ করিয়াছিলেন, কত দিন নীলাচলে ছিলেন, তাহার খোঁজ-খবর রাখিতেন না, তাহার প্রত্যেকটি কথা বিশেষভাবে যাচাই করিয়া দেখা প্রয়োজন।
  - (৯) সন্ন্যাস-গ্রহণ করিতে যাইবার সময়ে বিশ্বস্তর নাকি

আগম নিগম গীতা গোবিন্দের কান্ধে। করম্ব কৌপীন কটিস্থত্র তাহে বান্ধে। —পৃ. ৮৬ প্রেমাবেগে যিনি ক্ষেত্ময়ী জননী ও প্রেমময়ী পত্নীকে ছাড়িয়া চলিয়াছেন, তিনি আগম নিগম গীতা সংগ্রহ করিয়া লইয়া যাইবেন ইহা বিখাস করা কঠিন।

(১০) জয়ানন্দের মতে সর্যাদের সময়ে

শাস্তিপুরে গেলা গোবিন্দানন্দ আনন্দিত হৈঞা। নবদীপে মুকুন্দেরে দিলা পাঠাইঞা॥ —পৃ. २०

মুরারি গুপ্ত (৩।৪।৩) ও বৃন্দাবনদাস (৩।১।৩৭৪) বলেন যে ঐতিচতক্ত নিত্যানন্দকে নবদীপে পাঠাইয়াছিলেন।

As per Murari, Kabikarnapur, Vrindayandas disciple of Nityananda Nityananda was with (১১) মুরারি, কবিকণপুর, নিত্যানন্দ-শিল্প বৃন্ধাবনদাস ও কৃষ্ণাস Sri Chaitanya from Shantipur to Puri.
কবিরাজের মতে নিত্যানন্দ শ্রীচেতন্তের সঙ্গে সঙ্গে শান্তিপুর হইতে নীলাচলে গিয়াছিলেন, কিন্তু জয়ানন্দ লিথিয়াছেন যে শ্রীচেতন্ত নিত্যানন্দকে আগে যাইয়া পুরীতে বাস করিতে বলিলেন—

তুমি আগে বহ গিয়া জগন্ধাথ-ক্ষেত্রে।
আমি সর্ব্ধ পারিষদে যাব তোমার পত্রে॥
নিত্যানন্দ মহাপ্রভু শ্রীরামদাস সঙ্গে।
পরমেশ্বর স্থানান্দ গেলা নিজ রঙ্গে॥ —পু. ১০

পরে আবার হত্ত লেখার সময়ে তিনি বলিয়াছেন—

নিত্যানন্দ আগে পলাইল নীলাচলে। নিভূতে রহিল কেহ দেখিতে না পারে॥ —পৃ. ১৪৮

(১২) জয়ানন্দ বলেন ম্রারি গুপ্ত ঐতিচতত্তার সঙ্গে শান্তিপুর হইতে নীলাচলে গিয়াছিলেন।

> মন্ত্রেশ্বর কুলে বিষ্ণু হরি দেখিঞা কহিলা মুরারি গুপ্তে। —পৃ. ৯৬

মুরারি গুপু নিজে কিন্তু বলেন নাই যে তিনি ঐতিচত্ত্যের সঙ্গে গিয়াছিলেন। অন্ত কোন চরিতকারও মুরারি গুপুকে ঐতিচত্ত্যের সঙ্গী বলিয়া উল্লেখ করেন নাই।

(১৩) জ্ব্যানন্দ লিখিয়াছেন যে শ্রীচৈতক্ত জগন্নাথের আদেশে কটকে

গিয়া প্রতাপরুত্রকে রূপা করেন। শ্রীচৈতক্তের স্থায় প্রেমোয়ত্ত সন্মাসী রাজার সহিত দাক্ষাৎ করিতে কটকে যাইবেন, ইহা অসম্ভব। জয়ানন্দের মতে রাজা সদলবলে দিব্য পরিচ্ছদে হাতীতে চড়িয়া যাইতেছেন। রাজার পাট-হাতী শ্রীচৈতন্তকে দেখিয়া মাথা নোয়াইল।

দেখিয়া রাজার বড় বিশ্বয় জন্মিল।
হস্তী হইতে লাফ দিঞা ভূমিতে পড়িল। —পৃ. ১০৩

শ্রীচৈতন্য তাঁহাকে রূপা করিলেন। তারপর

রাজার শতেক স্ত্রী প্রধান চন্দ্রকলা। গৌরচন্দ্র দিলা তাঁরে গলার দিব্য মালা॥ —পু. ১০৩

যাঁহার। "গোবিন্দদাসের কড়চা"য় বর্ণিত বারম্থী বেশার উদ্ধার-কাহিনী লইয়া ঘোর আন্দোলন করিয়াছিলেন, তাঁহার। জয়ানন্দকে ছাড়িয়া দিলেন কেন?

জয়ানন্দ আর এক বার অন্য স্থানে (পৃ. ১২৬) প্রতাপরুদ্র-উদ্ধার-কাহিনী অন্য ভাবে বর্ণনা করিয়াছেন। এ বারে রাজাই শ্রীচেতন্তের কাছে পুরীতে আসেন।

> সার্ব্বভৌম-মুখে রাজা শুনিয়া সকল। চৈতক্য ভেটিতে রাজা যায় নীলাচল ॥ —পৃ. ১২৫

শ্রীচৈতন্ত যদি আগেই রাজাকে রূপা করিয়া থাকেন, তবে আর রাজার পক্ষে সার্ব্বভৌমের নিকট সকল কথা শুনিয়া শ্রীচৈতন্ত দেখিতে আসিবার প্রয়োজন কি ছিল ? যাহা হউক জয়ানন্দ বলেন, জ্যৈষ্ঠ মাসের "সান্যাত্তা পৌর্ণমাসী দিনে শ্রীচৈতন্ত প্রতাপরুত্র"কে অষ্টবাছ রূপ দেখাইলেন। শ্রীচৈতন্ত যদি রাজপণ্ডিত সার্ব্বভৌমকে বড়ভুজ মূর্ত্তি দেখাইয়া থাকেন, তাহা হইলে স্বয়ং রাজাকে আর তুইখানি বেশী হাত না দেখাইলে রাজসন্মান বজায় থাকে কিরূপে ? তাই বোধ হয় জ্য়ানন্দ শ্রীচৈতন্তের অষ্টবাছর কথা লিখিয়াছেন। প্রতাপরুত্রের উদ্ধার-কাহিনীর ঐতিহাসিকতা শ্রীচৈতন্তাচরিতামূতের বিচার-প্রসাদ্ধে আলোচনা করিব।

(১৪) জয়ানন্দ লিখিয়াছেন যে ঐতৈততা রামানন্দকে রুফভক্ত না হওয়ার জতা অনেক ভৎ সনা করিলেন (পৃ. ১০৪)।

# শ্রীচৈতন্ত বলিতেছেন—

# শৃকর কুটিরে তুমি হইয়াছ বিভোর। হেন দেছে না পাইলে বৈষ্ণবের কোল॥

রায় রামানন্দ শ্রীচৈতত্তের সহিত সাক্ষাংকারের পূর্ব্বেই "জগন্নাথবল্লভ নাটক" লিখিয়াছিলেন। যিনি ঐরূপ নাটক লিখিতে পারেন তাঁহাকে যে শ্রীচৈতত্ত ঐভাবে ভং সনা করিলেন ইহা অসম্ভব। রায় রামানন্দের সহিত শ্রীচৈতত্তের যেরূপ কৃষ্ণ-কথার আলোচনা হইয়াছিল বলিয়া অন্তান্ত লেখক বর্ণনা করিয়াছেন, জয়ানন্দ তাহার ইক্তিও করেন নাই।

(১৫) জয়ানন্দ বলেন যে ঐতিচতত যখন বৃন্দাবন-ভ্রমণ করিতেছিলেন তথন রূপ ও স্নাতনের সহিত তাঁহার দেখা হয়।

> হেন কালে দবির খাস ভাই হুইজনে। দেখিয়া চৈততা চিনিলেন ততক্ষণে॥ —পৃ. ১৩৬

রূপ-সনাতনের জীবনী-সহদ্ধে কৃষ্ণাস কবিরাজের উক্তি সর্বাপেক্ষা অধিক প্রামাণ্য; কেন-না তিনি উহাদের সঙ্গ পাইয়াছিলেন। তিনি বলেন যে শ্রীচৈতন্ত বৃদ্যাবন হইতে যথন ফি।রতেছেন, তথন প্রয়াগে শ্রীরপের সহিত ও কাশীতে সনাতনের সহিত তাঁহার দেখা হয়।

(১৬) জয়ানন্দ জগয়াথ মিশ্রের পিতার নাম লিথিয়াছেন জনার্দন (পৃ. ৮৮)। কিন্তু কবিকর্ণপূর গৌরগণোদ্দেশ-দীপিকায় (৩৫ শ্লোক) ও রুফদাস কবিরাজ চরিতামতে (১।১৩।৫৪) তাঁহার নাম লিথিয়াছেন উপেন্দ্র মিশ্র। চরিতামতের মতে জনার্দন জগয়াথের ভাইয়ের নাম, স্থতরাং উহা উপেন্দ্র মিশ্রের নামান্তরও হইতে পারে না।

New information in Sri Chaitanyamangal on political & economical situation of 16th century

# बीटिड ग्रमकरल मूजन उथा

জয়ানন্দ এমন অনেক নৃতন সংবাদ দিয়াছেন, যাহা যোড়শ শতানীর অন্ত কোন বইয়ে পাওয়া যায় না। দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা-সম্বন্ধে তাঁহার বর্ণনা সমসাময়িকের উক্তি-হিসাবে খুবই মূল্যবান্। কিছ শ্রীচৈভন্ত বা তাঁহার সন্ধিগণের সম্বন্ধে তাঁহার প্রদত্ত এই প্রকার নৃতন তথ্য কত দূর সত্য তাহা যাচাই করিয়া লইবার উপায় নাই। তিনি জনপ্রবাদ যেমন ভাবে শুনিয়াছিলেন তেমনি লিখিয়াছেন। অশু কোন চরিতকার অমুরূপ কোন ঘটনা বা কাহিনী লিপিবদ্ধ করেন নাই। জয়ানন্দ-প্রদন্ত এইরূপ কতকগুলি তথ্য নিমে লিখিতেছি।

#### (১) জয়ানন্দ বলেন যে

চৈতন্ত গোসাঞির

পূর্বাপুরুষ

षाहिना गांकभूतत ।

শ্রীহট্ট দেশেরে

পালাঞা গেল

রাজা ভামরের ডরে॥ —পৃ. ১৬
As per some forefathers of Sri Chaitanya were from Jajpur, Odisha and left for Srihatta due to fear from King Kapilendra Deb (alias Bhramara)

নগেন্দ্রনাথ বস্থ মহাশয় বলেন যে এই "ভ্রমর" কপিলেন্দ্র দেব, কেন-না তাঁহার গোপীনাথপুর শিলালিপিতে "ভ্রমর" উপাধি দেখা যায়। কিন্তু কপিলেন্দ্র ১৪৩৪-৩৫ খ্রীষ্টাব্দে অর্থাৎ শ্রীটেচতন্তের জন্মের ৫১।৫২ বৎসর পূর্ব্বে রাজ্যাধিরোহণ করেন। যদি ধরিয়া লওয়া যায় যে কপিলেন্দ্র রাজা হওয়ার পরেই শ্রীটেচতন্তের প্র্পুক্ষ যাজপুর হইতে শ্রীহট্টে পলায়ন করেন, তাহা হইলে পঞ্চাশ বৎসরের মধ্যে মিশ্র-বংশের তিন বার ( যাজপুর, শ্রীহট্ট, নবদ্বীপ ) বাসস্থান-পরিবর্ত্তনের কথা স্বীকার করিতে হয়। জয়ানন্দের কথায় বিশ্বাস করিয়া উড়িয়া লেথকেরা শ্রীটেচতন্তকে উড়িয়া বলিয়া দাবী করিতেছেন। কিন্তু শ্রীটেচতন্ত পাশ্চান্ত্য বৈদিককুলে বাৎস্থগোত্রে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া ম্রারি গুপ্তের কড়চা এবং শ্রীটেচতন্তের আত্মীয় ও কুটুম্বের বংশধরদের নিকট হইতে জানা যায়; আমি আমার উড়িয়া বন্ধুদিগকে জিজ্ঞানা করিয়াছিলাম—উড়িয়ার বান্ধণদের মধ্যে পাশ্চান্ত্য বৈদিক শ্রেণী বলিয়া কোন শ্রেণী আছে কি না; তাঁহারা বলিলেন এন্ধপ শ্রেণী উড়িয়ায় নাই। সেইজন্ম শ্রীটেচতন্তের পূর্ব্বপুক্ষ যাজ্গামে বাস করিয়াছিলেন, এ কথা তর্কের থাতিরে স্বীকার করিলেও, তাঁহারা যে উড়িয়া ছিলেন তাহা মানিয়া লইতে পারিলাম না।

#### ১ তারিণীচরণ রথ লিথিয়াছেন—

"Chaitanya himself emerged from a highly learned and respectable Oriya Brahmin family of Orissa and had migrated for a time to Bengal owing to disagreement with the king of Orissa." J. B. O. R. S., Vol. VI, pt. III, p. 448

(২) জয়ানন্দের মতে শচীঠাকুরাণী গদাধর পণ্ডিতের নিকট দীক্ষা লইয়াছিলেন।

> আই ঠাকুরাণী বন্দেঁ। চৈতন্মের মাতা। পণ্ডিত গোসাঞি যাঁর দীক্ষামন্ত্র-দাতা॥ —পৃ. ২

Basudha and Janhabi (wives of Nityananda Prabhu?)

(৩) স্থ্যদাস সারথেলের কন্স। বস্থা ও জাহ্নবীর নাম অন্যান্স গ্রন্থে পাওয়া যায়। জয়ানন্দ চক্রম্থী নামে অন্ত একটি কন্সার নাম এমন ভাবে লিখিয়াছেন যে মনে হয় তিনিও নিত্যানন্দ-প্রভূব কুপাপাত্রী ছিলেন।

> স্ধ্যাদাস নন্দিনী শ্রীমতী চন্দ্রম্থী। নিত্যানন্দ-প্রেমময়ী শ্রীবস্থজাহ্বী॥ — পৃ. ৩

(৪) নিত্যানন্দ প্রভূ একচাকা গ্রামে জন্মিয়াছিলেন। জয়ানন্দ বলেন একাচাকা থলকপুর (পৃ. ৮)। তাঁহার মতে নিত্যানন্দের গার্হস্যাশ্রমের নাম ছিল বোধ হয় অনস্ত।

> একচাকা থলকপুর পদ্মাবতী কক্ষে। জন্মিলা অনস্ত মাঘমান শুক্লপক্ষে॥ —পু. ১১

বৃন্দাবনদাস বহু বার 'অনন্ত' নাম উল্লেখ করিয়া বন্দনা করিয়াছেন। তবে তাঁহার লেখা হইতে স্পষ্ট বুঝা যায় না যে তিনি নিত্যানন্দকে অনন্ততত্ত্বপ্রথ শুতি করিয়াছেন কি না।

- (৫) ম্রারি গুপ্ত লিখিয়াছেন যে জগন্নাথ মিশ্র রঘুনাথের উপাসক ছিলেন। কিন্তু জয়ানন্দ বলেন যে জগন্নাথ মিশ্র শ্রীভাগবত পাঠ করেন গোবিন্দ-সমীপে" (পু. ১১)।
- (৬) শ্রীচৈতন্ম ১৪৮৬ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন; বিশ্বরূপ তাঁহার অপেক্ষা বোধ হয় ৭৮ বৎসরের বড়; কেন-না জয়ানন্দ বলেন যে নিমাইয়ের চূড়ামঙ্গলিয়া (কর্ণবের) ও বিশ্বরূপের উপনয়ন একই সময়ে হইয়াছিল (পৃ. ১৭)।
  - > বৃন্দাবনদাস ঐীচৈতক্সভাগৰতে লিথিয়াছেন—

ছিজ বিপ্র ব্রাহ্মণ যে হেন নাম-ভেদ। এই মত নিত্যানন্দ অনস্ত বলদেব ॥ —পৃ. ১৯

শ্রীচৈতক্তভাগরতে অনস্ত নাম ৩৫, ৪০, ৪৩, ৪৫, ৪৭, ৫০, ৫১, ৫৬, ৬২, ১২৪, ১৩১, ১৪২ ও ১৫৭ পৃষ্ঠায় আছে। ১৪৭৮-৭৯ খ্রীষ্টাব্দে বাঙ্গালায় একপ্রকার অরাজকতা চলিতেছিল। জ্যানন্দ লিখিতেছেন বে বিশ্বরূপের জন্মের পর "আচম্বিতে নবদীপে হৈল রাজভয়।"

> পিরল্যা গ্রামেতে বৈসে যতেক যবন। উচ্ছেদ করিল নবদীপের ব্রাহ্মণ॥

পিরল্যার বর্ত্তমান নাম পারুলিয়া; নবদ্বীপ ও পূর্বস্থলীর মাঝখানে এই গ্রাম।
ঐ অত্যাচারের সময়ে—

বিশারদ-স্থত সার্ব্বভৌম ভট্টাচার্য্য। সবংশে উৎকলে গেলা ছাড়ি গৌড়রাক্য॥

(৭) জয়ানন্দের মতে নিমাইয়ের ধাত্রীমাতার নাম নারায়ণী। ধাত্রীমাতা নারায়ণীর কথা বা নাম অন্ত কোন চৈতক্তচরিতে নাই। দেবকীনন্দনের বৈষ্ণব-বন্দনায় পাওয়া যায়—

> শ্রীনারায়ণী দেবী বন্দিব সাবধানে। আলবাটী প্রভু যাঁকে কহিলা আপনে॥

(৮) হরিদাস ঠাকুরের পরিচয়-প্রদান-প্রসঙ্গে জয়ানন্দ লিখিয়াছেন যে তাঁহার বাড়ী ভাটকলাগাছি গ্রামে এবং

#### উজ্জ্বলা মায়ের নাম বাপ মনোহর।

As per Murari and Kabikarnapur Haridas Thakur was muslim

কিন্তু হরিদাস ঠাকুর যে যবনকুলে জন্মিয়াছিলেন তাহা ম্রারি গুপ্ত লিখিয়াছেন এবং কবিকর্ণপূর গণোদেশদীপিকায় মুরারির কথাটি উদ্ধৃত করিয়া সমর্থন করিয়াছেন (শ্লোক ১৪-১৫)।

- (৯) বিশ্বস্থারের সহিত মিলিত হইবার জন্ম নিত্যানন্দ বারাণদী হইতে নবদীপে আদিলেন (পৃ. ৫৪)। নবদীপে আগমনের অব্যবহিত পূর্বে নিত্যানন্দ কোথায় ছিলেন তাহা অন্ম কোন গ্রন্থ হইতে জানা যায় না।
- (১০) বিশ্বস্তারের সন্ন্যাস-গ্রহণ-বর্ণনা-উপলক্ষে জয়ানন্দ শ্রীচৈতন্তের বংশ-তালিকা নিম্নলিখিতভাবে দিয়াছেন—
  - (১) ক্ষীরচন্দ্র (২) বিরূপাক্ষ (৩) রামকৃষ্ণ দিখিলয়
  - (8) ধনপ্তয় মিশ্র (c) জনার্দ্দন (৬) জগন্নাথ মিশ্র। —পু. ৮৮

ষে লেখক বিশ্বস্তর কত বংসর বয়সে সন্থাস লইয়াছিলেন জানেন না, তাঁহার দেওয়া এই বংশভালিকা সত্য হইবার সন্তাবনা অল।

- (১১) বিশ্বস্তারের সন্ধাদ-গ্রহণের সময়ে কেশবভারতীর আশ্রমে নৃদিংহ-ভারতী, গোবিন্দভারতী, রামগিরি, ব্রন্ধগিরি, মহেন্দ্রগিরি, প্রত্যুম্গিরি, ব্রন্ধগিরি (২), সত্যগিরি, গ্রুড়াবধৃত, ভার্গব সরস্বতী, বিশ্বপুরী, শ্বপুরী, রঘুনাথপুরী, রামচন্দ্রপুরী, গোপালপুরী, ব্রন্ধানন্দপুরী, হরিনন্দি, স্থানন্দ, পর্মানন্দপুরী শঙ্করারণ্য, অচ্যুতানন্দ, বামারণ্য, কাশীপুরারণ্য, নৃহিংস যতি ও জন্ধানন্দ সরস্বতী উপস্থিত ছিলেন (পৃ. ৮৮)। এই সন্ধ্যাসিগণের মধ্যে গরুড়াবধৃত, রঘুনাথপুরী, রামচন্দ্রপুরী, ব্রন্ধানন্দপুরী, স্থানন্দ, পর্মানন্দপুরী ও সম্ভবতঃ নৃসিংহ যতির নাম দেবকীনন্দনের বৈঞ্চব-বন্দনায় পাওয়া যায়।
  - (১২) জ্য়ানন্দ লিখিয়াছেন যে শ্রীচৈততা বলিলেন—

নিত্যানন্দ গোদাঞি তোমার গোড়দেশ।
আজি হৈতে ছাড়াবোঞি অবধৃতবেশ॥
গোদাঞির মন বৃঝি প্রতাপরুদ্র রাজা।
নানা ধন দিয়া নিত্যানন্দে করে পূজা॥ —পৃ. ১৩৯

কিন্তু বৃন্দাবনদাদের বর্ণনা দেখিয়া মনে হয়, নিত্যানন্দ প্রভূ অবধৃত-বেশে গৌড়দেশে প্রত্যাবর্ত্তনের পর অলঙ্কারাদি ধারণ করিতে আরম্ভ করেন।

(১৩) জ্বয়ানন্দের মতে প্রতাপক্ষ এক বার অদৈত প্রভূকে নীলাচলে কইয়া গিয়াছিলেন ও তিন মাস ধরিয়া তাঁহাকে বহুবিধ সম্মান দেখাইয়াছিলেন। অদৈতকে

> রাজমহিষী সব প্রদক্ষিণ করে। প্রভুর আজ্ঞায় কনকছত্র ধরে শিরে॥ — পৃ. ১৩১

(১৪) নিত্যানন্দ গৌড়দেশের কোন্ কোন্ গ্রামে ধর্মপ্রচার করিয়াছিলেন তাহার একটি বিস্তৃত তালিকা জয়ানন্দ দিয়াছেন (পৃ. ১৪৩-৪৪)। বীরভদ্রের প্রসাদ্মালা পাইয়া জয়ানন্দের গ্রন্থ লেখার কথা সত্য হইলে, এই তালিকা যথার্থ বলিয়া গ্রহণ করা যাইতে পারে।

জয়ানন্দ যে-সমস্ত নৃতন কথা বলিয়াছেন, তাহা সর্বাংশে সত্য বলিয়া গ্রহণ করা ধায় না; কেন-না পূর্বে দেখাইয়াছি যে ঐতিহাসিক ঘটনা বা কালাস্ক্রমে ঘটনা-বর্ণনায় তিনি অত্যস্ত অসাবধান ছিলেন। The path of pilgimage taken by Sri Chaitanya as per Jayananda's Chaitanyamangal

জয়ানন্দের চৈতন্তমঙ্গলে শ্রীচৈতন্তের শ্রমণপথের যেরূপ বিস্তৃত বর্ণনা আছে, এমন আর অন্ত কোন চরিত-গ্রন্থে নাই। জয়ানন্দ-বর্ণিত পথেই শ্রীচৈতন্ত শ্রমণ করিয়াছিলেন কি না বলা কঠিন; তবে ষোড়শ শতাকীতে ঐ পথ ছিল এবং লোক উহাতে যাতায়াত করিত এই তথ্য জয়ানন্দ হইতে পাওয়া যায়।

### (ক) নবদ্বীপ হইতে গয়া---

ম্বাবি গুপ্ত বলেন, বিশ্বস্তব নবদীপ হইতে যাত্রা করিয়া চোরাদ্ধয়ক নদে স্থান করেন; তারপর মন্দারে (ভাগলপুর জেলা) মধুস্দন দর্শন করিয়া, নদী পার হইয়া রাজগিরে উপস্থিত হয়েন; রাজগির হইতে গয়ায় যান (১।১৫)। কবিকর্ণপুরও মহাকাব্যে ঠিক এই বিবরণ লিথিয়াছেন, কেবল চোরাদ্ধয়ককে চীর নদ বলিয়াছেন (৪।৫০)। বুন্দাবনদাস কিন্তু লিথিয়াছেন যে বিশ্বস্তব মন্দার দেথিয়া পুন্পুন আদেন (১।১২।১৩২) এবং পুন্পুন হইতে গয়ায় গমন করেন। তিনি বিশ্বস্তবের রাজগির-গমনের কথা উল্লেখ করেন নাই। রাজগির হইতে গয়ায় যাওয়ার সোজা পথ আছে ও ছিল। পুন্পুন পাটনার নিকটবর্তী। সেইজন্ম রাজগির হইতে পুন্পুন আসিয়া ভারপর গয়ায় যাওয়া কষ্টসাধ্য। লোচন কিন্তু মুরারি ও বুন্দাবনদাসের মধ্যে সামঞ্জন্ম আনিতে যাইয়া লিথিয়াছেন যে মন্দারে মধুস্দন-দর্শনের পর প্রভু পুন্পুনে আদিলেন, পুন্পুনে স্থান ও শ্রাদাদি সারিয়া তিনি রাজগিরে যাইলেন। তথায় ব্রহ্মকুণ্ডে স্থানদান সারিয়া গয়ায় গমন করিলেন। জয়ানন্দ পুন্পুনে যাওয়ার কথা লেখেন নাই। উাহার বর্ণিত পথ এই—

অনেক দেবক দক্ষে হাস পরিহাস রক্ষে

ইন্দ্রাণী নৈহাটী করি বামে।

অজয় নদী পার হয়া। আলকোণা ডাহিনে থূঞা

উত্তরিলা তিলপুর গ্রামে॥

ভাহিনে বামে রাউভড়া একতালা গৌড়পাড়া বাহিয়া কানাঞির নাটমালে। পড়িলা পর্বত তলে গলার দক্ষিণ কুলে তপ্তসিকতা রবিজ্ঞালে। জয়ঢাক বীরঢ়াক

পৰ্বত লাখে লাখ

মহারণ্য কর্কট কর্কশে।

তুৰ্গম পথ পরিহরি

মগধে প্রবেশ করি

ताक्रिति वेश्वतभूती देवरम।

গোপালমন্ত দশাকর

প্রেমভক্তি শক্তিধর

नेयतभूती किंटन উদেশে॥

পথশ্রমে জর আইল

विश्व-भारतानक नहेन

সভারে কহিল হাসি হাসি।

ব্ৰাহ্মণ-মহিমা যত

কহি সব সঞ্জাত

কালি হব গয়াক্ষেত্রবাদী ॥ —পু. ৩২-৩৩

বিশ্বস্তব মিশ্র গয়া হইতে কোন্ পথে ফিরিলেন, তাহা জয়ানন্দ ব্যতীত অন্ত কেহ লেখেন নাই। দেইজত জয়ানন্দের বর্ণনার সত্যাসত্য য়াচাই করিয়া লওয়ার উপায় নাই। জয়ানন্দ বলেন, বিশ্বস্তর গয়া হইতে ফিরিবার পথে মন্দারে য়ান। তথা হইতে হরিড়াযোড়ি, কংসনদ ও বৈত্যনাথ দিয়া গঙ্গাপার হইয়া নবদ্বীপে আদেন (পৃ. ৩৬)। এইরপ একটি পথ অতি প্রাচীনকাল হইতে বর্ত্তমান আছে।

There had long been at least two routes across this hilly country (Jharkhand), one leading from Benares and Gaya to the Midnapore, district through the Hazaribagh and Manbhum districts and the other through the Monghyr, Santal Parganas, Birbhum and Bankura districts via Deoghar, Baidyanath, Sarath and Vishnupur, followed by Hindu

### (থ) কাটোয়া হইতে শান্তিপুর—

ম্বারি গুপ্ত ও অক্যান্ত চরিতকার লিখিয়াছেন যে ঐতিচতন্ত সন্ন্যাসগ্রহণ করার পর ব্রজে যাইবার উদ্দেশ্যে রাঢ়ে ভ্রমণ করিয়াছিলেন (মৃ. ২।৩।১)। কিন্তু জয়ানন্দ বলেন—

কাটোয়ারে গৌরাঙ্গ ভারতী গৃহবাসে।
শান্তিপুরে চলিলেন অদ্বৈত সম্ভাযে ॥
অনেক পারিষদ সঙ্গে গঙ্গাতীরে তীরে।
সমুদ্রগড়ি পার হৈঞা গেলা শান্তিপুরে॥ —পৃ. ১৩

সমূলগড়ি নবদীপের ৫ মাইল দক্ষিণে, আর কাটোয়া নবদীপের ২৪ মাইল উত্তরে। কাটোয়া হইতে সমূলগড়ি বা সমূলগড় আসিতে হইলে নবদীপের নিকট দিয়া যাইলে শচীমাতার বা নবদীপের ভক্তরুন্দ যে শ্রীচৈতল্লের সহিত সাক্ষাৎ করিবার চেষ্টা করিতেন না ইহা অসম্ভব। জয়ানন্দ এ স্থলে স্পষ্টতাই কল্পিত কথা লিখিয়াছেন। গ্রন্থ-শেষে স্ত্র লিখিবার সময়ে তিনি নিজেও ইহা বুঝিয়াছিলেন। তাই স্ত্রে বলিয়াছেন—

বক্রেশ্বর যাইতে পুন নিবর্ত্ত হইল।
দাদশ দিবস শাস্তিপুরেতে রহিল॥ —পৃ. ১৪৮

জয়ানন্দ ৯৩ পৃষ্ঠায় লিখিলেন যে জীচৈতত্ত্য কাটোয়া হইতে গঙ্গাতীর ধরিয়া সম্দ্রগড়ে আদিয়া শান্তিপুরে গেলেন; আর ১৪৮ পৃষ্ঠায় কাটোয়া হইতে বক্রেশ্বর যাওয়া বর্ণনা করিলেন। গঙ্গার তীরে তীরে যাইয়া কোন প্রকারে

পিউড়ির নিকটবর্ত্তী বক্তেশবে পৌছান যায় না।
Vrindavandas who has written the path of pilgrimage of Sri Chaitanya based on Sri Nityananda's
বন্দাবনদাস প্রীচৈতন্তের সন্মাস-গ্রহণের পরে যে ভ্রমণ বর্ণনা করিয়াছেন,
description, who was with Sri Chaitanya after sannyasa / monastic vow.
তাহা তিনি নিত্যানন্দ প্রভূর নিকট শুনিয়া লিথিয়াছেন। নিত্যানন্দ
শ্রীচৈতন্তের সঙ্গে ছিলেন। এ বর্ণনা জ্য়ানন্দের বর্ণনা অপেক্ষা অনেক বেশী

pilgrims to their sacred shrines at Benares, Gaya, Baidyanath and Jaggernath."

⁻Oldham-'Routes Old and New' in Bengal Past and Present, July, 1924, pp. 21-36

As per Sri Nityananda, Sri Chaitanya entered Radha / Bengal from Katoya and stayed at the banks of Ganges for one night. From that place Sri Chaitanya sent Nityananda prabhu to Nabadwip and

রাচে প্রবেশ করিলেন (৩।১।৩৭১)। বক্রেশরের চার ক্রোশ দ্র হইতে himself went to Phuliya's Haridas.

শ্রীচৈত্যু আবার পূর্বম্থে ফিরিলেন (৩।১।৩৭২)। তারপর তিনি গঙ্গাতীরে আদেন, দেখানে একরাত্রি যাপন করেন। বীরভূম হইতে পূর্বাদিকে ফিরিয়া প্রথমে শ্রীচৈত্যু কোথায় গঙ্গা দেখিয়াছিলেন, তাহা নির্ণয় করা কঠিন। যাহা হউক, দেই স্থান হইতে তিনি নিত্যানন্দকে নবদ্বীপে পাঠাইয়া দিলেন। নিত্যানন্দ গঙ্গায় ভাসিয়া নবদ্বীপে আদিলেন। শ্রীচৈত্যু ফুলিয়ায় হরিদাসের নিকটে গেলেন।

#### (গ) শান্তিপুর হইতে পুরী—

ম্বারি গুপ্ত, কবিকর্ণপ্র, লোচন ও কৃষ্ণদাস কবিরাজ শ্রীচৈতন্তের শান্তিপুর হইতে রেম্না পর্যন্ত আদার পথের কোন বিবরণ দেন নাই। ম্রারি ও লোচন বলেন, শ্রীচৈততা তমলুক হইতে রেম্না গিয়াছিলেন। বৃন্দাবনদাস, জ্বন্নানন্দ ও গোবিন্দদাস এই তিন জন লেখক তিনটি বিভিন্ন পথের বিবরণ দিয়াছেন। বৃন্দাবনদাস বলেন যে শ্রীচৈততা শান্তিপুর হইতে আটিসারায় যান। প্রভূপাদ অতুলকৃষ্ণ গোস্বামী অত্নান করেন যে আটিসারা ২৪ পরগনার অন্তর্গত বাক্রইপুরের নিকটবর্তী আটঘরা গ্রাম। আটিসারা হইতে প্রভূ ছত্রভোগ যান। ছত্রভোগ ২৪ পরগনা জেলার জয়নগর-মজিলপুর হইতে ২০ ক্রোণ দক্ষিণে। ছত্রভোগ হইতে নৌকায় চড়িয়া প্রভূ উৎকলের সীমানায় প্রয়াগ-ঘাটে পৌছিলেন। প্রয়াগ-ঘাট ভায়মণ্ড হারবারের নিকট ময়েশ্বর নদের কোন ঘাট হওয়া সম্ভব।

এই মত মহাপ্রভূ চলিয়া আদিতে।

As per Vrindavandas Sri Chaitanya went to puri from Shantipur through Atsara (Atghara, near Baruipur of 24 Pragana), Chhatrabhog, by boat to Prayag Ghat on the border of Utkal, from the banks of Subarna-

rekha t প্রতিটিউটা স্থাবিশিরিখারি তীর ইইতে জলেশ্বর, বাঁশদা, রেম্না হইয়া যাজপুরে উপস্থিত হইলেন। এই বর্ণনায় দেখা যায় যে প্রভু শান্তিপুর হইতে বাহির হইয়া, গঙ্গাকে ডাহিনে রাথিয়া ভ্রমণ করিতে করিতে জয়নগর-মজিলপুরের নিকট আ্বানে।

জয়ানন্দ বলেন, প্রভূ—

নানা মহোৎসবে

রজনী বঞ্চিঞা

इदनहीं कदिका वारम।

কাচমনি বেতঢ়া তাহিনে থুইঞা উত্তরিলা কুলীন গ্রামে॥

দেব নদ পার হঞা সেয়াখালি দিঞা উত্তরিলা তমলিপ্তে।

মন্ত্রেশ্ব-কৃলে বিষ্ণু হরি দেখিঞা কহিল মুরারি গুপ্তে॥ —পৃ. ৯৬

অবশ্য মুরারি গুপ্ত এটিচতন্তের সঙ্গে ছিলেন না। তারপর রজনী প্রভাতে স্বর্ণরেখা নদী

পার হৈঞা উত্তরিলা বারাসতে।

দাতন জলেশ্বর পার হঞা

উত্তরিলা আগরদাতে॥

বাঁশদা ছাড়িঞা বামচন্দ্রপুর দিঞা

রেম্নাএ গোপীনাথ দেখি।

সরো নগরের দেউলের ভিতরে

সিদ্ধেশ্বর লিঙ্গ করি সাক্ষী॥

রজনী প্রভাতে চৈতন্ত গোদাঞি

বাঙ্গালপুরের মাঝ দিয়া

অস্বরগড় ডাহিনে করিঞা

ভদ্রকে উত্তরিলা গিঞা ॥

ভদ্রক হইতে যাজপুর। যাজপুর হইতে "মন্দাকিনী" নদী পার হইয়া পুরুষোত্তমপুর এবং পরে আমরালে পৌছিলেন। তৎপরে কটকে "সাক্ষী-গোপীনাথ" দেখিয়া একাদ্রবনে যাইলেন (পু. ৯৫-৯৭)।

গোবিন্দদাসের মতে শ্রীচৈতন্ত শান্তিপুর হইতে বর্দ্ধমান—দামোদর—
হাজিপুর— মেদিনীপুর— নারায়ণগঞ্জ— স্বর্ণরেখা— হরিহরপুর— বালেশর—
নীলগড়—বৈতরণী—দাক্ষীগোপাল দেখিয়া পুরীতে আসেন। এরপ একটি
রান্তা রেনেলের ম্যাপে দেখা যায়। কিন্তু এইটি সহজ পথ নহে। সব
চাইতে দোজা রান্তা হইতেছে বৃন্দাবনদাস বর্ণিত পথ। ঐ পথেই শ্রীচৈতন্ত
পুরীতে গিয়াছিলেন বলিয়া মনে হয়।

## (ঘ) পুরী হইতে বুলাবন—

এই পথের কোন বিস্তৃত বিবরণ জয়ানন্দ দেন নাই। তিনি শুধু
লিখিয়াছেন যে শ্রীচৈতক্ত অযোধ্যা হইতে দক্ষিণাভিন্থে যাইয়া মথুবায়
পৌছিলেন (পৃ ১৩৬ ও ১৪৯)। জয়ানন্দের লিখিত তীর্থপথের বিবরণ
পড়িয়া মনে হয়, তিনি নিজে পশ্চিমে গয়া পর্যান্ত ও দক্ষিণে পুরী পর্যান্ত শ্রমণ
করিয়াছিলেন। তিনি যে-সকল অখ্যাত গ্রামের নাম করিয়াছেন, তাহা
এই ভ্রমণের অভিজ্ঞতার ফল।

# Sri Chaitanya as described by Jayananda আন্ধিত ত্রীচেতশু-চরিত্র

মুরারি গুপ্ত, কবিকর্ণপূর, বুন্দাবনদাস ও রুফ্টাস কবিরাজের রচনায় প্রীচৈতত্তের চরিত্রে যে অপরূপ সৌন্দর্য্য ফুটিয়া উঠিয়াছে, তাহার কোর আভাসও জয়ানন্দের চৈতত্তমঙ্গলে পাওয়া যায় না। জয়ানন্দের প্রীচৈতত্ত বালাকাল হইতেই পরম ভক্ত। তিনি প্রথমা পত্নীর মৃত্যু-সংবাদ শুনিয়া আনন্দে নৃত্য করেন—

লক্ষীর বিয়োগ-কথা লোক-মুখে শুনি। প্রেমানন্দে কীর্তনে নাচেন দ্বিজমণি॥ —পৃ. ৫০

তিনি মাতাকে সংসারের অনিত্যতা ব্ঝাইয়া দিয়া বৈরাগ্য উপদেশ দেন। কিন্তু অতি অল্পদিন পরেই যখন বিফুপ্রিয়ার সহিত বিবাহের সম্বন্ধ উপস্থিত হইল তথন তিনি সানন্দে দ্বিতীয় বার বিবাহ করেন।

বুলাবনদাস ও অক্যাত্য চরিতকার বিশ্বস্তারের সন্নাস-গ্রহণের পূর্বের এক বংসর কালের ভাব-বিকাশ এমন ভাবে নানা ঘটনার মধ্য দিয়া ফুটাইয়া তুলিয়াছেন যে স্পটত:ই বুঝা যায় যে তাঁহার পক্ষে আর ঘরে থাকা সম্ভব নহে। রুক্ষপ্রেমে আকুল হইয়া তিনি সংসার ত্যাগ করিলেন। কিন্তু জয়ানন্দ এমন ভাবে শ্রীচৈতত্তের চরিত্র আঁকিয়াছেন যে বিশ্বস্তর সাধারণ মাহ্যুযের মতন সংসারের অসারতা বুবায়া সন্ন্যাসী হইলেন। ক্ষয়ানন্দের "বৈরাগ্যথতে" আছে শুরু শুক্ষ বৈরাগ্যের উপদেশ। ক্ষয়ানন্দের নিমাই পণ্ডিত বৈরাগ্যের প্রয়োজনীয়তা প্রচার করিলেও তিনি মনে মনে জানেন যে তিনি সয়ঃ ভগবান্। তিনি সয়্যাস-গ্রহণের পূর্বের বিফুপ্রিয়াকে বুঝাইতেছেন—

শ্রীরামদাস জগদানন্দ বতেশ্ব। দাদশ বিগ্রহ মুই সভাকার পর॥ আমি জদি বৈরাগ্য না করিব সংসারে। বেদনিন্দা কলিযুগে ধর্ম না প্রচারে॥ কুলধর্ম যুগধর্ম আমি না পালিব।

কেমতে সংসারে লোকধর্ম প্রচারিব ॥ —পৃ. ৮২
After taking monastic vow Sri Chaitanya had not mentioned himself as Sri Ram, Varaha, Nrishingha which he had done sometimes during God intoxicated mood before monastic vow.
অভান্ত চরিতকরি বলৈন যে সমাসের পূর্বে ভাবাবেশে কথনও কথনও

বিশ্বস্তব নিজেকে রাম, বরাহ, নৃসিংহ বলিয়া প্রচার করিলেও সন্ন্যাদের পর
After monastic vow Sri Chaitanya tried to prevent devotes to address him as GOD.
আর কথনও এরপ করেন নাই, বরং ভক্তগণ তাঁহাকে ভগবান্ বলিয়া ঘোষণা করিলে তিনি যথাসাধ্য তাঁহাদিগকে নিবারণ করিতে চেষ্টা করিতেন। জয়ানন্দের মতে তিনি ভক্তবৃন্দকে বলেন—

> আমি কৃষ্ণচৈত্তত্ত চৈত্তত্ত জগন্নাথ। যুগাবতার হেতু ব্রহ্মকুলে জাত। —পু. ১২৩

জয়ানন্দ শ্রীচৈতত্তের মুখ দিয়া যেভাবে ভবিশ্য বর্ণন করাইয়াছেন, তাহা শুধু ঐটিচতত্তের পক্ষে অসম্ভব নহে, যে-কোন বৈষ্ণব ভক্তের অশোভন (পৃ. ১৩৮)।

জীবনচরিত-লেখক যদি ঘটনার প্রত্যক্ষদশী বা সমসাময়িক না হন, তাঁহার সত্যাত্মসন্ধিৎসা যদি প্রবল না হয়, এবং লোকরঞ্জনই তাঁহার মুখ্য উদ্দেশ্য হয়, তাহা হইলে তাঁহার লিখিত জীবনচরিত উপন্যাদের পর্যায়ে পড়ে। চৈতন্তমঙ্গল লিখিতে যাইয়া ঐতিহাসিক অহুসন্ধান অপেক্ষা নিজের বিভাবুদ্ধি ও কল্পনা-শক্তির উপর নির্ভর করিয়াছেন। তিনি নিজের ধারণা-অমুযায়ী শ্রীচৈতন্মের মুথ দিয়া পৌরাণিক কাহিনীর বিক্বত উপাখ্যান ও বৈরাগ্যের উপদেশ বলাইয়াছেন। এইজন্ম আমার মনে হয় যে ষোড়শ শতাব্দীর মধ্যভাগের সামাজিক ও রাজনৈতিক অবস্থার কিছু বিবরণ তাঁহার বই-এ পাওয়া গেলেও, শ্রীচৈতন্মের জীবনের ঘটনা বা মর্ম্মোদ্যাটন-দম্বন্ধে তাঁহার উক্তি নির্ভরযোগ্য নহে।

জয়ানন্দের ঐতিহাসিক বোধ ছিল না বলিলেই হয়। তিনি লিখিয়াছেন যে রায় রামানন্দকে শ্রীচৈতন্য যথন সেতৃবন্ধে সিংহাদনে বসিয়া থাকিতে দেখিলেন তথন তাঁহাকে বলিলেন—"তোমাকে বিধাতা এত বিড়ম্বনা করিলেন, তুমি জগন্নাথ চোথে দেখিলে না, তাঁহার সেব। করিলে না—

ক্বফ সন্ধীর্ত্তনে নৃত্যে হইঞাছ বৈস্থ বিক্বতি শ্কর জন্ম তারক পাএ। স্বীপুত্রে কর্দ্ধমে যেন স্থতি নিদ্রা জাএ।" —পৃ. ১০৪

নগেজনাথ বস্থ মহাশয় জয়ানলের চৈতল্যমঙ্গলের ভূমিকায় (পৃ. ।১০) ঐ গ্রন্থের বিজয়থণ্ড হইতে আটটি পয়ার তুলিয়া দেখাইয়াছেন যে প্রতাপরুদ্র গৌড় জয় করিতে অভিযান করিতেছেন শুনিয়া ঐচিতল তাঁহাকে গৌড়ের যবন রাজ্যের কথা বলিয়া নির্ত্ত করিলেন। কিন্তু মুদ্রিত গ্রন্থের ১৩৯ পৃষ্ঠা হইতে ১৪৫ পৃষ্ঠায় মুদ্রিত বিজয়থণ্ডের মধ্যে এই পঙ্জিগুলি পাওয়া গেল না। কুলজীশাল্পের অনেক জালপুথি দেখিয়া বস্থ মহাশয় যেমন ভ্রান্ত হইয়াছিলেন, আলোচ্য গ্রন্থের বেলাতেও কি তাঁহার পুনরার্ত্তি ঘটয়াছিল ? জয়ানল অন্তিত ঐচিতলের সহিত মুরারি, কর্নপুর, রূপ, রয়্নাথদাস ও র্লাবনদাস অন্তিত ঐচিতলের এত বেশী পার্থকা যে ছইকে এক বলিয়া চেনা কঠিন। অথচ এই গ্রন্থ যথন লিখিত হইয়াছিল তথন ব্লাবনদাস ও মুরারির গ্রন্থ স্থানিত হইয়াছে ও অছৈতের পৌত্রও জনিয়াছেন (পৃ. ১৫১)। জয়ানল ১৪২ হইতে ১৪৮ পৃষ্ঠা পর্যান্ত ঐতিচতলভাগবতের সংক্ষিপ্তসার লিখিয়াছেন, অথচ গ্রন্থের পূর্বাংশে বৃলাবনদাসের বর্ণিত ঘটনার বিপরীত ঘটনা বহুতলে লিথিয়াছেন।

Son of Kamalakardas and Sadanandi of

লোচন শ্রীচৈতত্যমঙ্গলের শেষে নিজের পরিচয় দিয়াছেন। তিনি কোগ্রাম-নিবাদী কমলাকরদাস ও সদানন্দীর পুত্র। তাঁহার মাতামহের নাম পুরুষোত্তম গুপ্ত; তিনি কবিকে লেখাপড়া শিখাইয়াছিলেন। লোচন শ্রীখণ্ডের নরহরি সরকার ঠাকুরের শিশ্য; যথা—

> শ্রীনরহরিদাস ঠাকুর আমার। বিশেষ কহিব কিছু চরিত্র তাঁহার॥

> > —স্ত্রথণ্ড, পৃ. ৬৪ ; শেষ্থণ্ড, পৃ. ১১৭

রামগোপালদাস নরহরি-রঘুনন্দনের শাখা-নির্ণয়ে লিথিয়াছেন—

আর এক শাথা বৈত্য লোচনদাস নাম। পূর্ব্বে লোচনা সথী যার অভিমান॥ শ্রীচৈতক্তলীলা যেহ করিলা বর্ণন। গুরুর অর্থে বিকাইলা ফিরিঞ্চি সদন॥

শেষ চরণের অর্থ অস্পষ্ট। গুরুর জন্ম ( অর্থে ) ফিরিঙ্গিদের নিকট তিনি প্রতিভূ ছিলেন, এইরূপ অর্থ করিলে বলিতে হয় যে নরহরি সরকার ফিরিঙ্গিদের সহিত কোনরূপ ব্যবসা করিতেন।

লোচন সংস্কৃতভাষা আয়ত্ত করিয়া শাস্ত্র পাঠ করিয়াছিলেন। তিনি যে শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধ খুব ভাল করিয়াই পড়িয়াছিলেন

মৃণালকান্তি ঘোষ-সম্পাদিত মুদ্রিত গ্রন্থে আছে—
 "মাতা মোর পুণাবতী সদানন্দী নাম"।

১৩০৪ বঙ্গান্দের চতুর্থ সংখ্যা, সাহিত্য-পরিষং-পত্রিকায় প্রকাশিত ১১০৬ সনের এক চৈতস্তমঙ্গলের পুঁথির বিবরণ উদ্ধৃত হইয়াছে—

"মাতা সতী স্বপতি অক্লাতি নাম"

ভাহা তাঁহার বর্ণনায় ভাগবতের শ্লোকের স্পষ্ট প্রভাব দেখিয়া ব্ঝা যায়; যথা—

### "কোন তপ কৈল এই কোন ব্ৰতদান"

প্রভৃতি (আদিখণ্ড, পৃ. ৩৯) শ্রীমদ্তাগবতের ১০।২৪।১৪ শ্লোকের ভাব লইয়া লেখা। সেইরূপ "স্থমধ্যমাগণ কেন রাত্রে কুঞ্জ মাঝে" প্রভৃতি (শেষখণ্ড) ভাগবতের ১০।২৯।১৮-২৯এর ভাবাস্থবাদ। "তুলদী মালতী যথী তোমাকে স্থাই" প্রভৃতি (শেষখণ্ড, পু. ১০৩) ভাগবতের ১০।৩০।৭-৮ শ্লোকের অস্থাদ।

শ্রীমন্তাগবত ও মুরারি গুপ্তের কড়চা ছাড়া নিয়লিখিত গ্রন্থ হইতে লোচন শ্লোক উদ্ধার করিয়াছেন:—(১) রহৎ সহস্রনাম স্তোত্র, (২) মহাভারত, শান্তিপর্ব্ব, (৩) ব্রহ্মসংহিতা, (৪) ভবিশ্বপুরাণ, (৫) জৈমিনিভারত, (৬) নারদ-পঞ্চরাত্র, (৭) শান্তিশতক, (৮) বরাহসংহিতা, (৯) গৌতমীয়তন্ত্র, (১০) সনৎকুমার-সংহিতা। লোচন রাধা-সম্বন্ধে লিখিয়াছেন, "ব্রভান্তস্থতা নাম মূল যে প্রকৃতি" (মধ্যথত, পৃ. ৫); ইহা এবং শেষথত্তে (পৃ. ৯৯) "রাধাকে দেখিয়া নন্দ কহিল উত্তর্গ প্রভৃতি পড়িয়া মনে হয় যে তিনি ব্রন্ধবৈবর্তপুরাণ অন্ত্সরণ করিয়াছেন।

ভাবাহ্নবাদে লোচনের ন্যায় নিপুণ কবি বাংলাদাহিত্যে খুব অল্লই আছেন।
মুরারি গুপ্তের কড়চার ভাব লইয়া তিনি চৈতন্তমঙ্গল লিথিয়াছেন। তিনি
বারংবার মুরারির নিকট ঋণ স্বীকার করিয়াছেন ( স্ত্রখণ্ড, পৃ. ৪; মধ্যখণ্ড,
পৃ. ৮৬; শেষখণ্ড, পৃ. ১১৮)। লোচন রামানন্দ রায়ের জগ্যাথবল্লভ নাটকেরও
ভাবাহ্নবাদ করিয়াছেন।

When the book was written

#### গ্রন্থের রচনাকাল

লোচন মৃথ্যতঃ ম্রারি গুপ্তের কড়চা অবলম্বন করিয়া গ্রন্থ লিখিলেও অক্যান্ত ব্যক্তির মৃথে শুনিয়া বা রচনা পড়িয়া কোন কোন ঘটনা সংযোজিত করিয়াছেন। তাঁহার গুরু নরহরি সরকারের নিকট তিনি কোন কোন ঘটনা শুনিয়াছিলেন; যথা—

> তাহার প্রসাদে যেবা শুনিল প্রকাশ। আনন্দে গাইল গুণ এ লোচনদাস।

শ্রীচৈতন্ত্র-মঙ্গলের পূর্ব্বে যে শ্রীচৈতন্তভাগবত রচিত হইয়াছিল, তাহা লোচনের নিমোদ্ধত বাক্য হইতে বুঝা যায়—

> শ্রীবৃন্দাবনদাস বন্দিব একচিতে। জগতমোহিত যার ভাগবত গীতে॥ —স্ত্রথণ্ড, পূ. ৩

লোচনের পূর্ব্বে যে যে লেখক শ্রীচৈতন্যলীলা অথবা প্রেমধর্ম-বিষয়ে কিছু লিখিয়াছিলেন তাঁহাদের নাম কবি এইরূপে লইয়াছেন—

পরমেশ্বরদাস আর বৃন্দাবনদাস।
কাশীশ্বর রূপ সনাতন পরকাশ ॥
গোবিন্দ মাধব ঘোষ বাস্কঘোষ আর।
সবে মিলি আসি কৈল ভকতি প্রচার॥ —পৃ. ৩৪

লোচনের গ্রন্থ "গোরগণোদ্দেশ-দীপিকা"র পূর্ব্বে রচিত হইয়াছিল বলিয়া মনে হয়। ১৫৭৬ খ্রীষ্টাব্দে ঐ গ্রন্থে শ্রীচৈতন্তার পরিকরগণের তত্ত্ব বা পূর্ব্বলীলার নাম লিখিত হইয়াছিল। কিন্তু লোচন যখন চৈতন্তামঙ্গল লেখেন, তখন ঐরপভাবে তত্ত্ব নির্ণীত হইলেও, উহা অন্তরঙ্গজনের মধ্যেই নিবদ্ধ ছিল, সর্ব্বসাধারণে প্রকাশিত হয় নাই। সেইজন্ত লোচন বলিয়াছেন—

আমি অতি অল্পবৃদ্ধি কি বলিতে জানি।
অবতার-নির্ণয়-কথা কেমনে বাথানি॥
মহাস্তের মৃথে যেই শুনিয়াছি কাণে।
তাহা কহিবারে নারি সঙ্কোচ পরাণে॥ — স্ত্রথণ্ড, পৃ. ৩৩

১৫৭৬ খ্রীষ্টাব্দের পর লোচন "চৈতন্তমঙ্গল" লিখিতে বদিলে এত "সংক্ষাচ পরাণে" বোধ করিতেন না।

কালীপ্রদার গুপ্ত "বঙ্গীয় কবি" নামক গ্রন্থে (পৃ. ৮৬) লিথিয়াছেন যে ১৫২৩ খ্রীষ্টাব্দে লোচন জন্মগ্রহণ করেন ও চৌদ্দবৎসর বয়সের সময়ে ১৫৩৭ খ্রীষ্টাব্দে "চৈতন্তমঙ্গল" রচনা করেন। শ্রীযুক্ত মুণালকান্তি ঘোষ মহাশয় এই প্রবাদে আত্ম স্থাপন করিতে পারেন নাই। চৌদ্দবৎসর বয়সের বালকের পক্ষে আদিরসের অত নিগৃঢ় কথা জানা এবং বিভিন্ন শাস্তের ঘনিষ্ঠ পরিচয় লাভ করা অসম্ভব। ডাঃ দীনেশচন্দ্র সেন লিথিয়াছেন, "কথিত আছে যে তিনি ১৫৭৫ খুষ্টাব্দে তাঁহার গুক্ত নরহরি সরকারের আদেশে এই গ্রন্থ রচনা

করেন" (বঙ্গভাষা ও সাহিত্য, পঞ্চম সং, পৃ. ৩১৪)। ১৫৭৬ খ্রীষ্টাব্দে যথন গোরগণোদ্দেশ-দীপিকা লিখিত হয়, তথন তাহার ১০।১৫ বংসর পূর্বে শ্রীচৈতন্তমঙ্গলের রচনাকাল অন্নমান করাই অধিকতর যুক্তিসঙ্গত মনে হয়। ১৫৬০ হইতে ১৫৬৬ খ্রীষ্টাব্দের মধ্যে কোন সময়ে শ্রীচৈতন্তমঙ্গল রচিত হুইয়াছিল বলিয়া আমি বিবেচনা করি।

লোচনের চৈতত্যমঙ্গল স্ত্রেপণ্ড, আদিপণ্ড, মধ্যথণ্ড ও শেষথণ্ড বিভক্ত। স্ত্রেপণ্ডে প্রীচৈতত্যের অবতার-গ্রহণের কারণ ও তাঁহার অবতারত্বের প্রমাণ লিখিত হইয়াছে। এই থণ্ডে ম্রারি গুপ্তের কড়চার বিশেষ কোন প্রভাব দেখা যায় না। ম্রারি গুপ্ত লিথিয়াছেন যে নারদ ম্নি পৃথিবীতে বৈষ্ণ্য দেখিতে না পাইয়া বৈকুঠে হরির নিকট যাইয়া কলিকালদট্ট জনগণের উদ্ধার প্রার্থনা করিয়া বলিলেন যে ভগবান্ যেন বাংস্থ-জগয়াথ-স্থত-রূপে অবতীর্ণ হন (১০০২০)। ইহাতে মনে হয় যে বিশ্বস্তুর মিশ্র বাৎস্থাগাত্রে জয়য়য়াছিলেন। মহামহোপাধ্যায় ফণিভূষণ তর্কবাগাণ মহাণয় ১৩৪৬ বঙ্গান্দের কলিকাতার পাশ্চান্ত্র বৈদিক ব্রাহ্মণ তর্কবাগাণ মহাণয় ১৩৪৬ বঙ্গান্দের কলিকাতার পাশ্চান্ত্র বৈদিক ব্রাহ্মণ উদ্ধাত করিয়া বলেন যে প্রীচৈতত্য সামবেদী ভর্মান্ত গোত্রে জন্ম লয়েন (ভারতবর্ষ, শ্রাবণ, ২৩৪৭)। ম্রারির উক্তিই অবশ্য এখানে প্রামাণ্য মনে করিতে হইবে। এই ঘটনাটুকুকে অবলম্বন করিয়া লোচন ২৭ পৃষ্ঠাব্যাপী কৃষ্ণ-ক্রিয়াণী, শিব-পার্ব্বতী, নারদ-ব্রহ্মা সংবাদ লিখিয়াছেন।

মুরারি ঐতিচতভাকে যুগাবতার বলিয়াছেন (১।৪)। লোচন বলেন—

যুগ অবতার রুফ এ বড় অশক্য ॥ আর যুগে অবতার অংশ কলা লথি। আপনে দে ভগবান্ ভাগবতে সাক্ষী॥ —স্ত্রেখণ্ড, পৃ. ২২

লোচনের মতে ছাপরে ও কলিতে পূর্ণ অবতার প্রকটিত হইয়াছিলেন। এই প্রসাদ্ধে লোচন শ্রীমন্তাগবতের "এতে চাংশকলাঃ পুংসঃ", "আসন্ বর্ণান্ত্রেয়া হুশু", "কৃষ্ণবর্ণং ছিষাকৃষ্ণম্" শ্লোক উদ্ধার ও ব্যাখ্যা করিয়াছেন। মহাভারতের শান্তিপর্কের "স্থবর্ণবর্ণো হেমান্সো" শ্লোকও শ্রীচৈতন্তের ভগবত্তার পোষকরূপে উদ্ধার করা হইয়াছে। আর এই-সব প্রাচীন শ্লোকের সঙ্গে ভবিশ্বপুরাণের অর্কাচীন শ্লোকও স্থান পাইয়াছে, লোচন লিথিয়াছেন—

# ভবিষ্যপুরাণে আর ক্লফের প্রতিজ্ঞা। কলি জনমিব তিনবার এই আজ্ঞা॥

তথাহি ভবিয়পুরাণে—

অজায়ধ্বমজায়ধ্বমজায়ধ্বং ন সংশয়:।
কলো সন্ধীর্ত্তনারস্তে ভবিয়ামি শচী-স্থত:॥
—স্ত্রথণ্ড, পৃ. ২৪১

জৈমিনি-ভারতের দোহাই দিয়া লোচন লিথিয়াছেন যে, শ্রীকৃষ্ণ ক্রিন্সীকে বলিলেন তিনি কলিকালে অবতীর্ণ হইয়া "ভুঞ্জিব প্রেমার স্থুখ ভূঞাইব লোকে"

> কহিতে কহিতে প্রভূ গৌরতমু হৈলা। নিজ প্রেমা বিলাদিব প্রতিজ্ঞা করিলা। —স্ত্রখণ্ড, পু. ১৩

লোচন ব্রহ্মপুরাণ হইতে শ্রীচৈতন্ত-অবতারের প্রমাণ বাহির করিয়াছেন, তবে ব্রহ্মপুরাণের ঐ অংশ বোধ হয় প্রতাপক্তের সময়ে লিখিত হইয়াছিল; যথা—

> বিষ্ণু কাত্যায়নী-সনে সংবাদ ব্রহ্মপুরাণে উৎকলখণ্ডেতে পরকাশ। রাজা সে প্রতাপক্ষত্র সর্বস্তিণের সমৃদ্র ব্যক্ত কৈল পরম উল্লাস॥

> > — স্ত্রথণ্ড, পৃ. ১৮

ভবিশ্বপুরাণ, জৈমিনি-ভারত ও ব্রহ্মপুরাণের প্রমাণ ম্রারি গুপ্তের সময়ে কলিত হয় নাই। কবিকর্ণপূর বা বৃন্দাবনদাস এগুলির কথা লেখেন নাই,

দিবিজা ভূবি জায়ধ্বং ভক্তিরূপিণঃ। কলৌ সম্বীর্ত্তনারম্ভে ভবিয়ামি শচী-হতঃ।

লোকটি নারদীয়-পুরাণের অন্তর্গত বলিয়া উদ্ধৃত হইয়াছে। বস্তুতঃ ভবিছ বা নারদীয়-পুরাণে এইরূপ কোন লোক নাই।

১ এই অংশ প্রক্ষিপ্ত বলিয়া সন্দেহ হয়। কেন-না "অজায়ধ্বন্" পদের অর্থ অতীতে আপনারা জন্মিয়াছিলেন। ইহার সহিত দ্বিতীয় পঙ্ক্তির কোন সম্বন্ধ নাই। ঐতিচতশ্যচক্রামৃতের আনন্দী টীকায়—

যদিও তাঁহারা শ্রীচৈতত্যের ভগবত্তা প্রমাণ করিবার জন্ম লোচন অপেক্ষা কম আগ্রহশীল ছিলেন না। স্নাতন গোস্বামী সমস্ত পুরাণের পূথি ও অন্তান্ত শাস্ত্রগ্রন্থ করিয়াছিলেন। সেই-সমস্ত গ্রন্থের সাহায্যে শ্রীজীব গোস্বামী ষট্সন্দর্ভ লেখেন। শ্রীজীবের ন্তায় পণ্ডিত এ-সমস্ত শ্লোক খুঁজিয়া যখন পান নাই, তখন মনে হয় এগুলি পরবর্ত্তী কালে রচিত হইয়াছে।

লোচনের আদিখণ্ডে বিশ্বস্তরের জন্ম হইতে আরম্ভ করিয়া গন্না হইতে প্রজ্যাবর্ত্তন পর্যান্ত বিবরণ আছে। মুরারি গুপ্তের প্রথম প্রক্রমের ও বুন্দাবনদাদের আদিলীলারও বিশ্বয়বস্ত এরপ। লোচনের মধ্যথণ্ডের বর্ণিতব্য বিশ্বয় গন্না-প্রত্যাগত বিশ্বস্তরের ভাববিকার, সন্মাস-গ্রহণ, পুরী-যাত্রা ও সার্ব্বভৌম-উন্ধার-কাহিনী। বুন্দাবনদাদের মধ্যথণ্ডে সন্মাস-গ্রহণ পর্যান্ত বর্ণিত হইয়াছে। এইরপ বিশ্বয়বিভাগ অধিকতর যুক্তিসঙ্গত (logical) মনে হয়। সার্ব্বভৌম-উন্ধারের দারা প্রীচৈতন্তের জীবনে তেমন কোন পরিবর্ত্তন আদে নাই, সেইজ্ব্য এই ঘটনা দিয়া গ্রন্থের একখণ্ড শেষ করার কোন সার্থকতা নাই। লোচনের শেষথণ্ড নিতান্ত অসম্পূর্ণ। প্রীচৈতন্তের ভাবজীবনের কোন বিশেষ পরিচয় ইহাতে নাই। শেষথণ্ডে মুরারিকেই প্রধানতঃ অবলম্বন করা হইয়াছে। বুন্দাবনদাস বা কবিকর্ণপুরের লেখার কোন ছাপ ইহাতে পড়ে নাই।

Chaitanyamangal and Chaitanyabhagavat

লোচনের গ্রন্থের নাম চৈতন্তমঙ্গল কির্মণে হইল সে সম্বন্ধে অনেক কিংবদন্তী আছে। "শ্রীথণ্ডের প্রাচীন বৈষ্ণব" নামক গ্রন্থে আছে—"কিছুদিনের মধ্যেই শ্রীচৈতন্তমঙ্গল গ্রন্থর সামাধ্য করিয়া লোচন শ্রীথণ্ডে প্রত্যাগমন করত শ্রীনরহরির করে গ্রন্থ অর্পণ করিলেন। নরহরি গ্রন্থ দেখিয়া বলিলেন, পূর্ব্বেই শ্রীরন্দাবনদাস শ্রীচৈতন্তমঙ্গল নামে গ্রন্থ রচনা করিয়াছেন, অতএব এই গ্রন্থ-প্রচারের জন্ম তোমার শ্রীরন্দাবনদাসের অনুমতি লওয়া আবশ্যক। নরহরির আজ্ঞায় লোচন বৃন্দাবনদাসের নিকট গমন করিলেন এবং তাঁহাকে এই গ্রন্থ অর্পণ করিয়া সমস্ত কথা বলিলেন। অতঃপর বৃন্দাবনদাস গ্রন্থ পড়িতে পড়িতে প্রথমেই নিম্নলিখিত প্যারটি দেখিয়া প্রেমমূর্চ্ছিত হইলেন।

অভিন্ন-চৈতন্ত সে ঠাকুর অবধৃত। শ্রীনিত্যানন্দ বন্দ রোহিণীর স্থত। শ্রীবৃন্দাবনদাস বলিলেন—'লোচন! তুমি নবহরির অহুগ্রহে শ্রীনিত্যানন্দতত্ত্ব যথার্থই উপলব্ধি করিয়াছ, কারণ গৌর-নিত্যানন্দকে তুমি অভেদ মৃতিতে বর্ণনা করিয়াছ। অন্থ হইতে তোমার গ্রন্থের নাম শ্রীচৈতক্তমঙ্গল ও আমার শ্রীচৈতক্তমঙ্গলের নাম শ্রীচৈতক্তমঙ্গল বৈষ্ণবস্বাজে স্থপ্রচারিত হইয়াছে এবং ইহার সৌরভ শ্রীবৃন্দাবনদাসের শ্রীচৈতক্তমঙ্গল বৈষ্ণবস্বাজে স্থপ্রচারিত হইয়াছে এবং ইহার সৌরভ শ্রীবৃন্দাবনবাসী বৈষ্ণবগণের নিকট পঁছছিয়াছে। এই জন্ম কৃষ্ণদাস করিরাজ গোস্বামী শ্রীবৃন্দাবনদাসের গ্রন্থকে 'চৈতক্তমঙ্গল' বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু গৌর-নিত্যানন্দকে অভেদ মৃত্তিতে বর্ণনা করায় লোচনের নিকট নিত্যানন্দগতপ্রাণ বৃন্দাবনদাসের আর ক্বতজ্ঞতার সীমা নাই। এই জন্ম তিনি এক ব্যবস্থাপত্র প্রস্তুত করিলেন যে আমি প্রভূর ভগবতা বর্ণনা করিয়াছি এবং লোচন মাধ্য্য বর্ণন করিয়াছে। অতএব আমার গ্রন্থের নাম শ্রীচৈতক্তভাগবত হইল। বৃন্দাবনদাসের এই ব্যবস্থাপত্র দেখিয়া শ্রীবৃন্দাবনবাদী গোস্বামিগণ বড়ই সম্ভুট হইলেন।" (শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব, পৃ. ৮০)। প্রেমবিলাসের উনবিংশ বিলাসেও আছে,

"এটিচতগ্যভাগবতের নাম চৈতগ্যমঙ্গল ছিল। বৃন্দাবনের মহাস্তগণে ভাগবত আখ্যা দিল।"

এই কিংবদন্তী কয়েকটি কারণে অবিশাস্ত। (১) যোড়শ শতাকীতে কপিরাইটের আইন ছিল না। মনসামঙ্গল, বিছাস্থন্দর প্রভৃতি নাম দিয়া একাধিক লেখক বই লিখিয়াছেন। জয়ানন্দের বইয়ের নামও চৈতন্তমঙ্গল। সেইজন্ত বৃন্দাবনদাসের অন্থমতি লইয়া লোচনের গ্রন্থ-প্রচারের কোন প্রয়োজনছিল না। নরহরির উপাসনা-প্রণালীকে যে বৃন্দাবনদাস অস্থমতি লইতে বলিবেন ভাহাও সম্ভব মনে হয় না। (২) বৃন্দাবনদাস নাগর গৌরাঙ্গের উপাসনা-প্রণালী স্বীকার করেন না; স্থতরাং তিনি যে লোচনের চৈতন্তমঙ্গলের প্রচারে সহায়তা করিবেন তাহাও বিশ্বাস করা যায় না। (৩) বৃন্দাবনদাস প্রীচৈতন্তের ভগবতা বা ঐশ্বর্যভাব লিখিয়াছেন বলিয়া তাঁহার বইয়ের নাম প্রীচৈতন্তন্তর হইবে কেন ? ভাগবতে কি শুধু প্রীক্তম্ভের ঐশ্বর্যভাব আছে ? (৪) বৃন্দাবনদাসের ব্যবস্থা ও বৃন্দাবনের গোস্বামিগণের মত অন্থসারে যদি বৃন্দাবনদাসের বইয়ের নাম "প্রীচৈতন্ত্যভাগবত" হইয়া থাকে, তাহা হইতে কৃষ্ণাস করিরাজ কি সে

সহস্কে কিছুই জানিতেন না? তিনি লোচনের গ্রন্থরচনার অনেক পরে লিখিয়াছেন—

> বৃন্দাবনদাস কৈল চৈতগ্যমঙ্গল। যাহার শ্রবণে নাশে সর্ব্ব অমঙ্গল॥

(৫) লোচন নিজের গ্রন্থে স্বীকার করিয়াছেন যে, বৃন্দাবনদাসের বইয়ের নাম শ্রীচৈতশ্রভাগবত ছিল; যথা—

> শ্রীবৃন্দাবনদাগ বন্দিব এক চিতে। জগত মোহিত যার ভাগবত-গীতে॥

শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয় অন্থমান করেন—"গ্রন্থের নাম পরিবর্ত্তিত হইবার পরও লোচন ঐ চরণদ্বয় লিপিবদ্ধ করিতে পারেন" (গৌরপদতরঙ্গিনীর ২য় সংস্করণের ভূমিকা, পৃ. ২৪১)। উল্লিখিত পাঁচটি যুক্তির পর এই অন্থমান সঙ্গত হয় না।

আমার মনে হয় বৃন্দাবনদাদের গ্রন্থের নাম প্রথম হইতেই চৈতগুভাগবত ছিল—কিন্ত চণ্ডীর মাহাত্মাস্টক গান থেমন চণ্ডীমঙ্গল, মনসার মাহাত্মাস্টক গান মনসামঙ্গল, তেমনি শ্রীচৈতগ্রের মাহাত্মাস্টক বাঙ্গালা বইকে চৈতগ্রমঙ্গল নামে অভিহিত করা যায়। এইজগুই রুফ্দাস কবিরাজ বৃন্দাবনদাদের বইয়ের নাম চৈতগ্রমঙ্গল বলিয়াছেন।

লোচনের চৈতত্যমঙ্গল-সম্বন্ধে আর একটি কিংবদন্তী এই যে রন্দাবনদাস
থেমন লোচনের গুরু নরহরির নাম উল্লেখ করেন নাই, লোচনও তেমনি
বৃদ্দাবনদাসের গুরু নিত্যানন্দের নাম উল্লেখ না করিয়া গ্রন্থ লিখিয়াছিলেন।
অবশেষে গুরুর মনোরঞ্জন করিবার জন্ত লোচন লিখিয়াছেন—

"অভিন্ন-চৈতন্ত সে ঠাকুর অবধৃত।"

এই প্রবাদটি কালীপ্রসন্ন সেনগুপ্ত "বঙ্গীয় কবি" নামক গ্রন্থে (পূ. ৮৭-৮৮)
উল্লেখ করিয়াছেন; কিন্তু তিনি নিজেও ইহার উপর আস্থা স্থাপন করিতে
পারেন নাই। লোচনের চৈত্রগ্রন্থলের নানাস্থানে নিত্যানন্দের নাম, মহিমা
ও স্থাতি আছে (স্ত্রেখণ্ড ২, পৃ. ৩০; আদিখণ্ড ১, পৃ. ২৮; মধ্যখণ্ড ৭০-৭১,
পৃ. ৭৫)। বস্তুতঃ নিত্যানন্দকে বাদ দিয়া গৌরাঙ্গলীলা লেখা একেবারে
অসম্ভব।

The purpose of writing of SriChaitanyamangal

# এটিতভাষলল-লেখার উদ্দেশ্ত

লোচনদাস বলিয়াছেন যে মুরারি গুপ্তের সংস্কৃতে লিখিত ঐতিচতম্যচরিত পাঠ করিয়া পাঁচালী-প্রবন্ধে চৈতমূলীলা লিখিবার লোভ তাঁহার মনে জাগিয়াছিল। তাই তিনি ঐতিচতম্মকল লিখিলেন। কিন্তু কেবলমাত্র সংস্কৃত গ্রন্থের স্বাধীন অহুবাদ করিয়া জনসাধারণকে ঐতিচতমূলীলা শুনানই তাঁহার একমাত্র উদ্দেশ্য ছিল না। লোচন স্পষ্ট করিয়া না বলিলেও, তাঁহার গ্রন্থ-পাঠে মনে হয় যে, ঐতিচতমূমকল লেখায় তাঁহার আরও তিনটি উদ্দেশ্য ছিল।

প্রথমতঃ, তাঁহার গুরু নরহরি সরকারের সহিত বিশ্বস্করের ঘনিষ্ঠতার পরিচয় দেওয়া। দ্বিতীয়তঃ, নরহরিকে পঞ্চতত্ত্বের মধ্যে স্থান দেওয়া। ভৃতীয়তঃ, নাগরীভাবের উপাসনাকে জনপ্রিয় করা।

পূর্বেদেশইয়াছি যে নবদীপ-লীলা-প্রসঙ্গে লোচন ব্যতীত অন্ত কোন চরিতকার নরহরির নাম করেন নাই। তাঁহাদের এই ক্রটী সংশোধন করা লোচনের অভিপ্রায় ছিল। তিনি নবদীপলীলা-বর্ণনা উপলক্ষে বছস্থানে নরহরির উপস্থিতি ও তাঁহার প্রতি বিশ্বস্থরের প্রীতির কথা লিখিয়াছেন। তাঁহার মতে বিশ্বস্থরের গয়া হইতে প্রত্যাবর্তনের পর নরহরি তাঁহার সহিত মিলিত হন। লোচন আদিখণ্ডের কোন লীলায় নরহরির নাম করেন নাই। তিনি মধ্যখণ্ডে লিথিয়াছেন—

- (ক) মিলিলেন গদাধর পণ্ডিত গোসাঞি। নরহরি মিলিয়া রহিলা তায় ঠাঞি॥ —পৃ. ৩
- (খ) নরহরি ভূজে আর ভূজ আরোপিয়া।
  শ্রীবাসের ঘরে নাচে রাদবিনোদিয়া॥
  গৌরদেহে শ্রামতফু দেখে ভক্তগণ।
  গদাধর রাধারূপ হইলা তথন॥
  মধুমতি নরহরি হইলা নেই কালে।
  দেখিয়া বৈষ্ণব সব হরি হরি বোলে॥ —পৃ. ৭
- (গ) শ্রীনিবাস ভূজে এক ভূজ আরোপিয়া।
  গদাধর করে ধরি বাম কর দিয়া॥
  নরহরি অংক প্রভূ শ্রীঅক হেলিয়া।
  শ্রীরঘুনন্দন মুখ কান্দয়ে হেরিয়া॥ —পৃ. ১৩

- (ঘ) শ্রীবাসের বাড়ী একদিন অবৈত আসিয়া দেখিলেন—
  গদাধর নরহরি তুইদিগে রহে।
  শ্রীরঘুনন্দন যে শ্রীমুখচন্দ্র চাহে॥ —পৃ. ২১
- (ঙ) গদাধর নরহরি বৈসে ত্ই পাশে। শ্রীরঘুনন্দন পদ নিকটে বিলাসে॥ —পৃ. ২৫
- (চ) বিশ্বস্তর বলিতেছেন— শ্রীনিবাস নরহরি আদি ভক্তগণ। তো সভারে লঞা মোর যজ্ঞের স্থাপন॥ —পৃ. ৪২

লোচন নবদ্বীপ-লীলা বর্ণনা করিতে যাইয়া নরহরি-সম্বন্ধে যে-সকল কথা বলিয়াছেন, তাহা অন্ত কোন লীলা-গ্রন্থে পাওয়া যায় না। এরপ অহলেথের নানা কারণ হইতে পারে। হয়তো নরহরি নবদ্বীপে ভাব-প্রকাশের এক বৎসর কালের মধ্যে সব সময়ে কাছে থাকিতেন না। সে সময়ে কত ভক্ত আসিতেন যাইতেন; সকলের কথা ম্রারির পক্ষে লেখা সন্তব হয় নাই; হয়তো নরহরির সহিত মতের পার্থক্যহেতু তাঁহার নাম ম্রারি, কবিকর্ণপূর ও বৃন্ধাবনদাস বাদ দিয়াছেন। কিন্তু ম্রারি ও কবিকর্ণপূর শ্রীচৈতত্তের নীলাচল-লীলা-প্রসঙ্গে নরহরির নাম করিয়াছেন দেখিয়া মনে হয়, ইহাদের মনে সরকার ঠাকুরের প্রতি কোন বিরুদ্ধভাব ছিল ন!। নিত্যানন্দ, অইন্ত, গদাধর, শ্রীবাস প্রভৃতি নবদ্বীপ-লীলায় যেরূপ প্রধান স্থান অধিকার করিয়াছিলেন, নরহরি সেরূপ প্রাধান্ত লাভ করেন নাই বলিয়াই হয়তো ম্রারি ও কবিকর্ণপূর তাঁহার নাম নবদ্বীপের লীলাবর্ণনায় উল্লেখ করেন নাই।

লোচন লিখিয়াছেন যে বিশ্বস্তব সন্ত্রাস-গ্রহণ-মানসে নবদীপ হইতে কাটোয়ায় যাইবার পর ভক্তগণ তাঁহাকে খুঁজিতে বাহির হইবার যুক্তি করিলেন। ভক্তেরা কেশব ভারতীর আশ্রমে যাওয়া স্থির করিলেন। নিত্যানন্দ চন্দ্রশেখরাচার্য্য, দামোদর পণ্ডিত, বক্রেশ্বর প্রভৃতিকে লইয়া কাটোয়ায় আসিলেন। পরে

নবদ্বীপ হইতে গদাধর নরহরি। আসিয়া মিলিলা তাহা বলি হরি হরি॥ —পৃ. ৬৩

শ্রীচৈতক্য রাচ্দেশ ভ্রমণ করিয়া শান্তিপুরে আদিলেন। লোচনের মতে দেখানেও নরহরি উপস্থিত ছিলেন; যথা—

গদাধর নরহরি নাচে তারা পাশে। বাহ্নদেব ঘোষ নাচে গদাধর দাসে॥ —পৃ. ৭২

শ্রীচৈতক্য শান্তিপুর হইতে যথন পুরী যাত্রা করিলেন তথনও নরহরি তাঁহার সঙ্গে ছিলেন ; যথা—

পণ্ডিত শ্রীগদাধর অবধৃত রায়।
নরহরি আদি করি সঙ্গে চলি যায়॥
শ্রীনিবাস মুরারি মৃকুন্দ দামোদর।
এই নিজ জন সঙ্গে চলিলা ঈশ্বর॥ —পৃ. ৭৪

ন শ্রীচৈতক্ত পুরীতে পৌছিয়া বাস্থদেব সার্কভৌমের ঘরে গেলেন ও সার্কভৌমের পুত্রকে সঙ্গে লইয়া জগন্ধাথ-দর্শনে গমন করিলেন। শ্রীচৈতক্ত যথন জগন্ধাথকে আলিন্ধন করিয়া আনন্দে হরি হরি বলিয়া নাচিতেছেন, তথন—

গদাধর নাচে নরহরি নিত্যানন্দ। শ্রীনিবাস দামোদর মুরারি মুকুন্দ। —পৃ. ৮৩

লোচনের লিখিত এই বিবরণে দেখা যায় যে সন্ন্যাস-গ্রহণের সময় হইতে আরম্ভ করিয়া নীলাচলে জগন্ধাথ-দর্শন পর্যান্ত সময় বরাবর নরহরি প্রীচৈতন্তের সঙ্গে ছিলেন। প্রীযুক্ত গৌরগুণানন্দ ঠাকুর বলেন—"প্রভু কণ্টক-নগরে গমন করিলে নরহরি সে সময়ে পুত্র-বিরহ-কাতরা শ্রীশচী মাতাকে সান্ত্রনা করিবার নিমিত্ত নবদ্বীপেই ছিলেন। প্রভুর সহগামী হইতে পারেন নাই" (শ্রীপণ্ডের প্রাচীন বৈষ্ণব, পৃ. ২০)। অত্য কোন চরিতকারপ্ত বলেন না যে নরহরি শ্রীচৈতন্তের সঙ্গে রাঢ়ে ভ্রমণ করিয়াছিলেন বা নীলাচলে গিয়াছিলেন। লোচন বলেন ম্রারি শ্রীচৈতন্তের সহিত নীলাচলে গিয়াছিলেন। ম্রারি নিজের গ্রন্থে এরপ কথা বলেন নাই; যদি তিনি সত্যই যাইতেন তাহা হইলে সে কথা গোপন করিবার কোন সঙ্গত কারণ থাকিত না। মনে হয় শ্রীচৈতন্তের সঙ্গে ম্রারির ও নরহরির নীলাচলে গমন লোচনের কল্পনামাত্র।

নরহরি ঐতিচতত্তের সঙ্গে নীলাচলে গিয়া থাকিলে সে সম্বন্ধে, ঐথতে কোন
না কোন কিংবদন্তী প্রচলিত থাকিত। ঐত্যুক্ত গৌরগুণানন্দ ঠাকুর এরূপ
কোন প্রবাদের উল্লেখ করেন নাই, বরং তিনি লিখিয়াছেন "ঐমন্মহাপ্রভূ
শান্তিপুরে ভক্তবৃন্দের সহিত কয়েকদিন অবস্থিতি করিয়া যখন কয়েকটি মাত্র

ভক্ত সংশ লইরা শ্রীনীলাচলে বাইবার মানস করিলেন, তথন নরহরিও তাঁহার সংশে বাইবার ইচ্ছা প্রকাশ করিলেন; কিন্তু প্রভূ নরহরির সে কার্য্যে বাধা দিয়া বলিলেন, মৃকুলপুত্র রঘুনলন তোমা ভিন্ন অহা কাহারও দারা সম্যক্রপে পালিত হইবেন না। আরও বলিলেন যে আমি যে জহা অবতীর্ণ, তাহার নিগৃঢ় তত্ব তুমি জান। হতরাং তুমি জামার সহিত গমন করিলে এদেশে আর সে ধর্ম প্রচারিত হইবে না। অতএব তোমাকে শ্রীপণ্ডেই অবস্থান করিতে হইবে। তেওুর আজ্ঞায় বাধ্য হইয়া নরহরিকে শ্রীপণ্ড আদিতে হইল।" নরহরি যে শ্রীচৈতহাের সঙ্গে নীলাচলে গিয়াছিলেন লোচনের এই কথা শ্রীপণ্ডের ঠাকুর মহাশয়েরাও বিশ্বাস করেন নাই।

তাহা হইলে প্রশ্ন উঠে এই যে লোচনের গ্রন্থ নরহরি সরকার ঠাকুর দেখিয়াছিলেন কি ? যদি তিনি দেখিয়া থাকেন, তাহা হইলে তাঁহার নিজের সম্বন্ধে যে ভুল সংবাদ তাঁহার শিশ্র দিয়াছেন তাহা সংশোধন করিয়া দিলেন না কেন ? তিনি নিশ্চয়ই শিশ্রের দারা গ্রন্থ লেখাইয়া নিজের সম্বন্ধে জন-সাধারণের মনে ভ্রান্থ ধারণা জন্মাইতে রাজী ছিলেন না। সেইজ্লু সিদ্ধান্ত করিতে হয় যে নরহরি সরকার ঠাকুরের তিরোভাবের পর লোচন "দৈত্লুমক্ল" লিখিয়াছিলেন। তিনি নরহরির সহিত শ্রীচৈতল্যের ঘনিষ্ঠতার পরিচয় দিতে ঘাইয়া ঐতিহাদিক সত্য অপেক্ষা কল্পিত ঘটনার উপর অধিকতর আস্থা স্থাপন করিয়াছেন।

শ্রীচৈতন্তুমকল লিখিবার বিতীয় উদ্দেশ্ত হইতেছে নরহরিকে পঞ্চতত্বের মধ্যে স্থান দেওয়া। স্বরূপ-দামোদর তত্ত্বনিরূপণে বলিয়াছেন যে গৌরচন্দ্র, নিত্যানন্দ, অবৈত, শ্রীনিবাস ও গদাধর পণ্ডিত এই পাঁচ জনকে লইয়া পঞ্চত্ত্ব। কবিকর্ণপূর গৌরগণোদ্দেশ-দীপিকায় স্বরূপ-দামোদরের নাম উল্লেখ করিয়া তাঁহার মতাহুসারে পঞ্চতত্বের ব্যাখ্যা করিয়াছেন। ইহার মধ্যে নরহরির স্থান নাই। লোচন স্পষ্টতঃ স্বরূপ-দামোদরের মতের বিরুদ্ধে যাইতে সাহসী না হইলেও প্রকারান্তরে অত্য ভাবে পঞ্চতত্ত্বের ব্যাখ্যা করিয়াছেন। তিনি মক্লাচরণাংশে ও অত্যাত্য স্থানে লিখিয়াছেন—

জয় জয় শ্রীকৃষ্ণ চৈততা নিত্যানন।
জয়াবৈত চক্র জয় গৌরভক্তবৃন্দ।
জয় নরহরি গদাধর প্রাণনাথ।
কৃপা করি কর প্রভু ভভদৃষ্টিপাত॥ —স্ত্রেখণ্ড, পৃ. ২

পুনন্চ আদিখণ্ডের প্রথমেই—

জয় জয় গদাধর গৌরাক নরহরি।
জয় জয় নিত্যানন্দ সর্বাশক্তিধারী॥
জয় জয় অহৈত আচার্য্য মহেশব।
জয় জয় গোরাকের ভক্ত মহাবর॥

এইরপ বন্দনায় শ্রীনিবাস বা শ্রীবাস প্রধান স্থান হইন্তে চ্যুত হইয়াছেন, এবং দেই স্থান নরহরি অধিকার করিয়াছেন।

শ্রীচৈতন্তমঙ্গল-রচনার তৃতীয় উদ্দেশ্য ছিল নাগরীভাবের উপাসনা-পদ্ধতি প্রচলন করা। বৃন্দাবনদাস লিখিয়াছেন—

অতএব মহামহিম সকলে। গৌরাঙ্গ নাগর হেন স্তব নাহি বলে॥

কিন্তু লোচনদাস লীলাবর্ণনা-উপলক্ষে স্থাোগমত গৌরাক্ষের নাগরভাব প্রচার করিয়াছেন। গৌরাক্ষের রূপগুণ দেখিয়া নদীয়া-নাগরীরা তাঁহাকে দেহমন সমর্পণ করিবার জন্ম ব্যাকুল হইয়াছেন; গৌরাক্ষ কচিৎ কদাচিৎ তাঁহাদের ভাবের কিঞ্চিৎ প্রতিদান দিতেছেন, ইহাই হইতেছে লোচনের অন্ধিত নাগরী-ভাবের উপাসনার মূল স্ত্র। লোচনের মতে নিমাইয়ের জন্ম-সময় হইতেই নাগরীভাবের আরম্ভ হইয়াছে।

গৌর নাগরিয়া গন্ধে ভরিল ব্রহ্মাণ্ড। প্রতি অকে রসরাশি অমৃত অথণ্ড॥ —আদি থণ্ড, পূ. ৩

নবজাত শিশুর রূপবর্ণনায় লোচন লিথিয়াছেন-

বিশাল নিতম্ব উক্ল কদলীর যেন। —এ, পৃ. ৩

এই শিশু দেখিয়া নদীয়া-নাগরীদের "অলসল অক সভার শ্লথ নীবিবন্ধ" (পৃ.৩)। এরপ বর্ণনা করিতে যাইয়া লোচন সাধারণ ও ঐতিহাসিক বৃদ্ধির দীমা উল্লেখন করিয়াছেন। বিশ্বস্তারের প্রথম বিবাহে জাল সাধার সময়ের বর্ণনা—

গৌরাঙ্গের নয়ন-সন্ধান শরঘাতে। মানিনীর মান-মুগ পলায় বিপঞ্চে। অধির নাগরীগণ শিথিল বদন। মাজল ভূজকুল খগেন্দ্র যেমন॥ —পৃ. ৩৪

# अष-उपर्वत्तत्र मभरत्र श्रुतनातीरमत्र-

হেরইতে পহুমুগ কি ভাব উঠিল।
মরমে মদনজরে ঢলিয়া পড়িল॥
কেহ কেহ বাহ ধরি অথির হইয়া।
কেহ রহে উদ্বর্তন শ্রীঅঙ্গে লেপিয়া॥
কেহ বুকে পদ্যুগ ধরিয়া আনন্দে।
ভূজালতা দিয়া সে বান্ধিল পরবন্ধে॥—আদি, পৃ. ৩৪

## বাসরঘরে কুলবধ্দের-

বসন বচন সব ঋলিত হইল।
নিয়ান অলস্যুত কাহারো হইল॥
কেহ অঙ্গ পরশে অনঙ্গ-রঙ্গভারে।
ঢুলিয়া পড়িলা রসে বিশ্বস্তর-কোলে॥ — এ, পৃ. ৩৮

#### বিষ্ণু প্রিয়ার বিবাহের সময়ে—

পরম স্থানরী যত

শভে হৈল উনমত

বেকত মনের নাহি কথা।

রসে রসে আবেশে

लानिभरत त्रांत्रा भारम

গর গর কামে উনমতা।। — ঐ, পৃ. es

নদীয়া-নাগরীর ভাব লইয়া রচিত ১৮০টি পদ গৌরপদতরিদিনীতে প্রকাশিত হইয়াছে। তাহার মধ্যে সকলগুলি যে প্রাচীন পদকর্ত্তাদের রচিত তাহা নহে। তবে অনেকগুলি পদ বাস্থ্যোয়, নরহরি সরকার, শেথর প্রভৃতি মহাজনের রচিত সন্দেহ নাই। নাগরী-ভাবের উপাসনা নরহরি প্রবর্ত্তন করিয়াছেন; লোচনদাস তাহা প্রচার করিবার উদ্দেশ্যে প্রীচৈতগুমঙ্গল রচনা করেন। গৌরপদতরিদ্দিনীর ভূমিকায় জগদ্দ্ ভদ্র মহাশয় গগৌর বিষ্ণুপ্রিয়া পত্তিকার" যঠ সংখ্যায় প্রকাশিত রাজীবলোচন দাসের এক প্রবন্ধ উদ্ধার করিয়াছেন। নাগরীভাবের ব্যাখ্যা করিয়াছেন। দাস মহাশয় লিখিয়াছিলেন "গৌরাদ্ব না দেখিলে নাগরীদের প্রাণ ভ্রফট করে, আনচান করে; এমন

কি তাঁহারা সোয়ান্তি পান না। গৌরহরি কিন্তু নারীদের পানে অপান্দৃষ্টিও করেন না। নাগরীসমূহ গৌরান্তকে দেখিয়াই হুখী। গৌর নাগরীদের পানে চান, আদপে তাঁহাদের মনে ভ্রমেও এ বাসনার ছায়াপাত হয় নাই। ইহাই নাগরীভাবের গৃঢ় রহস্ম" (গৌরপদতরিদিনী, ১ সং, উপক্রমণিকা, পৃ. ১৫৭)। এই ব্যাখ্যা লোচনের নাগরীভাব-সম্বন্ধে সত্য নহে; কেন-না লোচনের মতে গৌরান্ধ "নয়ন সন্ধান শরাঘাত" করেন; যুবতীরা তাঁহার পদ্যুগে নিজেদের বুক দিলে এবং তাঁহাকে ভুজলতা দিয়া বান্ধিলে বা তাঁহার কোলে ঢলিয়া পড়িলে তিনি বাধা দেন না।

Narrations by Lochan Vs Murari Gupta
মুরারির সহিত লোচনের বিবরণের পার্থক্য

লোচন ম্রারির কড়চা অবলম্বন করিয়া চৈতস্থমঙ্গল লিখিলেও, তাঁহার বর্ণনার সহিত ম্রারির প্রদত্ত বিবরণের কতকগুলি পার্থক্য দৃষ্ট হয়। ঐ পার্থক্য আলোচনা করিলে দেখা যাইবে কিরূপে কালক্রমে শ্রীচৈতত্যের জীবনীর উপর ভক্তি ও কল্পনার রিশ্মি-সম্পাত হওয়ায় অলোকিক ঘটনার উদ্ভব হইয়াছে। As per Murari Gods praised the pregnancy of Shachidevi not Advaita as mentioned by Lochan

- (ক) নিমাই যখন শচীদেবীর গর্ভে ছিলেন, তথন অবৈত আচার্য্য শচীর গর্ভ বন্দনা করিয়াছিলেন এইরূপ কথা লোচন লিখিয়াছেন (আদিখণ্ড, পৃ. ১-২)। মুরারি এরূপ কোন ঘটনার উল্লেখ করেন নাই, তিনি লিখিয়াছেন যে দেবগণ শচীর গর্ভ বন্দনা করিয়াছিলেন (১০০)। দেবগণের শুবকে ভক্তের অত্যুক্তি বলিয়া গ্রহণ করা যায়, কিন্তু অবৈত শুব করিয়াছিলেন শুনিলে মনে হয় শ্রীচৈত্তা যে স্বয়ং ভগবান্ এ কথা অবৈত শ্রীচৈত্তাের জন্মের পূর্ব্বেই জানিতে পারিয়াছিলেন।
- ি (থ) নিমাই শিশুকালে এক কুকুরের বাচ্চা পুষিয়াছিলেন একথা জয়ানক ও লোচন লিথিয়াছেন। লোচন বলেন—

গৌরান্ধ-পরশে দে কুরুর ভাগ্যবান্।
স্বভাব ছাড়িয়া তার হৈল দিব্যজ্ঞান ॥
রাধাক্তফ গৌরান্ধ বলিয়া হাদে নাচে।
নদীয়ার লোক সব ধায় পাছে পাছে॥ —আদি, পৃ. ১৪

মুরারিতে এরপ কোন বিবরণ নাই।

Murari had not mentioned any instance of Harisankirtan by Nimai during his boyhood days
(গ) মুরারি তাঁহার কড়চার কোণাও এরপ বলেন নাই বে নিমাই
বাল্যকালে হরিসম্ভাজন করিতেন। কিন্তু লোচন লিথিয়াছেন—

বয়স্ত বালক সব করি এক মেলা।
হরিগুণ-কীর্ত্তনে ভাল পাতিয়াছি খেলা॥
চৌদিকে বেঢ়িয়া বালক হরি হরি বোলে।
আনন্দে বিহুবল গোৱা ভূমে গঢ়ি বুলে॥

লোচন নীলাচলে হরিনামোত্মত গ্রীচৈতত্যের লীলা বালক নিমাইয়ে আরোপ করিয়া শ্রীচৈতত্যের ভগবতা প্রমাণ করিতে চাহেন।

As per Murari after the death of eight daughters of Shachidevi, Biswaroop was born and (ए) মুরারি গুপ্ত লিখিয়াছেন যে শচীদেবীর আটটি কলা মৃত হইবার after him Nimai was born. So Nimai is the 10th child of Shachidevi.
পর বিশব্ধপের জন্ম হয় ও তারপর বিশ্বস্তর জন্মেন, অর্থাং বিশ্বস্তর শচীর দশম গর্ভের সন্তান (১।২।৫-৮)। কিন্তু লোচন বিশ্বস্তরকে ক্ষেত্রের লায় অন্তম গর্ভে জাত প্রমাণ করিতে চান। তিনি শচীর মৃথ দিয়া বলাইয়াছেন—

সাত কন্তা মরি মোর এইটি ছাওয়াল। ইহা হৈতে কিছু হৈলে নাহি জীব আর॥ —আদি, পৃ. ৭

এই পয়ারটি লিখিবার সময়ে লোচন ভূলিয়া গিয়াছিলেন যে বিশ্বরূপ বিশ্বস্তারের বড় ভাই, স্বভরাং শচীর সাত কতার পর ছেলে হইলেও বিশ্বস্তার নবম গর্ভে জাত হয়েন।

Murari and other writers had not mentioned any event where Nimai had eaten offerings
(ঙ) লোচন লিখিয়াছেন যে শচী ষ্টাপ্তা করিতে যাইবার জন্ত নৈবেত
of Goddess Shashthi before the beginning of the worship.

শাজাইয়াছেন; নিমাই বলিলেন "আমার বড় ক্ষা লাগিয়াছে, আমি নৈবেত
খাইব।" ইহা বলিয়া তিনি নৈবেত মুখে প্রিলেন। শচী রাগিয়া তাঁহাকে
আনক বকিলেন। তখন নিমাই বলিলেন—

ত্তন অবোধিনী

আমি দক জানি

আমি তিন লোক সার।

যত যত দেখ

আমি মাত্র এক

ত্রিজগতে নাহি আর॥ — আদি, পৃ. ১৬

মুরারি বা অন্ত কোন লেখক এরপ বর্ণনা করেন নাই। শিশুকালেই বিশ্বস্তর জানিতেন যে তিনি ভগবান, ইহাই প্রমাণ করিবার জন্ত এই

কাহিনীর স্ষ্টে। কিন্তু কোন শিশু গালি থাইয়া নিজের ভগবভা প্রকাশ করিলে, তাহার মহিমা কতদূর বৃদ্ধি পায় লোচন তাহা ভাবিয়া দেখেন নাই।

(চ) লোচন মুরারির ভক্তি ও মাহাত্ম্য-সহত্তে অনেক ভাল ভাল কথা বলিলেও, শিশু নিমাইয়ের নিক্ট মুরারির ভীষণ লাহনার এক গল ফাঁদিয়া বসিয়াছেন। তিনি বলেন বিশ্বস্থর শিশুদের সাথে থেলাধ্লা করিতেছেন এমন সময়ে মুরারি গুপ্ত পথ দিয়া চলিয়া যাইতেছেন। বিশ্বস্তর তাঁহাকে ভ্যাংচাইলেন। মুরারি রাগ করিয়া বলিলেন—

এ ছারে কে বোলে ভাল,

দেখিল ত ছাওয়াল

মিশ্র পুরন্দর হত এই।

এই গালি শুনিয়া বিশ্বস্তব চটিয়া গেলেন ও খাওয়ার সময়ে প্রতিশোধ লইবেন বলিয়া মুরারিকে শাদাইলেন। মুরারি থাইতে বসিয়াছেন—

হেন কালে গৌরহরি

কি কর কি কর বলি

সেইখানে হৈল উপনীত।

তরন্ত না হয়্য তুমি

এইথানে আছি আমি

ভোজন করহ বাণী বৈল।

মধ্য ভোজন বেলা

धीरत धीरत निग्रस् राजना

পাল ভরি এমৃতি মৃতিল।

कि कि विन हि हि कवि

উঠিলা দে মুরারি

করতালি দিয়া বলে গোরা।

কর শির নাড়িয়া

ভক্তিযোগ ছাড়িয়া

তৰ্জা বোল এই অভিপারা॥

জ্ঞান কর্ম উপেক্ষিয়া

कुष ७ क मन मिग्रा

तिमक विषय िक्तांनम ॥ --- व्यामि, शृ. ১१

এই উপদেশ দিয়া বিশ্বস্তব পলায়ন করিলেন। সেই দিন হইতে মুরারির বিশাস জ্মিল যে "বিশ্বস্তর প্রভূ ভগবান্।" কোন অলৌকিক ঘটনা হইতে কাহারও প্রতি প্রথম ভগবদুদ্ধি জনিলে সে কথা কেহ চাপিয়া রাথেন না। মুরারির জীবনে এমন কিছু ঘটিলে তিনি নিশ্চয়ই তাহার ইকিত করিতেন। কোন ভদ্রবোকের ছেলের পক্ষে প্রতিবেশীর বাড়িতে ঘাইয়া ভাতের থালায়

প্রস্রাব করা সম্ভবপর নহে। অবশ্য বলা যাইতে পারে নিমাই স্বয়ং ভগবান্— স্থুতরাং তাঁহার দারা সবই সম্ভব।

(ছ) লোচন বলেন বিশ্বস্তব উপবীত-গ্রহণ-সময়ে

যুগধর্ম সন্থাস করিতে মন ছিল।
মুগুনের কালে তাহা মনেরে পড়িল॥
এই মন হইব বলি হইল আবেশ।
কলি সর্বা জীবের আমি ঘুচাইব ক্লেশ॥ — এ, পৃ.২৪

বিশ্বস্তর জীবনে কি কি করিবেন তাহা বাল্যকাল হইতেই জানিতেন। ইহাই প্রমাণ করা লোচনের উদ্দেশ্য। মুরারির গ্রন্থে এরূপ কোন কথা নাই।

- (জ) বিশ্বস্তর পিতার পিও দিবার জন্ত গয়ায় যাইবার সময়ে শচীদেবী তাঁহাকে বলিলেন—"মোর নামে এক পিও দিস্রে তথাই" (আদি, পৃ. ৫৫)। ম্রারিতে বা অন্ত কোন গ্রন্থে এরপ কথা নাই। লোচন এখানে শচীদেবীতে সর্বজ্ঞতা আরোপ করিয়াছেন। ছেলে পরে সয়্যাসী হইয়া যাইবে, সেইজন্ত গয়ায় তাঁহার পিও পড়িবে না—অতএব এখনই জীবিতকালে এক পিণ্ডের জন্ত শচীদেবী ছেলেকে অমুরোধ করিলেন।
- (ঝ) বিশ্বস্তরের বরাহ-ভাবের আবেশ বর্ণনা করিতে যাইয়। লোচন (মধ্য, পৃ. ৪) মুরারির প্রান্ধ আক্ষরিক অহুবাদ করিয়াছেন (২।২।২৪ প্রভৃতি)। কিন্তু লোচনের মতে বিশ্বস্তর মুরারিকে রাধাক্ষণ ভজনা করিতে উপদেশ দিলেন; যথা—

ভঞ্জিবে পরম ব্রহ্ম নরাকৃতি তন্তু।

इक्तीन वदन जिल्क करत त्वरू॥ --- मधा, भृ. ६

As per Murari Sri Chaitanya had advised him to remain engaged in Sri Ramchandra's worship.

কিন্তু মুরারি নিজে লিথিয়াছেন যে ঐচিততা তাঁহাকে রামচন্দ্রের উপাসনাতেই বৃত থাকিতে উপদেশ দিয়াছিলেন (২।৭।১৮)। As directed by Bishwambhar Murari had chanted 'Ramashtaka' and Bishwambhar in a happy mood

(এ) মুরারি লিখিয়াছেন যে বিশ্বস্থরের আদেশে তিনি রামাষ্টক পাঠ
had written 'Ramdad' on the forehead of Murari.
করিলে প্রভু তাঁহার প্রতি প্রীত হইয়া তাঁহার ললাটে "রামদাস" শব্দ লিখিয়া
দিলেন। লোচন তাহার উপর বং চড়াইয়া লিখিলেন—

রঘুনাৰ বিনে তুমি তিলেক না জীয়। মৃঞি তোর রঘুনাথ জানিহ নিক্ষয়।

## ইহা বলি রামরূপ দেখাইল তারে। জানকী সহিত সাঙ্গোপাস সব মেলে॥ —মধ্য, পৃ. ১৭

ম্রারি বিশ্বস্তরের রামরূপ দেখিয়া থাকিলে তাহা নিশ্যুই লিপিবদ্ধ করিতেন। আর যদি তর্ক উপস্থিত করা যায় যে ইইম্র্ডি দর্শন করার কথা প্রকাশ করিতে নাই বলিয়া তিনি তাহা লেখেন নাই, তাহার উত্তরে বলা যাইতে পারে যে, যে কথা তিনি লেখেন নাই তাহা যে কাহারও কাছে প্রকাশ করিয়াছেন ইহাও সম্ভবপর নহে। আর যিনি একমাত্র ক্রষ্টা, তিনি তাহা প্রকাশ নাকরিলে, অত্যে সে সম্বন্ধে কিছু বলিলে তাহা বিশাস করা যায় না।

করিলে, অত্যে সে সম্বন্ধে কিছু বলিলে তাহা বিশাস করা যায় না।

As per Murari Bishwambhar initially refused to bless a leper as the leper had committed a

(ট) মুরারি লিথিয়াছেন যে, এক কুষ্ঠরোগ-গ্রন্থ ব্যক্তি বিশ্বস্তরের কুপা sin against Srivas. But Srivas had requested Bishwambhar to bless the leper.

প্রার্থনা করিলে তিনি বলিলেন যে, বৈশ্ববদ্বেষীকে তিনি উদ্ধার করেন না।

ঐ ব্যক্তির শ্রীবাদের নিকট অপরাধ হইয়াছিল। প্রভুর মুথে এই বিবরণ ভনিয়া শ্রীবাস বলিলেন যে, "আমার প্রতি যে অপরাধ করে তাহাকে আপনি উদ্ধার করুন" (২০১৩৬-১৭)। লোচন এই ঘটনা লিথিবার পর যোগ করিয়াছেন যে, শ্রীবাদের পাদোদক কুষ্ঠীর গায়ে দেওয়ার পর—

স্বৰ্ণকান্তি জিনি দেহ বিআধি পালায়। পালাইল ব্যাধি দেহ নিৰ্মল হইল। হবি হবি বলি ব্যাধি নাচিতে লাগিল॥ —মধ্য, পৃ. ৩৭

উদ্ধৃতাংশের শেষ চরণে "ব্যাধি" শব্দে রোগ না রোগী ব্ঝাইতেছে ? প্রত্যেক ধর্মমণ্ডলীতেই এইরূপে কালক্রমে অলৌকিক ঘটনার উৎপত্তি হয়।

(ঠ) সন্ন্যাদের পূর্ব্বে বিশ্বস্তারের বিষ্ণুপ্রিয়ার সহিত বিলাস-সম্বন্ধে ম্রারি কিছুই লেখেন নাই। লোচন ঐ সম্বন্ধে অতি বিস্তৃত বর্ণনা দিয়াছেন। পরবর্ত্তী অধ্যায় "মাধবের চৈতন্ত্র-বিলাস" আলোচনার সময়ে উহার বিচার করিব।

Differences in narrations by Lochan vs Vrindavandas
বৃক্ষাবনদাসের সহিত লোচনের বর্ণনার পার্থক্য

লোচন মঙ্গলাচরণে বৃন্দাবনদাসকে ভক্তিভরে বন্দনা করিয়াছেন। তাহা দেখিয়া মনে হইতে পারে যে, তিনি শ্রীচৈতগুডাগবত হইতে কিছু কিছু ভাব ও ঘটনা লইয়াছেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে তিনি বৃন্দাবনদাস-কর্তৃক বর্ণিত মুখ্য মুখ্য কয়েকটি ঘটনার একেবারেই উল্লেখ করেন নাই। উদাহরণ-স্বরূপ বলা যাইতে পারে যে, দিখিজ্মী-পরাভব, কাজীদলন, হরিদাস ঠাকুরের কাহিনী, পুগুরীক বিছানিধির কথা, হুসেন শাহের কথা, অবৈত-রচিত চৈতক্ত-গীতি প্রভৃতির সম্বন্ধে লোচন একেবারে নীরব রহিয়া গিয়াছেন।

লোচনের যে বৃদ্ধাবনদালের ঐতিচতগুভাগবত পড়িয়াছিলেন সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। বিশ্বভ্রের গয়া যাইবার রান্তার বর্ণনায় ম্রারি বলেন ভিনি মন্দার হইতে রাজগিরি দিয়া গয়ায় যান। বৃন্ধাবনদাস বলেন ভিনি পুন্পুন্ দিয়া গয়ায় গিয়াছিলেন। লোচনও লিখিয়াছেন যে মন্দার দর্শন করার পর বিশ্বভর—

### "পুনপুনা নদীতীর্থে উত্তরিলা গিয়া"

এবং তথা হইতে গয়ায় গেলেন। এ ক্ষেত্রে লোচন ম্রারিকে অফুসরণ নাকবিয়া বৃন্দাবনদাসের মত গ্রহণ কবিয়াছেন।

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, লোচন নিত্যানন্দের কথা বলিতে যাইয়া নিত্যানন্দের প্রিয় শিশু বুন্দাবনদাদের বর্ণনাকে প্রামাণ্য বলিয়া স্বীকার Jagai Madhai event is only indicated by Murari in the verse 2/13/17, no details provided করেন নাই। তিনি জগাই-মাধাইর উদ্ধার-কাহিনী-সম্বন্ধে মুরারি গুপ্তের বইয়ে একটি ইপিত (২।১৩।১৭) ছাড়া কোন বর্ণনা পান নাই। কবিকর্ণপূরও
Kabikarnapur had not mentioned anything about Jagai & Madhai in his writtings.

এ বিষয়ে নাটকে বা মহাকাব্যে কিছু লেখেন নাই। লোচন বৃন্দাবনদাদের বই হইতে মূল ঘটনা লইয়া অনেক বিগয়ে আকর-গ্রন্থ হইতে পূথক বর্ণনা দিয়াছেন। বুন্দাবনদাদ বলেন যে একদিন নিত্যানন্দ রাত্রিকালে জগাই-মাধাইয়ের বাড়ীর নিকট দিয়া যাইতেছিলেন, তিনি "অবধৃত" এই কথা ভনিয়া মাধাই তাঁহার মাধায় মুটুকী দিয়া মারিল; তাঁহার মাধা দিয়া রক্ত শড়িতেছে দেখিয়া জগাইয়ের দয়া হইল; সে মাধাইকে আর মারিতে নিষেধ कत्रिन। এদিকে লোকে যাইয়া বিশ্বস্তরকে এই খবর দিল। সালোপাক-সহ আসিয়া জগাই-মাধাইকে শান্তি দিতে উত্তত হইলেন। নিতানিন্দ তাঁহাকে কোনমতে নিরন্ত করিয়া বলিলেন যে "মাধাই মারিতে প্রভু! রাখিল জগাই"। জগাই নিবারণ করিয়াছে ভনিয়া প্রভু তাঁহাকে আলিক্স করিলেন। জগাইয়ের মনে প্রেমভক্তির উদয় হইল। তাহা দেখিয়া মাধাইও উদ্ধার প্রার্থনা করিল। নিত্যানন তাঁহাকে কুপা করিলেন। **ट्यांडन राजन एवं निकांनल जका यान नाहै। विश्व** खगाहे-प्राथाहेटक উদ্ধার করিবেন বলিয়া কীর্ত্তনের দল লইয়া বাহির হইয়াছিলেন। কীর্ত্তনের শক্ষে উহাদের নিজাভঙ্গ হওয়ায় উহারা ক্রন্ধ হইয়া বাহির হইয়া আসিল।

মাধাই কলদীর কানা ছুঁড়িয়া নিভ্যানন্দের মাধায় মারিল। নিভ্যানন্দ বলিলেন—

> মেরেছিস মেরেছিস ভোরা তাহে ক্ষতি নাই। স্বমধুর হরিনাম মুখে বল ভাই॥

বিশ্বস্তুর জগাই-মাধাইকে শান্তি দিতে উত্যত হইলেন। নিত্যানন্দ তাঁহাকে নিরস্ত করিলেন। "ঘরে গেলা মহাপ্রভু নিজ জন লঞা", অর্থাৎ বুন্দাবনদাসের বর্ণনা অনুসারে নিত্যানন্দকে আঘাত করা ও জগাই-মাধাইয়ের উদ্ধার একই হানে একই কালে হইয়াছিল। লোচনের বর্ণনায় এক স্থানে আঘাত, অন্ত স্থানে উদ্ধার। লোচন লিথিয়াছেন যে বিশ্বস্তুর দলবল-সহ বাড়ী চলিয়া গেলে জগাই-মাধাইয়ের মনে অনুশোচনা হইল। তাহারা প্রভুর বাড়ীতে ধাইয়া আত্ম-সমর্পণ করিল। প্রভু তাহাদের প্রতি করুণা করিলেন ও বলিলেন—

তোর পাপ পরিগ্রহ করিব রে আমি। আপন সকল পাপ উৎসর্গহ তুমি। ইহা বলি কর পাতে তুলসীর তরে। তুলসী না দেই তারা হুই ভাই ডরে।

অনেক ইতন্ততঃ করিয়া তাহারা প্রভুর হাতে পাপের বোঝা-যুক্ত তুলদী দিল। তাহারা উদ্ধার পাইল।

জয়ানল এই ঘটনার বর্ণনা উপলক্ষে বৃদাবনদাসকে জহুসরণ করিয়াছেন;
অর্থাৎ তাঁহার মতে নিত্যানল যখন একা ষাইতেছিলেন, তখন তাঁহাকে
মাধাই মারিয়াছিল এবং "গৌরচন্দ্রে দৃত সব জানাইল গিঞা।" এই অংশে
লোচনের সহিত জয়ান্লের মিল নাই। কিন্তু বিশ্বস্তারের হাতে তুলসী-পত্র দিয়া
জগাই-মাধাইয়ের পাপ-সমপ্রের বর্ণনায় লোচন ও জয়ানলের মিল আছে।
জয়ানল ঘটনাটিকে আর একটু অলৌকিক করিয়াছেন। তিনি বলেন—

ুঙ্গগাই মাধাই পাপ উৎসর্গিল হাতে। প্রভূত অঞ্চলি গঙ্গাজল দিল মাথে॥ কৃষ্ণবর্ণ মুখ হৈল দেখে লোকে তাস।

নিমেবেকে হেম চান্দ মুখের প্রকাশ। — জয়ানন্দ, পৃ. ৫৮
Vrindavandas's narration of Jagai & Madhai event is more reliable as he had received the information

vrindavandas's narration of Jagai & Maddai event is more reliable as he had received the int এই ঘটনাটির সহিত নিত্যানন্দের ঘনিষ্ঠ সমন্ধ ছিল বলিয়া বৃন্দাবনদাসের from Nityananda prabhu. বৰ্না লোচন ও জয়ানন্দ অপেকা অধিক বিশাস্ত। লোচনের বর্ণিত সার্ব্যভৌমের সহিত বিচার ও প্রতাপক্তের উদ্ধার-কাহিনীর সহিতও বৃন্দাবনদাদের বর্ণনার মিল নাই। প্রীচৈতগ্রচরিতামৃত আলোচনার সময়ে ঐ তুই ঘটনার বিশদ বিচার করিব।

## New information provided লৈচিনের বর্ণিত নূতন তথ্য

লোচন এমন কয়েকটি নৃতন সংবাদ দিয়াছেন যাহা মুরারি, রুন্দাবনদাস
বা অক্ত কোন লেখক বলেন নাই, অথচ যাহা সত্য বলিয়া না মানিবার
কোন কারণ দেখিতে পাওয়া যায় না। নিত্যানন্দের গার্হস্থাত্মমের নাম
যে কুবের ছিল একথা একমাত্র লোচনই বলিয়াছেন। লোচন রাঢ়ের লোক,
স্থতরাং একচাকা-গ্রামনিবাসী হাড়ো ওঝার পুত্রের নাম জানা তাঁহার পক্ষে
সম্ভব। লোচন বলেন—

মা বাপে থুইল নাম কুবের পণ্ডিত। সন্ত্যাস আশ্রমে নিত্যানন্দ স্ত্রনিত। —স্ত্রগণ্ড, পৃ. ৩৩

# Description of Sri Chait mya's demise Coal State Coast Coast

লোচন শ্রীচৈতত্ত্বের তিরোভাবের নিম্নলিথিত বিবরণ দিয়াছেন। শ্রীচৈতত্ত্ব আবাঢ় মাসের তিথি সপ্তমী দিবদে গুঞ্চাবাড়ীর মধ্যে—

> তৃতীয় প্রহর বেলা রবিবার দিনে। জগরাথে লীন প্রভূ হইলা আপনে॥

> > —শেষ**খণ্ড, পৃ. ১১৬-১**৭

#### ज्यानम वरनन-

নীলাচলে নিশাএ চৈতন্য টোটাগ্রামে। বৈকুণ্ঠ যাইতে নিবেদিল ক্রমে ক্রমে॥ আষাঢ় সপ্তমী তিথি শুক্লা অঙ্গীকার করি। রথ পাঠাইহ যাব বৈকুণ্ঠপুরী॥

আষাত বঞ্চিত রথ বিজয়া নাচিতে। ইটল বাজিল বাম পাএ আচ্বিতে॥ চরণ বেদনা বড় ষ্টার দিবসে।
সেই লক্ষ্যে টোটায় শরণ অবশেষে॥
পণ্ডিত গোসাঞিকে কহিল সর্ব্যকথা।
কালি দশ দণ্ড রাত্রে চলিব সর্ব্যথা॥ —জ্যানন্দ, পৃ. ১৫০

নির্দিষ্ট সময়ের সামান্ত বিরোধ থাকিলেও জয়ানল ও লোচনের মধ্যে
তিথি ও তারিখের মিল আছে। কিন্তু তিরোভাব-স্থানের মিল নাই।

As per Lochan Srichaitanya had left his mortal coil at Gunjabadi, as per Jayananda at Tota Gopinath লোচনের মতে গুল্পাবাড়ীতে তিরোভাব, জয়ানলের মতে টোটা গোপীনাথের

মলিরে। শ্রীচৈতন্ত যে সমুদ্রে তিরোহিত হন নাই তাহা ডা. দীনেশচন্ত্র সেন

মহাশয় স্বষ্ঠভাবে প্রমাণ করিয়াছেন।' শ্রীচৈতন্তের স্বাভাবিক মৃত্যু যদি বিশ্বাস

করিতে হয়, তাহা হইলে তাঁহার প্রিয় স্বস্থদ গদাধরের নিকট টোটা গোপীনাথে
তিনি শেষ সময়ে ছিলেন, ইহাই অধিকতর সম্ভব।

উড়িয়া সাহিত্যে প্রতিতন্তের তিরোভাব-সম্বন্ধে অলোকিক কাহিনীই
লিপিবদ্ধ হইয়াছে। প্রতিতন্তের সমসাময়িক লেখক ও প্রতিতন্তের কুপাপাত্র
The disciple of Sri Chaitnaya and contemporary writer of Odisha has written in the 1st Chapter
অচ্যুতানন্দ তাঁহার শৃত্যসংহিতায় প্রভুর জগন্ধাথ-বিগ্রহে লীন হওয়ার কথা
of Shunyasamhita that Sri Chaitanya's body entered/ become one with Sri Jagannath
লিথিয়াছেন; যথা—

এমস্তে কেতেহে দিন বহি গেলা শুনিমা অপূর্বরস।
প্রতাপরুত্র রাজন বিজে কলে কলারাত্রর পাশ॥
এমস্ত সময়ে গৌরাঙ্গচন্দ্রমা বেড়া প্রদক্ষিণ করি।
দেউলে পশিলে স্থাগণ সঙ্গে দণ্ড কমগুলু পরি॥
মহাপ্রতাপ দেব রাজা ঘেণিন পাত্র মন্ত্রীমান সঙ্গে।
হরি-ধ্বনিয়ে দেউল উছুলই শ্রীম্থ দর্শন রঙ্গে॥
চৈতগ্র ঠাকুর মহানৃত্যকার রাধা রাধা ধ্বনি কলে।
জগরাথ মহাপ্রভু শ্রীঅঙ্গরে বিত্যুৎপ্রায় মিশি গলে॥

--- শৃত্যসংহিতা, প্রথম অধ্যায়

অচ্যুতানন্দ প্রভ্র তিরোভাবের কাল-সম্বন্ধে স্পষ্ট করিয়া কিছু রলেন নাই। তবে তিনি বলেন যে প্রতাপক্ত প্রভূর তিরোভাবের পর মাধ্বী পূর্ণিমা বা

> ভারতবর্ষ, ফান্ধন, ১৩৩৫, ডা. দীনেশচন্দ্র সেন "শ্রীগোরাঙ্গের লীলাবদান" প্রবন্ধে শ্রীচৈতন্তের তিরোভাব-সম্বন্ধে বিভিন্ন কিংবদন্তীর ঐতিহাসিক মূল্য নিরূপণ করিয়াছেন।

दिनाची পूर्निया इहै एक अक मान कान मरहा ९ तर कतिया हिर्मिन। तांका रव শ্রীচৈতক্তের তিরোভাবের অব্যবহিত পরেই মহোৎসব করিয়াছিলেন এরূপ कथा बहुग्जानम वर्णन नाष्ट्र। भववर्शी यूर्शव र्णथक मिवाकवमाम (मञ्जवः সপ্তদশ শতকের মধ্যভাগ ) অচ্যতানন্দের অহরেপ বিবরণ লিখিয়াছেন—

> এমস্ত কহি শ্রীচৈতগ্র গোপন হইলে স্বদেহে না দেখি ঐতিচতন্তরপ সর্কমনরে তুথ তাপ। রাজা হোইলে মনে ছন্ন হে প্রভূ হেলে অন্তর্দ্ধান। পূৰ্বে যহিক আসিথিলে

শ্ৰীজগন্ধাথ অঙ্গে লীন। দেখি কাহার দৃষ্টি মোহে। লেউটি তহিঁ প্রবেশিলে ॥

দিবাকরদাসেরও পরের যুগের লেথক ঈশ্বরদাস বলেন যে শ্রীচৈততা জগন্ধাথ-অব্দে চন্দন লেপন করিতে করিতে প্রতাপরুদ্রের সমক্ষে বৈশাথের তৃতীয় দিবদে জগন্নাথ-বিগ্রহে লীন হয়েন (ঈশরদাদের চৈতত্ত্য-ভাগবত, অধ্যায় ৬৫)। প্রভুর তিরোভাবের কাল-সম্বন্ধ জয়ানন্দের সহিত ঈশ্বরদাসের বিরোধ দেগা যাইতেছে। জ্বয়ানন্দ ঈশ্বদাদের অনেক পূর্ববর্তী বলিয়া এ বিষয়ে তাঁহার মতই অধিক প্রামাণিক। কিন্তু পূর্ব্বে উল্লিখিত অচ্যুতানন্দের ইক্তির সহিত ঈশ্বদাসের বর্ণনা মিলাইয়া পড়িলে দৃঢ় ধারণা জন্মে যে উড়িয়া ভক্তদের মতে বৈশাখমাসেই প্রভুর তিরোভাব। অচ্যতানন্দ ও জয়ানন্দের মধ্যে কাহার উক্তি অধিক প্রামাণিক তাহা নির্ণয় করা হুমর।

## Historical value of Lochan shook প্রান্থের ঐতিহাসিক মূল্য

শ্রীচৈতন্তের জীবনী হিদাবে লোচনের শ্রীচৈতত্যমন্দলের ঐতিহাদিক মূল্য বেশী নহে। তিনি যে কয়েকটি নৃতন সংবাদ দিয়াছেন তাহা সতা হওয়াই সম্ভব। কিন্তু ঘটনার বিবরণ দেওয়া অপেক্ষা ভাববর্ণনায় তাঁহার অধিক আবেশ ছিল। তিনি নাগরীভাবের উপাসক। সেইজ্ঞ ২০৯ পৃষ্ঠার বইয়ে (মৃণালকান্তি ঘোষ সম্পাদিত, ৩য় সংস্করণ) ১৫৪ পৃষ্ঠা ধরিয়া তিনি নবদীপ-লীলাই বর্ণনা করিয়াছেন। তাঁহার গ্রন্থে অস্তালীলা মোটেই ফুটে নাই। লোচনের গ্রন্থে উজ্জল-নীলমণির ও "কৃষ্ণবর্ণং তি্যাকৃষ্ণম্" স্লোকের ব্যাখ্যার শ্রীজীবের ষ্ট্রনন্তের প্রভাব দেখিতে পাওয়া যায়। কিন্ত বুন্দাবনের পোস্বামীদের মতের সহিত তাঁহার মতের পার্থক্য বিশুর। তাঁহার মতে শ্রীগোরাকস্থনর উপেয়, কেবল উপায়-মাত্র নহেন। বৈষ্ণব-ধর্মের ইতিহাসে লোচনের গ্রন্থ খুব মূল্যবান্—কেন-না গৌড়ীয় বৈষ্ণব-ধর্মের একটি শাখার উপাসনা ও ভাব-সাধনা-প্রণালীর বিশদ ও অক্লত্রিম বিবরণ ইহাতে পাওয়া যায়।

দকীর্ত্তনামৃতে ধৃত লোচনের একটি পদ হইতে জানা যায় যে কবি নরহরি, রঘুনন্দন প্রভৃতির তিরোধানের পর জীবিত ছিলেন।

গোরাগুণে আছিলা ঠাকুর নরহরি।
স্বরূপ রূপ সনাতন মৃকুল মুরারি॥
প্রিয় গদাধর আর ঠাকুর শ্রীনিবাস।
প্রিয় বাস্থঘোষ আর প্রাণ হরিদাস॥
এ বড় রহল শেল মরম সহিতে।
একু বেলায় কোথা গেল, না পাই দেখিতে॥
পরাণের পরাণ গেল শ্রীরঘ্নদ্দন।
না মরে এসব শোকে এ দাস লোচন॥

—সংকীর্ত্তনামৃত, পৃ. ১৬৫

## মাধবের "চৈতন্মবিলাস"

১৯২৩ এটাজে আমি পুরীর মার্কণ্ডেশ্বসাহীর অধিবাসী তুর্গাচরণ জগদেব-রাম্বের গৃহে উড়িয়া ভাষায় লিখিত মাধবের চৈতগুবিলাসের একথানি পুঁথি পাই। ইহারা রাধাকান্ত মঠের শিগু। তুর্গাবাবুর মাতাঠাকুরাণী শ্রীমতী মাতা নামে একজন বৈফ্বীর নিকট দীক্ষা লন এবং এই গ্রন্থ পান। এমতী মাতার অপর শিশ্বা বাধা মাতার নিকট "চৈতগুবিলাদের" একথানি প্রাচীন পুঁথি ছিল দেখিয়াছিলাম। আমি ১৩৩০ সালের সাহিত্য-পরিষৎ-পত্রিকার চতুর্থ সংখ্যায় "উৎকলে নবাবিষ্কৃত জীচৈতগ্য-সম্বন্ধীয় পুঁথি" নামক প্রবন্ধে এই গ্রন্থের পরিচয় দিই। সম্প্রতি "প্রাচী অনুসন্ধান সমিতি" হইতে প্রকাশ করিবার জন্ম আমার সংগৃহীত পুথিধানি রায় সাহেব অধ্যাপক আর্ত্তবল্লভ মহান্তি মহাশয় কটকে লইয়া গিয়াছেন।

Who is Madhav (disciple of Gadadhar ) (47 ?

চৈতক্তবিলাদের গ্রন্থকারের নাম মাধব। তিনি নিজের কোন পরিচয় দেন নাই। তবে তাঁহার গুরু যে গদাধর সে কথা বলিয়াছেন; যথা—

> দে হি শ্রীচৈতগ্রকথা কিছিহি বর্ণিবি। এহি মনকু মোহর স্থফল করিবি যে। वन्नहे एव भाषाय छक्र महत्यत । সে পাদ কমলে চিত্ত বছ মাধবর ॥—প্রথম ছান্দ, ৪৬-৪৭

তিনখানি বৈষ্ণব-বন্দনাতেই মাধব পট্টনায়ক নামে একজন ভক্তের নাম পাওয়া যায়। তাহা হইতে বুঝা যায় যে ঐ নামের একজন ভক্ত শ্রীচৈতল্যের প্রায় সমসাময়িক ছিলেন ও ভক্তদলের মধ্যে কোন কারণে প্রাধান্ত লাভ করিয়াছিলেন। কিন্তু কোন চরিত-গ্রন্থে উড়িয়া মাধবের নাম নাই—অনেক উড়িয়া ভক্তের নামই বাশালা চরিত-গ্রন্থসমূহে নাই। মাধবের গুরু গদাধর

১ দেবকীনন্দনের ও বিতীয় বৃন্দাবনদাসের বৈক্ষব-বন্দনা প্রভুপাদ অতুলকৃষ্ণ গোখামী প্রকাশ করিয়াহেল। আমি এজীব গোস্বামীর লেখা সংস্কৃত বৈফ্ব-কম্বনা পাইয়াছি।

প্রীচৈতত্ত্বের প্রিয় স্থল্ন গদাধর পণ্ডিত গোস্বামী হইতে পারেন; কেন-না গ্রন্থবে মাধব বলিতেছেন যে তিনি ঠাকুরের শ্রীমুখে যাহা শুনিয়াছেন, তাহাই উড়িয়া ভাষায় ভাষাস্তরিত করিয়া বলিতেছেন; যথা—

বেতে চরিত গৌরর

ঠাকুর শ্রীম্থে এহা কলে প্রকাশ।
তাহান্ধ ভাষারু মৃহি

উৎকল ভাষারে ইহি

কহিলি প্রভু সন্ন্যাস রসবিলাস॥

সাধুজনে ন ঘেন দোষ।

কহই মাধ্য তুন্ত পাদরে আশ॥—দশম ছান্দ, ১৭

ঠাকুর-শব্দ গুরু অর্থে ব্যবহৃত হয়। লোচন নিজের গুরুকে ঠাকুর বলিয়াছেন;
যথা—"শ্রীনরহরিদাস ঠাকুর আমার" ( স্ত্রেখণ্ড, পৃ. ৬৪)। মাধবের ঠাকুর
নিশ্চয়ই বাঙ্গালী ছিলেন; তাহা না হইলে ভাষাস্তরিত করার কথা উঠে না এ
গদাধর পণ্ডিত গোঁসাইয়ের নিকট যদি মাধব কোন কথা ভানিয়া তাহার
অবিকল অনুবাদ প্রকাশ করেন, তাহা হইলে উহা খুবই প্রামাণিক

Madhav & Lochan

#### মাধব ও লোচন

কিন্ধ উদ্ধৃত পতাংশের অর্থ এরপও হইতে পারে যে লোচনদাস ঠাকুর রাঙ্গালা ভাষায় যাহা প্রকাশ করিয়াছেন, তাহাই মাধব উড়িয়া ভাষায় 'অপ্রবাদ করিলেন। এরপ অপ্নমানের কারণ এই যে "চৈতন্তাবিলাসের" দশটি ছান্দের মধ্যে প্রথম ও শেষ ছান্দ ব্যতীত অপর আটটি ছান্দের সহিত লোচনের চৈতন্তমঙ্গলের—মধ্যথণ্ডে নবদীপে কেশব ভারতীর আগমন হইতে আরম্ভ করিয়া (পৃ. ৪৭) শান্তিপুরে অহৈতের গৃহ হইতে শ্রীচৈতন্তের নীলাচল-যাত্রা পর্যান্ত (পৃ. ৭৩)—বর্ণনার ভাব ও ভাষার সহিত মাধবের চৈতন্তাবিলাসের অনেক মিল আছে। এইরপ মিল দেখিয়া মনে হয় মাধব লোচনের বর্ণনার অপ্রবাদ করিয়া লিখিয়াছেন—

> তাহাত্ব ভাষাক মূহি উৎকল ভাষারে যঁহি কহিলি প্রভূ সন্নাস রসবিলাস।

শাধু যেন নৌকা চড়ি যায় দ্ব দেশ।
ধন উপাৰ্জন লাগি কবে নানা ক্লেশ ॥
আনিক্রা বাদ্ধবন্ধনে করয়ে পোষণ।
আমিহ ঐছন আনি দিব প্রেমধন ॥
এ বোধে শুনিয়া কহে শ্রীবাস পণ্ডিত।
ভৌমা না দেখিয়া প্রভু কি কাজ জীবিত ॥
জীবিত শরীরে বন্ধু করয়ে পোষণ।
দেহাস্তরে করে তার শ্রাদ্ধ তর্পণ ॥
যে জীয়ে তাহারে তুমি দিও প্রেমধন।
ভৌমা না দেখিলে হৈবে সভার মরণ ॥—মধ্যখণ্ড, পৃ. ৪৮

#### মাধব লিথিয়াছেন—

শুন শুন দ্বিজপ্রিয় হে শ্রীনিবাদ।
কহিবা কথাএ মনে ন পাও ত্রাদ॥
প্রেমধন অর্জনকু যিবি বিদেশ।
আনিন তুম্ভকু দেবি এহি মানস॥
কহে শ্রীনিবাদ যার থিব জীবন।
ভাঙ্গু তুম্ভে দেব আনি দে প্রেমধন॥
কণে তুম্ভকু ন দেখি জীব ন থিব।
আম্তমানস্কু মারি দল্লাদ করিব॥—দ্বিতীয় ছান্দ, ১৭-২০

#### মুরারি গুপ্ত লিখিয়াছেন—

ততঃ প্রোবাচ ভগবাঞ্ শ্রীবাসদ্বিদ্পুদ্ধবন্।
ভবতামেব প্রেমার্থে গমিয়ামি দিগন্তরন্।
সাধৃভিনাবমাক্র যথা গছা দিগন্তরন্।
অর্থমানীয় বকুভ্যো দীয়তে তদহং পুনং ॥
দিগন্তরাং সমানীয় দাস্থামি প্রেমসন্ততিন্।
যয়া সর্কারাধ্যং শ্রীকৃষ্ণং পরিপশ্রসি ॥
পুনং প্রোবাচ তচ্ছু ছা শ্রীবাসং শ্রীহরিং প্রভূম্।
ছয়া বিরহিতো নাথ কথং ছাস্থামি জীবিতঃ ॥—২।১৮।১৯-২২

লোচন নিজে বলিয়াছেন যে তিনি ম্বারি গুপ্তের বইকে উপজীব্য করিয়া চৈতভামলল লিখিয়াছেন। ম্বারির গ্রন্থে লোচন-কর্ত্বক কথিত "জীবিত শরীরে বন্ধু করয়ে পোষণ" প্রভৃতি চারি চরণের কোন ইন্দিত নাই। মাধবের গ্রন্থে ১৯ সংখ্যক পরার ঐ ভাবের। মাধব যদি লোচন হইতে অহ্বাদ করিতেন, তাহা হইলে তিনি কি ম্বারি ও লোচনের "সাধু যেন নৌকা চড়ি যায় দ্র দেশে" ও "জীবিত শরীরে বন্ধু করয়ে পোষণ" এই চ্ইটি উপমা বাদ দিতেন? লোচনের বর্ণনা দেখিয়া মনে হয় যে তিনি ম্বারির ও মাধবের লেখাকে অবলম্বন করিয়া নিজম্ব কবিত্ব-শক্তির পরিচয় দিয়াছেন।

আর একটি দৃষ্টান্ত লওয়া যাক। সন্ন্যাস-গ্রহণের পর কাটোরা হইতে

মত্ত-করীক্রবং কাপি তেজ্বদা বর্ধে কচিং।
কচিদ্ গায়তি গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণেতি সাদরম্॥
তত্র দেশে হরেনাম শ্রুত্ব। চাতীব বিহ্নল:।
প্রবিশ্যাহং জলে ক্ষিপ্রং ত্যজামি দেহমাত্মন:॥
ন শৃণোমি হরেনাম কথং ব্রাহ্মণসংস্থিতি:।
ইতি নিশ্চিত্য তোয়শ্র সমীপং স ব্রজন্ প্রভুং॥
দদর্শ বালকাংস্তত্র গবাং সজ্য-বিহারিণ:।
নিত্যানন্দাবধ্তেন শিক্ষিতান্ হরিকীর্ত্তনম্॥
তত্রৈকো বালকোহত্যুচের্হরিং বদ হরিং বদ।
ইতি প্রোবাচ হর্ষেণ পুন:পুনক্ষদারধী:॥
তচ্ছ ুষা হর্ষিতো দেবং সংবক্ষন্ দেহমাত্মন:।
ভব্রেব প্রক্রোদার্ত্রো বিহ্নলশ্চাপতভুবি॥—০া০াবা>
০

#### লোচন লিথিয়াছেন-

কদম্ব কেশর জিনি একটা পূলক।
কণ্টকিত সব অঙ্গ আপাদ-মন্তক॥
মন্ত করিবর যেন রক্ষে চলি যায়।
নির্ভর প্রেমায় ক্ষণে রুফগুণ গায়॥
ক্ষণেকে পড়েয়ে ভূমি রহে শুরু হঞা।
ক্ষণে লক্ষ্ণ দিয়া উঠে হরিবোল বলিয়া॥

ক্ষণে পোপিকার ভাব কণে দাসভাব। कर्ण शीरत शीरत हरन करन मीज शांत ॥ এই মনে দিবারাত্র না জানে আনন্দে। दांछल्य ना छनिन कुक्नांम-शक्त ॥ कुक्कनाय ना अनिका त्थन छेट्ठ हिट्छ। নিশ্যম করিল প্রভু জলে প্রবেশিতে। দেখি সব ভক্তগণ করে অহতাপ। গৌরাঙ্গ গোলোকে যায় কি হবেরে বাপ॥ তবে নিত্যানন্দ প্রভূ বলে বীরদাপে। রাখিব চৈতন্ত আমি আপন প্রতাপে॥ সেহি থানে শিশুগণ গোধন চরায়। নিত্যানন্দ প্রভূ তার প্রবেশে হিয়ায়॥ যে কালে গেলেন প্রভু জলের সমীপে। হরি বলি ডাকে সব শিশু আচম্বিতে॥ তাহা ভনি লেউটি আইলা গৌরহরি। বোল বোল বোলে তার শিরে হস্ত ধরি॥ ভোমারে করুন রূপা প্রভূ ভগবান। কুতার্থ করিলি রে শুনাইয়া হরিনাম ॥—মধ্যথগু

এখানে লক্ষ্য করার বিষয় এই যে মুরারির বর্ণনায় পাওয়া যায় না যে (১) ঐতিতক্তের দেহ কদমকেশরের ন্যায় দেখাইতেছিল; মাধবে ঐ উপমা আছে। (২) নিত্যানন্দ বলিয়াছেন যে তিনি আপন প্রতাপে ঐতিচতন্তের জীবন রক্ষা করিবেন; (৩) ঐতিচতন্ত কোন শিশুর মাথায় হাত রাথিয়া তাহাকে আশীর্কাদ করিয়াছিলেন। যদি সব শিশু হরিনাম উচ্চারণ করিয়া থাকে তবে প্রাভূ কেবলমাত্র এক জনকে আশীর্কাদ করিলেন কেন? পূর্বর অধ্যায়ে দেখাইয়াছি যে জগমাথবল্লভের অম্বাদ করিতে যাইয়া লোচন নিজে জনেক কথা সংযোজনা করিয়াছেন—এখানেও তাহাই দেখা যায়।

মাধব ঐ ঘটনা-বর্ণনা-প্রদক্ষে লিখিয়াছেন-

কদমকেশরপ্রায় পুলক। মত্তকরিবরপ্রায় চলই। রোমাঞ্চ অব আপাদ-মন্তক ॥ আনন্দে কৃষ্ণ কৃষ্ণ বলি গাই॥

## পড়ই ভূমিরে। রহই ক্ষণ স্থকিত শরীরে॥

कर्ण व्याचामरे त्रांभी ভाবরে। कर्ण व्याचामरे मामভाবরে॥ কেতে বেলে ধীরে ধীরে গমই।

কেতে বেলরে তুরিতে ধামই॥

तक्रमी पिरम।

ন জানই প্রভূ হোই হরস।

প্রবেশ হেলে গৌড় দেশরে। ক্লফনাম না শুনিলে কর্ণরে ॥

বহুত চিম্বা লভিলে মনর। কেমস্তে এ জনে হেবে নিস্তার ॥

আচম্বিতে কৃষ্ণ। কোহিন বোলস্ত হোইলে তৃষ্ণ॥

- अष्टेम हान्त, ১७-১৮

হরিনাম না শুনিতে পাইয়া ঐচিতত্তের জীবন-ত্যাগের সংকল্প একটি অতি স্থলর ও প্রেমোদীপক বর্ণনা। মাধব যদি লোচন হইতে অমুবাদ করিবেন তবে তিনি কদম্বকেশবের উপমাটি গ্রহণ করিয়া এমন একটি ঘটনা বর্জন করিবেন কেন? যদি লোচন হইতে মাধব অহুবাদ করিতেন তাহা হইলে রাঢ়দেশকে গৌড়দেশ বলিতেন না। গদাধরের মুখে শুনিয়া মাধব গৌড় ও বাঢ়ের পার্থক্য বুঝিতে পারেন নাই বলিয়া ঐরপ করিয়াছেন মনে হয়।

লোচনের গ্রন্থে আছে যে সন্মাদের অব্যবহিত পূর্ব্বে—

নবদ্বীপ হইতে গদাধর নরহরি। আসিয়া মিলিলা তারা বলি হরি হরি ॥—মধ্য., পু. ৬৩

অবৈত-ভবনেও নরহরি নিত্যানন্দাদির সহিত নাচিয়াছিলেন (মধ্য., পু. ৭১); অধৈত-ভবন হইতে নীলাচল-যাত্রার সময়ে শ্রীচৈতত্ত্বের সহিত নরহরি ছিলেন (পু. १৪)। মুরারির মতে চক্রশেখর আচার্য্য নবদ্বীপ হইতে বিশ্বস্তবের সঙ্গেই কাটোয়া গিয়াছিলেন (৩।১।৮)। লোচনও তাহাই বলেন। কিন্তু মাধব বলেন যে কাটোয়াতে বিশ্বস্তব যথন কেশব ভারতীর সহিত কথোপকথন করিতেছিলেন, তথন চন্দ্রশেখর তথায় উপস্থিত হইলেন ; র্থা---

> এহি মতে হুহি অন ছস্তি যেঁউ ঠারে। চন্দ্রশেখর আচার্য্য গলে সে কালরে॥

# সন্নাসকু নমি মহাপ্রভৃদ্ধ বন্দিলে। আইলা উত্তম হেলা হসিন বোইলে।—সপ্তম ছান্দ

As per Vrindavandas Biswambhar went to Katoya for sannyasa alone which is possible.

বিশ্বস্তব সন্মাস করিতে যাইবার সময়ে একা চলিয়া গিয়াছিলেন, ইহাই সম্ভব মনে হয়। বুন্দাবনদাসও তাহাই বলিয়াছেন; যথা—

প্রস্কু বোলে "আমার নাহিক কারো সঙ্গ।

এক অন্বিতীয় সে আমার সর্ব্ব রঙ্গ ॥"—২।২৬।৩৬২

তাঁহার মতে চক্রশেশরাদি ভক্তগণ পরে কাটোয়া গিয়াছিলেন। মাধব গদাধর ও নরহরির কাটোয়া যাওয়া-সম্বন্ধ কিছুই লেখেন নাই। অদৈত-ভবনে শ্রীচৈতত্তার অবস্থান বর্ণনা করিতে যাইয়া মাধব হরিদাস, মুরারি, মুকুন্দ দত্ত ও শ্রীনিবাসের নাম করিয়াছেন; যথা—

তেজ দেখি আনন্দ সে হরিদাস।
ম্বারি মৃকুন্দ দত্ত শ্রীনিবাস যে ॥
দণ্ড প্রণাম করি পড়ি ভূমিরে।
বদন দেখি অশ্রুপূর্ণ নেত্ররে ॥—নবম ছান্দ, ২৮

এ স্থলেও মাধব নরহরির নাম করেন নাই। অবৈত-ভবন হইতে নীলাচলে যাত্রার সময়ে মাধবের মতে—

> সঙ্গে অবৈত গদাধর পণ্ডিত। নিত্যানন্দাদি আর যেতে ভকত যে॥—নবম ছান্দ, ৫০

অত্তৈত থানিকটা পথ যাইয়া ফিরিয়া আদেন ( দশম ছান্দ, ৫ )।

তাহা হইলে দেখা যাইতেছে যে, যে যে প্রসঙ্গে লোচন নরহরির নাম করিয়াছেন, দেই-সব ঘটনা-বর্ণনা-উপলক্ষে বা অন্ত কোথাও মাধব নরহরির নাম করেন নাই। লোচনের বইকে আদর করিয়া তাহার অন্তবাদ করিতে বসিলে, মাধব বাছিয়া বাছিয়া লোচনের গুরু নরহরির নামটি বাদ দিবেন কেন, ভাহা ব্রা যায় না।

আর এক দিক্ দিয়া আলোচনা করিলেও মনে ইয় মাধব লোচনের পূর্বের গ্রন্থ লিথিয়াছেন। ধর্ম-সম্প্রদায়ের ইতিহাস আলোচনা করিলে দেখা যায় যে যভই দিন যাইতে থাকে ততই অলৌকিক ঘটনার সংখ্যা বৃদ্ধি পায়।

মাধব লিখিয়াছেন যে শচীদেবী বিশ্বস্তবের সন্মাস-গ্রহণের সংকর শুনিয়া আকুল হইলেন; বিশ্বস্তব তাঁহাকে নানারপ তত্তকথা বলিয়া প্রবাধ দিলেন। তথন--

> গৌরাল-বাণী ভনিন জননী বদন্তি নোহ তু মহযা। জানিলি সাক্ষাৎ নন্দ-নন্দন তু এরপে হউছ প্রকাশ ॥

লোচন এই ঘটনা বৰ্ণনা করিতে যাইয়া লিখিয়াছেন— (मरे कर्ष विश्वष्ठरत कृष्धवृद्धि देश । আপনার পুত্র বলি মায়া দূরে গেল। নবমেঘ জিনি ত্মতি খ্রাম কলেবর। ত্রিভঙ্গ মুরলীধর বর পীতাম্বর॥ গোপ গোপী গো গোপাল সনে বুন্দাবনে। দেখিল আপন পুত্র চকিত তথনে॥

মাধব লোচন হইতে অমুবাদ করিলে বিশ্বস্তরের দেহে শচীর ক্লফদর্শন বাদ দিতেন না।

মাধব বলেন বিশ্বস্তব বিফুপ্রিয়াকে প্রবোধ দিলে বিফুপ্রিয়া মনে করিলেন যে বিশ্বস্তর সাক্ষাৎ নন্দ-নন্দন; যথা---

> এতে কহিন গৌরাঙ্গ হরি। সেহু বিষ্ণুপ্রিয়া মনোহারি॥ সাক্ষাৎ নন্দ-নন্দন এ। এমস্ত সত্যকরি মনে অবধারি সে ॥—চতুর্থ ছান্দ, ২৬

লোচন এ স্থলে লিখিয়াছেন—

আপনে ঈশ্বর হঞা দূর করে নিজ মায়া বিষ্ণুপ্রিয়া পরদন্ন চিত। দূরে গেল ত্থ শোক আনন্দ ভরল বুক চতু ভূজ দেখে আচম্বিত। তবে দেবী বিষ্ণুপ্ৰিয়া চতু ভূজ দেখিয়া পতিবৃদ্ধি নাহি ছাড়ে তভু।--মধ্য., পৃ. ৫৬

এইসব দেখিয়া আমার অহুমান হয় যে লোচনদাস মাধবের গ্রন্থকে অবলম্বন করিয়া চৈতজ্ঞমন্তরে শ্রীচৈতজ্ঞের সন্ন্যাস-সম্পর্কিত ঘটনা বর্ণনা করিয়াছেন-

কিন্ত ইহা অহুমানমাতা। এ সহতে স্থিব সিকান্তে আসিতে হইলে দৃঢ়তব প্রমাণ আবশ্রক।

Valuable information in the Madhav's book **यांध्रितं श्रीक् मूलावांम् সংবাদ** 

বিশ্বস্তব সন্ন্যাস-গ্রহণের অব্যবহিত পূর্বে বিষ্ণুপ্রিয়ার সহিত বিহারাদি ক্রিয়াছিলেন কি না, তাহার সত্যতা নির্ভর করে মাধ্বের বই সত্যই গ্লাধ্র পণ্ডিতের নিকট শুনিয়া দেখা কি না তাহার উপর। যে ব্যক্তি শেষরাত্রিতে চিরতরে গৃহত্যাগ করিবেন তাঁহার পক্ষে বিলাস করা সম্ভব কিনা, তাহা কেবল মনন্তত্ত্বে স্থানিপুণ পণ্ডিত ব্যাক্তিরাই বলিতে পারেন।

মাধবের প্রথম ও দশম ছান্দের বর্ণনার সহিত লোচনের চৈত্যুমঙ্গলের কোনরূপ মিল নাই। মাধব প্রথম ছান্দে শ্রীচৈতত্তার তত্ত্ব ও ভক্তির প্রয়োজনীয়তা বর্ণনা করিয়াছেন। ঐ বর্ণনা হইতে জানা যায় যে শ্রীমন্তাগবতে তাঁহার যথেষ্ট পাণ্ডিত্য ছিল। দশম ছান্দে সংক্ষেপে ঐীচৈতত্তার শান্তিপুর হইতে যাত্রা, নীলাচলে গমন, জগলাথ-দর্শন, সার্কভৌম-উদ্ধার, দক্ষিণাপথ-ভ্রমণ, নীলাচলে প্রত্যাগমন, বৃন্দাবন দর্শন করিয়া পুরীতে ফিরিয়া আসা বর্ণিত হইয়াছে। মাধবের মতে পুরীতে পৌছিয়া ঐচৈতত্য প্রথমেই জগরাথ দর্শন করেন। জগন্নাথ-মন্দিরে মৃচ্ছিত হইয়া পড়ায় সার্কভৌম তাঁহাকে নিজের বাড়ীতে লইয়া যান; যথা--

প্রভূ শ্রীকৃষ্টেতগ্র

অধমকু করি ধন্ত

আসি প্রবেশিলে নীল স্থন্দর গিরি।

जगनाथ प्रिन

প্রেমে হোই অচেতন

বিকচ কঞ্জ নয়ত্ম বহুই বারি ॥ সার্বভৌম দেখিলে আসি। কাঁত আসিছন্তি অপর্প সন্নাসী॥

নেই আপনা সদনে

त्रीथिल मिरा ज्रात

এমস্তে মিলিলে সঙ্গ ভক্তগণ।

जियाम दश्हे ि मिन

প্রভূ আবেশিত মন

প্রভুর সমীপে কলে নাম কীর্ত্তন ॥ মহাপ্রস্থ হোই সচেত। বোলে বেগে দেখি আস জগন্নাথ। কবিকর্ণপূর ও লোচনের মতে শ্রীচৈতন্ত প্রথমে সার্কভৌম-গৃহে যাইয়া, পরে সার্কভৌম-পুত্র-সহ জগন্নাথ-দর্শনে যান। ক্রফদাস কবিরাজ এ কথা স্বীকার করেন নাই। মাধব যদি সভ্যই গদাধর পণ্ডিত গোস্বামীর নিকট শুনিয়া বিবরণ লিখিয়া থাকেন, তাহা হইলে তাঁহার কথাই সভ্য বলিয়া মানিয়া লইতে হয়; কেন-না গদাধর শ্রীচৈতন্তের অহুগামী হইয়াছিলেন।

মাধব বলেন যে ঐতিচতগ্য রায় রামানন্দকে উৎকল-রাজ্যের প্রাস্ত সীমা ছাড়িয়া পুরীতে যাইতে আদেশ দেন; যথা—

> তাঙ্ক ঠারু মেলানি কালে। কহে এহ ছাড়ি যাও সে নীলাচলে॥

বৃন্দাবন হইতে পুরীতে ফিরিয়া আসিয়া শ্রীচৈতন্ত নীলাচলে বাস করিতেছেন, এই পর্যাস্ত বর্ণনা করিয়া মাধব গ্রন্থ শেষ করিয়াছেন।

ভকতক্ষ্ ঘেনি সঙ্গে তাবতরক্ষে
তহুঁ নেউটি আইলা শ্রীনীলাচল ॥
কৃষ্ণ স্থাথ বঞ্চি দিন।
পরম হরষ ভক্তজনক মন॥

গ্রন্থের প্রথম ছান্দেও মাধব বলিয়াছেন যে শ্রীচৈতন্ত "এইখানে" অর্থাৎ নীলাচলে বাদ করিতেছেন; যথা—

> চৈতন্তরপরে এহা ক্বফ ভগবান্। প্রকাশ করিঅছন্তি কহি শাস্ত্র মান যে॥

"বঞ্চিত্ত" ও "করিঅছন্তি" (Present Progressive Tense বা লট্)
এইরপ কালব্যবহারকে ঐতিহাসিক সত্যরূপে অর্থাৎ প্রীচৈতত্ত্বের নীলাচল-বাস
সময়েই গ্রন্থ লেখা হইয়াছিল মনে করা যায় কি না বলিতে পারি না; কেন-না
ভক্তগণের নিকট প্রভূর লীলামাত্রই নিত্য।

## 

### গ্রন্থের প্রভাব ও পরিচয়

শ্রীচৈতক্সচরিতামৃতে কবিত্ব ও পাণ্ডিত্যের অপূর্ব্ব ও বিচিত্র সমাবেশ হইয়াছে। দার্শনিক চিন্তার গভীরতায় ও আধ্যাত্মিক অফ্ ভৃতির নিবিড়তায় ইহার সমকক গ্রন্থ বন্ধসাহিত্যে আজও রচিত হয় নাই। নিছক কাব্য-ছিসাবে বিচার করিলেও কৃষ্ণদাস কবিরাজ-কৃত শ্রীচৈতক্তের ভাবোমাদ-বর্ণনা রবীন্ধনাথের যে-কোন শ্রেষ্ঠ কবিতার অপেক্ষা কোনও অংশে হীন বলিয়া বিবেচিত হইবে না। অবশ্য শ্রীচৈতগ্রুচরিতামৃতকে কাব্যরূপে আলোচনা করিবার সময়ে শ্রন রাখিতে হইবে যে কৃষ্ণদাস কবিরাজের যুগে নিজস্ব ও ব্যক্তিগত ভাবের বিশ্লেযণ করার রীতি প্রচলিত হয় নাই। কোন সংস্কৃত কাব্য, দেবদেবীর কাহিনী বা কোন মহাপুরুষের জীবনীকে অবলম্বন করিয়া কবিকে কবিত্ব-শক্তির পরিচয় দিতে হইত। শ্রীমন্তাগবত, কৃষ্ণকর্ণামৃত প্রভৃতির শ্লোককে অবলম্বন করিয়া কৃষ্ণদাস কবিরাজ নিজের অন্থপম কবি-প্রতিভার পরিচয় দিয়াছেন। একটি উদাহরণ লওয়া যাক—

## কৃষ্ণকর্ণামূভের একটি শ্লোক

কিমিহ রুণুম: কস্ত ক্রম: রুতং রুতমাশ্যা কথ্যত কথামন্তাং ধন্তামহো হৃদয়েশয়:। মধুর-মধুর-স্মেরাকারে মনো-নয়নোৎসবে রূপণ-রূপণা রুক্ষে তৃষ্ণা চিরং বত লম্বতে ॥

ইহার বাদালা অর্থ—আমি এখন কি করিব? কাহাকেই বা বলিব?

শীরুষণকৈ পাইবার আশা যখন নাই, তখন তাঁহার কথা ছাড়িয়া অন্ত ভাল
কথা বল। কিছু তিনি যে আমার হৃদয়ে শয়ন করিয়া আছেন; তাঁহার
মধুর মধুর ইবং হাত্তযুক্ত মৃর্থিনি আমার মন ও নয়নের উৎসবস্থরপ।
তাঁহাকে পাইবার উৎকণ্ঠা-হেতু আমার দীনা তৃষ্ণা চিরকাল বর্দ্ধিত হইতেছে।

ক্লুক্লাস কবিরাজ ইহার ভাবাসুবাদ এইরূপে কবিয়াছেন—

এই কুফের বিরহে উবেগে মন স্থিক নহে

প্রাপ্তা,পার চিন্তন না বার।

বেবা তুমি সখীগণ বিষাদে বাউল মন

কারে পুছোঁ কে কহে উপায়॥ হা হা সখী ! কি করি উপায়।

কাঁহা করো কাঁহা যাও কাঁহা গেলে রুফ পাও

কৃষ্ণ বিহু প্রাণ মোর যায়॥

ক্ষণে মন স্থির হয়

তবে মনে বিচারয়

বলিতে হইল মতি ভাবোদাম।

পিঙ্গলার বচন স্মৃতি করাইল ভাব মৃতি

তাতে করে অর্থ নির্দ্ধারণ॥

দেখি এক উপায়ে ক্লফের আশা ছাড়ি দিয়ে

আশা ছাড়িলে স্থী হয় মন।

ছাড় ক্বম্ব-কথা অধন্য কহ অন্ত কথা ধন্ত

যাতে ক্লফের হয় বিশ্বরণ॥

বলিতেই হইল শ্বৃতি চিতে হইল কৃষ্ণ-স্কূৰ্ত্তি

সথীকে কহে হইয়া বিশ্বিতে।

যারে চাহি ছাড়িতে সেই শুঞা আছে চিতে

কোন বীতে না পারি ছাড়িতে॥

রাধাভাবের স্বভাব আন ক্লফে করায় কাম-জ্ঞান

কাম-জ্ঞানে ত্রাস হৈল চিতে।

কহে যে জগত মারে সে পশিল অন্তরে

এই বৈরী না দেয় পাসরিতে॥

উৎস্থক্যের প্রাবীণ্যে জিভি অক্স ভাব দৈক্তে

উদয় কৈল নিজ রাজ্য মনে।

মনে হৈল লালস

ছংথে মনে করেন ভং সনে ॥

মন মোর বাম দীন জল বিহু খেন মীন

ক্লফ বিহু ক্ষণে মরি যায়।

মধুৰ হাস্ত বদনে

यत्नारमञ्ज द्रमाष्ट्रम

ক্বক্ষ-তৃষ্ণা দিগুণ বাড়ায়॥

हा हा कुछ ल्यां नधन

হা হা পদ্মলোচন

হা হা দিব্য সদ্গুণ-সাগর।

হা হা খ্রামন্থন্দর

হা হা পীতাম্বর-ধর

হা হা বাসবিলাস-নাগর ॥

কাঁহা গেলে তোমা পাই তুমি কহ তাঁহা যাই

এত কহি চলিল ধাইয়া।

স্বরূপ উঠি কোলে করি

প্রভূরে আনিল ধরি

নিজ স্থানে বসাইল লইয়া ॥---৩।১ ৭।৪৮-৫ ৭

উদ্ধৃতাংশ কৃষ্ণকর্ণামূতের শ্লোক অবলম্বন করিয়া লিখিত হইলেও, ভাষার মাধুর্ষ্যে, ভাব-বিশ্লেষণের চাতুর্য্যে ও নাটকোচিত ঘটনার সমাবেশে ইহা অত্যুৎকৃষ্ট মৌলিক কবিতার স্থান গ্রহণ করিয়াছে।

কৃষ্ণদাস কবিরাজের উচ্চ শ্রেণীর কবি-প্রতিভার জগ্য শ্রীচৈতগ্রচরিতামৃত আৰু শিক্ষিত জনগণ-মধ্যে আদৃত হইতেছে। বৈফবগণ কিন্তু কেবলমাত্র কবিষের জন্ম এই গ্রন্থের পূজ। করেন না,—তাঁহার। প্রধানতঃ তিনটি কারণে এই গ্রন্থকে বেদের স্থায় প্রামাণ্য মনে করেন। প্রথমতঃ ইহাতে বুন্দাবনের পাঁচ গোস্বামি-রচিত বৈষ্ণব-শাস্ত্রের সিদ্ধান্তসমূহ অতিশয় স্থকৌশলে বিগ্রন্ত হইয়াছে। দিতীয়ত: ইহাতে সন্ন্যাদী ঐচিতত্তের বহিরন্ধ-জীবনের এমন অনেক ঘটনা বৰ্ণিত হইয়াছে যেগুলি বুন্দাবনদাস, জয়ানন্দ ও লোচনের গ্রন্থে পাওয়া যায় না। অনেক স্থলে কবিরাজ গোস্বামী এরূপ ঘটনাও বর্ণনা করিয়াছেন যাহা সংস্কৃত ভাষায় লিখিত মুরারি গুপ্তের কড়চা, রঘুনাথদাস গোস্বামীর স্থবাবলী, রূপ গোস্বামীর স্থবমালা, কবিকর্ণপূরের ঐচৈতক্সচক্রোদয় নাটক ও এক্লিফটেতভাচরিতামৃত মহাকাব্যেও নাই। আবার যে-সব ঘটনা মুরারি, কবিকর্ণপুর, বৃন্দাবনদাস প্রভৃতি লেখকগণ বর্ণনা করিয়াছেন সেগুলিরও ভিনি অনেক সময়ে পরিবর্ত্তন ও পরিবর্ত্তন করিয়াছেন। পরবর্ত্তী বিচারে এই সব স্থাত্তর ভূবি ভূবি দৃষ্টাস্ত দেখাইব। তৃতীয়ত: ঐচিতন্তের অস্তরঙ্গ জীবনের ভাবাস্থাদনের আলেখ্য কৃষ্ণদাস কবিরাজ এমন স্থলরভাবে আকিয়াছেন যে ভাহাতে আধ্যাত্মিক সাধনাম যথেষ্ট অহপ্রেরণা পাওয়া যায়। ঐচিতঞ্জের

যে মূর্ত্তি আমাদের মানস-পটে অন্ধিত বহিয়াছে তাহাতে রেখা সম্পাত করিয়াছেন রূপ, র্থুনাথ, ম্রারি, কবিকর্ণপূর, র্ন্দাবনদাস প্রভৃতি; কিন্তু বর্ণবিত্যাস করিয়া তাহাকে ভাস্বর ও জীবস্ত করিয়া তুলিয়াছেন রুঞ্দাস করিরাজ। ইহাই প্রীচৈতক্যচরিতামৃতের আদরের প্রধান কারণ।

পূর্বেষে ভাবাহ্নবাদ উদ্ধৃত করিয়াছি তাহা হইতেই এই তিনটি স্ত্রের দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। কৃষ্ণদাস করিরাজ কৃষ্ণকর্ণামৃতের শ্লোকটির অহ্নাদ করিতে যাইয়া উজ্জ্বদনীলমণির রস-সিদ্ধান্তের একটি প্রধান অংশ প্রকট করিয়াছেন। শ্রীরূপ গোস্বামী উজ্জ্বদনীলমণির উদ্ভাস্থর-প্রকরণে বিলাপের উদাহরণ দিতে যাইয়া শ্রীমন্তাগ্রতের নিম্নলিখিত শ্লোকটি উদ্ধার করিয়াছেন—

পরং সৌথ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা। ভজ্জানতীনাং নঃ ক্লফে তথাপ্যাশা তুরত্যয়া॥—ভা., ১০।৪৭।৪৬

অর্থাৎ শ্রীক্বফের সহিত মিলন ঘটিবার নহে, অথচ তাহাই আমাদিগকে আকুল করিতেছে; অতএব আমাদের পক্ষে নৈরাশ্রই শ্রেয়। স্থৈরিণী পিললাও কহিয়াছে নৈরাশ্রে পরম স্থা; আমরা যদিও তাহা জানি তথাপি শ্রীক্বফের প্রতি আমাদের এ আশা ত্যাগ করিতে পারিতেছি না।

রুষ্ণকর্ণামূতের শ্লোকের সঙ্গে এই শ্লোক মিলাইয়া কবিরাজ গোস্বামী "পিঙ্গলার বচন স্মৃতি" প্রভৃতি পদ লিখিয়াছেন। এই শ্লোকটি উদ্ধারের অব্যবহিত পূর্ব্বে তিনি লিখিয়াছেন—

উদ্বেগ বিষাদ মতি 
ওংস্ক ত্রাস ধৃতি শৃতি
নানা ভাবের হইল মিলন।

কবি এই অমুবাদের সাহায্যে ব্যভিচারি-ভাবের দৃষ্টান্ত দিলেন। ভক্তিরসায়তসিন্ধৃতে নির্ফোদ, বিষাদ, দৈশ্য, মানি, শ্রম, মদ, গর্ম্ব, শন্ধা, আস, আবেগ, উন্মাদ,
অপস্থতি, ব্যাধি, মোহ, যৃত্যু, আলস্ত্য, জাড্য, ত্রীড়া, অকারণ পোপন, স্থতি,
বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, হর্ষ, উৎস্কতা, উগ্রতা, অমর্য, অফ্য়া, চপলতা,
নিদ্রা, স্থপ্তি ও বোধ এই তেত্রিশটি ভাবকে ব্যভিচারী বলা হইয়াছে।
উজ্জ্বনীলমণির মতে অভীষ্ট বস্তব্ব অপ্রাপ্তিতে মনে যে অন্থিরতা জন্মে তাহাকে
উদ্বেগ বলে—

Ha Ha Sakhi ki kari upaye

## ছা হা সখী! কি করি উপায়। কাঁহা করো কাঁহা যাও কাঁহা গেলে কৃষ্ণ পাও

—এই হইল ঐতিচতক্তের উদ্বেশের দৃষ্টান্ত। "কৃষ্ণ বিহু প্রাণ মোর ষায়"
—বিষাদের দৃষ্টান্ত। 'মতি' শব্দের অর্থ শান্তাদি বিচার করিয়া অর্থনির্দারণ (ভক্তিরসামৃতসিদ্ধু, দক্ষিণ, চতুর্থ লহরী, ৭২)। এখানে কবিরাজ্ঞ গোস্বামী 'মতি' শব্দ শান্ত বিচার করিয়া মনকে স্থির করা অর্থে ব্যবহার করিয়াছেন; কিন্ত শ্রীরূপ গোস্বামী বলেন যে মতিতে সংশয় ও ভ্রমের ছেদন-হেতু কর্ত্ব্যক্রণ, শিশ্বদিগকে উপদেশ ও তর্ক-বিতর্ক প্রভৃতি হইয়া থাকে। কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—

পিঙ্গলার বচন শ্বতি

করাইল ভাব মতি

ইহা 'মতি'র দৃষ্টাস্ত নহে, পরস্ত উজ্জ্বলনীলমণির মতে বিলাপের উদাহরণ। ভক্তিরসামৃতসিন্ধ্-মতে (দক্ষিণ, ৪।৭৯) অভীষ্ট বস্তুর দর্শনের ও প্রাপ্তির জন্ম কালবিলম্বের অসহিষ্ণুতাকে উৎস্ক্র কহে।

> উৎস্ক্ক্যের প্রাবীণ্যে জিতি অন্য ভাব সৈন্যে উদয় কৈল নিজ রাজ্য মনে। মনে হৈল লাল্য না হয় আপন বশ

> > ছু:থে মনে করেন ভং সনে॥

ইহাই খ্রীচৈতত্তের ঔৎস্থক্যের উদাহরণ। সহসা যে ভয় মনে জাগে তাহাকে তাস কহে।

> রাধা ভাবের স্বভাব আন ক্ষমে করায় কাম-জ্ঞান কাম-জ্ঞানে আস হৈল চিতে॥

ত্রাস, ক্রে-না জ্রীকৃষ্ণ কাম বা মদন-স্বরূপ; সেই মদন

ষে জগত মারে সে পশিল অন্তরে॥

সদৃশ বস্ত-দর্শনের অথবা দৃঢ় অভ্যাসজনিত পূর্কামূভূত অর্থের প্রতীতির নাম শৃতি (ভক্তিরসামৃতসিষ্কু, দক্ষিণ, ৪।৬৫)। এরপ শৃতির দৃষ্টাস্ত দিতে যাইয়া বলিয়াছেন, "আমি প্রমাদবশতঃ মনোযোগ না করিলেও কোথাও কোন সময়ে হরিপাদপদাযুগল আমার হৃদয়ে ফ্র্রিশীল হয়।" কৃষ্ণদাস কবিরাজ লিথিয়াছেন যে শ্রীচৈতক্ত কৃষ্ণের আশা ছাড়িয়া দিবেন মনে করিতেই

বলিতেই হৈল শ্বতি চিত্তে হৈল ক্বফ-ফ্ ্র্টি

স্থীকে কহে হইয়া বিশ্মিতে।

যাবে চাহি ছাড়িতে সেই শুঞা আছে চিতে

কোন বীতে না পারি ছাড়িতে॥

এইরপে অধিকাংশ স্থলে এতি তিতে তোর ভাব-বিশ্লেষণ-উপলক্ষে রুফদাস কবিরাজ বৃদ্ধাবনস্থ গোস্বামিগণের শাস্তার্থ প্রকট করিয়াছেন। প্রীরূপ গোস্বামী প্রেমভাবের দৃষ্টান্ত রাধারুফ-লীলা হইতে দিয়াছেন, আর ক্বিরাজ গোস্বামী প্রীচৈতত্তলীলা হইতে সংগ্রহ করিয়াছেন।

প্রীটেতগুলীলা হইতে সংগ্রহ করিয়াছেন।
Sri Chaitanya had brought 'krishnakarnamrita' book from south and with Swarupdamodar উদ্ধৃত ভাবাতবাদে প্রীচেতগ্রের বহিরদ্ধ-জীবনের এই সংবাদ দেওয়া হইল he used to enjoy and remain immersed in its contents. This information is only given থে, যে কৃষ্ণক্র্মিত গ্রন্থ প্রতিচতগ্র দান্দিণাত্য হইতে আনিয়াছিলেন, তাহা by krishnadas kaviraj গ্রন্থ প্রাক্তিন স্বরূপদামোদরের সহিত আস্বাদন করিয়া ভাবসমূদ্রে নিমগ্ন হইতেন। এই সংবাদ অগ্র কোন গ্রন্থে নাই। প্রীচৈতগ্রের অস্তরন্ধ-জীবনের যে বর্ণনা এখানে দেওয়া হইল তাহা ভক্তজনের আদর্শ। তাঁহারা নিজ নিজ জীবনে এরপ ভাব পাইবার জন্ম সাধনা করিবেন।

শ্রীচৈতগ্যচরিতামৃত বাঙ্গালায় বৈষ্ণবীয় ভাব ও সংস্কৃতি প্রচারে যতটা সাহায্য করিয়াছে অগ্য কোন গ্রন্থ তাহা করিতে পারে নাই। এই গ্রন্থের সম্বন্ধে নরোত্তম ঠাকুর মহাশয় লিথিয়াছেন—

> রুষ্ণদাস কবিরাজ রসিক ভকত মাঝ থেঁহো কৈল চৈতন্মচরিত। গৌর-গোবিন্দ-লীলা শুনিতে গলয়ে শিলা তাহাতে না হৈল মোর চিত॥

> > -প্রার্থনা

কৃষ্ণদাস কবিরাজের শিশু বলিয়া খ্যাত মুকুন্দ ভাঁহার সিদ্ধান্তচন্দ্রোদয় গ্রন্থে লিখিয়াছেন— জন্মে জন্মে প্রভূ মোর কবিরাজ গোসাঞি।
তাঁহার তুলনা দিতে ত্রিভূবনে নাই॥
সর্বজ্ঞ সর্বতত্ত্ত বিজ্ঞ শিরোমণি।
শিলা দ্রবীভূত হয় তাঁর গুণ শুনি॥
কৃষ্ণলীলা গৌরলীলা একত্র বর্ণন।
চৈতগ্রচরিতামতে গোসাঞির লিখন॥
ভাবতত্ব প্রেমতত্ত্ব রসতত্ব আর।
ক্রমে ক্রমে লিখিয়াছেন করিয়া বিচার॥
জ্ঞান যোগ বিধিভক্তি রাগ নিরূপণ।
কাঁছ নাহি দেখি শুনি এমন বর্ণন॥—পৃ. খ

প্রাচীন পদকর্তা উদ্ধবদাস রুঞ্চাস কবিরাজের স্থচক লিথিয়াছেন—

ख्य कुछन्म ज्य

কবিরাজ মহাশয়

স্কবি পণ্ডিত অগ্রগণ্য।

ভক্তিশান্ত্র-ম্বনিপুণ

অপার অসীম গুণ

সবে যারে করে ধন্য ধন্য॥

बीगोदाक्त नीनागन

বলিলেন বৃন্দাবন

व्यवस्थिय एवं भव ब्रिश्न ।

(म , मकल कृ खना म

করিলেন স্বপ্রকাশ

জগমাঝে ব্যাপিত হইল।

কবিরাজের পয়ার

ভাবের সম্দ্রাগর

অল্প লোকে বৃঝিবারে পারে।

কাব্য নাটক কত

পুরাণাদি শত শত

পড়িলেন বিবিধ প্রকারে॥

> অধ্যাপক স্কুমার সেন লিখিয়াছেন, "অনেকে মনে করিয়া থাকেন এবং বলিয়াও থাকেন যে, কৃষ্ণদাস কবিরাজ শ্রীটেতজ্যের লীলার সহিত শ্রীকৃষ্ণের ব্রজলীলার একা দেখাইবার জন্মই চরিতামৃত রচনা করিয়াছিলেন। এই ধারণা ও উক্তি সম্পূর্ণরূপে ভ্রমাত্মক।" (বঙ্গশ্রী, অগ্রহায়ণ, ১৩৪১, পৃ. ৩০১)। কিন্তু কৃষ্ণদাসের নিজের শিশ্রের বিচারবৃদ্ধি বোধ হয় স্কুমারবাব্র অংশকা বেশী নির্ভরযোগ্য।

**চৈতগ্ৰচবিতামৃত** 

শান্ত্ৰ-সিন্ধু মথি কত

निर्थ कवित्रां कुरुमांग।

পাষণ্ডী নান্তিকাহ্নর

লভয়ে ভক্তি প্রচুর

নাস্তিকতা সমূলে বিনাশ॥

শান্ত্রের প্রমাণ যার

লোকে মানে চমংকার

যুক্তিমার্গে দব হারি মানে।

উদ্ধব মৃঢ় মতি

কি হবে তাহার গতি

কবিরাজ রাখহ চরণে॥

—গৌ. প. ত., ২য় সং, পৃ. ৩১**৩**।১৪

Who is Krishnadas Kaviraj

কৃষ্ণদাস কবিরাজের পরিচয়

Krishnadas Kaviraj has written 'Govindalilamrita' which contains 2588 sanskrit verses which কুঞ্দাস ক্রিরাজ "(গাবিন্দ্লীলামৃত" নামক ২৫৮৮ শ্লোকময় সংস্কৃত is undoubtedly the largest Vaishanva poetry.
কাব্য রচনা করিয়া অসাধারণ ক্রি-প্রতিভার পরিচয় দিয়াছেন। শ্রীজীব গোস্বামীর গোপালচম্পু থানিকটা গতে, থানিকটা পতে লেখা। স্কৃতরাং "গোবিন্দ্লীলামৃত"কেই সর্ব্রাপেক্ষা রহৎ বৈষ্ণ্য-কাব্য বলিয়া মানিয়া লওয়া যায়। সংস্কৃত বা বালালা ভাষায় ইহার অপেক্ষা আকারে বড় কাব্য আছে বলিয়া আমার জানা নাই। "গোবিন্দ্লীলামৃত" কেবল আকারেই বড় নহে, ইহার স্ক্র কারিগরিও আক্র্যাজনক। ইহাতে নানারূপ ছন্দ ও অলক্ষার ব্যবহৃত হইয়াছে।' তিনি এই গ্রন্থ লিখিয়াই "ক্রিরাজ" উপাধি পাইয়াছিলেন মনে হয়। রঘুনাথদাস গোস্বামী তাঁহার "মৃক্তাচরিত্রের" শেষ শ্লোকে ইহাকেই "ক্রিভূপতি"রূপে উল্লেখ ক্রিয়াছেন; যথা—

যশ্য সঙ্গবলতোহভুতাশয়া, মৃক্তিকোত্তম-কথা প্রচারিতা। তশ্য কৃষ্ণকবিভূপতের জৈ সঙ্গতির্ভবতু মে ভবে ভবে॥

অর্থাৎ বাঁহার সঙ্গ-বলে আমার দ্বারা এই উত্তম মৃক্তাকথা প্রচারিত হইল সেই কবিভূপতি ক্বফের সঙ্গ আমার জন্মে জন্মে হউক। এখানে কৃঞ্চাস

১ ১১।১৮ সমাধিনাম অলকার, ১১।২২ সলেবাপ্রন্তগুশংসা, ১২।৩৯ ব্যতিরেকাতিশরোক্তি, ১১।৪২ লুপ্তোপমা ও কাবালিক, ১১।৫১ কভাবোক্ত্যুৎপ্রেকা-রূপক-রেবের সাক্ষ্য, ১।৫৩ রূপক, বিরোধ, ব্যতিরেক, শ্লেষ প্রভৃতি বহু অলকার ব্যক্তত হইয়াছে। ত্রনোদশ সর্গের ৭৬ হইতে ১৪৬ ক্লোকে বিবিধ ছন্দের উদাহরণ দেওয়া হইয়াছে।

কবিরাজও লক্ষিত হইয়াছেন কি না ঠিক কবিয়া বলা যায় না; কেন-না মৃক্তাচবিত্রের স্নোক উজ্জ্বনীলমণিতে (৫২৭ পৃ.) উদ্ধৃত হইয়াছে। যদি কফদাস কবিরাজের কথা এখানে আছে ধরা যায়, তাহা হইলে উজ্জ্বনীলমণি বচনার পূর্কেই ক্লফদাস কবিরাজ কবিভূপতি হইয়াছিলেন বলিতে হয়। কিছে উজ্জ্বনীলমণির পূর্কে গোবিন্দলীলামৃতের রচনা সম্ভবপর মনে হয় না।

ভক্তর দীনেশচক্র সেন মহাশয় মৃকুন্দের "আনন্দরত্বাবলী"র প্রমাণ-বলে লিখিয়াছেন যে কৃষ্ণদাস কবিরাজ ১৫১৭ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন (বঙ্গভাষা ও সাহিত্য, পঞ্চম সং, পৃ. ৩১৭)। কিন্তু খ্রীচৈতন্মচরিতামতের আভ্যন্তরীণ প্রমাণ হইতে ধারণা জন্ম যে ১৫১৭ খ্রীষ্টাব্দে কৃষ্ণদাস কবিরাজের জন্ম হইতে পারে না। কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—

অবধৃত গোসাঞির এক ভৃত্য প্রেমধাম।
মীনকেতন রামদীস হয় তার নাম॥
আমার আলয়ে অহোরাত্র সমীর্ত্তন।
তাহাতে আইল তেঁহো পাঞা নিমন্ত্রণ॥

উৎসবাস্থে গেলা তেঁহো করিয়া প্রসাদ
মোর লাতা সনে কিছু হৈল বাদ ॥
চৈতক্ত গোসাঞিতে তাঁর স্থদ্চ বিশ্বাস।
নিত্যানন্দ প্রতি তাঁর বিশ্বাস আভাস॥
ইহা শুনি রামদাসের হংশ হৈল মনে।
তবে ত লাতারে আমি করিছ ভং সনে॥
ত্ই ভাই এক তম্থ সমান প্রকাশ।
নিত্যানন্দ না মান তোমার হবে সর্বনাশ॥
একেতে বিশ্বাস অক্তে না কর সম্মান।
আর্ক-কুক্টী তাায় তোমার প্রসাণ॥
কিংবা হই না মানিয়া হওত পাষ্ড।
একে মানি আর না মানি এই মৃত ভণ্ড॥
কুদ্ধ হঞা বংশী ভালি চলে রামদাস।

তংকালে আমার ভ্রাতার হৈল সর্বনাশ ॥—১।৫।১৩৯-৫৬

Ardha Kukurti - Half Chicken i.e. one legged chicken?

নিত্যানন্দকে না মানার জন্ম ভাইকে ভংগনা করায় নিত্যানন্দ প্রভূ তাঁহার প্রতি প্রীত হইয়া—

> নৈহাটী নিকটে ঝামটপুর নামে গ্রাম। তাঁহা স্বপ্নে দেখা দিলা নিত্যানন্দ রায়॥—১।৫।১৫৯

নিত্যানন্দ স্বপ্নে তাঁহাকে দেখা দিয়া বলিলেন যে—

অয়ে অয়ে কৃষ্ণদাস না করহ ভয়। বুন্দাবনে যাহা তাঁহা সর্ব্ব লভ্য হয়॥

Krishnadas may not have seen Nityananda prabhu alive.

এই বিবরণ হইতে মনে হয় যে কৃষ্ণদাস কবিরাজ নিত্যানন্দ প্রভূকে সশরীরে কখনও দর্শন করেন নাই। সেরপ দেখিলে মদনমোহনের প্রসাদমালা পাওয়া ও নিত্যানন্দের স্থপাদেশ পাইয়া বৃন্দাবনে যাওয়ার মতন তিনি তাহাও প্রসক্ষক্রমে উল্লেখ করিতেন। শ্রীচৈতক্ত ১৫০০ খ্রীষ্টাব্দে তিরোধান করেন, নিত্যানন্দ প্রভূ ইহারও কয়েক বংসর পরে তিরোহিত হয়েন। ১৫১৭ খ্রীষ্টাব্দে কৃষ্ণদাস জন্মগ্রহণ করিলে তিনি নিত্যানন্দ প্রভূর সাক্ষাৎ দর্শন পাইতেন। ঝামটপুর কাটোয়ার কাছে। নিত্যানন্দ প্রভূর লীলাস্থল— থড়দহ হইতে নবদ্বীপ পর্যন্ত ছিল। এত কাছে নিত্যানন্দ ছিলেন আর তরুণ যুবক কৃষ্ণদাস যে তাহাকে দর্শন করিতে যাইবেন না ইহা সম্ভব নহে। কিন্তু নিত্যানন্দ প্রভূর প্রকটকালে যদি কৃষ্ণদাস বালক হয়েন, তাহা হইলে তাহার পক্ষে নিত্যানন্দ-দর্শন ঘটা অসম্ভব হইতে পারে।

উক্ত বিবরণ পাঠ করিয়া মনে হয় যে বৃন্দাবনে যাইবার পূর্ব্বে কৃষ্ণদাস অবস্থাপন্ন গৃহস্থ ছিলেন। তাঁহার বয়স অস্ততঃ ত্রিশ বংসর হইয়াছিল এবং তিনি নিজে তাঁহার বাড়ীর কর্ত্তা ছিলেন। তাহা না হইলে তিনি "আমার আলয়ে অহোরাত্র সন্ধীর্ত্তন" লিখিতেন না। তাঁহার বাড়ীতে ঠাকুর-মন্দির ছিল এবং সেই মন্দিরে একজন ব্রাহ্মণ পূজা করিতেন; উক্ত বিবরণে আছে—

গুণার্ণব মিশ্র নামে এক বিপ্র আর্য্য। শ্রীমৃর্ট্তি নিকটে তেঁহো করে দেবা কার্য্য॥

কৃষ্ণদাস জাতিতে বৈছ ছিলেন। হয়ত সেই জগুই ঠাকুর-পূজা করার জ্ঞা পূজারী ব্রাহ্মণ রাখার দরকার হইয়াছিল। যাহার বাড়ীতে পূজারী ব্রাহ্মণ

১ প্রবাদ নিত্যানন্দ ১৫৪২ খ্রীষ্টাব্দে আধিন কৃষ্ণাষ্টমীতে তিরোধান করেন (বৈশ্বদিগ্দর্শনী,

Nityananda prabhu may have left his mortal coil in the year 1542 CE

ধাকে, অহোরাত্র শৃথান্তন-উপলকে দেশ-বিদেশ হইতে বৈশ্ববের আগমন হয়, তিনি অবস্থাপর গৃহস্থ না হইয়া পারেন না। বুলাবনে যাইবার পূর্বের ক্ষণাসের বয়স বে অস্ততঃ ত্রিশ বংসর হইয়াছিল এরপ ভাবিবার কারণ তৃইটি। প্রথমতঃ ইহার অপেকা কম বয়সের লোক ছোট ভাইয়ের সঙ্গে তত্ত্ব লইয়া তর্ক-বিতর্ক করেন ও অহোরাত্র সহীর্ত্তন দেন ইহা সাধারণতঃ দেখা যায় না। দ্বিতীয়তঃ ক্রফ্রদাস বাঙ্গালা দেশে থাকিতেই যথেষ্ট পাণ্ডিত্য অর্জনকরিয়াছিলেন। বুলাবনের বৈশ্ববেরা "উদ্বাহতত্ব" ও "একাদশীতত্ব" পঠন-পাঠনকরিতেন না। অথচ ক্রফ্রদাস করিরাজ ১০১৭ত শ্লোক উদ্বাহতত্ব হইতে ও ১০২০ শ্লোক একাদশীতত্ব হইতে উদ্ধৃত করিয়াছেন। ইহা হইতে মনে হয় যে ঝাম্টপুরে বাস করার সময়েই তিনি শ্বতিশান্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। 
স্বার্থিত চলা বা 1527 and went to Vrindavan on 1557

এইরপ বিচার হইতে ব্ঝা গেল যে রুফ্লাস কবিরাজ ১৫১৭ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করিতে পারেন না এবং অন্ততঃ ত্রিশ বংসর বয়সের পূর্বের বুন্দাবনে যান নাই। যদি তাঁহার জন্মকাল ১৫১৭ না ধরিয়া ১৫২৭ ধরা যায় তাহা হইলে সকল দিক্ দিয়া স্বস্কৃতি রক্ষা হয়; যথা—১৫২৭ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করিয়া তিনি ১৫৫৭ খ্রীষ্টাব্দে বুন্দাবনে গেলেন। সেই সময়ের মধ্যে ম্রারি গুপ্তের কুড়চা, কবিকর্ণপূরের খ্রীচৈতক্তচন্দোদয় নাটক ও খ্রীচৈতক্তচরিতামৃত মহাকাব্য এবং বুন্দাবনদাসের খ্রীচৈতক্তভাগবত রচিত হইয়াছে। তিনি বান্ধানার বৈক্ষবগণের রচিত গ্রন্থানি পাঠ করিয়া বুন্দাবনে গেলেন। ১৫৫৭ খ্রীষ্টাব্দে বীরভন্ত প্রভাবত ব্যাপ্ত হইয়াছিল। ক্রফ্লাস কবিরাজ লিথিয়াছেন—

সেই বীরভদ্র গোসাঞির লইমু শরণ বাঁহার প্রসাদে হয় অভীষ্ট পূরণ ॥—১।১১।৯

হরিভজিবিলাস-রচনার পূর্বে অর্থাৎ ১৫৪০ এটাবের পূর্বেও কৃষ্ণদাসের বৃন্দাবন-বাস ধরিলে বীরভন্তের শরণ লওয়ার সঙ্গতি হয় না। ১৫৫৭ এটাব্দের কাছাকাছি সময়ে তিনি বৃন্দাবন যাইয়া রূপ-স্নাতন প্রভৃতির সঙ্গ

> ভক্তিরসামৃতসিল্ ১৪৬০ শকে বা ১৫৪১ খ্রীষ্টাব্দে রচিত হয়। উহাতে হরিভক্তিবিলাসের লোক উদ্বত হইয়াছে (পূর্বে বিভাগ, ২য় লহরী, ৯৪ লোক)। স্নতরাং হরিভক্তিবিলাস ১৫৪০ খ্রীষ্টাব্দের পূর্বে লিখিত হইয়াছে। হরিভক্তিবিলাসের মঙ্গলাচরণে একজন কৃষ্ণলাসের বন্দনা আছে। ঐ কৃষ্ণলাস কৃষ্ণলাস কবিরাজ হইতে পারেন না। সম্ভবতঃ ঐ কৃষ্ণলাস গদাধরশাখাভুক্ত এবং গণোজেশে ইহাকে ইন্দ্লেখা তত্ত্ব বলা হইয়াছে (পরিশিষ্টে ৬৬ সংখ্যা দ্রষ্টব্য)।

লাভ করিলেন। তাঁহাদের অহপ্রেরণায় ১৫৩০ প্রীষ্টান্দের কাছাকাছি সময়ে তিনি "গোবিন্দলীলামৃত" রচনা করেন। ঐ গ্রন্থের প্রত্যেক সর্গের শেষে আছে "প্রীচৈতন্তের পদারবিন্দের অমরস্করণ শ্রীরপ গোস্বামীর সেবার ফলে, শ্রীরঘুনাথদাস গোস্থামি-কর্তৃক প্রেরিত, শ্রীমজ্জীব গোস্বামীর সঙ্গ হেতৃ সম্ভূত এবং শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর-প্রভাবে শ্রীগোবিন্দলীলামৃত কাব্যে…।" এই শ্লোকে সনাতন গোস্বামীর উল্লেখ কেন নাই বৃঝিতে পারিলাম না। গ্রন্থ-লেখার সময়ে সনাতন গোস্বামীর তিরোধান ঘটিয়াছিল কি ? একটি প্রবাদ-অহসারে ১৪৮০ শকে (১৫৫৮ খ্রীষ্টান্দে) সনাতনের তিরোভাব হয়। যাহা হউক, সনাতনের নাম কঞ্চনাস কবিরাজ কেন উল্লেখ করিলেন না, সে সম্বন্ধে আরও অহসন্ধান করা দরকার। গোপাল ভট্টের নাম না করার কারণ-সম্বন্ধে "অহুরাগবলীতে" উল্লিখিত কিংবদন্তী এই যে তিনি কৃষ্ণদাস কবিরাজকে তাঁহার নাম বা গুণ বর্ণনা করিছে মানা করিয়াছিলেন।

# Books written by Krishnadas kaviraj কবিরাজ গোসামীতে আরোপিত গ্রন্থসমূহ

গোবিন্দলীলামৃত ও শ্রীচৈতগ্রচরিতামৃত বাতীত কৃষ্ণাস কবিরাজ "শ্রীকৃষ্ণকর্ণামৃতের" একথানি টীকা লিখিয়াছেন। ডক্টর দীনেশচন্দ্র সেন মহাশয় কৃষ্ণদাস কবিরাজের রচিত বলিয়া "অদ্বৈত স্ত্র কড়চা", "স্ক্রপ বর্ণন", "রাগময়ী কণা" প্রভৃতি বাঙ্গালা গ্রন্থের নাম উল্লেখ করিয়াছেন। কিন্তু তিনখানি ছাড়া অলু বই কৃষ্ণদাসের রচনা বলিয়া বৈষ্ণব-সমাজ স্বীকার করেন না। শ্রীনিবাস আচার্য্যের কল্পা হেমলতা ঠাকুরাণীর শিশু বলিয়া কথিত যত্নন্দনদাস গোবিন্দলীলামৃতের ভাবাহ্বাদ করিয়া শেষে লিখিয়াছেন—

শীকৃষ্ণদাদ গোঁদাই কবিরাজ দয়াবান্।
কুপা করি লীলা প্রকাশিলা অমুপাম ॥
চৈতগ্রচরিতামৃত গ্রন্থ প্রকাশিয়া।
জীব উদ্ধারিলা অতি করুণা করিয়া॥
শীগোবিন্দলীলামৃত নিগৃঢ় ভাগুরে।
তাহা উপারিয়া দিলা কি কুপা তোমার॥
কৃষ্ণকর্ণামৃত ব্যাখ্যা কেবা তাহা জানে।
তাহার নিগৃঢ় কথা কৈলা প্রকটনে॥

তিন অমৃতে ভাগাইলা এ তিন ভ্বন। তোমার চরণে তেঁই করিয়ে শুবন॥

সহজিয়া পরকীয়া-বাদিগণ একজন জাল কৃষ্ণদাস কবিরাজ খাড়া করিয়া তাঁহার দারা "স্বরূপবর্ণনাপ্রকাশ" নামে এক গ্রন্থ প্রচার করাইয়াছেন। এ গ্রন্থে কৃষ্ণদাস কবিরাজের নিয়লিখিত তথাকথিত আত্মকাহিনী আছে—

> পতিত অধম আমি নীচ নীচাকারে। প্রভূ নিত্যানন্দ অতি ক্বপা কৈলা মোরে ॥ মন্তকে চরণ দিয়া কহিল আমারে। অবিলম্বে বুন্দাবন কুপা করু তোরে॥ শ্রীনব রঘুনাথ ভট্ট পতিত পাবন। ভরসা করিয়া চিতে লইন্থ শরণ॥ চরণ মাধুরী আমি কিছু না জানিল। তথাপি আমারে সত্তে অতি রূপা কৈল। আমার প্রভুর প্রভু গৌরান্ব স্থন্দর। এত ভনি ভরদা মনে বাড়ে নিরস্তর॥ তার গুণে লিখি সার লীলারস গুণ। কি লিখিব ভাল মন না জানি সন্ধান॥ শ্রীগৌরাঙ্গলীলামুত করিলা বিস্তার। লীলাক্রমে না জানিয়ে মুক্রি সারাসার॥ তথাপি লালদা বাড়এ অফুক্ষণ। তবে রাধাকুফলীলা করিএ লিখন॥ একদিন আজা কৈল ছয় মহাশয়। বন্দোহ গোবিন্দলীলামত রসময়॥ আমার অভাগ্য কথা শুন সর্বজন। প্রাণে ত্যাগ নাহি হয় কহিতে কারণ॥

১ এই গ্রন্থের পরিচয় ১৩০৮ সালের সাহিত্য-পরিবং-পত্রিকার প্রথম সংখ্যায় দেওরা হইয়াছে। পুঁথির অধিকারী কান্দি স্থলের শিক্ষক বন্ধবিহারী ঘোষ। পুঁথির তারিথ ১৬৮৪ শক বা ১৭৬২ খ্রীষ্টাব্দ। সভে মিলি একদিন বহিল নির্জীবে।
গৌরলীলা অপ্রকট শুনিলাম কানে॥
শ্রীগোপাল ভট্ট গোসাঞির শিশু আচার্য্য নিবাস।
তার স্থানে রহি সদা বৃন্দাবনে বাস॥
শ্রীলোকনাথ গোসাঞির শিশু কহি তার নাম।
ঠাকুর শ্রীনরোত্তম অতি অহুপাম॥

এই বিবরণ নিম্নলিখিত কারণে ঐতিচতন্তচরিতামৃত-রচয়িতার লেখা হইতে পারে না: (১) চরিতামৃতে নিত্যানন্দের স্বপ্লাদেশের কথা আছে, ইহাতে প্রত্যক্ষ আদেশের কথা আছে। (২) "স্বরূপবর্ণনাপ্রকাশের" মতে প্রথমে চরিতামৃত, পরে গোবিন্দলীলামৃত লিখিত হয়। ইহা অসম্ভব। (৩) ঐ বইয়ের মতে ছয় গোঁসাই রুফদাস কবিরাজকে গোবিন্দলীলামৃত লিখিতে বলিলেন; কিল্ক কবিরাজ গোস্বামী গোবিন্দলীলামৃতে মাত্র চারজনের নাম উল্লেখ করিয়াছেন। (৪) এই বইয়ের মতে রুফদাস কবিরাজ যখন বৃন্দাবনে তখন ঐতিচতন্তের তিরোভাব হয়। পূর্কে দেখাইয়াছি যে ইহা সম্ভব নহে। ঐ বইখানি পরকীয়া-বাদ-প্রচারের উদ্দেশ্যে কবিরাজ মহাশয়ে আরোপিত হইয়াছিল।

Karcha / Kardcha - ( usu written in verse ) a chronicle, a biography, a narrative

> সহজিয়া, সাঁই, বাউল ও দরবেশগণ অনেক পুঁথি লিথিয়া কৃষ্ণদাস কবিরাজের নামে চালাইয়া দিয়াছেন। কি রকম জঘস্ত বইও কৃষ্ণদাস কবিরাজের নামে চালান হয় তাহার একটি দৃষ্টান্ত দিতেছি। দরবেশদের একথানি বইয়ের নাম "বীরভক্রের শিক্ষা মূল কড়চা।" বইথানি ১৬২৮ সালে ২৮৬ চিংপুর রোড, কলিকাতা হইতে প্রকাশিত হয়। উহার গ্রন্থকারয়পে কৃষ্ণদাস কবিরাজের নাম ছাপা হইয়াছে। উহাতে দেখা যায় যে নিত্যানশ বীরভদ্রকে বলিতেছেন—

শীত্র করি যাহ তুমি মদিনা সহরে।

যথায় আছেন বিবি হজরতের ঘরে।

তথা যাই শিক্ষা লহ মাধব বিবির স্থানে।

তাহার শরীরে প্রভু আছেন বর্ত্তমানে।

মাধব বিবি বিনে তোর শিক্ষা দিতে নাই।

তাঁহার শরীরে আছেন চৈতন্ত গোসাঞি।

বীরভক্ত মদিনায় যাইয়া মাধব বিবিকে নানারূপ শুব-শুতি করিলেন ও তাঁহার উপদেশ চাহিলেন। তারপর

> মনে মনে মাধব বিবি ভাবিতে লাগিল। বীরভজে মনে করি উলক হইল।

## Intellectuality of Krishnadas kabirat কৃষ্ণদাস কবিরাজের পাতিভা

ক্বফলাস কবিরাজের পাণ্ডিত্য অনহাসাধারণ ছিল সন্দেহ নাই। তিনি
বাল্যকালে "সিদ্ধান্ত-কৌম্নী" ব্যাকরণ এবং "বিশ্বপ্রকাশ" ও "অমরকোষ"
অভিধান পাঠ করিয়াছিলেন। শ্রীচৈতহাচরিতামুতে ব্যাকরণ ও অভিধানের
প্রমাণ দিতে যাইয়া তিনি মাত্র এইগুলিই ব্যবহার করিয়াছেন। তিনি
অভিজান-শকুন্তল, রঘুবংশ, উত্তররামচরিত, নৈষধ ও কিরাতার্জ্কনীয় হইতে
এক একটি শ্লোক চরিতামুতে উদ্ধার করিয়াছেন। গোবিন্দলীলামুত দেখিয়া
মনে হয় তিনি অলহারের বছ গ্রন্থ পাঠ করিয়াছিলেন। কিন্তু চৈতহাচরিতামুতে সাহিত্যদর্পণ ছাড়া আর কোন অলহার-শান্তের প্রমাণ তিনি
উদ্ধার করেন নাই। "কাব্যপ্রকাশের" "য়ঃ কৌমারহরঃ" শ্লোক চরিতামুতে
উদ্ধাত হইয়াছে বটে, কিন্তু ঐ শ্লোক শ্রীরূপ গোস্বামী প্যাবলীতেও ধরিয়াছেন।
ভরতের নাট্যস্ত্র হইতে একটি প্যাংশ চরিতামুতে গ্রুত হইয়াছে। পূর্বে
দেখাইয়াছি যে তিনি শ্বতিশান্ত অধ্যয়ন করিয়াছিলেন। কাব্য, ব্যাকরণ,
অলহার ও শ্বতির কিছু অংশ দে যুগে প্রত্যেক শিক্ষিত লোককেই পড়িতে
হইত। ইহাতে অনহাগাধারণতা কিছু নাই। কৃফ্লাস করিরাজের বৈশিষ্ট্য

উলঙ্গ দেখিয়া বীরের আনন্দিত মন।
রূপের তুলনা দিতে নাহি ত্রিভূবন ॥
বিবি কহে শুন কথা ইহার কারণ।
সাক্ষাতে দেখহ এই করহ ভজন ॥
কে কোণায় আছে দেহে কর দরশন।
গোপ গোপী সাথে দেখ নন্দের নৃন্দন ॥
শ্রীরাধিকার দেহ দেখ স্থীগণ সহ।
এই দেহে বর্ত্তে তাহা তুমি নিরিখহ।
রসমন্নী শ্রীরাধিকা দেহ ভিন্ন মন।
গোপী তার অমুচরী বিযুক্ত না হন।

মূই রাধা মূই কৃষ্ণ কায় মধ্যে স্থিত। কায় অর্থে দেহ দেহী জানিহ নিশ্চিত। কামগায়ত্রী কামবীজ প্রেমের গঠিত। কায়ামুগা ভজে যেই দেই মুপণ্ডিত।—পৃ: ১ এই বে ভিনি গীতা, ভাগবত, ব্রহ্মণংহিতা, বাম্নাচার্যন্তোত্র, গীতগোবিন্দ, কৃষ্ণকর্ণামৃত, গোপীচন্দ্রামৃত, নামকৌমৃদী, হরিভজিস্থগোদয় জগন্নাথবল্লভ নাটক, চৈতগুচন্দ্রোদয় নাটক এবং বৃন্দাবনের গোস্বামীদের রচিত গ্রন্থাদি উত্তমরূপে আয়ত্ত করিয়াছিলেন।

শ্রীচৈতন্তচরিতামৃতের বিভিন্ন সংশ্বরণের সম্পাদকগণ বোধ হয় জগছজু ভল্ল মহাশয়ের পদাক অন্থসরণ করিয়া চরিতামৃতে যে-সমন্ত গ্রন্থ হইতে শ্লোক উদ্ধৃত হইয়াছে তাহাদের এক এক বিরাট তালিকা দিয়াছেন ও ভক্তর দীনেশচন্দ্র সেন "বঙ্গভাষা ও সাহিত্যের" পাদটীকায় সেগুলি উদ্ধৃত করিয়াছেন (পৃ. ৩২০, পঞ্চম সং)। ঐ তালিকা নিভূল ও সম্পূর্ণ নহে। উহাতে উদ্বাহতন্ত্র, আর্য্যাশতক, গৌরাক্তরকল্পতক্ষ বা স্তবাবলী প্রভৃতির নাম নাই; আবার "লঘুভাগবতামৃত" ও "সংক্ষেপ ভাগবতামৃত" একই বই হইলেও ছই নামে ছই স্থানে গণনা করা হইয়াছে। চরিতামৃতের সম্পাদকদের মধ্যে আধুনিকতম তালিকা করিয়াছেন রাধাগোবিদ্দ নাথ মহাশয়। তাঁহার তালিকায় ৭৫খানি আকর-গ্রন্থের নাম আছে। ঐ তালিকা হইতে "নাটকচন্দ্রিকা"র নাম বাদ গিয়াছে এবং "দিখিজয়ী বাক্য," "বঙ্গদেশীয় বিপ্রবাক্য" প্রভৃতি এক একথানি গ্রন্থ বিশ্বয়া গণিত হইয়াছে।

চরিতামতের সম্পাদকগণ আকর-গ্রন্থের তালিকা করিবার চেটা করিলেও, কোন্ গ্রন্থ হইতে কতগুলি শ্লোক রুঞ্চলাস করিরাজ উদ্ধার করিয়াছেন, এবং ঐ-সকল শ্লোক গৌড়ীয় বৈশ্বৰ-গ্রন্থের মধ্যে রুঞ্চলাসের পূর্ব্বে আর কেহ উদ্ধার করিয়াছেন কি না তাহা নির্ণয় করেন নাই। অথচ চরিতামুতে ব্যবহৃত শ্লোকগুলির বৈজ্ঞানিক প্রণালীতে প্রস্তুত তালিকা না করিতে পারিলে চরিতামুত ঠিক ভাবে বিচার করা যাইবে না। শ্লোকগুলিকে অবলম্বন করিয়াই চরিতামুতের বিচার ও অধিকাংশ স্থলে বিবরণ লিখিত হইয়াছে। বিষয়টির গুরুত্ব বিবেচনা করিয়া আমি একটি তালিকা প্রস্তুত করিয়াছি, উহার কিয়দংশ পরিশিষ্টে প্রদন্ত হইল।

প্রাচীন পদকর্তা উদ্ধবদাস লিখিয়াছেন যে ফুফদাস কবিরাজ

কাব্য নাটক কভ

পুরাণাদি শত শত

পড়িলেন বিবিধ প্রকারে॥

কিন্তু পরিশিষ্টে প্রদক্ষ তালিকা হইতে দেখা যাইবে যে তিনি অনেক কেতেই গোলামিগণ যে-সকল প্রাণ-তন্ত্রাদি হইতে যে-সকল শ্লোক উদ্ধার করিরাছেন ঠিক সেই শ্লোকগুলিই তুলিয়াছেন। ইহাতে তিনি সত্যই প্রাণাদি শত শত পড়িয়াছিলেন কি না বুঝা যায় না। চরিতামতে উদ্ধৃত আদি প্রাণের ৩টি, কুর্ম প্রাণের ৩টি, গরুড় প্রাণের ২টি, বৃহয়ারদীয় প্রাণের ৩টি, ব্লমাণ্ড প্রাণের ২টি, কাত্যায়ন সংহিতার ১টি, নারদ পঞ্চরাত্রের ৩টি, বিফ্র্ধর্মোন্তরের ১টি, মহাভারতের ৪টি, রামায়ণের ১টি শ্লোকের মধ্যে এমন একটি শ্লোকও নাই যাহা গোলামিগণের লারা বা কবিকর্ণপ্র ও বুলাবনদাসের লারা প্রের্ব উদ্ধৃত হয় নাই। তিনি পল্প্রাণের ১৭টি শ্লোক তুলিয়াছেন, তন্মধ্যে আমি তাঁহার প্রেবর্ত্তী গৌড়ীয় বৈঞ্বাচার্যদের গ্রন্থে ১৩টি শ্লোক পাইয়াছি। ইহার লারা প্রেন্তির হয় যে তিনি প্রাণসমূহের মধ্যে অস্ততঃ ভাগবত ও পল্প্রাণ পাঠকরিয়াছিলেন।

চৈতভাচরিতামুতে সর্বসমেত ১০১১ বার সংস্কৃত ও প্রাক্কত শ্লোক বা শ্লোকংশ ধৃত হইয়াছে, কিন্তু কতকগুলি শ্লোক একাধিকবার (কোন কোন শ্লোক থা৬ বার) উদ্ধৃত হইয়াছে। শ্লোকগুলিকে স্বতম্বভাবে এক একবার উল্লেখ ধরিয়া গণনা করিলে সংখ্যায় দাঁড়াইবে ৭৬০টি। তল্মধ্যে গোবিন্দ-লীলামুতের ১৮টি ও চরিতামুতের জন্ম বিশেষভাবে রচিত ৮০টি—একুনে ১০১টি শ্লোক যাদ দিলে অপর লেথকদের রচিত শ্লোকের সংখ্যা দাঁড়ায় ৬৬২। তল্মধ্যে শ্রীমন্তাগবত হইতেই ২৬০টি শ্লোক ও ভাগবতের শ্রীধর ও সনাতন গোস্বামীর টীকা হইতে উদ্ধৃত ৯টি শ্লোক—একুনে ২৭২টি শ্লোক। ভাগবতের ঐ শ্লোকসমূহের মধ্যে অনেকগুলি শ্রীরূপ, শ্রীজীব ও বৃন্দাবনদাস প্র্বেই উদ্ধার করিয়া জনসমাজে প্রচার করিয়াছিলেন। গীতা হইতে ৩৬টি শ্লোক এবং শ্রীরূপের গ্রন্থাবলী হইতে ১৮১টি শ্লোক করিরাজ গোস্বামী উদ্ধার করিয়াছেন; অর্থাৎ উদ্ধৃত ৬৬২টি শ্লোকের মধ্যে শতকরা ৪১ ভাগ ভাগবত ও তাহার টীকা হইতে, ২৭.৩ শ্রীরূপের গ্রন্থ হইতে, ৫.৪ গীতা হইতে এবং প্র্বের্বে যে-সমন্ত পুরাণ, তম্ব প্রভৃতির নাম করা হইয়াছে সেই-সকল হইতে প্রায় ৭ ভাগ শ্লোক—একুনে শতকরা ৮০.৭ ক্বঞ্চাস করিরাজ লইয়াছেন।

১ গ্রন্থের শেষে প্রদন্ত পরিশিষ্ট জন্তব্য।

বাকী ১০.৩ ভাগ শ্লোক ব্রহ্মসংহিতা, যাম্নাচার্যান্তোত্র, গীতগোবিন্দ, কৃষ্ণ-কর্ণামৃত, গোপীচন্দ্রামৃত, নামকৌমৃদী, হরিভক্তি-হুধোদয়, জগন্নাথ-বল্লভ নাটক, চৈতন্ত-চন্দ্রোদয় নাটক প্রভৃতি গ্রন্থ হইতে লইয়াছেন। এই গ্রন্থগুলির প্রতিও কৃষ্ণদাস করিরাজই যে সর্বপ্রথমে আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন এ কথা বলা যায় না, কেন-না পূর্বেই গোস্বামিগণ এসব গ্রন্থ হইতে অন্তান্ত শ্লোক উদ্ধার করিয়াছেন।

পরিশিষ্টে প্রদত্ত গ্রন্থতিলি ছাড়া আরও কতকগুলি গ্রন্থের নাম কবিরাজ গোস্বামী চরিতামতের পয়ারের মধ্যে উল্লেখ করিয়াছেন। পয়ারে যে-সমস্ত গ্রন্থের নাম উল্লিখিত হইয়াছে, তাহার একটি তালিকা ডক্টর স্থলীলকুমার দে মহাশয় প্রস্তুত করিয়াছেন (Indian Historical Quarterly, March, 1933. p. 98)। ঐ তালিকায় আগম ও আগমশান্ত, পাতঞ্জল ও যোগশান্ত, ব্যাপস্ত্র ও ব্রহ্মস্ত্র, পুরাণ ও নিগম-পুরাণ, ভাগবত ও ভ্রমরগীতা প্রভৃতির নাম স্বতন্ত্রভাবে উল্লিখিত হওয়ায় কৃঞ্দাস কবিরাজের পাণ্ডিত্য-বিচারে উহার উপযোগিতা অল্প। পরিশিষ্টে উদ্ধৃত গ্রন্থ ব্যতীত নিমূলিথিত গ্রন্থ জীর সহিত কবিরাজ গোস্বামীর পরিচয় ছিল; কেন-না এগুলির নাম ডিনি পয়ারে উল্লেখ করিয়াছেন: উপনিষদ, কলাপ ব্যাকরণ, কাব্যপ্রকাশ, গুণরাজ খানের রুফ্বিজ্য়, কোরান, গোপালচম্পু, চণ্ডীদাসের পদাবলী, বুন্দাবনদাসের চৈতক্সমঙ্গল বা চৈতক্তভাগৰত, ক্যায়, পাতঞ্জল-দর্শন, বৃহৎ সহস্র নাম, ব্রহ্মস্ত্র, সনাতন গোস্বামীর বৃহৎ ভাগবতামূত, রূপ গোস্বামীর মুথুরা-মাহাত্ম্যা, বিভাপতির পদাবলী, শারীরক ভাষ্য, সাঙ্খ্য, সিদ্ধার্থ-সংহিতা ও হয়শীর্ষপঞ্চরাত্র। মুরারি গুপ্তের কড়চা এবং কবিকর্ণপূরের শ্রীচৈতগ্যচরিতামৃত মহাকাব্যও তিনি ব্যবহার করিয়াছেন।

# Character of Krishnadas Kabiraj কবিরাজ গোস্বামীর চরিত্র

কৃষ্ণদাস কবিরাজ অতুলনীয় কবিত্ব ও পাণ্ডিত্যের অধিকারী হইয়াও বেরূপ বিনয়ের পরাকাষ্ঠা দেখাইয়াছেন তাহা পণ্ডিত-সমাজে একাস্ত হল্ল ভ। তাঁহার বিনয়-প্রকাশের ভঙ্গী হইতেই "বৈষ্ণবীয় বিনয়" জন-সমাজে বিখ্যাত হইয়াছে। তিনি লিখিয়াছেন—

> জগাই মাধাই হৈতে মৃঞি সে পাপিষ্ঠ। পুরীবের কীট হৈতে মৃঞি সে লঘিষ্ঠ॥

মোর নাম শুনে যেই তার পুণাক্ষয়। মোর নাম লয়ে যেই তার পাপ হয়॥—১।৫।১৮৩-১৮৪

শ্রীচৈতশ্রচরিতামৃতের মতন এক স্থন্দর ও বৃহৎ গ্রন্থ রচনা করিয়া তাঁহার মনে একটুও অহঙ্কার জন্মে নাই। পৃথিবীর কোন দেশের কোন লেখক পাঠকদের নিকট এমনভাবে নিবেদন জানান নাই—

সব শ্রোতাগণের করি চরণ বন্দন।

যা সভার চরণক্বপা শুভের কারণ॥

চৈতক্সচরিতামৃত যেই জন শুনে।

তাঁহার চরণ ধূঞা করো মৃঞি পানে॥
শ্রোতার পদরেণু করো মস্তকে ভূষণ।

তোমরা এ অমৃত পীলে সফল হয় শ্রম॥—৩২০।১৪১-৪০

ভক্তর দীনেশচন্দ্র সেন মহাশয় লিখিয়াছেন, "চৈতন্ত-চরিতামৃতে", "চৈতন্ত-ভাগবতে" ও "চৈতন্ত-মঙ্গলে" স্থলত সাম্প্রদায়িক বিদ্বেষর চিহ্ন নাই (বাজভাষা ও সাহিত্য, পঞ্চম সং, পৃ. ৩১৯)। এই উক্তি যথার্থ হইলে Krishpadas kabiraj cursed those who do not accept Sri Chaitanya as GOD (1/8/8/9; 2/49) স্থা হইতাম। যাহারা শ্রীচৈতন্তন্তে দখন বলিয়া মানেন না তাহাদিগকে ক্ষেদাস কবিরাজ দৈত্য ও অস্বর বলিয়া তা হিম্বন নাই (১৮৮৮৯)। তাহাদিগকে থল ও শ্করও বলিয়াছেন (২৪৯)।

ম্সলমান কাজীর ম্থ দিয়া তিনি বলাইয়াছেন—

আধুনিক আমার শাস্ত্র বিচারসহ নয়॥ কল্লিত আমার শাস্ত্র আমি সব জানি। জাতি অন্থরোধ তবু সেই শাস্ত্র মানি॥—১।১৭।১৬২-৩

কিন্তু কৃষ্ণদাস কবিরাজ শ্রীচৈতত্যের মুখ দিয়া যে ব্রহ্মবৈবর্ত্তের শ্লোক উদ্ধার
করাইয়া কাজীকে পরাজিত করাইলেন, তাহা মুসলমানের কোরান ও হাদিস্
Krishnadas has denounced the tenents of Shankaracharya's teachings, Madhvacharya's teachings
অপেকাও আধুনিক। এইরূপে বৌদ্ধদের (২০০৪৫), শাহর-সম্প্রদায়ের
(২০০৭২) ও মাধ্ব-সম্প্রদায়ের (২০০২৪৭-৪৮) মত যে অসার ও কল্লিত
ভাহা তিনি বার বার বলিয়াছেন। শ্রীচৈতত্য দাক্ষিণাত্যে হাইবার সময়ে

# "রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রক্ষ মাম্।

কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব পাহি মাম ॥"
As per Murari Gupta, Kabikarnapur & Krishnadas Sri Chaitanya had chanted Sri Ram's name while leaving for south. But still Krishnadas written in 2/15/142 that Sri Chaitanya had বিলতে বিশ্বত শ্বত কৰিলাস tried to convince Murarai Gupta to chant Sri Krishna's name instead of Sri Ram's.

কবিরাজ স্বীকার কবিয়াছেন, তথাপি চরিতামতে লিখিত হইয়াছে যে
প্রীচৈতের ম্বাবি গুপ্তকে রামভজন ছাড়াইয়া কৃষ্ণের ভজন করাইবার চেষ্টা
কবিয়াছিলেন ও বলিয়াছিলেন—

সেই কৃষ্ণ ভব্দ তুমি হও কৃষ্ণাশ্রয়।
কৃষ্ণ বিনা উপাসনা মনে নাহি লয়॥—২।১৫।১৪২

ম্বারি গুপু নিজে শ্রীচৈতত্যের এরপ চেষ্টার কোন কথা লেখেন নাই; বরং তিনি লিখিয়াছেন যে শ্রীচৈতত্য তাঁহাকে রাম-উপাসনায় উৎসাহ দিয়াছিলেন (২।৪।১২-১৪)। মধ্যযুগের আবহাওয়াই এমন ছিল যে তথনকার কোন গ্রন্থ সাম্প্রদায়িক না হইয়া পারিত না। অপর সম্প্রদায়ের উপাসনা-প্রণালী ভূল ইহা প্রমাণ না করিতে পারিলে স্ব-সম্প্রদায়ের প্রসার-সাধন করা তথন সম্ভব ছিল না, সেইজত্য কৃষ্ণদাস কবিরাজকেও সাম্প্রদায়িক রীতিনীতি অবলম্বন করিতে হইয়াছে।

মধ্যযুগের ধর্মবাধ যুক্তিবিচারকে সহ্ করিতে পারিত না। ক্রফাদাস কবিরাজ সে যুগের অন্যান্ত লেখক অপেক্ষা যুক্তি-বিচার-সম্বন্ধে অধিকতর অসহিষ্ণু ছিলেন। তিনি এমন অনেক ঘটনা লিখিয়াছেন যাহাদের ঐতিহাসিক ভিত্তি একেবারেই নাই। ঐতিহতন্তের জীবনীগুলির তুলনামূলক বিচারের দারা ইহার ভূরি ভূরি দৃষ্টান্ত পরে দেখাইব। কিন্তু কবিরাজ গোস্বামী বিচারবৃদ্ধির প্রয়োগ করিতে দিতে নারাজ। যে এরপ বিচার করিবে তাহার জন্ম তিনি কুন্তীপাক নরকের ব্যবস্থা করিয়াছেন; যথা—

তর্কে ইহা নাহি মানে যেই ত্রাচার। কুম্ভীপাকে পচে তার নাহিক নিস্তার।—১।১৭।২৯৮

ক্বফদাস কবিরাজের অলৌকিক ঘটনা-বর্ণনার প্রতি আসক্তির একটি দৃষ্টাস্ত দিতেছি; পরে আরও বহু দৃষ্টাস্ত দিব। মুরারি গুপ্ত লিথিয়াছেন—

> অথাপরদিনে ভূমাবৃপবিস্থান্থনাদয়ন্। করতালৈদিশ: প্রোচে পশ্য শৈলুষবেষ্টিতম্।

শশ্র পশ্রাভুতং বীজং ভূমো সংরোপিতং ময়।
শশ্র পশ্রাজ্বো জাতো নিমিষেণ তরু: প্ন: ॥
জাতঃ পশ্রাশ্র প্রেলিয়ং পশ্র পশ্র ফলং প্ন: ।
জাতং পশ্র ফলং পরুং তশ্র সংগ্রহণং পুন: ॥
ফলং বৃক্ষোহপি নাস্ত্যেব ক্ষণান্মায়াকৃতং যতঃ।
প্রান্তবে তু কৃতং হোবং ন কিঞ্চিদিপি লভ্যতে ॥
ঈশ্বরশ্রাগ্রতঃ কৃত্মা ধনং বিপুলমশ্রুতম্ ।
এবং মায়া-কৃতং কর্ম স্ক্রিঞ্চেম্মর্থক্ম ॥—২।৪।৬-১০

Maya explained by Sri Chaitanya through an example of seed, tree and fruit which is written by Murari Gupta who was present at that time in karcha 2/4/6-10 এবং স্থাবে বিভিন্ন বৃক্ত ও ফলের দৃষ্ঠান্ত দিয়া বিশ্বস্তর মিল কর্মফল এবং স্থাবে তাহা অপ্রিক প্রয়োজনীয়তা বুঝাইতেছেন।

Rabikarnapur also reflected upon the above example in his mahakavva 6/28-31 verses ক্রিকণপূর প্রতিচতন্যচরিতামৃত মহাকাব্যের ৬।২৮ হইতে ৬।৩১ শ্লোকেইহার প্রতিধ্বনি করিয়াছেন। লোচন ঐ ফলের নাম করিয়াছেন আম।
তিনি উদ্ধৃত শ্লোকের ভাবামুবাদ এইরূপ করিয়াছেন—

Lochan has described the fruit's name as mango which is not mentioned by above writers.

আচম্বিতে কহে প্রভু দিয়া করতালি। নিজ জনে প্রকাশ করয়ে ঠাকুরালি॥ হের দেখ আমবীজ আরোপিল আমি। আমার অজ্জিত তক হটল আপনি॥ তথন কহিল সর্বলোক আচম্বিত। এখনি রুইল বীজ ভেল অঙ্কুরিত॥ দেখিতে দেখিতে ভেল তক্ত মুঞ্জরিত। হইল উত্তম শাখা অতি স্থললিত॥ দেখ দেখ সর্বলোক অপরূপ আর। মুকুলিত হৈল দেখ তরুটি আমার॥ তথনি হইল ফল পাকিল সকালে। অঙ্গুলি লোলাঞা প্রভু দেখায় সভারে॥ পাড়িয়া আনিল ফল দেখে সর্বলোকে। নিবেদন কৈল আসি ঈখর-সমুখে॥ তিলেকে তথনি লোক না দেখিয়ে কিছু। ফলমাত্র আছে বুক্ষ মিথ্যা সব পাছু॥

### ঐছে মায়া ঈশবের কহে সর্বলোকে। এত জানি না করিছ এ সংসার শোকে॥

Lochan has described the fruit's name as mango without destroyed the latching which is present in the example. But Krishnadas has totally destroyed the innate teaching of the example by writing (1/17/73-80) that Sri Chaitanya had progured the mangoes from the tree and distributed to devotees for eating.

that Sri Chaitanya had procured the mangoes from the tree and distributed to devotees for eating. লোচনের হাতে পড়িয়া মুরারির শ্লোকের কোন ফল, আমে পরিণত ও তাহা ঈশবে নিবেদিত পর্যান্ত হইল। কিন্তু মূলের কর্মফলের ও সংসারের উপমাটি লোচন নষ্ট করেন নাই। কৃষ্ণদাস কবিরাজ উপমার ভাবকে একেবারে নষ্ট করিয়া সন্ধীর্ত্তনে ক্লান্ত ভক্তদিগকে আম খাওয়াইয়াছেন; যথা—

একদিন প্রভূ সব ভক্তগণ লৈয়া।
সঙ্গীর্ত্তন করি বৈসে শ্রমযুক্ত হৈয়া॥
এক আম্রবীজ প্রভূ অঙ্গনে রোপিল।
তৎক্ষণে জন্মিল রক্ষ বাড়িতে লাগিল॥
দেখিতে দেখিতে রক্ষ হইল ফলিত।
পাকিল অনেক ফল সভেই বিস্মিত॥
শতত্বই ফল প্রভূ শীঘ্র পাড়াইল।
প্রক্ষালন করি ক্ষণ্ণে ভোগ লাগাইল॥
রক্তপীতবর্ণ—নাহি আঠ্যংশ বন্ধল।
এক জনের উদর পূরে থাইলে এক ফল॥
দেখিয়া সন্তুষ্ট হৈল শচীর নন্দন।
সভাকে থাওয়াইল আগে করিয়া ভক্ষণ॥
আঠ্যংশ বন্ধল নাহি অমৃত রসময়।
এক ফল থাইলে রসে উদর পূরয়॥
এই মত প্রতিদিনে ফলে বার মাস।

Due to his love for supernatural stories Krishnadas who was not present at the time of the event like Murari Gupta had destroyed the innate teaching of Sri Chaitanya.

ম্বাবি গুপ্ত আলোচ্য ঘটনার প্রত্যক্ষদশী দাকী ছিলেন। তিনি প্রীচৈতন্তের
অস্তবক্ষ ভক্ত। কবিরাজ গোস্বামি-বর্ণিত ম্যাজিকে আনা ফল ভক্তগণ
থাইলে ম্বাবি নিশ্চয়ই তাহার উল্লেখ করিতেন। আলোকিক ঘটনার
প্রতি প্রীতির জন্মই রুফদাস কবিরাজ ঘটনাকে এইভাবে বিরুত করিয়াছেন।
আম থাওয়ার ঘটনাবর্ণনার মধ্যে আর একটি রহস্থ নিহিত আছে।
কুফদাস কবিরাজ যেখানেই স্থযোগ পাইয়াছেন সেইখানেই আহার্য্য বস্তব

বিরাট্ ফর্দ্ধ দিয়াছেন; যথা—সন্ন্যাস-গ্রহণের পর অবৈত-গৃহে ঐতিতত্তের ভক্ষ্য জব্যের বর্ণনা ২০০৪১ হইতে ২০০৫০ পর্যন্ত ১০টি পয়ার, প্রতাপ-ক্ষত্রের প্রেরিত জগলাথের প্রসাদের বর্ণনা ২০১৪২০ হইতে ২০১৪০২ পর্যন্ত ১০টি পয়ার, সার্ক্ষভৌম-গৃহে ঐতিচতত্ত্যের থালজব্যের বর্ণনা ২০১৫২০৫ হইতে ২০১ পর্যন্ত ১৫টি পয়ার। উল্লিখিত ঘটনার সময়ে কোন ভক্ত কাগজকলম লইয়া থাওয়ার জিনিষের ফর্দ্দ করিয়া রাখিয়াছিলেন; রঘুনাথদাস গোস্বামী তাহা নকল করিয়া রন্দাবনে আনিয়াছিলেন এবং ক্রফাদাস তাঁহার নিকট হইতে লইয়া ঐ তালিকা লিখিয়াছেন এরপ যুক্তি আশা করি কোন ভক্ত উপস্থিত করিবেন না। কবিরাজ গোস্বামীর গোবিন্দলীলামৃত ও ঐতিচত্ত্যচরিতামৃত পাঠ করিয়া মনে হয় ভক্ষ্যন্তব্য-বর্ণনা করার প্রতি তাঁহার ঝোঁক ছিল। তারু ঘটনা-বর্ণনার সময়ে নহে, ভক্তি-সিদ্ধান্ত স্থাপনের সময়েও ক্রফাদাস কবিরাজ আহার্য্য বিষয় হইতে উপমা সংগ্রহ করিয়াছেন; যথা—

প্রেমরৃদ্ধি-ক্রমে নাম—্মেহ, মান, প্রণয়। রাগ, অহুরাগ, ভাব, মহাভাব হয়॥ থৈছে বীজ, ইক্ষ্, রদ, গুড়, খণ্ড, দার। শর্করা, দিতা, মিশ্রি, উত্তম মিশ্রি আর॥—২।১৯।১৫২-৫৫

আবার

সাত্তিক-ব্যভিচারী ভাবের মিলনে।
ক্বফভক্তি রস হয় অমৃত আস্বাদনে॥
থৈছে দধি, সিতা, দ্বত, মরীচ, কর্পূর।
মিলনে রসালা হয় অমৃত-মধুর॥—২।১৯।১৫৫-৫৬

কবিরাজ গোস্বামী লীলার নিত্যত্বে বিশ্বাস করিতেন। কোন লীলা-পরিকর পৃথিবী হইতে তিরোহিত হইয়াছেন এ কথা তিনি মানিতেন না। একটি দৃষ্টাস্ত দেওয়া যাক। ১া৫১৮০ পয়ারে নিত্যানন্দের ক্বপা লিখিতে

> নিষ্ঠাবান্ বৈষ্ণবেরা বলেন যে কবিরাজ গোস্বামী কৃষ্ণলীলায় কন্তুরিকা মঞ্রী ছিলেন ও তাঁহার কাজ ছিল রাম্নাথর পর্যাবেক্ষণ করা। সেইজন্ম তিনি এই লীলায় থাত দ্রব্যের এমন খুটনাটি বর্ণনা দিয়াছেন।

গিয়া তিনি বলিলেন, "বাহা হইতে পাইছ শ্রীষরপ আশ্রয়।" ইহা পড়িলে মনে হয় তিনি বৃন্দাবনে আসিয়া ঽরপ-দামোদরের সঙ্গলাভ করিয়াছিলেন। কিন্তু ১।১০।৯১ পয়ারে রঘুনাথদাসের কথা বলিতে গিয়া লিখিয়াছেন—

### ষোড়শ বংসর কৈল অস্তরক সেবন। স্বরূপের অন্তর্জানে আইলা বৃন্দাবন॥

Swarupdamodar had left his mortal coil in Puri.
এখানে দেখা যায় যে স্বরূপ নীলাচলে বাস করিতেন ও সেইখানেই তাঁহার
অন্তর্জান ঘটে। তাহা হইলে বুঝা যাইতেছে যে রুফ্দাস কবিরাজ ১৫।১৮০
পয়ারে তত্তঃ স্বরূপের আশ্রয় পাওয়ার কথা বলিয়াছেন। তত্ত ও ঘটনায়
এইরূপ মেশামেশি হওয়ায় অনেক স্থলেই তাঁহার উক্তির ঐতিহাসিকতা
বিচার করা কঠিন হয়।

Time of writing of Srichaitanyacharitamrita by Krishnadas

#### গ্রন্থের রচনাকাল

শ্রীচৈতন্যচরিতামৃতের অধিকাংশ পুথি ও মুদ্রিত পুস্তকের শেষে সমাপ্তিকাল-স্চক নিম্নলিথিত শ্লোকটি দেখিতে পাওয়া যায়—

> শাকে সিদ্ধগ্নিবাণেনে জৈয়ে বৃন্দাবনান্তরে। সংয্যেহ্জ্যসিত-পঞ্চম্যাং গ্রন্থেহিয়ং পূর্ণতাং গতঃ॥

এই পাঠ যাঁহারা স্বীকার করিয়াছেন, তাঁহারা সিন্ধু অর্থে সাত ধরিয়া ১৫৩৭ শক জ্যৈষ্ঠ মাস ববিবার ক্লফা পঞ্চমী তিথিতে গ্রন্থ সমাধ্য হইয়াছিল স্থির করিয়াছেন।

কিন্তু সিন্ধু অর্থে সাত না ধরিয়া চার ধরা যাইতে পারে এবং চরিতামূতের রচনাকাল ১৫৩৪ শক বা ১৬১২ খ্রীষ্টাব্দ বলিয়া নির্দ্দেশ করা যায়।

১ স্থাকর দ্বিদে স্থাসিদ্ধান্তের স্প্রাধিকার প্রকরণের টীকায় লিথিয়াছেন, "অদ্ধাং সম্দ্রাশ্চন্থারঃ প্রসিদ্ধাঃ।" পিঙ্গলচ্ছন্দঃস্ত্রের "লঃ সম্দ্রা গণঃ" স্ত্রের টীকায় আছে, "সম্দ্রা ইতি চতুঃ-সংখ্যোপলক্ষণার্থম্।" বাচস্পতাভিধানে "জলধিশ্চতুঃসংখ্যায়াং চ" ও আপ্তের অভিধানে সম্দ্র আর্থে চার আছে। ১৫৩৭ শকের জাঠ মাস কৃষ্ণা পঞ্চমী তিথি যে রবিবারে ইইয়াছিল তাহা রায় বাহাছর যোগেশচন্দ্র রায় বিহ্নানিধি ও রাধাগোবিন্দ নাথ মহাশয় গণনা করিয়া বাহির করিয়াছেন (নাথ—চরিতামৃত, পরিশিষ্ট ৩।০ পৃ.)। এখন প্রশ্ন ইইতেছে যে ১৫৩৪ শকের জ্যৈষ্ঠ মাস কৃষ্ণা পঞ্চমী তিথিও কি রবিবারে পড়িয়াছিল ?

এই বিষয়ে আমি আমার গণিতবিদ্ বন্ধু ফণিভূষণ দত্তের সহিত আলোচনা করিয়া রাধাগোবিন্দ

প্রেমবিলাদের চতুর্বিংশ বিলাদে ঐ শ্লোকের নিম্নলিখিত পাঠান্তর ও ব্যাখ্যা দেওয়া হইয়াছে।

শাকেইগ্রিবিন্দ্-বাণেন্দৌ জ্যৈষ্ঠে বৃন্দাবনাস্তরে।
সুর্য্যেইহ্যাসিতপঞ্চম্যাং গ্রন্থাইয়ং পূর্ণতাং গতঃ ॥
ক্বন্ধদাস কবিরাজ থাকি বৃন্দাবন।
পনর শত তিন শকান্দে যখন॥
জ্যৈষ্ঠ মাসের রবিবারে ক্বন্ধা পঞ্চমীতে।
পূর্ণ কৈল গ্রন্থ শ্রীচৈত্যুচরিতামূতে॥—পৃ. ৩০

চারিটি কারণে চরিতামৃতের রচনাকাল ১৫৮১ খ্রীষ্টাব্দ বলা যায় না।

- ১। প্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ ও যোগেশচন্দ্র রায় বিভানিধি জ্যোতিষিক গণনা করিয়া দেখাইয়াছেন যে "১৫০০ শকের জ্যৈষ্ঠ মাদে কৃষ্ণাপঞ্চমী রবিবারে হয় নাই—জ্যৈষ্ঠ মাদকে দৌরমাদ ধরিলেও নয়, চান্দ্রমাদ ধরিলেও নয়" (নাথ—চরিতামৃত-পরিশিষ্ট, পৃ. ৩০)।
  - ২। ড: স্পীলকুমার দে দেখাইয়াছেন যে চরিতামতে আছে---

গোপালচম্পু করিল গ্রন্থ মহাশ্র। নিত্যলীলা স্থাপন যাহে ব্রজ্বস প্র॥—২।১।৩৯

আবার

গোপালচস্পু নাম গ্রন্থগার কৈল। ব্রক্ষের প্রেমরদ লীলাদার দেখাইল ॥—৩।৪।২২১

নাথ মহাশরকে নিয়লিখিত পত্র পাঠাই। "১৫৩৭ শকের গোণ চাল্র কৃষণ জাঠে রবিবার ১ই সৌর জাঠ, ইং ১৬১৫, ৭ই মে (পুরাতন প্রণালী)। ১৫৩৪ শকের গোণ চাল্র কৃষণ জাঠ, ইং ১৬১২, ১০ই মে (পুরাতন প্রণালী)। ১৫৩৭ শকের গোণ কৃষণ জ্যৈঠ যে রবিবারে তাহা আপনারাও গণনা করিয়া স্থির করিয়াছেন। ১৫৩৪ শকের গোণ কৃষণ জ্যেঠও যে রবিবারে ছিল তাহা অন্ধায়নেই বুঝিতে পারা যায়। উভয় শকের পার্থকা তিন বংসর। এই তিন বংসরে তিথিটি তিন দিন আগাইয়া গিয়াছে এবং তিন বংসরে বারটিও তিন দিন আগাইয়া গিয়াছে। উভয় তারিখের বার ও তিথি ঠিক রহিয়াছে। ১৫৩৪ শকের কৃষণ জ্যেঠ যথন রবিবারে হইতেছে তথন ১৫৩৪ শককে গ্রন্থ-সমাপ্তির কাল বলিয়া গ্রহণ করিলে কোন বাধা উপস্থিত হয় না।" ইহার উত্তরে নাথ মহাশর ফণিবাবুকে এ।৩৩৬ তারিখে লিখিয়াছেন, "আমি গণনা করিয়া দেখিলাম, আপনার গণনাও ঠিক।"

গোপালচম্পুর পূর্বভাগ ১৫৮৮ এটাকে ও উত্তরভাগ ১৫০২ এটাকে শেষ হয়।
সেইজ্বা ১৫০২ এটাজের পর চরিতামৃত রচিত হইয়াছিল সিদ্ধান্ত করিতে হয়।

At the time of writing of stichaitany charitany in the time of writing of writing and alive.

যথন লিখিত হয়, তথন পোষামীদের মধ্যে কেহই জীবিত ছিলেন না।
কবিরাজ গোষামী বলেন যে তিনি গদাধর গোষামীর প্রশিষ্ঠ হিলেন না।
কবিরাজ গোষামী বলেন যে তিনি গদাধর গোষামীর শিষ্য গোবিন্দ গোষামীর,
শ্রীরূপের সঙ্গী যাদবাচার্য্যের, অবৈতের শিষ্য শিবানন্দ চক্রবর্তীর, প্রেমী
কৃষ্ণাস ও মুকুন্দ চক্রবর্তীর এবং অ্যান্ত বৃন্দাবনবাসী বৈষ্ণবের অন্ধরোধে
চরিতামৃত রচনায় প্রবৃত্ত হয়েন (১৮৮৫০-৬৫)। যদি এই সময়ে ছয়
গোষামীর মধ্যে কেহ কেহ বাঁচিয়া থাকিতেন, তাহা হইলে কি কৃষ্ণদাস
কবিরাজ তাঁহার বা তাঁহাদের অন্ধ্যতি বা আদেশ লইতেন না? গোবিন্দলীলামৃতে তিনি চারজন গোষামীর আদেশের কথা ত লিখিয়াছেন।

শ্রীজীব ১৫৯২ খ্রীষ্টাব্দে গোপালচম্পু শেষ করেন।

চরিতামৃত যদি ১৫৯২ খ্রীষ্টাব্দের পূর্ব্বে আরম্ভ করা হইত তাহা হইলে অস্ততঃ শ্রীজীব গোস্বামীর আদেশের কথা ইহাতে লিখিত থাকিত।

চরিতামতে গোবিন্দ-বিগ্রহের সেবা-সম্বন্ধে লিখিত আছে—

রাজ্সেবা হয় তাঁহা বিচিত্র প্রকার।
দিব্য সামগ্রী দিব্য বস্ত্র অলকার॥
সহস্র সেবক সেবা করে অফুক্ষণ॥
সহস্র বদনে সেবা না যায় বর্ণন।—১৮৪৮-৪৯

The temple of Govindaji of Vrindavan was constructed during the 34th year of Akbar's

ইহা পড়িয়া মনে হয় যে গোবিন্দের বিরাট মন্দির তথন নির্দ্ধিত হইয়াছে।
rule i.e. 1590. As in Srichaitanyacharitamrita detailed description of the services performed
পুরাতন মন্দিরের প্রস্তর-ফলক হইতে জানা যায় যে আকবরের রাজ্বের ৩৪
in the temple is mentioned, therefore the process of writing of the book must have started
ব্যে অর্থাৎ ১৫০০ খ্রীষ্টান্দে গোবিন্দের মন্দির নির্দ্ধিত হয়। সেইজ্লা

after 1590.
চরিতামতের আরম্ভ ১৫০০ খ্রীষ্টান্দের পরে হইয়াছিল।

> প্রীযুক্ত নলিনীনাথ দাশগুপ্ত মহাশয় (বিচিত্রা, ১৩৪৫, প্রাবণ) উইল্সন, গ্রাইজ এবং মনিয়ার উইলিয়াম্সের মত সমর্থন করিয়া প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন যে চরিতামৃত ১৫৯০ খ্রীষ্টাব্দে সমাপ্ত হয়। তাঁহার যুক্তি এই যে, প্রীজীব ভূগর্ভ গোস্বামীর দেহত্যাগের সংবাদ এবং উত্তরচম্পু-সংশোধন বাকী আছে, এই কথা শ্রীনিবাস আচার্য্যকে পত্র লিখিয়া জানাইয়াছিলেন।

## Did Krishnadas kebiraj has committed quicide? The property of the committed quicide? The property of the committed quicide?

৪। প্রেমবিলাদের আগাগোড়া দবটা যদি অক্তিম বলিয়া স্থীকার করা যায়, তাহা হইলে উহার অয়োদশ বিলাদের ঘটনার দহিত দাড়ে-চবিশে বিলাদে বর্ণিত ঘটনার বিরোধ বাধে। অয়োদশ বিলাদে আছে যে শ্রীনিবাস অবিবাহিত অবস্থায় যখন বৃন্দাবন হইতে গ্রন্থাদি লইয়া বাঙ্গালায় যাইতে-ছিলেন, তখন বিফুপুরে রাজা বীর হাষীর তাঁহার গ্রন্থ চুরি করাইয়া লয়েন। সেই সংবাদ শুনিয়া কঞ্চদাস কবিরাজ রাধাকুণ্ডে ঝাঁপ দেন। তাঁহার হাত ধরিয়া রঘুনাথদাস গোস্থামী কাঁদিতে লাগিলেন। কঞ্চদাস কবিরাজ "মুদিত নয়নে প্রাণ কৈল নিজ্ঞামণ" (পূ. ১৪)।

সাড়ে-চব্বিশ বিলাসে এজীবের চারিথানি পত্র উদ্ধৃত ইইয়াছে। ঐ পত্র কয়থানি ভক্তিরত্বাকরের শেষেও দেওয়া ইইয়াছে। চতুর্থ পত্রের শেষে এজীব এনিবাসকে জানাইতেছেন, "ইহ রুফ্লাসশু নমস্বারা ইতি।" প্রেমবিলাস বলেন—

এথানে শ্রীকৃষ্ণদাস কবিরাজ। নমস্কার করিয়াছে তোমাদের সমাজ॥—পৃ. ৩০৮

প্রেমবিলাস ও ভক্তিরত্নাকরে উদ্ধৃত শ্রীজীবের তৃতীয় পত্র হইতে জানা যায় যে এই সময়ে শ্রীনিবাসের "বৃন্দাবনদাসাদি" পুত্রকন্তা হইয়াছে। অবিবাহিত শ্রীনিবাস বৃন্দাবন হইতে প্রথমবার গ্রন্থ লইয়া যাজিগ্রামে পৌছিবার পূর্ব্বেই

উত্তরচম্পূ ১৫৯২ খ্রীষ্টান্দে শেষ হয়, তাহার পূর্বে ভূগর্ভ দেহত্যাগ করিয়াছেন; করিরাজ গোস্বামী ভূগর্ভের আদেশ লইমা চরিতামৃত-রচনায় প্রবৃত্ত হয়েন—ফ্তরাং ১৫৯০ খ্রীষ্টান্দে ভূগর্ভের মৃত্যুর পূর্বেষ্ট চরিতামৃত লেখা আরম্ভ হয়। এই মতের বিরুদ্ধে বলা যায় যে চরিতামৃতে এরপভাবে ভূগর্ভ গোস্বামীর উল্লেখ আছে (১৮৮৬০-৬৪) যে তাহা পড়িয়া মনে হয় না যে করিরাজ গোস্বামী ভূগর্ভের আদেশ পাইয়াছিলেন, ভূগর্ভের শিয় গোবিন্দপূজক চৈতক্রদানের আদেশ পাইয়াছিলেন এইরূপ মনে হয়। চৈতক্রদান যে প্রামাণিক ব্যক্তি তাহা দেগাইবার জন্ম করিরাজ গোস্বামী ভূগর্ভ গোস্বামীর নাম করিয়াছেন, যেমন হরিদান পণ্ডিতের নাম করার সময়ে তিনি হরিদানের গুরু অনস্ত আচার্য্যের নাম ও গুণের উল্লেখ করিয়াছেন। দাশগুপ্ত মহাশয় মনে করেন যে উইল্সন প্রভৃতি ইংরাজ লেখকত্রে কোন না কোন চরিতামৃতের পূথিতে ১৫৯০ খ্রীষ্টান্দে গ্রন্থ শেষ হয়—এরূপ উল্লেখ পাইয়াছিলেন। কিন্তু ঐ তারিখ দেওয়া অন্ততঃ একথানি প্রাচীন পূথি না পাওয়া পর্যান্ত পূর্বের্ব তারিখিযুক্ত প্লোক উদ্ধার করিয়াছি তাহা প্রক্রিপ্ত বলিতে পারি না।

যদি কৃষ্ণদাস কবিবাজ গ্রন্থ-চুবির সংবাদ পাইয়া প্রাণ ত্যাগ করেন, তাহা হইলে যথন শ্রীনিবাস আচার্য্যের পুত্রকন্তা হইয়াছে তথন কি করিয়া সেই কৃষ্ণদাস কবিবাজ শ্রীনিবাসকে নমস্কার জানাইবেন ?

প্রেমবিলাদের এইরপ পরস্পরবিরোধী বিবরণ হইতে তুইটি দিছাস্তে আদা যায়। প্রথমত: অয়োদশ বিলাদের রচনার অনেক পরে ভক্তিরত্বাকর দেখিয়া তাহা হইতে শ্রীজীবের পত্রগুলি সাড়ে-চব্বিশ বিলাদে উদ্ধৃত হইয়াছে। সাড়ে-চব্বিশ বিলাদ হালের রচনা; স্বতরাং তাহাতে প্রদত্ত চরিতামৃত-সমাপ্তির তারিথ মানিবার প্রয়োজন নাই।

দ্বিতীয়ত: এক্সীবের পত্র যথন অক্বত্রিম তথন প্রেমবিলাসের ত্রয়োদশ বিলাদে বর্ণিত কৃষ্ণদাস কবিরাজের রাধাকুণ্ডে ঝাঁপ দিয়া আত্মহত্যা করার কথা অবিশ্বাস্থা। এরূপ মনে করার কারণ তিনটি।

- (ক) বৃন্দাবনের প্রধান প্রধান শুন্ধান শুন্ধারে যে চরিতাম্ত লিখিত হইয়াছিল সেই গ্রন্থের কোন একখানি পুথি না রাখিয়াই কি ভক্তগণ মূল গ্রন্থানি বাঙ্গালাদেশে পাঠাইয়া দিয়াছিলেন ? শ্রীচৈতত্তের শেষ-লীলা শুনিবার জন্ম আগ্রহান্বিত হইয়া যাহারা জরাতুর ক্লফ্লাস কবিরাজের দ্বারা গ্রন্থ লিখাইলেন, তাঁহারা কি সেই গ্রন্থ রচনার পর উহার একটি অন্থলিপিও প্রস্তুত করাইলেন না? যদি তাঁহারা অন্থলিপি রাখিয়া থাকেন, তাহা হইলে শ্রীনিবাসের গ্রন্থ-চুরির সংবাদ পাইয়া ক্লফ্লাস কবিরাজ আগ্রহত্যা করিবেন কেন ?
- (খ) কবিরাজ গোস্বামীর ন্থায় ব্যক্তি গ্রন্থ-চুরির দংবাদ পাইয়া আত্মহত্যা-রূপ মহাপাতকে যে লিপ্ত হইবেন এ কথা বিশ্বাস করা কঠিন।
- (গ) শ্রীজীবের পত্রগুলি হইতে জানা যায় যে শ্রীনিবাদ প্রথম বারে বুন্দাবন হইতে গোস্থামিগণ-রচিত কতকগুলি গ্রন্থ আনিয়াছিলেন—সকল গ্রন্থ আনেন নাই। সনাতনের বৃহৎ ভাগবতামৃত পরে শ্রামদাদ মার্দ্দিকের (খোল-বাজিয়ের) হাতে পাঠান হইয়াছিল। শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয় তাঁহার সম্পাদিত চরিতামৃতের পরিশিষ্টে (পৃ. ৩৮০-৩৮০) দেখাইয়াছেন যে প্রেমবিলাদ ও ভক্তিরত্বাকরের বিবরণ হইতে জানা যায় না যে শ্রীনিবাদের সহিত চরিতামৃত প্রেরিত হইয়াছিল কি না। তাঁহার প্রমাণ নীরবতা-মূলক (negative evidence), স্তরাং প্রবল নহে। "ভক্তিব্রাকরে" একটি প্রবল প্রমাণ আছে, তাহা নাথ মহাশয়ের দৃষ্টি এড়াইয়া গিয়াছে। সেটি এই যে শ্রীনিবাদ যখন দ্বিতীয় বার বুন্দাবনে যান, তখন

শ্রীজীব তাঁহাকে শ্রীগোপালচম্পু গ্রন্থারম্ভ শুনাইলা" (পৃ. ৫৭০)। চরিতামৃতে গোপালচম্পুর উল্লেখ আছে; স্থতরাং চরিতামৃত গোপালচম্পুর পরে লেখা। শ্রীনিবাস যদি দ্বিতীয় বারে বৃন্দাবনে গিয়া গোপালচম্পুর আরম্ভ শুনেন, তাহা হইলে জিনি প্রথম বারে বাঙ্গালাদেশে চরিতামৃত লইয়া যাইতে পারেন না। এই-সব প্রমাণবলে প্রেমবিলাসে বর্ণিত চরিতামৃতের তারিখ ও কবিরাজ গোস্থামীর আত্মহত্যা করার কথা অগ্রাহ্য করিতে হয়।

উক্ত হুইটি বিষয় ষত্নন্দনদাসে আরোপিত কর্ণানন্দ গ্রন্থেও আছে। কিন্তু কর্ণানন্দেও প্রচুর প্রক্ষিপ্তাংশ চুকিয়াছে। কর্ণানন্দের সমাপ্তির তারিখ দেওয়া হইয়াছে ১৫২৯ শক বা ১৬০৭ খ্রীষ্টান্দ। গ্রন্থখানি শ্রীনিবাস আচার্য্যের কন্তা হেমলতা ঠাকুরাণীর আদেশে রচিত বলিয়া কথিত। কিন্তু বীর হামীর কত্ত্বি গ্রন্থ-চুরি ও তৎপরে শ্রীনিবাদের বিবাহ ঘটনাকে সত্য বলিয়া মানিলে ১৬০৭ খ্রীষ্টান্দে হেমলতার বয়স দীক্ষাদানের উপযোগী হইতে পারে না। অথচ কর্ণানন্দে শ্রীনিবাস আচার্য্যের পৌত্র, দৌহিত্র প্রভৃতির নাম

বীর হান্ধীরের তারিথ লইয়া অনেক কাল ধরিয়া অনেক লেখা-লেথি হইয়াছে। তাঁহার তারিখ-নির্ণয়ের মূল পুত্র হইতেছে মল্লান্দের আরম্ভকাল নির্ণয় করা। হাণ্টার (Statistical Account, Vol. IV, p. 235), বিথকোষ (বিঞ্পুর শন্দ) ও ডঃ দীনেশচন্দ্র সেন (Vaishnava Literature, p. 108) বলেন ৭১৫ খ্রীষ্টান্দে মল্লান্দ আরম্ভ হয়। ডক্টর ব্লক একটি মন্দিরে উৎকীর্ণ ১০৬৪ মল্লান্দ = ১৬৮০ শক দেখিয়া সিদ্ধান্ত করেন যে ৬৯৪ খ্রীষ্টান্দে মল্লান্দ আরম্ভ হয়। হরপ্রসাদ শাস্ত্রী (Indian Historical Quarterly, 1927, pp. 180-1 এবং J. B. O. R. S., 1928, Sept. p. 337) ও নিখিলনাথ রায় (বঙ্গবানী, অগ্রহায়ণ, ১৩২৯) তাঁহার মত মানিয়া লইয়াছেন। O'Mallay (District Gazetteer of Bankura), অভয়পদ মলিক (Vishnupur Raj, p. 82) এবং পরমেশপ্রসর রায় (ভারতবর্ষ, আষাঢ়, ১৩২৪, পৃ. ৬৪) বলেন যে মলান্দ ৬৯৫ খ্রীষ্টান্দের ভান্ত মানে আরম্ভ হয়।

হাণ্টার সাহেবের মতে বীর হান্বীর ১৫৭৬ খ্রীষ্টাব্দে রাজা হয়েন। কিন্তু এই মত আধুনিক কোন গবেষকই মানেন না। বিশ্বকোষ ও ডঃ সেনের মতে বীর হান্বীর ১৫৯৬ খ্রীষ্টাব্দে রাজত্ব গ্রহণ করেন। O'Mallayর মতে ১৫৯১ খ্রীষ্টাব্দে তাঁহার রাজত্বারম্ভ। নিখিলনাথ রায় স্বষ্ট্রমপে প্রমাণ করিয়াছেন যে বীর হান্বীর ১৫৮৭ খ্রীষ্টাব্দ হইতে ১৬১৯ খ্রীষ্টাব্দ পর্যান্ত রাজত্ব করেন (বঙ্গবাণী, ১৬২৯, অগ্রহারণ, ৪৭৫ পৃ.)। অভয়পদ মলিক বলেন যে বীর হান্বীরের রাজত্বকাল ১৫৮৭ হইতে ১৬২০ খ্রীষ্টাব্দ পর্যান্ত।

বীর হাম্বীর ১৫৮৭ গ্রীষ্টান্দের পূর্ব্বে রাজা হয়েন নাই। ১৬০০ গ্রীষ্টান্দের কাছাকাছি সময়ে
তিনি গ্রন্থ চুরি করিয়াছিলেন। তংপরে শ্রীনিবাস আচার্য্যের বিবাহ হয়। তাহা হইলে ১৬০৭
গ্রীষ্টান্দে হেমলতার বয়স ৩।৪ বংসরের বেশী হইতে পারে না।

আছে। নাথ মহাশয় আরও দেখাইয়াছেন যে কর্ণানন্দের ৫-৬ পৃষ্ঠায় বর্ণনা ভক্তিরত্নাকরের ৫৬০-৬১ পৃষ্ঠার বর্ণনা হইতে অবিকল চুরি করা হইয়াছে। এইরূপ প্রকিপ্ত গ্রম্বের প্রমাণ মোটেই নির্ভরযোগ্য নহে।

এই-সব বিবেচনা করিয়া দিদ্ধান্ত করা যাইতেছে যে চরিতামৃত ১৬১২ বা ১৬১৫ খ্রীষ্টাব্দে সমাপ্ত হয়।

Collection of materials / informations of Chaitanyacharitamrita

### চৈতশ্যচরিভায়তের উপাদান-সংগ্রহ

শ্রীচৈতগ্যচরিতামৃতের বর্ণিত বিষয়কে মোটামৃটি তুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। প্রথমতঃ শ্রীচৈতগ্যের লীলা বা জীবনের ঘটনা। দ্বিতীয়তঃ শ্রীচৈতগ্যের তত্ত্ব, শ্রীকৃষ্ণ-তত্ত্ব, ভক্তিসাধনের ক্রম ও সাধ্যবস্থনির্ণয় এবং শ্রীচৈতগ্যের দারা আস্বাদিত পদ ও শ্লোক। প্রথম অংশকে ঘটনা ও দ্বিতীয় অংশকে তত্ত্ব বলা যায়। এখানে ঘটনাংশের উপাদান কবিরাজ গোস্বামী কোথা হইতে সংগ্রহ করিয়াছেন তাহার আলোচনা করিব। তিনি নিজে তিনটি প্রধান আকরের নাম করিয়াছেন; যথা—স্বরূপ-দামোদর, ম্রারি গুপ্ত ও বৃন্দাবনদাস।

দামোদর স্বরূপ আর গুপ্ত ম্বারি।
ম্থ্য ম্থ্য লীলা স্ত্র লিথিয়াছে বিচারি॥
সেই অন্সারে লিথি লীলা স্ত্রগণ।
বিস্তারি বর্ণিয়াছেন তাহা দাস বৃন্দাবন॥
চৈতগুলীলায় ব্যাস বৃন্দাবনদাস।
মধুর করিয়া লীলা করিলা প্রকাশ॥
গ্রন্থ বিস্তারের ভয়ে তেঁহো ছাড়িল যে যে স্থান।
সেই সেই স্থান কিছু করিব ব্যাখ্যান॥
প্রভূর লীলাম্ভ তেঁহো কৈল আস্থাদন।
তাঁর ভূক্ত শেষ কিছু করি যে বর্ণন॥—১।১৩।৪৪

বুন্দাবনদাস সম্বন্ধে এইরূপ উক্তি তিনি ১।১৮।৪১-৪৫ পয়ারেও করিয়াছেন। তিনি যথার্থই বলিয়াছেন—

> নিত্যানন্দ-বর্ণনে হইল আবেশ। চৈতত্তের শেষ-লীলা রহিল অবশেষ॥

বৃন্দাবনদাদের গ্রন্থের সহিত শ্রীচৈতগ্যচরিতামতের সম্বন্ধ-বিষয়ে ক্রঞ্দাস কবিরাজ লিথিয়াছেন—

> নিজ্যানন কুপাপাত্র বুন্দাবনদাস। শ্রীচৈতন্ত্র-লীলার তেঁহো হয় আদি ব্যাস॥ তার আগে যগপে সব লীলার ভাণ্ডার। তথাপি অল্প বর্ণিয়া ছাডিলেন আর॥ যে কিছু বর্ণিল সেঁহো সংক্ষেপ করিয়া। "লিখিতে না পারি" গ্রন্থে রাখিয়াছে লিখিয়া॥ চৈতগ্রমঙ্গলে তেঁহো লিথিয়াছে স্থানে স্থানে। সেই বচন শুন সেই পরম প্রমাণে॥ সংক্ষেপে কহিল বিস্তার না যায় কথনে। "বিস্তারিয়া বেদব্যাস করিব বর্ণনে ॥" চৈতত্যমন্বলে ইহা লিথিয়াছে স্থানে স্থানে। সত্য কহে ব্যাস আগে করিব বর্ণনে। চৈতগুলীলামত-সিন্ধ তথাকি সমান। তৃষাত্মরূপ ঝারি ভরি তেঁহো কৈল পান। তাঁর ঝারি শেষামৃত কিছু মোরে দিলা। ততেকে ভরিল পেট—তৃষ্ণ মোর গেলা॥ ৩।২০।৭৩-৮०

এই তিনটি উদ্ধৃত অংশ হইতে জানা গেল যে (১) নিত্যানন্দের লীলা লিখিতে আবেশ হওয়ায় বৃন্দাবনদাস শ্রীকৈতত্তার অস্থ্যলীলা লিখিতে পারেন নাই, কবিরাজ গোস্বামী তাহা লিখিয়াছেন; (২) কোন কোন লীলা বৃন্দাবনদাস বর্ণনা করিলেও সংক্ষেপে করিয়াছেন; তজ্জ্যু তাহা রুফ্ষদাস কবিরাজ বিস্তার করিয়া লিখিয়াছেন। এই দিতীয় উক্তিসম্বদ্ধে আমার বক্তব্য এই যে কাজী-দলন, শ্রীকৈতত্যের পুরীগমন, সার্কভৌম-উদ্ধার, প্রতাপক্ষদ্রের প্রতি রূপা প্রভৃতি অনেকগুলি ঘটনা বৃন্দাবনদাস বিস্তৃতভাবে বর্ণনা করিলেও রুফ্দাস কবিরাজ পুনরায় সেগুলি নৃতন করিয়া লিখিয়াছেন। এইরূপ লেখার উদ্দেশ্য—বৃন্দাবনদাসের ভ্রম সংশোধন করা ছাড়া আর কিছুই নহে। এইরূপ তথাকথিত ভ্রম-সংশোধন ব্যাপারে কাহার উক্তি অধিকতর বিশ্বাস্থ তাহা পরে বিচার করিব। কাজী দলন-বর্ণনায় যে রুফ্দাস কবিরাজ স্পষ্টতঃ বৃন্দাবনদাসের

বর্ণনার উপর চূণকাম করিয়াছেন তাহা ঐচিতক্তভাগবতের বিচারে দেথাইয়াছি। মুরারি শুপ্তের কড়চাকে রুঞ্দাস কবিরাজ কি ভাবে ব্যবহার করিয়াছেন তাহা পরবর্ত্তী বিচারে দেখা যাইবে।

Kadcha of Swarup-Damodar
স্থান্ত বিশ্বনি বিশ্বনি কড়চা

শ্বরূপ-দামোদরের কড়চা লইয়া কিছু গোলযোগ আছে। এই কড়চা পাওয়া যায় না। প্রীচৈতগুচরিতামূতের মৃত্রিত সংস্করণগুলিতে আদি লীলার প্রথম অধ্যায়ের পঞ্চম হইতে চতুর্দশ শ্লোক "তথাহি প্রীম্বরূপগোম্বামিকড়চায়াম্" বলিয়া উল্লিখিত আছে। ডক্টর স্থশীলকুমার দে বলেন (Indian Historical Quarterly, March, 1933) যে তিনি ঢাকা বিশ্ববিভালয়ে সংগৃহীত চরিতামূতের পৃথিগুলিতে "প্রীম্বরূপ-গোম্বামি-কড়চায়াম্" উল্লিদেখিতে পান নাই। ঐ দশটি শ্লোক স্বরূপ-দামোদরের রচনা কি না জানিবার জন্তু আমি বঙ্গীয় সাহিত্য-পরিষদের পৃথিশালায় চরিতামূতের ২০৭ সংখ্যক পৃথি (১৬৮০ শকের অম্পলিপি), ২০৮ সং (১৭০৮ শকের), ২৪১ সং (১১৯৯ বঙ্গান্দের), ১৬৪৬ সং (১১৫২ সালের) এবং ১৬৪৭ সংখ্যক (১১৬১ বঙ্গান্দের) পৃথি খুলিয়া দেখি যে ঐ-সমন্ত পৃথিতে উক্ত দশটি শ্লোকের প্রথমে কেবলমাত্র "তথাহি" লেখা আছে। প্রীচৈতগুচরিতামূত-ধৃত "শ্লোকমালা"

১ স্বরূপ-দামাদর যে প্রভুর কত প্রিয় ছিলেন তাহা রঘুনাথদাস গোস্বামী "ন্তবাবলী"তে বর্ণনা করিয়াছেন। শ্রীটেতভাষ্টকের দ্বিতীয় প্লোকে মহাপ্রভুকে তিনি "স্বরূপস্ত প্রাণাবুদিকমলীনী-রাজিত মৃথঃ" ও "গোরাঙ্গন্তব-কল্পতরু"র দশম প্লোকে "স্বরূপে যঃ প্রেহঃ গিরিধর ইব শ্রীল-স্বরূপে বলিয়াছেন। কবিকর্ণপুর শ্রীটৈতভাচক্রোদয় নাটকে স্বরূপ-দামোদরের সহিত শ্রীটৈতভান্তর প্রথম সাক্ষাৎ বর্ণনা-প্রসঙ্গে লিথিয়াছেন যে স্বরূপ টৈতভাগনন্দ নামক গুরুর শিশ্ব এবং তিনি গুরু-কর্ভূক আদিষ্ট হইয়াও বেদান্ত পড়াইতে রাজী হয়েন নাই। শ্রীটৈতভাচরিতামৃত মহাকাব্যে (১০০০৭-১৪২) পুরুষোত্তম আচার্য্য নামে তাঁহার কথা উল্লেখ করিয়াছেন। শ্রীটেতভাচরিতামৃতে (১০০৪৬) লিথিত আছে ভাগ্যবান্ পুরুষোত্তম আচার্য্য সন্মাস গ্রহণ করিয়াছিলেন ও রসম্বরূপতা প্রাপ্ত হইয়াছিলেন বলিয়া স্বরূপ-দামোদর নামে কথিত হইলেন। কবি বলেন (১৬০১) যে নৃত্যকালে স্বরূপ-দামোদর প্রভুর সহিত একান্থ হইয়া যায়েন। প্রভুর সহিত স্বরূপের মন্দিরে গমন, হরিনাম-কীর্ত্তন প্রভৃতি কবি (১৮০২০-২২) বর্ণনা করিয়াছেন।

শ্রীরূপ গোস্বামী পদ্মাবলীতে দামোদরের একটি, পুরুষোত্তম দেবের পাঁচটি ও পুরুষোত্তম আচার্য্যের একটি ল্লোক উদ্ধৃত করিয়াছেন। ইহার মধ্যে দামোদর-নামোক্ত ল্লোক বোধ হয় দামোদর পশুতের ও পুরুষোত্তম-নামোক্ত ল্লোক প্রতাপরুক্রের পিতার রচনা। পুরুষোত্তম আচার্য্য খুব

নামের আটথানি পৃথিতেও শ্লোকগুলি কেবলমাত্র "তথাহি" বলিয়া লিখিত হইয়াছে। "ভক্তিরত্বাকরের" ৭১৯ পৃষ্ঠায় ও ম্রলীবিলাসের ৩৬ পৃষ্ঠায় "শ্রীরাধায়াঃ প্রণয়-মহিমা" ইত্যাদি প্রশিদ্ধ শ্লোকটি কেবলমাত্র "তথাহি শ্রীচৈতক্তচরিতামতে" বলিয়া ধৃত হইয়াছে। এই-সব দেখিয়া মনে হয়, ঐ শ্লোক দশটি রুফদাস কবিরাজেরই লেখা। কিন্তু তুইটি প্রমাণ-বলে আমি দিল্লান্ত করিতে চাই যে ঐ শ্লোক কয়টি স্বরূপ-দামোদরের রচনা হউক বা না হউক উহাদের অন্তর্নিহিত তত্ত্ব স্বরূপ-দামোদরের দ্বারাই নির্ণীত। প্রথমতঃ "শ্রীরাধায়াঃ প্রণয়-মহিমা" শ্লোকের ব্যাখ্যা-প্রসঙ্গে কবিরাজ গোস্বামী বলিয়াছেন—

অতি গৃঢ় হেতু সেই ত্রিবিধ প্রকার।
দামোদর-স্বরূপ হৈতে যাহার প্রচার॥
স্বরূপ গোসাঞি প্রভূর অতি অস্তরঙ্গ।
তাহাতে জানেন প্রভূর এ সব প্রসঙ্গ॥—১।৪।৯১-৯২

পুনরায়

অত্যন্ত নিগৃঢ় এই রসের সিদ্ধান্ত। স্বরূপ গোসাঞি মাত্র জানেন একান্ত॥

সম্ভব স্বরূপ-দামোদর। তাঁহার লোকটি হইতে তাঁহার পূর্বে মায়াবাদী সন্মাসী থাকার আভাস পাওয়া যায়, যথা—

> পুরতঃ ক্রতু বিমৃক্তি শিচরমিহ রাজ্যং করোতু বৈরাজ্যন্। পশুপালবালকপতেঃ সেবামেবাভিবাঞ্ছামি।

বৃন্দাবনদাস ঐতিচতক্যভাগবতে (পৃ. ৫১৫) লিখিয়াছেন যে দামোদরশ্বরূপ সঙ্গীতরসময় ছিলেন ও তাঁহার কাজ ছিল কীর্ত্তন করা। তিনি আরও বলেন, "পূর্ববাশ্রমে পূরুষোত্তম আচার্য্য নাম তান। প্রিয় সথা পূত্রীক বিজ্ঞানিধি নাম।" পূত্রীক বিজ্ঞানিধি গদাধর পত্তিতের মন্ত্রগ্রহ এবং প্রভু তাঁহাকে "বাপ" বলিয়া ডাকিতেন, স্বতরাং মনে করা ঘাইতে পারে যে স্বরূপ-দামোদর তাঁহার বন্ধু-হিসাবে ঐতিচতক্ত অপেক্ষা বয়দে অনেক বড় ছিলেন। কবিরাজ গোস্বামীই সর্ব্বপ্রথমে আমাদিগকে বলিলেন—

পুরুষোত্তম আচার্য্য তাঁহার নাম সর্ব্যাশ্রমে। নবদীপে ছিলা তেঁহো প্রভুর চরণে । প্রভুর সন্ধাস দেখি উন্মন্ত হইয়া। সন্মাস গ্রহণ কৈল বারাণসী গিরা ।——২।১•১১-২ নবদীপবাসী মুরারি গুপ্ত কিন্তু নবদীপ-লীলা-বর্ণনা-প্রসক্ষে পুরুষোত্তম আচার্য্যের নাম কোখাও উল্লেখ করেন নাই। কবিকর্ণপূর, রঘুনাথদাস গোস্বামী এবং বৃন্দাবনদাসও তাঁহার নবদীপে বাড়ীর কথা লেখেন নাই।

যেবা কহো অক্স জানে—সেহো তাঁহা হৈতে। চৈতক্য গোসাঞির তেঁহো অত্যম্ভ মর্ম যাতে॥—১।৪।১৩৭-৮

তাহা হইলে দেখা ষাইতেছে এই তত্তটি স্বরূপ-দামোদর প্রচার করিয়াছেন। দিতীয়তঃ কবিকর্ণপূর গৌরগণোদেশদীপিকায় উদ্ধৃত ১৩১৭ ও ১৪৯ সংখ্যক শ্লোক স্বরূপ গোস্বামীর রচিত বলিয়া উল্লেখ করিয়াছেন। গোরগণোদেশদীপিকার ত্রয়োদশ শ্লোক হইতে জানা যায় যে স্বরূপ-দামোদর শ্রীচৈতগ্যকে মহাপ্রভু ও অদ্বৈত নিত্যানন্দকে প্রভু বলিয়াছেন। সপ্তদশ শ্লোক হইতে জানা যায় যে তিনি পঞ্চতত্ব নিরূপণ করিয়াছিলেন। চরিতাম্তের শ্লোকেও (১১১৪) পঞ্চতত্বের উল্লেখ আছে। গৌরগণোদেশ-দীপিকায় ১৪৯ শ্লোকে গদাধরকে স্বরূপ গোস্বামী "পুরা বৃন্দাবন-লন্দীঃ শ্রামস্থনর-বল্লভা" বলিয়াছেন।

গৌরগণোদেশদীপিকায়, ঐতিচতন্ত-চরিতামতে ও ভক্তিরত্নাকরে স্বরূপদামোদরের যে শ্লোক বা যে মত উদ্ধৃত হইয়াছে তাহা হইতে বুঝা যায় যে
তিনি তত্ত্ব নিরূপণ করিয়াছেন। কিন্তু কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—

- ১। প্রভ্র যে শেষ লীলা স্বরূপ-দামোদর।
   সূত্র করি গাঁথিলেন গ্রন্থের ভিতর ॥—১।১৬।১৫
- ২। দামোদর-স্বরূপ আর গুপ্ত মুরারি।

  মুখ্য মুখ্য লীলাস্ত্র লিথিয়াছে বিচারি॥—১।১৩।৪৪
- ৩°। চৈতগুলীলারত্ব-সার স্বরূপের ভাগুার
  তেঁহো থুইলা রঘুনাথের কপ্তে।
  তাহা কিছু যে শুনিল তাহা ইহ বিবরিল
  ভক্তগণে দিল এই ভেটে॥—২।২।৭৩
- ১ শ্রীযুক্ত স্কুমার সেন মহাশয় লিখিয়াছেন, "চৈতক্সচরিতামূতে উদ্ভ কয়েকটি লোক এবং কবিকর্ণপুরের গৌরগণোদ্দেশদীপিকায় উদ্ভ একটি শ্লোক ছাড়া এই কড়চার বিষয়ে আর কিছুই জানা যায় না" (বঙ্গশ্রী, ১৩৪১, অগ্রহায়ণ)। কিন্তু তিনি ভাল করিয়া অনুসন্ধান করিলে দেখিতে পাইতেন যে গৌরগণোদ্দেশদীপিকায় স্বরূপ গোস্বামীর একটি নহে, তিনটি লোক উদ্ভূত হইয়াছে। ভক্তিরত্বাকরে (৫৪৭-৪৮ পৃষ্ঠায়) স্বরূপ-দামোদরের আর একটি শ্লোক উদ্ভূত হইয়াছে। সেটির অকৃত্রিষতার আমার সংশয় আছে।

৪। স্বরূপ গোসাঞি আর রঘুনাথদাস।

এই ছই কড়চাতে এ লীলা প্রকাশ॥

সে কালে এই ছই রহে মহাপ্রভুর পাশে।

আর সব কড়চা-কর্ত্তা রহে দ্র দেশে॥

ক্ষণে ক্ষণে অমুভবি এই ছই জন।

সংক্ষেপে বাহুলা করে কড়চা-গ্রন্থন॥

স্বরূপ স্তুকর্তা রঘুনাথ বৃত্তিকার।

তার বাহুলা বর্ণি পাঁজিটিকা ব্যবহার॥—৩1১৪।৬৯

কৃষ্ণদাস কবিরাজ বলিতেছেন যে স্বরূপ সংক্ষেপে ও রঘুনাথ বিস্তার কবিয়া লীলা লিখিয়াছেন। রঘুনাথদাস শুবাবলীতে এইচতন্যাষ্টক ও বারটি শ্লোক-সমন্বিত গৌরাক্তবকল্লতক ব্যতীত অর্থাৎ সর্বাসমেত বিশটি শ্লোক ছাড়া শ্রীচৈতন্য-লীলা-সম্বন্ধে আর কিছু লেখেন নাই। কবিরাজ গোস্বামী এই বিশটি শ্লোকের মধ্যে একটি শ্লোক অন্ত্যু ষষ্ঠ পরিচ্ছেদে ও পাঁচটি শ্লোক অস্তা লীলার চতুর্দশ হইতে উনবিংশ পরিচ্ছেদে উদ্ধার করিয়াছেন। কুফ্দাস কবিরাজ অন্ত্যের ত্রয়োদশ হইতে উনবিংশ পরিচ্ছেদে প্রভুর ভাবোনাদ বর্ণনা করিয়াছেন। লীলার প্রমাণস্বরূপ শ্রীরূপ গোস্বামীর শ্রীচৈত্যাষ্ট্রক ও রঘুনাথদাদ গোসামীর শ্রীগৌরাঙ্গ-ন্তব-কল্পভক্ উদ্ধৃত করিয়াছেন। বরুপ-দামোদর যদি অস্ত্যলীলা লিখিতেন তবে কবিরাজ গোস্বামী তাহার একটি শ্লোকও উদ্ধার করিলেন না কেন? রঘুনাথদাস গোস্বামীর এটিচতগুলীলা-বিষয়ক ২০টি শ্লোককে কবিরাজ গোস্বামী যথন "বাছল্যরূপে বর্ণন" বলিয়াছেন, তথন স্বরূপ-দামোদ্রের তত্ত্তক শ্লোক কয়টিকে "সংক্ষেপ লেখা" বলায় দোষ হয় না। কেহ কেহ আপত্তি তুলিতে পারেন যে রঘুনাথদাস গোস্বামী লীলা-বিষয় আরও বিস্তার করিয়া লিখিয়াছিলেন; তাহা আমরা পাই নাই। কিন্তু এ তর্ক বিচার-সহ নহে। কেন-না রঘুনাথ অন্ত কিছু লিখিলে তাহা হইতে কবিরাজ গোস্বামী কিছুই উদ্ধৃত করিলেন না কেন? উপরম্ভ ভক্তিরত্নাকরে প্রদত্ত রঘুনাথের গ্রন্থতালিকা হইতেও জানা যায় যে এটিচতগ্রবিষয়ে তিনি আর কিছু लिएन नारे।

এখন প্রশ্ন হইতেছে এই যে, স্বরূপ-দামোদর শ্রীচৈতক্স-তত্তবিষয়ক

১০।১১টি শ্লোক লিখিলে কবিরাজ গোস্বামী তাহাকে লীলা বলিলেন কেন ? ইহার উত্তর এই যে, সপ্তদশ শতাব্দীতে শ্রীচৈতত্যের ঈশ্বর এরপ স্থান্ত প্রতিষ্ঠিত হইয়াছিল যে ভক্তগণের নিকট লীলা ও তত্বের ভেদ বিশেষ কিছুছিল না। ইহা ছাড়া আরও বলা যাইতে পারে যে স্বরপ-দামোদরের নির্ণীত তব্দমূহ লীলাস্ত্রও বটে। "শ্রীচৈতত্য রাধাভাবত্যতি-স্ববলিত ও রাধাক্ষের সন্মিলিত মূর্ত্তি"—এই উক্তি তব্ব ও লীলা ছই-ই। ইহা লীলাস্ত্র এইজ্য যে, ইহার আলোকে শ্রীচৈতত্যের লীলা উপলব্ধি করা যায়।

Influence of Kabikarnapur's nataka and mahakavya on chaitanyacharitamrita কবিকাপুরের নাটক ও মহাকাব্যের নিকট চরিভায়ভের ঋণ

আমরা ধাহাকে তত্ত বলি স্বরূপ-দামোদর তাহাই লিথিয়াছেন, এই দিন্ধান্তের বিরুদ্ধে একটি যুক্তি উপস্থিত করা যায়। কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—

দামোদর স্বরূপের কড়চা অমুসারে। রামানন্দ-মিলন-লীলা করিল প্রচারে॥—২।৮।২৬১

কিন্তু তিনি রামানন্দ রায়-মিলন-সম্বন্ধীয় অধিকাংশ বিষয় লইয়াছেন কবি-

মালদহ জেলার কানসাটগ্রাম-নিবাসী হারাধনদাস বৈঞ্ব "আশ্রয়-সিদ্ধান্তচক্রোদয়" বা স্বরূপ-দামোদর পোস্বামীর কড়চা নামে একথানি বাঙ্গালা প্রারের বই চার্থণ্ডে প্রকাশ করেন। বইথানি জাল প্রমাণ করার জন্ম কোন কট্ট স্বীকার করিতে হয় না , কেন-না বইয়ের মধ্যে আছে—

> মালদহ অন্ত:পাতি পোষ্ট কানদাট তথা নিবসতি মম, তথায় শ্রীপাট ॥

ক্রীকৃফটেতজ্ঞপদে লইয়া শরণ। আশ্রয়-সিদ্ধান্ত কহে দীন হারাধন।

> শ্বরূপ-দামোদর ঐতিচতত্তের তিরোভাবের পর বেণী দিন জীবিত ছিলেন না। কৃঞ্চাস কবিরাজ বলেন, স্বরূপের অন্তর্জানের পর রঘ্নাণদাস গোস্বামী বৃন্দাবনে আদেন। স্বরূপ ঐতিচতত্তের প্রকটকালেই তত্ত্ব নিরূপণ করিয়াছিলেন কি না নিশ্চিতরূপে জানা যায় না। জীবদ্দশায় না হইলেও, মহাপ্রভুর তিরোধানের অতি অল্প কাল পরেই যে স্বরূপ-দামোদরের শ্লোকগুলি রচিত হইয়াছিল, সে বিষয়ে সন্দেহ নাই। ঐতিচতত্ত্বিতামৃত ও গৌরগণোদ্দেশদীপিকায় উদ্ধৃত স্বরূপের শ্লোকগুলি হইতে জানা যায় যে স্বরূপ-দামোদর ঐতিচতত্ত-প্রবর্তিত ধর্মসম্প্রদায়ের অন্ততম প্রতিষ্ঠাতা (Church Father)।

কর্ণপূরের প্রীচৈতক্তচন্দ্রোদয় নাটক ও প্রীচৈতক্তরিতামৃত মহাকাব্য হইতে;
যথা—প্রীচৈতক্তচরিতামৃত মহাকাব্যে মহাপ্রভু বলিলেন—

উবাচ কিঞ্চিং স্তন্মিত্ব ধীরং
সকৈতবং ভোঃ কবিতাং পঠেতি।
তদা তদাকর্ণ্য মহাবদজ্ঞঃ
পপাঠ বৈরাগ্যবদাত্যপত্মম্ ॥
বৈরাগ্যং চেজ্জনম্বতিত্বাং পাপমেবাস্থ যক্ষাৎ
দাব্রুং রাগং জনম্বতি ন চেং পুণ্যমক্ষাস্থ ভূয়াৎ।
বৈরাগ্যেণ প্রমুদিতমনোবৃত্তিরভ্যেতি রাগং
বাগেণ জীজঠরকুহরে তাম্যতি ব্রান্মণোহিপি॥

ইতীদমাকর্ণ্য স গৌরচন্দ্রে। বাহাতিবাহাং বত বাহ্মেতং। ইতিকুরদ্বাগিভবোখ-তাপো-দ্যমাস্তকুরাতিমূদং প্রপেদে॥

ততক সংশুদ্ধমতিং স রামা-নন্দো মহানন্দ-পরিপ্লুতাঙ্গঃ। পপাঠ ভক্তেং প্রতিপাদয়িত্রী-. মেকাস্তকাস্তাং কবিতাং স্বকীয়াম্॥

নানোপচারক্ত-পূজনমার্ত্রকোঃ প্রেম্ণৈর ভক্ত-হৃদয়ং স্থাবিজ্ঞতং স্থাৎ। যাবৎ ক্ষান্তি জঠরে জরঠা পিপাদা তাবৎ স্থায় ভবতো নমু ভক্ষ্যপেয়ে॥

ইথং চ সংশ্রত্য তথৈব বাহৃং বাহৃং তদেতক্ত পরং পঠেতি। জগাদ নাথো২থ কচৈঃ স্থদীর্ঘৈঃ সংবেষ্ট্য নাথস্থ পদৌ পপাত॥ নিকামনম্মোহ-ভরালদাকো গাকেয়-গোরং তমনকরম্যম্। প্রভুং প্রণম্যাথ পদাক্তম্লে নিপত্য সংপ্রোধিত আননন্দ॥

ততঃ দ গীতং দরদালি-পীতং বিদম্বয়োনাগরয়োঃ পরস্থ । প্রেম্ণোহতিকাষ্ঠা-প্রতিপাদনেন দ্বয়োঃ পরৈক্য-প্রতিপাত্যবাদীৎ ॥

#### ভৈরবীরাগঃ

পহিলহি রাগ নয়নভঙ্গভেল।
অয়দিন বাঢ়ল অবধি না গেল॥
না সো রমণ না হাম রমণী।
ছঁছ মন মনোভব পেশল জানি॥
এ সথি সো সব প্রেমকাহিনী।
কাম্ঠামে কহবি বিছুরল জানি॥
না থোঁজলুঁ দৃতী না থোঁজলুঁ আন।
ছঁছকেরি মিলনে মধত পাঁচ বাণ॥
অবসোই বিরাগ ছুঁছ ভেলি দৃতী।
স্পুরুথ প্রেমক ঐছন রীতি॥
বর্জনক্ত নরাধিপমান।
রামানন্দ রায় কবি ভাণ॥
ততন্তুদাকর্ল্য প্রাংপরং স
প্রভুং প্রফুল্লেক্ষণপদ্মযুগ্মঃ।
প্রেম-প্রভাব-প্রচলান্তরাত্মা

ক্লফদাস কবিরাজ এই বর্ণনা হইতেই তিনটি বিষয় লইয়াছেন: (১) ক্রম-অন্থসারে সাধ্য-নির্ণয়; (২) "নানোপচার-ক্লত-পূজনং" শ্লোক এবং শ্রীচৈতন্তের ইহ বাহ্য উক্তি; (৩) "পহিলহি রাগ" পদটি। কবিকর্ণপূরের

গাঢ়প্রমোদাত্তমথালিলিক ॥---১৩।৩৮-৪৭

এই বর্ণনা শ্রীচৈতক্তের তিরোভাবের মাত্র নয় বংসর পরে লিখিত হইয়াছিল।
কবিকর্ণপূর সম্ভবত: তাঁহার পিতা শিবানন্দ সেনের নিকট এই ঘটনার একটি
সংক্ষিপ্ত বিবরণ শুনিয়াছিলেন। তিনি যদি স্বরূপ-দামোদরের কড়চা হইতে
এই ঘটনা লইছেন তাহা হইলে যেমন গ্রন্থের প্রথমে ও শেষে ম্রারির নিকট
খণ স্বীকার করিয়াছেন, তেমনি স্বরূপ-দামোদরের নিকট ঋণ স্বীকার
করিতেন। ক্রন্থপ ঋণ স্বীকার যে তিনি গৌরগণোদ্দেশদীপিকায় করিয়াছেন
তাহা পূর্বে দেখাইয়াছি। মহাকাব্যে প্রদত্ত "পহিলহি রাগ" গানের শেষে
প্রতাপক্ষম্রের নামসম্বিত ভণিতা আছে। কিন্তু কৃষ্ণদাস করিরাজ রামানন্দকে
পরম ভক্তরূপে আঁকিয়াছেন বলিয়া রাজার নাম-যুক্ত ভণিতা বাদ দিয়াছেন।

কবিরাজ গোস্বামী উক্ত তিনটি বিষয় যেমন শ্রীচৈতগ্যচবিতামৃত মহাকাব্য হইতে লইয়াছেন, তেমনি শ্রীচৈতগ্য-রামানন্দ-প্রশ্নোত্তর-সমূহ লিখিতে যাইয়া শ্রীচৈতগ্যচন্দ্রোর অবিকল অমুবাদ করিয়াছেন; যথা—

Important questions and answers on Devotion / Bhakti by Sri Chaitanya and Ramananda
ভগবান্—কা বিজা ? (নাটকে)
বামানন্দঃ—হবিভক্তিবেব ন পুনর্বেদাদিনিক্ষাততা। (নাটকে)
প্রভু কহে কোন্ বিজ্ঞা বিজ্ঞামধ্যে সার।
বায় কহে কৃষ্ণভক্তি বিনা বিজ্ঞা নাহি আর॥ (চরিতামুতে)
ভ—কীর্ত্তিঃ কা ?
বা—ভগবংপরোহয়মিতি যা খ্যাতির্ন দানাদিজা।
কীব্তিগণমধ্যে জীবের কোন্ বড় কীর্ত্তি।
কৃষ্ণপ্রেম-ভক্ত বলি যার হয় খ্যাতি॥
ভ—কা শ্রীঃ ?

রা—তৎপ্রিয়তা ন বা ধনজন-গ্রামাদি-ভূয়িষ্ঠতা। সম্পত্তিমধ্যে জীবের কোন্ সম্পত্তি গণি। রাধাকৃষ্পপ্রেম যার সেই বড় ধনী॥

ভ-কিং হু:খম্ ?

রা—ভগবৎপ্রিয়স্থা বিরহো, নো হন্ধুণাদিব্যথা। হংখমধ্যে কোন্ হংখ হয় গুরুতর। কৃষ্ণভক্তবিরহ বিহু হুংখ নাহি আর॥

ভ—ভত্তম্, কে মুক্তা: ?

বা—প্রত্যাদত্তির্হবিচরণয়ো: দামুরাণে ন বাগে প্রীতিঃ প্রেমাতিশয়িনি হরেউক্তি-যোগে ন যোগে। আস্থা তস্ত্র প্রণয়রভদস্যোপদেহে ন দেহে থেষাং তে হি প্রকৃতি-সরদা হস্ত মুক্তা ন মুক্তা:॥

> মৃক্তমধ্যে কোন্ জীব মৃক্ত করি মানি। কৃষ্ণপ্রেম যার দেই মুক্ত-শিরোমণি॥

ভ—ভবতু, কিং গেয়ম ?

রা---ব্রজকেলি-কর্ম।

ভ-কিমিহ শ্রেয়: ?

রা—সতাং সংগতিঃ। শ্রেয়ামধ্যে কোন শ্রেয়ঃ জীবের হয় সার।

ক্লফভক্ত-দঙ্গ বিনা শ্রেয়ঃ নাহি আর ॥

ভ-কিং শ্বৰ্ত্ব্যম্ ?

রা---অঘারি-নাম। কাহার স্মরণ জীব করে অনুক্রণ। कुरुनाम खननीना अधान यात्र ॥

ভ-কিমহুধ্যেয়ন ?

রা-মুরারে: পদম্। ধ্যেয়মধ্যে জীবের কর্ত্তব্য কোন্ ধ্যান। রাধাক্ত্-পদাত্ত-ধ্যান প্রধান॥

ভ—ক স্থেয়ম ?

রা-ত্রজ এব।

সর্বত্যাগী জীবের কর্ত্তব্য কাঁহা বাস। ব্ৰজ্ভমি বুন্দাবন যাহা লীলারাস।

--- नाउँक, 91b->o; टेह. ह., २1bia>-aa

During the meeting of Sri Chaitanya with Ramananda at the banks of Godavari, Swarup-Damodar

and Shivananda father of Kabikarnapur were not present.
এই প্রশোন্তর কবিকণপুরের মহাকাব্যে নাই। প্রীচেতন্ত যথন দাক্ষিণাত্যে গোদাবরী-তীরে রামানন্দের শহিত মিলিত হয়েন তথন স্বরপ-দামোদর বা শিবানন্দ কেহই সঙ্গে ছিলেন না। তাঁহারা শ্রীচৈতন্তের মুখে রামানন্দের সহিত কথোপকথনের সংক্ষিপ্ত-সার শুনিয়া থাকিবেন। তাহাই শুনিয়া কবিকর্ণপূর নাটক ও মহাকাব্যে ঐ প্রসঙ্গ লিখিয়াছেন। যদি তিনি স্বরূপদামোদরের লিখিত কড়চা দেখিয়া বিষয়টি লিখিতেন তাহা হইলে তাঁহার
বর্ণনায় রামানন্দ-কর্ত্বক কথিত বৈরাগ্যস্চক শ্লোকটি নাটক ও মহাকাব্যে
একরূপ থাকিত। কিন্তু নাটকে রামানন্দ-কথিত প্রথম শ্লোক—

মনো ধদি ন নিজ্জিতং কিমধুনা তপস্থাদিনা
কথং দ মনদো জয়ো ধদি ন চিন্তাতে মাধবং।
কিমস্ত চ বিচিন্তনং ধদি ন হস্ত চেতোদ্রবং
দ বা কথমহো ভবেদ্ ধদি না বাদনাক্ষালনম্॥—নাটক, ৭।৭

আর মহাকাব্যের প্রথম শ্লোক---

"বৈরাগ্যং চেজ্জনয়তিতরাং" ইত্যাদি একরূপ নহে।

তাহা হইলে প্রমাণিত হইল যে কবিকর্ণপূর ও রুঞ্লাদ একটি দাধারণ আকর (সরপ-লামোদরের কড়চা) হইতে এই প্রদক্ষ লয়েন নাই। রুঞ্লাদ কবিরাজ কবিকর্ণপূরের ছইটি গ্রন্থে ইহার ইন্ধিত পাইয়া গোস্বামি-শাস্ত্রের দিছান্ত-সন্মত প্রণালীতে ক্রমবন্ধভাবে দাধ্য-দাধন নির্ণয় করিয়াছেন। রামানন্দ রিদিক ভক্ত ছিলেন। তিনি রাজপুরুষ, তাঁহার কাণ্ডজ্ঞানেরও অভাব ছিল না, তিনি যে চৈত্তাের লায় প্রেমােনত সন্মাদীর দাধ্য-বিষয়ক প্রশের উত্তরে "বর্ণাশ্রম ধর্ম পালন" বলিবেন ইহা সন্তব নহে। রুঞ্লাদ কবিরাজ এই প্রসঙ্গে কান্তাপ্রেম যে কত উচ্চ বস্তু, সাধনার কত ভ্রের পরে যে ইহা আস্থাদন করা যায় তাহাই নাটকীয়ভাবে বর্ণনা কবিয়াছেন।

তিনি বামানন্দের মৃথ দিয়া "ভক্তিবদামৃতদির্ক্"র দিলান্তের হুবহু অন্ত্রাদ করাইয়াছেন (২৮৮৬৪-৬৯)। "উজ্জ্বলনীলমণি"র "অহেরিব গতিঃ প্রেম্ণঃ"র ভাব লইয়া "রাধার কুটল প্রেম হইল বামতা" উক্তিও রামানন্দের দারা বলাইয়াছেন। তত্ত্ব-উদ্ঘাটন-হিদাবে রুক্ষণাদ কবিরাজের রামানন্দ-সংবাদ অতি উচ্চন্তরের দার্শনিক রচনা দন্দেহ নাই; ঐ প্রসঙ্গের মূল বক্তব্য ঐতিহাদিক ভিত্তিতে প্রতিষ্ঠিত; কিন্তু ইহার অনেকথানি কবিরাজ গোস্বামীর সংযোজনা। তিনি কবিকর্ণপূর হইতে এই ঘটনার অনেকথানি লইয়াও স্বরূপ-দামোদরের দোহাই দিলেন কেন বলা কঠিন। আর এক স্থানেও তিনি মূল ঘটনা কবিকর্ণপূরের নাটক হইতে লইয়া বৃন্ধাবনদাদের

নাম করিয়াছেন; যথা—কবিকর্ণপুর শ্রীচৈতত্যের গুণ্ডিচা-মার্জ্জন ও অছৈত আচার্য্যের পুত্র গোপালের নৃত্য করিতে করিতে মূর্চ্ছা যাওয়া নাটকের ১০।৪৯-৫১ অংশে বর্ণনা করিয়াছেন; কবিরাজ গোস্বামী ঐঘটনা চরিতামৃতের ২।১১।৭৭-১৪৬ পয়ারে লিথিয়া বলিতেছেন—

এই লীলা বর্ণিয়াছেন দাস বৃন্দাবন। অতএব সংক্ষেপ করি করিল বর্ণন॥

শ্রীযুক্ত অতুলক্কষ্ণ গোস্বামী এই পয়ার-সম্বন্ধে বলেন, "আমাদের অবলম্বিত কি মুদ্রিত, কি হস্তলিখিত, কোন একথানি চৈতন্তভাগবতেও এই লীলার উদ্দেশমাত্রও দেখিতে পাওয়া যায় নাই। স্কৃতরাং বলিতে হয় শ্রীচৈতন্তভাগবতের কিয়দংশ লুপ্ত হইয়া গিয়াছে।" কিন্তু ক্রফ্রদাস কবিরাজের পূর্বেলোচন, জয়ানন্দ প্রভৃতি অনেকে বৃন্দাবনদাসের বইয়ের কথা বলিয়াছেন। ১৫৭৬ খ্রীষ্টাক্বের গৌরগণোদ্দেশদীপিকা হইতে জানা যায় য়ে, বৃন্দাবনদাস বেদব্যাস-তর্ব্ধপে সম্মানিত হইয়াছেন। শ্রীচৈতন্তচরিতামত লেখার পূর্বেষে ব্যত্তের এত বেশী সম্মান হইয়াছে এবং সেই সময় হইতে যাহার শত শত অফ্রলিপি হইয়াছে, তাহার একটি অংশ একেবারে লুপ্ত হইয়া গিয়াছে. এ কথা বিশ্বাস করা যায় না। কবিরাজ গোস্বামী কবিকর্ণপ্রের নাটক হইতে ১৬টি শ্রোক উদ্ধার করিলেও, যেগানেই তাহার আকর-স্বর্ধ উপজীবা গ্রন্থের নাম করিয়াছেন সেইখানেই শুধু বৃন্দাবনদাস স্থ মুরারির গ্রন্থের আক্ষরিক অফুবাদ করেন নাই; অথচ তিনি কৈত্যুচন্দ্রোদ্ম নাটকের আটাশটি ঘটনার মারাজ্বার করিলেও নাই ব্যাছেন। তথাপি তিনি আকর্প্রস্থবর্ণনার সময়ের প্রার্থা আক্ষরিক অফুবাদ করেলে না তেন কে বলিবে প

ম্বারি, কবিকর্ণপূর, রঘুনাথদাস গোস্বামী, বৃন্দাবনদাস ও সম্ভবতঃ স্বরূপদামোদরের গ্রন্থ ছাড়া রুফদাস কবিরাজ শ্রীরূপ গোস্থামি-কৃত তিনটি
চৈতন্তাষ্টকের মধ্যে প্রথমটির ষষ্ঠ শ্লোক অবলম্বন করিয়া ৩১৫ অধ্যায়
এবং সপ্তম শ্লোক অবলম্বন করিয়া ২।১৩ অধ্যায় লিখিয়াছেন। প্রথমোক্ত স্থলে
কবিরাজ গোস্বামী বলিয়াছেন—

প্রলাপ সহিত এই উন্মাদ বর্ণন। শ্রীরূপ গোসাঞি ইহা করিয়াছে বর্ণন॥—৩।১৫।৮৪

#### দ্বিতীয় স্থানে লিথিয়াছেন-

রথাগ্রে মহাপ্রভূর নৃত্য বিবরণ। চৈতন্যাষ্টকে রূপ গোসাঞি করিয়াছে বর্ণন ॥—২।১৩।১৯৮

রঘুনাথ গোস্বামীর "শ্রীগোরাঙ্গন্তবকল্পতক" ও "শ্রীচৈতন্তাষ্টক" ছাড়া তাঁহার নিকট শ্রুত বিবরণ হইতেও রুঞ্দাস কবিরাজ অনেক তথ্য সংগ্রহ করিয়া-ছিলেন; যথা—

> স্বরূপ গোসাঞি কড়চায় যে লীলা লিখিল। রঘুনাথদাস মুখে যে সব শুনিল॥ সেই সব লীলা লেখি সংক্ষেপ করিয়া।—৩।৩।২৫৬-৭

কিছু রঘুনাথদাস গোস্বামীর প্রদত্ত মৌখিক বিবরণের দোহাই দিয়া কবিরাজ গোস্বামীর সমস্ত বর্ণনা নির্কিচারে মানিয়া লওয়া যায় না। রঘুনাথদাস Raghunath Das went to Nilachal to meet Sri Chaitanya after eight / nine years of the sannyasa of Sri Chaitanya গোস্বামী শ্রীচৈতন্তের-সন্ন্যাস গ্রহণের আট-নয় বৎসর পরে নীলাচলে যায়েন— এ কথা কৃঞ্দাস কবিরাজ নিজেই বলিয়াছেন; যথা—

> ষোড়শ বংসর কৈল অস্তরঙ্গ সেবন। স্বরূপের অন্তর্জানে আইলা বৃন্দাবন॥—১।১০।৯১

Sri Chaitanya had lived for another 24 years after taking sannyasa on 1509.

শ্রীচৈতন্ত প্রায় ২৪ বংসর সন্ন্যাস-জীবন যাপন করিয়াছিলেন; তাঁহার তিরোধানের পূর্ব্বে স্বরূপের অন্তর্জান হয় নাই। রঘুনাথদাস ষদি যোল বংসর স্বরূপের অন্তর্জ্ব দেবা করিয়া থাকেন তাহা হইলে শ্রীচৈতন্তের সন্ন্যাস-জীবনের আট-নয় বংসরের ঘটনা-সম্বন্ধে তাঁহার প্রত্যক্ষ জ্ঞান ছিল না। রঘুনাথদাসের শিক্ষাগুরু স্বরূপ-দামোদরের সহিত্ত শ্রীচৈতন্তের মিলন ঘটে তাঁহার দাক্ষিণাত্য-ভ্রমণের পর; অর্থাৎ শ্রীচৈতন্তাচরিতামৃতের মধ্যলীলার ষোড়শ পরিচ্ছেদে বর্ণিত ঘটনার পূর্ব্বে রঘুনাথের সহিত এবং মধ্য দশম পরিচ্ছেদে বর্ণিত ঘটনার পূর্ব্বে স্বরূপনাথের সহিত এবং মধ্য দশম পরিচ্ছেদে বর্ণিত ঘটনার পূর্বের স্বরূপতা শিবানন্দ সেন সন্ন্যাসের তৃতীয় বর্বেই নীলাচলে আসেন। শিবানন্দের একটি পদ হইতে জানা যায় ষে সন্ন্যাস-গ্রহণের পূর্বেই তাঁহার সহিত শ্রীচৈতন্তের অন্তর্বন্ধতা ছিল (সৌরপদত্রব্বিণী, পূ. ২৪৮-৪৯)। শিবানন্দের পুত্র এবং মহাপ্রভুর সাক্ষাৎ কুপাপাত্র

Events narrated by Kabikarnapur son of Shivananda is more reliable than Krishnadas Kaviraj

কবিকর্ণপূরের বণিত ঘটনার সহিত যখন কৃষ্ণদাস কবিরাজের বর্ণনার অসামঞ্জন্ম দেখা যাইবে, তখন কবিকর্ণপূরের কথা না মানিয়া কবিরাজ গোষামীর কথা মানা কঠিন। আরপ্ত মনে রাখিতে হইবে যে কবিকর্ণপূর প্রাক্তিতন্তের ভিরোজাবের নয় বংসর পরে মহাকাব্য লিখিয়াছিলেন, আর কৃষ্ণদাস কবিরাজ প্রায় বিরাশী বংসর পরে মহাকাব্য লিখিয়াছিলেন, আর কৃষ্ণদাস কবিরাজ প্রায় বিরাশী বংসর পূরে চরিতামৃত লিখিয়াছিলেন। প্রত্যেক দেশের প্রত্যেক মহাপুরুষের জীবনীতেই কালক্রমে অলৌকিক ঘটনা সংযোজিত হইতে থাকে। প্রীচৈতন্তের জীবনী আলোচনা করিতে যাইয়া দে কথাও ভ্লিলে চলিবে না।

শ্রীচৈতন্তের সমসাময়িক বাস্থ ঘোষের পদের সহিতও ক্লঞ্চলাস কবিরাজ্ঞ পরিচিত ছিলেন। তিনি লিথিয়াছেন—

> বাস্থদেব গীতে করে প্রভূর বর্ণনে। কার্চ-পাষাণ দ্রবে যাহার শ্রবণে॥—১।১১।১৬

এই-সমন্ত উপাদান লইয়া কৃষ্ণদাস কবিরাজ শ্রীচৈত্যুচন্দ্রের চরিত লিথিয়াছেন। ভক্তগণ সেই চরিতামৃত পান করিয়া যুগ যুগ ধরিয়া অপার আনন্দ লাভ করিতেছেন।

Historical evaluation of Adilila of Srichaitanyacharitamrita

### আদিলীলার ঐতিহাসিক বিচার

শ্রীচৈতন্মচরিতামতের আদিলীলার প্রথম নয়টি পরিচ্ছেদে প্রথমতঃ গৌড়ীয়
বৈষ্ণবধর্মের মূল তত্ত্ব আলোচিত হইয়াছে। তত্ত্ব-সম্বন্ধে বিচার করা এই
গ্রন্থের উদ্দেশ্য নহে, সেইজন্ম ঐ কয়টি পরিচ্ছেদ-সম্বন্ধে এখানে কিছু আলোচনা
করিব না। পঞ্চম পরিচ্ছেদে গ্রন্থকারের প্রতি স্বপ্নে নিত্যানন্দের রূপা ও
তাঁহার বৃন্দাবনে গমন এবং অন্তম পরিচ্ছেদে গ্রন্থের উৎপত্তি-বিবরণ লিখিত
হইয়াছে। ঐ সম্বন্ধে বিচার পূর্কেই করিয়াছি। সপ্তম পরিচ্ছেদে কবিরাজ
গোস্বামী পঞ্চতত্ত্ব-নিরূপণ করিয়া মহাপ্রভ্-কর্ত্ক প্রেমদান বর্ণনা করিয়াছেন।

Historical evaluation of the story of Prakashananda in Srichaitanyacharitamrita প্রকাশনন্দ-উদার-কাহিনীর বিচার

ঐ প্রদক্ষে তিনি সহসা তত্ত্ব হইতে লীলায় আসিয়া পড়িয়াছেন। শ্রীচৈতত্ত্বের জীবনের ঘটনাবলীর কোনরপ পৌর্ব্বাপয় না রাখিয়া কাশীর প্রকাশানল-উদ্ধার-কাহিনী লিখিয়াছেন। আবার অষ্টম পরিচ্ছেদে তত্ত্ব বর্ণনা করিয়াছেন। এইরূপভাবে প্রকাশানন্দ-কাহিনী লেথার কারণ কি হইতে পারে বিচার করা যাউক। ম্বারি গুপ্তের কড়চায় প্রকাশানন্দ-উদ্ধারের কাহিনী নাই।

কড়চার ৪।১।১৮ ও ৪।১৩।২০ শ্লোকে

"কাশীবাদি-জনান্ কুর্কান্ হরিভক্তিরতান্ কিল"

ও "কাশীবাদি-জনান্ স্কান্ কৃষণভক্তি-প্ৰান্তঃ" Murari Gupta has not mentioned the name of Prakashananda who is Guru of 10 thousand monks. But

as per Krishnadas Prakashananda had received Sri Chaitanya's grace.
উক্তি আছে। খ্রীচৈতন্ত প্রকাশানন্দের ন্তায় দশ সহস্র সন্ত্যাসীর গুরুকে
উদ্ধার করিয়া থাকিলে মুরারি গুপ্ত সে সম্বন্ধে নীরব থাকিবেন কেন?

কবিকর্ণপুর ঐতিভক্তচন্দ্রোদয় নাটকে লিখিয়াছেন—

ব্রহ্মচারি-গৃহিভিক্ষবনস্থা যাজ্ঞিকা ব্রতপরাশ্চ ত্রীয়ু: মংস্বৈ:
ক্তিপ্য়েইতিম্থোরেব তত্ত ন গতং ন স দৃষ্টি ॥— নাও২, নির্ণয়সাগর সংস্করণ
As per Kabikarnapur some important monks had not visited Sri Chaitanya. He has not mentioned

the event of grace by Sri Chaitanya to Prakashananda, নাটকের কোথাও প্রকাশানন্দের উদ্ধার-কাহিনী বা নাম নাই। বরং আছে যে কতিপয় প্রধান প্রধান যতি মাৎস্থ্যবশতঃ প্রীচৈত্যুকৈ দেখিতে যায়েন নাই।

প্রীচৈততা এই-সকল সন্ন্যাসীর উদ্ধার করিতে পারিলেন না বলিয়া প্রতাপরত্র ও সার্বভৌমের মনে ক্ষোভ রহিয়া গেল। দশম অন্ধে দেখিতে পাই—সার্বভৌম শ্রীচৈতত্যের অসমাপ্ত কার্য্য সমাপ্ত করিবার জত্য বারাণসী যাইতেছেন। তিনি স্থগতোক্তি করিতেছেন—"যত্তপি ভগবতোহিন্দিরর্থে নাস্মতির্জাতা, তথাপি হঠাদেবাহং বারাণসীং গলা ভগবন্যতং গ্রাহ্যামীতি হঠাদেব তত্র গচ্ছন্তম্ম। ন জানে কিং ভবতি" (১০০)। সার্বভৌম সভ্য সভ্যই বারাণসী গিয়াছিলেন কি না এবং গিয়া থাকিলে তাঁহার উদ্দেশ্য কভদ্র সক্ষল হইয়াছিল সে বিষয়ে কবিকর্ণপূর কোন সংবাদ দেন নাই। পরবর্তী কোন গ্রন্থকারও এ সম্বন্ধে কিছু বলেন নাই। যাহা হউক ইহা স্পষ্ট প্রতীত হইতেছে যে শ্রীচৈততা যদি তংকালের শ্রেষ্ট বৈদান্তিক প্রকাশানন্দকে ভক্তিপথে আনয়ন করিতেন, তাহা হইলে আর সার্বভৌমের বারাণসী-যাত্রার কথা কবিকর্ণপূর উল্লেখ করিতেন না।

কবিকর্ণপূর ঐতিচতন্যচরিতামৃত মহাকাব্যেও কোন স্থানে প্রকাশানন্দের নাম উল্লেখ করেন নাই। বুন্দাবনদাদের চৈতন্যভাগবত পড়িয়াও মনে হয় না

ষে শ্রীমন্মহাপ্রভু প্রকাশানন্দকে উদ্ধার করিয়াছিলেন। তিনি নবদ্বীপ-লীলা-বর্ণনা-প্রসঙ্গে ভাবাবিষ্ট বিশ্বস্তর মিশ্রের দারা মুরারির নিক্ট তুইবার প্রকাশানন্দের নাম উল্লেখ করাইয়াছেন ( পূ. ১৭৩, ৩০৪ )। বরাহ-ভাবাবিষ্ট বিশ্বস্তব বলিতেছেন---

> কাশীতে পড়ায় বেটা পরকাশানন। সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড **॥** বাথানয়ে বেদ মোর বিগ্রহ না মানে। সর্কাঙ্গে হইল কুষ্ঠ তবু নাহি জানে॥

দ্বিতীয় বারের উল্লেখও ঠিক এইরূপ। ইহা পাঠ করিয়া মনে হয়, প্রকাশানন্দ শ্রীচৈতন্য অপেক্ষা বয়দে অনেক বড়, কেন-না বিশ্বস্তবের বয়দ যথন ২৩, তথন প্রকাশানন্দ এত প্রসিদ্ধি লাভ করিয়াছেন যে তাঁহার কথা লইয়া নবদ্বীপেও আলোচনা চলিতেছিল। লোচনদাস প্রকাশানন্দের নাম কোথাও উল্লেখ করেন নাই। ত্রীচৈতত্তার কাশী-গমন-সম্বন্ধে মাত্র লিখিয়াছেন-

> ক্রমে ক্রমে উত্তরিলা তীর্থ বারাণসী। অনেক বৈসয়ে তথা পরম সন্ন্যাসী॥—পু. ৯৫, শেষ খণ্ড

জয়ানন এ সম্বন্ধে লিথিয়াছেন—

গৌরচক্র তীর্থযাতা গেলা বারাণদী। বিধিমতে বিড়ম্বিলা পাষ্ড সন্মাদী ॥—পৃ. ১৪৯

তৎপূর্বে ১৩৫ পৃষ্ঠায় বারাণদীর সন্মাদীদের সহিত নীলাচলস্থ শ্রীচৈতত্তের চিঠি কাটাকাটির বিবরণ আছে। ঐটিচতন্য সিংহ ও পারাবতের তুলনা করিয়া পত্ৰ লিখিলে

> এই পত্ৰ শুনি যত প্ৰাচীন সন্ন্যাসী। নীলাচল গেলা সভে ছাড়ি বারাণসী॥

কিন্তু প্রকাশানন্দের নাম নাই।
In Gourpadatarangini during the narration of Sri Chaitanya's grace and divine play there is
পোরপদতরঙ্গিণীতে প্রকাশানন্দের গুণ-বর্ণনামূলক কোন স্চক ত নাই-ই,
no mention of the name of Prakashananda.
এমন কি প্রতিতন্তের কুপা ও লীলা-কাহিনী-বর্ণনা-উপলক্ষেও কোখাও ইহাদের নাম করা হয় নাই। কবিকর্ণপূর লিথিয়াছেন যে মাৎস্থ্যবশতঃ

কতিপয় যতি ঐতিচতগ্যকে দর্শন করিতে আদেন নাই। কিন্তু কবিরাজ গোস্বামী বলেন—

> প্রভূকে দেখিতে আইল যতেক সন্ন্যাসী। প্রভূব প্রশংসা করে সর্ব্ব বারাণসী॥—:।१।১৪৭

পুনশ্চ

এক বারাণদী ছিল ভোমাতে বিম্থ। ভাহা নিস্তাবিয়া কৈলে আমা দবার স্থ।—২।২৫।১২৫

আদিলীলার সপ্তম পরিছেদে ক্রমভঙ্গ করিয়া কবিরাজ গোস্বামী কেন প্রকাশানন্দের কাহিনী লিখিলেন ব্ঝা কঠিন। যদি এরপ ব্যাপার নাই ঘটিয়া থাকে, অথচ সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে বৈফ্ব-সমাজ প্রীচৈতন্তার মহিমা-থ্যাপনের জ্ব্যু এইরপ ঘটনার সংযোজন করা প্রয়োজন মনে করিয়া থাকেন, তাহা হইলে বৃদ্ধ কবিরাজ গোস্বামী—যিনি লিখিতে লিখিতে পরলোকগমনের আশকা করিতেছিলেন—আগ্রহাতিশ্য্যবশতঃ প্রীচৈতন্তার তত্ত্ব নির্ণয় করিয়াই ক্রমভঙ্গ করিয়া এরপ লীলা লিখিয়াছেন অন্তমান করিতে

১৮৯৮ খ্রীষ্টাব্দে আর্থার ভেনিস সাহেব বারাণসী হইতে প্রকাশানন্দ যতির "বেদাস্থাসিদ্ধান্তম্ব্রাবলী" নামে একথানি গ্রন্থ ইংরাজী অমুবাদ-সহ প্রকাশ করেন। উক্ত গ্রন্থের পুষ্পিকা হইতে জানা যায় যে প্রকাশানন্দ জ্ঞানানন্দের শিশু। লেখকের নিম্নলিথিত উক্তি হইতে বুঝা যায় যে তিনি দান্তিক প্রকৃতির লোক ছিলেন—

শৃণু প্রকাশ-রচিতাং সদ্বৈত-তিমিরাপহাম্ বাদীভকুম্ভনির্ভেদে সিংহদংষ্ট্রাধরীক্বতাম্। বেদাস্তসারসর্বস্বমজ্যেমধুনাতনৈঃ অশেষণ ময়োক্তং তৎ পুরুষোত্তমযুক্তঃ॥

রুষ্ণদাস কবিরাজও প্রকাশানন্দকে দান্তিকরপে চিত্রিত করিয়াছেন। "বেদান্ত-সিদ্ধান্তমূজ্ঞাবলী"র গ্রন্থকারই কবিরাজ গোস্বামীর লক্ষ্য কি না বলা কঠিন। বেদান্তসিদ্ধান্তমূজ্ঞাবলীর বাক্য রামতীর্থ ও অপ্লয় দীক্ষিত উদ্ধৃত করিয়াছেন।

অতএব প্রকাশানন্দ উহাদের পূর্ববর্ত্তী। অপ্লয় দীক্ষিতের কাল ১৫২০-১৫৯১ গ্রী. অ. ' এবং রামভীর্থের কাল ১৪৯০ হইতে ১৫৯০ গ্রী. অ। সেইজন্ম প্রকাশানন ১৪৮৬-১৫৩৩ খ্রীষ্টাব্দের মধ্যে অর্থাৎ শ্রীচৈতন্তের সমকালে জীবিত ছিলেন মনে করা যাইতে পারে ( রাজেন্দ্রনাথ ঘোষ—অদ্বৈতসিদ্ধির ভূমিকা, প. ৩৮ )।

Historical evaluation of Sri Chaitanya's childhood as per Krishnadas

### কবিরাজ গোস্বামি-অঙ্কিত শ্রীচৈতন্মের বাল্যজীবনী

আদিলীলার নবম পরিচ্ছেদে ভক্তিকল্লতক বর্ণিত হইয়াছে এবং দশম. একাদশ ও দ্বাদশে যথাক্রমে শ্রীচৈতত্তার, নিত্যানন্দের ও অদ্বৈতের শাখা বা পরিকরবর্গের নাম ও অতি সংক্ষিপ্ত বিবরণ লিখিত হইয়াছে। ত্রয়োদশ পরিচ্ছেদে শ্রীচৈতত্ত্বের জীবনের লীলাস্থত্র বর্ণনার পর রুঞ্চদাস কবিরাজ প্রভুর জন্মগ্রহণের বিবরণ লিথিয়াছেন। তিনি যদিও বলিয়াছেন যে মুরারি গুপ্তের ও বৃন্দাবন্দাদের বর্ণনা-অমুসারে আদিলীলা লিখিত হইল, তথাপি ঐ ছুই লেথক এ কথা বলেন নাই যে শ্রীচৈতন্ত দশ মাসের অধিক কাল গর্ভে ছিলেন। কবিকর্ণপুর মহাকাব্যে (২।২৪) লিখিয়াছেন যে শ্রীচৈতক্স তের মাস গর্ভে ছিলেন। তাঁহাকে অনুসরণ করিয়া ক্লফদাস কবিরাজ বলেন যে ১৪০৬ শকের মাঘ মাদে গর্ভে আদিয়া ১৪০৭ শকের ফাল্পনে শ্রীচৈতন্য ভূমিষ্ঠ

হ্ট্লেন ( ১।১৩।৭৭-৭৮ )। লোচন লিখিয়াছেন—
Murari Gupta & Vrindavandas did not mention that Nimai was in womb for more than 10 months. Only Kabikarnapur had mentioned it as 13 months which was followed by Krishnadas.
দশ মাস পূর্ণ গর্ভ ভেল দিশে দিশে।

আপনা পাদরে শচী মনের হরিষে॥—আদি, পু. ২

তের মাদ গর্ভবাদরূপ অলৌকিক কোন ঘটনা ঘটলে তাহা একমাত্র মুরারির পক্ষেই জানার সম্ভাবনা। কিন্তু তিনি এ বিষয়ে নীরব।

কবিরাজ গোস্বামী জগরাথ মিশ্রকে বেশ সঙ্গতিসম্পন্ন ব্যক্তিরূপে চিত্রিত করিয়াছেন। শ্রীচৈতত্যের জন্মের পর জগন্নাথ

১ ডঃ সুশীলকুমার দের মতে অপ্নয় দীক্ষিতের কাল ১৫৪৯-১৬১৩ খ্রীষ্টাব্দ। তাঁহার এই মত কেহ কেহ থণ্ডন করিয়াছেন। মোটের উপর অধ্বয় দীক্ষিত বোড়ণ শতাব্দীর শেষভাগে জীবিত हित्नन ।

যৌতুক পাইল যত

ঘরে বা আছিল কভ

मत धन विद्ध मिल मान।

যত নৰ্ত্তক গায়ন

ভাট অকিঞ্চন জন

ধন দিয়া কৈল সভার মান ॥—১।১৯১০৮

As per Murari Gupta and Vrindavandas father of Nimai was not a wealthy householder, but Krishnadas mentioned him as wealthy.

মুরারি গুপ্ত বলেন বিজাতিকে জগন্নাথ মিশ্র তামূল, চন্দন ও মাল্য দিয়া-ছিলেন—ধন দেওয়ার কথা তিনি লেখেন নাই। বুন্দাবনদাস বলেন যে জ্যোতিষী বিপ্র নবজাত নিমাইয়ের ভবিশ্রৎ বলিলেন, জগন্নাথ মিশ্র

আনন্দে বিহ্বল বিপ্রে দিতে চাহে দান ॥

কিছু নাহি স্থদরিদ্র তথাপি আনন্দে।

বিপ্রের চরণ ধরি মিশ্রচন্দ্র কান্দে ॥— চৈ. ভা., ২।১।২৬

#### আবার অম্যত্র

দেখি শচী জগন্নাথ বড়ই বিস্মিত।
নির্ধন তপাপি দোঁহে আনন্দিত ॥—১।৩।৩১

ক্বফদাস কবিরাজ লিথিয়াছেন যে একদিন শচী নিমাইকে থৈ-সন্দেশ খাইতে দিয়া গৃহকর্ম করিতে গেলে, নিমাই মাটি খাইতে লাগিলেন। তাহা দেথিয়া শচী আদিয়া মাটি কাড়িয়া লইলেন। তাহাতে নিমাই বলিতেছেন—

থৈ সন্দেশ অন্ন যত মাটার বিকার।
এহা মাটা, সেহো মাটা, কি ভেদ বিচার॥
মাটা দেহ, মাটা ভক্ষ্য, দেথহ বিচারি।
অবিচারি দেহ দোষ, কি বলিতে পারি।
অস্তরে বিশ্বিতা শচী বলিল তাহারে।
মাটা থাইতে জ্ঞান যোগ কে শিথাইল তোরে।
মাটার বিকার অন্ন থাইলে দেহ পুই হয়।
মাটার বিকার ঘটে পানি ভরি আনি।
মাটার বিকার ঘটে পানি ভরি আনি।
মাটার বিকার ঘটে পানি ভরি আনি।
মাটা পিতে ধরি যবে শোষি যায় পানি॥

### আত্ম লুকাইতে প্রভু কহিল তাঁহারে। আগে কেনে ইহা মাতা না শিখাইলে মোরে। এবে তো জানিত্ব আর মাটী না থাইব।

কুধা লাগিলে তোমার স্তন্ত্য পিব ॥—১|১৪|২৫-৩১
Kabikarnapur & Vrindavandas had narrated the principle of purity & impurity through the mouth of 6/7 years old child Nimai. But Krishnadas has narrated the principle of satkaryavad

কবিকর্ণপুর ও বৃন্ধাবনদাস ৬। বৎসবের শিশু নিমাইয়ের মুখ দিয়া ভচিand asatkaryavad through the mouth of infant Nimai. অশুচির তত্ত্ব বলাইয়াছেন। কিন্তু কৃষ্ণদাস কবিরাজ একেবারে ছুধের ছেলের মুখ দিয়া সংকার্যাদ ও অসংকার্যাদ উপদেশ করাইয়াছেন।

গঙ্গার ঘাটে নিমাই লক্ষার সহিত "বাল্যভাব ছলে" হাস্থ-পরিহাস করিতেছেন, এমন সময়েও কৃষ্ণাস কবিরাজ তাঁহার দারা ভাগবতের (১০।২২।২৫) শ্লোক বলাইয়াছেন। "শ্লোক পঢ়ি তাঁর ভাব অন্ধীকার কৈল" ( ২।১৪।৬৫ )। তথনও নিমাইয়ের হাতেথড়ি হয় নাই।

Biswambhar's educational pursuit as per Srichaitanyacharitamrita

#### বিশ্বস্তবের বিভাগিক্ষা

কবিরাজ গোস্বামী পঞ্চলশ পরিচ্ছেদে বিশ্বস্তরের অধ্যয়ন, বিশ্বরূপের সন্ন্যাস ও বিশ্বস্তারের বিবাহ বর্ণনা করিয়াছেন। তিনি বলেন যে অল্প কালেই শ্রীচৈতন্ত ব্যাকরণ-শাস্ত্রে প্রবীণ হইলেন। তাঁহার মতে দিগিজয়ী পণ্ডিত নিমাইকে বলিয়াছিলেন

> 🗸 ব্যাকরণ পড়াহ নিমাই পণ্ডিত তোমার নাম। বাল্য শাল্পে লোক তোমার কহে গুণগ্রাম ॥—১।১৬।২৯

ইহা হইতে মনে হয় শ্রীচৈতন্ত কাব্য, অলহার ও ব্যাকরণ ছাড়া আর বিশেষ কিছু পড়েন নাই। সেইজ্ব্রুই ডঃ দে লিখিয়াছেন,

"His studies, however, appear to have been chiefly confined to Sanskrit Grammar, especially Kalapa Grammar, and possibly to some literature and rhetoric to which allusion is made (Padyavali, Introduction, p. xviii).

এই উক্তির প্রতিবাদ করিয়া সম্প্রতি অধ্যাপক শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র মহাশয় "ভারতবর্ষে" একটি প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। কিন্তু অধ্যাপক মিত্রও মুরারির গ্রন্থ ব্যবহার করেন নাই। মুরারি বলেন যে বিশ্বস্তর কাব্য which is authentic information পড়াইতেন (১।১৫।১-২)। লোচনও তাহাই বলেন ( আদি ৫৫ পৃ.)। বিশ্বস্তারের অধ্যয়ন-অধ্যাপনা-সম্বন্ধে মুরারির উক্তি স্কাপেকা প্রামাণ্য, কেন-না তিনি জীচেত্যুকে ছাত্র-হিসাবে জানিতেন।

শ্রীচৈতক্ত পার্হস্তা জীবনে স্মৃতিশান্ত পড়াইতেন ইহা বৈফবগণ স্বীকার করিতে ইচ্ছা করেন নাই। তাই তাঁহার ব্যাকরণ অধ্যয়ন-অধ্যাপনার উপরই তাঁহারা জোর দিয়াছেন। বৃন্দাবনদাসের বর্ণনা পড়িয়া মনে হয় শ্রীচৈতক্ত ক্যায়শান্ত্র পড়েন নাই। শ্রীচৈতক্তভাগবতে আছে

> কেহো বোলে "এ ব্রাহ্মণ যদি ক্যায় পড়ে। ভট্টাচার্য্য হয় তবে, কখন না নড়ে॥"—- চৈ. ভা.. ১।৯।১০১ পু.

জয়াননের মতে-

শ্বতি তর্ক সাহিত্য পঢ়িল একে একে—পু. ১৮

কৃষ্ণদাস কবিরাজ্ব-কর্তৃক যোড়শ পরিচ্ছেদে বর্ণিত দিখিজয়ি-পরাভবের বিচার শ্রীচৈতগ্রভাগবতের বিচার-প্রসঙ্গে আলোচনা করিয়াছি। কবিরাজ গোস্বামী গোবিন্দ-লীলামূতে অলফার-শাস্ত্রে যে অপূর্ব্ব পারদর্শিতা দেখাইয়াছেন তাহারই কিঞ্চিৎ নিদর্শন এই পরিচ্ছেদে দিয়াছেন। সপ্তদশ পরিচ্ছেদে কবিরাজ গোস্বামী বলেন—

> তবে শুক্লাম্বরের কৈল তণ্ডল ভক্ষণ। "হরেনাম" শ্লোকের কৈল অর্থ বিবরণ॥--১।১৭।১৮

তিনি বলেন এই সময়ে বিশ্বস্তর "তৃণাদপি স্থনীচেন" শ্লোকের ভাবামুবাদও করিয়াছিলেন। বুন্দাবনদাস "শুক্লাম্বরের তণ্ডুল ভক্ষণ" লীলা লিথিয়াছেন, কিছ "হরেনাম" লোকের বা "তৃণাদপি" লোকের উল্লেখ করেন নাই। মুরারি গুপ্ত বলেন শ্রীবাস-গৃহে বিশ্বস্তর হরেনাম শ্লোকের ব্যাখ্যা করেন। চরিতামতের প্রদত্ত ব্যাখ্যা (১।১৭।১৯-২২) মুরারির ব্যাখ্যার প্রায় আক্ষরিক অহবাদ। কিন্তু নুরারি এই প্রসঙ্গে "তৃণাদপি স্নীচেন" শ্লোকের অবতারণা করেন নাই। সন্ত্যাদ-গ্রহণের পর প্রভু উহা রচনা করিয়াছিলেন বলিয়া মনে হয়।

কবিরাজ গোস্বামী আদিলীলাতেও চৈতগুচন্দ্রোদয়নাটক ব্যবহার করিয়াছেন। তিনি নাটকের ২।২২ ( বহরমপুর সংশ্বরণ্) লইয়া লিথিয়াছেন —

শ্রীবাদের বস্ত্র সিঁয়ে দরজী যবন।
প্রভূ তারে নিজ রূপ করাইল দর্শন।
দেখিত দেখিত বলি হৈল পাগল।

A muslim tailor was converted by Biswambhar at Srivas's House by revealing his true form as per Krishnadas. This event was not mentioned by Murari, Vrindavandas and other writers. এই ঘটনা অগ্য কোন চরিতগ্রেহে নাই।

এই ঘটনা-বর্ণনার পর কবিরাজ গোস্বামী লিখিয়াছেন—

আবেশে শ্রীবাদে প্রভূ বংশিকা মাগিল।
শ্রীবাদ কহে—গোপীগণ বংশী হরি নিল॥
শুনি প্রভূ বোল বোল কহেন আবেশে।
শ্রীবাদ বর্ণেন রুন্দালনলীলা রদে॥

তারপর ১।১৭।২২৮ হইতে ২০২ পর্যন্ত কৃষ্ণলীলা-বর্ণন। ম্বারি গুপ্ত লিথিয়াছেন যে বিশ্বন্তর বেণু কোথায় জিজ্ঞাদা করিলে, শ্রীবাদ বলিলেন, "ভীমকাত্মজ্ঞয়া পরিরক্ষিতোহন্তি সং" (২।১৫।৩-৪)। লোচন তাহার অম্বাদ করিয়াছেন, "রাথিল ভীমক-কন্তা মূরলী তোমার" (মধ্য, পৃ. ৪১)। বুন্দাবনদাদ এ ঘটনা লেখেন নাই। কবিরাজ গোস্বামী এ স্থানে ম্বারি গুপ্তের মত ছাড়িয়া দিয়া কবিকর্ণপূরের মহাকাব্যের মত অন্থ্যরণ করিয়াছেন। তিনি বুন্দাবন-লীলার যে বর্ণনা দিয়াছেন, তাহা কবিকর্ণপূর মহাকাব্যে বিশ্বদ করিয়া ৮।৫৬ হইতে ১০।৮০ শ্লোকে বর্ণনা করিয়াছেন। কবিকর্ণপূরের নিম্নলিখিত শ্লোকের

ততশ্চাতিশয়াবিষ্টো স্বষ্টবোমা মহাপ্রভুঃ ব্রহি ব্রহীতি সততমুক্তৈস্তং নিজগাদ সং।—মহাকাব্য, ৮।৫৯ অহুবাদ করিয়া কৃষ্ণদাস কবিরাজ লিথিয়াছেন

"শুনি প্রভু বোল বোল কহেন আবেশে।"

Historical evaluation of Madhya lila i.e. pilgrimage after taking sannayasa by Nimai as written in Srichaitanyacharitamrita

কৃষ্ণদাস কবিরাজ জ্রীচৈতত্তের সন্মাস-জীবনের ভ্রমণ-বৃত্তান্ত লইয়া মধ্যলীলা লিখিয়াছেন; যথা—

> তার মধ্যে ছয় বংশর গমনাগমন। নীলাচল গৌড় সেতৃবন্ধ বৃন্দাবন॥

তাহা যেই লীলা তার মধ্যলীলা নাম। তার পাছে লীলা—অন্তালীলা অভিধান।—-২।১।১৪-১৫

বৃন্দাবনদাদের মধ্যথগু গ্যা-প্রত্যাগত বিশ্বস্তবের জীবনের তের মাদের ঘটনা লইয়া লিখিত। তাঁহার গ্রন্থে সন্থাস হইতে শেষ খণ্ডের আরম্ভ। ঘটনার হান ও কাল-হিসাবে বিভাগ করিতে গেলে রুফ্দাস কবিরাজের বিভাগ বৃন্দাবনদাদের অপেক্ষা উৎকৃষ্টতর। নবদ্বীপের ঘটনাকেই আদি ও মধ্য নামে বিভক্ত না করিয়া, নবদ্বীপের লীলাকে আদি, নানা স্থানে ভ্রমণকে মধ্য এবং নীলাচলে শেষ জীবন-যাপনকে অস্ত্যলীলা বলার মধ্যে ত্যায়সঙ্গতভাবে বিষয়-বস্তব্ধ বিস্থাস দেখা যায়।

শ্রীচৈতন্মচরিতামৃতের মধ্যলীলায় ২৫টি পরিচ্ছেদ আছে। তন্মধ্যে প্রথম তুই পরিচ্ছেদে লীলাস্ত্র-বর্ণন। তৃতীয় হইতে ষোড়শ পরিচ্ছেদের ঘটনা প্রধানত: কবিকর্ণপূরের নাটক ও মহাকাব্যকে অবলম্বন করিয়া লেখা।

সপ্তদশ হইতে পঞ্চিংশ পরিচ্ছেদে ঘটনাংশ খুব কম। ঐ পরিচ্ছেদ কয়টিতে
Events related to Rup and Sanatan goswami narrated by Krishnadas from 17th to 25th
রূপ ও স্নাতনের জীবন-সম্বন্ধে যে তথ্য দেওয়া হইয়াছে তাহার ঐতিহাসিক
chapter of madhyalila of srichaitanyacharitmrita.
মূল্য খুব বেশী, কেন-না কবিরাজ গোসামী তাঁহাদের সকলাভ করিয়াছিলেন।

অন্ত কোন গ্রন্থ হইতে আমরা রূপ-সনাতন-সম্বন্ধ এত তথ্য জানিতে পারি না।
মধ্যলীলার ঘটনাংশ রুঞ্দাস কবিরাজ কোথা হইতে পাইলেন তাহা
বলেন নাই। তিনি মাত্র বলিয়াছেন—

চৈতন্তমঙ্গলে যাহা করিলা বর্ণন।
স্ত্রেরপে সেই লীলা করিয়ে স্চন॥
তাঁর স্ত্র আছে তেঁহো না কৈল বর্ণন।
যথা কথঞ্চিত করিল লীলা কথন॥
অতএব তাঁর পায়ে করি নমস্কার।
তাঁর পায়ে অপরাধ নহুক আমার॥—২।৪।৬-৮

ইহা পড়িয়া মনে হয় যে যাহা প্রীচৈতগুভাগবতে নাই, তাহা কুফ্দাস কবিরাজ রঘুনাথদাস প্রভৃতির নিকট শুনিয়া লিথিয়াছেন। কিন্তু প্রকৃতপক্ষে তিনি কবিকর্ণপূরের গ্রন্থাদি অবলম্বন করিয়া বুন্দাবনদাস যে লীলা লেথেন নাই তাহা লিথিয়াছেন, বা বুন্দাবনদাস যাহা লিথিয়াছেন তাহার খণ্ডন করিয়াছেন। উদাহরণ-দারা এই স্ক্রকে স্পষ্ট করিতে চেটা করা যাউক।

Biswambhar's monastic yow and going to Puri as written by Krishnadas

### বিশ্বস্তুরের সন্ধ্যাস-গ্রহণ ও পুরীয়াত্রা

১। সন্মাস-গ্রহণান্তে বাঢ় ভ্রমণ করিয়া আসিয়া শ্রীচৈতন্ত যথন গলা দেখিতে পাইলেন, তখন তিনি ভাবাবেশে তাহাকে ষমুনা বলিয়া ভ্রম ক্রিয়াছিলেন, কিন্তু বুন্দাবনদাদের মতে এরপ ভ্রম তাঁহার হয় নাই। তিনি এক রাখালের মুখে হরিনাম শুনিয়া জিজ্ঞাসা করিলেন গলা কত দূরে ? গলা এক প্রহরের পথে আছে শুনিয়া বলিলেন, "এ মহিমা কেবল গঙ্গার।" তারপর সন্ধ্যাবেলা নিত্যানন্দের দক্ষে গকাতীরে আদিয়া গকায় স্নান করিলেন ও "গঙ্গা গঙ্গা বলি করিলা ক্রন্দন" ( চৈ. ভা, ৩)।৩৭৩ )।

কুফ্দাস কবিরাজ বলেন যে নিত্যানন্দ গোপবালকদিগকে শিখাইয়া দিয়াছিলেন যে প্রভু যদি তোমাদিগকে বুন্দাবনের পথ জিজ্ঞাসা করেন ত তোমরা গঙ্গাতীরের পথ দেখাইয়া দিও (২।৩।১৪-১৫)। তারপর প্রভুকে গঙ্গাতীরে আনিয়া নিত্যানন্ত বলিলেন, "কর এই যমুনা দর্শন।"

> এত বলি তাঁরে নিল গঙ্গা-সল্লিধানে। আবেশে প্রভুর হৈল গঙ্গায় যমুনা জ্ঞানে ॥

তিনি যমুনার স্তব করিতে লাগিলেন।

এই ঘটনাটি কবিকর্ণপূরের চৈতগুচন্দ্রোদয় নাটক হইতে লওয়া ( নাটক, ৫।৯ হইতে ৫।১৪, বহরমপুর সংস্করণ )। একটি স্থানে আক্ষরিক অহবাদ আছে।

ক্লফদাস কবিরাজ—

প্রভু কহে শ্রীপাদ ভোমার কোথাকো গমন। শ্রীপাদ কহে ভোমার সঙ্গে যাব বৃন্দাবন ॥

নাটক---

ভগবান—শ্রীপাদ, কথয় কুতো ভবস্তঃ ?

নিত্যানন:—দেবস্থ বুন্দাবন-জিগমিধামাখিত্য ময়াপি তদ্দিদৃক্ষয়া

চলতা ভবংস্কো গৃহীতঃ | Nityananda prabhu was with Sri Chaitanya when he came at the banks of Ganga and took bath and cried by repeating Ganga, Ganga. This event authentic then that of Krishnadas's description of Sri Chaitanya নিত্যানন্দ প্রভূ জাতৈতত্তার সঙ্গে ছিলেন; তিনি এ বিষয়ে বৃন্দাবনদাসকৈ যাহা

mistook Ganga as Yamuna. বলিয়াছেন ও বুন্দাবনদাস যাহা লিখিয়াছেন তাহা কবিকৰ্ণপূর ও কৃঞ্দাস কবিরাজের উক্তি অপেকা বিখাশ্য বলিয়া মনে হয়।

As per Vrindavandas no supernatural event had happened at Remuna's Khirachora Gopinath temple which is authentic বিভূতির বৈতিতিটার কোন অলোকিক বিভূতির কথা বুন্ধাবনদাস লেখেন নাই। কবিকর্ণপূর বলেন—

দণ্ডবন্ধুবি নিপত্য ববন্দে তাং স সাপি তমপূজয়হচৈঃ।

অস্ত মূর্দ্ধি পততালমকস্মাচ্ছেখরেণ শিরসঃ স্থালিতেন ॥

—নাটক, ৬। ন, নি. স.

[ অমুরূপ শ্লোক—মহাকাব্য, ১১।৭৮ ]

#### চরিতামৃতে—

রেম্ণাতে গোপীনাথ পরম মোহন।
ভক্তি করি কৈল প্রভূ তাঁর দরশন॥
তাঁর পাদপদ্ম-নিকট প্রণাম করিতে।
তাঁর পুষ্পচূড়া পড়িল প্রভূর মাথাতে॥—২।৪।১২-১৩

ইহার পর কবিরাজ গোস্বামী ক্ষীরচোরা গোপীনাথের কাহিনী বলিতে যাইয়া গোবর্দ্ধনে গোপালের প্রকাশ-কথা বলিয়াছেন।

কৃষ্ণদাস কবিরাজ ক্ষীরচোরা গোপীনাথের বিবরণটি (২।৪।১২২-১৩৫)
প্রবাদ-অবলম্বনে লিথিয়া থাকিবেন। তিনি লিথিয়াছেন যে প্রীচৈতন্ত
মাধবেদ্রপুরী-রচিত 'অয়ি দীনদয়ার্দ্রনাথ' শ্লোকটি আরুত্তি করিয়া ভাবাবিষ্ট
হইয়াছিলেন। ঐ শ্লোকটি শ্রীরূপ গোস্বামী পতাবলীতে সকলন করিয়াছেন।

Vrindavandas had not written any story on Sakhigopal.
ত। বুন্দাবনদাস সাক্ষিগোপালের কাহিনী লেখেন নাই। কবিকর্ণপূর
ভীচৈতক্সচন্দোদয়নাটকে (৬।১২) সংক্ষেপে সাক্ষিগোপালের কথা বলিয়াছেন।

কবিকর্ণপূরের বিবরণ ও স্থানীয় প্রবাদ সংগ্রহ করিয়া কবিরাজ গোস্বামী পঞ্চম পরিচ্ছেদের ৯ হইতে ১৩২ পয়ার লিথিয়াছেন। পুরুষোত্তম দেব কাঞ্চিকাবেরী-বিজয়-কালে দাক্ষিগোপালকে লইয়া আদিয়া সত্যবাদীতে স্থাপন করেন ইহা এতিহাদিক ঘটনা।

-J. B. O. R. S., Vol. V, Pt. I, P. 148.

#### তারপর কবিরাজ গোসামী লিখিয়াছেন-

গোপালের আগে যবে প্রভুর হয় স্থিতি।
ভক্তগণ দেখে যেন দোঁহে এক মৃতি॥
দোঁহে এক বর্ণ দোঁহে প্রকাণ্ড শরীর।
দোঁহে রক্তাম্বর দোঁহার স্বভাব গন্তীর॥

মহা তেজোময় দোঁহে কমলনয়ন।
দোঁহার ভাবাবেশ মন চদ্রদ্রেশন ॥—২।৫।১৩৪-১৩৬

ইহার মূল কবিকর্ণপূরের মহাকাব্যের শ্লোকার্দ্ধ :

উভৌ গৌরখামতাতিক্বত-বিভেদৌ ন তু মহা-প্রভাবাগৈডিয়ো সপদি দদৃশাতে জনচয়ৈঃ ॥--->১। ১৯

কবিরাজ গোস্বামী বলেন, "দোহে একবর্ণ," কবিকর্ণপুর বলেন, সাক্ষী
As per Vrindavandas Nityananda prabhu broken the stick of Sri Chaitanya before arriving at
Jaleswar Which বুকাবিন্দাস বলেন যে জলেশ্বরে পৌছিবার আগেই নিত্যানক
শ্রীটেতন্তের দণ্ড ভাসিয়া ফেলেন। দণ্ডভক্ষের পর প্রভু আর সঙ্গীদের সঙ্গে
থাকিতে চাহিলেন না।

ম্হূর্ত্তেকে গেলা প্রভু জলেশ্বর গ্রামে। বরাবর গেলা জলেশ্বর দেব স্থানে॥—- চৈ. ভা., থা২।৩৮৯

রুফ্দাস বলেন যে ভ্রনেশ্বরে আসিয়া নিত্যানন্দ "তিন থগু করি দণ্ড দিল ভাসাইয়া" (২।৫।১৪০-১৪২)। এথানেও নিত্যানন্দ-শিশ্বের বিবরণ না মানিয়া কুফ্দাস কবিরাজ চৈত্যুচন্দ্রোর অন্তুকরণ করিয়াছেন (৬)৫, নি. স)।

বুন্দাবনদাদের মতে-

আরে রে দণ্ড! আমি যারে বহিয়ে হৃদয়ে। দে তোমারে বহিবেক এত যুক্তি নহে॥

বলিয়া নিত্যানন্দ দণ্ড ভাঙ্গিয়া তিন খান করিলেন। পরে ঐতিচতন্ত যথন নিত্যানন্দকে জিজ্ঞাসা করিলেন

কি লাগি ভাঙ্গিলা দণ্ড কহ দেখি শুনি ?

তথন নিত্যানন্দ নির্ভয়ে কোন চাতুরী বা রসিকতা না করিয়া বলিলেন—
ভাঙ্গিয়াছি বাঁশ থান।

না পার ক্ষমিতে, কর যে শান্তি প্রমাণ্॥—া২।৩৮৯

কৃষ্ণদাস কবিরাজ বলেন, নিত্যানন্দকে দণ্ডের কথা জিজ্ঞাসা করিলে নিত্যানন্দ উত্তর দিলেন— প্রেমাবেশে পড়িলে তুমি তোমারে ধরিলু।
তোমা সহ সেই দও উপরে পড়িলু॥
তুই জনার ভরে দও খও খও হৈল।
সেই খও কাঁহা পড়িল কিছু না জানিল॥
মোর অপরাধে তোমার দও হৈল খও।
যেই যুক্তি হয় মোর কর তার দও॥

দশু-ভদের পর নিত্যানন শ্রীচৈত্যাকে কি বলিয়াছিলেন তাহা চৈত্যেচন্দোদয় নাটকে নাই, কিন্তু ম্বাবির কড়চায় ও মহাকাব্যে আছে।
নিত্যানন্দ বলিলেন, "মাটিতে হঠাং পা পিছলাইয়া যাওয়ায় দশু
ভালিয়া গিয়াছে, আমি তাহার কি করিব" (মুরারি, ৩১১১৫; মহাকাব্য,
As Murari was not with Sri Chaitanya at the time of going to Puri, the narration
১১৮১)। by Vrindavandas is more reliable.

এই ঘটনা-বর্ণনায় ম্রারি, কবিকর্ণপ্র বা ক্লফ্লাস কবিরাজের হাতে
নিত্যানন্দ-চরিত্র ভাল ফোটে নাই। ম্রারি শ্রীচেতল্যের সঙ্গে ছিলেন না,
কিন্তু বৃন্দাবনদাসের বর্ণিত নিত্যানন্দের নির্ভীক উক্তি সত্য বলিয়া মনে
হয়। কবিকর্ণপ্র বা ক্লফ্লাস কবিরাজের পক্ষে নিত্যানন্দের কার্য্যকলাপ
বৃন্দাবনদাস অপেক্ষা বেশী জানা সম্ভব নয়। গঙ্গাকে যম্না বলায় এবং
দশু-ভঙ্গের ব্যাপারে দেখা গেল ক্লফ্লাস কবিরাজ নিত্যানন্দ প্রভুকে কুত্কিরূপে চিত্রিত করিতে চাহেন।

ে। উল্লিখিত চারিটি ঘটনার মধ্যে তিনটির বর্ণনায় ক্রফলাস করিরাজ র্ন্দাবনদাদের প্রদন্ত বিবরণ অগ্রাহ্য করিয়া করিকর্ণপূরের বর্ণনার অহ্সরণ করিয়াছেন। কিন্তু শ্রীচৈতন্তের প্রথম জগলাথ-দর্শন লিখিতে ষাইয়া তিনি মুরারি ও করিকর্ণপূরের প্রদন্ত বিবরণ না মানিয়া র্ন্দাবনদাসকে অহ্সরণ করিয়াছেন। র্ন্দাবনদাস বলেন প্রভু নীলাচলে পৌছিয়াই জগলাথ-দর্শনে চলিলেন। জগলাথের শ্রীম্থ-দর্শনে আনন্দে বিহল হইয়া তিনি শ্রীবিগ্রহকে আলিক্ষন করিতে ছুটিলেন। যাইতে যাইতে প্রভু ভাবাবেশে মৃচ্ছিত হইয়া পড়িলেন। জগলাথের সেবকর্গণ তাঁহাকে মারিতে উত্যত হইল। সার্কভৌম সেই সময়ে দর্শন করিতে গিয়াছিলেন। তিনি তাহাদিগকে নিরস্ত করিয়া লোক দিয়া প্রভুকে কাঁধে করাইয়া ঘরে আনিলেন। সেই সময়ে নিত্যানন্দাদি স্কিগণ সিংহলারে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা আর জগলাথ-

দর্শন না করিয়া সার্কভৌম-গৃহে চলিলেন। পরে সার্কভৌমের লোকের সহিত তাঁহারা শ্রীবিগ্রহ দর্শন করিতে গেলেন।

ক্লফণাস কবিরাজ ঠিক এইরূপই বর্ণনা করিয়াছেন; কেবল মাত্র পার্থক্য এই যে তাঁহার মনে শ্রীচৈতক্তকে সর্ব্বভৌমগৃহে বহন করিয়া লইয়া যাওয়ার পর নিত্যানন্দাদি সিংহছারে আসিয়া শুনিলেন যে একজন সন্মাসীকে ধরাধরি করিয়া লইয়া যাওয়া হইয়াছে। তাঁহারা ইহা শুনিয়া গোপীনাথ আচার্য্যের সহিত সার্ব্বভৌমের গৃহে উপস্থিত হইলেন (২০৬২-৩২)।

মুরারির কড়চায় তুই বার তুই রকম কথা দেওয়া হইয়াছে। এক বার বলা হইয়াছে যে তিনি ভুবনেশ্বর হইতে দোজা যাইয়া পুরুষোত্তম দর্শন করিলেন (৩।১০।১৭)। আবার পর অধ্যায়ে মুরারি বলেন যে আগে দার্কভৌমের গৃহে যাইয়া তাঁহার "অহজের" দহিত জগলাথ-দর্শনে গমন করেন ( ৩।১১।৪-১৬ )। কবিকর্ণপূরের মহাকাব্যেও ঠিক এইরূপ গোলমাল রহিয়াছে। ১১৮৫-৮৬ শ্লোকে ঐচৈতন্তের বরাবর জগন্নাথ-মন্দিরে গমন ও দর্শন বর্ণনার পর, আবার পরের অধ্যায়ে কবিকর্ণপূর বলিভেছেন যে শ্রীক্ষেত্রে প্রবেশ করিয়া তিনি সার্ব্ধভৌম-গৃহে গেলেন (১২।১) এবং সার্ব্ধভৌম স্বপুত্রকে পাঠাইয়া শ্রীচৈতত্তকে জগন্নাথ-দর্শন করাইয়া আনিলেন (১২।৫-৬)। শ্রীচৈতক্যচন্দ্রোদয় নাটকে কিন্তু স্পষ্ট করিয়া লেখা আছে যে শ্রীচৈতক্য প্রথমে জগল্লাথ-দর্শন না করিয়া সার্বভৌমের গৃহেই গিয়াছিলেন। যিনি জগল্লাথকে দর্শন করিবার জন্ম ব্যাকুল হইয়া আবেগে শান্তিপুর হইতে ছুটিয়া আসিতেছেন, তিনি যে আগে শ্রীমৃতি দর্শন না করিয়া সার্কভৌমের বাড়িতে যাইবেন ইহা বিশ্বাস করিতে প্রবৃত্তি হয় না। কিন্তু কবিকর্ণপূর বিশ্বাস করার পক্ষে একটি যুক্তি দিয়াছেন। নাটকে শ্রীচৈতত্তার সঙ্গীরা বলিতেছেন, "ভগবতো নীলাচলচন্দ্রত্য বিলোকনং পরিচারকাণামের স্থলভং নাল্ডেয়াম; বিশেষতঃ পরদেশীকানামশাকং তুল্লভিমেব, বিনা রাজপুরুষদাহায়েন স্থলভং ন ভবতি (৬।২৯, ব. স.)।" তথন মুকুল বলিলেন এক উপায় আছে: এখানে সার্ব্ব-ভৌমের ভগিনীপতি প্রভূর নবদ্বীপলীলার দক্ষী গোপীনাথাচার্য্য আছেন। তাঁহার দারা সার্কভোমের সাহায্য লইয়া জগন্নাথ-দর্শন করা যাইতে পারে। গোপীনাথ ঠিক দেই সময়েই দর্শন করিতে যাইতেছিলেন। ঐতিচতত্যের সঙ্গিগণ তাঁহাকে বলিলেন এবং তাঁহার সঙ্গে সার্কভৌমের গৃহে গেলেন। দার্কভৌম শ্রীচৈতক্তের পরিচয় জানিতে পারিয়া স্বপুত্র চন্দনেশ্বরকে দঙ্গে দিয়া During 1510 CE there a war was going on between Husen Sah and Prataprudra.
তাঁহাকে মন্দিরে পাঠাইলেন। ১৪৩১ শক—১৫১০ খ্রীষ্টাব্দের ফান্ধন মাসে
হুদেন সাহের সকে প্রতাপরুদ্রের যুদ্ধ চলিতেছিল। সে সময়ে অপরিচিত
বিদেশী লোককে মন্দিরে যাইতে দেওয়া নিরাপদ্ নহে বলিয়াই হয়ত শ্রীক্ষেত্রে
পৌছিয়াই সর্ব্ব প্রথমে শ্রীচৈতন্তকে সার্ব্বভৌম-গৃহে যাইতে হইয়াছিল।

স্নাভন গোস্বামী বৃহস্তাগ্ৰতামূতে লিথিয়াছেন—

ষশ্চক্রবর্ত্তী তত্রতাঃ স প্রভামুখ্যসেবকঃ।
শ্রীমৃধং বীক্ষিতৃং ক্ষেত্রে যদা যাতি মহোৎসবে॥
সজ্জনোপদ্রবোতানভঙ্গাদো বারিতেইপ্যথ।
মাদৃশোইকিঞ্চনাঃ স্থৈরং প্রভুং দ্রষ্ট্যুং ন শকুয়ুঃ॥

(বৃহন্তাগবভামৃত, ২য় খণ্ড, ১ম অধ্যায়, ১৮২-১৮০ শ্লোক; নিত্যস্বরূপ বৃদ্ধারী—দেবনাগর স.।) এই উক্তি হইতে জানা যাইতেছে যে প্রতাপ-ক্ষত্রের রাজত্বকালে কোন কোন সময়ে কোন কোন বিশেষ কারণবশতঃ জগরাথ-মন্দিরে যাওয়া সর্বসাধারণের পক্ষে নিষিদ্ধ হইত। ১৪৩০ শকে ফাল্কন মাসে যুদ্ধ-বিগ্রহ চলায় অতিরিক্ত সতর্কতা অবলম্বিত হইয়াছিল। তবে সমসাময়িক চরিতকার ম্রারি ও কবিকর্ণপূর যে বিষয়ে স্থির সিদ্ধান্তে উপনীত হইতে না পারিয়া ত্ই জায়গায় তুই রকম কথা বলিয়াছেন, সে বিষয়ে জার করিয়া কোন কথা বলা সমীচীন নহে।

# Historical evaluation of the event of grace to Sarvabhauma by Sri Chaitanya সাক্তিভাগ-উদ্ধার-কাহিনীর বিচার

(১) সার্বভৌম-উদ্ধার-বর্ণনায় কবিরাজ গোস্বামী বৃন্দাবনদাসের বর্ণনা একেবারেই গ্রাহ্ম করেন নাই। বৃন্দাবনদাসের মতে সার্বভৌম-উদ্ধার এক দিনেই হইয়াছিল। চরিতামত-অহুসারে উহা অস্ততঃ ১২ দিনের ঘটনা। বৃন্দাবনদাসের বর্ণনায় ঐতিচতত্ত্যের কুপা পাইবার পূর্ব্বেই সার্বভৌম ভক্ত এবং ঈশ্বরে দাস্ত-বৃদ্ধিসম্পন্ন। তিনি ঐতিচতত্ত্যের সন্ত্যাস-গ্রহণের অনৌচিত্য দেখাইবার জন্ম বলিলেন—

তাহারে সে বলি ধর্ম কর্ম সদাচার।
ঈশবে যে প্রীতি জন্ম সম্মত স্ভার॥
তাহারে সে বলি বিভা মন্ত্র অধ্যয়ন।
কৃষ্ণ-পাদপদ্মেতে করায় স্থির মন॥

সভার জীবন রুক্ষ জনক সভার।
হেন রুক্ষ যে না ভজে সর্ব্ব ব্যর্থ তার॥
যদি বোল শঙ্করের মত সেহ নহে।
তাঁর অভিপ্রায় দাস্য তাঁরি মুথে কহে॥—৩৩।৪০২

এই-সব শুনিয়া শ্রীচৈতন্য সার্কভৌমের নিকট উপদেশ লইবার ছলে "আত্মারামান্চ মুনয়ো" (ভা., ১।৭।১০) শ্লোকের ব্যাখ্যা জিজ্ঞাসা করিলেন। সার্কভৌম
উহার তের প্রকার অর্থ করিলেন। শ্রীচৈতন্য তথন

শ্লোক ব্যাখ্যা করে প্রভু করিয়া হুকার। আত্ম-ভাবে লইয়া ষড়ভুজ অবতার॥

সার্কভৌম ষড্ভুজ মূর্ত্তি দেখিয়া মূর্চ্ছা গেলেন। শ্রীচৈতন্ত "পাদপদ্ম দিলা তাঁর হৃদয় উপর।" তথন সার্কভৌম শ্রীচৈতন্তের স্তব করিতে লাগিলেন। শ্রীচৈতন্ত সম্ভুষ্ট হইয়া বলিলেন—

> শত শ্লোক করি তুমি যে কৈলে স্তবন। যে জন করয়ে ইহা শ্রবণ পঠন॥ আমাতে তাহার ভক্তি হইবে নিশ্চয়।

"সাক্ষতেম শতক" বলি লোকে যেন কয় ॥—৩০।৪০৭
Nityananda prabhu was not present at the time of the event of grace to Sarvabhauma by
Sri Chaitanya. So the narration by Vrindayandas is not acceptable.

বৃন্দাবনদাদের প্রদন্ত এই বিবরণ কৃষ্ণাস কবিরাজ গ্রহণ না করিয়া স্বৃদ্ধির পরিচয় দিয়াছেন। নৈয়ায়িক সার্কভৌম যদি পূর্বে হইতেই ভক্তিপথের পথিক হইবেন, তবে আর তাঁহাকে ভক্ত করায় শ্রীচৈতন্তের মহিমা কোথায় ? একজন স্থাসিদ্ধ পণ্ডিতের মত পরিবর্ত্তন করার পক্ষে এক দিনের ঘটনা যথেষ্ট নহে। সার্কভৌম-উদ্ধারের সময় নিত্যানন্দ প্রভু কাছে বিসিয়া ছিলেন না; স্বতরাং এ বিষয়ে বৃন্দাবনদাদের বর্ণনা সত্য বলিয়া স্বীকার করিবার প্রয়োজন নাই।

কবিরাজ গোস্বামী ছয়টি ঘটনা বর্ণনা করিয়া সার্কভৌম-উদ্ধার-কাহিনী লিথিয়াছেন:

১। সার্বভৌম-কর্ত্ক শ্রীচৈতত্তের পরিচয়-গ্রহণ এবং শ্রীচৈতত্তের বেদান্তে পাঠ-লওয়া-সম্বন্ধে অমুরোধ (২।৬।৪৭-৬২)।

- ২। প্রীচৈতক্ত ঈশব কি না তাহা লইয়া গোপীনাথ অচোর্য্যের সহিত সার্কভৌম ও তাঁহার শিশুদের বিচার (২।৬।৬৬-১০৫)।
- ৩। সার্বভৌমের নিকট সাত দিন পর্যান্ত শ্রীচৈতত্তার রেদান্ত শ্রবণ ও অবশেষে বেদান্ত-বিচার এবং "আত্মারামাশ্চ মুনয়ো" শ্লোকেয় ব্যাখ্যা (২।৬।১১০-১৯৫)। তারপর শ্রীচৈততা সার্বভৌমকে চতুর্জ মূর্ত্তি দেখান ও সার্বভৌম শত শ্লোকে তাঁহার স্তব করেন।
- ৪। অক্স দিন সার্কভৌম মুখ না ধুইয়াই শ্রীচৈতত্ত্য-প্রদত্ত প্রসাদ ভক্ষণ করিলেন ( ২।৬।১৯৬-২১৫ )।
- ধ। অক্স দিন সার্বভৌম ছইটি শ্লোকে শ্রীচৈতক্সের স্তব লিখিয়া পাঠাইলেন (২।৩)২১৬-২৩০)।
- ৬। আর একদিন সার্ব্বভৌম ভাগবতের একটি শ্লোকের "মৃক্তি পদে"র স্থানে "ভক্তি পদে" পরিবর্ত্তন করিয়া উহা পাঠ করিলেন (২।৬।২৩৩-২৫২)।

এই ছয়টি ঘটনা কৃষ্ণদাস কবিরাজ কবিকর্ণপূরের চৈত্তাচন্দ্রোদয় নাটকের ষষ্ঠান্ধ ও মহাকাব্যের দাদশ সর্গ হইতে লইয়াছেন। কর্ণপূরের মহাকাব্যে আছে (১২।২১)—"প্রভাঃ সমীপে ধরণী স্থরাগ্র্যে। বভ্ব সংপাধয়িতুং প্রবৃত্তঃ" অর্থাৎ সার্বভৌম শ্রীচৈতত্যের নিকট নিজ শিশ্বাদিগকে বেদান্তশান্ত্রের অধ্যাপনা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন (শ্রীচৈতত্যকে নহে)। কর্ণপূর চৈতত্যের মুগে বলাইয়াছেন (১২।২০)

"কিম্চ্যতে কঃ থলু পূর্ব্বপক্ষ কিদান্ত রাদ্ধান্তিত্যাতলোষি। বেদান্তশান্ত্রত নচায়মর্থ, তচ্ছু,তাং যত্ত, নিরপয়ামঃ।"

অর্থাং, আপনি কি বলিতেছেন ? পূর্ব্বপক্ষই বা কি ? আর ইহার সিদ্ধান্তই বা কি করিতেছেন ? বেদান্তশান্তের ইহা অর্থ নহে, আমি যাহা নিরূপণ বা ব্যাখা করিতেছি, তাহাই শ্রবণ করুন।

চৈতক্সচন্দ্রাদয় নাটকে বেদাস্থ ও ভাগবত-বিচারের কথাই নাই এবং সার্বভৌমের মৃক্তি শব্দে বিভীষিকার কথাও নাই। শেষোক্ত ঘটনাটি সম্পূর্ণভাবে চৈতক্সচরিতামৃত মহাকাব্য হইতে লওয়া। বিচারের ঘটনাটি কবিরাজ গোস্বামী মহাকাব্য ও নাটকোক্ত সার্বভৌমের কথা যোগ করিয়। দিয়া বর্ণনা করিয়াছেন। অক্স চারিটি ঘটনা প্রাপ্রি নাটক হইতে অন্দিত। দৃষ্টাস্ত দিতেছি। নাটকে আছে—শ্রীচৈতক্স সার্বভৌম-গৃহে আসিলে,

দার্বভৌম-ভট্টাচার্য:—নমো নারায়ণায়। (ইতি প্রণমতি)
ভগবান্—কৃষ্ণে রতিঃ, কৃষ্ণে মতিঃ।
দার্বভৌম-ভট্টাচার্য্য:—(স্বগতম্) অহো, অপুর্বমিদমাশংসনম্। তর্হ্যয়ং
পূর্ববাশ্রমে বৈঞ্বো বা ভবিশ্বতি।

চৈ. চ.—"নমো নারায়ণ" বলি নমস্কার কৈল।

"কৃষ্ণে মতিরস্ত" বলি গোদাঞি কহিল॥
শুনি দার্কভৌম মনে বিচার করিল।
বৈষ্ণব সন্ত্যাদী ইহো বচনে জানিল॥—২।৬।৪৭-১৮

নাটক--

সার্বভৌম-ভট্টাচার্য্য: আচার্য্য, অয়ং পূর্ব্বাশ্রমে গৌড়ীয়ো বা।
গোপীনাথাচার্য্য: —ভট্টাচার্য্য, পূর্ব্বাশ্রমে নবদ্বীপবর্ত্তিনো নীলাম্বরচক্রবর্তিনো দৌহিত্রো জগল্লাথমিশ্রপুরন্দরশ্র তহুজ:।
সা—( সম্বেহাদরম্ ) অহা, নীলাম্বরচক্রবর্তিনো হি মত্তাতসতীর্থা:। মিশ্রপুরন্দরশ্চ মত্তাতপাদানামতিমান্য:।

চৈ. চ.—গোপীনাথ আচার্য্যেরে কহে সার্কভৌম।
গোসাঞির জানিতে চাহি পূর্ব্বাশ্রম॥
গোপীনাথ আচার্য্য কহে নবদীপে ঘর।
জগন্নাথ নাম পদবী মিশ্র পুরন্দর॥
বিশ্বস্তর নাম ইহার তাঁর ইহো পুত্র।
নীলাম্বর চক্রবর্তীর হয়েন দৌহিত্র॥
সার্কভৌম কহে নীলাম্বর চক্রবর্তী।
বিশারদের সমাধ্যায়ী এই তাঁর খ্যাতি॥
মিশ্র পুরন্দর তাঁর মান্ত হেন জানি।
পিতার সম্বন্ধে দোঁহা পূজ্য হেন মানি॥

নাটক--

সার্ব্যভৌম—তন্মগ্রৈবং ভণ্যতে ভদ্রভরদাম্প্রদায়িকভিক্ষোঃ পুনর্যোগপট্রং গ্রাহয়িতা বেদাস্কশ্রবণেনায়ং সংস্করণীয়ঃ। চৈ. চ.—নিরস্তর ইহারে আমি বেদাস্ক শুনাইব।

বৈরাগ্য অতৈত মার্গে প্রবেশ করাইব॥

কছেন যদি পুনরপি যোগ পট্ট দিয়া। সংস্কার করিয়ে উত্তম সম্প্রদায় আনিয়া।

নাটক-

গোপীনাথ:—( সাস্যমিব ) ভট্টাচার্য্য, ন জ্ঞায়তেইস্থ মহিমা ভবন্তি:।

ময়া তু যজদৃষ্টমন্তি তেনাক্ত্মিতময়মীশ্বর এবেতি।

চৈ. চ.—শুনি গোপীনাথ মুকুন্দ দোঁহে তুঃথী হৈলা।

গোপীনাথ আচার্য্য কিছু কহিতে লাগিলা॥

ভট্টাচার্য্য তুমি ইহার না জান মহিমা।
ভগবন্তা লক্ষণের ইহাতেই সীমা॥

তাহাতে বিখ্যাত ইহো পরম ঈশ্বর।

অজ্ঞন্থানে কিছু নহে বিজ্ঞের গোচর॥

নাটক--

শিক্যা:—কেন প্রমাণেন ঈশবোহয়মিতি জ্ঞাতম্ ভবতা ?
গোপীনাথ:—ভগবদমুগ্রহজন্তজানবিশেষেণ হলোকিকেন প্রমাণেন।
ভগবত্তবং লোকিকেন প্রমাণেন প্রমাত্থ ন শক্যতে,
অলোকিকরাথ।

শিক্তা:—নায়ং শাস্ত্রার্থঃ। অনুমানেন ন কথমীশ্বঃ দাধ্যতে ?
গোপীনাথ:—ঈশ্বত্তেন দাধ্যতাং নাম। ন খলু তত্তত্বং দাধ্যিতুং শক্যতে।
তত্ত্ব তদন্ত্রহজন্তভানেনৈব, তস্ত্রপ্রমাকরণহাৎ।

শিখা:—ক দৃষ্টং তন্ত প্রমাকরণত্বম্ ?
কোপীনাথ:—পুরাণবাক্য এব।

শিখা:--পঠ্যতাম্।

গোপীনাথ:—তথাপি তে দেব পদাস্ক্ষয়-

প্রসাদলেশামুগৃহীত এব হি। জানাতি তত্ত্বং ভগ্বন্মহিন্মো

ন চাক্ত একোহপি চিরং বিচিন্নন্ ইতি শান্তাদিবতা হ।

শিখা:—তর্হি শাল্তে: কিং তদমগ্রহো ন ভবতি গোপীনাথ:—অথ কিম্, কথমগ্রথা বিচিন্নরিত্যুক্তম্ ? हि. इ —

শিশুগণ কহে—ঈশ্বর কহ কোন প্রমাণে।
আচার্য্য কহে—বিজ্ঞ মত ঈশ্বর লক্ষণে।
শিশ্য কহে—ঈশ্বর-তত্ত্ব সাধি অসুমানে।
আচার্য্য কহে—অসুমানে নহে ঈশ্বর জ্ঞানে।
ঈশ্বরের ক্নপালেশ হয় ত যাহারে।
সেই ত ঈশ্বর-তত্ত্ব জানিবারে পারে।

তথাহি—'তথাপি তে দেব পদাস্ক্ষয়-' প্রভৃতি।

(২) বেদাস্ক বিচারের কথা মহাকাব্যে আছে, নাটকে নাই। কবিকর্ণপুর লিথিয়াছেন—

> অদৌ বিতগুচ্ছননিগ্রহাজৈ-নিরস্তধীরপ্যথ পূর্ব্বপক্ষম্। চকার বিপ্রঃ প্রভূণা স চাণ্ড

স্বসিদ্ধসিদ্ধান্তবতা নিরন্তঃ।—মহাকাব্য, ১২।২৬

As per Kabikarnapur Sri Chaitanya had taken the help of vitanda during Vedanta discourse with Sarvabhauma. Vitanda is used by the opponent here Sri Chaitanya was opponent.

মঃ মঃ ফণিভূষণ তর্কবাগীশ মহাশয় ইহার অর্থ করিয়াছেন—

ainst the opinion of the other.

বগুল করিলে সেই বিচারের নাম বিতণ্ডা।" কৃষ্ণদাস কবিরাজের কথা ঠিক
হইতে পারে না, কেননা বিতণ্ডা করিতে হইলে প্রতিবাদী চৈত্তমদেবই তাহা

করিতে পারেন। কিন্তু কবিরাজ চৈতন্ত সম্বন্ধে "ছলের" প্রয়োগ কারণ দেখান যুক্তিসম্বত মনে করেন নাই।" (ভারতবর্ষ, ১৩৪৩, কার্ত্তিক, পৃ. ৬৯১)

# কৃষ্ণাস কবিরাজ বলেন-

এইমত কল্পনাভাগ্নে শতদোষ দিল।
ভট্টাচার্য্য পূর্ব্যপক্ষ অপার করিল॥—১৬০
বিতণ্ডা ছল নিগ্রহাদি অনেক উঠাইল।
সব খণ্ডি প্রভূ নিজ মত দে স্থাপিল॥—১৬১

মহাকাব্য-অন্থাবে ভাগবতের শ্লোক লইয়া কোন বিচার হয় নাই। বেদান্ত বিচারের পর সার্কভৌম একাদশ স্বন্ধের চুইটি শ্লোকের ব্যাখ্যা জিজ্ঞাসা করিলে, শ্রীচৈতগ্র

পৃথক্ পৃথক্তান্নবধা চকার
ব্যাখ্যাং স পতাদ্বিতয়স্ত শশ্বং।
অষ্টাদশার্থান্নভয়োর্নিশম্য
মহাবিমুগ্নোহভবদেষ বিপ্রঃ॥—১২৮১

শ্রীচৈতন্ত এক একটি শ্লোকের নয় প্রকার ব্যাখ্যা করিলেন এবং সার্বভৌম উভয় শ্লোকের অন্টাদশ প্রকার অর্থ শুনিয়া বিমুগ্ধ হইলেন। নাটকে ভাগবতের শ্লোক-ব্যাখ্যার কথাই নাই। বৃন্দাবনদাস "আত্মারামাশ্চ মুনয়ো" শ্লোকের ব্যাখ্যার কথা বলিয়াছেন। ঐ শ্লোক প্রথম স্বন্ধের,—একাদশ স্বন্ধের নহে। করিরাজ গোস্বামী করিকর্ণপূরের একাদশ স্বন্ধ ভাগবতের শ্লোক-ব্যাখ্যার কথা না লইয়া বৃন্দাবনদাসোক্ত "আত্মারাম" শ্লোক লইয়াছেন। বৃন্দাবনদাস কিন্তু বলেন যে সার্কভৌম নিজে

ত্রয়োদশ প্রকার শ্লোকার্থ বাখানিয়া। কহিলেন আর শক্তি নাহিক বলিয়া॥

তারপর শ্রীচৈতন্ত শ্লোক ব্যাখ্যা করিলেন। কয় প্রকারের ব্যাখ্যা করিলেন তাহা রন্দাবনদাস বলেন নাই। রুঞ্চাস করিরাজ বলেন শ্রীচৈতন্ত ভট্টাচার্ঘ্য-কৃত "নব অর্থ মধ্যে এক না ছুইল" এবং শ্লোকের অষ্টাদশ অর্থ করিলেন।

শ্রীচৈতত্তের তিরোভাবের পর দিন যতই যাইতে লাগিল ততই শ্রীচৈত্ত্য-ক্বত ভাগবতের শ্লোক-বিশেষের বিভিন্নপ্রকার ব্যাখ্যার সংখ্যা বাডিতে লাগিল। কবিকর্ণপূর বলিলেন নয় প্রকার, বৃন্ধাবনদাস অয়োদশাধিক প্রকার, কুঞ্চদাস কবিরাজ এই প্রসঙ্গে আঠার প্রকার এবং সনাতন গোধামীকে শিক্ষাদান-প্রসঙ্গে একষ্টি প্রকার ব্যাখ্যার কথা উল্লেখ করিলেন (মধ্যলীলা, ২৪ পরিচ্ছেদ)।

কৃষ্ণনাস কৰিবাজ বেদাস্ত-বিচাৰ-প্ৰসক্ষে যে-সৰ কথা শ্ৰীচৈতন্তের ম্থ দিয়া বলাইয়াছেন, তাহার অনেকগুলি কৰিকৰ্ণপূব নাটকে সাৰ্বভৌমের ম্থ দিয়া বলাইয়াছেন। চৈতন্তচন্দ্রোদয় নাটকে আছে যে সার্বভৌম শ্রীচৈতন্তের নিকটে জালাথের প্রসাদ ম্থ না ধুইয়াই থাওয়ার পর, একদিন শ্রীচৈতন্তের নিকটে When Sarvabhauma praised Sri Chaitanya as GOD, Sri Chaitanya puts his hands over the ears আদিয়া তাঁহাকে ভগবান্ বলিয়া স্তব করিলেন। শ্রীচৈতন্ত কালে হাত i.e. refused to listen

দিলেন। তারপর সার্বভৌম নিজেই নানা যুক্তির দারা অহনত-মত খণ্ডন As per Chaitanyachandradyoy drama Sarvabhauma himself put forth logic against Advaita, but করিলেন। কৃষ্ণদাস কৰিবাজ সার্বভৌমের উক্তির অনেকগুলি শ্রীচৈতন্তের মেরাজানবিভৌমের যুক্তিকে খণ্ডন করাইয়াছেন। দৃষ্টাস্ত দেওয়া যাক। নিমে নাটকের ষষ্ঠ অত্ব হইতে উদ্ধৃত প্রত্যেকটি অংশ সার্বভৌমের উক্তি এবং চরিতামৃত হইতে উদ্ধৃত প্রত্যেকটি অংশ সার্বভৌমের উক্তি এবং চরিতামৃত হইতে উদ্ধৃত প্রত্যেকটি অংশ শার্কভৌমের

#### নাটক---

যশ্মিন্ বৃহত্বাদথ বৃংহণত্বামুখ্যার্থকতে সবিশেষতায়াম্। যে নির্বিশেষত্বমূদীরয়ন্তি তে নৈব তৎ সাধ্য়িতুং সমর্থা:॥
তথাহি—হয়শীর্ষপঞ্চরাত্তম্

যা যা শ্র তির্জন্পতি নিবিশেষং, সা সাভিধত্তে সবিশেষমেব। বিচারযোগে সতি হস্ত তাসাং, প্রায়ে। বলীয়ঃ সবিশেষমেব॥

চৈ. চ.—বেদ পুরাণে কহে ব্রহ্ম বৃহ**দ্প ঈশ্**র লক্ষণ॥
সর্কিশ্বর্য্য পরিপূর্ণ স্বয়ং ভগবান্।
তারে নিরাকার করি করহ ব্যাখ্যান॥
নির্কিশেষ তারে কহে ্যেই শুভিগণ।
প্রাকৃত নিষেধি অপ্রাকৃত করয়ে স্থাপন॥

তথাহি—যা যা শ্রতির্জ্পতি নির্কিশেষম্

নাটক—তথাহি, 'আনন্দান্ধ্যেব খলিমানি ভূতানি জায়স্তে। আনন্দেনৈব জাতানি জীবস্তি। আনন্দং প্রয়ম্ভ্যাভিসংবিশস্তি।' ইত্যাদিকয়া শ্রুত্যা অপাদানকরণকর্মাদিকারকত্বেন বিশেষবত্বাপত্তে:। চৈ. চ.—ব্রহ্ম হইতে জন্মে ব্রহ্মেতে জীবয়।
সেই ব্রহ্মে পুনরপি হয়ে যায় লয়॥
স্থাদান করণাধিকরণ কারক তিন।
স্থাবানের স্বিশেষ এই তিন চিন্॥

শ্রুতিতে "আনন্দং প্রয়স্ত্যভিদংবিশস্তি" থাকায় নাটকে কর্মকারকের কথা আছে; কিন্তু কৃষ্ণদাস কবিরাজ যে হেতু উহার অন্তবাদ করিয়াছেন—"সেই ব্রুক্ষে পুনরপি হয়ে যায় লয়" সেই হেতু অধিকরণ কারক লিখিয়াছেন।

#### নাটক---

"তথা চ ব্রন্ধেতি পরমাত্মেতি ভগবানিতি শব্যতে" স্বপক্ষরক্ষণগ্রহ গ্রহিলাম্ব মৃথ্যার্থাভাবাভাবেহিদি লক্ষণয়া নিরূপয়িতুমশক্যমিদি নির্কিশেষত্বং যে প্রতিপাদয়স্তি তেষাং ত্রাগ্রহমাত্রম্।

- চৈ. চ.—স্তের মুখ্যার্থ তুমি না কর ব্যাখ্যান।
  কল্পনা অর্থেতে তাহা কর আচ্ছাদন॥
  উপনিষদ্ শব্দের সেই মুখ্য অর্থ হয়।
  সেই মুখ্য অর্থ ব্যাস স্ত্রে সব কর॥
  মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা।
  অভিধা বৃত্তি ছাড়ি শব্দের করহ লক্ষণা॥
- (৩) সার্কভৌম মৃথ না ধুইয়া প্রদাদ খাইলেন, এ ঘটনা কবিকর্ণপূরের নাটকে ও মহাকাব্যে (১২।৭১) আছে; কবিরাজ গোস্বামী উভয়েরই ভাব লইয়া স্বগ্রন্থে বর্ণনা করিয়াছেন।
- (৪) "বৈরাগ্যবিদ্যা নিজভক্তিযোগে" প্রভৃতি তৃইটি শ্লোক লিখিয়া পাঠানোর কথাও কবিকর্ণপূরের উভয় গ্রন্থেই আছে। কৃষ্ণদাদ কবিরাজের

প্রভু শ্লোক পঢ়ি পত্র চিরিয়া ফেলিল। ভিত্তে দেখি ভক্ত সব শ্লোক কঠে কৈল॥

—ইহা মহাকাব্যের নিম্নলিথিত শ্লোকের অন্তবাদ:

ইতি প্রপঠ্যের বিহস্ত দোর্ভার বিদারয়ামাস রূপাস্থিয়েম্। ভিত্তো বিলোক্যাথ সমগুলোক-শুকার কঠে মণিবত্তদৈর ॥—১২।৮৮ সার্কভৌমের ঐতিচতগ্রন্থব পড়িয়া প্রভু বে ছিঁড়িয়া কেলিয়াছিলেন, সে কথা নাটকেও আছে।

( e ) ভাগবতের শ্লোকের মধ্যে "মৃক্তি পদে" শব্দ "ভক্তি পদে" পরিবর্ত্তন করার কথা মহাকাব্যের ১২।৯১ শ্লোকে আছে। ক্লফদাস কবিরাজ লিখিয়াছেন যে মহাপ্রভূ মৃক্তি শব্দের অন্ত অর্থ করিলেও সার্ব্যভৌম বলিলেন—

> যগুপি তোমার অর্থ এই শব্দে কয়। তথাপি অশ্লীল দোষে কৃহনে না যায়॥

এটি কবিকর্ণপুরের ভাবাহ্নাদ; ষ্থা—

তথাপ্যসভাশ্বতিহেতুবন্ধাদল্লীলদোষোহয়মিতি ব্রবীমি ৷—মহাকাব্য, ১২৷৯৩

দার্বভৌম উদ্ধার কোন সময়ে হইয়াছিল তাহার বিচার করা প্রয়োজন। স্বর্গীয় দীনেশচন্দ্র ভট্টাচার্য্য দেখাইয়াছেন (ভারতবর্ষ, চৈত্র, ১৩৪৭, পৃ. ৪২৩) যে দার্ব্বভৌম অবৈতমকরন্দের টীকার শেষে লিখিয়াছেন—

কর্ণাটেশ্বর-ক্বঞ্চরায়নূপতে-গর্কাগ্নিনির্কাপকো যত্র ক্যন্তভরোহভবৎ গঙ্গপতিঃ শ্রীক্ত্রভূমিপতে: ॥ তস্ম ব্রন্ধবিচারচাক মন সং শ্রীকৃর্মবিভাধর স্থানন্দো মকরন্দ শুদ্ধিবিধিনা সাজ্যোময় মন্ত্রিতঃ ॥

তিনি বলেন যে কর্ণাটরাজ কৃষ্ণরায় ১৫১০ খ্রীষ্টাব্দে সিংহাসনে অধিরোহণ এবং ১৫১১ খ্রীষ্টাব্দে উৎকল আক্রমণ করেন। স্বতরাং অবৈতমকরন্দের টীকা ১৫১১ খ্রীষ্টাব্দের পূর্ব্বে রচিত হওয়া সম্ভব নহে। ঐ টীকায় অবৈতবাদ প্রচার করা হইয়াছে। স্বতরাং শ্রীচৈতন্তের মত গ্রহণের পূর্বে উহা রচিত হইয়াছিল। ভট্টাচার্য্য মহাশয় লিথিয়াছেন—"চৈতক্ত-চরিতকারদের মতে ১৫০৯ খ্রীষ্টাব্দে চৈতক্তদেব সার্ব্বভৌমকে প্রথম দর্শনকালেই স্বমতে আনয়ন করিয়াছিলেন।" এই উক্তি ঠিক নহে, কেন-না চৈতক্তদেব সন্ধ্যাস গ্রহণ করেন ১৫১০ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে; তারপর কয়েকদিন রাঢ়ে ভ্রমণ করিয়া অবৈতগৃহে শান্তিপুরে যান; সেখানে দশ দিন থাকিয়া উড়িয়ায় যাত্রা করেন। কিন্তু তথন হুদেন সাহের সহিত উৎকলের যুদ্ধ চলিতে থাকায়

Sri Chaitanya had taken monastic vow / sannyasa on Feb 1510 CE, after visiting Radha stayed at Advaita's house at Shantipur for 10 days before starting for Puri. At that time there was an ongoing war between Husen Sah and Utkal's Prataprudradev.

পথ বিশ্বসন্থল ছিল এবং প্রভুর পুরীতে পৌছাইতে কিছু বিলম্ব হইয়াছিল। পুরীতে ষেদিন পৌছাইলেন সেইদিনই যে প্রভু সার্বভৌমকে উদ্ধার করিলেন এমন কথা কোন চৈত্যুচবিতকারই বলেন নাই। স্থতরাং ১৫১১ এটাবের মাঝামাঝি সময়ে অংহতমকরন্দের টীকা লেখার পর ঐ সালেই সার্বভৌম ভট্টাচার্য্য ঐতিচতক্তের মত গ্রহণ করিয়াছিলেন বলিলে টাকার রচনার তারিখের সহিত চরিতগ্রন্থসমূহে প্রদত্ত বিবরণের সামঞ্জ হয়।

শার্কভৌমের চৈত্রচরণাশ্রয় গ্রহণ একটি প্রধান ঘটনা। কেন-না বাহুদের সার্কভৌম পঞ্চদশ শতাকীর শেষভাগে ও ষোড়শ শতাকীর প্রথম দিকে এক ভারতবিখ্যাত পণ্ডিত। দীনেশ ভট্টাচার্ঘ্য মহাশয় অফুমান করেন যে তিনি ১৪৮০-১৪৯০ খ্রীষ্টাব্দের মধ্যে নব্যক্তায়ের টীকা রচনা করিয়াছিলেন। তাঁহার মত রঘুনাথ শিরোমণির "অহমানদীধিতি"র বছস্থলে সার্কভৌম-মত বলিয়া উদ্ধৃত হইয়াছে। সার্কভৌমের পুত্রও প্রতাপক্ষের নিকট হইতে বাহিনীপতি এই military title পাইয়াছিলেন। এই পুত্রের নাম জলেশ্বর বাহিনীপতি মহাপাত্র ভট্টাচার্য্য। তাঁহার গ্রন্থের নাম শব্দালোকোন্ডতি। মঃ মঃ গোপীনাথ কবিরাজ এই গ্রন্থের পরিচয় দিয়াছেন। প্রীচৈতক্তের রূপায় সার্কভৌমবংশ যে বৈফব হইয়াছিলেন তাহার অক্ততম প্রমাণ হইতেছে যে জলেখরের পুত্র সপ্রেখরাচার্য্য শান্তিল্যস্ত্তের ভাষ্য লেখেন। শাণ্ডিল্যস্ত্র ভক্তিশান্ত্রের একটি শুস্ত।

Sri Chaitanya's pilgrimage to south of India as narrated by Krishnadas

কবিরাজ গোস্বামী ঐতিচতত্তের দক্ষিণাপথ-ভ্রমণ লিখিতে যাইয়া সপ্তম, অষ্টম ও নবম পরিচ্ছেদে নিম্নলিথিত কয়েকটি ঘটনার বর্ণনা করিয়াছেন। এইগুলির মধ্যে ছুইটি ছাড়া আর সবগুলিই হয় কবিকর্ণপূরের গ্রন্থময়ে, না হয় মুরারির কড়চায় আছে। কবিরাজ গোসামী এ-দব ঘটনা লইয়া কোন কোন ছলে উহাদের উপর একটু অলৌকিকতার রং চড়াইয়াছেন।

(ক) দাক্ষিণাত্য-ভ্রমণকালে এটিচতত্যের প্রেম-প্রচারের প্রণালী-সম্বন্ধে মুরারি বলেন-

> किश्र अधि जनः पृष्टेमानिषः अकिनश्रदेशः। স তত্ত্ব প্রেমবিবশো নৃত্যন্ গায়নুদৈব চ ॥

নিজগেহং জগাম স প্রেমধারাশতপ্রভঃ।

অক্তগ্রামজনান্ দৃষ্ট্রা প্রেমালিকমকারয়ং॥

তে পুনঃ প্রেমবিশ্রান্তং গায়ন্তি চ রমন্তি চ।

এবং পরম্পরা যেমু তান সর্কান সমকারয়ং॥—৩।১৪।১৮-২০

# रें . च.—

কতক্ষণ রহি প্রভূ তারে আলিন্দিয়া।
বিদায় করেন তারে শক্তি সঞ্চারিয়া॥
সেই জন নিজ গ্রামে করয়ে গমন।
কৃষ্ণ বোলে হাসে কান্দে নাচে অমুক্ষণ॥
যারে দেখে তারে কহে কহ কৃষ্ণ নাম।
এই মত বৈষ্ণব কৈল সব নিজ গ্রাম॥
গ্রামান্তর হৈতে দৈবে আইদে যত জন।
তাহার দর্শন-কুপায় হয় তার সম॥
সেই যাই নিজ গ্রাম বৈষ্ণব করয়।
অন্তগ্রামী আদি তাঁরে দেখি বৈষ্ণব হয়॥—২।৭।৯৬-১০০

- (খ) ঐতিচতন্ত যখন দাক্ষিণাত্যে যাত্রা করেন, তখন সার্ব্ধভৌম তাঁহাকে রামানন্দের সহিত দেখা করিতে অমুরোধ করেন।
  - रें ह., २।१।७১-७२ ; महाकारा, ১२।১२·
  - (গ) কুর্ম নামক ব্রাহ্মণ-গৃহে খ্রীচৈতন্তের ভিক্ষা-গ্রহণ।
    —- চৈ. চ., ২।৭।১১৮-১৩২; মহাকাব্য, ২।১০২-১০৫
- (ঘ) কুটা বাস্থদেবের কাহিনী। —মহাকাব্য, ১২।১০৮-১১২ রুঞ্চাস কবিরাজ-ধৃত ভাগবতের শ্লোক "কাহং দরিদ্রঃ পাপীয়ান্"— উভয় গ্রন্থেই আছে ( চৈ. চ., ২।৭।১৩৩-১৪৪ )।

এই কয়টি ঘটনাই কবিরাজ গোস্বামী তাঁহার পূর্ববর্তীদের লিখিত গ্রন্থে পাইয়াছেন কিন্তু অধ্যায়ের (৭ম) শেষে বলিয়াছেন—

> চৈতন্ত্ৰলীলার আদি অন্ত নাহি জানি। সেই লিখি যেই মহাল্ডের মুখে শুনি॥—২।৭।১৪৯

শ্রীচৈতন্ত তাঁহার প্রাতা বিশ্বরূপকে খুঁজিতে দক্ষিণ-প্রমণে যাইতেছেন এই

কথাটি কোন লিখিত গ্রন্থে নাই—কবিরাজ গোলামী কোন লোকের মুখে শুনিরা থাকিবেন।

- (৬) রামানন্দ-মিলন-সংবাদ লইয়া অন্তম পরিচ্ছেদ লিখিত হইয়াছে।
  ইহার মূলস্ত্র যে কবিকর্ণপ্রের গ্রন্থ হইতে লওয়া তাহা পূর্বের বিলিয়াছি।
  কবিরাজ গোলামী ভক্তিরদায়তদির্ক্-বর্ণিত দাধন ও উজ্জ্বনীলমণি-বর্ণিত
  দাধ্যত্ত্ব কবিকর্ণপ্রের বর্ণনার সহিত যোগ করিয়া এই অধ্যায় লিখিয়াছেন।
  চরিতায়তে লিখিত প্রীচৈতক্স-রামানন্দ-সংবাদ যে প্রকৃত কথোপকথনের
  বিপোর্ট নহে, তাহা প্রকারান্তরে কবিরাজ গোলামী নিজেই বলিয়াছেন।
  তিনি স্বকৃত গোবিন্দলীলায়তের লোক (চৈ. চ., ২৮।৪০ ও ৪৪-৫৫ স্লোক)
  রামানন্দের মুখ দিয়া বলাইয়াছেন। তিনি রামানন্দের মুখ দিয়া ব্লক্ষংহিতার
  ছইটি স্লোক (চৈ. চ., ২৮।২৯ ও ৩০) উদ্ধার করাইয়াছেন, কিন্তু পরবর্ত্তী
  অধ্যায়ে কবিরাজ নিজেই বলিয়াছেন যে রামানন্দ-মিলনের বহুপরে কৃষ্ণবেগাতীর
  ছইতে মহাপ্রভু ব্লক্ষংহিতা ও কৃষ্ণকর্ণায়ত সংগ্রহ করিয়া আনিয়াছিলেন
  এবং রামানন্দ তাহা লিখিয়া লইয়াছিলেন।

কবিবাজ গোসামী লিখিয়াছেন---

দক্ষিণাদেশের লোক অনেক প্রকার।
কেহো জ্ঞানী কেহো কন্মী পাষণ্ডী অপার ॥
সেই সব লোক প্রভুর দর্শন প্রভাবে।
নিজ নিজ মত ছাড়ি হইল বৈফবে॥

- ছে) ঐতিত্ত যাইবার পথে এক ব্রাহ্মণকে রামনাম করিতে দেখেন, ফিরিবার পথে দেখেন যে তিনি কৃষ্ণনাম করিতেছেন। এই ঘটনাটি নাটক হইতে অহুবাদ করিয়া চরিতামৃতে লিখিত হইয়াছে। এই প্রসঙ্গে করিয়ান্ত গোষামী "রমন্তে যোগিনোহনস্তে", "কৃষিভূ বাচক: শব্দ:", "সহস্রনামভিত্তলাম্" এই তিনটি শ্লোক উদ্ধার করিয়াছেন—ঐ তিনটি শ্লোকই নাটকে আছে।
- (ড়) চরিতামৃতে বর্ণিত ঐতিচতন্তের বিরুদ্ধে বৌদ্ধদের ষড়যন্ত্রের কাহিনীও নাটক হইতে লওয়া। তবে এই ঘটনা বর্ণনা করিতে যাইয়া কৃষ্ণদাস কবিরাজ অলৌকিক ঘটনার অবতারণা করিয়াছেন।

নাটকে আছে—পাষণ্ডিনো 'বৈশ্ববোহয়ং ভবতি ভিক্তগবৎ-প্রসাদনামৈবেদং গ্রহীয়তি। তদেতদয়মেনমাশয়ামং' ইতি শভোজনযোগ্যমশুচিতরায়ং স্থাল্যাং নিধায় পুরো গত্বা, স্থামিন্ ভগবৎ-প্রসাদমিমং গৃহাণেতি
শ্রাবয়িত্বা সম্চিরেইচিরেণ। ভগবান্ সর্কজ্ঞোইপি ভগবৎপ্রসাদনায়া
তত্ত্যাগমসহমান এব পাণৌ গৃহীত্বা তৎসহিত্যেব পাণিম্লম্য চলিতবান্।
সমনস্তর্মেব মহতা কেনাপি বিহগেন চঞ্পুটে কৃত্বা তদয়ং ভগবৎকরতলতঃ
সমাদায় সমুভটীনম্। (সপ্তম আক)

চরিতামৃতে ইহার অহবাদ

প্রভূকে বৈষ্ণব জানি বৌদ্ধ ঘর গেলা।
সর্ববৌদ্ধ মিলি তবে কুমন্ত্রণা কৈলা ॥
অপবিত্র অল্ল থালিতে করিয়া।
প্রভূ আগে আনিল বিষ্ণুপ্রসাদ করিয়া।
হেন কালে মহাকায় এক পক্ষী আইল।
ঠোঁটে করি অল্ল সহ থালি লঞা গেল॥

কিন্তু এই ঘটনার পূর্ব্বে কৃষ্ণদাস কবিরাজ্ব বর্ণনা করিয়াছেন যে ঐতিচতপ্রের সহিত দার্শনিক বিচারে বৌদ্ধ পণ্ডিতগণ পরাজিত হইলেন। পূর্বের নাটকের ও তদস্পত চরিতামতের উক্তি উদ্ধৃত করিয়া দেখাইয়াছি যে অস্তাস্থ ধর্ম-সম্প্রদায়ের লোকে "বিনোপদেশেন" ঐতিচতস্তকে দেখিয়াই বৈষ্ণব হইয়াছিলেন। ঐতিচতস্তকে তর্কপ্রিয়রূপে অন্ধন করিবার স্থযোগ জুটিলে, কবিরাজ গোস্বামী তাহা ছাড়েন নাই। যাহা হউক, নাটকে পাথীতে থালিশুদ্ধ অন্ধ লইয়া যাইবার কথা পর্যান্ত আছে। অন্ত কিছু নাই। কিন্তু

কঞ্চাস কবিবাক লিথিয়াছেন যে সেই থালি তেরছা ভাবে বৌদ্ধাচার্য্যের মাথায় পড়িল, তাঁহার "মাথা কাটা গেল"। তাঁহার শিশ্রেরা হাহাকার করিয়া কাদিছে লাগিল এবং প্রভুর পদে শরণ লইল। প্রভু তথন বলিলেন, "গুরুকর্ণে কহ কুঞ্নাম উচ্চ করি।" কুঞ্নাম শুনিয়া বৌদ্ধাচার্য্যের মূর্চ্ছাভঙ্গ হইল এবং "কুঞ্চ বলি আচার্য্য প্রভুকে করয়ে বিনয়।"

- (ঝ) চরিতামতের বেয়ট্ট ভটের সহিত মিলন-প্রসঙ্গ কবিকর্ণপ্রের নাটকে নাই, মহাকাব্যে আছে (১৩।৪-৫)। কবিরাজ গোস্বামী মহাকাব্যের স্ত্রে লইয়া ঐ ঘটনা বর্ণনা করিয়াছেন, কিন্তু গোপাল ভটের নাম করেন নাই।
- (এ) শ্রীরক্ষেত্রে যেখানে বেকট্র ভট্ট থাকিতেন দেইখানে এক ব্রাহ্মণ অন্তর্ধরণে গীতাপাঠ করিতেন। এই বিপ্রের কাহিনী নাটকে নিম্নলিখিতরূপে আছে: "এবং কচন স্থলে কমপি ব্রাহ্মণমতিমূর্থত্যা শব্দার্থাববোধবিরহেণ ভিন্নবর্জিতং ভগবলগীতাং পঠন্তং প্রায়শ: সর্কৈরেব বিহস্তমানমথ চ যাবৎপাঠং তাবদেব প্লকাশ্রুবিবশং বিলোক্য, অহে অয়মৃত্তমোহধিকারীতি ভগবাংন্তমবাদীৎ 'ব্রহ্মন্, যৎ পঠ্যতে তন্ত কোহর্থং' ইতি। স প্রত্যুচে 'ব্যামিন্ নাহমর্থং কিমপি বেদ্মি, অপি তু পার্থর্যস্থং তোত্রপাণিং তমালশ্রামং শ্রীকৃষ্ণং যাবৎ পঠামি তাবদেব বিলোক্যামি' ইতি। তদা ভগবতোক্তম্ 'উত্তমোহধিকারী ভবান্ গীতাপাঠন্তা' ইতি তমালিলিক। তদহ স থলু গীতাপাঠক্রাদানন্দাদিপ প্রায়ুবতর্মানন্দ্মাগাত্য, 'স্বামিন্ স এব ত্ম্' ইতি ভ্রেমা নিপত্য প্রণমন্নতিশয়-বিহ্বলো বভূব।"

চরিতামৃতে ইহার অবিকল-অমুবাদ প্রদত্ত হইয়াছে; কেবল বেশীর ভাগ বলা হইয়াছে যে এ ঘটনা শ্রীরঙ্গক্ষেত্রে ঘটিয়াছিল; যথা—

সেই ক্ষেত্রে রহে এক বৈষ্ণব ব্রাহ্মণ।
দেবালয়ে বিদি করে গীতা আবর্ত্তন ॥
অস্তাদশাধ্যায় পঢ়ে আনন্দ আবেশে।
অশুদ্ধ পঢ়েন—লোকে করে উপহাসে॥
কেহো হাসে, কেহো নিন্দে, ভাহা নাহি মানে।
আবিষ্ট হইয়া গীতা পঢ়ে আনন্দিত মনে॥
পুলকাশ্রু কম্প স্বেদ যাবং পঠন।
দেখি আনন্দিত হৈল মহাপ্রভুর মন॥

মহাপ্রভু পৃছিলা তাঁবে তন মহাশর।
কোন্ অর্থ জানি তোমার এত স্থথ হয়॥
বিপ্রা কহে মূর্থ আমি শব্দার্থ না জানি।
তদাত্তক্ষ গীতা পঢ়ি গুরু আজ্ঞা মানি॥
অর্জ্জনের রথে কৃষ্ণ হঞা রজ্জ্ধর।
বিদয়াছে হাতে তোত্র শ্রামল স্থলর॥
অর্জ্জনেরে কহিতেছেন হিত-উপদেশ।
তাহা দেখি হয় মোর আনন্দ অশেষ॥
যাবৎ পঢ়ো তাবৎ পাও তাঁর দরশন।
এই লাগি গীতা পাঠ না ছাড়ে মোর মন॥
প্রভু কহে গীতা পাঠে তোমারি অধিকার।
তুমি সে জানহ এই গীতার অর্থসার॥
এত বলি সেই বিপ্রে করেন শুবন॥
তোমা দেখি তাহা হৈতে দিগুণ স্থথ হয়॥
সেই কৃষ্ণ তুমি হেন মোর মনে লয়॥

- (ট) চরিতামতে তারপর ঋষভ পর্বতে (মাহুরা জেলায়) পরমানন্দ পুরীর সহিত শ্রীচৈতন্তের সাক্ষাৎকারের কথা বর্ণিত আছে। মুরারির কড়চায় (৩।১৫।১০-২৫) এবং মহাকাব্যেও ঠিক ঐ ঘটনা আছে (১৩।১৪-১৬); কিন্তু কোথায় ঐ মিলন ঘটয়াছিল তাহা মুরারির গ্রন্থে বা শ্রীচৈতন্তের তিরোভাবের নয় বৎসর পরে মাত্র লিখিত মহাকাব্যে কথিত হয় নাই।
- (ঠ) সীতাকে বাবণ হরণ করিয়া লইয়া গিয়াছেন বলিয়া রামভক্ত একজন বাহ্মণ থাওয়া দাওয়া ছাড়িয়াছিলেন। খ্রীচৈতন্ত তাঁহাকে কূর্মপুরাণের শ্লোক দেখাইয়া প্রবাধ দিলেন যে বাবণ ছায়া-দীতা মাত্র লইয়াছিল। এই ঘটনা মহাকাব্যে (১০১০-১০) বর্ণিত হইয়াছে, কৃষ্ণদাস কবিরাজ্ব তাহাই অবলম্বন করিয়া ঐ বিবরণ চরিতামতে লিখিয়াছেন। মহাকাব্যে চরিতামত-ধৃত দীতয়ারাধিতো বহিং" ও "পরীক্ষাসময়ে বহিং" এই ত্ইটি শ্লোকও আছে।

চরিতামৃতে আছে যে ঐটেচতক্ত রামেশ্বর আদিয়া কৃর্মপুরাণ শুনেন এবং সেইখানে উক্ত হুইটি শ্লোক-সমন্বিত পুথির পুরাতন পাতাটি আনিয়া দেই বিপ্রকে দেখান। এ পাতা দেখিয়া বিপ্র আনন্দিত হইয়া শ্রীচৈতক্তকে বলিলেন, "তুমি সাক্ষাৎ শ্রীরঘুনন্দন।" মহাকাব্যে কিছু আছে যে শ্রীচৈতক্ত

> পুরাণপত্তবয়মিত্যকশ্মা-দদর্শৎ স্বাঞ্চলতো বিক্নয়॥

এই ঘটনা কোথায় ঘটিয়াছিল তাহার সন্ধান মহাকাব্যে পাওয়া যায় না; চরিতামৃত বলেন উহা দক্ষিণ মথুরায় ঘটিয়াছিল।

- (ভ) রুফ্লাস কবিরাজ গোস্বামী শ্রীচৈতত্যের অন্ত্র রুফ্লাসের কাহিনীও মহাকাব্য হইতে লইয়া কিঞ্চিৎ অলোকিকত্ব যোগ করিয়া বর্ণনা করিয়াছেন। মহাকাব্যের (১৩।২৩-৩০) প্রানত্ত বর্ণনার সহিত কবিরাজ গোস্বামীর প্রানত্ত বিবরণের তিনটি পার্থক্য আছে।
- ১। কবিকর্ণপূর বলেন পাষণ্ডিগণ কৃষ্ণদাসকে সশরীরে স্বর্গে লইয়া ঘাইবার লোভ দেখাইয়াছিল। কবিরাজ বলেন "ত্রীধন দেখাইয়া তাঁহার লোভ জন্মাইল।"
- ২। কবিকর্ণপূর বলেন শ্রীচৈতন্ত ভট্টমারিদিগকে ব্ঝাইয়া "কথংকথঞ্চি-দ্বিম্থীচকার।" কবিরাজ গোস্বামী বলেন যে শ্রীচৈতন্তের কথা—

শুনি সব ভট্টমারি উঠে অন্ত লক্রা।
মারিবারে আইদে সব চারিদিকে ধাক্রা॥
তার অন্ত তার অঙ্গে পড়ে হাথ হৈতে।
থণ্ড থণ্ড হৈল ভট্টমারি পলায় চারিদিকে॥

৩। কবিকর্ণপূর বলেন যে ঐতিচতত রুফদাসকে ছাড়িয়া চলিয়া গেলেন।
কবিরাজ গোস্বামী বলেন "কেশে ধরি বিপ্র লঞা করিলা গমন।" কবিকর্ণপূরও
বলেন যে ঐতিচতত রুফদাসকে একেবারে ছাড়েন নাই, কেন-না নীলাচলে
পৌছিয়া ঐতিচতত সর্বজন সমক্ষে রুফদাসকে বর্জন করিলেন; যথা—

অথৈষ নাথঃ পুরতো হুমীযাং
সাক্ষিত্মাধায় চ কৃষ্ণদাসম্।
তং ক্ষেত্রমানীতমতিপ্রযন্ত্রাদ্যক্ষেতি সম্যাধিসসর্জ তত্র ॥—১০।৫৪

(ট) তারপর কৃষ্ণদাদ কবিরাজ দপ্ততাল-বিমোচনরপ অলৌকিক ঘটনাটি

(চৈ. চ., ২। ১। ২৮৩-২৮৭) মুবাবির কড়চা (৩) ৯। ১-২) এবং কবিকর্ণপুরের মহাকাব্য (১৩) ১৭-১৯) হইতে লইয়াছেন। কোন্ স্থানে ঐ ঘটনা ঘটিয়াছিল তাহা মুবাবি বা কবিকর্ণপুর বলেন নাই। ক্ষণাস কবিরাজ বলেন উহা দওকারণ্যে ঘটিয়াছিল।

চরিতামতে শ্রীচৈতত্তের দাক্ষিণাত্য-শ্রমণ-প্রসঙ্গে সর্বাসনির নিকট হইতে আছে। তর্মধ্যে উল্লিখিত ১৪টি কবিকর্ণপূর ও ম্রারির নিকট হইতে লওয়া। বাকী তিনটির মধ্যে একটি হইতেছে শ্রীচৈতত্ত্বের ব্রহ্মসংহিতা ও রুষ্ণকর্ণামৃত সংগ্রহ করা। কবিরাজ গোস্বামী কর্ণামৃতের টীকা লিখিয়াছেন, স্তরাং ঐ গ্রন্থ কিরূপে উত্তর-ভারতে আদিল তাহা তাঁহার জানাই বিশেষ সম্ভব।

কৃষ্ণদাস কবিরাজ-বর্ণিত পাণ্ডুপুরে (পাণ্টারপুর) শ্রীচৈতক্তের সহিত শ্রীরঙ্গপুরীর মিলন-বুত্তান্ত অন্য কোন চরিতগ্রন্থে পাওয়া যায় না।

তত্ত্বাদী বা মাধ্বমতাবলম্বীদের সহিত বিচারও কৃষ্ণদাস কবিরাজ-কর্তৃক সর্বপ্রথমে বর্ণিত হইয়াছে।

শ্রীচৈতক্তচবিতামতের মধ্যলীলার সপ্তম, অষ্টম ও নবম পরিচ্ছেদ আলোচনা করিয়া দেখা গেল যে রুফদাস কবিরাজ কবিকর্ণপূর হইতে প্রায় সবগুলি ঘটনা লইয়াছেন। কিন্তু কবিকর্ণপূর (ছ)-বর্ণিত ঘটনায় লিখিয়াছেন "অন্তেত্মর-ন্যত্র," কবিরাজ বলেন ঐ ঘটনা সিদ্ধবট-নামক স্থানে ঘটিয়াছিল। (জ)-বর্ণিত ঘটনা কোন্ স্থলে ঘটিয়াছিল তাহা কবিকর্ণপূর বা কবিরাজ কেহই বলেন নাই। (এঃ)-বর্ণিত ঘটনা কোথায় ঘটিয়াছিল তাহা কবিকর্ণপূর বলেন নাই, কবিরাজ বলেন এরঙ্গক্ষেত্রে। (ট)-বর্ণিত ঘটনা কবিরাজ ঋষভ পর্বতে ঘটাইয়াছেন, কিন্তু মহাকাব্যে কোন স্থান-নির্দেশ নাই। (ঠ)-বর্ণিত ঘটনা কবিবাজ দক্ষিণ মথুবায় ঘটিয়াছিল বলিয়াছেন, কিন্তু মহাকাব্যে কোন স্থান-নির্দেশ নাই। ১৫৪২ খ্রীষ্টাব্দে কবিকর্ণপুর যে স্থানের নাম সংগ্রহ করিতে পারেন নাই, ১৬১৫ খ্রীষ্টাব্দে কবিরাজ গোস্বামী তাহা কোথা হইতে পাইলেন ? কোন লোকমুখে হয়ত শুনিয়া থাকিবেন। স্বরূপ-দামোদরের কড়চায় ঐ-সব স্থানে এবং চরিভামৃত-লিখিত অন্তান্ত স্থানের নাম থাকিলে, কবিকর্ণপূর তাহা ব্যবহার করিতেন। আরও কথা এই যে স্বরূপ-দামোদর সন্মাসী ছিলেন। দেকালে সন্ন্যাসীরা সমস্ত তীর্থ ভ্রমণ করিতেন, যাহারা করিতেন না তাঁহারাও তীর্থের বিবরণ ভাল করিয়া জানিতেন। যদি স্বরূপ-দামোদর ঐতিচতশ্য-কর্তৃক

দৃষ্ট স্থানগুলির নাম লিখিয়া রাখিতেন, তাহা হইলে ভূগোল-ঘটিত এত বেশী গোলমাল চরিতামৃতের ভ্রমণ-কাহিনীতে থাকিত না। উক্ত গ্রন্থে ভ্রমণের বর্ণনায় নিয়লিখিত অসম্ভবতা দৃষ্ট হয়।

- (क) চরিতামৃতের মতে প্রতিত্তা গোদাবরী টেশনের নিকটবর্তী গোতমী গলা দর্শন করিয়া "মল্লিকার্জ্ন তীর্থে যাই মহেশ দেখিলেন।" মল্লিকার্জ্ন কুর্লের নিকটবর্তী প্রীশেলে। আবার প্রীরন্ধক্ষেত্র হইতে মাত্রা জেলায় খবন্ড পর্বত দেখিয়া "মহাপ্রভু চলি আইলা প্রীশৈলে" (৭১৫২)। তারপর কুর্ণল জেলার প্রীশৈল হইতে (১৬৫ ল্যাটি. উ.) পুনরায় তাঞ্জোর জেলার কামকোষ্টা (১০৫৮ ল্যাটি. উ.) আদিলেন। উত্তরে এক স্থান দেখিয়া দক্ষিণে আদিলেন, আবার দেই স্থান দেখিবার জন্ম উত্তরে গেলেন এবং পুনরায় দক্ষিণে আদিলেন। এরপভাবে প্রমণ করা সম্ভব মনে হয় না।
  - (থ) গজেন্দ্র-মোক্ষণ তীর্থে দেখি বিষ্ণুমূর্বি।
    পানাগড়ি তীর্থে আদি দেখে দীতাপতি॥
    চামতাপুরে আদি দেখে শ্রীরামলক্ষণ।—২।২।২০৪-৫

গজেন্দ্র-মোক্ষণ তীর্থ তিবাঙ্ক্রের স্থচিন্দ্রাম গ্রামে, পানাগড়ি তিনাভেলি জেলার, চামতাপুর ত্রিবাঙ্ক্রের চেঙ্গাপুর গ্রাম। তিনাভেলি জেলার নয়ত্রিপদী, তিলকাঞ্চী প্রভৃতি দেখিয়া শ্রীচৈতক্য ত্রিবাঙ্কর জেলায় প্রবেশ করিয়াছিলেন। প্ররায় ত্রিবাঙ্কর হইতে তিনাভেলি আসা ও ত্রিবাঙ্করে ফিরিয়া যাওয়া সম্ভব নহে। আবার ত্রিবাঙ্কর হইতে তিনাভেলির শ্রীবৈকৃষ্ঠ দেখিতে যাওয়া, তথা হইতে ত্রিবাঙ্ক্রের মলয় পর্বত ও কল্লাকুমারী দেখিয়া প্নরায় তিনাভেলির আমলকীতলা, এবং মলার দেশে তমাল-কার্ত্তিক দেখার মধ্যে কোন ক্রম পাওয়া যায় না। ত্রিবাঙ্ক্রে, তিনাভেলি ও মালাবারের স্থানগুলির ক্রম লইয়া আরও গোলমাল আছে।

(গ) শ্রীচৈতক্স উদিপিতে তত্ত্বাদীদের গর্ক চর্ণ করিয়া ত্রিতকৃপ বিশালার করি দরশন। পঞ্চাপ্সরা তীর্থ আইলা শচীর নন্দন॥—২৫১-৫২

দক্ষিণ কানাড়ার উদিপি হইতে অনস্তপুর জেলার ফব্বতীর্থে আসা সম্ভব। কিছু অনস্তপুর জেলা হইতে ফের ত্রিবাঙ্কুরের উত্তরস্থ কোচিন রাজ্যের ত্রিতকৃপে এবং তথা হইতে একেবারে অবস্তীর নামান্তর বিশালার আসা এবং বিশালা হইতে প্নরায় অনস্তপ্র জেলার পঞ্চান্সরা তীর্থে আসা একেবারে অসম্ভব। প্রীযুক্ত চারুচন্দ্র শ্রীমানী মহাশয় "প্রীচৈতন্তাদেবের দক্ষিণ-প্রমণ," প্রথম থণ্ড, নামক প্তকে (আয়াঢ়, ১৩৪২ প্রকাশিত) বিশালাকে মহীশ্রের গিরিবত্ম বিলয়া দ্বির করিয়াছেন। কিন্তু তথায় কোন প্রকার দেবদেবী নাই। ভাগবতের (১০।৭৮।১০) বৈষ্ণবতোষণী টীকা হইতে বিশালা অবস্তীতে ছিল জানা যায়। বৃহদ্ভাগবতামূতের ১ম থণ্ডের ৪র্থ অধ্যায়ের টীকায় "বিশালায়াং বদ্যাং" অর্থাৎ বদরিকাশ্রমে বলা হইয়াছে। কোনটিই এখানে থাটে না।

# (ঘ) গোকর্ণ শিব দেখি আইলা দ্বৈণায়নী। সুর্পারক তীর্থে আইলা ক্যাসী শিরোমণি॥—২।১।২৫৩

গোকর্ণ উত্তর কানাড়ায় ও স্পারক থানা জেলায়, কিন্তু দ্বৈপায়নী কোথায় বলা কঠিন। ভাগবতে আছে বলদেব গোকর্ণে শিব এবং দ্বৈপায়নী-আর্ঘ্যা দর্শন করিয়া স্পারকে গমন করেন (১০।৭৯।১৯, ২০)। প্রীধর ঐ স্থানে আর্ঘ্যা-দ্বৈপায়নী শব্দের ব্যাখ্যায় লিখিয়াছেন আর্ঘ্যার বিশেষণ দ্বৈপায়নী, "দ্বীপম্ অয়নং যন্ত্যান্তাম্।" প্রীযুক্ত চারুচক্র শ্রীমানী অহমান করেন দ্বৈপায়নী অর্থে বোম্বের মুদ্যা দেবী। যাহা হউক, এখানে ভাগবতবর্ণিত বলদেবের ভ্রমণ-ক্রমের সঙ্গে ক্রমণান করিরাজের বর্ণনার ক্রমের মিল দেখিয়া সন্দেহ হয় যে চরিতামতে প্রদত্ত কতকগুলি স্থানের নাম ভাগবত হইতে গৃহীত হইয়াছে।

(৩) চরিতামৃত-মতে শ্রীচৈতন্ত থানা জেলার স্পারক পর্যন্ত যাইয়া আবার দক্ষিণে আসিয়া কোলাপুর (২। ১। ২৫৪) এবং কোলাপুর হইতে আবার উত্তর দিকে যাইয়া শোলাপুর জেলার পাণ্ডুপর (পান্টারপুর) আসেন, ইহা সম্ভব নহে। তারপর শ্রীচৈতন্ত তাপ্তীম্বান করিয়া নর্মদার তীরে আসেন (৭। ৩৮২)। নর্মদা পর্যন্ত আসার পর আবার পশ্চিম ফিরিয়া বোচ্ জেলায় যাইয়া ধন্তবিথি দেখেন।

"ঋষুমুখ্য পর্বতে আইলা দণ্ডক অরণ্যে।"— ২।১।২৮৩

ৠয়ুম্ক পর্বত (Kudramukh) পশ্চিমহাটের একটি চ্ড়া, আর দণ্ডক-অরণ্য খান্দেশে। তারপর— প্রকৃষাদি কৈলা পন্সা সরোবরে স্থান।
পঞ্চটী আদি তাঁহা করিলা বিশ্রাম ॥
নালিক ত্যন্তক দেখি গেলা ব্রহ্মগিরি।
কুশাবর্তে আইলা যাহা জন্মিলা গোদাবরী ॥
সপ্ত গোদাবরী দেখি তীর্থ বহুতর।
পুনরপি আইলা প্রভু বিছ্যানগর ॥—২।১।২৮৮-১০

কৃষ্ণদাস কবিরাজের ভ্রমণ-বর্ণনায় এত গোল আছে বলিয়াই তিনি লিখিয়াছেন—

তীর্থবাত্রায় তীর্থক্রম করিতে না পারি।
দক্ষিণ-বামে তীর্থগমন হয় ফেরাফেরি॥
অতএব নাম মাত্র করিয়ে গণন।
কহিতে না পারি তার যথা অমুক্রম॥—২।১।৪-৫১

মধ্যদীলার দশম পরিচ্ছেদের প্রথমে দেখি সার্ক্ষভৌমের নিকট রাজা প্রভাপরুত্র প্রীচৈতন্তের কথা,জিজ্ঞাসা করিতেছেন (২০১০) এবং প্রীচৈতন্তের প্রত্যাবর্ত্তন-আশায় কাশীমিশ্রের গৃহে তাঁহার বাসস্থান নির্দিষ্ট করিয়া দিতেছেন। এই অংশ প্রীচৈতক্তচন্দ্রোদয় নাটকের সপ্তমাঙ্কের প্রথমাংশের অন্তবাদ।

চরিতামৃতে আছে যে কাশীমিশ্রের গৃহে প্রভু উঠিলেন।
প্রভু চতুভূজমৃতি তাঁরে দেখাইল।
আত্মাৎ করি তাঁরে আলিক্সন কৈল॥—২।১০।৩১

[ু] প্রীপৃক্ত বিপিনবিহারী দাশগুপ্ত "Govinda's Kadchā, a black forgery" নামক গ্রন্থে Epigraphica Carnatica হইতে নিম্নলিখিত তামলিপি উদ্ধার করিয়াছেন: "When the Mahamandalesvara Virapratapa Vira Achynta Deva Maharaja was ruling the kingdom of the world, Chennapa, son of Rayapa Vodeyar, the Mahaprabhu of Sigalnadu, granted to our holy guru, Chaitanyadeva, the two villages of the Annigehalli sthala as a guttiage." তাহার মতে উনিখিত চৈতক্তদেব, শীকৃষ্ণচৈতক্তমহাপ্রভু ও তাহাকে দান্দিণাতা-ভ্রমণকালে গ্রাম ছইথানি দেওয়া হইয়াছিল। কিন্তু শীক্তমনগরাধিপতি কৃষ্ণদেব রায়ের রাজত্কালে (১৫০৯-১৫০০ খ্রী.) দক্ষিণাপথ ভ্রমণ করিয়াছিলেন। অচ্যতের রাজত্কাল ১৫০০-৪২ খ্রী. অ.। মহাপ্রভু লীলাসম্বরণের তিন বংসর পূর্বে দান গ্রহণ করিয়াছিলেন বলিয়া মনে হয় না।

নাটকে এইরপ কোন কথা নাই। কবিকর্ণপুর মহাকাব্যে চারিটি শ্লোকে (১৩৬৪-৬৭) কাশীমিশ্রের সৌভাগ্য বর্ণনা করিয়াছেন, কিন্তু চতুভূ জম্তিদর্শনের কথা লেখেন নাই। মুরারি বা বুন্দাবনদাসও এরপ কথা বলেন নাই।

ভারপর সার্বভৌম-কর্ত্ব উৎকলবাসী ভক্তবৃন্দকে শ্রীচৈতন্তের নিকট পরিচয় করাইয়া দেওয়া চরিতামৃতে বর্ণিত হইয়াছে (২।১০।৩৯-৪৮)। ঐ অংশ নাটকের অমুবাদ।

চরিতামতে তৎপরে কালাকঞ্চাদের বর্জন বর্ণিত হইয়াছে (২।১০।৬০-৬৪)। উহা মহাকাব্যের ১৩।৫৪ স্লোকের ভাব লইয়া লিখিত। কৃঞ্চাদকে গোড়ে প্রেরণ ও গৌড়বাসী ভক্তবৃন্দের উল্লাস-বর্ণনা কৃঞ্চাদ কবিরাজের নিজস্ব।

তারপর চরিতামতে স্বরূপ-দামোদরের, গোবিন্দের ও ব্রহ্মানন্দ ভারতীর সহিত শ্রীচৈতত্ত্বের প্রথম সাক্ষাংকার বর্ণিত হইয়াছে। উহা নাটকের (৮।১০-২৩, নি. স.) অহবাদ মাত্র।

Historical evaluation of the event of grace to King Prataprudra of Odisha by Sri Chaitanya

প্রতাপক্ত-উদ্ধার শ্রীচৈতত্তের জীবনের ও গৌড়ীয় বৈষ্ণবধর্মের ইতিহাসের এক প্রধান ঘটনা। ইহা চরিতামৃতের মধ্যলীলার একাদশ, ঘাদশ, অয়োদশ ও চতুর্দ্দশ পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে। দশম পরিচ্ছেদের পঞ্চম পয়ারে রাজা সার্ব্বভৌমের নিকট শ্রীচৈতত্তকে দর্শন করিবার অভিলাষ জানাইয়াছেন। উহা এবং সার্ব্বভৌমের উত্তর, নাটকের সপ্তমাঙ্কের প্রথমাংশের অহ্বাদ। তারপর চরিতামৃতের একাদশ পরিচ্ছেদে দেখা ষায় যে প্রথমে সার্ব্বভৌম শ্রীচৈতত্তের নিকট রাজার অভিলাষ জানাইলেন। শ্রীচৈতত্ত উত্তর দিলেন, "সয়্যাসীর রাজ-দর্শন বিষ ভক্ষণের তুল্য।" ঐ অংশ ষে নাটকের অহ্বাদ তাহা কবিরাজ গোস্বামী নাটকের ক্লোক উদ্ধার করিয়া নিজেই স্বীকার করিয়াছেন। 'সার্ব্বভৌমের নিকট শ্রীচৈতত্তের উত্তর ভনিয়া রাজার তৃংখের কথা ( চৈ. চ., ২০১০ ০২ ) যে নাটকের অহ্বাদ নাটক হইতে উদ্ধৃত ক্লোক দেখিয়া তাহা বুঝা যায়। সার্ব্বভৌম রাজাকে শ্রীচৈতত্ত-দর্শনের উপায় বলিয়া দিলেন (২০১৪ ১-৪৭); ইহাও নাটকের অহ্বাদ নাটক, ১০২৮-৩১, নি. স.)। তৎপরে নাটকে আছে যে শ্রীচৈতত্ত রথের সময় নৃত্যানন্দ অহ্বভ করার পর উপরনে আসিয়া বসিলেন; রাজা দীনবেশে তাহার নিকট যাইয়া চরণ-মুগল

আলিখন করিলেন এ প্রীচেতক নিমীলিতাক হইয়াই রাজাকে আলিখন করিলেন ও বলিলেন—

> কো হ বাজরি ক্রিরবানুকুন-চরণামুজম্ ন ভজেৎ সর্বতো মৃত্যুরপাশুমমরোত্তমৈ:।—৮।৫৪, নি. স.

ৈচতগ্রচন্দ্রের নাটকের মতে এইখানেই প্রতাপরুদ্রের উদ্ধার হইয়া গেল।

চরিতামৃতে এই ঘটনার সহিত আরও অনেক কথা যোগ করা হইয়াছে;
যথা—নিত্যানন্দাদি ভক্তগণ ও রামানন্দ রায় প্রতাপক্তকে দর্শন দিবার জন্ম
শ্রীচৈতন্তকে অহুরোধ জানাইলেন; শ্রীচৈতন্ত রাজদর্শন সন্ধত নহে বলিয়া
রাজপুত্রকে দেখা দিতে সম্মত হইলেন; রাজপুত্র আসিলে প্রভু তাঁহাকে
আলিক্সন করিয়া পরমানন্দ পাইলেন—

তাঁরে দে.খ মহাপ্রভুর কৃষ্ণশ্বতি হৈলা।

এবং প্রতাপক্ত্র—

পুত্রে আলিঙ্গন করি প্রেমাবিষ্ট হৈলা।

ভারপর রথমাত্রার সময় শ্রীচৈতন্ত যথন 'মণিমা' বলিয়া উচ্চ ধ্বনি করিভেছিলেন তথন রাজা "স্বর্ণমার্জনী লৈয়া করে পথ সম্মার্জন।" "মহাপ্রভু পাইলা স্থথ সে সেবা দেখিতে॥" এইরপ-ভাবে রাজার পথ বা রথ সম্মার্জন করা প্রতাপক্ষদ্রের ব্যক্তিগত বিশেষত্ব নহে। উড়িয়ার প্রত্যেক রাজাকেই এরপ করিতে হইত। "কাঞ্চিকাবেরী" গ্রন্থে আছে যে প্রতাপক্ষদ্রের পিতা প্রক্ষোন্তম দেব বিজয়নগরের রাজকন্তাকে বিবাহ করিবেন স্থির হয়। কিছ্ক বিজয়নগরাধিপতি যথন শুনিলেন যে পুরীর রাজাকে সোণার ঝাড়ু দিয়া রথ পরিষার করিতে হয়, তথন তিনি চণ্ডালের সঙ্গে কন্তার বিবাহ দিবেন না বলিলেন। প্রক্ষোন্তম দেব সেই কথায় অপমানিত বোধ করিয়া বিজয়নগর আক্রমণ করেন ও জোর করিয়া রাজকন্তা পদ্মাবতীকে লইয়া আসেন। পদ্মাবতীর গর্ভে প্রতাপক্ষদ্রের জন্ম হয় (J. B. O. R. S., Vol. V, Pt. I, p. 147)। তারপর প্রভু নৃত্য করিতে করিতে—

প্রতাপকত্তের আগে লাগিলা পড়িতে॥ সম্বমে প্রতাপকত্ত প্রভূকে ধরিল। তাঁহাকে দেখিতে প্রভূর বাছ্জান হৈল॥

# রাজা দেখি মহাপ্রভু করেন ধিকার। ছি ছি বিষয়িস্পর্শ হইল আমার॥

— टै**Б.**  ह., २१३७१३१२-१८

ভক্তের বর্ণনার অতিশয়োজির মধ্যে ভগবানের লীলা বুঝা ভার। রাজপুত্রকে আলিখন করিয়া তাঁহার কৃষ্ণস্থতি হইল, অথচ আর্ত্ত-ভক্ত রাজাকে অক্সাৎ স্পর্শ করায় তাঁহার মনে ধিকার জাগিল।

তারপর কবিরাজ গোস্বামী চতুর্দশ পরিচ্ছেদে উপবনে রাজার প্রতি শ্রীচৈতত্তের রূপার কথা লিথিয়াছেন। এ স্থানে মহাকাব্যের বর্ণনা তাঁহার উপজীব্য হইয়াছে। কবিকর্ণপূর মহাকাব্যে লিথিয়াছেন—

দশুবং ভূবি নিপত্য চ ধ্বতা
পাদপদ্ম-যুগলং গলদশ্রঃ।
অস্তবং সহজ্ঞমেব মহাত্মা
বাদলাস্থমসূবর্ণ্য বিশেষম্ ॥
দ স্তবন্ধিতি তদা সমুদাদে
দোহ্বিন দৃঢ়মেব নিবধ্য।
মন্তবারণকরপ্রতিমেন
শ্রীমতা প্রমকাকণিকেন ॥—১৩৮২-৮৩

### ক্বিরাজ গোস্বামী লিথিয়াছেন—

রাসলীলার শ্লোক পড়ি করয়ে স্তবন।
'জয়তি তে২ধিকং' অধ্যায় করহ পঠন॥
শুনিতে শুনিতে প্রভুর সম্ভোষ অপার।
বোল বোল বুলি উচ্চ বোলে বার বার॥
'তব কথামৃতং' শ্লোক রাজা যে পঢ়িল।
উঠি প্রেমাবেশে প্রভু আলিকন দিল॥

# তারপর কবিরাজ গোস্বামীর নিজম্ব-

তুমি মোরে বহু দিলে অম্ল্য রতন।
মোর কিছু দিতে নাহি, দিহু আলিঙ্গন॥
এত বলি সেই শ্লোক পঢ়ে বার বার।
হজনার অংক কম্পা—নেত্রে জলধার॥—২।১৪।১০-১১

#### ভাবপর—

প্রভূ কহে—কে তৃমি করিলে মোর হিত।
ভাচনিতে আদি পিয়াও রুফ্-লীলামৃত।
বাজা কহে—আমি তোমার দাসের অফ্লাস।
ভূত্যের ভূত্য কর মোরে—এই মোর আশ।
ভবে মহাপ্রভূ তাঁরে এখার্য দেখাইল।
কাঁহা না কহিও ইহা নিষেধ করিল।

# মহাকাব্যের ঐ প্রসঙ্গে আছে—

তং বিহায় নিজগাদ স ভ্য়:
কস্থমিত্যতিশয়ার্দ্রতন্ক:।
দাস এষ জন এব তবৈতদেহি দাস্থমিতি সোহপি জগাদ॥

কাপি নাহমভিধেয় এব ভো-স্বাদৃশেতি নিজ্ঞগাদ স প্রভঃ। নির্ভরং প্রমৃদিতো ভূশং তথা ক্রদ্রদেব উদবোচহুৎস্কঃ॥

সত্তরং তত ইতো মৃদিতাত্মা
নির্থযৌ বহুল-হর্ষভারাচ্য:।
ভাগ্যবন্তিরতিভূরিস্থচেট্রেদক্ষিণে সতি বিধৌ কিম্লভ্যম্॥—১৩৮৫-৮৭

কবিকর্ণপূরের এই বর্ণনায় দেখা যায় যে শেষ পর্যন্ত মহাপ্রভু অজ্ঞাতদারেই প্রভাপক্তকে কৃপা করিলেন। মহাকাব্যে বা নাটকে কোথাও কবিকর্ণপূর এরূপ লেখেন নাই যে ঐটিচতক্ত প্রভাপক্তকে কোনরূপ ঐশ্বর্য দেখাইয়া-ছিলেন।

মুরারি গুপ্তের বর্ণনায় দেখা যায় যে ঐচিতক্ত বুন্দাবন হইতে প্রত্যাবর্ত্তনের পর প্রতাপকত্তকে উদ্ধার করিলেন। মুরারি আবার রাজার (৪।১৬) নিত্যানন্দ-সহ ঐচিতক্তের রূপা-প্রাপ্তির কথা লিথিয়াছেন। নিত্যানন্দ

তাঁহাকে রূপা করিলে বৃন্দাবনদাস ভাহা বর্ণনা করিভেন। যাহা হউক, ম্রারি বলেন শ্রীচৈতন্ত প্রতাপক্তকে ষড় ভুজমূর্ত্তি দেখাইয়াছিলেন (৪।১৬।২০)।

কৃষ্ণাস কবিরাজ মুরারিগুপ্ত-বণিত প্রতাপক্ত-উদ্ধার-লীলার বিবরণ একটুকুও গ্রহণ করেন নাই, কেবলমাত্র ঐ ষড়্ভুজ্মুর্ত্তি-প্রদর্শন-রূপ ঐশ্বর্য বর্ণনাটুকু লইলেন। ঐ বিষয়ে বৃন্ধাবনদাসের (চৈ.ভা., ৩০৫) বর্ণনারও কোন অংশ তিনি গ্রহণ করেন নাই। বৃন্ধাবনদাসও প্রতাপক্ষত্রকে কোনরূপ ঐশ্বর্য দেখানোর কথা লেখেন নাই।

Events at Puri before Sri Chaitanya's visit to Gouda

# শ্রীচৈতত্যের গোড়-ভ্রমণের পূর্ব্ব পর্য্যন্ত নীলাচল-লীলা

শ্রীচৈততাচরিতামতের মধ্যলীলার একাদশ পরিচ্ছেদে গোপীনাথ আচার্য্য নীলাচলে আগত গোড়ীয় ভক্তগণের পরিচয় দিতেছেন। এই বর্ণনা (২।১১।৬০-৯৪) নাটকের (৮।৩৩-৩৪) অমুবাদ। ঐ পরিচ্ছেদে বর্ণিত গোড়ীয় ভক্তগণের সহিত প্রভুর মিলন (২।১১।১১২-১৪৫) নাটকের (৩।৩৮-৪১, নি. স.) ভাব লইয়া লিখিত। মুরারির দৈত্য (চৈ. চ., ২।১১।১৩৭-১৪৩) মহাকাব্যের (১৪।১০৩-১১২) ছায়া লইয়া লিখিত। হরিদাদের আগমন মহাকাব্যে বর্ণিত হইয়াছে, কিন্তু তাঁহার দৈত্য-বর্ণনা কবিরাজ গোস্বামীর নিজস্ব। তারপর ভক্তগণ-সহ শ্রীচৈতত্যের কীর্ত্তন, নাটকের (৮।৪৭-৫০) বিবরণ লইয়া চরিতামতে লিখিত হইয়াছে।

চরিতামৃতের দাদশ পরিচ্ছেদে বর্ণিত গুণ্ডিচামার্জন-লীলা (২।১২।৬৬-১৪৭) নাটকের দশমাঙ্কের (৩০-৪০) ভাব লইয়া লিখিত। তুইটি উদাহরণ দিতেছি।

(১) কেচিত্তৎপদপদ্ধজোপরি ঘটেঃ দিঞ্চিত্ত সংতোষত ন্তৎকেহপ্যঞ্জলিনা পিবস্তি দদতে কেচিচ্চ মূর্যক্রপি॥

—**बा., ১**०।०७, बि. म.

হেনকালে এক গোড়িয়া সুবৃদ্ধি সরল। প্রভ্র চরণমুগে দিল ঘট জল॥ সেই জল লইয়া আপনে পান কৈল। তাহা দেখি প্রভূর মনে তৃঃখ রোষ হৈল।

# শ্রীচৈত্মচরিতের উপাদান

নজিত্বা ক্ষণমেব চাক্ষধ্বং গৌরো হবির্নর্তরাংচক্রেইছৈত-তন্ত্রমেক্ষধ্বং গোপালদাসাভিধম্।
নৃত্যান্নেব স মৃচ্ছিতঃ স্থবশাদেহান্তবং ব্যাবাহৈছে থিছাতি পাণি-পদ্ম-বলনাদেবঃ স তং প্রাণয়ং॥

# হৈ. চ., অহুবাদ-

এইমত কথোক্ষণ নৃত্য করিয়া।
বিশ্রাম করিল প্রভু সময় বুঝিয়া॥
আচার্য্য গোলাক্রির পুত্র শ্রীগোপাল নাম।
নৃত্য করিতে তারে আজ্ঞা দিলা ভগবান্॥
প্রেমাবেশে নৃত্য করি হইলা মৃচ্ছিতে।
আচেতন হঞা তেঁহাে পড়িলা ভূমিতে॥
আত্তে-ব্যত্তে আচার্য্য গোলাক্রি তারে লইলা কোলে।
খালরহিত দেখি আচার্য্য হইলা বিকলে॥

#### কৃষ্ণদাদ কবিরাজের নিজ্য-

নূদিংহের মন্ত্র পঢ়ি মারে জল নাঁটি।

হুহুদ্ধার শব্দে প্রদ্ধাণ্ড যায় ফাটি ॥

অনেক করিল তবু না হয় চেতন।

আচার্য্য কান্দেন, কান্দেন সব ভক্তগণ॥

তবে মহাপ্রভু তার বুকে হাত দিল।

উঠহ গোপাল বলি উচ্চম্বরে কৈল॥

ভূনিতেই গোপালের হইল চেতন।

হরি বলি নৃত্য করে সব ভক্তগণ॥

এই লীলা বর্ণিয়াছেন দাসর্ন্দাবন।

অতএব দুসংক্ষেপ করি করিলা বর্ণন॥

এই লীলা বৃন্দাবনদাস বর্ণন করেন নাই। উদ্ধৃত তৃইটি অংশ পড়িয়া কাহারও সন্দেহ থাকিতে পারে না যে বিতীয়টি প্রথমটির অন্থবাদ।

এই পরিচ্ছেদে বর্ণিত নিত্যানন্দ-অছৈতের কোন্দল রুঞ্চাস কবিরাজের নিজ্য। "আর দিন জ্গন্নাথের নেত্রোৎসব নাম" প্রভৃতি নাটকের দশমাঙ্কের সূত্র লইয়া লিখিত। মধালীলার অয়োদশ পরিচ্ছেদে, যাহাতে শ্রীচেতক্তের রথাতো নর্তন, সাত সম্প্রদায়ের কীর্ত্তন, রাসের শ্রীকৃষ্ণের স্থায় যুগপৎ শ্রীচেতন্তের "এককালে সাত ঠাঞি করেন বিলাস"—

> সভে কহে প্রভূ আছেন এই সম্প্রদায়। অন্ত ঠাঞি নাহি যায় আমার দয়ায়॥

জগরাথ "কীর্ত্তন দেখেন রথ করিয়া স্থাগিত" প্রভৃতি আলোকিক ঘটনার কবিরাজ গোস্বামী জনশ্রুতি হইতে লিথিয়াছেন। এরপ অলোকিক ঘটনার কথা মুরারি, কবিকর্ণপূর ও বৃন্দাবনদাস কিছুই জানিতেন না। চতুর্দশ পরিচ্ছেদে প্রতাপক্ষত্রের উদ্ধার বর্ণনার পর কবিরাজ গোস্বামী শ্রীচৈতত্তার বলগতিভোগের কথা লিথিয়াছেন। ভোগের বিবিধ আহার্য্য দ্রব্যের তালিকা তাহার নিজস্ব। যথন মত্ত হস্তিগণও রথ টানিয়া লইয়া যাইতে পারিতেছে না, তথন শ্রীচৈতত্ত্য

আপনে রথের পাছে ঠেলে মাথা দিয়া। হড় হড় করি রথ চলিল ধাইয়া॥—২।১৪।৫৩

এইরপ ঘটনা মুরারি, কবিকর্ণপুর ও বুন্দাবনদাস বর্ণনা করেন নাই।
ক্রিরপ গোস্বামী বা রঘুনাথদাসও স্তবের মধ্যে এই ঘটনার কোন ইঙ্গিত
করেন নাই। ভক্তগণ প্রভুকে কিরুপে নিমন্ত্রণ করিয়া থাওয়াইতেন, তাহার
বর্ণনাও কবিরাজ গোস্বামীর নিজ্প।

তারপর চরিতামতে ইন্দ্রায় সরোবরে জলকেলির কথা আছে। ঐ অংশ মহাকাব্য অবলম্বন করিয়া লিখিত। একটি দৃষ্টান্ত দিতেছি। মহাকাব্য:

> স্থনিপাত্য ক্নপানিধিন্তদা প্রভূমদৈতমধোজনান্তবে। ততুপর্যাপি সালসঃ স্বয়ং পরিস্নপ্তঃ স যথৌ সনিদ্রতাম্॥—১৮।১৪

হাসি মহাপ্রভূ তবে অদৈতে আনিল। জলের উপরে তাঁরে শেষ শয্যা কৈল।

# শ্রীচৈতন্মচবিতের উপাদান

্ত্থাপনে ভাহার উপর করিল শয়ন। শেষশায়ি-লীলা প্রভূ কৈল প্রকটন ॥—২।১৪।৮৬-৮৭

চতুর্দশ পরিচ্ছেদের ১১১ হইতে ২২৮ পয়ার পর্যান্ত হোড়া পঞ্চমীর ঘটনা-উপলক্ষে নায়িকা-ভেদের বর্ণনা আছে। ঐ বর্ণনা যে "উজ্জ্বলনীলমণি" হইতে লওয়া সে বিষয়ে কোন সন্দেহ নাই, যদিও স্বরূপ-দামোদরের মুথ দিয়া ধীরা, অধীরা, ধীরা-ধীরা, মুগ্ধা, প্রগল্ভা, বামা প্রভৃতির লক্ষণ বলান হইয়াছে।

পঞ্চলশ পরিচ্ছেদে বর্ণিত ক্বফজন্ম যাত্রার বিবরণ মহাকাব্যের ১৮।৪৮-৫১ অবলম্বনে লিখিত; যথা—

চৈ. চ.: তবে লগুড় লৈয়া প্রভু ফিরাইতে লাগিলা।
বার বার আকাশে ফেলি লুফিয়া ধরিলা॥
শিরের উপরে পৃষ্ঠে সম্থ্য ত্ই পাশে।
পাদমধ্যে ফিরায় লগুড়, দেখি লোক হাদে॥

মহাকাব্য: ক্ষণমুৎক্ষিপতি ক্ষণং পদা
ক্ষিপতি ভ্ৰাময়তি ক্ষণস্ভ তম্।
ভূজকক্ষ-তটোকজাত্মপাং
কমলাধোহধ ইতস্ততঃ প্ৰভূ: ॥—১৮।৫০

নিত্যানন্দকে গোড়ে প্রেরণের কাহিনীর স্ত্র বৃন্দাবনদাস হইতে লওয়া।
কিন্তু শ্রীচৈতক্ত যে শচীমাতার জন্ম বস্ত্র-প্রসাদ প্রেরণ করিয়াছিলেন এবং
তাঁহাকে বলিয়া পাঠাইয়াছিলেন যে

নিত্য যাই দেখি মুই তাঁহার চরণে। ক্ষুৰ্ত্তি জ্ঞানে তেঁহো তাহা সত্য নাহি মানে॥

এবং তিনি নীলাচলে থাকিলেও শচীর বন্ধন আবির্ভাব রূপে ভোজন করেন, এ-সব কথা চরিতামৃত ছাড়া অন্ত কোন চরিতগ্রন্থে নাই।

পঞ্চদশ পরিচ্ছেদ-বর্ণিত অক্তাক্ত ঘটনা ক্রফলাস কবিরাজের নিজের সংগ্রহ।

ঐ পরিচ্ছেদের শেষ দিকে একটি অলৌকিক ঘটনা আছে। সার্বভৌমের
জামাতা অমোঘ শ্রীচৈতক্তার ভোজনের পরিমাণ দেখিয়া বলিয়াছিলেন—

এই ছারে তৃপ্ত হয় দশ বার জন। একেলা সন্ন্যাসী করে এতেক ভোজন ॥---২।১৫।২৪৫

এই অপরাধে তাঁহার বিস্চিকা হইয়াছিল। শ্রীচৈডক্ত আসিয়া তাঁহার বুকে হাত দিলেন ও কহিলেন—

উঠহ অমোঘ তুমি কই কৃষ্ণ নাম।
অচিবে তোমাকে কৃপা কবিবে ভগবান্॥
ভনি "কৃষ্ণ কৃষ্ণ" বলি অমোঘ উঠিলা।
প্রেমোনাদে মন্ত হৈয়া নাচিতে লাগিলা॥

মধ্যলীলার ষোড়শ পরিচ্ছেদের ঘটনা প্রধানত: এটিচতক্সচন্দ্রোদয় নাটকের দশমান্ধ হইতে গৃহীত। গৌড়ীয় ভক্তদের নীলাচলে আগমন-বর্ণনা নাটকের দশমান্ধের প্রথম অংশের ভাব লইয়া লিখিত। একটি দৃষ্টাস্ত দেওয়া যাউক।

নাটকে—"তেষামভিভাবকতয়া শিবানন্দনামা কশ্চিত্তস্তৈব ভগবতঃ পার্বদোৰ্ব ব্যানঃ কণ্টকায়মানানাং ঘট্টপালানাং ঘট্টদেয়াদিনিম্নবিম্ন নিবারক আচণ্ডালমপি প্রতিপাল্য নয়তি ॥"

শিবানন্দ সেন করে সব সমাধানে। ঘাটিয়াল প্রবোধি দেন সভারে বাসস্থানে॥ ভক্ষ্য দিয়া করেন সভার সর্বত্র পালনে। পরম আনন্দে যান প্রভুর দর্শনে॥

# Sri Chaitanya's coming ব্রতিতিশ্যের গোড়ে আগমন

বোড়শ পরিচ্ছেদে ঐতিচতত্তের গৌড়ে আগমন বর্ণিত হইয়াছে। ঐ ঘটনাও নাটক অন্নুসরণ করিয়া লেখা। কয়েকটি উদাহরণ দিতেছি।

(ক) তুরস্করাজার বা রাজপুক্ষের সাহায্যে প্রভুর উড়িয়া সীমানা হইতে পানিহাটী আগমন—

না. ১।২৬-২১ (ব. স.); চৈ. চ. ২।১৬।১৫৪-১৯৯। কবিরাজ মূল ঘটনা নাটক হইতে লইলেও কিছু নৃতন কথা বলিয়াছেন—

যথা--

যবন বলিল, "বিধি মোরে হিন্দুকুলে কেন না জয়াইলে।"

নাটকে এক নৌকায় প্রভু ও নৌকাস্তরে তুর্কীর গমন বর্ণিত আছে। কিন্তু চরিতামতে আছে "দশনৌকা ভরি দৈয় সঙ্গে নিল।"

- (থ) শ্রীচৈত্তন্তের গঙ্গাতীর হইতে শ্রীবাদের বাড়ী ঘাইবার পথ প্রভূর চরণধূলি লওয়ার জন্ত গর্ভ হইয়া গেল।
  - —না. নাত); চৈ. চ. ২।১৬।১৫৪-৫৫
  - (গ) হুসেন সাহ-কর্ত্ব কেশব ছত্রীকে শ্রীচৈতত্তের সঙ্গে অত লোক যাওয়ার কথা জিজ্ঞাসা—

—না. নাও৪; চৈ চ. ২।১।১৫৭-৬৪
গদাধর গোস্বামি-কর্ত্ব প্রভ্র অমুসরণ এবং প্রভ্-কর্ত্ব তাঁহার প্রবাধ ও
শান্তিপুরে রঘুনাথদাসের সহিত শ্রীচৈতন্তের মিলন-ঘটনা-বর্ণনা কবিরাজ
গোস্বামীর নিজস্ব। রঘুনাথদাসের কাহিনী-সম্বন্ধে কবিরাজ গোস্বামীর বর্ণনা
নির্ভর্যোগ্য।

চরিতামতের সপ্তদশ পরিচ্ছেদে প্রভ্র বৃন্দাবন-যাত্রা, প্রকাশানন্দ-কাহিনী ও বৃন্দাবন-দর্শন বর্ণিত হইয়াছে। প্রকাশানন্দ-কাহিনীর ঐতিহাসিকতা পূর্বেই বিচার করিয়াছি। প্রভ্র বৃন্দাবন-যাত্রার কোন বিশদ বিবরণ কৃষ্ণদাস কবিরাজের পূর্বে কেহ লেখেন নাই। কবিরাজ গোস্থামী বলেন—

> প্রভূ কহে 'ক্লফ্ট ক্লফ্ট', ব্যাঘ্র উঠিল। কুষ্ণ কুষ্ণ কহি ব্যাঘ্র নাচিতে লাগিল॥

আবার-

রুষ্ণ কৃষ্ণ কহ করি প্রভূ যবে কৈল।
রুষ্ণ কহি ব্যাঘ্র মৃগ নাচিতে লাগিল।
নাচে-কুন্দে ব্যাঘ্রগণ মৃগীগণ সঙ্গে।
বলভদ্র ভট্টাচার্য্য দেখে অপূর্ব্য রঙ্গে।
ব্যাঘ্র মৃগ অন্তোত্যে করে আলিঙ্গন।
মৃথে মুথ দিয়া করে অন্তোত্যে চুম্বন।—২।১৭।৩৭-৩৯

ম্রারি গুপ্ত রুন্দাবন-যাত্রার সংক্ষিপ্ত ও রুন্দাবন-দর্শনের অতি বিশদ বিবরণ দিয়াছেন। শ্রীচৈতভাচক্রোদয় নাউকে বুন্দাবন-যাত্রা সংক্ষিপ্তভাবে বর্ণিত হইয়াছে। বুন্দাবন-যাত্রা সম্বারে গুপ্ত বলেন—

> সেবিকর্ম ধাবতন্তস্ত মন্ত্রসিংহস্ত বৈ প্রভাঃ সন্ধিনো বলদেবাতা ধাবন্তি তমমুব্রতাঃ ৷—৪৷১৷১১

কৃষ্ণদাস কবিরাজ বলদেবের নাম বলভক্ত ভট্টাচার্য্য লিথিয়াছেন। নাটকে আছে যে প্রভুর সঙ্গে—

ভিক্ষাযোগ্যা: কিয়ন্তো বিপ্রা: প্রেষিতা: সন্তি।
—নবমান্ধ ১৮, নি. স.

কৃষ্ণদাস কবিরাজ লিখিয়াছেন-

এই বিপ্র বহি নিবে বন্তামৃভাজন।
ভট্টাচার্য ভিক্ষা দিবে করি ভিক্ষাটন ॥—২।১৭।১৮

ম্রারির বর্ণনায় কাশীতে প্রভ্র সহিত তপন মিশ্র ও তৎপুত্র রঘুনাথের (ভট্ট)
মিলন, ও প্রভ্র চক্রশেথর বৈত্যের গৃহে স্থিতির কথা পাওয়া যায়। তিনি
বলেন যে প্রভ্ কাশীবাসিজনকে হরিভক্তরত করিয়াছিলেন। প্রকাশানন্দের
কথা ম্রারি কিছু লেখেন নাই।
ম্রারির কড়চায় আছে—

ততঃ প্রয়াগমাদাত দৃষ্ট্ব। শ্রীমাধবং প্রভুঃ।
প্রেমানন্দ-স্থাপূর্ণো ননর্ত্ত স্বজনৈঃ সহ॥
শ্রীলাক্ষয়বটং দৃষ্ট্বা ত্রিবেণীস্থানমাচরন্।
যম্নায়াঞ্চ সংমজ্জ্য নৃত্যন্ বারেক্রলীলয়া॥
হকারগভীরারাবৈঃ প্রেমাশ্রুপ্রকর্তঃ।
বজন্ ক্রমাত্তম্ভীগ্য বনং চাগ্রং দদর্শ হ।—৪।২।১-৩

#### চরিতামৃতে আছে—

প্রয়াগে আসিয়া প্রভূ কৈল ত্রিবেণীস্থান।
মাধবে দেখিয়া প্রেমে কৈল নৃত্যগান॥
যুম্না দেখিয়া প্রেমে পড়ে ঝাঁপ দিয়া।
আত্ত ব্যতে ভট্টাচার্য্য উঠায় ধরিয়া॥
এই মত তিন দিন প্রয়াগ রহিলা।
কৃষ্ণনাম প্রেম দিয়া লোক নিস্তারিলা॥
মথুরা চলিতে প্রেমে বাঁহা রহি যায়।
কৃষ্ণনাম প্রেম দিয়া লোকেরে নাচায়॥

মুরারি বলেন এক ত্রাহ্মণ এটিচতগ্যকে বৃন্দাবনের বিভিন্ন স্থান দেখাইয়াছিলেন।

কবিরাজ গোস্বামী এই প্রাশ্বণের নাম বলেন নাই বটে, কিন্তু তিনি যে মাধবেজ পুরীর শিশ্ব হইয়াছিলেন তাহা জানাইয়াছেন।

বৃন্দাবন-দর্শনে প্রভূব যে ভাবোন্মাদের চিত্র কবিরাজ গোস্বামী আঁকিরাছেন ভাহার কিছু উপাদান নাটক হইতে মিলিয়াছিল। এই প্রসদে কবিরাজ গোস্বামী স্বকৃত গোবিন্দলীলামূতের তিনটি শ্লোক উদ্ধার করিয়াছেন। কবিরাজ গোস্বামী বলেন যে আরিটে প্রভূ রাধাকুগুবার্তা জিজ্ঞাসা করিয়া কোন থবর পান নাই। তথন তিনি "তুই ধাত্যক্ষেত্রে অল্পজনে কৈল স্নান" মা এবং উহাই রাধাকুগু শ্লামকুগু। ১১৩০ খ্রীষ্টান্দের কাছাকাছি লেখা লক্ষীধরের কৃত্যকল্পভক্ষর তীর্থবিবেচন খণ্ডে (পৃ. ১৯০) বরাহপুরাণ হইতে উদ্ধার করিয়া রাধাকুগু-মাহাত্মা দেওয়া আছে।

Image of Gopal / Sri Nath of Gobardhan hill

# গোপাল বিগ্রহের বিবরণ

মধ্যলীলার অষ্টাদশ পরিচ্ছেদে ঐতিচতত্তের বৃন্দাবন-দর্শন-বর্ণনা উপলক্ষে কবিরাজ গোস্বামী গোপাল বিগ্রহের বিবরণ লিখিয়াছেন। তিনি তৎপূর্বে চতুর্থ পরিচ্ছেদে মাধবেন্দ্র পূরী-কর্ত্ত গোবর্দ্ধন পর্বতে গোপাল বিগ্রহের উদ্ধার ও প্রতিষ্ঠার বর্ণনা করিয়াছেন। এই প্রসঙ্গে তিনি লিখিয়াছেন—

গৌড় হৈতে আইলা তুই বৈরাগী ব্রাহ্মণ।
পুরী গোঁসাই রাখিল তাঁরে করিয়া যতন।
সেই হয়ে শিশু করি সেবা সমর্পিল।
রাজ সেবা হয় পুরীর আনন্দ বাড়িল॥

Socio Economic History of Northern India (1030 - 1194 CE )

- ১ আমার পুত্র ভক্তপ্রদাদ মজুমনার তাহার "Socio-Economic History of Northern India" (1030-1194 A.D.) গ্রন্থে (৪৯০ পৃষ্ঠার) লক্ষ্মীধরণ্ড এই লোকটি উদ্ধার করিয়া আমার দৃষ্টি তংপ্রতি আকর্ষণ করিয়াছে—রাধাক্তেতি বিখ্যাতম্ তন্মিন ক্ষেত্রে পরমং মম। তত্র স্নানম্ তু কুবর্গীত একরাত্রোধিত নবাঃ॥
- ২ ডাঃ দীনেশচক্র সেন এই বিবরণ দেখিরা অনুমান করেন যে মাধ্বেক্স পুরী বাঙ্গালী ছিলেন। কিন্তু টাওন মহাশয় "শ্রীনাথজীকি প্রাকট্য বার্ত্তা" নামক পুথির উপর নির্ভর করিয়া লিখিয়াছেন—

"Vallabhacharya had entrusted Madhavendra Puri, a Tailang Brahman Sannyasi of the Madhva School, with the duty of worshipping Sri Nath on the mount of Govardhan." (Allahabad University Studies, Vol. xi, 1835).

বল্লভাবী সম্প্রদায় দাবী করেন যে ঐতিচতক্তের পরম গুরু মাধবেন্দ্র পুরীকে বল্লভাচার্য্যই গোপাল বা ঐনাথের সেবার ভার অর্পণ করিয়াছিলেন, অর্থাৎ মাধবেন্দ্র বল্লভাচার্য্যের অহুগত ছিলেন। আর চরিভামুতের মতে বল্লভাচার্য্য ঐতিচতক্তের অহুগত হইয়াছিলেন। এই ছই পরস্পর-বিরোধী উক্তির মধ্যে কোনটি সভ্য বিচার করা যাউক।

Vallavacharya and Sri Chaitanya an analysis বিভিন্ন শতালীতে বল্লভাচায় ও প্রীচৈতক্সদেব প্রায় একই সময়ে প্রেমধর্ম প্রচার করিয়া হুইটি প্রবল ধর্ম-সম্প্রদায়ের স্বষ্ট করেন। বল্লভাচায়্য (১৪৭৯-১৫৩১ খ্রী. অ.) বয়সে প্রীচৈতক্ত অপেক্ষা সাত বৎসরের বড়। প্রীচৈতক্তের সহিত সাক্ষাৎকারের পূর্ব্বেই তিনি একটি বৃহৎ ধর্ম-সম্প্রদায় গঠন ও বহু গ্রন্থ রচনা করেন। প্রীচৈতক্তের সহিত মিলনের ফলে শেষ বয়সে তাঁহার ধর্মমতের কিছু পরিবর্ত্তন হইয়াছিল বলিয়া প্রীচৈতক্তচরিতামুতে (অস্থ্যলীলা, সপ্তম পরিছেদ) লিখিত আছে। চরিতামুতের এই বর্ণনা সত্য বলিয়া মনে হয়; কেন-না (১) বল্লভাচার্য্য প্রীমন্তাগবতের স্থবোধিনী টীকায় বা "বোড়শ গ্রন্থে" প্রীরাধার নাম উল্লেখ করিয়াছেন। হয়ত "রেম্ব্রেমাযুতে" ও "রুফ্সেবে" রাধার কথা উল্লেখ করিয়াছেন। হয়ত "বোড়শ গ্রন্থ" প্রীচৈতক্তের সহিত সাক্ষাৎকারের পূর্ব্বে লেখা; আর উক্ক স্থোত্র তুইটি প্রীচৈতক্তের রূপাপ্রাপ্তির পরে লেখা। (২) তিনি পরলোকগমনের পূর্ব্বে পুত্রিদ্বিতেক নিম্নলিখিত শিক্ষা-শ্লোক বলিয়াছেন—

ময়ি চেদন্তি বিশ্বাসঃ শ্রীগোপীজনবল্লভে তদা কৃতার্থা যুয়ং হি শোচনীয়ং ন কহিচিৎ। মুক্তিহিত্বাক্তপারূপং স্বরূপেণ ব্যবস্থিতিঃ।

(Von Glasenapp কর্তৃক Z. D. M. G. ১৯৩৪ খ্রী. অ., পৃ. ৩১১)
বল্লভাচার্য্য সারাজীবন বালগোপালের উপাসনা প্রচার করিয়াছেন; কিন্তু
দেখিতেছি শেষ সময়ে "গোপীজনবল্লভে" আহা হাপন করিতেছেন। কিশোর-গোপাল-সহন্ধেই "গোপীজনবল্লভ" বিশেষণ প্রযোজ্য, বালগোপাল-সহন্ধে
নহে। শ্রীচৈতন্ত বা গদাধর পণ্ডিত গোষামীর প্রভাবেই তাঁহার মতের
পরিবর্ত্তন হইয়াছিল বলিয়া মনে হয়। (৩) বল্লভাচার্য্যের পুল্র বিট্ঠলেশর
শ্রীরাধাকে বহুহানে 'স্বামিনি' বলিয়া সন্বোধন করিয়াছেন। বোধ হয় শেষ
বিয়সে পিতার মত-পরিবর্ত্তন-হতু পুল্লের লেখায় শ্রীরাধা এরপ প্রাধান্ত

পাইয়াছেন। (৪) কবিকর্ণপুর ১৫ ৭৬ থ্রীষ্টাব্দে লিখিত গৌরগণোদ্দেশদীপিকায়
বল্পভাচার্য্যকে গৌরাস্বের পরিকর বলিয়া ধরিয়াছেন এবং শুক্দেব বলিয়া
তাঁহার তত্ত্ব নিরূপণ করিয়াছেন। উক্ত বলভাচার্য্য যদি ভাগবতের
স্বোধিনী টীকার রচয়িতা না হইতেন, তাহা হইলে তাঁহাকে "শুক্দেব"
বলার কোন অর্থ হইত না। যত্ত্বনাথ দাদ "শাখানির্ণয়ামতে" বল্লভাচার্য্যকে
গদাধর-শাখাভুক্ত বলিয়া বর্ণনা করিয়াছেন। এই বিবরণের সহিত চরিতামতের
মিল আছে। শ্রীজীবের "বৈষ্ণব-বন্দনায়" বল্লভাচার্য্যের বন্দনা আছে। পরে
যখন শ্রীনাথের বিগ্রহ লইয়া উভয় সম্প্রদায়ের মধ্যে বিবাদ উপস্থিত হয়,
তখন হয়ত গৌড়ীয় সম্প্রদায় তাঁহার নাম গৌরগণের মধ্যে উল্লেখ করিতে
অস্বীকার করেন। তজ্জগ্রই দেবকীনন্দনের ও দ্বিতীয় বৃন্দাবনদাদের বৈষ্ণববন্দনায় ইহার নাম দেওয়া হয় নাই। কিস্ক দেবকীনন্দনের বৃহৎবৈষ্ণববন্দনার পৃথিতে বল্পভাচার্য্যের নাম আছে।

যখন ঐতিচতন্ত বৃন্দাবনে গমন করেন তথন—

অন্নকৃট নামে গ্রামে গোপালের স্থিতি। রাজপুত লোকের দেই গ্রামেতে বদতি॥

when Sri Chaitanya went to Vrindavan at that time Gopal image was in Annakut village

এই সময়ে গোড়ীয়া ব্রাহ্মণই পোপালের সেবাধিকারী ছিলেন কি না জানা

Gopal's image was moved from one place to another to protect it from non belivers

যায় না। গোপাল তথন মেচ্ছভয়ে প্রায় হইতে প্রামান্তরে পলায়ন করিয়া

Sri Chaitanya baid his obeisance to Gopal at Ganthuli village.

আত্মবক্ষা করিতেছিলেন। প্রতিচত্ত্য তাঁহাকে গাঁচুলি প্রামে দর্শন করেন।

প্রীরূপের যথন বৃদ্ধবয়স, তথন তাঁহার গোপালদর্শনের ইচ্ছা হইল। তথন—

মেচ্ছভয়ে আইল গোপাল মথুরা নগরে। এক মাস রহিল বিট্ঠলেশ্বর ধরে॥ তবে রূপ গোসঞি সব নিজগণ লঞা। এক মাস দর্শন কৈলা মথুরা রহিঞা॥

শীরূপের সঙ্গে গোপাল ভট্ট, রঘুনাথদাস, রঘুনাথ ভট্ট, লোকনাথ, ভূগর্ভ, শীক্ষীব, যাদব আচার্য্য, গোবিন্দ গোসাঞি, উদ্ধবদাস, মাধব, গোপালদাস, নারায়ণদাস, গোবিন্দ ভক্ত, বাণী কৃষ্ণদাস, পুগুরীকাক্ষ, ঈশান, লঘু হরিদাস প্রভৃতি গোপাল দর্শন করিতে গিয়াছিলেন (চরিতামৃত, ২০১৮৪১-৪৮)।

এখন সমস্তা হইভেছে এই যে, মাধবেন্দ্র পুরী তুই গোড়ীয়াকে ধে

গোপালের দেবায় নিয়োজিত করিয়াছিলেন, তিনি কি করিয়া বল্লভাচার্য্যের পুত্র বিট্ঠলেশবের আয়ত্তে আদিলেন। এক দম্প্রদায়ের দেবিত বিগ্রহ অন্ত দম্প্রদায়ের অধিকারভূক্ত হইল কি করিয়া? প্রীরূপ যদি কেবল মাত্র গোপাল দর্শন করিতে যাইবেন তবে অত লোক সঙ্গে করিয়া গেলেন কেন? আর প্রীরূপের গোপাল-দর্শন করিতে যাওয়া এমনই কি প্রধান ঘটনা যাহা লিখিতে যাইয়া রুঞ্চলাস করিরাজ তাঁহার সঙ্গীদের নামের তালিকা দিলেন।

এই-সব প্রশ্নের আংশিক সমাধান হয় বল্লভাচারী সম্প্রদায়ের প্রামাণিক গ্রন্থ "প্রীপৃষ্টিমার্গীয় প্রীআচার্যাজী মহাপ্রভুনকে নিজ্পেবক চৌরাশী বৈষ্ণবন্কী বার্ত্তা" হইতে। এই গ্রন্থখানি কাল হিসাবে হিন্দী গল্ল সাহিত্যের দ্বিতীয় বই বলিয়া গণ্য। এখন যে হিন্দী অপ্রচলিত, সেই ভাষায় লিখিত। শ্রীনাথজী কি করিয়া বাঙ্গালীর অধিকার হইতে বল্লভাচারী সম্প্রদায়ের হাতে বা মানার্য ভালের ভালের ভালের ভালের ভালের ভালের আদিলেন তাহার বিবরণ ঐ গ্রন্থে আছে। শ্রীনাথজী গোপালেরই নামান্তর, কেন-না ঐ গ্রন্থে আছে যে মানসিংহ গোপালপুরে গোবর্দ্ধননাথজীর দর্শন করিতে যায়েন—অনেক স্থলে গোবর্দ্ধননাথজীকে সংক্ষেপে শ্রীনাথজী বলা হইয়াছে (পৃ. ৩২৬-৩৩১)। ঐ গ্রন্থের বিবরণ নিয়ে লিখিত হইল। First priests of Sri Nathji are bengali's as per the 2nd book of Hindi prose literature শ্রীনাথজীর সেবা প্রথমে বাঙ্গালী করিত (প্রর প্রথম সেবা শ্রীনাথজীকী 'সামানা শ্রের্যা স্বান্থয়া Mahaprabhunke nijsevak Chaourashi vaishanvki varta' বংগালী কর্তে)। যাহা কিছু ভেট আসিত সমন্তই খরচ হইয়া যাইত।

একদিন আচার্যাজী মহাপ্রভু (বল্লভাচার্য) কৃষণাদকে আজ্ঞা দেন যে তুমি গোবর্দনে থাকিয়া দেব। টহল কর। এইরূপে কৃষণাদকে অধিকারী হইলেন। একদিন অবধৃত দাদ নামক মহাপুক্ষ কৃষণাদকে বলিলেন, "শ্রীনাথজীর বৈভব বাড়াইতে হইবে।" "তুম্ বংগালীন্কো দূর কেঁভা নেইী কর্ত? শ্রীনাথজী আমাকে বলিয়াছেন যে বাঙ্গালী তাঁহাকে খুব কষ্ট দেয়।" কৃষণাদ বলিলেন, "শ্রীগোঁদাইজীর (বিট্ঠলেশ্বর) বিনা আজ্ঞায় কিরূপে বাঙ্গালীকে তাড়াই?" অবধৃত দাদ তাঁহাকে অডেল যাইয়া আজ্ঞা লইয়া আদিতে বলিলেন। কৃষণাদ অডেল যাইয়া গোঁদাইজীকে বলিলেন—

"বান্ধালীরা বড়ই মাথা উঠাইয়াছে। শ্রীনাথজীর যাহা ভেট আদে সব লইয়া যাইয়া নিজের গুরুকে দেয় (বাংগালীনে বছত মাথো উঠায়ো হৈ, জে ভেট আবত হৈ সো লেজতে হৈ, সো সব অপনে গুরুনকো দেত হৈ)।" গোঁদাইজী এই কথার সমর্থন করিলেন, কিন্তু বলিলেন যে আচার্য্যজী মহাপ্রভূ যখন বান্ধালীকে রাখিয়াছেন, তথন তাহাদিগকে তাড়ান যায় কি করিয়া।

क्रकनान अधिकांद्री विनातन, "आशिन टिंग्डियम । वीदवरनद नारम फ्रेंशिमि ि कि मिन, व्यामि नव किंक कविया नरेव।" क्रक्षनान विवेर्धनायद्वत পত্ৰ লইয়া ঐ ছুই প্ৰভাবশালী রাজপুক্ষের সহিত আগ্ৰায় দেখা কৰিলেন। তাঁহাদের নিকট হইতে বিদায় লইয়া রুফ্লাস শ্রীনাথজীর মন্দিরে আসিলেন। ক্সকুণ্ডের উপর বাদালীরা কুটার বাধিয়া থাকিতেন, তিনি উহাতে আগুন লাগাইয়া দিলেন। খুব সোরগোল হইল। বাঙ্গালীরা সেবা ছাড়িয়া পর্বতের নীচে আসিলেন। তথন কুফ্লাস পর্বতের উপর নিজের লোক পাঠাইয়া দিলেন। বাঙ্গালীরা যথন দেখিলেন যে কৃষ্ণদাস কুটীরে আগুন লাগাইয়াছেন, তথন তাঁহারা কুফ্লাদের সহিত লড়াই করিতে প্রবৃত্ত হইলেন। কুফ্লাস তাঁহাদিগকে ছই-চার লাঠি মারিলেন, বাঙ্গালীরা সেথান হইতে পলাইয়া মণ্রায় আদিয়া রূপদনাতনকে দব কথা বলিলেন (দো বে বাংগালী দব ক্ষুকুণ্ড উপর রহতে, উহা উনকী ঝোঁপরী হতী। সো কুফ্লাসনে জরায় দীনী তব সোর ভয়েউ তব বাংগালী সেবা ছোডকে পর্বতকে নীচে আইয়। তব কৃষ্ণদাসনে পর্বত উপর আপনে মহুল পাঠায় দীয়ে, তব বাংগালী দেখেঁ তৌ কুফদাদনে ঝোপরীমে আগ লগায় দীনী হৈ, তব দব বাংগালী কুফদাদসো শরণ লাগৈ। তব রুফদাসনে ছৈ ছৈ চার চার লাঠি সবনকে দীনী। তব বে বাংগালী তাহাঁলে ভাজো দো মথুৱা আহিয় তব রূপদনাতনকে পাদ আয়কেঁ সব বাত কহী )।

কৃষ্ণাসপত র'পসনাতনের নিকট আসিয়া উপস্থিত হইলেন। রূপসনাতন বলিলেন, "তুমি শুক্ত হইয়া আহ্মণকে মারিলে!"

কৃষ্ণদাস বলিলেন, "আমি ত শৃদ্ৰ; তোমরাও ত অগ্নিহোত্রী নহ। তোমরাও ত কায়স্থ।" সনাতন বলিলেন, "এই কথা বাদশাহ শুনিলে কি জবাব দিবে ?" কৃষ্ণদাস বলিলেন, "আমি যাহা হয় জবাব দিব, কিন্তু তুমি যে কায়স্থ হইয়া ব্রাহ্মণদের প্রণাম লও, তোমারও জবাব দেওয়া মুদ্ধিল হইবে।" এই কথা শুনিয়া সনাতন চুপ করিয়া গোলেন। এইখানে লক্ষ্য করিবার বিষয় এই যে শ্রীজ্ঞীব গোস্বামী লঘুতোষণী-নামক ভাগবতের টীকায় শ্রীরূপ-সনাতনকে ব্রাহ্মণ-বংশজাত বলিয়াছেন। রূপসনাতন কায়স্থ নহেন। বল্লভাচারী সম্প্রদায় নিজেদের অভ্যাচারের সমর্থনকল্পে সনাতনকে কায়স্থ বলিয়াছেন।

্ষাহা হউক, বাঙ্গালীরা মণ্রার হাকিমের নিকট নালিশ করিলেন।

হাকিমের কাছে কৃষ্ণদাস বলিলেন, "এরা আমার চাকর ছিল। সেবা ছাড়িয়া যখন চলিয়া আসিয়াছে, তখন আর সেবা পাইতে পারে না। এদের কৃটার যদি আগুনে পুড়িয়াই যাইত, আমি নৃতন কৃটার বানাইয়া দিতাম। কৃটার রক্ষার জন্ম সেবা ছাড়িয়া ইহারা চলিয়া আসিল কেন?" হাকিম বোধ হয় টোডরমল্ল ও বীরবলের নিকট হইতে আগেই ইন্সিত পাইয়াছিলেন। সেই জন্ম তিনি কৃষ্ণদাসের এবংবিধ অন্থায়ের কোন প্রতীকার করিলেন না।

কৃষ্ণদাদ গোঁদাইজীকে দব বিবরণ লিখিয়া প্রার্থনা জানাইলেন যে তিনি একবার আদিলে ভাল হয়। গোঁদাইজী শ্রীনাথজীর মন্দিরে আদিলেন। বাঙ্গালীরা ষাইয়া তাঁহার নিকট নালিশ করিলেন। তিনিও কৃষ্ণদাদের স্থায় জবাব দিলেন। তখন বাঙ্গালীরা বলিলেন, "মহারাজ অব হম খায়ঙ্গে ক্যা?" গোঁদাইজী তখন তাঁহাদিগকে মদনমোহনের দেবা সমর্পণ করিলেন। বাঙ্গালীরা দেই হইতে গোবর্দ্ধনবাদ ছাড়িয়া দিলেন। শ্রীনাথের দেবায় গুজরাতী ব্রাহ্মণ নিযুক্ত হইল (পৃ. ৩৪৩-৩৫০, কল্যাণ, বোম্বে লক্ষ্মীবেষটেশ্বর প্রেদ সংস্করণ)।

বল্লভাচারী সম্প্রদায়ের এই বিবরণ হইতে স্পষ্ট ব্ঝা যায় যে কৃষ্ণদাস ছল-চাতুরী, মিথ্যাকথা ও অবৈধ বলপ্রয়োগের দারা বান্ধালীকে অধিকারচ্যুত করিয়াছিলেন। প্রীচৈতগ্রচরিতামতের বিবরণের সহিত এই বিবরণ মিলাইয়া পড়িলে মনে হয় প্রীরূপের সন্ধিল-সহ গোপাল-দর্শনে যাওয়ার প্রকৃত উদ্দেশ্য ছিল মথুরার হাকিমের নিকট নালিশ করিতে যাওয়া।

Von Glasenapp বলেন যে ঐতিচততা ও বল্লভ-সম্প্রদায়ীদের মধ্যে সম্ভাব ছিল। কিন্তু ঐতিচততার ভক্তদের নিকট হইতে বিট্ঠলেশ্বর যথন প্রসিদ্ধ শ্রীনাথ-বিগ্রহ কাড়িয়া লইয়া নিজের পূর্ণ অধিকারে আনিলেন এবং ঐ বিগ্রহ গোবর্দ্ধন হইতে মথুরায় স্থানাস্তরিত করিলেন তথন হইতে উভয়. সম্প্রদায়ের মধ্যে বিবাদ আরম্ভ হইল।

অষ্টাদশ পরিচ্ছেদের সকল ঘটনাই কৃষ্ণদাস কবিরাজের নিজস্ব সংগ্রহ।
প্রীযুক্ত প্রমথ চৌধুরী মহাশয় "পাঠান রাজকুমার বিজুলি থা" নামক প্রবন্ধে
এই পরিচ্ছেদে বর্ণিত একটি ঘটনা যে ঐতিহাসিক সত্যের উপর প্রতিষ্ঠিত
তাহা প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন। তবে কৃষ্ণদাস কবিরাজ কাজীদলন

> প্রমণ চৌধুরী, "নানা চর্চ্চা", পৃ. ১১১-১২৭। তাঁহার মতে বিজ্লি গাঁ কালিঞ্জর দুর্গাধিপতি বিহার খান আফগানের পালিত পুত্র।

এবং শ্রীচৈতত্তের গোড়ে আগমনে নোকা-প্রদানকারী তুর্কী রাজপুরুষের প্রতি রূপা বর্ণনার ভাষা, এ স্থানেও শ্রীচৈতত্তের ঘারা মুসলমান শাস্ত্র খণ্ড খণ্ড করাইয়াছেন ও এক পীরের ঘারা বলাইয়াছেন—

> অনেক দেখিত্ব মৃত্যি ফ্লেচ্ছ শাস্ত্র হইতে। সাধ্য সাধন বস্তু নারি নির্দারিতে ॥—২।১৮।১৯২

চরিতামতের উনবিংশ পরিচ্ছেদে রূপ-সনাতনের বিষয়-ত্যাগ ও বুন্দাবন-গমন বর্ণিত হইয়াছে। ঐ বিবরণ সম্পূর্ণরূপে নির্ভরযোগ্য; কেন-না কৃষ্ণদাস কবিরাজ শ্রীরূপ ও শ্রীজীবের অন্তর্জ সঙ্গ লাভ করিয়াছিলেন।

এই পরিচ্ছেদে শ্রীরূপের প্রতি প্রভ্র শিক্ষা বর্ণিত হইয়াছে। রুঞ্দাস কবিরাজ ইহাই দেখাইতে চাহিয়াছেন যে শ্রীচৈততা ভজিবসামৃতসিমুর বিষয়বস্তু সমস্ত শ্রীরূপকে বলিয়া দিয়াছিলেন এবং শ্রীরূপ শ্রীচৈততাের প্রদত্ত স্বত্তালির কেবলমাত্র পরিবর্জন করিয়াছেন।

Teachings to Sanatan

### সনাতন-শিক্ষা

বিংশ পরিচ্ছেদ হইতে পঞ্চবিংশ পরিচ্ছেদের মূলঘটনা সনাত্ন-শিক্ষা।
এই কয়টি অধ্যায়ে কবিরাজ গোস্বামী গৌড়ীয় বৈফবদর্শন—যাহা সনাতন
গোস্বামী রহস্তাগ্বতামৃতে এবং শ্রীজীব গোস্বামী ষট্সন্দর্ভ ও সর্বসন্থাদিনীতে
ব্যাখ্যা ক্রিয়াছেন—তাহার সংক্ষিপ্তসার দিয়াছেন। বিংশ পরিচ্ছেদের
শেষে (২।২০।২৬৯-৩৩৪) শ্রীরূপ-কৃত লঘু-ভাগ্বতামৃতের সংক্ষিপ্তসার দেওয়া
হইয়াছে।

কবিরাজ গোস্বামী একবিংশ পরিচ্ছেদে রুহন্তাগবতামূতের অনেক কথা লইয়াছেন। কৃষ্ণ-ব্রহ্মা সংবাদটি ঐ গ্রন্থেই বিশদরূপে লিখিত হইয়াছে। ছাবিংশ ও ত্রয়োবিংশ পরিচ্ছেদ ভক্তিরসামৃতসিদ্ধুর সংক্ষিপ্তসার। চতুর্বিংশ পরিচ্ছেদে পুনরায় "আত্মাবাম" শোকের ব্যাখ্যা। এ বারে একষ্টি প্রকার। গ্রির্হালে পুনরায় "আত্মাবাম" শোকের ব্যাখ্যা। এ বারে একষ্টি প্রকার। গ্রির্হালি স্নাতন এরূপ ব্যাখ্যা শ্রীচৈতত্যের নিক্ট শুনিতেন, তাহা হইলে তিনি he must had expounded on those in the sub commentary of Bhagavat. নিজে ভাগবতের টীকায় এরূপ ভাবের ব্যাখ্যা করিতেন বা শ্রীজীবের দারা করাইতেন।

"আত্মারাম" শ্লোক ব্যাখ্যা করার পর কবিরাজ গোস্বামী ঐতিচতত্ত্যের দারা সনাতনকে বৈফব শ্বতি লেখার উপদেশ দেও্য়াইয়াছেন। উনিশ হইতে পঁচিশ পরিচ্ছেদের উপাদান কি করিয়া কৃষ্ণদাস কবিরাজ সংগ্রহ করিয়াছিলেন তাহার একটি দৃষ্টান্ত দিতেছি। তিনি যে বইয়ের সংক্ষিপ্তসার দেওয়ার প্রয়োজন বোধ করিয়াছেন, সেই বইয়ের মৃথ্য মৃথ্য কথা তিনি শ্রীচৈতত্যের মৃথ দিয়া বলাইয়াছেন। যেমন হরিভক্তিবিলাসথানি হাতে লইয়া তিনি তাহার স্চীপত্র তৈয়ার করিয়াছেন এবং শ্রীচৈতত্যের দারা ঐ স্চীপত্র বলাইয়া সনাতনকে আদেশ করা হইল "এই ভাবে বই কর।" যথা—

### (ক) চরিতামতে—

তথাপি স্ত্ররূপ শুন দিগ্দরশন। সর্ব্ব কারণ লিখি আদৌ গুরু আশ্রয়ণ॥—২।২৪।২৪১

#### হরিভজি বিলাস-

আদৌ সকারণং লেখ্যং শ্রীগুর্কাশ্রয়ণং ততঃ।—১।৪

- থে ) চৈ. চ.—গুরুলক্ষণ শিয়লক্ষণ, দোঁহার পরীক্ষা।
  দেব্য ভগবান্, দব মন্ত্র বিচারণ॥
  - হ. ভ. বি.—গুরু: শিশু: পরীক্ষাদির্ভগবান্ মহরক্ত চ়। সেব্য ভগবান (১।৫৫-৭৪) সবমন্ত্র বিচারণ (১।৭৫-৮৯)
- (গ) চৈ. চ.—মন্ত্র-অধিকার মন্ত্রগুদ্ধানি শোধন।
  - হ. ভ. বি.—মন্ত্রাধিকারী সিদ্ধ্যাদিশোধনং মন্ত্রসংশ্রিয়া।
- ( घ ) চৈ. চ.--দীক্ষা, প্রাতঃস্বৃতিকৃত্য, শৌচ, আচমন।
  - হ. ভ. বি.—দীক্ষা নিত্যং ব্রাহ্মকালে শুভোখানং পুর্বিত্রতা।
    প্রাতঃক্বত্যাদি কৃষ্ণশ্র বাছাগৈন্য প্রবেধনম্ ॥
    নির্মান্যোভারণাভাদৌ মঙ্গলারাত্রিকং ততঃ।
- ( ६ ) চৈ. চ.—দস্তধাবন, স্নান, সন্ধ্যাদি বন্দন। গুরুদেবা, উর্দ্ধপুণ্ড, চক্রাদি ধারণ॥
  - হ. ভ. বি.— মৈত্রাদিক্বতাং শৌচাচমনং দস্কস্থ ধাবনম্।
    স্পানং তান্ত্রিকসন্ধ্যাদি দেবসন্মাদিসংক্রিয়া॥

পঞ্চবিংশতি পরিছেদে পুনরায় প্রকাশানন্দ-কাহিনী। এই পরিছেদে বে বিচার আছে, তাহা মূলত: এজীব গোস্বামীর তত্ত্বসন্দর্ভ হইতে লওয়া। এখানেও এটিচড়ন্তের দারা কবিরাজ গোস্বামী আবার "আত্মারাম" শ্লোকের ব্যাখ্যা করাইয়াছেন।

Evaluation of Antylila (Last / Ultimate Lila)

শ্রীচৈতগ্যচরিতামৃতে অস্তালীলায় প্রধানতঃ শ্রীমন্মহাপ্রভুর ভাবোন্মাদ বর্ণিত হইয়াছে। শ্রীরূপ গোস্থামী ও রঘুনাথদাস গোস্থামীর কয়েকটি শুবে ফে সামান্য উপকরণ গ্রন্থকার পাইয়াছিলেন, তাহারই সদ্মবহার করিয়া তিনি শ্রীচৈতন্ত্যের ভাবজীবনের অপূর্ক আলেথ্য আঁকিয়াছেন। শ্রীচৈতন্তের বিরহ ভাবের যে সামান্য চিত্র আমরা মুরারি, কবিকর্ণপূর, প্রবোধানন্দ ও বৃন্দাবনদাসের গ্রন্থে পাই, তাহার সহিত এই আলেখ্যের কোন মূলগত বিরোধ নাই — অথচ অন্ত কোন চরিতকার কবিরাজ গোস্থামীর ন্তায় সজীব চিত্র অন্ধন করিতে পারেন নাই। চরিতামৃতের অন্তালীলা রিসক জনের চিত্তহারী, কবিগণের কল্পলোক ও সাধক-ভক্তের কণ্ঠহার।

প্রথম পরিচেইদে শিবানন্দ সেন প্রভৃতি ভক্তের নীলাচলে আগমন এবং শ্রীরূপ গোস্বামীর নাটকের আস্বাদন বর্ণিত হইয়াছে। শিবানন্দের কুকুরের প্রসঙ্গটি চৈতক্সচন্দ্রোদয় নাটক (১০০০) হইতে গৃহীত হইয়াছে (চৈ. চ. ০০১০১২-২৮)। নাটকে আছে, "মত্যে তেনৈব শরীরেণ রূপান্তরং লন্ধা লোকান্তরং প্রাপ্ত:।"

চৈতগ্ৰচবিতামৃতে আছে—

আর দিন কেহে। তার দেখা না পাইল। সিদ্ধ দেহ পাঞা কুকুর বৈকুঠেতে গেল।

### বিদশ্ধমাধব ও ললিভমাধব নাটকের রচনা-কাল

শ্রীরূপ গোস্বামীর বৃন্ধাবন হইতে নীলাচলে আগমন ও তাঁহার "বিদগ্ধ-মাধব" ও "ললিতমাধবের" আলোচনা-বর্ণন কবিরাজ গোস্বামীর নিজস্ব। এই আলোচনাকে ঐতিহাসিক সভ্যরূপে গ্রহণ করিলে উক্ত নাটকছয়ের রচনা-কাল লইয়া কিছু গোল বাধে। শ্রীরূপ কোন্ সময়ে নীলাচলে আসিয়াছিলেন তাহা রক্ষণাস কবিরাজ ঠিক করিয়া বলেন নাই। তবে তাঁহার বর্ণনার ভঙ্গি দেখিয়া মনে হয় যে শ্রীচৈতন্তের বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের কিছু পরে, অর্থাৎ ১৪৩৭ শকের কিছু পরে, শ্রীরূপ পুরীতে আসিয়াছিলেন। এরূপ অহুমান করার কারণ এই যে শ্রীচৈতন্ত শ্রীরূপকে সনাতনের কথা জিজ্ঞাসা করিলে শ্রীরূপ বলিতেছেন—

আমি গঙ্গাপথে আইলাম তেঁহো রাজপথে। অতএব আমার দেখা নহিল তাঁর সাথে॥ প্রয়াগে শুনিল তেঁহো গেলা রুদাবন। অহুপমের গঙ্গাপ্রাপ্তি কৈল নিবেদন॥—৩।১।৪৭-৪৭

অনুপমের গৌড়দেশে আদিয়া গঙ্গাপ্রাপ্তি ইইয়াছিল। সেইজন্ম শ্রীরপের "অনুপম লাগি তাঁর কিছু বিলম্ব ইইল।" ধরা যাউক ১৪৩৮ শকে শ্রীরূপ নীলাচলে আদিয়াছিলেন। ১৪৩৬ শকের চৈত্র মাদে শ্রীচৈতন্ত সনাতনকে উপদেশ দিয়াছিলেন। রুঞ্চদাস কবিরাজ এই পরিচ্ছেদে বিদগ্ধমাধবের প্রথমান্বের ১, ২, ১৩, ১৫, ৩৩, ৩৬, ৪১, ৪২, ৪৪, ৪৮, ৬০—এই এগারটি, দিতীয় অন্বের ১৬, ১৯, ২৬, ৩০, ৪৮, ৫০, ৫৯, ৬০, ৬৯, ৭০, ৭৮—এই এগারটি, তৃতীয় অন্বের ২ ও ১৩, চতুর্থ অন্বের ৯ এবং পঞ্চম আন্বের ৪, ১০, ৩১—একুনে ২৮টি শ্রোক উদ্ধার করিয়াছেন। কাব্যের শ্রোক ইইলে, যথন তথন যেটি সেটি লিথিয়া পরে যথাস্থানে সন্ধিবেশ করিয়া দিলেও চলে, কিন্তু নাটকে ঘটনার ক্রমবিকাশ-অন্থ্যারে পাত্রপাত্রীর উক্তি লিখিতে হয়। সেই জন্ম কবিরাজ গোস্বামীর বর্ণনা দেখিয়া মনে হয় ১৪৩৮ শকে বিদগ্ধমাধ্ব-রচনা শেষ ইইয়াছিল, তাহা না ইইলে পঞ্চম অন্বের পর্যান্ত শ্লোকের বিচার ১৪৩৮ শকে কিরূপে ইইবে? কিন্তু বিদগ্ধমাধ্ব নাটকের শেষে আছে—

নন্দ সিন্ধুরবাণেন্দ্-সংখ্যে সংবংসরে গতে। বিদয়মাধবং নাম নাটকং গোকুলে ক্রতম্॥

নন্দ ৯, সিন্ধুর ৮, বাণ ৫, ইন্দু ১ = ১৫৮৯ সন্থ = ১৫৩৩ খ্রীষ্টাব্দ।

এই শ্লোকটি অন্থলিপির কালবাচক হইতে পারে না, কেন-না ইহাতে "গোকুলে ক্বতম্" উক্তি আছে; আর ইহার অর্থ প্রাচীন টীকাতে করা হইয়াছে। বিদশ্ধমাধ্ব শ্রীচৈতক্তের তিরোভাবের পরেই লিখিত হইয়াছিল।

Sri Chaitanya's year of demise - Ashadha od 1533

শ্রীচৈতন্ত ১৫০০ থ্রীষ্টাব্দের আষাঢ় মাসে তিরোহিত হয়েন; তাহার কয়েক মাস পরেই এই গ্রন্থ যে রচিত হইয়াছিল তাহার ইন্দিত স্ত্রধারের উক্তি হইতে পাওয়া যায়; যথা—

"তদিদানীমেতত্ত ভক্তবৃন্দত্ত মুকুন-বিশ্লেষোদীপনেন বহির্ভবন্তঃ প্রাণাঃ কমপি তত্ত্বৈ কেলিম্ধাকলোলিনীমুলাসয়তা পরিবন্দণীয়া ভবতা।"

শ্রীচৈতন্তের সহিত কৃষ্ণের অভিন্নত্ব সকল ভক্তই স্বীকার করিতেন;
শ্রীচৈতন্তের তিরোভাবের পর ভক্তগণের মৃকুন্দবিচ্ছেদের উদ্দীপনা হইয়াছিল;
তাই শ্রীকৃষ্ণলীলা শুনাইয়া তাঁহাদিগের আনন্দ-বিধানের জন্ত শ্রীক্রপগোস্বামী
এই নাটক রচনা করিয়াছিলেন। নাটকীয় বাক্যভঙ্গির দারা শ্রীক্রপগোস্বামী
এখানে শ্রীচৈতন্তের তিরোভাবে ক্লিপ্ট ভক্তগণের অবস্থার কথা ইঙ্গিত
করিয়াছেন বলিয়া আমার মনে হয়।

যদি ১৫৩৩ খ্রীষ্টাব্দে বা ১৪৫৫ শকে বিদ্যান্থাব-রচনা শেষ হইয়া থাকে, ভাহা হইলে ১৪৩৮ শকে রামানন্দের সহিত ইহার আলোচনা কিরপে হইতে পারে ? কফদাস কবিরাজের বর্ণনা ঐতিহাসিক সত্য বলিয়া মানিতে হইলে বলিতে হয় যে ১৪৩৮ শকে বিদ্যান্থাবের বিভিন্ন অঙ্কের ২৮টি শ্লোক রচনা করিয়া শ্রীরূপ তাহা ছাড়িয়া দিয়াছিলেন, সতের বংসর পরে ঐ নাটক তিনি শেষ করেন। কিন্তু পূর্ব্বে বলিয়াছি তাহা হইতে পারে না, কেন-না নাটকের পঞ্চম অঙ্কের পর্যান্ত শ্লোক লইয়া রামানন্দ রায় আলোচনা করিয়াছিলেন বলিয়া ক্রফদাস কবিরাজ বর্ণনা করিয়াছেন। আমার মনে হয়, ভক্তিরসামৃত-সিন্ধু, হরিভক্তিবিলাসাদি গ্রন্থের সংক্ষিপ্তসার যেমন কবিরাজ গোস্বামী স্থকৌশলে শ্রীচৈতক্ত-সনাতন-সংবাদে দিয়াছেন, এথানে তেমনি তিনি বিদ্যান্থায় ও ললিতমাধবের সহিত বৈফ্বমণ্ডলীকে পরিচিত করাইবার উদ্দেশ্যে ও নিজের গ্রন্থকে গোস্বামি-শাত্মের মঞ্ঘাস্থরপ করার জন্ত ঐরপ্রভাবে বর্ণনা করিয়াছেন।

ললিতমাধবের প্রথম অঙ্কের ১, ৪, ২০, ১৯, ৫০, ১০২, ১০৬—এই সাতটি, দ্বিতীয় অঙ্কের ২২ ও ২৩ এবং চতুর্থ অঙ্কের ২৭ সংখ্যক শ্লোক—একুনে ১০টি শ্লোক আলোচ্য পরিচ্ছেদে ধৃত হইয়াছে। কিন্তু ললিতমাধব নাটক বিদ্যান্যধিবের চার বংসর পরে অর্থাৎ ১৫৩৭ খ্রীষ্টাব্দে লিখিত হয়; যথা—

নন্দেষ্ বেদেন্মিতে শকাবে শুক্রন্থ মাসস্থ তিথো চতুর্থ্যাম্.।

# দিনে দিনেশস্ত হরিং প্রণম্য সমাপয়ং ভদ্রবনে প্রবন্ধম্॥

এই প্রদক্ষে একটি কথা বলা প্রয়োজন। ললিতমাধবের টীকাকার লিথিয়াছেন যে শ্রীরূপ উজ্জ্বনীলমণিতে যে সমৃদ্ধিমান্ সন্তোগের বর্ণনা করিয়াছেন তাহা স্পষ্ট করিয়া দেখাইবার জন্ম "ললিতমাধব" নাটক আরম্ভ করিয়াছেন। কিন্তু এ উক্তি ঠিক নহে, কেন-না উজ্জ্বনীলমণিতে ললিত-মাধবের নাম করিয়া কৃঞ্চদাস কবিরাজগৃত শ্লোকগুলির মধ্যে তিনটি উদ্ধৃত হইয়াছে।

ক্বফলাস কবিরাজ লিথিয়াছেন যে শ্রীচৈতন্ত শ্রীরূপকে আদেশ করিলেন—

ক্বফকে বাহির নাহি করিহ ব্রজ হৈতে। ব্রজ ছাড়ি কৃষ্ণ কভু না যায় কাঁহাতে॥—৩।১।৬১

এই উক্তির সহিত ললিতমাধব-বর্ণিত ঘটনার সামঞ্জস্ত করা বড়ই কঠিন। কেন-না ঐ নাটকের প্রথম হুই অঙ্কে বৃন্দাবনে শ্রীরাধা, চন্দ্রাবলী, ললিতা প্রভৃতির সহিত শ্রীক্ষের লীলা বর্ণিত হইয়াছে; তৃতীয় অঙ্কের প্রথমেই পৌর্ণমাসির উক্তি হইতে জানা যায় যে অক্রুর শ্রীক্বঞ্চকে মথুরায় লইয়া গিয়াছেন ( ৩।৩ )। তৃতীয় অঙ্কে শ্রীরাধার বিরহ বর্ণিত হইয়াছে। পরবর্ত্তী সাতটি অঙ্কের ঘটনা ব্রজের বাহিরে ঘটে। কবিরাজ গোস্বামিকথিত শ্রীচৈতন্মের উক্তির সহিত ললিতমাধব নাটকের ঘটনার সামঞ্জ করিবার জন্ম উক্ত পরারের ব্যাখ্যায় শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথ মহাশয় লিখিয়াছেন—"শ্রীরূপ গোস্বামী তাঁহার পুরলীলা-সম্বন্ধীয় (ললিভমাধব) নাটকে গভ দ্বাপরের পুরলীলা বর্ণনা করেন নাই; অন্ত এক কালের লীলা বর্ণনা করিয়াছেন। সেই কল্পে নানা ঘটনার ভিতর দিয়া স্বয়ং চন্দ্রাবলী ক্রিণীরূপে, স্বয়ং শ্রীরাধাই সত্যভামারপে এবং যোলহাজার গোপস্বন্দরীই যোলহাজার দারকা-नौनात পরিকর হইয়াছিলেন। এই পুরলীলাটি যদি ব্রজ্লীলার সঙ্গে একই নাটকে গ্রথিত হইত, তাহা হইলে সাধারণ পাঠক ইহাকে প্রকট-লীলা-সম্বন্ধীয় নাটক বুঝিতে পারিলেও হয়ত মনে করিত যে প্রত্যেক প্রকট লীলায়ই বুঝি স্বয়ং শ্রীরাধিকা সত্যভামা, স্বয়ং চন্দ্রাবলী ক্ষমণী ইত্যাদি হইয়া দারকা-লীলা করিয়া থাকেন।" ভাল কথা, কিন্তু ললিতমাধবের প্রথম হুই অঙ্কে ধে

ব্ৰহ্ণীলা বৰ্ণিত হইয়াছে, তাহা কোন্ কল্লের লীলা, প্রকট কি অপ্রকট লীলা, সে সম্বন্ধে নাথ মহাশয় নীরব কেন ?

অস্ত্যলীলার দ্বিতীয় পরিচ্ছেদে নকুল ব্রহ্মচারীর ও ছোট হরিদাদের কাহিনী আছে। নকুল ব্রহ্মচারীর বিবরণ নাটক (৯19, নি. স.) হইতে গৃহীত। বৃদ্ধা বৈষ্ণবী মাধবীর নিকট হইতে ভিক্ষা গ্রহণ করার জন্ম ছোট হরিদাসকে বর্জন করার কাহিনী কবিরাজ গোস্বামীর নিজের সংগ্রহ।

Haridas Thakur

# হরিদাস ঠাকুরের কাহিনী

তৃতীয় পরিচ্ছেদে হরিদাস ঠাকুরের কথা আছে। এই প্রসঙ্গের অবতারণা করিয়া তিনি বলিয়াছেন—

> বৃন্দাবনদাস যাহা না করেন বর্ণন। হরিদাসের গুণ কিছু শুন ভক্ত জন॥

তিনি ৩।৩।৯৬-১৩৫ পর্যান্ত পয়ারে লিখিয়াছেন যে এক বেশা হরিদাস ঠাকুরকে প্রলুদ্ধ করিবার জন্ম নিযুক্ত হইয়াছিল। হরিদাস ঠাকুর এক মাসে কোটীনাম-গ্রহণ যজ্ঞ করিতেন। বেশা বসিয়া বসিয়া শুনিত। হরিদাস প্রথম দিনের পর বলিলেন—

> কালি তৃঃথ পাইলে অপরাধ না লইবে মোর। অবশ্য করিব আমি তোমারে অঙ্গীকার॥ তাবং ইহা বসি শুন নাম সংকীর্ত্তন। নাম পূর্ণ হৈলে পূর্ণ হৈবে তোমার মন॥

এইরূপ তিন দিন ঘটিল। শেষে বেশা নাম-অবণের গুণে বৈফ্বী হইল।

প্রসিদ্ধ বৈষ্ণবী হৈলা পরম মহান্ত।
বড় বড় বৈষ্ণব তাঁর দর্শনেতে যান ত॥—৩৩।১৩৪

ইহার পূর্ব্ব অধ্যায়ে কবিরাজ গোসামী লিখিয়াছেন যে মাধ্বী দেবী

বৃদ্ধ তপস্থিনী আর পরম বৈষ্ণবী।
প্রভূ লেখা করে রাধাঠাকুরাণীর গণ।
জগতের মধ্যে পাত্র সার্দ্ধ তিন জন।

### স্বরূপ গোসাঞি আর রায় রামানন। শিখি মাহিতী আর তাঁর ভগিনী অর্দ্ধ জন ॥——৩।২।১০৩-৫

Chhoto / Junior Haridas was banished by Sri Chaitanya as by the instruction of Bhagavan Acharya Junior Haridas had brought some rice from an old woman Madhavidevi.

ছোট হরিদাদ এহেন মাধবীদেবীর নিকট হইতে ভগবান্ আচার্য্যের আদেশে "ওবাইয়া চাউল এক মণ" আনার জন্ম প্রভু-কর্তৃক বর্জিত হইয়াছিলেন। প্রভু বলিয়াছিলেন যে কাঠের নারী পুতুলও মুনির মন হরণ করে (৩।২।১১৭)। কিন্তু যে যে "বড় বড় বৈষ্ণব" হরিদাদের রূপা-প্রাপ্তা পূর্বতন বেশ্লাকে দর্শন করিতে যাইতেন, তাঁহাদের কি কেহ বর্জন করেন নাই ?

যাহা হউক, কবিরাজ গোস্বামী ২১৪ হইতে ২৩৯ পয়ারে বেশারূপিণী মায়ার কাহিনী বলিয়াছেন। ঐ বেশাও প্রকৃতপক্ষে মায়া) হরিদাদের মুথে হরিনাম শুনেন—-

এই মত তিনদিন করে আগমন।
নানা ভাব দেখায় যাতে ব্রহ্মার হরে মন॥—৩।৩।২৩২

পরে তিনি হরিদাসকে বলিলেন যে তিনি মায়া। বোধ হয় পূর্বলিখিত বেশার কাহিনীই পরে রূপান্তরিত হইয়া এই মায়ার কাহিনীতে পরিণত হইয়াছিল; তাহা না হইলে ত্ইটি গল্পের মধ্যে এমন আশ্চর্যা সাদৃশ্য পাওয়া যায় না। রুঞ্দাস কবিরাজ ত্ইটি কাহিনীই শুনিয়াছিলেন এবং ত্ইটিই লিপিবন্ধ করিয়াছেন।

এই পরিচ্ছেদে হরিদাস-শ্রীচৈতন্য-সংবাদে হরিদাস তথাকথিত নৃসিংহ-পুরাণের নিম্নোদ্ধত শ্লোক তুলিয়া বলিয়াছেন যে, যে-হেতু মুসলমানগণ বার বার "হারাম, হারাম" বলে, সেইজন্য রামনামের আভাসের মাহাত্ম্যে তাহারা উদ্ধার পাইবে।

দংষ্ট্র-দংষ্ট্রাহতো শ্লেচ্ছো হারামেতি পুনঃ পুনঃ। উক্ত্যাপি মুক্তিমাপ্রোতি কিং পুনঃ শ্রদ্ধয়া গুণন্॥

এই শ্লোক অন্ততঃ ত্রয়োদশ শতাব্দীর পূর্বের নৃসিংহপুরাণের মধ্যে প্রবেশ করে নাই। সরল-বিশ্বাসী কবিরাজ গোস্বামী এরূপ শ্লোককেও শান্তীয় প্রমাণ বলিয়া ধরিয়াছেন।

# Description of Ballava Bhatt

সপ্তম পরিচ্ছেদে বল্লভ ভট্টের সহিত শ্রীচৈতত্তের দ্বিতীয় বাব মিলনের কথা আছে। কৃষ্ণদাস কবিরাজ বলেন যে বল্লভ ভট্ট শ্রীধরস্বামীর টীকা খণ্ডন করিয়াছিলেন বলায়—

প্রভূ হাসি কহে স্বামী না মানে যেই জন। বেশ্যার ভিতরে তারে করিয়ে গণন॥

কিন্তু শ্রীজীব গোষামাঁ শ্রীধরের কয়েকটি প্রধান প্রধান মত যে মানেন নাই তাহার প্রমাণ দিতেছি। শ্রীমন্তাগবতের ২০০০ শ্রোকের ব্যাখ্যায় শ্রীধর বলেন, "স্বরূপেণ রক্ষতয়া ব্যবস্থিতির্গ্রিক্তঃ।" শ্রীজীব বলেন, "মৃক্তিরিতি স্বরূপেণ ব্যবস্থিতির্নাম স্বরূপসাক্ষাৎকার উচ্যতে। স্বরূপং চাত্র মৃখ্যং পরমাত্মলক্ষণমেব। রিশাপরমাণ্ নাং ফর্যা ইব স এব হি জীবানাং পরমোহংশিম্বরূপঃ।" ভাগবতের তাহরেও শ্রোকের ব্যাখ্যাতেও শ্রীধর ও শ্রীজীবে এইরূপ পার্থক্য। ভাগবতের ২০০০ শ্রোকের ব্যাখ্যাতেও শ্রীধর বলেন, "জ্ঞানং ভক্তিবাগান্তবিত্ত"; শ্রীজীব বলেন, "ভক্তিযোগঃ কীর্ত্তন-স্বরণাদিরপঃ। তংসমন্বিতং তেন সমবেতং যজ্জ্ঞানং ভাগবতং তদপি তদধীনং তদব্যভিচারিফলমিত্যর্থঃ॥" শ্রীবিগ্রহ-পূজা-সম্বন্ধে শ্রীধর ভাগবতের তাহাংহতর ব্যাখ্যায় বলিয়াছেন, "যাবর বেদ স্বহৃদি সর্কাভূতেষবস্থিতং" তাবৎকাল মাত্রেই বিগ্রহ-পূজা বিধেয়। শ্রীজীব বলেন কথনও কোন অবস্থায় বিগ্রহ-পূজা ত্যাগ করিবে না।

শ্রীমন্তাগবতের ২।৭।৫২র ব্যাপ্যায় শ্রীধর ভগবানের লীলাকে "মায়াশ্রয়া" বলেন; কিন্তু শ্রীক্ষীব বলেন, "মায়াময়ং তদৈভবং বিরাজ্রূপমপি বর্ণয়েত্যমাহু।" এইরূপ বহু দৃষ্টান্ত আছে। স্থতরাং "স্বামী না মানিলে তারে বেশ্যামধ্যে গণি" বাক্য শ্রীচৈতত্যের উক্তি বলিয়া স্বীকার করা গেল না।

Sridhar Swami must be from 13th century. As Hemadri Devagiri was the minister of Maharaj Mahadev during the middle of 13th century and had written a sub commentary on Bopadev's "Muktaphala" where the view of Sridhar swami was guoted

"Muktaphala" where the view of Sridhar swami was quoted.
১ হেমারি শ্রীধর স্বামার মত বোপদেব-কৃত "মুক্তাফলের" টীকা লিখিতে যাইয়া উদ্ধৃত করিয়াছেন। হেমারি দেবগিরির যাদব-বংশীয় মহারাজা মহাদেবের মন্ত্রী ছিলেন ও গ্রীষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর মধান্তাগে প্রাকৃত্বত হয়েন। স্বতরাং শ্রীধরের কাল অস্ততঃ ত্রয়োনশ শতাব্দী। ভাগবতের টীকায় শ্রীধর কোথাও মাধবাচার্যা, নিম্বার্ক বা রামানুজের নাম উল্লেখ করেন নাই; কিন্তু ঠাণাড ও তা১২।২ টীকায় বিষ্ণুস্বামীর মত উদ্ধার করিয়াছেন।

চরিতামৃতে প্রদত্ত বল্লভ ভট্ট-কাহিনীর শেষে আছে ষে—

বল্লভ ভট্টের হয় বাল্য উপাসনা।
বালগোপাল মন্ত্রে তেঁহো করেন সেবনা ॥
পণ্ডিতের সনে তাঁর মন ফিরি গেল।
কিশোর গোপাল উপসনায় মন হৈল ॥
পণ্ডিতের ঠাঁঞি চাহে মন্ত্রাদি শিখিতে।
পণ্ডিত কহে কর্ম নহে আমা হৈতে ॥—৩।৭।১৩২-৪

তারপর বল্পভ ভট্ট শ্রীচৈতন্মের শরণাপন্ন হইলেন এবং গদাধর পণ্ডিত তাঁহাকে দীক্ষা দিলেন।

গদাধর পণ্ডিতের নিকট বল্লভ ভট্ট যে মন্ত্র লইলেন একথা স্পষ্ট করিয়া না বলিয়া কবিরাজ গোস্বামী লিখিয়াছেন—

> দিনান্তরে পণ্ডিত কৈল প্রভুর নিমন্ত্রণ। প্রভু তাঁহা ভিক্ষা কৈল লঞা নিজগণ॥

এই ঘটনার মধ্যে যে কিছু সত্য নিহিত আছে, তাহা পূর্কেই দেখাইয়াছি।

The story of Sri Chaitanya's falling in the sea
প্রভুর সমুজ্পভন-নীলা

কবিরাজ গোস্বামী অষ্টাদশ পরিচ্ছেদে প্রভ্র সম্দ্র-পতন, এক ধীবর-কর্তৃক তাঁহার ভাববিরুত দেহ সম্দ্র হইতে উত্তোলন ও প্রভ্-কর্তৃক জলকেলির প্রলাপ-বর্ণন লিথিয়াছেন। অহুরূপ কোন লীলা বঘুনাথদাস গোস্বামী বর্ণনা করেন নাই। কবিরাজ গোস্বামি-বর্ণিত লীলার প্রমাণ-স্বরূপ ৩)১৪ পরিচ্ছেদে গৌরাক্ষ-স্তবকল্পতক্ষর চতুর্থ ও অষ্টম শ্লোক, ৩)১৫ পরিচ্ছেদে শ্রীরূপের শ্রীচৈতন্তাষ্টকের ১।৬ শ্লোক ও স্বরূত গোবিন্দলীলামৃতের তিনটি শ্লোক, ৩)১৬ পরিচ্ছেদে কেবল মাত্র গোবিন্দলীলামৃতের শ্লোক, ৩)১৭ পরিচ্ছেদে গৌরাক্ষ-স্তবকল্লতক্ষর পঞ্চম শ্লোক, ৩)১৯ পরিচ্ছেদে উক্ত স্তবকল্পন কর্ম গ্রাক, ৩)১৯ পরিচ্ছেদে উক্ত স্তবকল্পন কর্ম গ্রাক, ৩)১৯ পরিচ্ছেদে উক্ত স্তবকল্পন কর্ম গ্রাক, ৩)১৮ পরিচ্ছেদে উক্ত স্তবকল্পন কর্ম গ্রাক-অবলম্বনে লিথিয়াছেন। মাঝ্যবানে ৩)১৮ পরিচ্ছেদে সম্দ্রপতন-লীলা লিথিতে যাইয়া তিনি কোন প্রমাণ উদ্ধার করেন নাই। অন্ত কোন গ্রন্থেও সমুদ্রপতন-লীলা নাই। বুন্দাবনদাস (৩)১)৫১৫-৫১৬) লিথিয়াছেন—

একদিন মহাপ্রভু আবিষ্ট হইয়া।
পড়িলা কূপের মাঝে আছাড় থাইয়া॥
দেখিয়া অবৈত আদি সম্মোহ পাইয়া।
ক্রন্দন করেন সভে শিরে হাত দিয়া॥
কিছু না জানেন প্রভু প্রেমভক্তিরসে।
বালকের প্রায় যেন কূপে পড়ি ভাসে॥
সেই ক্ষণ কূপ হইল নবনীতময়।
প্রভুর শ্রীঅক্ষে কিছু ক্ষত নাহি হয়॥

শীচৈতত্তের ভাবোনাদ বর্ণনা করিতে যাইয়া রুঞ্দাস কবিরাজ নিজের লেখা গোবিন্দলীলামতের বহু শোক শীচৈতত্তের মুখ দিয়া বলাইয়াছেন; যথা—

- কে) ক্বফের বিয়োগে রাধার উৎকণ্ঠিত মন।
  বিশাপারে কহে আপন উৎকণ্ঠা-কারণ॥
  শেই শ্লোক পঢ়ি আপনে করে মনস্তাপ।
  শ্লোকের অর্থ শুনায় দোহাকে করিয়া বিলাপ॥—৩।১৫।১১-১২
  তৎপরে গোবিন্দলীলামৃতের ৮।৩ শ্লোকে দেওয়া হইয়াছে—
  - (থ) বিশাথাকে রাধা ধৈছে শ্লোক কহিলা।
    সেই শ্লোক মহাপ্রভু পঢ়িতে লাগিলা।—৩১৫।৫৫

তৎপরে গোবিন্দলীলামতের ৮।৪ শ্লোক গৃত হইয়াছে। আবার ৩।১৫ পয়ারের পর গোবিন্দলীলামতের ৮।৭ শ্লোক ও ৩।১৬।১১০ পয়ারের পর ৮।৮ শ্লোক শ্রীচৈতন্তের মৃথ দিয়া বলান হইয়াছে। কবিরাজ গোস্বামী নিজের কাব্যের অষ্টম সর্গের তৃতীয়, চতুর্থ, সপ্তম ও অষ্টম শ্লোক ত্রিপদী ছন্দে ব্যাখ্যা করিয়া চরিতামতের প্রথমেই লিখিত "শ্রীরাধার ভাবকান্তি অদ্বীকার করিয়া থে শ্রীচৈতন্ত অবতীর্ণ হইয়াছিলেন" তাহা প্রমাণ করিলেন। ইহার ফলে কালানৌচিত্য দোষ ঘটিয়াছে।

অস্ত্যলীলার বিংশ পরিচ্ছেদে প্রীচৈতত্যের শিক্ষান্তক প্রদত্ত হইয়াছে।
পত্যাবলীতে যে আটটি শ্লোক শ্রীরূপ গোসামী "শ্রীশ্রীভগবতঃ" বলিয়া উল্লেখ
করিয়াছেন, সেই কয়টি একত্র করিয়া এই পরিচ্ছেদে ধৃত এবং ব্যাখ্যাত
হইয়াছে। চরিতামতের বর্ণনা পড়িয়া মনে হয় যে শ্রীচৈতত্য কোন একসময়ে
বিসিয়া স্বরূপ ও রামানন্দকে এই-সব শ্লোক বলিয়াছিলেন। শিক্ষান্তকের সব

কয়টি শ্লোক একভাবের নয়; স্থভরাং এক সময়ে সব কয়টি রচিত হইয়াছিল বলিয়া মনে হয় না।

# Summary of Srichaitanyacharitamrita's evaluation চরিতামত-বিচারের সার-নিক্ষর্ণ

কৃষ্ণদাদ কবিরাজ যুগপৎ উচ্চশ্রেণীর কবি ও দার্শনিক। দার্শনিকরূপে তিনি ঐতিচতত্তের নিত্যলীলায় বিশাদ করিতেন। এরিপগোস্বামী বিদ্যামাধ্ব. ললিতমাধব নাটকে ও দানকেলিকৌমুদীতে যেমন শ্রীক্লফের এমন অনেক লীলা লিথিয়াছেন যাহা কোন পুরাণে নাই, তথাপি দেগুলি ভক্ত ও রসিক-জনের হংকর্ণরদায়ন, তেমনি কৃঞ্দাদ ক্বিরাজ ক্বি ও দার্শনিকের দৃষ্টি লইয়া শ্রীচৈতন্তের এমন অনেক লীলা লিথিয়াছেন যাহা শ্রীচৈতন্তের প্রকট লীলায় ঘটে নাই: কিন্তু কবিরাজ গোসামীয় স্থায় পরমভক্তের হৃদয়ে উহা ক্ষরিত হওয়ায় স্বীকার করিতে হইবে যে উহা অপ্রকট লীলায় সত্য। বৈষ্ণবৰ্গণ এতাবং কাল ঐচৈতন্যচরিতামূতকে আস্বাদন করিয়া আসিতেছেন। সম্প্রতি গবেষকগণ শ্রীচৈতক্যচরিতামতের ঐতিহাসিকতার বিচার করিতে বসিয়া বলিতেছেন, "চৈতগ্ৰচবিত হিসাবে কি ঐতিহাসিকত্ব, কি বসজ্ঞতা, কি দার্শনিক তত্ত্ব-বিচার, সব দিক দিয়। চৈত্যুচরিতামুত শ্রেষ্ঠতম গ্রন্থ।" "কৃষ্ণ-দাস যথন ইচ্ছা করিয়াই বুন্দাবনদাসের বর্ণনা হইতে স্বাতস্ত্র্য দেখাইয়াছেন তথন মনে হয় যে, কবিরাজ গোস্বামীর বর্ণনাটীই সত্য" ( বঙ্গুঞ্জী, অগ্রহায়ণ ১৬৪১, শ্রীযুক্ত স্থকুমার সেন, বাঙ্গলা সাহিত্যের ইতিহাস )। এইরূপ উক্তি দেখিয়া সত্য সত্য কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থের ঐতিহাসিক মূল্য যে কত দূর তাহার বিচারে প্রবৃত্ত হইয়াছিলাম।

Krishnadas kabiraj had the tendency to add non existent events and modify actual events
এই বিচারে দেখা গেল কৃষ্ণাদ কবিরাজের অলোকিক ঘটনা-বর্ণনার
প্রতি কৌক অত্যন্ত বেশী। তিনি পূর্কবিত্তী কোন গ্রন্থ অনুসরণ করিতে
করিতে সহদা তাহার আয়ুগতা ছাড়িয়া অলোকিক ঘটনার দায়বেশ
The events of eating mango in adilila, cutting of head and resurrection of a Buddhist monk,
করিয়াছেন; যথা—আদিলীলায় আয়ুভক্ষণ-লীলা, মধালীলায় বৌদ্ধ পণ্ডিতের
Showing of four hands to Kashi Mishra and Prataprudra, presence in seven different places
মাথা কাটা যাওয়া ও পুনকজ্জীবন, কাশীমেশ্র ও প্রতাপ কৃদ্ধকে চতুত্ব দুর্তি
while dancing and chanting in front of the carriage, pushing the carriage of Sri Jagannath
বা এখিয়া দেখানো, রথাত্বে কার্ত্তন করিতে এক কালে সাতটি সম্প্রদায়ে
from behind to make it roll where elephants were unable to pull it, eating from Sachidevi
উপস্থিতি, যে রথ মন্ত হন্তী টানিতে পারিত না তাহা ঐচিত্ত্য-কর্ত্ত্ব চালানো,
in physical form while present at somewhere else, curing disease by chanting the name of Krishna,
আবিত্তিবরূপে শচীর অন থাওয়া, কৃষ্ণনাম কহিয়া অমোঘের বিস্চিকা আরাম
on the way to vrindavan made tiger and deer to chant the name of Hari simultaneously
করা, বুলাবনের পথে যাইতে যাইতে বাঘ-হরিণকে একসঙ্গে হরিনাম বলানো;

in the Antylila the length of hands of Sri Chaitanya were one and half yards,

অস্তালীলায় ভাবাবেশে শ্রীচৈতন্তের এক একখানি হাত দেও গন্ধ দীর্ঘ হওয়া, Going out of the house without opening three doors, defeating digvijayi, grace to তিন ছারে কপাট লাগানো থাকা সত্ত্বেও প্রভূব বাহির হইয়া যাওয়া প্রভৃতি। Prakashananda are based on weak historical data. দিখিজায়-পরাভব, প্রকাশানন্দ-উদ্ধার প্রভৃতি বিষয়ে পণ্ডিতদের সহিত বিচার ও তাঁহাদিগকে পরাভব করার ঐতিহাদিক ভিত্তি নিতাস্ত ত্র্কল। এইগুলি ছাড়া আদি ও মধ্য-লীলায় বণিত ঘটনা-সমূহের মধ্যে অতি অল্প অংশই কবিরাজ গোসামীর মৌলিক অমুসন্ধানের ফল।

তাঁহার বর্ণনায় অতিশয়োজির প্রতি আগ্রহণ্ড বেশী। শ্রীচৈতক্তকে তিনি নম্র ও বিনীতভাবে আঁকিতে যাইয়া কাহারণ্ড কাহারণ্ড মনে এমন ভাব জাগাইয়াছেন যেন রামানন্দের নিকটই শ্রীচৈতক্ত রাধাতত্ত্ব শিক্ষাকরিয়াছিলেন। বাক্ষালা দেশে রাধাক্তকতত্ত্ব প্রচারের কিছু অপ্রাচ্র্য্য ছিল না। ভাগবতের যে-সব শ্লোক রামানন্দ আর্ত্তি করিয়া রসতত্ত্ব ব্র্যাইয়াছেন তাহাণ্ড শ্রীচৈতক্তের অজ্ঞাত ছিল না। ইংলণ্ডের পিউরিট্যানগণ যেমন বাইবেলের উক্তি দিয়া নিজেদের কথাবার্ত্তা চালাইতেন, পুণ্ডরীক বিভানিধি এবং নিত্যানন্দের সহিত শ্রীচৈতক্তের মিলনের বর্ণনা পড়িয়া জানা যায় নবদীপে বিশ্বস্তর মিশ্র ও তাহার অহুগত ভক্তগণ্ড তেমনি ভাগবতের শ্লোক দিয়া আলাপ-পরিচয় করিতেন। সনাতনের দৈক্ত-বিষয়ে অতিশয়োক্তি করিয়া তিনি এমন ধারণা জ্ব্যাইয়াছেন যে সনাতনে সত্তেই বুঝি নীচবংশের লোক।

শ্রীচৈতক্ষের জীবনের বহিরঙ্গ ঘটনা বা ঐতিহাদিক তত্ত্ব আমের আঁঠির আম নিতাস্থই রসহীন। কিন্তু আঁঠি না থাকিলে আম একটুতেই বিকৃত হইয়া যাইত, হাড় না থাকিলেও মাহুয বাঁচিত না। সেইজন্ম সত্য সত্যই তাঁহার জীবনে কি কি ঘটনা ঘটিয়াছিল তাহা বাহির করিতে যাইয়া শ্রীচৈতক্মচরিতামত-বর্ণিত কতকগুলি ঘটনার প্রতি সংশয় প্রকাশ করিলাম।

শ্রীচৈতক্মচরিতামৃত বাঙ্গালা সাহিত্যের অল্লভেদী স্বন্ধরূপ। ইহাতে কাব্য ও দার্শনিকতার অপূর্ব্ব সমাবেশ হইয়াছে। সংস্কৃত ভাষায় গোস্বামিগণ ষে-সমস্ত ত্বরহ তত্ব আলোচনা করিয়াছেন, তাহা ক্রফদাস করিরাজ যথাসম্ভব সরল করিয়া বাঙ্গালা ভাষায় প্রকাশ করিয়াছেন। ইংরাজী কাব্য-সাহিত্যে পালগ্রেভ যে কার্যা করিয়াছেন, গোড়ীয় বৈষ্ণব ধর্মের ভিত্তিস্বরূপ সংস্কৃত গ্রন্থ-সমূহের সম্বন্ধে ক্রফদাস করিরাজ সেই কার্য্য করিয়াছেন। শ্রীচৈতত্যের ভাবকে আস্থাদন করিয়া যদি সাধন-পথে অগ্রসর হইতে হয়, তাহা হইলে শ্রীচৈতন্মাচরিতামৃত ছাড়া আর গতি নাই।

Chapter 12

#### দাদশ অধ্যায়

# Kadcha of Govindadas গোবিন্দদাসের কড়চা

বান্ধালার বৈষ্ণব-সাহিত্যের মধ্যে অনস্ত বড়ু চণ্ডীদাসের "কৃষ্ণকীর্ত্তন" ও গোবিন্দদাসের কড়চা লইয়া যত আলোচনা ও আন্দোলন হইয়াছে, এত আর কোন গ্রন্থ লইয়া হয় নাই। গোবিন্দদাসের কড়চার প্রামাণিকতার স্বপক্ষে ডা. দীনেশচন্দ্র দেন ও বিপক্ষে শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয় এত বিবিধ প্রকারের যুক্তি উপস্থিত করিয়াছেন যে এ সম্বন্ধে কিছু নৃতন কথা বলার চেষ্টা তৃঃসাহসিকতা মাত্র। কিন্তু এই তৃইজন স্থবিজ্ঞ ও প্রবীণ গ্রন্থকারের যুক্তিগুলি ঠিক 'যুক্তি' নামে অভিহিত করা যায় কি না, সে সম্বন্ধে আমার থট্কা লাগিয়াছে। ডা. সেন লিথিয়াছেন, "যদি তিনি (জয়গোপাল গোস্বামী) দিতেন এবং অমৃতবাজার পত্রিকা অফিদ হইতে পুস্তক্থানি বাহির হইত, তবে ইহার বিক্ষে সম্ভবতঃ কোন আন্দোলন হইত না" (কড়চার ২য় সংস্করণের ভূমিকা, পৃ. ২২)। অন্তন্ত্র "গোবিন্দদাসের কড়চার প্রামাণিকতাসম্বন্ধে কতিপয় স্বার্থপর লোক ও সংস্কারান্ধ পণ্ডিত একটা র্থা হৈচৈ তুলিয়াছিলেন" (বঙ্গভাষা ও সাহিত্য, পঞ্চম সংস্করণ)।

শীযুক্ত ঘোষ মহাশয় এইরূপ গালাগালির পান্টা জবাব দিয়া লিখিয়াছেন, "এই ত্রিশ বংসরে বহু পরিশ্রমের ফলে হয়ত তাঁহার (ডা. সেনের) সাবেক মন্তিক্ষের পীড়া প্রবল আকার ধারণ করিয়াছিল, এবং সেই জ্বাই হয়ত এই ঘটনাটা সম্বন্ধে তিনি বিষম ধারায় পড়িয়াছিলেন" (গৌরপদতরঙ্গিনীর ২য় সং, ভূমিকা, পৃ. ১৩৮)।

আমি বাল্যকাল হইতে ডা. সেনের ও প্রীযুক্ত মুণালবাবুর ক্ষেহ পাইয়া আসিতেছি। এই গ্রন্থ লেথার জন্য উভয়েই কুপা করিয়া আমাকে গ্রন্থাদি ও উপদেশ দিয়া সাহায্য করিয়াছেন। ঐতিহাসিক যতই সত্যাত্মসন্ধিৎস্থ হউক না কেন, সংসর্গ ও আবেইনীর প্রভাব তিনি সম্পূর্ণরূপে অতিক্রম করিতে পারেন না। সেইজন্য আশক্ষা হয় যে এ সম্বন্ধে আমার বিচার হয়ত নিরপেক্ষ হইবে না। আমি ডা. সেনের ও মুণালবাবুর ব্যবহৃত যুক্তির পুনক্লেখ না করিয়া এই বিষয়টি-সম্বন্ধে আমার মন্তব্য সংক্ষেপে প্রকাশ করিব।

History of Govinda's Kadcha

### কড়চা-সম্বন্ধে আন্দোলনের ইতিহাস

কড়চা-সম্বন্ধে আন্দোলনের বিবরণ ডা. সেন ও ঘোষ মহাশয় লিখিয়াছেন;
কিন্তু ইহারা কতকগুলি প্রয়োজনীয় সংবাদ দেন নাই। সেইজন্ম সংক্ষেপ
এই আন্দোলনের একটি ধারাবাহিক ইতিহাস দিতেছি। এই ইতিহাস
হইতে দেখা যাইবে যে প্রথমে কড়চার স্বপক্ষের ও বিপক্ষের লেখকগণ
স্বীকার করিয়াছিলেন যে উহার খানিকটা অংশ প্রামাণিক নহে—খানিকটা
প্রামাণিক। পরে ডা. সেন কড়চার সমগ্র অংশই প্রামাণিক ও শ্রীযুক্ত ঘোষ
সমগ্র অংশই অপ্রামাণিক স্থির করিয়াছেন।

- ১। কড়চা-প্রকাশের তৃই বংদর পূর্বের অর্থাৎ ৪০৭ চৈতল্যান,
  ১৮৯৩ খ্রীষ্টান্দের ১৬ কার্ত্তিক তারিথের বিফুপ্রিয়া পত্রিকায় (তৃতীয় বর্ষ,
  ১৫ সংখ্যা) মহাত্মা শিশিরকুমার ঘোষ লিগিয়াছিলেন, "শ্রীগোবিন্দের করচা
  বলিয়া একথানি অতি স্থন্দর গ্রন্থ আছে। গ্রন্থকার শ্রীগোরান্দের সমকালীন
  লোক, কায়ন্থ, বেশ প্যার লিখিতে পারেন, বর্ণনা শক্তিও স্থন্দর আছে,
  সংস্কৃত ভাষায়ন্ত উত্তম অভিজ্ঞতা ছিল স্পষ্টই বোধ হয়।" পাণ্ডলিপি খোওয়া
  গিয়াছে ও কড়চার অল্থ পুথি পাওয়া ষাইতেছে না জানিয়ান্ত শিশিরবারু
  সে সম্বন্ধে কোনরূপ উচ্চবাচ্য করেন নাই।
- ২। ১৮৯৫ খ্রীষ্টাব্দে জয়গোপাল গোস্বামী মহাশয় সংস্কৃত প্রেস ডিপজিটরি হইতে গোবিন্দদাসের কড়চা প্রকাশ করেন। গ্রন্থ-প্রকাশের কয়েক বংসর পূর্বে তিনি শিশিরবাবুকে উক্ত গ্রন্থের থানিকটার পাণ্ডলিপি পড়িতে দেন ও পরে তাহা থোওয়া যায়। ডা সেন বলেন যে তংপরে গোস্বামী মহাশয় "শান্তিপুরবাসী তহরিনাথ গোস্বামী মহাশয়ের নিকট হইতে প্রাপ্ত আর একথানি থণ্ডিত পুথি-দৃষ্টে এবং তাহার নিজকত নোট হইতে বহু কটে লুপ্ত পত্রগুলির পাঠোদ্ধার করিয়াছিলেন।" এরপভাবে থণ্ডিত পুথি ও নোটের সাহায্যে সঙ্কলিত প্রস্তুকের আগাগোড়া সব কথা প্রামাণিক হওয়া সম্ভব নহে।
- ০। কড়চা-প্রকাশের অব্যবহিত পরেই মতিলাল ঘোষ মহাশয় বিফুপ্রিয়া পত্রিকায় লেগেন যে, "হাটু ধরি রাম রায় করেন ক্রন্দন" তক ( অর্থাৎ প্রথম সংস্করণের ৫১ পৃষ্ঠা তক, দ্বিতীয় সংস্করণের ২২ পৃষ্ঠার ১০ পয়ার পর্যান্ত ) প্রক্রিপ্ত (বিষ্ণুপ্রিয়া পত্রিকা ৪১০ চৈতন্তান্দ, কার্ত্তিক, পূ. ১০১-৪০৬ )। কিন্তু তিনি ইহাও বলেন যে, "ইহার পরে গ্রন্থে যাহা আছে তাহা সমস্তই সতা।"

এই কথা লিখিত হইবার চল্লিশ বংসর পরে আজ মতিবাবৃর ভাতুশুল্র মৃণালবাবৃ কড়চার পুথি সংগ্রহ ও তাহার কিয়দংশ হারাইবার ইতিহাস লিখিয়া প্রমাণ করিতে চাহেন যে কড়চার আগাগোড়া সমস্ত অংশই জয়গোপাল গোস্বামীর নিজের রচনা (শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ-ক্রত "গোবিন্দলাদের করচা-রহস্ত," পৃ. ১৫১)।

- ৪। কড়চা-প্রকাশের তিন বংসর পরে অর্থাৎ ১৮৯৮ খ্রীষ্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী Calcutta Review পত্রে (Vol. CCXI) The Diary of Govindadasa এবং Topography of Govindadasa's Diary নামক ত্ইটি প্রবন্ধ লেখেন।' প্রথম প্রবন্ধে শাস্ত্রী মহাশয় বলেন যে গ্রন্থগানি মোটামুটি প্রামাণিক। তবে শ্রীচৈতন্তের তিরোভাবের পর নিত্যানন্দ-শাথাভূক্ত ব্যক্তিগণ সম্প্রদায়ের নেতৃত্ব লাভ করেন এবং তাঁহাদের চক্রান্তেই নরহরি সরকার ও গোবিন্দ কর্মকারের ন্তায় ব্যক্তির নাম বৈক্ষব সাহিত্য হইতে বাদ যায়। এই যুক্তি যে প্রমাণসহ নহে, তাহা প্রথম অধ্যায়ে দেখাইয়াছি।
- ৫। ১৯০০ খ্রীষ্টাব্দের ১ই নবেম্বর রবিবারে দীনেশবানু বঙ্গীয় সাহিত্যপরিষদে গোবিন্দদাসের কড়চা-সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। তাহাতে
  তিনি বলেন, "গ্রন্থের ৫১ পৃষ্ঠা প্রয়ন্ত প্রামাণ্য কি না সে বিষয়ে মতভেদ
  আছে। অবশিষ্ট অংশ যে প্রামাণ্য তাহা অনেকেই স্বীকার করেন। তিনি
  শেষ অংশের উপর নির্ভর করিয়াই প্রবন্ধ লিখিয়াছেন" ( সাহিত্য-পরিষদের
  ১৩০৮ সালের ষষ্ঠ মাসিক অধিবেশনের কার্য্যবিবরণী, পৃ. ৪)। এখানে লক্ষ্য
  করার বিষয় এই যে ১৯০০ খ্রীষ্টাব্দে ডা. সেন কড়চার সর্ব্বাংশ প্রামাণিক
  বলিয়া মনে করেন নাই। কিন্তু কড়চার দ্বিতীয় সংস্করণের ভূমিকায় তিনি

[ু] প্রবন্ধ চুইটির নাচে শাগ্রী মহাশয়ের স্বাক্ষর নাই। কিন্তু Indian Historical Quarterlyর হরপ্রসাদ-শৃতি সংখ্যায় উক্ত প্রবন্ধন্বয় শাগ্রী মহাশয়ের লেখা বলিয়া উলিখিত হইয়াছে। ডা. সেনকে আমি এই সংবাদ দিলে তিনি বলেন যে তিনি নিজেও উক্তপত্রে গোবিন্দদাসের কড়চান্দ্রয়ে একটি প্রবন্ধ লিখিয়াছিলেন। কিন্তু প্রথমোক্ত প্রবন্ধটির এক স্থানে আছে, 'It has been suggested by Babu Dines Chandra Sen that the modern Trimallaghari, near Hydrabad, was ancient Trimalla' (এ, পৃ. ১১)। স্কুরাং এই প্রবন্ধটি দীনেশবাবুর লেখা নহে—শাগ্রী মহাশয়ের রচনা।

লিথিয়াছেন যে, "অপরাপর প্রাচীন পুথি-সম্পাদকগণের ভার তিনিও (জয়গোপাল গোস্বামী) প্রাচীন বর্ণ-বিভাসের প্রাকৃত রীতি কতকটা বদলাইয়াছেন। তাহা ছাড়া মাঝে মাঝে অপ্রচলিত শব্দও পরিবর্ত্তন করিয়াছেন। এবং পরার ছন্দের যেখানে কোনরূপ ব্যতিক্রম পাইয়াছেন, সেখানে ত্ই-একটি শব্দ কমাইয়া-বাড়াইয়া তাহা নিয়মিত করিয়াছেন।…… এইরূপ পরিবর্ত্তন সত্ত্বেও যদি চণ্ডীদাস, ক্তিবাস, কবিক্ষণ ও কাশীদাস প্রভৃতি প্রাচীন কবিদিগকে মানিয়া লওয়া হয়, তবে কড়চা কি দোষে অপাংক্রেয় হইয়া থাকিবে ?" অর্থাং গোসামী মহাশ্য় কড়চার মূল বিষয়ে হস্তক্ষেপ করেন নাই; অতএব ইহার স্বটাই প্রামাণিক।

পূর্ব্বাক্ত সভার সভাপতি ছিলেন হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়। তিনি বলেন, "গ্রন্থপানি অতি চমৎকার। তবে হানে হানে সন্দেহ হয়। আশা করা যায় শীঘ্রই আরও পূথি পাওয়া যাইবে।" রামেন্দ্রন্থনর ত্রিবেদী মহাশয় বলেন, "তিনি এই পূথির আরও সংবাদ পাইয়াছেন, বিশেষ সংবাদ লইবেন।" জিবেদী মহাশয়ের এই উক্তিটি খুব মূল্যবান্। তিনি বিশেষ প্রমাণ ব্যতিরেকে কোন কথা বলিবার পাত্র ছিলেন না। তিনি গোবিন্দদাসের কড়চার অগ্রপৃথি যে আছে সে সংবাদ পাইয়াছিলেন। দীনেশবাবু বাক্লার লক্ষ্মীনারায়ণ তর্কচ্ডামণি মহাশয়ের পত্র উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন যে হুগলীর সন্নিহিত কেওটা গ্রামে গোরাচাদ চক্রবর্তীর নিকট ঐ কড়চার একথানি পূথি ছিল (ভূমিকা, পূ. ২৯)। মূণালবাবু তর্কচ্ডামণির কথায় আস্থা স্থাপন করিতে পারেন নাই (করচা-রহস্ম, পূ ৫১)। ২০০০ প্রাষ্টাকে ত্রিবেদী মহাশয় যে কথা বলিয়াছেন তাহা অবিখাস্থ্য বলিয়া উড়াইয়া দেওয়া কঠিন। ১৩০৮ সালের আষাঢ় মাসের "সাহিত্য" পত্রিকায় সেন মহাশয় লেথেন যে কড়চা শ্রীচৈতক্যের জীবন-চরিতগুলির মধ্যে স্ক্যাপেক্ষা প্রামাণিক।

৬। ১৯০২ খ্রীষ্টাব্দে জগদন্ধ ভদ্র মহাশয় গৌরপদতরঙ্গিণীর উপক্রমণিকায় লেখেন, "কাঞ্চননগর-নিবাসী কড়চা-লেখক কর্মকার কুলোদ্ভব গোবিন্দদাস, ইনি স্ত্রী-দারা লাঞ্ছিত হইয়া শ্রীগোরাব্দের শরণাপন্ন হয়েন এবং শ্রীগোরাব্দের দাক্ষিণাত্যে ভ্রমণ-সময়ে তুই বংসর কাল তাঁহার সঙ্গে থাকিয়া গোবিন্দদাস যাহা স্বচক্ষে দেখিয়াছিলেন, তাহাই কড়চায় লিপিবদ্ধ করেন" (পৃ. ২৯)। ভদ্র মহাশয়ের ত্যায় পণ্ডিত ব্যক্তির মনে কড়চার প্রামাণিকতা-সম্বন্ধে কোন সন্দেহের উদয় হয় নাই।

- ৭। ১৯১৩ খ্রীষ্টাব্দের এপ্রিল মাদের Dacca Review পত্রিকাতে H. S. Stapleton সাহেব লেখেন যে খ্রীচৈতক্তের জীবন-সম্বন্ধে গোবিন্দ-দাদের কড়চা একথানি প্রামাণিক গ্রন্থ (পূ. ৩৬)।
- ৮। ১৩১৭ সালের আষাত সংখ্যার "সাহিত্য" পত্রিকায় অমৃতলাল শীল মহাশয় প্রমাণ করার চেষ্টা করেন যে গোবিন্দদাসের কড়চায় বর্ণিত দক্ষিণ-ভ্রমণ সত্য নহে।
- ১। ১৩৩৪ সালের চৈত্র সংখ্যার "সেবা" পত্রিকায় যোগেব্রুমোহন ঘোষ মহাশয় কড়চার বিরুদ্ধে তীব্র মন্তব্য প্রকাশ করেন।
- ১০। ১৩৪২ সালের আষাত মাসে চারুচক্র শ্রীমানী, বি. ই., মহাশয় "শ্রীচৈতন্তদেবের দক্ষিণ-ভ্রমণ" দ্বিতীয় খণ্ডে কড়চার স্বটাই প্রক্ষিপ্ত প্রমাণ করিতে চাহিয়াছেন।
- ১১। ১০৪০ সালের প্রাবণ মাসে প্রীযুক্ত মুণালকান্তি ঘোষ মহাশয় "গোবিন্দ দাসের করচা-রহস্ত" প্রকাশ করিয়াছেন। এই গ্রন্থে তিনি দেখাইতে চেষ্টা করিয়াছেন যে কালিদাস নাথের সহিত কড়চার কোন সম্পর্ক ছিল না, এবং কড়চার সবটাই জয়গোপাল গোস্বামীর লেখা।
- ১২। সম্প্রতি ঢাকা হইতে শ্রীযুক্ত বিপিনবিহারী দাশগুপ্ত "Govinda's Kadcha: a Black Forgery" নামক গ্রন্থ প্রকাশ করিয়াছেন।

যে রীতিতে আমি ঐতিতত্তের অন্তান্ত জীবনীর বিচার করিয়াছি সেই রীতিতে দৃঢ়নিষ্ঠ হইলে কড়চাকে প্রামাণিক বলিয়া স্বীকার করা কঠিন হয়। নিম্নলিখিত কয়েকটি কারণে কড়চার অক্বতিমতায় সন্দেহ হয়।

# Doubts regarding genuine nature of Govinda's kadcha কড়চার অক্তিমভায় সন্দেহের কারণ

কড়চার মতে "পৌষমাদ সংক্রান্তি দিন শেষ রাত্রে" (পৃ. ৭) বিশ্বস্তর মিশ্র গৃহত্যাগ করেন; কিন্তু মুরারি গুপ্ত বলেন যে মাঘের সংক্রান্তি দিনে প্রভূ সন্ন্যাদ গ্রহণ করেন। নবদীপ-লীলা-সম্পর্কিত কোন ঘটনা-সম্বন্ধে গোবিন্দদাদ অপেক্ষা মুরারি গুপ্ত অধিক প্রামাণিক।

ম্রারি গুপু বিশ্বস্তরের নবদ্বীপ-লীলার অনেক সঞ্চীর নাম করিয়াছেন। যাহাদের নাম তিনি করেন নাই, বা বৃন্দাবনদাস নিত্যানর্দের নিকট শুনেন নাই, তাঁহাদের মধ্যে কেহ যে শ্রীচৈতত্ত্বের নীলাচল-গমনের সঙ্গী হইবেন তাহা সম্ভব মনে হয় না; কেন-না তাঁহার অস্তরঙ্গ ভক্তরাই তাঁহার অস্থগমন করিয়াছিলেন। কিন্তু কড়চায় উল্লিখিত "বাণেশ্বর, শভ্চন্দ্র" (পৃ. ১২-১৩) প্রভৃতি কাহারও নাম নবদ্বীপ-লীলা-প্রসঙ্গে কোন চরিতকার বা পদকর্ত্তা বলেন নাই।

গোবিন্দদাসের কড়চার আভ্যস্তরীণ প্রমাণ বিচার করিয়। ইহাকে জ্বয়গোপাল গোস্বামীর রচনা বলিয়া প্রমাণ করিবার চেটা হইয়াছে। শ্রীযুক্ত বিশেশর দাস, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ ও শ্রীযুক্ত বিশিনবিহারী দাশগুপ্ত মহাশয় এইরূপ চেটা করিয়াছেন। কড়চার ৬৬ পৃষ্ঠায় আছে—

### জানালা হইতে দেখি এ সব ব্যাপার। বারমুখী মনে মনে করয়ে বিচার॥

উদ্ধৃত পয়ারে পর্ত্তুগীজ শব্দের অপভ্রংশ "জানালা" শব্দের প্রয়োগ নিতাস্ত সন্দেহজনক। শ্রীযুক্ত দাশগুপ্ত মহাশয় দেথাইয়াছেন যে কড়চার প্রথম ও দিতীয় সংস্করণ প্রকাশের ব্যবধানকাল-মধ্যে নৃতন বা পুরাতন কোন আকর পুথি আবিষ্কৃত না হইলেও, প্রথম সংস্করণে ব্যবহৃত "পেয়ে", "ধেয়ে", "ওহে" প্রভৃতি শব্দকে "যথাক্রমে দিতীয় সংস্করণে "পাইয়া", "ধাইয়া", "অহে" রূপে পরিবর্ত্তন করা হইয়াছে। তিনি এরূপ পরিবর্ত্তনের ৬২টি উদাহরণ দিয়াছেন। দ্বিতীয় সংস্করণে এরূপ পরিবর্তনের সমর্থন করা যায় না; কিন্তু কেবলমাত্র আধুনিক শব্দের প্রয়োগের ধারাই সমগ্র গ্রন্থানি জয়গোপাল গোষামীর স্বক্পোলকল্পিত এরপ দিদ্ধান্ত করাও স্থবিবেচনার কার্য্য নহে; কেন-না পুথিতে ঠিক যে ভাষা, যেরূপ বানান থাকিবে, ছাপিবার সময়ও তাহাই ছাপিয়া দিতে হইবে—এই রীতি এ দেশে বঙ্গীয় সাহিত্য-পরিষৎই প্রথম প্রচার করেন। তংপূর্নের যে-সব প্রাচীন পুস্তক মুদ্রিত হইয়াছে, তাহাতে সম্পাদকগণ যথেচ্ছভাবে কলম চালাইয়াছেন। যদি গোসামী মহাশয় সতাই কোন কীটদপ্ত পুথি পাইয়া থাকেন, ভাহা হইলে হয়ত তিনি তাঁহার ভাষাকে আধুনিক জনের সহজবোধ্য করিবার চেঠা করিয়াছিলেন; এবং যেথানে পাঠোদ্ধার করিতে পারেন নাই, সেথানে নিজে "জানালা" প্রভৃতি শব্দ প্রয়োগ করিয়া পয়ার রচনা করিয়া দিয়াছেন। এরূপ অমুমান-দ্বারা আমি প্রমাণ করিতে চাহি না যে তিনি সত্যই প্রকাশিত কড়চার আদর্শ পুথি পাইয়াছিলেন; আমি কেবলমাত্র একটি সম্ভাবনার ইঙ্গিত করিতেছি।

শ্রীযুক্ত দাশগুপ্ত মহাশয় কড়চায় উল্লিখিত কয়েকটি ভৌগোলিক তথ্যের

প্রতি সন্দেহ প্রকাশ করিয়াছেন। তন্মধ্যে কড়চার ৮২ পৃষ্ঠায় উল্লিখিত "বৃদানকুণ্ডা" ও ৫২ পৃষ্ঠায় উল্লিখিত "পূর্ণনগর"-সম্বন্ধে তাহার মন্তব্য শুর ষত্নাথ সরকার মহাশয় সমর্থন করিয়াছেন। দাশগুপ্ত মহাশয়ের গ্রন্থের ভূমিকায় শুর ষত্নাথ লিখিয়াছেন, "Russell-konda is quite a modern town, founded in 1836 and named after a Madras Civil Servant, Mr. George Russell. It had no existence in 1511, in which year Jaygopal Goswami makes our saint visit it." "In 1511 Poona was a very small and obscure village with a scanty population and without any temple to attract pilgrims." গোবিন্দদাদের কড়চার প্রামাণিকতার পক্ষে রাসেলকোণ্ডা ও পূর্ণনগরের উল্লেখ মারাত্মক। শ্রীযুক্ত মৃণালবার ও বিপিনবার কড়চায় উল্লিখিত ভৌগোলিক বিবরণ ও ঐতিহাসিক তথ্যের আরও অনেক অসঙ্গতি দেখাইয়াছেন।

ষে-সকল গ্রন্থের প্রাচীন পূথি পাওয়া সিয়াছে বা যাহাদের উল্লেখ
প্রামাণিক বৈক্ষব-গ্রন্থে আছে, অথচ যাহাদের বর্ণনার মধ্যে অসম্ভব রকমের
অসামঞ্জন্ত নাই, সেই-সকল গ্রন্থকেই আমি প্রামাণিক বলিয়া স্বীকার করি।
গোবিন্দদাসের কড়চার প্রাচীন পূথি পাওয়া যাইতেছে না—কড়চার উল্লেখ
বৈক্ষব-সাহিত্যের কোথাও নাই এবং মুরারি, কবিকর্ণপূর প্রভৃতির বর্ণনার
সহিত ইহার অনেক অসামঞ্জন্ত। সেইজন্ত আমার পক্ষে এই কড়চাকে
প্রামাণিক বলিয়া স্বীকার করা কঠিন।

### জয়গোপাল গোস্বামীর কি কোন স্বার্থ ছিল গ

কিন্তু যে-সকল গ্রন্থকে আমি জাল বলিয়া প্রমাণ করিবার চেষ্টা করিয়াছি, সেই-সকল গ্রন্থ প্রচার করায় কাহারও-না-কাহারও স্বার্থ ছিল। একথানি বই জাল করার মতন কট স্বীকার করিতে হইলে, লোকে ভাবিয়া দেখে তাহাতে তাহার কি লাভ হইবে। জন্মগোপাল গোস্বামী মহাশন্ন কোন্ স্বার্থবশে এরপ একথানি গ্রন্থ জাল করিবেন? তিনি অবৈতবংশীয় ব্রাহ্মণ—কর্মকার নহেন। গোবিন্দ কর্মকার প্রীচৈতন্তের যে "খড়ী ও থরম" লইয়া সঙ্গে সঙ্গে গিয়াছিলেন, তাহা গোস্বামী মহাশন্ন দৈববলে পাইয়াছেন এরপ কথাও তিনি বলেন নাই—বা খড়ী-খড়ম দেখাইয়া প্রসা রোজগারের চেষ্টাও করেন নাই।

শ্রীচৈতন্তের সমদাময়িকের লেখা বলিয়া কথিত বই প্রকাশ করিয়া হুই পর্মা লাভ করিবার আশাতেই যে তিনি এই কড়চা প্রকাশ করিয়াছিলেন, তাহাও মনে হয় না: কেন-না তিনি অনেক বই লিথিয়াছিলেন, সেইজন্ত জানিতেন ষে কবিতার বই প্রকাশ করিয়া পয়স। পাওয়া যায় না। জয়গোপাল গোসামীর যদি চ্যাটার্টনের ভায় হালের লেখা প্রাচীন বলিয়া চালাইয়া দিয়া একটা চাঞ্চল্য ও রহস্তের সৃষ্টি করাই উদ্দেশ্য হইত, তাহা হইলে তিনি শ্রীচৈতক্যকে লইয়া উহা করিতেন না; কেন-না তিনি অদ্বৈত-বংশের লোক ও শাস্তিপুরের অধিবাদী; শ্রীচৈতন্তের চরিত্র বিক্বত করিয়া আঁকিয়া তিনি নাম-যশ পাইবার চেষ্টা করিতেন না। তারপর আরও বিবেচ্য এই যে দক্ষিণ-দেশ-সম্বন্ধে কড়চায় এমন দব দংবাদ আছে যাহ। দাধারণ ভূগোলে, ম্যাপে বা বেজেটিয়ারেও পাওয়া যায় না; যথা—পছগুহা, নান্দীশ্বর, নাগ পঞ্চ নদী, দেবলেশ্বর, চোরানন্দীবন প্রভৃতি। গোস্বামী মহাশয় নিজে দক্ষিণ-দেশে ভ্ৰমণ করেন নাই। তাহা হইলে এত সংবাদ তিনি কিরূপে পাইলেন? यদি তর্কের থাতিরে ধরিয়া লওয়। যায় যে তিনি বহুকাল ধরিয়া পুথিপত্র খুঁজিয়া, লোক মার্ফৎ শুনিয়া ও পত্রাদি লিখিয়া তথ্য সংগ্রহ করিয়াছিলেন, তাহা হইলেও প্রশ্ন উঠে যে কি স্বার্থ-সাধনের উদ্দেশ্যে তিনি এইরূপ ব্যয় ও পরিশ্রম-সাধ্য কার্য্য করিয়াছিলেন।

# Who is Govinda (writer of Govinda s Radcha)

ডা. সেনের মতে পুরীতে ঐচৈতন্তের ভ্তা গোবিন্দাস ও কড়চাকার এক ব্যক্তি (ভূমিকা, পৃ. १৬)। মৃণালবারু বলেন যে উভয় ব্যক্তি এক হইতে পারেন না; কেন-না কবিকর্ণপূরের চৈতন্তচন্দ্রোদয় নাটকে ও ক্লফ্লাস কবিরাজের চরিতামতে আছে যে ঈশ্বরপুরীর শিল্য গোবিন্দদাস পুরীতে ঐচিতন্তের সহিত প্রথম বার মিলিত হয়েন (করচা-রহস্তা, পৃ. ৮৬-৮৯)।

মৃণালবাব্র যুক্তির উত্তরে বলা যাইতে পারে যে চরিতামুতের উক্ত বর্ণনা কবিকর্ণপূরের নাটক অবলম্বনে লেখা। কবিকর্ণপূর নাটকে গোবিন্দকে রক্ষমঞ্চে আনিবার অব্যবহিত পূর্বে স্বরূপ-দামোদরের পরিচয় এরূপভাবে দিয়াছেন যে তিনি যেন শ্রীচৈতত্যের সহিত এইথানেই প্রথম বার মিলিত হইলেন। নাটকে কবিকর্ণপূর এমন কথা বলেন নাই যে স্বরূপ-দামোদরের সহিত শ্রীচৈতত্যের পূর্বে কখনও জানা-শুনা ছিল। অথচ শ্রীচৈতত্যভাগবতে

আছে স্বরূপ-দামোদরের গার্হস্থাশ্রমে নাম ছিল পুরুষোত্তমাচার্য্য (৩)১১৫১৫)। চরিতামূতে আছে—

পুরুষোত্তম আচার্য্য তাঁর নাম পূর্ব্বাশ্রমে।
নবদীপে ছিলা তেঁহো প্রভুর চরণে॥
প্রভুর সন্মাস দেখি উন্মত্ত হইয়া।
সন্মাস গ্রহণ কৈল বারাণসী গিয়া॥—২।১০।২০১-৪

যেরপ স্বরূপ-দামোদরের বেলায় সেইরূপ গোবিন্দদাসের বেলায়ও
নাটকীয় রসপরিপুষ্টির জন্ম কবিকর্ণপূর এমনভাবে ঘটনার সন্নিবেশ করিয়াছেন
যে মনে হয় গোবিন্দের সঙ্গে শ্রীচৈতন্তের এই প্রথম সাক্ষাৎকার। যদি
কবিকর্ণপুরের বর্ণনা সত্ত্বেও ভক্তর্গণ বিশ্বাস করেন যে স্বরূপ-দামোদরের সহিত
শ্রীচৈতন্তের নবধীপেই আলাপ ছিল, তাহা হইলে গোবিন্দের সহিত পূর্ব্ব
ঘনিষ্ঠতা স্বীকার করায় দোষ কি ?

ঈশ্বপূরীর শিশ্য গোবিন্দ ও কড়চাকার গোবিন্দ অভিন্ন মনে করার পক্ষে আর একটি কথা বলা যায়। শ্রীচৈতন্তের তিরোভাবের নয় বৎসর পরে কবিকর্ণপূর-কর্ত্ত্ক লিখিত শ্রীচৈতন্তচরিতামূত মহাকাব্যে" গোবিন্দের পরিচয়-প্রদান-প্রসঙ্গে নিম্নলিখিত শ্লোকটি আছে—

অথ শুদ্ধমতির্মহাশয়ঃ
স তু গোবিন্দ ইতি প্রকীর্টিতঃ।
বহুতীর্থপরিভ্রমাদ্ধহিঃ
স্থমহানু পুণ্যপয়োনিধৌ যধৌ॥—১৩।১৩•

কবিকর্ণপূর গোবিন্দকে বহু তীর্থ পরিভ্রমণকারী বলিয়াছেন, আর কড়চা হইতে জানা যাইতেছে যে কড়চাকার গোবিন্দ বহু তীর্থ ভ্রমণ করিয়াছিলেন।

শ্রীচৈতন্তের দক্ষিণ-ভ্রমণে তাঁহার সঙ্গে গোবিন্দ গিয়াছিলেন, এরপ কোন কথা শ্রীচৈতন্তের কোন চরিতগ্রন্থে, কোন শ্লোকে, শুবে বা প্রমাণিক পদে As per Murari Gupta Vishnudas was with Sri Chaitanya's visit to south of India নাই। কিন্তু একজন যে তাঁহার সঙ্গে গিয়াছিলেন এ কথা মুরারি গুপ্ত, কবিকর্ণপূর ও রুঞ্দোস কবিরাজ বলেন। মুরারি গুপ্তের মতে শ্রীচৈতন্তের দক্ষিণ-ভ্রমণের সঙ্গীর নাম বিষ্ণুদাস; যথা—

### ইতিভয়চরিতের উপাদান

শ্রীবিফুদাসেন দিজেন সার্দ্ধমালালনাথং স জনার্দ্দনং প্রভূ:।
দৃষ্ট্বা প্রণম্য নিবসন্ কিয়দিনমায়াতি সর্কেশ্বর-নীল-কন্দরম্॥

কবিকর্ণপূর ও কবিরাজ গোস্বামীর মতে ঐ ব্যক্তির নাম রুফ্লাস দ্বিজ, বা কালা রুফ্লাস। যদি তিন জন চরিতকারের মধ্যে এক জন ঐ ব্যক্তির নাম বিফুলাস, ও অপর তুই জন রুফ্লাস লেখেন, তাহা হইলে সঙ্গীটির নাম গোবিন্দলাস হওয়া কিছু বিচিত্র নহে। বিফুলাস, রুফ্লাস, গোবিন্দলাস সমান অর্থবাচক। কবিকর্ণপূর ও রুফ্লাস কবিরাজের মতে ঐটিচতত কালা রুফ্লাসকে বর্জন করিয়াছিলেন। যদি প্রভু তাঁহার অমণের সঙ্গীকে বর্জন করিয়া থাকেন, তাহা হইলে ঐটিচততচরিতকারগণ তাঁহার নাম উল্লেখ না করিয়া ঐ নামের সমানার্থবাচক কোন নাম উল্লেখ করিয়াছেন, এরূপ অহমান করা যাইতে পারে। কিছুদিন পরে ঐ সঙ্গী আসিয়া প্রভুকে সেবা করার জন্ত আকৃতি প্রকাশ করিলে প্রভু তাঁহাকে ক্ষমা করিয়া সেবা-ভার অর্পণ করেন, এরূপ কল্পনা করা যাইতে পারে। কিন্তু এ কল্পনার সমর্থক প্রমাণ পাওয়া যায় না।

Is Govinda's Kadcha is purely based on imagination ?
. কড়চা কি একেবারে কাল্পানক ?

কড়চার স্বপক্ষের ও বিপক্ষের সমস্ত যুক্তি পর্যালোচনা করিয়া আমার ধারণা জিয়য়াছে যে প্রকাশিত গ্রন্থের কোন উক্তিই আপাততঃ প্রীচৈতন্ত্য-চিরতের ঐতিহাসিক উপাদানরূপে গ্রহণ করা যায় না। কিন্তু তাই বলিয়া কড়চার আগাগোড়া সমস্তটাই যে জয়গোপাল গোসামীর কল্পনাপ্রস্থত, তাহার কোন প্রকার প্রাচীন ভিত্তি নাই, একথা বলাও সঙ্গত মনে হয় না। কোন প্রকার নির্ভর্যোগ্য প্রমাণ না পাইলেও আমার বিশাস যে গোস্বামী মহাশয় হয়ত কোন কীটদষ্ট প্রাচীন পৃথিতে সংক্ষিপ্তভাবে যাহা পাইয়াছিলেন, তাহাই পল্পবিত করিয়া নিজের ভাষায় লিখিয়া "গোবিন্দদাসের করচা" নাম দিয়া প্রকাশ করিয়াছিলেন।

Chapter 13

### আর কয়েকথানি নাতিপ্রামাণিক গ্রন্থ

Other not so authoritative books on Sri Chaitanya

### প্রস্থান্ত মিশ্রের "একুফটেডল্যোদয়াবলী"

Pradymna Mishra's Srikrishnachaitanyodyavali

৪০৭ শ্রীটেততাকে, ১৮৯২-৯০ খ্রীষ্টাকে, টৈততাচরণ দাস নামক এক ব্যক্তি শ্রীহট্রে "ন্তন পরিদর্শক" যয়ে মুজণ করাইয়া "শ্রীক্ষটেততাদয়াবলী" প্রকাশ করেন। আমি নবদ্বীপ-নিবাদী বৈক্ষব সাহিত্যিক শ্রীযুক্ত হরিদাস গোস্বামী মহাশয়ের নিকট ঐ গ্রন্থের প্রথম সংস্করণ দেখিয়াছি। প্রথম সংস্করণের মুল্রিত পৃষ্ঠা-সংখ্যা ছিল ২৫, আর গ্রন্থের মাঝে মাঝে হাতে লিপিয়া তিনখানি পাতা বা ছয়টি পৃষ্ঠা জুড়য়া দেওয়া হইয়াছিল। কয়েকটি শ্লোক ও তাহার বঙ্গায়্রবাদ হাতে লিথিয়া দেওয়ার উদ্দেশ্য-সম্বন্ধ প্রকাশক বলেন,— "এই সংস্করণে যে সমস্ত ভোল ছিল, তাহা পৃথক্ কাগজে লিথিয়া পত্রান্ধ বৃদ্ধি করিয়া দিলাম।" মুল্রিত পুস্তকের মলাটের চতুর্থ পৃষ্ঠায় "ফৌজদারী নজীর সংগ্রহের" বিজ্ঞাপন আছে; তাহা হইতে জানা যায় যে শ্রীকৃষ্ণচৈতত্তো-দয়াবলী"র প্রকাশক "অভিজ্ঞ উকিল"।

ভূমিকায় প্রকাশক বলেন যে তিনি "অতি প্রাচীন একখানা হস্তলিখিত গ্রন্থ (কোথায় পাইলেন, তাহা লেখা নাই) ও প্রসিদ্ধ বৈষ্ণব সাহিত্যিক শ্রীযুক্ত অচ্যুত্তরণ তত্ত্বনিধির সংগৃহীত একখানি পুথির নকল মিলাইয়া গ্রন্থ প্রকাশ করিলেন।" কিন্তু এরপভাবে ত্ইখানি পুথি মিলাইয়া প্রকাশ করিলেও ৮-১৩, ২৪-২৮, ৫৯-৬০ শ্লোকে ও গ্রন্থমাপ্তি-কালস্চক পুশিকা কি করিয়া বাদ গিয়াছিল, ঐ শ্লোক কয়টি কোথায় পাওয়া গেল, এবং নৃতন শ্লোক-যোজনা কিরপে "যে সমস্ত ভোল ছিল" তন্মধ্যে পরিগণিত হইতে পারে, সে-সব সম্বন্ধে প্রকাশক কিছু বলেন নাই।

১ ১৩৪২ সালের অগ্রহায়ণ মাসের "ব্রহ্মবিদ্যা" পত্রিকায় শ্রীযুক্ত অচ্যুত্তরণ চৌধুরী তথ্বনিধি মহাশয় উদ্ধৃত অংশের সহক্ষে লিখিয়াছেন, "এইরূপ কোন উক্তিই ঐ ভূমিকায় নাই।" শ্রীযুক্ত হরিদাস গোস্বামার নিকট যে বইথানি আছে তাহাতে এরূপ লেখা আছে আমি স্বচক্ষে দেখিয়াছি। হয় অচ্যুত্বাবুর নিকট যে বইথানি আছে তাহা অস্থু কোন সংস্করণের অথবা তাঁহার বইখানিতে হাতে লিখিয়া কিছু দেওয়া হয় নাই, কেন-না তিনি ত প্রকাশকের আপন লোক।

#### হাতে লেখা পুষ্পিকায় আছে—

শাকে পক্ষাগ্রি-বেদেনুমিতে তুলাগতে রবৌ। শ্রীহরিবাসরে শুক্লে গ্রম্থোহয়ং পূর্ণতাং গতঃ॥

অর্থাৎ ১৪৩২ শকের কাত্তিক মাদের শুরুপক্ষীয় একাদশী দিবদে এই গ্রন্থ-প্রশাসন-কার্য্য পূর্ণ হইল। গ্রন্থকর্ত্তা প্রহায় মিশ্র-সম্বন্ধে প্রকাশক বলেন— "গ্রন্থকার প্রহায় মিশ্র শ্রীহট্ট-দেশবাদী উপেন্দ্র মিশ্রের বংশসম্ভূত, মহাপ্রভূর

১ ১৩৪২ অগ্রহায়ণ "ব্রহ্মবিভায়" অচ্যুত্বাবু শ্রীকৃষ্ণ চৈত্যোদয়াবলীর প্রকাশের ইতিহাস দিয়াছেন। তিনি বলেন যে ৺কৃষ্ণপ্রসাদ চৌধুরী ঐ পুথি সংগ্রহ করেন , মহায়া শিশিরকুমার ঘোষ ৺রাজীবলোচন দাসকে পত্র লিখিয়া ঐ পুথির নকল লয়েন। ৺চৈত্যুচরণ দাস আর একখানি পুথি সংগ্রহ করেন ও প্রথমাক্ত পুথির নকলের সহিত নিলাইয়া গ্রন্থ প্রকাশ করেন। কিন্তু অচ্যুত্বাবু একথা স্পষ্ট করিয়া অস্বীকার করেন নাই যে ৮-১৩, ২৪-২৮, ৫৯-৬০ প্রোক হাতে লিখিয়া যোজনা করা হয় নাই। যদি এইরপ যোজনা হইয়া থাকে তবে কির্নাপে উহা হইল ? চৈত্যুবাবু ত উভয় পুথি মিলাইয়াই বই ছাপিয়াছিলেন , এই হাতে লেখা প্রোকগুলি কোপা হইতে পাওয়া গেল ? আর ৺কৃষ্ণপ্রসাদ চৌধুরীর পুথিরই না বয়স কত ?

আমি শ্রীহরিদাস গোস্বামী মহাশয়ের বইথানিতে হাতে লেখা উদ্ধৃত পুশ্পিকা দেখিয়াছি। কিন্তু আশ্চর্যোর বিষয় এই যে অচ্যতবাবু ঐ পুশিকার সম্বন্ধে একেবারে কোন প্রকার উদ্ধবাচ্য না করিয়া লিখিতেছেন—"গ্রন্থখানি কত কালের? গ্রন্থের শেষ লোকটাতে এ সম্বন্ধে সাহায্য পাওয়া যায়। তাহা এই—

তদৈবাদেশতঃ কৃষ্ণতৈত্যস্ত দয়ানিধেঃ প্রাক্রাখোন মিশ্রেণ কৃতেয়মূদরাবলী ॥"

আমার উদ্ধৃত পুষ্পিকা যদি ভাঁহার বইগানিতে না থাকিত তাহা হইলে তিনি স্পষ্ট করিয়া সে কথা বলিতে পারিতেন। ঐ পুষ্পিকা গাকাতেই বুঝা যায় যে বইখানি জাল, কেন-না ১৪৩২ শকে অর্থাৎ জ্ঞীচৈতন্তের ২৫ বংসর বয়সে কোন প্রভাষ মিশ্রের সহিত শ্রীচৈত্নন্তের সাক্ষাৎকারই হয় নাই।

অচ্তিবাব্ আরও লিথিয়াছেন যে উলিখিত তুইখানি পুথি ছাড়া তিনি শ্রীযুক্ত রামসদয় মিশ্র মহাশয়ের গৃহে "যুক্তত্বকে (পিঠাকরা গাছের বন্ধলে) লিখিত একখানা শ্রীকৃষ্ণচৈতক্ষোদয়াবলী পুথি" দেখিয়াছেন। "উহার বয়স ৪০০ বংসর (ব্রহ্মবিছা, ২০৪২ অগ্রা, পৃ. ৩৭৯)।" শ্রীযুক্ত রামসদয় মিশ্র উপেক্র মিশ্রের বংশধর বলিয়া নিজের পরিচয় দিয়া থাকেন। "শ্রীকৃষ্ণচৈতক্যোদয়াবলী" অকৃত্রিম ও প্রাচীন প্রমাণ করা তাঁহার পক্ষে বিশেষ প্রয়োজন। কিন্তু এরূপ করিতে হইলে তাঁহার পুথিখানি কলিকাতায় "সাহিত্য-পরিষদে" বা "কলিকাতা বিশ্ববিদ্যালয়ে" পাঠানো প্রয়োজন। তাহা হইলে প্রাচীন লিপি-বিশারদগণ উহার কাল-নির্ণয় করিতে পারেন। তাঁহার বাড়ীর পুথিকে বিনা বৈজ্ঞানিক পরীক্ষায় আমি ৪০০ বংসরের প্রাচীন বলিয়া গ্রহণ করিতে পারিলাম না।

সমদাময়িক এবং তাঁহার খ্লতাত-ভ্রাতা ছিলেন বলিয়া কথিত হয়। আমি বৃক্লা এবং ঢাকার দক্ষিণের কোন কোন গ্রান্ধণের নিকট গ্রন্থকারের বিষয় অনুসন্ধান করিয়াছিলাম। সকলেই বলিলেন যে প্রত্যায় মিশ্র তাঁহাদের বংশেরই একজন ছিলেন, কিন্তু কেহ তৎসম্বন্ধে বিস্তার বিবরণ বলিতে পারিলেন না। কেহ বলিলেন যে প্রত্যায় মিশ্রের বংশধর কেহ নাই।" "শ্রীচৈতক্মচরিতামতের অস্তালীলাতে তৃইজন প্রত্যায় মিশ্রের উল্লেখ পাওয়া যায়। একজন উৎকলবাসী, অপরজন বিদেশী অপরিচিত লোক। তিনি প্রীতে অত্য সকলের নিকট অপরিচিত হইলেও মহাপ্রত্র নিকট পরিচিত ছিলেন" কেন-না তাঁহাকে মহাপ্রত্র রায় রামানন্দের নিকট পাঠাইয়াছিলেন।

#### গ্রন্থের প্রামাণ্য-বিচার

প্রীচৈতক্সচরিতামৃতে ত্ইজন প্রত্যায়র নাম আছে সত্য, কিন্তু একজন প্রত্যায় ব্রহ্মচারী, গাঁহার নাম প্রভু নৃদিংহানদ রাথিয়াছিলেন, অক্সপ্রভায় মিশ্র, গাঁহার নাম উৎকলবাসী ভক্তদের সহিত করা হইয়াছে। প্রশ্রিচতক্সভাগবতে স্বরূপ-দামোদরের সহিত মিলনের পর ত্ইজন প্রত্যায়ের সহিত মহাপ্রভুর মিলন বর্ণিত হইয়াছে, অর্থাৎ ১৪৩১ শকের মাঘ মাসে সন্ন্যাস করিয়া, ১৪৩২ শকের প্রথমে দাক্ষিণাত্য যাত্রা করিয়া, ১৪৩৪ শকে প্রীতে ফিরিবার পূর্বে ইহাদের মধ্যে একজনের সহিত্ত শ্রীচৈতক্সের সাক্ষাৎ হয় নাই। কবিকর্ণপুর শ্রীচৈতক্সচরিতামৃত মহাকাব্যে দাক্ষিণাত্য হইতে প্রত্যাবর্তনের পর শ্রীচৈতক্সের সহিত প্রত্যাম মিশ্রের সাক্ষাৎকার বর্ণনা করিয়াছেন। উৎকলবাসী প্রত্যায় মিশ্র ও কাঞ্চনপল্লীর নিকটবর্ত্তী কোন স্থানবাসী শিবানন্দের বন্ধু প্রত্যায় ব্রহ্মচারী ব্যতীত, শ্রীচৈতক্সচরিতামৃতের

> উদ্ভ অংশে লক্ষ্য করিবেন যে যাঁহারা প্রছায় মিশ্রকে নিজেদের বংশের লোক বলিয়া দাবী করিতেছেন তাঁহারা তাঁহার সম্বন্ধে কিছুই "বিস্তার" অর্থাং সঠিক সংবাদ দিতে পারিলেন না। আবার কেহ বলিলেন যে তাঁহার বংশধরই নাই। এরপ পরম্পর-বিরোধী উক্তি ইইতে কি কোনরূপ ঐতিহাসিক সত্য নিস্কাষণ করা যায় ?

२ रेह. ह., ३१३०१७७ ७ ३१३०१६७

^{© ₹5. 5., \$13 01323} 

৪ খ্রীচৈতম্যভাগবত, পৃ. ৪০৯

শ্রীটেতক্সচরিতামৃত মহাকাবা, ১৩।৭॰

অস্ত্যথণ্ডে অপর কোন "বিদেশী অপরিচিত প্রত্যায় মিশ্রের" কথা, ষাহা আলোচ্য গ্রন্থের প্রকাশক ভূমিকায় বলিয়াছেন, তাহা পাইলাম না। প্রত্যায় মিশ্র একজনই—তুইজন নহে—অপর ব্যক্তি প্রত্যায় ব্রহ্মচারী। প্রত্যায় মিশ্র ১৪৩৪ শকের পূর্বে মহাপ্রভুর সহিত পরিচিত হয়েন নাই; স্কুতরাং ১৪৩২ শকে তাঁহার পক্ষে শ্রীচৈতন্যের জীবনী লেখা অসম্ভব।

শ্রীকৃষ্ণতৈতকোদয়াবলী"তে শ্রীতৈততের জীবনী-সম্বন্ধ বিশেষ কোন খবর নাই, কেবল তিনি যে শ্রীহটের সহিত অতি ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন, ইহাই বর্ণিত হইয়াছে। গ্রন্থের তৃতীয় শ্লোকে আছে—মধুকর মিশ্রানামক একজন পাশ্চান্ত্য বৈদিক (অন্ত প্রথিতে পাঠান্তর, দাক্ষিণাত্য বৈদিক') ব্রাহ্মণ ছিলেন। তাঁহার পাচ পুল্রের মধ্যে উপেন্দ্র একজন। উপেন্দ্র ব্রহ্মা ত্যাগ করিয়া ঢাকার দক্ষিণে বাস করেন। তাঁহার কংসারি, পর্মানন্দ, জগন্নাথ, সর্কোশ্বর, পদ্মনাভ, জনাদ্দন এবং ত্রিলোকনাথ নামে সাতটি পুত্র হয়। জগন্নাথ মিশ্র পড়িবার জন্ম নবহীপে যাইয়া নীলাম্বর চক্রবর্তীর কন্সাকে বিবাহ করেন ও তথায় বাস করিতে থাকেন। জগন্নাথের আট কন্মা হইয়া মারা যায়। তৎপরে বিশ্বরূপ নামে পুত্র হয়। বিশ্বরূপের

কংসারি পরমানন্দ আর জগন্নাথ। পদ্মনাভ সর্কোশ্বর জনার্দ্দন ত্রৈলোক্সনাথ॥

গৌরগণোদ্দেশদীপিকায় উপেক্রের সাতপুত্রের কথা আছে (৩৫) কিন্তু তাঁহাদের নাম নাই। যদি "প্রেমবিলাস" ও "শ্রীকৃষণটৈতভোদয়াবলী"র তালিকা ঠিক হয়, তাহা হইলে অচ্যুতবাব্ যে বলিতেছেন, "কবি জয়ানন্দের গ্রন্থে উপেক্র নিশ্রের নাম জনার্দ্দন" (ব্রহ্মবিলা, ১৩৪২, পৃ. ৬৮১) তাহা জয়ানন্দের অজ্ঞতা মনে হয়। উপেক্রের এক পুত্রের নাম যদি জনার্দ্দন হয় তবে উপেক্রের নামান্তর কিছুতেই জনার্দ্দন হইতে পারে না। ভক্তের লীলাঝাদনের সহিত ঐতিহাসিকের বিচারের তকাং এই যে ভক্ত এক বইয়ে জগরাথ মিশ্রের পিতার নাম উপেক্র, অন্ত বইয়ে জনার্দ্দন দেখিলে উভয়ই সত্য মনে করেন। ঐতিহাসিক বলেন যদি নামান্তরের প্রমাণ না থাকে তবে একটি বইয়ের কথা সত্য, অপরটির মিখা।

১ প্রত্যায় মিশ্র যদি সতাই উপেশ্র মিশ্রের বংশসম্ভূত হইতেন তাহা হইলে কি তাঁহার বইরের হইখানি পুথিতে "পাশ্চাত্য বৈদিক" ও "দাক্ষিণাতা বৈদিক" লইয়া মতভেদ থাকিত ? প্রত্যায় মিশ্র কি নিজের জাতি-সম্বন্ধেও নিঃসন্দেহ ছিলেন না ?

२ कीकृष्ण्टेम्चरत्रान्यावनी, ३।६

যশোদানন্দ তালুকদার-প্রকাশিত প্রেমবিলানের চতুর্নিবংশ বিলায়ে (পৃ. ২৪২ ) এই সাতটি
নাম আছে : যথা—

বৈষয়িক কর্মে মন নাই দেখিয়া জগন্নাথ ভাবিলেন মা-বাপ বাঁচিয়া থাকিছে তাঁহাদিগকে তিনি দেখেন না। এইজন্মই তাঁহার "ঈদৃশী গতিঃ"। এই ভাবিয়া তিনি মা-বাপকে দেখিবার জন্ম "ভার্যার সহিত" স্বদেশে শীঘ্র গমন করিলেন। দেখানে যাইয়া কিছু দিন থাকার পর একবার শচী ঋতুস্নাভা হইলে শচীর শাশুড়ী শোভাদেবীর নিকট দৈববাণী হইল "আমি পুল্রবধূতে আবিভূতি হইব। শীঘ্র তাহাকে নবদ্বীপে পাঠাও।" "অন্যথাচরণান্তক্রে ভবিশ্বন্তি বিপত্তয়ঃ।" ইহার পর জগন্নাথ সন্ত্রীক নবদ্বীপে পুনরাগমন করিলেন।

এই বিবরণ-সম্বন্ধে আমার বক্তব্য এই যে ১৪৮৫ খ্রীষ্টাব্দে সন্ত্রীক নবদ্বীপ হইতে শ্রীহটে গমনাগমন এত সহজ ছিল না। তথনও হুদেন সাহ স্থলতান হয়েন নাই। দেশের মধ্যে তথন অরাজকতা প্রবল। সেই সময়ে গর্ভবতী শ্রীকে লইয়া জগন্নাথ মিশ্রের নবদ্বীপে আসা কিছু অসম্ভব মনে হয়। আরও লক্ষ্য করা প্রয়োজন যে কবিকর্ণপূরে গৌরগণোদ্দেশদীপিকার মতেও শচীদেবীর শাশুড়ীর নাম কমলাবতী, শোভা নহে।

তারপর "শ্রীকৃষ্ণ চৈতত্যোদয়াবলী"তে ছাপা হইয়াছিল যে জগরাথ মিশ্র বিশ্বস্তরকে লক্ষীর সহিত বিবাহ দিয়া পরলোকগমন করেন। কিন্তু পরে ঐ শ্লোক হাতে কাটিয়া দিয়া লেখা হইয়াছে যে বিশ্বস্তরের সমাবর্ত্তন-কর্মান্তে জগরাথ পরলোকে গমন করেন ও তৎপরে লক্ষীর সহিত বিশ্বস্তরের বিবাহ হয়, তারপর বিশ্বস্তর বঙ্গদেশে গমন করেন ও লক্ষীর মৃত্যু হয় (৩)১৫)।

সমাবর্ত্তনং কর্মান্তং কৃত্বা তক্ত দ্বিজোত্তম:। বিবাহং কারয়ামাস লক্ষ্যা লক্ষণযুক্তয়া ॥"

শ্রীচৈতক্তের সঙ্গী ম্রারি গুপু, শিবানন্দ সেনের পুত্র কবিকর্ণপূর, বৃন্দাবনদাস, কৃষ্ণদাস কবিরাজ প্রভৃতি সকলে এত বড় একটা ব্যাপারে ভুল করিবেন, আর প্রহ্যন্ন মিশ্র ঠিক কণা বলিবেন, ইহা

১ ঐকৃষ্টেত স্থোদয়াবলী, ২।২৪

२ श्रीकृष्टिक्टाशाम्यावनी, २।००

৩ গৌরগণোদ্দেশদীপিকা, ৩৬

श्रीकृष्टिक्लामग्रावनी, ७।०

[ে] শ্রীকৃষ্ণচৈতন্তোদয়াবলী ( হাতে লেখা ) ৩৮-১২

অচ্যুত্বাবু ( ব্রহ্মবিচা ১৩৪২, পৃ. ৩৮৩ ) লিখিতেছেন যে তাঁহার বইয়ে ঐরূপ কাটা নাই, তাহাতে "ছাপার অক্ষরে মুদ্রিত এই শ্লোকটী আছে—

তারপর বিশ্বন্ধরের সন্ন্যাস-গ্রহণ। শাস্তিপুরে শচীদেবী শ্রীকৈতত্যকে বলেন যে তাঁহার শাস্ত্রনী শ্রীকৈতত্যের জন্মের পূর্ব্বে বলিয়াছেন যে "তোমার গর্ভে ষে মহাপুরুষ জন্মগ্রহণ করিবেন, তাঁহাকে শীদ্র আমার নিকট পাঠাইয়া দিবে; তাহাকে দেখিতে আমার ইচ্ছা আছে। তথন শ্রীকৈতত্য প্রপিতামহের স্থান "বরগন্ধায়" যাইলেন। কিন্তু মৃদ্রিত ৩২১ শ্লোকটি হাতে কাটিয়া তাহার পাশে "ভোল" লেখা হইয়াছে। তৎপরিবর্ত্তে ৩২৪-২৮ শ্লোক হাতে লিখিয়া দেওয়া হইয়াছে। এক ব্রাহ্মণীর অহ্বোধে শ্রীকৈতত্য "চণ্ডীমেকাং লিখিয়া ত্ প্রাদান্তন্ম যথেপিতাম্।" তৎপরে প্রভুর পিতামহী বলিলেন, "তোমার পিতামহের পোল্রেরা কি থাইয়া বাঁচিবে ?" প্রভু বলিলেন, "পালয়ামি ভবং-পোল্রান্ সমন্তানানিহ স্থিতঃ।" সেখান হইতে প্রভূ কৈলাদে যাইয়া অমৃতকুণ্ডে স্থান করিলেন।

৩।৫৯ শ্লোকে বলা হইয়াছে যে "হাহার মায়ায় ব্রহ্মাদি দেবতা পর্যন্ত মৃদ্ধ, আমাদারা তাঁহার লীলা বর্ণন করা সন্তব হয় কি ?" ৩।৬০ শ্লোকে গ্রন্থ-শেষ। আর লীলা-বর্ণনার প্রয়োজনও ছিল না। শ্রীচৈতত্যের জন্ম না হউক অন্ততঃ গর্ভে আগমন শ্রীহট্রে হইয়াছিল ও সন্ন্যাসের পর আসিয়া তিনি "দ্যীমৃত্তি" রাধিয়া দিশ্র-পরিবার-প্রতিপালনের ব্যবস্থা করিলেন, ইহ। যথন প্রমাণ হইয়া

বিখাস করা আমার পক্ষে সম্ভব নহে। উক্ত সকল গ্রন্থকারই বলেন যে জগল্লাপের পরলোকগমনের পরে বিশ্বস্তুরের সহিত লক্ষীর বিবাহ হয়। জয়ানন্দ (পূ. ৪৬) বলেন যে,

> ুপূর্বে নিএ পুরন্দর আচাঘা পুরন্দরে। কুতকুতা হইয়াছে সম্বন্ধ-করিবারে॥

কিন্তু সম্বন্ধ হওয়া এক কণা, আর "বিবাহং কারয়ামান" সম্পূর্ণ অস্ত কণা।

- ३ औ ७१३७-३४
- २ वे ७१२०-२३
- ও ঐতাহ১
- 8 ঐ ৩।৩৩। ভাবোরতে শ্রীটেডন্মের সঙ্গে শান্তিপুর হইতে নীলাচলে ঘাইবার সময় নিজ্যানন্দাদি সঙ্গী ছিলেন। তাঁহারা কেহ শ্রীটেডজ্যকে শ্রীহট্ট পর্যান্ত অনুসরণ করিলেন না, ইহা কি বিধাস করা যায় ? আর সন্নাস-গ্রহণের পর শ্রীটেডজ্যের যেরূপ ভাব-বিকাশ হইয়াছিল, তাহাতে যদি বা তিনি শ্রীহট্টে যাইয়া থাকেন, তাহা হইলেও দেই অবস্থায "চঙ্গী" নকল করিয়া দেওয়া কি তাঁহার পক্ষে সন্তব ?
  - ८ अ ७।८५
  - ७ है जार

গেল, তথন আর লীলাবর্ণনে শক্তি-ব্যয় ও ছাপার খরচ স্বীকার করার প্রয়োজন কি ?

গ্রন্থানিতে "পাল্মে শ্রীভগ্রন্থাক্য" বলিয়া---

দিবিজা ভূবি জায়ধ্বং জায়ধ্বং হি স্থরেশ্বরাঃ। কলৌ সঙ্কীর্ত্তনারম্ভে ভবিয়ামি শচীস্থতঃ॥ ১।১৫র পর

এবং "তথা চোক্তং বিশ্বসারতন্ত্রে" বলিয়া

গঙ্গায়া দক্ষিণে ভাগে নবদ্বীপে মনোরমে। ফাস্কুন্তাং পৌর্ণমাস্তাং বৈ নিশায়াং গৌরবিগ্রহঃ। আবিরাশীচ্ছচী-গেহে চৈত্তো রসবিগ্রহঃ॥

উদ্ধৃত হইয়াছে। সনাতন গোস্থামী তাঁহার "বৃহৎ বৈষ্ণবতাষণী"র ভূমিকায় লিখিয়াছেন যে তিনি পুরাণাদি সমন্ত শান্তগ্রন্থ সংগ্রহ করিয়াছেন। তিনি অথবা তাঁহার লাতৃস্ত্র কি পদ্মপুরাণ সংগ্রহ করিতে পারেন নাই ? প্রীজীব গোস্থামীর তায় পণ্ডিতের চোথে যদি পদ্মপুরাণে প্রীচৈতত্তার অবতারত্ত্ব-স্চক এমন স্কুল্টে প্রমাণ পড়িত, তাহা হইলে তিনি কি তাহা "ষট্সন্দর্ভে" বা "সর্ব্বসন্থাদিনী"তে উদ্ধৃত করিতেন না ? কবিকর্ণপুর কি এরপ প্রমাণ পাইলে মহাভারতের ও ভাগবতের ত্ইটি শ্লোক লইয়াই সন্তুট্ট থাকিতেন ? বলদেব বিভাভ্রণ অষ্টাদশ শতাদীর মধ্যভাগে জীবিত ছিলেন। তাঁহার পাণ্ডিত্য অসাধারণ আর প্রীচৈতত্তার ভগবতাপ্রমাণের জন্য আকৃতি প্রবল ছিল। তিনিও কি "পদ্মপুরাণ" বা "বিশ্বসারতন্তে" এ রক্ম শ্লোক দেখিতে পাইলেন না ? ফল কথা এই যে অষ্টাদশ শতাদীর মধ্যভাগ পর্যন্ত ঐ-সব জাল শ্লোক বৈষ্ণবর্গণ রচনা করেন নাই। কোন বইয়ে এরপ শ্লোক থাকিলে তাহা যে অষ্টাদশ শতাদীর মধ্যভাগের পরবর্তী কালের রচনা তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে।

তথাকথিত প্রত্যায় নিশ্র-লিখিত "শ্রীক্লফ্চৈতন্যোদয়াবলী" যে জাল, তাহা উহার প্রকাশের ও ছাপার ইতিহাস দেখিলেই বুঝা যায়। এই গ্রন্থ কবে রচিত হইয়াছিল, বলিতে পারি না; তবে বলদেব বিজাভ্যণের সময়ের পরে রচিত হইয়াছিল নিশ্চয়। অচ্যতবাবু বলিতেছেন যে "শ্রীক্লফ্চৈতন্যোদয়াবলী" অবলম্বন করিয়া বা অহবাদ করিয়া তিনখানি বাঙ্গালা পয়ারের পুথি ও বই আছে, যথা—(ক) যোগজীবনমিশ্র-কৃত মন:সম্ভোষিণী, (খ) ১২৮৫ সালে

প্রকাশিত রামশরণ দের চৈতন্তবিলাস, (গ) রামরত্ব ভট্টাচার্য্য-কৃত প্রীচৈতন্ত্র-রত্বাবলী। কিন্তু প্রশ্ন হইতেছে এই যে এই অনুবাদগুলি কত দিনের প্রাচীন ? যে পুথি কোন সাধারণ গ্রন্থালয়ে রক্ষিত নাই তাহার বয়স-নির্ণয় হইবে কিরূপে ? অচ্যুতবাবৃত্ত স্পষ্ট করিয়া কোথাও বলেন নাই যে অনুবাদগুলি খুব প্রাচীন।

প্রবীণ বৈষ্ণব দাহিত্যিক প্রভূপাদ অতুলক্ষ গোস্বামী মহাশয় প্রীচৈতন্ত-ভাগবতের ভূমিকায় লিথিয়াছেন—"অনেক স্বার্থপর লোক হয় নিজের পূর্কপুরুষকে একজন অসাধারণ লোক বলিয়া পরিচিত করিবার নিমিত্ত, নয় কোন অপদিদ্ধান্ত প্রচারের নিমিত্ত, কিংবা কোন সম্মানিত বংশকে অবমানিত করিবার নিমিত্ত, অথবা আপন অধিকারে কোন প্রাচীন নিদর্শনের অন্তিত্ব-থ্যাপনের নিমিত্ত, শীল ঠাকুর বৃন্দাবনদাস প্রভৃতি প্রাচীন প্রতিষ্ঠিত গ্রন্থকারের বা পদক্তার নামে একপ গ্রন্থ বা পদ প্রচার করিয়া থাকে। স্থতরাং ঐ প্রেণীর গ্রন্থ বা পদগুলিকে খুব সাবধানেই গ্রহণ করিতে হয়।" বৈষ্ণবিগ্রন্থ আই বা পদগুলিকে খুব সাবধানেই গ্রহণ করিতে হয়।" বৈষ্ণবিগ্রন্থ আই বা আলোচ্য গ্রন্থথানির মধ্যে সমগ্র বৈষ্ণব-দাহিত্যের বিরোধী এত কথা আছে যে ইহাকে শ্রীচৈতন্তের আদেশে বচিত এবং তাঁহার অন্তর্গত জ্ঞাতিভাতার লিখিত বলিয়া স্বীকার করিতে পারিলাম না।

# Ishan Nagar's "Advaita prakash" ক্ষশান নাগরের "অন্বৈত-প্রকাশ"

শীযুক্ত অচ্যুত্তরণ তত্ত্বনিধি মহাশয় ১০০০ দালের মাঘ মাদের সাহিত্য-পরিষ্থ-পত্তিকায় দর্বপ্রথমে এই গ্রন্থের পরিচয় প্রদান করেন। ই ঈশান

- ১ ব্রহ্মবিলা ১৩৪২, পৃ. ৩৭১-৩৮৫। অচ্যতবাবু "ব্রহ্মবিলার" ১৩৪২ অগ্রহায়ণ-সংখ্যায় আমার ঐ প্রবন্ধের প্রতিবাদ বাহির করেন। তাঁহার সমস্ত ফুঁক্তি গণ্ডন করিয়া উক্ত পত্রিকার ১৩৪৩ বৈশাগ-সংখায় আমি আর একটি প্রবন্ধ প্রকাশ করি। সেই সময় হইতে অচ্যতবাবু নীরব আছেন।
- ২ সাহিত্য-পরিষং-পত্রিকা ১৩০৩, ৩-৪ ভাগ, পৃ. ২০৪, পানটীকায় তিনি লিখিয়াছেন, "আমরা বহু পরিশ্রমে ১৭০০ শকের লিখিত অদ্বৈত-প্রকাশের একথানি প্রতিলিপি সংগ্রহ করিয়াছি। ঝাকপালে আদি গ্রন্থ আছে, এথানি তদ্দ্রে লিখিত। •••গ্রন্থখানি মুদ্রিত হইলে বাঙ্গলার ও বৈক্ষব সাহিত্যের প্রচুর উপকার হইবে।" রঙ্গপুর সাহিত্য-পরিষং-পত্রিকা (১৩১৪ সাল, ২য় ভাগ, ২য় সংখ্যা, পৃ. ৯২) হইতে জানা যায় যে পুস্তকখানি বউতলার কূপায় ছাপা হইয়াছিল: "কাঠের খোনাই অক্ষরে লেখা।"

নাগরের অবৈত-প্রকাশ যদি অক্কৃত্রিম গ্রন্থ হয়, তাহা হইলে প্রীচৈতন্তের জীবনী ও ধর্মমত-সম্বন্ধে ইহার প্রামাণিকতা ম্রারি গুপ্তের কড়চার তুল্য, এমন কি কোন কোন বিষয়ে উহার অপেক্ষাও বেশী বলিয়া বিবেচিত হওয়া উচিত। প্রীচৈতক্তকে স্বচক্ষে দেখিয়া তাঁহার জীবনী লিখিয়াছেন তিনজন—ম্রারি, কবিকর্ণপূর ও জয়ানল । কবিকর্ণপূর ও জয়ানল উভয়েই বাল্যকালে প্রীচৈতক্তকে দর্শন করিয়াছিলেন। জয়ানন্দের অন্সন্ধিংসা একেবারেই ছিল না, তিনি কতকগুলি প্রবাদমাত্র লিপিবদ্ধ করিয়াছেন। কবিকর্ণপূর খুব অনুসন্ধিংস্থ ও সন্বিবেচক ছিলেন; কিন্তু প্রীচৈতক্তের নবদীপলীলা-সম্বন্ধে তাঁহার কোন প্রত্যক্ষ জ্ঞান ছিল না। ম্রারি নীলাচল-লীলা-সম্বন্ধে তাঁহার কোন প্রত্যক্ষ জ্ঞান ছিল না। ম্রারি নীলাচল-লীলা-সম্বন্ধে বাহা লিখিয়াছেন তাহার অধিকাংশই কবিকর্ণপূর, রুলাবনদাস ও কৃষ্ণদাস কবিরাজ প্রামাণিক বলিয়া স্বীকার করেন নাই। কিন্তু স্বশান নাগর নিজে যে বিবরণ দিয়াছেন তাহা সত্য হইলে, তিনি প্রীচৈতক্তের বাল্যকাল হইতে তিরোধান প্রয়ন্ত সময়ের ঘটনা হয় নিজের চোপে দেখিয়াছেন, না হয় প্রভুর অন্তরক্ষজনের নিকট শুনিয়াছেন, বলিতে হয়।

ঈশান নাগর বলেন যে অদৈতপুত্র অচ্যতের পাঁচ বংসর বয়সে যে দিন হাতেখড়ি হয়, সেই দিন পঞ্বধবয়ত্ব ঈশানকে লইয়া তাঁহার মাতা আসিয়া অবৈত-গৃহে উপস্থিত হ্য়েন (একাদশ অধ্যায়, পৃষ্ঠা ৪৫, তৃতীয় সং)। তাঁহার গ্রন্থে পাওয়া যায় যে ১৪১৪ শকে বৈশাখী পূর্ণিমায় অচ্যুতের জন্ম (১১ আ., পৃ. ৪৫)। তাহা হইলে অচ্যত ও ঈশান ঐচৈতন্য অপেকা মাত্র ছয় বংসর তুই মাসের ছোট। ১৪১৪ শক হইতে ১৪৮০ শক, অর্থাৎ অধৈতের তিরোভাব-কাল পর্যান্ত, তিনি অদৈতপ্রভুর মঙ্গে সঙ্গে থাকিতেন। তিনি কি কাজ করিতেন, কত দুর পড়াগুন। করিয়াছিলেন তাহা স্পষ্ট করিয়া কিছু বলেন নাই; তবে কয়েক স্থলের ইন্ধিত হইতে অনুমান করা যাইতে পারে যে টহলদারী, অর্থাৎ ভোগ রানার জোগান দেওয়ার কাজ, তাঁহাকে করিতে হইত। অদৈত, ভাঁহার পত্নী সীতাদেবী ও অচ্যুত তাঁহাকে খুবই স্নেহ করিতেন। তিনি ঐচিতত্তের জীবনের যে যে ঘটনা প্রত্যক্ষ করিয়া-ছিলেন তাহার মধ্যে কয়েকটির উল্লেখ করিয়াছেন। অবৈত জ্ঞান-ব্যাখ্যা করিতেছিলেন বলিয়া বিশ্বস্তর ও নিত্যানন্দ যে দিন শান্তিপুরে তাঁহার সহিত ব্ঝাপড়া করিতে আদেন দে দিন দীতাদেবী অনেক জিনিষ রালা করিয়াছিলেন। ঈশান বলেন-

মুঞি অধম কৈলা তাঁর জলের টহল।—১৪ অ., পৃ. ৬০

আবার নীলাচলে যে দিন অবৈত শ্রীচৈতগ্যকে নিমন্ত্রণ করিয়াছিলেন, সেই দিন "গৌরের পদ ধৌত লাগি মৃঞি কীট গেছ" (১৮ আ., পৃ. ৮০)। শ্রীচৈতগ্যের আহারের পর অবৈত তাঁহাকে শ্রীচৈতগ্যের পদসেবা করিতে বলিলেন। শ্রীচৈতগ্য তাঁহাকে উপদেশও দিয়াছিলেন।

তবে মৃঞি কীট হর্ষে কহিন্ন চৈতক্তে।
দয়া করি কহ কিছু এই ভক্তিশৃত্তে॥
দহাস্তে মধুর ভাষে গৌরাঙ্গ কহিলা।
শুনহ ঈশান শান্ত্র যাহা প্রকাশিলা॥—১৮ অ., পৃ. ৮২

ঈশান বলেন যে অহৈত, নিত্যানন্দ, অচ্যুত, পদ্মনাভ চক্রবর্ত্তী, শ্রামদাস প্রভৃতি তাঁহাকে অনেক ঘটনা বলিয়াছিলেন; যথা—

কে) শ্রীচৈতত্তের জন্মের পূর্ব্ধ হইতে অচ্যুতের জ্ঞানোদয় পর্যস্ত ঘটনার অধিকাংশ তিনি অদৈতের নিকট শুনিয়াছিলেন। শ্রীচৈতত্তের উপবীত-গ্রহণ পর্যান্ত বর্ণনা করিয়া তিনি লিখিতেছেন—

ক্ত মৃঞি অপার গৌরলীলার কিবা জানি। তার হৃত্র লিখি থেই প্রভু মুখে শুনি॥—-১০ অ., পৃ. ৪৫

(থ) নিত্যানন্দপ্রভূ ঈশানকে নীলাচলে শ্রীচৈতন্তের সহিত জল-ক্রীড়ার কথা বলিয়াছিলেন।

> শীপাদ নিত্যানন প্রভূর ম্থাজনি:স্ত। এই লীলারসামৃত পিয়া হইরু পূঁত॥—১৫ অ., পৃ. ৬৬

(গ) অচ্যুত বিশ্বস্তর মিশ্রের টোলে পড়িয়া আদিয়া শ্রীচৈতত্তের অধ্যাপক-জীবন, পূর্ব্বঙ্গ-গমন, লক্ষীর তিরোধান ও বিষ্ণুপ্রিয়ার সহিত বিবাহের কথা বলিয়াছিলেন।

> শ্রীঅচ্যুত কহে মোরে এই শুভাখ্যান। তার স্ত্র লব মাত্র করিম ব্যাখ্যান্॥—১৩ অ., পৃ. ৫৫

(ঘ) ঈশান মুরারির কড়চা, বৃন্দাবন্দাদের শ্রীচৈতগ্রভাগবত বা কবিকর্ণ-

পূরের কোন বই পড়েন নাই, এমন কি এগুলি যে তাঁহার গ্রন্থ-রচনার পূর্বে লিখিত হইয়াছিল তাহাও তিনি জানিতেন না। তিনি জানৈতের জীবনী-সম্বন্ধে একথানি মাত্র বই পড়িয়াছিলেন; আর সব ঘটনা নিজের চোথে দেখিয়া বা অবৈত, নিত্যানন্দ, অচ্যুত প্রভৃতির তায় প্রামাণিক ব্যক্তির নিকট শুনিয়া লিখিয়াছেন; যথা—গ্রন্থ আছে:

বিভাবৃদ্ধি নাহি মোর কৈছে গ্রন্থ লিখি।

কি লিখিতে কি লিখিত্ব ধরম তার সাক্ষী ॥
লাউড়িয়া ক্লফদাসের বাল্যলীলা-স্ত্র।

যে গ্রন্থ পড়িলে হয় ভ্বন পবিত্র ॥

যে পড়িত্ব যে শুনিত্ব ক্লফদাস-মুখে।
পদ্মনাভ শ্রামদাস যে কহিলা মোকে ॥
পাপচক্ষে যে লীলা মৃত্রি করিত্ব দর্শন।
প্রভু আজ্ঞা মতে তাহা করিত্ব গ্রন্থন ॥—২২ অ., পৃ. ১০৪

তাহ। হইলে দেখা যাইতেছে যে এই গ্রন্থ অক্তমি হইলে, ইহার প্রামাণিকতা মুরারির গ্রন্থের তুল্য হওয়া উচিত।

কিন্তু এক হিদাবে মুরারির গ্রন্থের অপেক্ষাও ইহা ম্লাবান্। মুরারি কোথাও সন-তারিথ উল্লেখ করেন নাই। কবিকর্ণপূর, বৃন্দাবনদাস ও কৃষ্ণদাস কবিরাজ কতকগুলি ঘটনার সময়-নির্দেশ করিয়াছেন। তবু আমরা জানি না যে নিত্যানন্দ, অবৈত ও হরিদাস কবে জন্মিয়াছিলেন, শ্রীচৈতক্ত অপেক্ষা কত দিনের বড় ছিলেন, শ্রীচৈতক্ত কত দিন কি কি বিষয় পড়িয়াছিলেন, অবৈত কবে তিরোধান করিলেন। ঈশান নাগর এ-সমস্ত ঘটনার তারিখ ত দিয়াছেনই, অবৈতের পুত্রেরা কে কবে জন্মিয়াছিলেন তাহাও লিখিয়াছেন; যথা—

ক। হরিদাস ১৩৭২ শক বা ১৪৫০ খ্রীষ্টাব্দে জিমায়াছিলেন:

ত্রয়োদশ শত বিদপ্ততি শকমিতে। প্রকট হইলা ব্রহ্মা বুড়ন গ্রামেতে॥—৭ অ., পৃ. ২৬

থ। অহৈত শ্রীচৈতন্য অপেকা ৫২ বৎসবের বড় ছিলেন:

838

## শ্রীচৈতগ্রচরিতের উপাদান

অহে বিভূ আজি দ্বিপঞ্চাশ বৰ্ষ হইল। তুয়া লাগি ধরাধামে এ দাস আইল॥—১০ অ., পৃ. ৪৩

#### অধৈত

সওয়া শত বৰ্ষ প্ৰাভূ রহি ধরাধামে। অনস্ত অৰ্ক্রদ লীলা কৈলা যথাক্ৰমে॥—২২ অ., পৃ. ১০৩

অর্থাৎ অবৈত ১৪৩৪ খ্রীষ্টাব্দে জন্মিয়া ১৫৫৯ খ্রীষ্টাব্দ পর্যান্ত জীবিত ছিলেন।

- গ। ১। গোরের বয়স যবে পাচি বংসর হইল। ভুভক্ষণে মিশ্র তার হাতে থড়ি দিলে ⊪—১০ অ., পৃ. ৪৪
  - ২। প্রথমে শ্রীগঙ্গাদাস পণ্ডিতের স্থানে।

    তুই বর্ষে ব্যাকরণ কৈলা সমাপনে ॥

    তুই বর্ষে পড়িলা সাহিত্য অলকার।

    তবে গেলা শ্রীমান্ বিফু মিশ্রের গোচর ॥

    তাঁহা তুই বর্ষ স্থাতি জ্যোতিষ পড়িলা।

    হুদর্শন পণ্ডিতের স্থানে তবে গেলা॥

    তাঁর স্থানে যড় দর্শন পড়িলা তুই বর্ষে।

    তবে গেলা বাস্থদেব সার্কভৌম পাশে॥

    তাঁর স্থানে তর্কশাস্থ পড়িলা দ্বিবংসরে।

    এবে তুয়া পাশ আইলা বেদ পড়িবারে॥—১২ অ., পৃ. ৪৮

"তুয়া" মানে অবৈত। কিন্তু এ বিবরণ হইতে জানা যায় না যে বিশ্বস্তর কত বংসর বয়সে অবৈতের নিকট পড়িতে আসিলেন। তাই ঈশান বলিয়া দিতেছেন যে সে সময়ে অবৈতের দিতীয় পুত্র কৃষ্ণদাসের বয়স পাঁচ বংসর। কৃষ্ণদাস জন্মিয়াছিলেন:

চৌদ্দশত অষ্টাদশ শক অবশেষে।
মধুমানে কৃষ্ণা ত্রয়োদশী নিশি শেষে॥—১২ অ., পৃ. ৪৬

তাহা হইলে এটিচতন্ত ১৪২০ বা ১৪২৪ শকে অর্থাৎ ১৬।১৭ বৎসর বয়সে অধ্বৈতের নিকট পড়িতে আদিয়াছিলেন।

কত দিন তিনি অধৈতের নিকট পড়িয়াছিলেন তাহাও গ্রন্থকার বলিয়াছেন:

> গৌরের এক বর্ষ হৈল অতিক্রম। তাহে বেদ ভাগবত হইল পঠন॥

## ঘ। বিত্যানন্দ

তেরশত পঁচানকাই শকে মাঘ মাসে। শুক্লা ত্রয়োদশীতে রামের পরকাশে॥—১৪ অ., পু. ৫৭

## ঙ। ঈশান অদৈতের পুত্রগণের জন্মের তারিথ নিম্লিখিতরূপ দিয়াছেন:

অচ্যুত, ১৪১৪ শক বৈশাখী পূর্ণিমা ( ১১ অ., ৪৫ পৃ. )
কুফদাস, ১৪১৮ শক চৈত্র কুফা ত্রয়োদশী ( ১১ অ., ৪৬ পৃ. )
কোপাল, ১৪২২ শক কার্ত্তিক শুক্লা ছাদশী ( ১১ অ., ৪৭ পৃ. )
বলরাম, ১৪২৬ শক পৌষ মাস ( ১৫ অ., ৬০ পৃ )
স্বরূপ ও জগদীশ, ১৪৩০ শক জ্যৈষ্ঠ মাস ( ১৫ অ., ৬১ পৃ. )

শীতাদেবীর চার বছরের আঁজ। ছিল, দেখা যাইতেছে। ঈশান যদি তিথির সঞ্চে বারটিও উল্লেখ করিতেন তবে জ্যোতিষিক গণনা করিয়া তাঁহার স্থিতশক্তি কতদূর প্রবল ছিল তাহার পরিচয় দেওয়া যাইত। কিন্তু ঈশান নিজে যে-সব তারিখ দিয়াছেন ও ঘটনা লিখিয়াছেন তাহার মধ্যে কোথাও পরস্পর বিরোধ নাই। নিত্যানন্দের জন্মের ও অহৈতের তিরোভাবের তারিখ ছাড়া আর সব তারিখ সত্য কি না যাচাই করিয়া লওয়ারও উপায় নাই, কেন-না অন্ত কোন বৈহুব গ্রন্থকার তারিখ উল্লেখ করেন নাই।

দাক্ষিণাত্য-দেশ-ভ্রমণের পর শ্রীচৈত্য যথন পুরীতে ফিরিয়া আদিলেন, তথন ক্বফ মিশ্র তাঁহাকে দর্শন করিতে যাইতে চাহিলেন। সীতাদেবী ক্বফকে বলিলেন, "তোর ভাব্যা শ্রীবিজয়া সহ মন্ত্র লহ" (১৫ আ.)। সন্দেহ হয় যে ক্বফদাসের তথনও বিবাহের বয়স হয় নাই। কিন্তু শ্রীচৈত্য ১৫১২ খ্রীষ্টাব্দে পুরীতে কিরিয়াছিলেন; এই জ্ঞাত তারিথের সহিত মিলাইয়া দেখিলে, তাঁহার বয়স তথন ১৬ বংসর, স্বতরাং বিবাহ হওয়া অসম্ভব নহে। শ্রীচৈত্য অবৈতকে জ্ঞান শিক্ষা দেওয়ার জন্ম যথন বুঝাপড়া করিতে আসিলেন, তথন

শীতাদেবী অনেক প্রকার জিনিষ রাধিয়া তাঁহাকে থাওয়াইলেন। আমার সন্দেহ হয়, দীতাদেবী তথন পূর্ণগর্ভা বা স্তঃপ্রস্তা নহেন ত। গয়া হইতে আসার পর এক বংসর কাল বিশ্বস্তর গৃহে ছিলেন। স্বতরাং এই ঘটনা ১৪৩১ শকের জ্যৈষ্ঠ মাদের পর হইয়াছিল, কেন-না জ্যৈষ্ঠ মাদেই তিনি ভাবাধিকা-বশতঃ অধ্যাপনা বন্ধ করেন এবং ১৪৩১ শকের ২৯ মাঘ সন্নাস লয়েন। ১৪৩১ শকের জ্যৈষ্ঠ মাদে সীতাদেবীর কোলের যমজ ছেলে ছুইটির বয়দ এক বংদর। এইরূপ পরীক্ষা করিয়া দেখিলাম ঈশানের গণনা নিভূল। তিনি কোথাও পরস্পর-বিরোধী উক্তি করেন নাই। ঈশান নাগরের বর্ণনা স্কা গণনা করিয়া লেখা, তাই বোধ হয় গ্রন্থের ভূমিকায় শ্রীযুক্ত অচ্যুতচরণ তত্বনিধি মহাশয় বলিয়াছেন, "অঘৈত-প্রকাশে কিছুমাত্র অসঙ্গত উক্তি নাই। স্থূল দৃষ্টিতে যাহা অসঙ্গত বোধ হয় তাহাতে বিচিত্র ঐতিহাসিক তত্ত্ই নিহিত আছে।" উক্ত ভূমিকা-লেথক মহাশয় আরও জানাইয়াছেন যে অধৈত-প্রকাশে "শ্রীমন্মহাপ্রভুর লীলা-ঘটিত অনেক অভিনব আখ্যান আছে বলিয়া সম্মানিত।" যে-সমস্ত ঘটনা মুরারি, কবিকর্ণপূর, বৃন্দাবনদাস, লোচন, জয়ানন্দ, কৃষ্ণদাস কবিরাজ, শ্রীরূপ, রঘুনাথদাস গোষামী, প্রবোধানন্দ, গোপাল ভটু, শ্রীজীব, বাস্থ ঘোষ, নরহরি সরকার প্রভৃতি চরিতকার এবং স্তব ও পদকর্ত্তারা বলেন নাই বা জানিতেন না, এরপ অনেক ঘটনা অদৈত-প্রকাশে

আছে। তাহার মধ্যে কতকগুলি এ স্থলে উল্লেখ করিতেছি।

Information on pudisclosed events till Ishan's Advaita prakash

১। শ্রীটেতগুচরিতামূতে দেখা যায় যে শ্রীটেতগু মাধ্র বা তত্ত্ববাদীদের

সহিত বিচার করিয়াছিলেন, অথচ গৌরগণোদ্দেশদীপিকায় শ্রীটেতগুকে

মাধ্র-সম্প্রদায়ভুক্ত বলা হইয়াছে। ঈশান বলিতেছেন, অবৈত তীর্থ-ভ্রমণকালে

"মধ্রাচার্য্য স্থানে" মাধ্রেন্দ্র পুরীর সহিত সাক্ষাৎ করিয়াছিলেন ও তাঁহার

নিকট শ্রীমন্তাগবত ও মাধ্র ভাগ্য পাঠ করিয়াছিলেন। ঈশানের কথাকে

প্রামাণিক মনে করিলে গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়কে মাধ্র-সম্প্রদায়ের শাথা

বলিতেই হইবে। অবৈত ১২ বংসর বয়সের সময় শান্তিপুরে আসিয়াছিলেন

(২ অ., পৃ. ৮); তৎপরে (ধরা যাক তিন-চার বংসর) ষড়দর্শন

পড়েন; তারপর "বর্ষদ্রে বেদ শান্ত পড়ে সম্দ্র" (৩ অ., পৃ. ১); তারপর

পিতামাতার "সেবায় এক বংসর হইল অতীত" (৪ অ., পৃ. ১০)। তথ্বন

নক্ষই বংসর বয়সে, ১৪৫২-৫৩ খ্রীষ্টাব্দে, অবৈত তীর্থযাত্রায় বাহির হয়েন।

তুই বংসরের মধ্যে মাধ্বাচার্য্যের স্থানে পৌছিয়াছিলেন, বোধ হয়। ১৪৫২-৫৩ খ্রীষ্টান্দে মাধ্বেক্ত পুরীর নিকট অনস্তসংহিতা দেখিয়া অধৈত

তাহা পড়ি প্রভূ মহা আনন্দিত হৈলা॥
প্রভূ কহে নন্দস্কত ষড়ৈশ্বর্য্য পূর্ণ।
গৌররূপে নবদীপে হৈলা অবতীর্ণ॥
হিরি নাম প্রেম দিয়া জগত তারিবে।
মো অধমের বাঞ্ছা তবে অবশ্য প্রিবে॥
কহিতেই হৈল প্রভূর প্রেম উদ্দীপন।
প্রহরেক গৌরনামে করে সন্ধীর্ত্তন॥
"গৌর মোর প্রাণপতি যাহা তারে পাও।
বেদধর্ম লজ্যি মুই তাহা চলি যাও॥"—৪ অ., পৃ. ১২

- ২। মিথিলায় অদৈতের সহিত বিজাপতির সাক্ষাৎকার হয়। —পৃ. ১৩
- ৩। মাধবেক্র বৃন্দাবন হইতে পুরী যাইবার পথে শান্তিপুরে আসিয়া অদৈতকে বিবাহ করিতে বলেন; কেন-ন।

কৃষ্ণ কুপায় হৈবে তাঁহার বহুত সন্তান। জীব নিস্তারিবে সভে দিয়া কৃষ্ণ নাম ॥—৫ অ., পৃ. ১৮

৪। হরিদাস ঠাকুর অবৈতের নিকট দর্শনশাস্ত্র ও ভাগবত পড়িয়াছিলেন (৭ অ., পৃ. ২৬)। হরিদাস ঠাকুরের নিকট তর্কে যে তর্কচূড়ামণি হারিয়া গিয়া বৈষ্ণব হইয়াছিলেন তিনিই চরিতামৃতের অবৈত শাখাগণনে উল্লিখিত শ্রীযত্নন্দনাচার্যা। কবিকর্ণপ্রের নাটক হইতে জানা যায় যে রঘুনাথদাস গোস্বামীর মন্ত্রগুরু ছিলেন যত্নন্দনাচার্যা। স্বতরাং ঈশান নাগর হইতে জানা যাইতেছে যে চরম ব্রজনীলাবাদী রঘুনাথদাস অবৈত-পরিবারেরই শিয়া। হরিদাসের নিকট আসিয়া যথন একজন বেশা কুপ্রস্তাব করিল, তথন হরিদাস তাহাকে বলিলেন:

ইহাঁ হইতে আজি তুহু করহ প্রস্থান যেজন তুলদী কন্তি না করে ধারণ॥ ষোর মুখে কৃষ্ণ নাম না হয় ফুরণ ॥
দোই সব জন হয় পাষতী অধম।
নির্যাস জানিহ তারা কৃষ্ণ বহিমুখি।
কভু সাধু নাহি দেখে তা সভার মুখ ॥
কৈছে সদ্ বেশ করি যদি কর আগমন।
তবে কৃষ্ণ তোর বাঞ্চা করিবে পূরণ ॥— > অ., পৃ. ৩৪, ৩৫

দেই বেখা বৈষ্ণবী হইলে তাহার নাম হইয়াছিল কৃষ্ণাসী।

- ে। অবৈত শচী ও জগন্নাথকে মন্ত্র দেন। সেই মন্ত্রহাক্ষর গোর-গোপাল-মহামন্ত্র"। শচীর দীক্ষার পর বিশ্বরূপের জন্ম হয় (১০ আ., পৃ. ৪১)।
- ৬। শচী দীক্ষা প্রহণ করিলেন বটে, কিন্তু হরিনাম লইলেন না, তাই নিমাই জন্মিয়া তাঁহার হুলু পান করিলেন না। (১০ অ., পৃ. ६৩)।
- ৭। কোন ভারতী নাকি বিশ্বস্থরকে যজ্ঞস্ত্ত দেন এবং জগন্নাথ মিশ্র নাকি তাঁহাকে বিফুমন্ত্র দেন।

কালে তানে ভারতী দিলেন যজ্ঞসূত্র। শাস্ত্রমতে মিশ্ররাজ দিলা বিষ্ণুমন্ত্র॥—পু. ৪৫

তাহা হইলে গয়ায় ঈশ্বর পুরীর নিকট দীক্ষা লওয়ার পূর্বে এটিচতত্তের আর একবার দীক্ষা হইয়াছিল।

- ৮। বিশ্বস্তর কোন্ বিষয় কত দিন কাহার কাছে পড়িয়াছিলেন তাহার বিবরণ অবৈত-প্রকাশ হইতে লইয়া পূর্কোই দিয়াছি।
- ন। পঞ্চবর্ষবয়স্ক শিশু কৃষ্ণ মিশ্র একদিন মাকে না বলিয়া "গৌরায় নমঃ" মহামন্ত্র উচ্চারণ-পূর্ব্বক কলা থাইয়াছিলেন। সে দিন গৌরাঙ্গ আর ভাত খান নাই।

এত কহি তিহোঁ এক ছাড়িলা উদ্যার। রম্ভার গন্ধ পাঞা সভে হৈল চমৎকার॥—১২ অ., পু. ৪৯

১০। অদৈতের নিকট লোকনাথ ও গদাধর ভাগবত পড়িতেন; বিশ্বস্তর তাহা শুনিয়া মুখস্থ করিতেন (১২ অ., পৃ. ৫০)। ১)। অচ্যুতানন্দ নবদ্বীপে গৌরাঙ্গের টোলে ব্যাকরণ ও অলফার পড়িয়াছিলেন। ঈশান বোধ হয় পাঠের সময় উপস্থিত থাকিতেন। বিশ্বস্তর দামান্ত সামান্ত প্রশ্নের যাহা উত্তর দিতেন, তাহাও ঈশান কড়চা করিয়া রাথিতেন, বোধ হয়; যথা—

একদিন শ্রীঅচ্যুত কহে গৌরচন্দ্রে।
মৃথের উপমা ভালি কৈছে হয় চন্দ্রে॥
মৃগাঙ্কে কলম বহু দেখি বিজ্ঞমান।
অফুজ্জল রৌপ্যবর্গ সেহ অপ্রধান॥
তাহা শুনি নিমাই বিজ্ঞাসাগর আনন্দে।
সম্বেহ প্রশংসি কহে শ্রীঅচ্যুতানন্দে॥
আহলাদের অংশে হয় মুথের উপমা।
কোন বস্তুর সর্কা অংশে না হয় তুলনা॥—-১২ অ, পৃ. ৫২

১২। বিশ্বস্তর যথন পূর্ববেদে গিয়াছিলেন তথন অচ্যুত তাঁহার সঙ্গে গিয়াছিলেন (১৩অ., পৃ. ৫৩)।

১৩। গয়া-প্রত্যাগত নিমাই—

সাদশ অক্ষেতে কৈল তিলক ধারণ। সংক্ষ অক্ষে হরিনাম করিল লিখন॥ তুলসী কাষ্টের মালা কঠেতে পরিলা। শেষাচক্রাকার চিহ্ন কেন বা ধরিলা॥—১৪ অ., পৃ. ৫৬

১৪। মুরারি ও লোচন বলেন বিশ্বস্তর "লৌকিক সংক্রিয়া-বিধি" পড়াইতেন। রুদাবনদাদ ও কবিরাজ গোস্বামী বলেন যে তিনি ব্যাকরণ পড়াইতেন। ঈশান বলেন তিনি দর্শনশাস্থ্য পড়াইতেন।

কেহ ব্যাকরণ পড়ে কেহ দরশন। —১৪ আ., পৃ. ৫৬

- ১৫। অবৈত গীতা ও যোগবাশিষ্ঠের ভাগ্য রচন। করিয়াছিলেন ও উহাতে ভক্তি ব্যাখ্যা করিয়াছিলেন (১৪ অ, পৃ. ৫৯)।
- ১৬। সীতাদেবী যথন মদনগোপাল বা বিশ্বস্তবের জন্ম বাঁধিতেন তথন "বিস্তব্যুথ বান্ধি রান্ধে হরিষ অন্তরে" (১৭ অ.,৬০ পৃ.)।

- ১৭। বৃন্দাবনে যাইবার পথে এটিচততা ত্রিবেণীর যম্নায় "দিন ব্যাপী গোরা যম্নায় ডুবি রৈলা" (১৬ অ., পৃ. ৬৮)।
- ১৮। ঐতিচত্ত পুরা হইতে বুলাবন যাইলে অচ্যুতও শান্তিপুর হইতে তথায় যাইয়া মিলিত হইলেন। ঐতিচত্ত কয়েক দিন মাত্র বুলাবনে ছিলেন বিলিয়া ঐতিচত্ত চরিতামৃত হইতে জানা যায়। ঐতিচত্ত যদি সেখানে যাইয়া পত্র লিখিয়া অচ্যুতকে লইয়া গিয়াছিলেন—এরপ কথা ঈশান লিখিতেন, তাহা হইলে চরিতামৃতের সহিত অসামঞ্জশ্ত হইত। সেইজ্লা ঈশান বলেন:

আয় আয় আয় বুলি গোরা কৈলা আকরণ।
যোগী সম তাঁহা আইলা সীতার নন্দন॥
শান্তিপুর হৈতে ব্রজ বহু দিনের পথে।
আচ্যুত আইলা গোরার আজ্ঞা-পুশ্পরথে॥
কৃষ্ণ কৃষ্ণভক্তের অচিন্ত্য শক্তি হয়।
সকলি সম্ভবে ইথে নাহিক বিশ্বয়॥—১৬ অ , পু. ৬২, ৭০

অচ্যুত যদি এইরপ "আজ্ঞা-পুষ্পরথে" রন্দাবন না আসিতেন, তাহা হইলে ঈশান শ্রীচৈতত্ত্বের রন্দাবন-ভ্রমণ, কাশীতে পণ্ডিতদের সহিত বিচার, রূপ ও সনাতনকে শিক্ষা প্রভৃতি লিখিতে পারিতেন না; কেন-না কেবল মাত্র শ্রীচৈতত্ত্যচরিতামতে এ-সব কথা বর্ণিত হইরাছে, কিন্তু ঐ গ্রন্থ ঈশানের গ্রন্থ-লেখার ৪৭ বংসর পরে লিখিত হয়।

- ১৯। শ্রীচৈতন্ম বৃদাবন হইতে প্রত্যাবর্তনের পথে কাশীতে একজন দিগম্ব সম্যাসীকে রূপ। করেন (১৭ অ, পৃ. ৭৫, ৭৬)।
- ২০। প্রকাশানন্দই যে চৈত্যচন্দ্রামৃত-প্রণেতা প্রবোধানন্দ, এ কথা দিনর নিকটই আমরা প্রথম শুনিলাম। (১৭ অ, পৃ. ৭৭)। আর কোন প্রামাণিক বৈষ্ণব-গ্রন্থে এ কথা নাই। চরিতামৃতের শাখাবর্ণনে প্রবোধানন্দের নাম নাই; যদিও হরিভক্তিবিলাসের প্রথম শ্লোকে গোপাল ভট্ট নিজেকে প্রবোধানন্দের শিক্ত বলিয়াছেন।
- ২১। বৃন্দাবনদাস বলেন যে বিশ্বস্তর ব্যাকরণের টিপ্পনী লিখিয়াছিলেন, কিন্তু ঈশান বলেন তিনি তর্কশান্ত্রের এবং ভাগবতের টীকাও লিখিয়াছিলেন। কিন্তু পাছে তাঁহার টীকা পড়িয়া শ্রীধরের ও অক্যাক্ত টীকার আদর কমিয়া যায়, সেই ভয়ে তিনি উহা নষ্ট করিয়া কেলেন (১০ অ., পৃ. ৮৫)।

- ২২। খড়দহের শ্রামস্থলর-মৃত্তি বীরচন্দ্রের স্থাপিত বলিয়া প্রবাদ। ডা.
  দীনেশচন্দ্র সেন "বঙ্গবাণী"র একটি প্রবন্ধে ও ম্রারিলাল গোস্বামী "বৈষ্ণবদিগ্দর্শনী"তে এইরূপ কথাই লিথিয়াছেন। কিন্তু ঈশান বলেন নিত্যানন্দ্রপ্রভূ ক্র মৃত্তি স্থাপন করেন (২০ অ., পৃ. ১১)।
  - ২৩। শ্রীচৈতন্য জগন্নাথ-মন্দিরে তিরোধান করেন (২১ আ., পৃ. ৯৫)।
- ২৪। কৃষ্ণ মিশ্রের ছুই পুত্র রঘুনাথ ও দোলগোবিন্দ এগোরাক ও নিত্যানন্দের অবতার; যথা—

স্বপ্নে মহাপ্রভু আসি কহে অদৈতেরে।
মো বিচ্ছেদে নাঢ়া তুঃখ না ভাব অন্তরে ॥
তো প্রেমাকর্ষণে মৃঞি আইমু তোর ঘরে।
কৃষ্ণ মিশ্রের পুত্ররূপে দেখিবা আমারে ॥
প্রভু নিত্যানন্দ চাঁদে দিন কত পরে।
কৃষ্ণ মিশ্রের পুত্ররূপে পাইবা নিজ ঘরে ॥—১১ অ., পৃ. ১.৭

- ২৫। বীরচন্দ্রপ্রভূ বিশ বংসর বয়সে দীক্ষা লয়েন। প্রথমে তিনি অংহতের নিকট আদেন, কিন্তু অংহত তাঁহাকে জাহ্নীর নিকট দীক্ষা লইতে বলেন (২২ অ, পৃ. ১০২)।
- ২৬। অবৈত ১৫৫৯ খ্রীষ্টান্দে তিরোধান করেন। ঐ সময় পর্যান্ত দামোদর পণ্ডিত, গৌরীদাস পণ্ডিত ও নরহরি সরকার ঠাকুর জীবিত ছিলেন; কেন-না তাঁহারা অবৈতপ্রভুর তিরোভাবের পূর্কে শান্তিপুরে আসেন (২২ অ, পৃ.১০৩)।
- ২৭। মুরারি, কবিকর্ণপূর, বুলাবনদাস প্রভৃতি কোন চরিতকার এমন কথা লেখেন নাই যে অবৈত ভক্তগণের নিকট চতু ভুজ এবং ষড় ভুজরূপে দেখা দিতেন। ঈশান সে কথা বলেন; যথা—

এক দিখিজয়ীকে অদৈত "দিদ্ধমূত্তি দেগাইলা অতি চমৎকার ॥" — বর্চ অধ্যায়, পৃ. ২২

নৃসিংহ ভাত্ড়ী ভাগ্যে প্রভুর চতু ভূজ দেখিলা॥
—অন্তম অধ্যায়, পূ. ২ন

# Doubts on the genuineness of Ishan Advaita Prakash

ক। তারিখের প্রতি অতিরিক্ত ঝোঁক ও আধুনিক সমস্যা-সমাধানের বাহুল্য দেখিয়া গ্রন্থথানির প্রতি আমার সন্দেহ জন্মে। অন্য কোন প্রাচীন বৈষ্ণব-গ্রন্থে এত তারিখের ছড়াছড়ি নাই।

প্রীচৈতন্ত মাধ্ব-সম্প্রদায়-ভূক ছিলেন কি না, প্রবোধানন ও প্রকাশানন একই ব্যক্তি কি না, প্রীচৈতন্ত কিভাবে তিরোহিত হইলেন, ষোড়শ শতাব্দীর বাঙ্গালায় বেদের চর্চা ছিল কি না, এ-সব প্রশ্ন উনবিংশ শতাব্দীর শেষ ভাগে লোকের মনে বিশেষ করিয়া জাগিয়াছিল। এগুলির এক প্রকার উত্তর পাওয়াতে গ্রন্থানি সত্যই প্রাচীন ও অক্বত্রিম কি না তদ্বিদয়ে সন্দেহ জন্ম। এই সন্দেহের কারণ কিন্তু তুর্বল। শুধু এই কারণে আলোচ্য গ্রন্থকে জাল বলা চলে না।

- থ। কিন্তু অক্যান্ত কয়েকটি কথা বিবেচনা করিলে উক্ত সন্দেহ দৃঢ়ীভূত হয়। সন্দেহের দ্বিতীয় কারণ হইতেছে প্রাচীন বৈষ্ণব-গ্রন্থের বর্ণনার সঙ্গে ও ঐতিহাসিক কয়েকটি ঘটনার সঙ্গে অদ্বৈত-প্রকাশের বর্ণনার বিরোধ।
- (১) অবৈত-প্রকাশে প্রদত্ত শ্রীচৈতন্তের নবদীপ-লীলার অধিকাংশ ঘটনা অচ্যুত শ্রীচৈতন্তের নিকট পড়িতে যাইয়া দেখিয়াছিলেন। অচ্যুত শ্রীচৈতন্তের সঙ্গে পূর্ববঙ্গে ও বুন্দাবনে গিয়াছিলেন। অচ্যুত শ্রীচৈতন্ত অপেক্ষা মাত্র ছয় বৎসর ঘটনা লিখিতেছেন, বলিয়াছেন। অচ্যুত শ্রীচৈতন্ত অপেক্ষা মাত্র ছয় বৎসর ঘই মাসের ছোট। ঈশান-বর্ণিত এই উক্তি সত্য প্রমাণ করিতে পারিলে, অবৈত-প্রকাশ অনেকটা নির্ব্রেখাগ্য হয়। কিন্তু বুন্দাবনদাস যে তথ্য দিয়াছেন ও কৃষ্ণদাস কবিরাজ যাহ। সত্য বলিয়া গ্রহণ করিয়াছেন, তাহার বিক্লকে ঈশানের উক্তিকে স্বীকার করা,কঠিন।

বৃন্দাবন্দাস বলেন যে ঐতিচতত নীলাচল হইতে বৃন্দাবন যাইবেন বলিয়া শাস্তিপুরে আদেন, অর্থাং ১৬০৫ শকের হেমন্ত কালে ১৪১৩ ঐতিকে অচ্যুতের বয়স পাঁচ বংসরের কিছু বেশী; যথা—

পঞ্চবর্ষ বয়স মধুর দিগসর। খেলা খেলি সর্বা অঙ্গ ধূলায় ধূসর॥—চৈ. ভা., ৩।৪।৪২৯

এই উক্তি যদি সভ্য হয় তাহা হইলে অচ্যুতের জন্ম হয় ১৪২৯ শকে। সন্ন্যাসের পূর্বের অর্থাৎ ১৪৩০ শকে যখন বিশ্বস্তুর শান্তিপুরে যান তথন— অবৈতের তনয় অচ্যুতানন্দ নাম। পরম বালক সেহো কান্দে অবিরাম॥—-২।৬।১৯২

তথন অচ্যুত এক বংসর বয়দের বলিয়া তাঁহাকে বৃন্দাবনদাস পরম বালক বলিয়াছেন। সন্ন্যাস-গ্রহণ করার পর ঐতিচতত্ত যথন শান্তিপুরে যান, তথন অর্থাৎ ১৪৩১ শকের ফাল্পনে

দিগম্ব শিশুরূপ অবৈত-তনয়।
নাম শ্রীঅচ্যুতানন্দ মহা জ্যোতির্ময় ॥
পরম সর্বাক্ত তিঁহো অতর্ক্য প্রভাব।
যোগ্য অবৈতের পুত্র দেই মহাভাগ ॥— চৈ. ভা., তাযাত্রণ

নালাচল হইতে গৌড়ে যথন শ্রীচৈতন্ত আদেন তথন তিনি অবৈতের গৃহে একটি ছোট ছেলেকে দেখেন। রন্দাবনদাস বলেন তাঁহার বয়স পাঁচ বৎসরের কিছু বেশী। অবশ্য তিনি অচ্যুতের কোট্টা দেখিয়া ঐ বয়স বলেন নাই। অচ্যুতের চেহারা দেখিয়া বছর-পাঁচেকের শিশু বলিয়া মনে হইয়াছিল বলিয়া রন্দাবনদাস পঞ্চবর্ধ বয়স বলিয়াছেন। ঈশানের মতে ১৪০৫ শকে অচ্যুতের বয়স ২১ বংসর। ছয়-সাত বংসরের ছেলেকে পাঁচ-বছরের বলা যায় ও বলে; কিন্তু ২১ বংসরের পূর্ণ যুব। পুরুষকে কি কেহু পাঁচ-বছরের ছেলে বলিয়া ভূল করিতে পারে ? অবৈতের পুল্দের জন্ম-তারিখ-সম্বন্ধে ঈশানের বর্ণনায় আর একটি অসামঞ্জল্য দেখা যায়। ঈশানের মতে অবৈতের ৫৮ বংসর বয়সে প্রথম সন্থান অচ্যুতের ও ৭৪ বংসর বয়সে শেষ সন্থান-স্বরূপ জগদীশের জন্ম। ইহা অসম্ভব না হইলেও অসাধারণ।

অবশ্য সাধারণ ঐতিহাসিক বিচারে এ বিষয়ে ঈশান বৃন্দাবনদাস অপেক্ষা বেশী প্রামাণিক; কেন-না ঈশান অচ্যুতের সঙ্গে আবাল্য পরিবর্দ্ধিত এবং বৃন্দাবনদাস নিত্যানন্দের মুখে শুনিয়া ঘটনা লিখিয়াছিলেন। কিন্তু এ ক্ষেত্রে এরূপ যুক্তি চলিবে না; কারণ ঈশান যে সত্যই অদৈতের বাড়ীতে বাল্যকাল হইতে ছিলেন তাহার সমর্থক প্রমাণ বৈষ্ণব-সাহিত্যে কোথাও নাই।

শ্রীচৈতক্তচরিতামতের অদৈত-শাখা-গণনে ঈশানের নাম নাই। ঈশান অদৈত ও নিত্যানন্দের ও স্বয়ং শ্রীচৈতক্তের রূপ। পাইয়াছিলেন বলিতেছেন; স্থতরাং তাঁহার নাম রুঞ্দাস কবিরাজের বা বৈশ্ববন্দনার লেথকগণের দারা উল্লিখিত হওয়। উচিত ছিল। শ্রীবাদের বাড়ীর জলজোগানো ঝি তৃ:খীর (২০০২১৯; ২০২৫০৪৬, ৩৪৭) কথা ও গৌরাঙ্গের বাড়ীর একজন ভৃত্য ঈশানের কথা বৃন্ধাবনদাদ লিখিয়াছেন (২০৮০২৭, ২০৮)। আর তিন প্রভূর প্রিয়পাত্র ঈশানের কথা কেহ লিখিলেন না কেন? আরও ভাবিবার কথা এই যে ঈশানের বর্ণনা-অফুদারে অছৈতের তিরোভাব-দময় অর্থাং ১৫৫৯ খ্রীষ্টান্ধ পর্যান্ত যথন অচ্যুত বাঁচিয়া ছিলেন, তথন বৃন্ধাবনদাদ নিশ্চয়ই তাঁহাকে দেখিয়াছিলেন। একটি লোককে দেখিলে দে কোন এক নির্দিষ্ট সময়ে ৫০৬ বংদরের কি ২১ বংদরের ছিল তাহা বৃঝিতে কট্ট হয় না। প্রামাণিক গ্রন্থকার বৃন্ধাবনদাদের কথা বিশ্বাস করিব, কি অজ্ঞাতকুলশীল ঈশানের কথা মানিয়া লইব ও ঘদি শ্রীচৈতত্তার গৌড়-ভ্রমণ-কালে অচ্যুতের বয়দ পাঁচের কাছাকাছি হয়, তাহা হইলে তিনি বিশ্বস্তরের টোলে পড়িতে পারেন না; বিশ্বস্তরের সঙ্গে পূর্ববঙ্গে যাইতে পারেন না; তাঁহার সঙ্গে বৃন্ধাবনে মিলিত হইতে পারেন না। এক কথায় ঈশানের "অছৈত-প্রকাশ" তাদের ঘরের মত ভালিয়া পড়ে।

কৃষ্ণাদ কবিরাজ স্বীকার করিয়াছেন যে শ্রীচৈতত্যের গোড়-ভ্রমণ-কালে অচ্যুতের বয়দ বৃন্দাবনদাদ বর্ণিত পাঁচ বংদর ছিল; কেন-না পূর্বাধৃত শ্রীচৈতত্যভাগবতের অস্ত্য চতুর্থ অধ্যায়ের ঘটনাকে স্বীকার করিয়া তিনি লিথিয়াছেন—

আচ্যতানন্দ বড়শাখা আচার্য্যনন্দন।
আজন্ম সেবিলা তিঁহো চৈতন্ত-চরণ॥
চৈতন্ত গোদাঞির গুরু কেশব ভারতী।
এই শিতার বাক্য শুনি হুঃখ প্রাইল অতি॥
জগদ্গুরুতে কর ঐছে উপদেশ।
তোমার এই উপদেশে নপ্ত হইল দেশ॥
চৌদ্দুবনের গুরু চৈতন্ত গোদাঞি।
তাঁর গুরু অন্ত এই কোন শাস্তে নাই॥
পঞ্চম বর্ষের বালক কহে দিদ্ধান্তের দার।
শুনিয়া পাইল আচার্য্য সন্তোগ অপার॥—১৷১২৷১১-১৫

(২) ঈশান বলেন অদ্বৈত প্রণাম করায় শচীর আট বার গর্ভপাত

হইয়াছিল (পৃ. ৪০); তারপর অদৈতের নিকট মন্ত্র লইলে বিশ্বরূপের জন্ম

Murarai Gupta's kaddha is authentic as per Kabikarnapur, Vrindavandas etc. for Nabadwip events.

হয়। নবদীপ-লালার ঘটনা-সম্বন্ধে মুরারির কড়চাকে কবিকণপূর, বুন্দাবনদাস,

লোচনদাস, কৃষ্ণদাস কবিরাজ প্রভৃতি সকলেই প্রামাণ্য বলিয়া স্বীকার

করিয়াছেন।

মুরারি বলেন-

তত্র কালেন কিয়তা তল্পাণ্ডী কল্যকা: শুভা:। বভূবু: ক্রমশো দৈবান্তা: পঞ্জ: গতা: শচী (?) ॥—১।২।৫

কবিকর্ণপূর বলেন—

ক্রমেণ চাষ্টো ভত্তজাঃ পুরোহ্ভবন্ তথৈব পঞ্তমুপাযযুক্ত তাং।—মহাকাব্য, ২।১৭

নিত্যানন্দ-শিশু অভিরাম-সম্বন্ধে পরবর্ত্তী গ্রন্থে লিখিত আছে যে তিনি যাহাকে প্রণাম করিতেন দে মরিয়া যাইত।

(৩) ঈশানের মতে বাস্থদেব দত্ত অদ্বৈতের শিশু (পৃ. ৪০)। কিন্তু চরিতামতে বাস্থদেব দত্তকে শ্রীচৈতন্ত-শাগায় গণনা করা হইয়াছে (১।১০।৩৯); যথ।—

> বাস্থাদেব দত্ত প্রভুর ভৃত্য মহাশয়। সহস্র মুখে তাঁর গুণ কহিলে না হয়।

চরিতামতে আছে যে যত্নন্দনাচাগ্য বাস্থদেব দত্তের রূপার ভাজন ছিলেন; যথা----

শ্রীষত্বন্দনাচাধ্য অবৈতের শাখা।
তাঁহার শাখা উপশাখার নাহি হয় লেখা।
বাহ্দেব দত্তের তিঁহো রূপার ভাজন।
সর্বভাবে আশ্রিয়াছে চৈত্তগুচরণ।—১।১২।৪৫

তি হো মানে 'তিনি'—'তাঁহার' নহে।

(৪) ঈশান বলেন বিশ্বস্তর ১৪ হইতে ১৬ বংসর বয়স পর্যাস্ত সার্বভৌমের নিকট তায়শাস্ত্র পড়িয়াছিলেন। তুই-তিন বংসর ধরিয়া যাহাকে পড়ানো যায়, ২৪ বংসর বয়সে তাহাকে না চিনিতে পারা বড় আশ্চর্যোর ক্থা! কবিকর্ণপূর বলেন যে গোপীনাথ আচার্য্যের নিকট সার্বভৌম শ্রীচৈতত্তের পরিচয় পাইয়া বলিলেন:

> অহো নীলাম্ব-চক্রবরিনো হি মন্তাতসতীর্থা:। মিশ্রপুরন্দরশ্চ মন্তাতপাদানামতিমান্ত:॥—নাটক, ৬।৩৬

চরিতামৃত ইহার অন্তবাদ করিয়াছেন (২।৬।৭৫-১০৯)। কবিকর্ণপূর ও রুষ্ণদাস কবিরাজের বিবরণ পড়িয়াও কি কোন সন্দেহ থাকে যে সার্কভৌমের নিকট শ্রীচৈতন্ত একেবারে অপরিচিত ছিলেন ?

(৫) ঈশান বলেন নিত্যানন্দ ১৩৯৫ শকের মাঘ মাসে জন্মগ্রহণ করেন। কিন্তু নিত্যানন্দের প্রিয় শিগ্র বুন্দাবনদাস বলেন যে—

হেন মতে দাদশ বংসর থাকি ঘরে।
নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে॥
তীর্থযাত্রা করিলেন বিংশতি বংসর।
তার শেষে আইলেন চৈত্ত্য-গোচর॥—চৈ. ভা., ১।৬।৬৬

বিশ্বস্তর গয়া হইতে আদিয়া ভাব প্রকাশ করেন ১৪০০ শকের পৌষাস্তে (কবিকর্ণপূর, মহাকাব্য, ৪।৭৬)। তৎপরে ও ১৪০১ শকের মাঘের বহু পূর্বে নিত্যানন্দের নবদ্বীপে আগমন ঘটিয়াছিল। ১৪০১ শকের জ্যৈষ্ঠ মাদ পয়্যস্ত শ্রীচৈততা ছাত্রদের পড়াইয়াছিলেন; অসুমান হয় তারপর নিত্যানন্দ নবদ্বীপে আদেন। ১৪০১ শকে বাহার ৩২ বংদর বয়দ ছিল, তাঁহার জন্ম ১৩৯০ শকে হয়, কিন্তু ১৩৯৫ শকে কিছুতেই হইতে পারে না। নিত্যানন্দ-সম্বন্ধে বৃন্দাবনদাদের উক্তি সন্বাপেক্ষা অধিক প্রামাণিক ইহা বলাই বাছল্য। এই প্রদক্ষে উল্লেখযোগ্য যে উশান বলেন নবদ্বীপে যথন নিত্যানন্দ আদিলন তথন তাঁহার ললাটে তিলক, গলায় তুলদীর মালা (পৃ. ৫৮), কিন্তু বৃন্দাবনদাদ

বলেন যে তাঁহার অবধৃত-বেশ, হাতে দণ্ডকমণ্ডুলু ছিল (২।৫।১৮৫)।
There is no description of Sri Chaitanya and Nityananda prabhu ever wore mala and tilak as per বস্তুতঃ শ্রীচৈতন্ত ও নিত্যানন্দ মালাতিলক ধারণ করিয়াছিলেন এরপ authentic books on Sri Chaitanya
বর্ণনা কোন প্রামাণিক চৈতন্ত-চরিত-গ্রন্থে পাই নাই।

(৬) ঈশান বলেন, শ্রীচৈতন্য বৃন্দাবনের নিকট রাধাকুও আবিষ্ণার করিয়া "রাধাকুওে ডুব দিয়া শ্রামকুওে গেলা।" কৃষ্ণদাস কবিরাজ দীর্ঘকাল বৃন্দাবনে বাস করিয়াছিলেন। রাধাকুওের ইতিহাস-মন্বন্ধে তাঁহার কোনরূপ ভ্য হইতে পারে না। তিনি বলেন, "তুই ধান্তক্ষেত্রে অল্প জলে কৈল সান"

In Bhaktiratnakar (p.195-6) it is mentioned that Raghunathdas Goswami dug Radhakunda and Shyamkunda (২।১৮।৪)। "ভক্তিরতাকর" বলেন যে রঘুনাথদাস গোস্বামী রাধাকৃত্ত, and filled water

শ্রামকৃত্ত থনন করাইয়া কৃত্ত জলপূর্ণ করিয়া দিয়াছিলেন (পৃ. ১৯৫-৯৬)।

ইহাই হইল প্রামাণ্য চৈতন্ত-চরিত গ্রন্থভিলির সহিত ঈশানের বিরোধ।

ঈশান যদি অবৈতের সমসাময়িক হয়েন তবে সেই যুগের ইতিহাসঘটিত কোন ভূল তাঁহার হইতে পারে না। তিনি বলেন যে অবৈতের সহিত বিভাপতির সাক্ষাৎকার হইয়াছিল। কিন্তু অধুনা (হরপ্রসাদ শাস্ত্রী 'কীর্তিলতা'র ভূমিকায় ও Journal of Letters Vol. XVI, 1927; এবং 'Vidyapati' by Basanta Kumar Chatteriee) স্কুরপে প্রমাণিত হইয়াছে যে বিভাপতি ১৪৪৮ এটাকের বেশী পরে জীবিত ছিলেন না। পূর্কে দেখাইয়াছি যে ঈশানের মতাফুসারে অবৈত ১৪৫২-৫০ গ্রীষ্টাব্দের পূর্কে মাধ্বাচার্য্য-স্থানে যায়েন নাই; তাহারও পরে মিথিলায় যায়েন। বিভাপতি তথন পরলোকে, তাঁহার সহিত অবৈতের সাক্ষাৎকার কিরূপে হইতে পারে পূ

ঈশান বলেন যে লাউড়ের রাজা দিব্যসিংহ শান্তিপুরে আসিয়া অহৈতের নিকট দীক্ষা লয়েন ও রুফদাস নামে পরিচিত হয়েন। তিনি শান্তিপুরের নিকট

> বহু পুষ্পোভানে স্থাভিত কৈলা বাটী। তদবধি গ্রামের নাম হৈল ফুল্লবাটী॥

ফুল্লবাটী বলিতে ঈশান ফুলিয়াকে বুঝাইতে চাহিয়াছেন। ফুলিয়ায় ক্বন্তিবাদের পূর্ব্বপুরুষগণও বাদ করিতেন। স্বতরাং ফুলিয়া গ্রামের নাম অদ্বৈতের অপেকা অস্ততঃ ১০০।১৫০ বংসরের প্রাচীন।

গ। ঈশান নাগরের অধৈত-প্রকাশের অক্তরিমতায় সন্দেহের তৃতীয় কারণ এই যে ইহাতে চরিতামতের, এমন কি নরোত্তম ঠাকুর মহাশয়ের প্রার্থনার ভাষার প্রতিধ্বনি পাইতেছি। ঈশান বলেন, তিনি ১৫৬৮ গ্রীষ্টাব্দে বই লিখিয়াছেন, স্বতরাং ইহা চরিতামতের পূর্কাবর্ত্তী। যেমন এ মুগে কোন বঙ্গীয় কবির পক্ষে রবীজনাথের প্রভাব এড়াইয়া যাওয়া বড়ই কঠিন, তেমনি চরিতাম্তকে অতিক্রম করিয়া শ্রীচৈতত্ত-সম্বন্ধে কিছু লেখাও জ্ংসাধ্য। "অবৈত-প্রকাশ" পাকা হাতের রচনা, উহাতে শুধু যে হিসাবের ভূল নাই তাহা নহে, উহাতে চরিতাম্তের একটি সম্পূর্ণ পঙ্কিও পাওয়া যায় না।

তবে রুঞ্চনাস কবিরাজের প্রকাশ-ভঙ্গীর একটা বৈশিষ্ট্য আছে। "অত্তৈত্ত প্রকাশে" সেই বৈশিষ্ট্যের ছাপ নিম্নলিখিত স্থানে পড়িয়াছে বলিয়া মনে হয়:

(১) চরিতামতে শ্রীচৈতত্তের তীর্থযাত্রা-প্রসঙ্গে আছে—

তীর্থবাত্রায় তীর্থক্রম কহিতে না পারি। দক্ষিণ-বামে তীর্থ-গমন হয় ফেরাফেরি॥

অবৈত-প্রকাশে অবৈতের তীর্থভ্রমণে আছে---

কভূবা দক্ষিণে চলে কভূ চলে বামে। প্রেমে মাতোয়ারা তার নাহি কোন ক্রমে।—পৃ. ১১

(२) वृक्तावनमाभ वर्णन, इतिमाम

তিন লক্ষ নাম দিনে করেন গ্রহণ।-->।১১।১২৪

**চৈতগ্যচরিতামৃতে** আছে—

কোটীনাম গ্রহণ যজ্ঞ করি একমাদে। এই দীক্ষা করিয়াছি হৈল আজি শেষে ॥— চৈ. চৈ., ৩৩।১১৬

অধৈত-প্রকাশে আছে, হরিদাস

একমানে কোটা নাম করয়ে গ্রহণ।—পৃ. ৩৪

(৩) অহৈত-প্রকাশে দেখি, হরিদাস একজনকে বুঝাইতেছেন—

বস্থতত্ত্ব ঈশ্বরে জীবেতে নাহি ভেদ।
অগ্নির সত্তা থৈছে সর্ব্বদীপেতে অভেদ॥
তথাপি মূল অগ্নির থৈছে হয় প্রাধান্ততা।
তৈছে সর্ব্বেশ্বর হরি সকলের ধাতা॥—পৃ. ৩

#### চরিতামৃতে আছে—

দীপ হইতে থৈছে বহু দীপের জলন।

মূল এক দীপ তাহা করিয়ে গণন ॥—১।২।৭৫

ঈশ্বের তত্ত্ব থেন জলিত জলন।
জীবের স্বরূপ থৈছে স্কুলিক্ষের কণ ॥—১।৭।১১৬

(8) অবৈত-প্রকাশে আছে, হরিদাসের রূপা পাইয়া দেখিতে দেখিতে সর্প সিদ্ধ দেহ পাঞা। দিব্য বৃন্দাবনে গেলা চতুভূ জ হঞা॥

চরিতামৃতে আছে, শিবানন্দের কুকুর

দিদ্ধ দেহ পাঞা কুকুর বৈকুঠেতে গেল।।—৩।১।২৭

(৫) লক্ষীকে সাপে কামড়াইয়াছিল, তাহাতেই তাঁহার তিরোধান ঘটে।
—মুরারি, ১।১১।২১-২৩

তিরোধান-বর্ণনায় ঈশান লিখিয়াছেন:

হেথা শ্রীগোরাক্স-বিচ্ছেদ-ভূজক্স-দর্শনে।
নবদীপে লক্ষ্মী দেবী হৈলা অন্তর্জানে॥

চরিতামৃতে আছে, "প্রভুর বিরহ-সর্প লক্ষীরে দংশিল।"—১।১৬।১৮

(৬) ঈশান বলেন, খ্রীচৈতক্ত প্রতাপকদ্রকে

ভক্তবাঞ্চা পূরাইতে এখর্য্য প্রকাশে।

চরিতামতে আছে—

তবে মহাপ্রভু তাঁরে এখার্য্য দেখাইল।--২।১৪।১৭

এ স্থলে লক্ষ্য করার বিষয় এই যে কবিকর্ণপূর ও বৃন্দাবনদাস ঐশ্বর্য্য-প্রকাশের কথা বলেন নাই।

(৭) অদৈত-প্রকাশে আছে---

প্রেমাবেশে গোরা অবৈতেরে শোয়াইল।
মোর প্রভু জলে শুন্তি ভাসিতে লাগিল।
কিবা ভাবাবেশে গৌর উঠে তান বুকে।
মহাপ্রভু লঞা প্রভু ভাসে অমুরাগে।
বৈছে মহাবিষ্ণু শুইয়া অনন্তশয্যায়।
তৈছে অবৈতাক শ্যায় গৌর লীলোদয়।—পৃ. ৬৬

## চরিতামৃতে আছে—

আপনে তাহার উপরে করিল শয়ন। শেষ্শায়িলীলা প্রভূ কৈল প্রকটন॥—২।১৪।৮৭

কবিকর্ণপুর মহাকাব্যে এই লীলা বর্ণনা করিয়াছেন বটে, কিন্তু সেখানে শেষশায়ী বা অনন্তশ্যার দঙ্গে তুলনা করেন নাই। এই তুলনা করিরাজ গোস্বামীর নিজস্ব, এবং ঈশান-কর্ত্ক উহা অহুকৃত হইয়াছে।

(৮) বৃন্দাবনে শ্রীচৈতক্য যাইলে চরিতামৃত-অন্থসারে বাংসল্যে গাভী প্রভুর চাটে দব অঙ্গ ৷—২।১৭।১৮৪

### ঈশান বলেন—

হেনকালে গৌরে ঘিরি গাভী বংসগণ। কৃষ্ণগন্ধে গৌর অঙ্গ করয়ে লেহন।—পৃ. ৬৯

অধৈত-প্রকাশে আছে—
 কার্চের পুত্রলী সম জানিহ মোরে।
 সেই মত নাচো যেই তব ইচ্ছা স্কুরে ।—পৃ. ৭১

## চরিতামৃতে আছে—

আমার শরীর কাষ্ঠ পুত্তলী সমান।—৩।২০।৮৩
সেই লিখি মদনগোপাল যে লিখায়।
কার্ষ্ঠের পুত্তলী যেন কুহকে নাচায়॥—১।১৮।৭৪

(১০) অবৈত-প্রকাশে আছে—

রূপ কহে চাতকের ভাগ্য বা^{*}কতি।

রুষ্ণ মেঘ বিনা নাহি হয় তৃপ্তি॥—পৃ. ৭৪

#### চরিতামৃতে আছে—

লীলামৃত বরিষণে সিঞ্চে চৌদভুবনে
হেন মেঘ যবে দেখা দিল।

ত্তিদিব ঝঞ্চা পবনে মেঘ নিল অন্ত স্থানে

মরে চাতক পিতে না পাইয়া॥—৩।১৫।৬০

(১১) অধৈত-প্রকাশ-মতে কাশীর একজন দিগম্ব সন্নাসী অচ্যুতকে বলিতেছেন:

> ভনিয়াছি তিঁহো ইন্দ্ৰজাল বিছাগুণে। ভুলাইলা উড়িয়ার জ্ঞানী সার্বভৌমে॥—পৃ. ৭৫

## চরিতামৃতে প্রকাশানন্দ বলিতেছেন:

সার্বভৌম ভট্টাচার্য্য পণ্ডিত প্রবল।
ভূনি চৈতত্ত্বের সঙ্গে হইল পাগল॥
সন্মাদী নাম মাত্র মহা ইক্রজালী।—২।১৭।১১৫

(১২) নরোত্তম ঠাকুরের প্রার্থনায় আছে—
গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।
হরি হরি বলিতে নয়নে ববে নীর॥

## অবৈত-প্রকাশে আছে—

গোরা নাম শুনি যার পুলক উন্নম।

শেই জনে জানো মুঞি দাধক উত্তম।

গৌরাঙ্গ বলিতে যার বহে অশ্রধার।

শেই জন নিত্যদিদ্ধ ভক্ত অবতার॥—পৃ. ৭৮

ঘ। চরিতামৃতে এমন কতকগুলি ঘটনার বর্ণনা আছে যেগুলি ম্রারি, কবিকর্ণপূর, বৃন্দাবনদাস, শ্রীরূপ, রঘুনাথদাস প্রভৃতি কোন প্রামাণিক লেখক রুঞ্চাস কবিরাজের পূর্বে লেখেন নাই। এরূপ ঘটনার উল্লেখ যদি অদ্বৈত-প্রকাশে পাওয়া যায় তাহা হইলে সন্দেহ হয় যে উহা চরিতামৃত হইতেই লওয়া হইয়াছে। নিম্নে এইরূপ কতকগুলি ঘটনার উল্লেখ করিতেছি:

(১) হরিদাস-সম্বন্ধে ঈশান বলেন-

যার সদ্গুণে গোদাঞি রঘুনাথদাদ। ভক্তি-বীজ পাই হৈল চৈতন্ত-বিলাদ॥

চরিতামৃতের অথা১৬২-৬৩-এ এই ঘটনা বর্ণিত হইয়াছে।

(২) ঈশান বলেন যে সন্ন্যাসের পর ঐতিচতত যথন শান্তিপুরের নিকট আসিলেন তথন

> প্রেমাবিষ্ট গৌর অদৈতরে দেখি ভণে। কিবাশ্চর্য্য আচার্য্য হে আইলা বৃন্দাবনে ॥—পৃ. ৬২

## চরিতামৃতে আছে—

তুমি তো অবৈত গোদাঞি হেথা কেনে আইলা। আমি বৃন্দাবনে তুমি কি মতে জনিলা॥—২।৩।২৯

(৩) চরিতামৃতের স্থায় অদৈত-প্রকাশেও আছে যে শ্রীচৈতন্ত যথন ঝাড়িখণ্ডের পথে বুন্দাবনে যান তথন

প্রেমে পশুগণ রুফ বলিয়া কাঁদয়।--পৃ. ৬৭

(৪) বৃন্দাবন হইতে প্রত্যাগমনকালে শ্রীচৈতন্ত রূপকে প্রয়াগে ও সনাতনকে কাশীতে শিক্ষা, উপদেশ দিয়াছিলেন; এই কথা কৃষ্ণদাস কবিরাজ বর্ণনা করিয়াছেন। অদৈত-প্রকাশে আছে—

> তবে গোরা রূপ অন্থপম দুইজনে। সাধ্য সাধন শিক্ষা দিলা ভক্তান্ম্যকানে॥—পৃ. १৪

সনাতন শিক্ষার কথাও ঈশান লিখিয়াছেন (পু. ৭৭)।

Kabikarnapur had received grace of Sri Chaitanya during his childhood

(৫) কবিকর্ণপূর যে বাল্যকালে ঐচিতত্তের রূপ। পাইয়াছিলেন ইহা চরিতামৃত হইতেই জানা যায়।

#### ঈশান বলেন-

গৌর ক্নপায় সেন শিবানন্দের নন্দন। অতিবাল্যে সর্কশাল্পে হইল ক্ষুরণ॥ কবিকর্ণপূর নামে হৈলা তিঁহ খ্যাত।—পৃ. ৮২

কবিকর্ণপূরের খ্যাতি শুনিলেও এবং অদ্বৈতের তিরোভাবের পূর্বের তাঁহাকে দেখিলেও, ঈশান তাঁহার গ্রন্থ পড়িয়াছেন এমন কথা কোথাও বলেন নাই।

(৬) ছোট হরিদাস-বর্জন, ব্রহ্ম হরিদাসের নির্যান, শ্রীরূপের নাটকদ্বয়ের

কথা, সনাতনের নীলাচল-আগমন ও গায়ে কণ্ড্রদ দেখা দেওয়া, জগদাননকে নবদীপে প্রেরণ, এবং অবৈতের তর্জ্জা পাঠানো চরিতামতেই সর্বপ্রথমে বর্ণিত হয়।

ঈশান এই ঘটনাগুলি সংক্ষিপ্তভাবে লিখিয়াছেন। এই ঘটনাগুলি ঈশান অপেকা রুফদাস কবিরাজের জানার সম্ভাবনা অধিক, কেন-না অদৈতপ্রভূ সময়ে সময়ে নীলাচলে যাইতেন, আর রঘুনাথদাস গোস্বামী বার মাস তথায় বাস করিতেন।

# Revolution on Gourmantra ( C) | Taylor | C) | Taylor | C) | Taylor | Taylor

অহৈত-প্রকাশের অক্তিমতায় সংশয়-প্রকাশের পঞ্চম কারণ বলিতে হইলে উনবিংশ শতানীর গৌড়ীয় বৈঞ্ব-সমাজের একটি দলাদলির ইতিহাস আগে উল্লেথ করা দরকার। অহৈত-প্রকাশের বহু স্থানে গৌরমন্ত্রের কথা আছে। গৌরমন্ত্র নরহরি সরকার ঠাকুরের সময় হইতে চলিয়া আসিতেছে বলিয়া অনেকের বিশ্বাস। শ্রীথণ্ডের ঠাকুরেরা আমাকে বলিয়াছেন যে তাঁহারা বংশাফুক্রমে গৌরমন্ত্র দিয়া আসিতেছেন। কিন্তু প্রিগৌরাঙ্গের স্বতন্ত্র মন্ত্রের অন্তিত্র কোন দিনই সকল শ্রেণীর লোকের হারা স্বীকৃত হয় নাই। উনবিংশ শতান্দীর মধ্যভাগ হইতে আরম্ভ করিয়া ২০০০ বংসর পূর্ব্ব পর্যন্ত গৌরমন্ত্রের স্বাতন্ত্র লইয়া ভীষণ দলাদলি চলিয়াছিল। আমি যুগন ফোর্থ গোরমন্ত্রের স্বাতন্ত্র লইয়া ভীষণ দলাদলি চলিয়াছিল। আমি যুগন ফোর্থ শিল পার্ট কি থার্ড কাসে পড়ি, অর্থাৎ ১৯১৩।১৪ থাঁইান্দে, তথন নবহীপের বড় আখড়ার চিননিনের গৌরমন্ত্র-বিচারের একটি সভায় উপস্থিত ছিলাম, মনেন পড়ে। নাট্যন্দিরে গৌরমন্ত্র-বিচারের একটি সভায় উপস্থিত ছিলাম, মনেন পড়ে। নাট্যন্দিরে গৌরমন্ত্র-বিচারের একটি সভায় উপস্থিত হিলাম, মনেন পড়ে। নাট্যন্তি কামের প্রিচালেন। স্বদেশী-সভায় লাঠালাঠি হয় পরে দেখিয়াছি, কিন্তু বৈঞ্জব-সভায় লাঠি চলিতে সেই প্রথম দেখি। সভা আধ ঘণ্টার মধ্যেই ভান্ধিয়া যায়। পর দিন "সোণার গৌরান্ধের" বাড়ীতে কয়েকজন পণ্ডিত মিলিয়া কি এক সিন্ধান্ত করিয়াছিলেন, মনে নাই।

সিপাহি-বিলোহের সময় বৃন্দাবনে গৌরমন্ত্র লইয়া প্রবল আন্দোলন উপস্থিত হয়। ঐ সময়ে বৃন্দাবনের কয়েকজন প্রধান প্রধান গোস্বামী ও বৈষ্ণব একথানি ব্যবস্থাপত্র দেন ( শ্রীচৈততামতবোধিনী পত্রিকা, চৈততান ৪০৭, ১ম বর্ষ, পৃ. ২৬০-৬৬)।

বুন্দাবনের যে বিবাদের ইন্সিত এই ব্যবস্থাপত্রে পাওয়া যায়, গত শতানীর

শেষ দশকে আবার তাহা সমগ্র গৌড়ীয় বৈশ্বব-সমাজে উপস্থিত হইয়াছিল।

এ বারে গৌরমন্ত্রের স্বপক্ষে বাহির হইল বাগবাজার হইতে বিশ্বপ্রিয়া পত্রিকা,
আর তাহার বিপক্ষে রুলাবন হইতে শ্রীচৈতক্তমতবোধনী। বিশ্বপ্রিয়া
পত্রিকায় অবৈতবংশীয় রাধিকানাথ গোস্বামী মহাশয়ের নাম সম্পাদক-হিসাবে
ছিল। কিন্তু তিনি রুলাবনের জয়গোপাল মুখোপাধ্যায় মহাশয়কে লিখিলেন,
"আমি কিছুর মধ্যে প্রায়ই থাকি না, তথাপি আমার প্রারন্ধ দোবে বিশ্বপ্রিয়ার
সম্পাদক-স্থলে আমার নাম থাকায় ব্যক্তি বিশেষের বিদ্বেষভাজন হইতেছি।
শ্রীযুক্ত শিশিরবার্ ৺বৈগুনাথে আছেন, তিনি আসিলে তাঁহার সহিত সাক্ষাৎ
করিয়া বিশ্বপ্রিয়া পত্রিকা হইতে নামটী তুলিয়া লইব।

"মহাপ্রভুর মন্ত্র কোন প্রামাণিক তন্ত্রে উল্লিখিত নাই এবং প্রধান প্রধান অচার্য্যস্থলে যেখানে শ্রীমহাপ্রভুর বিগ্রহ-সেবা আছে সেখানে প্রায়ই শ্রীদশাক্ষর গোপাল-মন্ত্রে অর্চনা হইয়া থাকে; যথা—শ্রীঅন্বিকা ও খেতুরী প্রভৃতিতে" (শ্রীচৈতক্যমতবোধিনী, ৪০৭ চৈ. অ., ভাদ্র, ১১০ সংখ্যা, পৃ. ২১১-১৩)।

গৌরমন্ত্রের বিরোধী দলের নেতা ছিলেন অদ্বৈতবংশীয় পরম পণ্ডিত নীলমণি গোস্বামী মহাশয়। এই সময়ে অদ্বৈতবংশীয় সমস্ত গোস্বামীরা নিম্নলিখিত ব্যবস্থাপত্র প্রচার করেন—

"দশাক্ষর-গোপালমন্ত্রেণৈব শ্রীরুফটেচতন্তদেবস্তোপাসনা বিধেয়া ন্তান্তেনেতি।
চৈতন্তভাগবতাদো শ্রীমদদৈতাচার্য্যপাদানাং তথৈব তদর্চনদর্শনাং।
চরিতামৃতাদাবাচার্য্যমন্তথাকত্য প্রবর্ত্তমানানাং পাষ্যিত্বশ্রেবণাচ্চ। যস্তোপাসনয়া
বশীক্বতো ভগবান্ শ্রীকৃফটেচতন্তদেবং কলাবপ্যবতীর্ণং শ্রীসীতানাথ এব তৎপ্রীতি
সম্পাদকোপাদানানামভিজ্ঞো নান্তং। বিশেষতং শ্রীমহাপ্রভূপাদানাং দশাক্ষরবিশ্বায়াং প্রীত্যতিশয়ো লক্ষ্যতে, পরমাগ্রহপূর্বকং শ্রীমদীশ্বর-পুরী-মহামুভবতো
লোকশিক্ষার্থং তয়ৈব দীক্ষিতত্বাৎ" (চৈতন্তমতবোধিনী, ৪০৭ চৈ. আ., জ্যৈষ্ঠ,

১ কাশীমবাজার বঙ্গীয় সাহিত্য-সন্মিলনের সম্পূর্ণ বিবরণ, ১৩১৪ বঙ্গান্ধ, "বৈশ্ববসাহিত্য" : রাসবিহারী সাখ্যতীর্থ-লিখিত প্রবন্ধে আছে—"বলাগড়ির রামরতন বিভাভূষণ ও নীলমাধব ভক্তিভূষণ প্রভৃতি কৃষ্ণ অপেকা গৌরাঙ্গকে অধিক ভক্তি করেন ও অনেকে কৃষ্ণমন্ত্রের পরিবর্ত্তে গৌরমন্ত্রে দীক্ষিত হন। এইমতে খ্রীগৌরাঙ্গ মহাপ্রভূর পৃথক্ ধান ও মন্ত্রে উপাসনা ও তদীয় জন্মতিথিতে উপবাস-ব্যবহা আছে। তথ্য প্রথম প্রথম গৌরাঙ্গবাদ ঢাকা, খ্রীহট্টাদি দেশে হীন শ্রাদি-মধ্যে প্রচারিত হয়।"

১।৬, পৃ. ১২০)। অর্থাৎ দশাক্ষর গোপালমন্ত্রের ছারাই প্রীক্লফটেতগুদেবের উপাসনা করা কর্ত্তব্য, অন্য মন্ত্রের ছারা কর্ত্তব্য নহে; কেন-না চৈতগুভাগবভাদি গ্রন্থে স্পষ্টই দেখা যায় প্রীঅবৈতাচার্যপ্রভূ তদ্ধপেই অর্থাৎ দশাক্ষর মন্ত্রের ছারাই তাঁহাকে অর্চনা করিয়াছেন। প্রীআচার্য্য-মতকে অন্যথা করিয়া যাহারা ভিন্ন মতে প্রবৃত্ত হয়, চরিতামৃতাদি গ্রন্থে তাহাদিগের পায়ণ্ডিত্ব শুনা যায়। যাহার উপাসনায় বশীভূত হইয়া ভগবান্ প্রীক্লফটেতগুদেব কলিকালেও অবতীর্ণ হইলেন, সেই প্রীসীতানাথ প্রভূই তাঁহার প্রীতি-সম্পাদক উপকরণ-সমূহের একমাত্র জ্ঞাতা, অল্যে নহে। বিশেষতঃ দশাক্ষর গোপাল-বিভাতেই প্রীমহাপ্রভূব অতিশয় প্রীতি লক্ষিত হইতেছে; কেন-না লোকশিক্ষার নিমিন্ত নিমাগ্রহপূর্বক প্রীক্ষর্বর পুরী মহামুভবের নিকটে প্র দশাক্ষরী গোপাল-বিভাতেই তিনি দীক্ষিত হয়েন। এই ব্যবস্থাপত্রে বা অন্তর্মণ ব্যবস্থাপত্রেও শান্তিপুর এবং অন্যান্ত স্থাননিবাসী অবৈতবংশীয় প্রায় সমন্ত নেতার স্বাক্ষর ছিল।

উথলী-নিবাসী অবৈতবংশীয় শ্রীনাথ গোস্বামী মহাশয় লাউড় হইতে অবৈত-প্রকাশের পথি আনাইয়া "বছ যত্নে ইহা সংশোধন করিয়াছেন" বলিয়া শ্রীযুক্ত অচ্যুত্চরণ তবনিধি মহাশয় লিথিয়াছেন। কিন্তু উথলীর নেতৃস্থানীয় অবৈতবংশীয় গোস্বামিগণ ব্যবস্থা দিয়াছিলেন—"প্রচ্ছয়বিগ্রহ শ্রীরুক্ষই শ্রীশচীনন্দন মহাপ্রভুকে শ্রীনন্দনন্দনরূপে কুফ্মছের দ্বারাই সাধুগণ উপাসনা করেন এবং পূর্বাচার্য্যগণের ব্যবহারও তদ্রপ। সাধুগণের ব্যবহৃত অর্থাৎ প্রামাণিক কোন তন্ত্রে তাঁহার পৃথক্ মন্ত্র দেখা যায় না; অতএব কল্লিত মন্ত্র-দ্বারা দীক্ষা-সিদ্ধি হইতে পারে না।"—হৈতত্রমতবোধিনী, ৪০৭, পৃ. ২০৬, ভাদ্র, ১০২ সংখ্যা

এই তুইখানি ব্যবস্থাপত্তের দার। প্রমাণিত হইল যে অদৈতবংশের গোস্বামীরা এবং বৈষ্ণব-সমাজের অক্তান্ত অনেক ব্যাক্ত জানিতেন না ও মানিতেন না যে গৌরাঙ্গের স্বতম্ব মন্ত্র আছে।

"চৈতন্ত্রমতবোধিনী"তে গৌরমন্ত্র-সংলিত তন্ত্রগুলি-সম্বন্ধে লিথিত হইয়াছিল
—"ঈশান-সংহিতা প্রভৃতি তন্ত্র গৌরবাদীরাই কল্পনা করিয়াছে, এইরূপ কত
তন্ত্র যে কল্লিত হইয়াছে তাহার ইয়তা নাই। তিন শত বংসরের ভিতরে
অন্যন সহস্র তন্ত্র কল্লিত হইয়াছে। প্রাণক্লফ বিশ্বাসের বৈঞ্বামৃত-নামক
তন্ত্র-সংগ্রহে অনেক আধুনিক তন্ত্রের প্রমাণ সংগৃহীত হইয়াছে। শ্রীকৃষ্ণচৈতন্ত্র

মহাপ্রভুর অবতারের অনেক পরে যে এই-সকল তন্ত্র রচিত হইয়াছে চকুমান্দিগকে তাহা বুঝাইবার প্রয়োজন করে না। তাল প্রাচীন নিবন্ধকারেরা
যে-সকল তন্ত্রের উদ্দেশ করিয়াছেন, বিদ্বজ্জনেরা সেই-সকল তন্ত্রেরই প্রামাণ্য
স্বীকার করেন। মন্ত্রকোষ, মন্ত্রমহোদধি, মন্ত্রার্ণব, তন্ত্রসার, ক্রমদীপিকা এবং
হরিভক্তিবিলাস প্রভৃতি নিবন্ধগ্রন্থে কোথাও গৌরমন্ত্রের নাম-গন্ধ নাই।"—
চৈতত্ত্যমতবোধিনী ৪০৭, পূ. ১৬১, আষাঢ়, ১।৭ সংখ্যা

সন ১৩০০ বন্ধানের ২১ অগ্রহায়ণ তারিখে নিত্যানন্দ-বংশীয় পণ্ডিতপ্রবর্ম উপেন্দ্রমোহন গোস্বামী লিখিয়াছিলেন, "উদ্ধায়ায় সংহিতাদি পৃথক্ গোরমন্ধ-প্রতিপাদক গ্রন্থগুলি কখনও দেখি নাই, প্রাচীন ম্থেও নাম শুনি নাই ও নিবন্ধগ্রন্থেও বচন প্রাপ্ত হই নাই। কিন্তু গোরমন্ত্রের স্পটোল্লেখ আছে শুনিয়াই পুন্তক কয়খানি আধুনিক বলিয়া বোধ করি। কারণ শাস্ত্রে স্পটভাবে শ্রীগোরান্ধ প্রভুর মন্ত্রধ্যানাদির উল্লেখ থাকিলে তাঁহার ভগবত্তা প্রতিপাদন নিমিত্ত শ্রীমদ্ গোস্বামিগণ সেই প্রমাণগুলির সংগ্রহ না করিয়া কৃষ্ণবর্গং প্রভৃতি ক্লোকের অবশ্রুই কটার্থ কল্পনা করিতেন না।"—হৈতত্তামত-বোধিনী, ৪০৮, মাঘ ও ফাল্কন সংখ্যা, পৃ. ১২

উদ্ধৃত উক্তির শেষ অংশে উপেক্সপ্রভূ ঐতিহাসিক বিচারের একটি মূলস্ত্র স্থাপন করিয়াছেন। 'অবৈত-প্রকাশ' যথন বাহির হইল তথন তাহাতে ঈশান-সংহিতা, উদ্ধায়ায়-সংহিতা প্রভৃতির দোহাই দেওয়া হইল না, কেন-না ঐগুলির অক্কৃত্রিমতা-সম্বন্ধে প্রশ্ন উঠিয়াছিল। তাই "অবৈত-প্রকাশে" অনস্ত-সংহিতার দোহাই দেওয়া হইয়াছে; যথা—

মাধবেন্দ্রপুরী অদৈতকে বলিলেন:

ধর্মসংস্থাপন হেতু এই কলিযুগে।
স্বয়ং ভগবান্ প্রকট হইবেন অগ্রে॥
অনস্ত-সংহিতা তার সাক্ষী শ্রেষ্ঠতম।
মধ্যস্থ শ্রীভাগবত ভারত আগম॥—৪ অ., পৃ. ১২

এবং গৌরমন্ত্র আছে কি না প্রশ্ন উঠিয়াছিল। নব আবিষ্কৃত "অবৈত-প্রকাশে" পাওয়া গেল যে শুধু যে গৌরমন্ত্র আছে তাহা নহে, ঐ মন্ত্রেই শচী ও জগন্নাথ মিশ্র অবৈত-কর্তৃক দীক্ষিত হইয়াছিলেন; যথা— তবে শচী দেবী আদি করিলা প্রণতি।
প্রভু কহে বাছা তুমি হও পুত্রবতী ॥
শুনি মহানন্দে কহে মিশ্র দ্বিজ রাজ।
শাহে তুয়া বাক্য রহে কর সেই কাজ ॥
প্রভু কহে এক মন্ত্র পাইছু স্বপনে।
ভক্তি করি সেই মন্ত্র লহ তুই জনে ॥
দর্ব্ব অমঙ্গল তবে অবশ্র পণ্ডিবে।
পরম পণ্ডিত দিব্য তনয় লভিবে ॥
আজ্ঞা শুনি আইলা দোঁহে করিয়া দিনানে।
তবে প্রভু যথাবিধি পূজি নারায়ণে॥
দোঁহাকারে মন্ত্র দিলা শ্রীঅদ্বৈত চন্দ্র।
চতুরাক্ষর শ্রীগোরগোপাল মহামন্ত্র ॥—১০ আ., পৃ. ৪১

অবৈত যদি শচী ও জগন্নাথকে দীক্ষা দিতেন এবং গৌরগোপাল-মন্ত্রে দীক্ষা দিতেন, তবে সে সম্বন্ধে কি অবৈত-বংশের গোস্বামীদের মধ্যে কোন প্রবাদ থাকিত না? উদ্ধৃত ব্যবস্থাপত্রে তাঁহারা স্পষ্ট বলিয়াছেন যে গৌরমন্ত্রের কথা তাঁহারা কথনও শোনেন নাই। ম্রারি গুপু, বৃন্দাবনদাস প্রভৃতি কেহ কি এ সম্বন্ধে কিছু বলিতেন না?

"অবৈত-প্রকাশের" অপক্ষীয়গণ হয়ত বলিবেন যে গৌরগোপাল-মহামন্ত্র
মানে গৌরমন্ত্র নহে। যদি গৌরমন্ত্র হয় তাহা হইলে পিতামাতার সম্বন্ধ
থাকে না, শুদ্ধ বাৎসল্য-ভাবের ব্যাঘাত হয়। অবৈতপ্রভু হেমাভ গোপালের
মন্ত্রে শচী-জগন্নাথকে দীক্ষা দিয়াছিলেন। "যদি বল মহাপ্রভুর পার্বদ
শ্রীশিবানন্দ সেন চতুরক্ষর বালগোপাল মন্ত্রে দীক্ষিত ছিলেন, মন্মথবীজ
পুটিত রুফরুপ চতুরক্ষর বালগোপাল মন্ত্রকেই চরিতামৃত গ্রন্থে গৌরগোপাল
মন্ত্র নামে উক্ত করিয়াছেন। ঐ মন্তের প্রতিপাত্য শ্রীবালগোপাল দেবের
ধ্যানে হেমাভ শব্দ থাকাতেই ঐ মন্ত্র গোরগোপাল মন্ত্র নামে অভিহিত
হইয়াছে। শ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভুর পার্যদর্গণের মধ্যে অনেকে বালগোপালের
উপাসক ছিলেন।"—চৈতন্তমতবোধিনী, ৪০৭, আষাঢ়, ১।৭, পৃ. ১৫২। কিন্তু
অবৈত্ত-প্রকাশে যে স্থকৌশলে গৌরমন্ত্র-প্রচারের ব্যবস্থা করা হইয়াছে সে
বিষয়ে সন্দেহ নাই। অবৈতপ্রভুর পুত্র ক্লফ্লাস

আগে প্রণব মহামন্ত্র করি উচ্চারণ। গৌরায় নম: বলি কৈল নিবেদন ॥—১২ অ., পৃ. ৪৯

"অবৈত-প্রকাশ" যে ক্বত্রিম ও প্রক্ষিপ্ত, জোর করিয়া ইহা বলা যায় না। তবে যে পাঁচটি প্রধান কারণে আমার সংশয় উপস্থিত হইয়াছে তাহা প্রকাশ করিলাম। কেহ "অদৈত-প্রকাশের" অন্ততঃ তিনথানি প্রাচীন (অন্ততঃ সপ্তদশ শতাকীর শেষভাগের) পুথি দেথাইয়া আমার সন্দেহ-ভঞ্জন করিলে হুখী হইব। মুরারি গুপ্তের কড়চার প্রাচীন পুথি পাওয়া ষায় না বটে, কিন্তু উহা হইতে কবিকর্ণপূর ও লোচন যে শব্দাস্তর ও ভাষাম্ভর করিয়াছেন তাহা ভক্তিরত্বাকরের উদ্ধৃত বহু শ্লোকে পাওয়া যায় এবং তাহার সহিত মৃদ্রিত গ্রন্থের মিল আছে। "অদ্বৈত-প্রকাশের" নাম কোন প্রাচীন প্রস্থে উল্লিখিত হয় নাই। "অদ্বৈত-প্রকাশের" স্থায় পুস্তকে আমরা দেখিতে চাই শ্রীচৈততা যখন নীলাচলে বাদ করিতে লাগিলেন, তথন কিভাবে অহৈত গৌড়দেশে ধর্মপ্রচার করিলেন। কিন্তু সে সম্বন্ধে একটি কথাও উহাতে নাই। ঈশান অদৈতের বাড়ীতে মাহুষ হইলেন, সেইথানেই সর্বাদা থাকিতেন, অদ্বৈতের জীবনী লিখিবেন বলিয়া কলম ধরিলেন, অথচ শ্রীচৈতত্তার সন্ন্যাস-বর্ণনার পর হইতে বরাবর শ্রীচৈতত্তোর জীবনীই লিথিয়া গেলেন। শ্রীচৈতত্তের জীবনী-সম্বন্ধেও যে-সব ঘটনা ঈশান উল্লেখ ক্রিয়াছেন তাহার প্রত্যেক্টি শ্রীচৈতক্সভাগবতে ও শ্রীচৈতক্স-চরিতামৃতে পাওয়া যায়; শ্রীচৈতত্তের তিরোভাবের পর বিষ্ণুপ্রিয়ার সাধন-প্রণালী যাহা দশান স্বচকে দেখিয়া আসিয়াছেন বলিয়া বর্ণনা করিতেছেন, তাহাও জয়ানন্দের চৈততামকলে ও প্রেমবিলাদে পাওয়া যায়। এ বর্ণনার সহিত অবশ্য জয়ানন্দ অপেকা প্রেমবিলাদের সাদৃশ্য অধিক।

# Haricharan Das's Advaitamangal হরিচরণ দাসের "অদ্বৈত্যক্ষর"

১৩০৩ সালে সাহিত্য-পরিষং-পত্রিকায় (তৃতীয়-চতুর্থ সংখ্যা) রসিকচন্দ্র বহু মহাশয় ১৭১৩ শকের (১৭৯১ খৃ. অ.) এক পুথি অবলম্বন করিয়া এই গ্রন্থের পরিচয় প্রদান করেন। সাহিত্য-পরিষদের পুথিশালায় এই বইয়ের যে পুথিশানি আছে (২৬৬ নং) তাহারও অহলিপির তারিখ ১৭১৩ শক। স্থতরাং অহুমান করা যাইতে পারে যে রসিকবার যে পুথি ব্যবহার

করিয়াছিলেন তাহাই পরিষদের পুথিশালায় রক্ষিত হইয়াছে। "বক্ষ প্রি পরিকায় ১৩৪১ সালে অধ্যাপক স্কুমার সেন মহাশয় ঐ পুথির পরিচয় দিয়া উহার "দানলীলা" অংশ উদ্ধৃত করিয়াছেন এবং গ্রন্থথানি মৃদ্রিত হওয়ার প্রয়োজন বলিয়াছেন। কিন্তু তিনি বোধ হয় জানেন না যে ১৩০৮ সালে রাজসাহীর ব্রজ্ঞস্কর সান্তাল মহাশয় ঐ গ্রন্থের প্রথম থগু (পৃ. ১-২৪) সম্পাদন করেন ও ২০১ নং কর্ণপ্রয়ালিশ দ্বীটের গুরুদাস চট্টোপাধ্যায়-কর্তৃক উহা প্রকাশিত হয়। আমি শুরু প্রথম থগুই সংগ্রহ করিতে পারিয়াছি, সান্তাল মহাশয় অন্তান্ত থগু প্রকাশ করিয়াছিলেন কি না জানি না। তিনি ঐ সংস্করণে গ্রন্থকারের নাম করেন নাই। কিন্তু সাহিত্য-পরিষদের পুথির সহিত্য সান্তাল মহাশয়ের বইএর প্রায় সকল স্থানেই মিল দেথিয়া সন্দেহ থাকে না যে তিনি হরিচরণ দাসের বই-ই প্রকাশ করিয়াছেন। শ্রীচৈতন্তাচরিতামৃতে অবৈত-শাধায় হরিচরণ নামে এক ভক্তের নাম পাওয়া যায় (১০১৪২)।

অবৈতমকল-রচনার কারণ-সম্বন্ধে লেথক প্রথম পরিচ্ছেদে বলেন-

<u>শ্রী গুরুচর ণপদ্ম</u>

মনেতে করিয়া সত্য

যে লেখায় পর্শমণি মোকে।

কুষ্ণের জীবন প্রাণ

প্রেমমৃতি যার নাম

আজা মাগি তাঁহার শ্রীমুখে॥

তাঁহার যে কুপা বরে

পূৰ্কাপর দেখায় মোরে

আজ্ঞা অনুসারে মাত্র দেখি।

শ্ৰীঅদৈতমঙ্গলেতে

প্রভূব লীলা প্রকটেতে

আজ্ঞা দিলা পূর্ববৃত্ত আগে লেখি॥

my for many and and and

আমি ক্ষুদ্ৰ জীব হইয়া কি বৰ্ণিতে পারি ইহা

শ্ৰীঅচ্যুতানন্দ আজ্ঞা মানি।

প্রভুর যে পুত্র সব

শিশ্ব যত বড় সব

তাথে আমি কৃদ্ৰ অভিমানী॥

শ্রীষ্ণবৈত-চরণধূলি

মন্তকেতে লই তুলি

হৃদয়েতে করি পাদপদ্ম।

-- ছाপा वह, भृ. २-७

#### আবার

প্রভূর নন্দন আর শিয়াদি সকলে।
আমারে আজ্ঞা দিলা হৃদয় প্রবালে॥
আমি প্রভূর ভূত্য তাঁহার আজ্ঞাবলে।
সাহস করিয়া লিখি শ্রীচরণ বলে॥—পৃ. ১২

বন্দে শ্রীঅচ্যুতানন্দ প্রভুর তনয়। বলরাম রুম্থ মিশ্র আর যত হয়॥ তোমার আজ্ঞায় লিথি যতন করিয়া।—পু. ১৯

বার বার আজ্ঞাবলে লেখার কথায় লেখকের অক্তরিমতায় সন্দেহ হয়। গ্রন্থ-খানি তেইশটি পরিচ্ছেদে সম্পূর্ণ। ইহাতে কি কি বিষয় বর্ণিত হইয়াছে তাহা লেখক স্বয়ং গ্রন্থের শেষে বলিয়াছেন। একটু উদ্ধৃত করিতেছি।

প্রথম সংখ্যায় হয় গুর্কাদি বর্ণন।
কৃষ্ণলীলা অফুক্রম বস্তু নিরূপণ॥
বিভীয় সংখ্যায় পঞ্চ অবস্থার স্তুত্র।
বিজয়পুরী আগমন পরম চরিত্র॥
তৃতীয় সংখ্যায় বিজয়পুরীর সম্বাদ।
শ্রীভাগবত অর্থ প্রভুর আস্বাদ॥
প্রেমে গদ্গদ পুরী তৃর্কাদা সাক্ষাৎ।
শ্রীমাধবেন্দ্র সতীর্থ হয় যে বিখ্যাত॥

অবৈতের পঞ্চ অবস্থায় কি কি লীলা করিয়াছিলেন তাহা গ্রন্থের দিতীয় পরিচ্ছেদে লেখক সংক্ষেপে বলিয়াছেন; যথা—

বাল্যাবস্থাতে হয় জন্মলীলা আদি।
প্রথম অবস্থা বলি সর্ব্ধ কার্য্য সাধি॥
পৌগণ্ড অবস্থাতে শান্তিপুর আইলা।
দ্বিতীয় অবস্থা বলি বর্ণনা হইলা॥
কৈশোর অবস্থাতে তীর্থ পর্যাটন।
বুন্দাবন আগমন গোপাল প্রকট্টন॥

ভক্তিশান্ত ব্যাখ্যা দিখিজ্মী জয়।
অবৈতনাথ প্রকট তাহাতেই হয়॥
তৃতীয় অবস্থা করি বলিয়ে তাহারে।
কৈশোরে শ্রীর্ন্দাবন পর্যাটন করে॥
যৌবনে যতেক লীলা করিলা প্রকাশ।
তপস্থাদি আচরণ শান্তিপুরে বাস॥
চতুর্থ অবস্থা সেহি বর্ণনা করিব।
যাহার শ্রবণে লোক পবিত্র হইব॥
বৃদ্ধ অবস্থাতে লিখিব সীতার পরিণয়।
নিত্যানন্দ চৈতন্ত অবতার করয়॥

এই গ্রন্থে শ্রীচৈতত্যের জন্ম হইতে সন্ন্যাস গ্রহণ করিয়া শান্তিপুরে আগমন ও অধৈত-গৃহে জলকেলি ও দান-লীলার অভিনয় পর্যান্ত বর্ণিত হইয়াছে। গ্রন্থকার শ্রীচৈতত্যের সন্মাস-জীবন বর্ণনা করেন নাই; তাহার কারণ-সম্বন্ধে তিনি বলেন:

চৈত্যুলীলা বর্ণিলা কবিকর্ণপূর।
তাহাতে জানিবা দব রদের প্রচুর॥
অবৈত চৈত্যু প্রশ্ন রদের অপার।
বর্ণনা করিলা তেঁহো অনেক প্রকার॥
আমি বর্ণিতে যে হয় পুনকক্তি।
তাহাতে না বর্ণিল তারে করি ভক্তি॥
শ্রীপ্রভূ মঙ্গলের আগ্রহ লাগিয়া।
জন্মলীলা কিছু লিখি প্রণতি করিয়া॥—পূথির পাতা ৭৬-৭৭

শীচৈতক্যচরিতামতের অংহত শাখায় উল্লিখিত হরিচরণ সত্যই এই গ্রন্থের রচয়িতা হইতে পারেন কি না তাহা বিচার করিয়া দেখা যাউক। নিম্নলিখিত কারণে মনে হয় শীচৈতক্তের সমসাময়িক ব্যক্তি-কর্তৃক এই গ্রন্থ লিখিত হয় নাই:

১। অবৈতমঙ্গলের পুথির ৭৪ পাতায় আছে যে নিত্যানন্দ জিরালে হাড়াই পণ্ডিত শান্তিপুরে আসিয়া অবৈতকে একচাকা গ্রামে লইয়া গেলেন। অবৈত নবজাত নিতাইয়ের মাথায় হাত দিয়া আশীর্কাদ করিলেন এবং তাঁহার নাম নিত্যানন্দ রাখিলেন। অধৈতের সহিত নিত্যানন্দের এরপ সম্বন্ধের কথা বৃন্দাবনদাদ লেখেন নাই। নিত্যানন্দের জীবনের এত বড় একটা কথা কি বৃন্দাবনদাদ জানিতেন না? জানিলে তাহা লিখিলেন না কেন?

২। **অবৈতমঙ্গলে** বর্ণিত হইয়াছে যে নিত্যানন্দ মাতাপিতার অন্তর্জানের পর উদ্ধারণ দত্তের সহিত তীর্থভ্রমণে বহির্গত হয়েন।

বাল্য পৌগণ্ড কৈশোর অবস্থা।
মাতা পিতা অন্তর্জান রহে যথা তথা॥
উদ্ধারণ দত্ত হয় সথা অন্তরক।
তাহারে লইয়া তীর্থ করে … ॥—পুথির পাতা ৭৫

বৃন্দাবনদাস বলেন যে একজন সন্ন্যাসী হাড়াই পণ্ডিতের গৃহে অতিথি হইয়া যাইবার সময় নিত্যানন্দকে চাহিয়া লইয়া চলিয়া যান। হাড়াই পণ্ডিতের জীবনকালেই ছাদশ বর্ষ বয়স্ক নিত্যানন্দ গৃহত্যাগ করেন।

> নিত্যানন্দ গেলে মাত্র হাড়াই পণ্ডিত। ভূমিতে পড়িলা বিপ্র হইয়া মৃচ্ছিত॥

তিন মাস না করিলা অন্নের গ্রহণ। বিভক্ত প্রভাবে সবে রহিল জীবন।—হৈচ. ভা., ২।৩১৭৫

শীতিতমভাগবতে লিখিত নিত্যানন্দের জীবনের কোন ঘটনার বর্ণনার সহিত যদি অন্য কোন গ্রন্থের বর্ণনার পার্থক্য দেখা যায়, তাহা হইলে নিত্যানন্দের প্রিয় শিশ্ব বৃন্দাবনদাদের কথাই বিশ্বাস করিতে হইবে। অদ্বৈতমঙ্গলের রচ্মিতা যদি শ্রীচৈতন্মের সমসাময়িক হয়েন, তাহা হইলে তিনি নিশ্চয়ই নিত্যানন্দের জীবনের প্রধান প্রধান ঘটনা শুনিয়াছিলেন, স্বীকার করিতে হয়। কিন্তু এ ক্ষেত্রে অদ্বৈতমঙ্গলে এত বড় ভূল সংবাদ দেওয়া হইয়াছে যে উহা সমসাময়িকের লেখা কি না সন্দেহ হয়।

৩। ঐতিতক্তের বাল্যজীবন-সম্বন্ধে ম্রারি গুপ্তের কড়চার প্রামাণিকতা সর্বজনস্বীকার্য্য। মুরারি বলেন যে শচী-জগন্নাথের আটটি কক্তা হইয়া মৃত্যুম্থে পতিত হয়; তৎপরে বিশ্বরূপের জন্ম; তারপর বিশ্বস্তারের জন্ম, অর্থাৎ বিশ্বস্তার দশম গর্ভজাত (মুরারি, ১।২।৫-১১)।

কবিকর্ণপূর শ্রীচৈতন্যচরিতামৃত মহাকাব্যে বলেন---

ক্রমেণ চাষ্টো তমুজাঃ পুরোহভবন্ ৷---২৷১৭

শ্রীকৃষ্ণ দেবকীর অষ্টম গর্ভজাত, স্থতরাং শ্রীচেতগ্যকেও শচীর অষ্টম গর্ভজাত বলিয়া পরবর্ত্তী কালে বর্ণনা করা হইয়াছে।

অবৈতমঙ্গলে এইরূপে শ্রীচৈতগ্যকে শচীর অষ্টম গর্ভজাত বলিয়া বর্ণনা করা হইয়াছে ; যথা—

নন্দ যশোদার প্রকাশ শচী জগরাথ।
শ্রীহট্ট দেশে জন্ম পত্নী পুত্র সাত॥
ছয় পুত্র হইল মরিল ক্রমে ক্রমে।
পুত্র-শোকে গঙ্গাবাসে আইলা সন্ত্রসে॥
নবদ্বীপে আসিয়া দোহে গঙ্গাবাস কৈল।
জগরাথ মিশ্রকে সন্মান বহু কৈল॥
এহিরূপে কথ দিনে এক পুত্র হইল।
বিশ্বরূপ নাম তারে পিতাএ রাখিল॥—পুথির পাতা ৭৭

বিশ্বরূপের সন্ন্যাস-গ্রহণের পর শচী-জগন্নাথ অবৈতের নিকট আসিয়া বলিলেন—

প্রথমে পুত্র হইল গেল পরলোক।

এবে এক সন্ন্যাসী হইল তাহার যে শোক॥
ক্বপা করি আজ্ঞা দেও তুমি নারায়ণ।
শোক তৃঃথ যায় দ্র পাই তোমার চরণ॥
প্রভূ কহে তৃঃথ শোক আর না করিহ।
ক্বঞ্চের ইচ্ছাতে সব এমতি জানিয়॥
তোমাকে দিব এক পুত্র হয় চমৎকার।
সপ্রদিন বাস এথা করহ অস্বীকার॥—পুথির পাতা ৭৭

এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে "অদৈতমঙ্গল"-মতে বিশ্বরূপ সন্ন্যাস-গ্রহণ করিয়া যাওয়ার পর ঐচিতত্তের জন্ম হয়। কিন্তু ম্রারি গুপ্ত বলেন যে বিশ্বরূপ সন্মাস লইয়া চলিয়া গেলে বিশ্বস্তর মাতাপিতাকে সান্ত্রা দিয়াছিলেন (১।৭।৯)।

কবিকর্ণপূরও ঐ কথা বলেন (মহাকাব্য, ২।১০৫)। ঐতিচতম্বভাগবতে বর্ণিত হইয়াছে যে বিশ্বরূপ অদ্বৈতের গৃহে যাইলে বিশ্বস্তব তাঁহাকে ভাকিতে যাইতেন (১।৫।৪৮) ও বিশ্বরূপ সন্মাদ-গ্রহণ করিলে

## ভাইর বিরহে মৃচ্ছা গেলা গৌররায় ৷—১৷৫৷৫৪

অবৈতমঙ্গলের বর্ণনা ম্রারি, কবিকর্ণপূর ও রুদ্ধাবনদাদের বর্ণনার বিশ্বন্ধ।
স্থতরাং উক্ত তিনজন স্থপ্রিদ্ধ লেখকের কথা না মানিয়া "অবৈতমঙ্গলের"
বর্ণনা সত্য বলিয়া স্বীকার করিতে পারি না। "অবৈতমঙ্গল" অবৈত বা শ্রীকৈতত্যের সমসাময়িক লোকের লেখা হইলে তাহাতে শ্রীকৈতত্যের জীবনসহত্ত্বে এত বেশী ভূল সংবাদ থাকিত না।

হাড়াই পণ্ডিতের নবজাত শিশুকে অবৈত আশীর্কাদ করিয়া তাহার নাম নিত্যানন্দ রাখিলেন ও শ্রীচৈত্য অবৈতের আশীর্কাদে জন্মিলেন—এই সব কথা অবৈত-বংশের লোকেরা বা তাঁহাদের শিয়োরা পরবর্তী কালে অবৈতের মহিমা ঘোষণা করিবার জন্ম রচনা করিয়াছিলেন, মনে হয়। অবৈতের মহিমা ঘোষণা করিবার জন্মই "অবৈতমঙ্গলের" লেখককে ম্রারি ও বৃন্দাবনদাদের বর্ণনার বিক্লে নৃতন ঘটনা বর্ণনা করিতে হইয়াছে।

- ৪। "অবৈতমদলে" আছে যে অবৈত সাত দিন হন্ধার করার পর বৃদ্ধাবনের একটি তুলসীমঞ্জরী গদ্ধার জলে ভাসিয়া আসিল। তাহার থানিকটা শচীকে ও থানিকটা সীতাকে থাওয়ান হইল। তাহারই ফলে শচীগর্ভে প্রীচৈতত্যের ও সীতাগর্ভে অচ্যুতের জন্ম হইল (পুথি, পৃ. ৭৮)। "অবৈত-প্রকাশের" বিচারে দেখাইয়াছি যে বৃদ্ধাবনদাস ও ক্রফ্রদাস কবিরাজ্বের মতে প্রীচৈতত্য যথন সন্ন্যাসের পর গোড়ে পুনরাগমন করেন, তাহার কিছু পূর্বে অচ্যুতের বয়দ পাঁচ বংসর ছিল, অর্থাৎ অচ্যুত প্রীচৈতত্য অপেকা ২০ বংসরের ছোট। "অবৈতমঙ্গল"-মতে প্রীচৈতত্য ও অচ্যুত সমবয়দী এবং "অবৈত-প্রকাশ"-মতে অচ্যুত চৈতত্য অপেকা ছয় বংসর ছই মাসের ছোট। বৃদ্ধাবনদাসের উক্তির সহিত বিরোধ বলিয়া "অবৈত-মঙ্গলকে" অপ্রামাণিক গ্রন্থ বলিতে চাই।
  - ৫। "অধৈতমঙ্গলে" বর্ণিত হইয়াছে যে অধৈত শচীকে রুঞ্চমন্ত্র দিলে

তবে নিমাই মাতৃন্তগ্য পান করিলেন (৭০ পাতা)। "অধৈত-প্রকাশে" আছে যে ঐতিতগ্য গর্ভে আসিবার পূর্বে

দোঁহাকারে মন্ত্র দিলা শ্রীঅহৈত চক্র।
চতুরাক্ষর শ্রীগোরগোপাল মহামন্ত্র ॥—পৃ. ৪১

অবৈতের হই শিষ্যের বর্ণনার মধ্যে এখানেও গুরুতর পার্থক্য। এরপ ঘটনা শ্রীচৈতত্যের কোন জীবনীতে বর্ণিত হয় নাই। রুন্দাবনদাস-লিথিত অবৈতের নিম্নলিখিত উক্তি পড়িলে কি কাহারও মনে হয় যে অবৈত শচীদেবীর মন্ত্রগুরু ?

> যে আইর চরণধূলির আমি পাত্র। সে আইর প্রভাব না জান তিলমাত্র ॥—চৈ. ভা., ২।২২।৩১৫

- ৬। গৌরগণোদেশদীপিকায় কবিকর্ণপূর অচ্যুতানন্দকে "শ্রীমৎপণ্ডিত-গোস্বামিশিয়াং" বলিয়াছেন (৮৭)। যহনাথদাসের শাথা-নির্ণয়ে ও শ্রীজীবের বৈক্ষব-বন্দনাতেও ক্রন্নপ বর্ণনা আছে। কিন্তু "অদ্বৈতমঙ্গলে" অচ্যুতকে "দীতার শিশ্য তেঁহো মোহনমঞ্জরী" (পুথির পাতা ৮৫) বলা হইয়াছে। এখানেও দীতার মহিমাঘোষণার জন্য এইরূপ বর্ণনা করা হইয়াছে।
- ৭। "অদৈতমঙ্গলের" ত্রয়োবিংশতি পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে যে শ্রীচৈতে সন্মাস-গ্রহণের পর শাস্তিপুরে আসিয়া দানলীলা অভিনয় করিয়া-ছিলেন। ঐ সময়ে অভিনয় করার মত মানসিক অবস্থা শ্রীচৈতত্তার ছিল না। ঐরূপ ঘটনা ঘটলে ম্রারি প্রভৃতি চরিতকার ও শিবানন্দ, বাস্থ্যোষ প্রভৃতি পদকর্ত্তা উহার উল্লেখ করিতেন।
- ৮। "অবৈতমঙ্গলে" লিখিত হইয়াছে যে অবৈতপ্রভূ ঐতিচতন্তের সাত শত বৎসর পূর্ব্বে জন্মগ্রহণ করিয়াছিলেন; যথা—

সাত শত বংসর মহাপ্রভুর আগে। অদৈত আচার্য্য প্রভু প্রকট এহি যুগে॥

"সাত শত"কে "সওয়া শত" পড়িলেও অর্থ-সঙ্গতি হয় না, কেন-না "অবৈত-প্রকাশের" মতে অবৈত শ্রীচৈতত্তার ৫২ বংসর পূর্ব্বে আবিভূতি হইয়াছিলেন, ও সওয়া শত বংসর জীবিত ছিলেন। সমসাময়িক ব্যক্তি ভ্রমপ্রমাদবশতঃ কথন কথন ভূল সংবাদ দিয়া থাকেন; কিছু "অবৈতমঙ্গলের" এই সংবাদটি এই জাতীয় ভূল নহে। এথানে অবৈতকে বিশেষরূপে আলোকিক প্রভাবসম্পন্ন সপ্রমাণ করিবার জন্য তাঁহার স্থানীর্ঘ জীবনকালের কথা বলা হইয়াছে।
দীতা ও অবৈতের মহিমার কথা এই গ্রন্থে যথেষ্ট আছে। কিছু যখন শ্রীচৈতন্ত্র
নীলাচলে বাস করিতেছিলেন তথন সীতা ও অবৈত কিভাবে গৌড়দেশে
প্রেমধর্ম প্রচার করিলেন সে কথা নাই। অথচ আমরা অবৈতপ্রভূর জীবনীতে
বিশেষ করিয়া সেই কথাই জানিতে চাই। "অবৈতমঙ্গলের" যে পুথি সাহিত্যপরিষদে আছে তাহা যে ১৪৫ বৎসরের প্রাচীন সে বিষয়ে সন্দেহ নাই।
স্থতরাং "অবৈতমঙ্গল" গ্রন্থ ডুই শত কি আড়াই শত বৎসরের প্রাচীন হওয়া
অসম্ভব নহে।

Laudiya Krishnadas's Bayalila-Sutram

## লাউড়িয়া কৃষ্ণদাসের "বাল্যলীলা-সূত্রম্"

অচ্যুত্চরণ তত্ত্বনিধি মহাশয় ১০২২ বঙ্গান্ধে (১৯১৫-১৬ খ্রীষ্টান্ধে)
এই গ্রন্থ স্বক্ত প্রত্যাহ্ণবাদ-সহ প্রকাশ করেন। তিনি ভূমিকায় লিথিয়াছেন,
"ঢাকা উথলি-নিবাসী অনৈত-বংশীয় শ্রীমৎ শ্রীনাথ গোস্বামী প্রভু লাউড়
পরিভ্রমণকালে এই গ্রন্থ তথাকার এক ব্রাহ্মণ-গৃহে পাইয়া পরম যত্ত্বে সংগ্রহ
করেন। তিনি ইহা গৃহে লইয়া গিয়া নিজ ভ্রাতা স্বর্গীয় মধুস্থান গোস্বামী
প্রভুকে, তৎপরে শান্তিপুর-নিবাসী অশেষ শাস্ত্রাধ্যাপক স্ববিধ্যাত ৺মদনগোপাল গোস্বামী প্রভুকে এবং তাহার পরে পাবনা-নিবাসী স্বপণ্ডিত শ্রীযুক্ত
মুরলীমোহন গোস্বামী প্রভুকে এদর্শন করেন। যে গ্রন্থানা প্রাপ্ত হওয়া যায়
তাহা বোধ হয় সংস্কৃত-জ্ঞানহীন ব্যক্তির লিথিত বলিয়া ভ্রমপূর্ণ ছিল। ইহারং
পাঠকালে অনেকাংশে লিপিকার-প্রমাদ সংশোধন করেন।" অচ্যুত্বাবৃ
একথানি পুথি দেখিয়াই গ্রন্থ সম্পাদন করিয়াছেন। পাবনার মুরলীমোহন
গোস্বামীর নিকটে যে পুথি আছে তাহা এ পুথিই। এ এক পুথি হইতে
তিনন্ধন ব্যক্তি শ্লোক উদ্ধার করিতে যাইয়া কিরপ বিভিন্ন বিভিন্ন পাঠ
দিয়াছেন তাহা পরে দেখাইতেছি। উহা হইতে সংশোধনের মাত্রা বুঝা
যাইবে।

ভক্তর দীনেশচন্দ্র সেন মহোদয় ১৮৯৬ এটিাকে "বন্ধভাষা ও সাহিত্যের" প্রথম সংস্করণে এই গ্রন্থের নাম উল্লেখ করেন। ১৯২৪ এটাকে আমি এই গ্রন্থের প্রামাণিকভায় সন্দিহান হইয়া রাখালদাস বন্দ্যোপাধ্যায়, অম্ল্যচরণ বিভাভ্ষণ, নগেন্দ্রনাথ বস্থ ও উথলীর ম্রলীমোহন গোস্বামীর নিকট অনুসন্ধান করি। এই অনুসন্ধানের ফলে আমার সন্দেহ আরও
দূঢ়ীভূত হয়। আমি যথাসাধ্য প্রমাণ-প্রয়োগ-সহকারে বাল্যলীলা-স্ত্ত্তের
প্রামাণিকভায় সন্দেহ প্রকাশ করিয়া আচার্য্য বিজয়চন্দ্র মজুমদার-সম্পাদিভ
"বঙ্গবাণী" মাসিক পত্রিকায় "রাজা গণেশ"-শীর্ষক একটি প্রবন্ধ লিখি। ঐ
প্রবন্ধের ঐতিহাসিক অংশ সমালোচনা করিয়া ডক্টর নলিনীকান্ত ভট্টশালী
মহাশয় একটি প্রবন্ধ পর সংখ্যায় "বঙ্গবাণী" পত্রিকায় লেখেন। কিন্তু
অচ্যুত্বাবু বা অন্ত কেহ বাল্যলীলা-স্ত্ত্রের প্রামাণিকভার সন্ধন্ধে একটি
কথাও এ পর্যান্ত লেখেন নাই।

উক্ত গ্রন্থের অক্লব্রিমতায় সন্দিহান হইবার কারণ-নির্দেশ করিতেছি।

১। ১৪৮৭ খ্রীষ্টাব্দে অর্থাৎ ১৪০০ শকে শ্রীচৈতত্যের জন্মের তুই বৎসর পরে, বাল্যলীলা-স্ত্র লিখিত হইয়াছে বলিয়া উক্ত গ্রন্থেই প্রকাশ (৮।৩৮)। অম্ল্যচরণ বিহ্যাভূষণ মহাশয় আমাকে বলেন যে তিনি পাবনা-নিবাসী ম্রলীমোহন গোস্থামীর নিকট উহার পুথি নিজে দেখিয়াছেন। এই কথা শুনিয়া আমি উক্ত গ্রন্থের গণেশের রাজ্যাধিরোহণের কালস্চক শ্লোক চারটি গোস্থামী মহাশয়ের নিকট হইতে আনাই। তিনি নিম্লিখিত চারটি শ্লোক লিখিয়া পাঠান:

যশং-প্রস্থনে ফুটিতে নৃসিংহনাম্ম: সদা লোক-স্থগীত-কীর্ত্তেঃ।
তদ্গন্ধ-সন্দোহ-বিমোহিতাত্মা
রাজা গণেশো বহুশান্ত্রদর্শী ॥
দ্তৈস্তমানীয় স্বকীয়-ধায়ি
দীনাজ-পুরাথ্যে বহুসভাযুক্তে।
তিম্মিন্ নৃসিংহে নাডুলীত্যুপাধীে
সংগ্রস্থ মন্ত্রিজমবাপ ভদ্রম্ ॥
তদ্যুক্তিচাতুর্য্যবলেন রাজা
শ্রীমান্ গণেশো বরদস্যরূপান্।
গৌড়স্থ পালান্ যবনাত্মজান্ হি
জিত্বা চ গৌড়েশ্বরতামবাপ ॥
গ্রহপক্ষাক্ষিশশগুড়মতে শাকে স্বুদ্ধিমান্।

গণেশে। যবনান্ জিতা গোড়ৈকচ্ছত্রধ্বগভূৎ॥

মুদ্রিত গ্রন্থে এই শ্লোক কয়টির পাঠ:

শ্রীমন্ নৃসিংহস্ত মহাত্মনো বৈ ষশ:-প্রস্থে স্টিতে মনোজে। তৎসৌরভব্যহ-বিমোহিতাত্মা রাজা গণেশো বহুশান্তদশী॥ সদ্বংশশৈলে দ্বিজরাজকল্লো বেদজ্ঞসদ্বিপ্র-সমাশ্রয়ে যঃ। ছুষ্টস্য শান্তা কিল সাধুপালো দাতা গুণজ্ঞো হরিভক্ত-চূড়:॥ দৃতৈন্তমানীয় চ রাজধাতাং দিনাজ-পুরাথ্যে বহুসভাযুক্তে। তশ্মিন্ নৃসিংহে বহুনীত্যভিজ্ঞে সংগ্ৰস্থ মন্ত্ৰিত্বমবাপ ভদ্ৰম্॥ তদ্যুক্তি-চাতুর্য্যবলেন রাজা শ্রীমদগণেশো বরদস্যরপান্। গৌড়স্থ পালান্ যবনাজ্জান হি জিতা চ গোডেশ্বরতামবাপ ॥ গ্ৰহপকাকিশশধৃতিমিতে শাকে স্বৃদ্ধিমান্ গণেশো যবনং জিত্বা গোড়ৈক্ছত্ত্রধ্বগভূৎ ॥-১।৪৮-৫২

ছাপা বইয়ের সহিত পুথির পাঠের অনেক প্রভেদ। পুথির সহিত ছাপা বইয়ের প্রথম শ্লোকটির শেষ চরণ ছাড়া অক্স কোন চরণের মিল নাই। ছাপা বইয়ের বিতীয় শ্লোকটি পুথিতে নাই। অবৈত-বংশের মহিমা আর একটু বাড়াইবার জন্ম এইটি সংযোজিত হইয়াছে। ছাপা বইয়ের তৃতীয় শ্লোকের সহিত পুথির বিতীয় শ্লোকের মোটাম্টি মিল আছে—কেবল পুথির "নাড়ুলীত্যুপাধৌ" স্থানে "বহুনীত্যভিজ্ঞে" পাঠ ছাপা হইয়াছে। আর তৃইটি শ্লোকে পুথির সহিত ছাপা বইয়ের মোটাম্টি মিল আছে।

"বাল্যলীলা-স্ত্র" মৃদ্রিত হইবার ত্ই বংসর পূর্ব্বে অর্থাং ১৩২০ সালে শীযুক্ত প্রভাসচক্র সেন তাঁহার "বগুড়ার ইতিহাসের" দ্বিতীয় থণ্ডের ৮৪ পৃষ্ঠার পাদটীকায় ঐ গ্রন্থ হইতে উক্ত শ্লোকগুলি উদ্ধার করেন। তাহাতে কিন্তু শ্লোকসংখ্যা ও পাঠ অন্তর্জন আছে। ছাপা বইয়ে যে শ্লোকের সংখ্যা ৪৮ প্রভাসবাব্ সেই শ্লোকের সংখ্যা দিয়াছেন ৪৬, অর্থাং ১৩২০ হইতে ১৩২২ সালের মধ্যে ত্ইটি শ্লোকের জন্ম হয়। প্রভাসবাব্র ধৃত পাঠ এই—

যশংপ্রস্থনে ফুটিতে নৃঁসিংহনায়: সদা মান্তবরাজকন্য।
তদ্গন্ধসন্দোহ-বিমোহিতাত্মা
রাজা গণেশো বহুশান্ত্রদর্শী॥
কায়স্থবংশাগ্র্য-বরগুণজ্ঞো
লোকান্তকন্পী বরধর্মযুক্তঃ।
দাতা স্থবীরো জনরঞ্জকন্চ
শ্রীবিষ্ণুপাদাজযুগান্তরক্তঃ॥
দুতৈঃ সমানীয় নিজন্ম ধায়ো
দিনাজপুরে বহুসভ্যযুক্তে।
তন্মিন্ নৃসিংহঃ লাডুলীত্যুপাধৌ
সংগ্রন্থ মন্ত্রিঅমবাপ ভদ্রম্॥

পরবর্ত্তী তৃইটি শ্লোকের সহিত ছাপ। বইয়ের মোটাম্টি মিল আছে, কেবল ছাপার "শশধৃতিমিতে" স্থানে "শশধৃঙ্মতে" ও "যবনং জিত্বা" স্থানে "যবনান্ জিত্বা" পাঠ আছে। প্রভাসবাব্র ধৃত দ্বিতীয় শ্লোকে রাজা গণেশের গুণগান আছে, ছাপা বইয়ে সে স্থানে নরসিংহ নাড়িয়ালের গুণগান। একথানি পৃথি দেখিয়া তিনজন ব্যক্তি এরপ বিভিন্ন শ্লোক কি করিয়া উদ্ধৃত করিলেন তাহা আমার ক্ষুদ্র বৃদ্ধির দারা বৃত্তিতে পারিলাম না। হয়ত পৃথিখানির লেখা অত্যন্ত অস্পষ্ট; যিনি যাহা বৃত্তিয়াছেন বসাইয়া দিয়াছেন; আবার কেহ কেহ নিজ নিজ স্থার্থান্থযায়ী নৃতন শ্লোকও যোজনা করিয়াছেন।

এইবার "বাল্যলীলা-স্ত্রে" প্রদন্ত গণেশের রাজ্যাধিরোহণের কাল কতদূর সত্য দেখা যাউক। গণেশের রাজত্বকাল ফেরিস্তার মতে ১৩৮৬ হইতে ১৩৯২ খ্রীষ্টাব্দ পর্যাস্ত, রিয়াজ্ব-উদ্-সালাতিনের মতে ১৩৮৫ হইতে ১৩৯২ খ্রীষ্টাব্দ, ব্লক্ষ্যানের মতে ১৪০৭ হইতে ১৪১৪ পর্যন্ত, এবং রাথালদাস বন্দ্যোপাধ্যায় গণেশকে স্বাধীন নৃপতি বলিয়া স্থীকার করেন না (প্রবাসী, ফাল্কন, ১৩১৯)। তাঁহার মতে দ্বিতীয় সামস্থাদিন ১৪০৬ হইতে ১৪০৯ খ্রীষ্টাব্দের মধ্যে স্থলতান ছিলেন। নলিনীকান্ত ভট্টশালী দ্বিতীয় সামস্থাদিনের অন্তিত্ব স্থীকার করেন না। তিনি বলেন ১৪১০ হইতে ১৪১৫ পর্যন্ত গণেশ, নামে না হইলেও কান্তে, রাজা ছিলেন ও ১৪১৭-১৮ খ্রীষ্টাব্দে নামে ও কাজে রাজা হইয়াছিলেন। ব্লক্ষ্যান-লিখিত তারিথের সহিত বাল্যাদীলা-স্ত্র-নির্দিষ্ট ১৪০৭ খ্রীষ্টাব্দের মিল আছে। কিছু আধুনিক গবেষকদের নির্দিষ্ট তারিথের সহিত বাল্যালীলা-স্ত্রের তারিথের মিল নাই। অবৈতের বাল্যজীবনী লেথার পক্ষে গণেশের রাজ্যাধিরোহণের তারিথ দেওয়ার কোন প্রয়োজন ছিল না। ১৮৭০ খ্রীষ্টাব্দে ব্লক্ষ্যানের প্রবন্ধ (J.A.S.B., 1873, p. 234) প্রকাশিত হইবার পর হয়ত ঐ সম্বন্ধে কোন থবর শুনিয়া কেহ "বাল্যলীলা-স্ত্রে" উক্ত কাল-নির্ব্রাচক শ্লোকটি ঢুকাইয়া দিয়াছে।

২। "বাল্যলীলা-স্ত্র" শ্রীচেতন্মের জন্মের ছই বৎসর মাত্র পরে লিখিত বলিয়া প্রকাশ। অথচ এই গ্রন্থে শ্রীচৈতন্মের ভগবতার কথা ও তাহার প্রমাণমূলক শাস্ত্রের উল্লেখ দেখা যায়; যথা—

নবদ্বীপে শচীগর্ভে যোহবতীর্ণ: পুরন্দরাৎ
মংপ্রভো: সিদ্ধমন্ত্রেণাকৃষ্ট: সন্ জীবমৃক্তয়ে।
বন্দে শ্রীগৌরগোপাল: হরিং তং প্রেমসাগরং
অনস্তসংহিতাগ্রন্থে যাহত্তং স্থ্বর্ণিতম্॥—১।২-৩

শ্রীচৈতন্তের যথন বয়দ মাত্র ছই বংদর তথনই কি তাঁহার খ্যাতি এত ব্যাপ্ত ছইয়াছিল যে কৃষ্ণদাদ গ্রন্থের প্রারম্ভে তাঁহাকে বন্দনা করিবেন? শ্রীচৈতন্ত্র-ভাগবতে দেখা যায় যে অবৈতপ্রভু নানার্রপ পরীক্ষার পর তবে বিশ্বস্তরকে ভগবান্ বলিয়া পূজা করিয়াছেন। অবৈত-শিশ্ব কৃষ্ণদাদ গৌরগোপালকে ছরি বলিয়া জানিলেন কি করিয়া?

আরও বিবেচ্য এই যে "অনস্ত-সংহিতায়" শ্রীচৈতত্তার ভগবত্তার প্রমাণ আছে—এই কথা "বাল্যলীলা-সত্তে" ও "অবৈত-প্রকাশে" লিখিত হইয়াছে। "অনস্ত-সংহিতায়" নিত্যানন্দের অহুগত ছাদশ গোপালের নাম, শ্রীপাট প্রভৃতির কথা আছে। স্বরাং উক্ত সংহিতা শ্রীচৈতত্তের তিরোভাবের বহু পরে লিখিত হইয়াছে, মনে হয়।

ষদি কোন প্রাচীন সংহিতায় শ্রীচৈতন্তের অবতারত্বের স্পষ্ট প্রমাণ পাওয়া
To prove Sri Chaitanya as incarnation scriptural scholars like Kabikarnapur, Srijiv,
যাইত, তাহা হইলে আর কবিকর্ণপুর, শ্রীজীব, ক্লফদাস কবিরাজ, বলদেব
Krishnadas Kabiraj etc had only quoted not so clear proofs from Mahabharat & Bhagavat
বিত্যাভূষণ প্রভৃতি অশেষশান্তিক্ত পণ্ডিতগণ শুধু মহাভারত ও ভাগবতের
অস্পষ্ট প্রমাণ মাত্র তুলিয়া সম্ভুষ্ট থাকিতেন না।

"অধৈত-প্রকাশ" (পৃ. ৫৬) ও "প্রেমবিলাসের" ২৪ বিলাসে "বাল্যলীলা-স্ত্রের" উল্লেখ আছে। কিন্তু উক্ত উভয় গ্রন্থই যে আধুনিক জনের রচনা তাহা পূর্ব্বে দেখাইয়াছি।

- ০। অচ্যতবাৰ বলেন যে লাউড়ের রাজা দিব্যসিংহ অছৈতের রূপায় ভক্তি লাভ করিয়া রুঞ্চাস নামে পরিচিত হয়েন ও "বালালীলা-স্ত্র" রচনা করেন। যিনি সংসারে বীতরাগ হইয়া রাজ-এখায় ত্যাগ করিয়াছেন, তিনি যে গ্রন্থ লিখিতে বসিয়া সামাজিক কুলজীর কথা লিখিবেন, এ কথা বিশাস করা কঠিন। অথচ "বালালীলা-স্ত্রে" গাঞি, শ্রোত্রীয়, বংশজ, কাপ প্রভৃতির কথা লইয়া প্রথম তুই সর্গ রিচিত হইয়াছে। প্রেমবিলাসের চতুর্বিংশ বিলাস ছাড়া অন্ত কোন বৈষ্ণব-গ্রন্থে এরপ কুলজী বর্ণিত হয় নাই।
- ৪। অঘৈতের পূর্ব্বপুরুষদের নাম বাল্যলীলা-স্ত্রে যাহা দেওয়া হইয়াছে তাহার সহিত অঘৈতের বংশের বিভিন্ন শাধায় রক্ষিত নামের তালিকার মিল নাই। পরপৃষ্ঠায় প্রদত্ত তালিকা হইতে উহা বুঝা যাইবে। "বাল্যলীলা-স্ত্রে" যদি প্রামাণিক গ্রন্থ হইত তাহা হইলে তাহার বংশ-তালিকার সহিত শান্তিপুরের গোস্বামীদের বংশ-তালিকার মিল থাকিত। "প্রেমবিলাদের" চতুর্বিংশ বিলাদে "বাল্যলীলা-স্ত্রের" কথা থাকিলেও উক্ত গ্রন্থে লিখিত তালিকা প্রেমবিলাদে প্রদত্ত হয় নাই। "বঙ্গে বান্ধণ", "সম্মানির্গি" এবং নগেক্রবার্-সংগৃহীত কুলজী গ্রন্থসমূহের যদি কিছু মাত্র প্রামাণিকতা থাকে, তাহা হইলে অবৈত নরসিংহ নাড়িয়ালের পঞ্চম অধন্তন পুরুষ হয়েন। কিছু "বাল্যলীলা-স্ত্রের" মতে অবৈত নরসিংহের পৌত্র। যদি বাল্যলীলা-স্ত্রে অপেক্ষা কুলজীগ্রন্থ বেশী প্রামাণিক বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে ১৪০৭ গ্রীষ্টান্ধে নরসিংহ বর্ত্তমান থাকিবেন এবং ১৪৩৪ খ্রীষ্টান্ধে অবৈত জন্মগ্রহণ করিবেন, ইহা সম্ভব হয় না (স্ত্রে, তা২৫)। এই-সব কারণে এই গ্রন্থের প্রাচীনতায় আস্থা স্থাপন করিতে পারিলাম না।

Family tree of Sri Admita acharya

বালালীলা-স্ত্র ও উথলীর গোসামীদের তালিকা	প্রেমবিলাস (পৃ. ২৫৮) ও নগেন্দ্রনাপ বহুর বারেন্দ্র ব্রাহ্মণ-কাণ্ড (পু. ২৭৫ ও ২৭৯)		শাস্তিপুরের অদ্বৈত- বংশীয়দের তালিকা (Dacca Review, March, 1913)	of Bo	ডা. দেনের History of Bengali Literature, p. 496-প্রদত্ত তালিকা	
১। আরু ওঝা		কি ওঝা	১। জটাধর ভারত	1 > 1	<b>স্ধাকর</b>	
। २। यञ्	२। य	ই	২। বাণীকান্ত	٦ ا	সিদ্ধেশ্বর	
ু। এ। শ্রীপৃতি	७। ब्री	পতি	সরস্বতী ।	91	। টিকারি	
। ৪। কুলপতি	8। क्	লপতি	় । সাকুতিনাথ পুরী	8 1	নর্সিংহ	
। ৫। বিভাকর	०। के	ণান -	৪। গণেশচন্দ্র শার্ত্ত	1 01	ু কুবের	
৬। প্রভাকর	৬। বি	। ভাকর	<ul><li>। नत्रिःश्</li></ul>	७।	অধৈত	
। ৭। নরসিংহ	91 🕾	ভাকর	७ । कूर्दत्र	:		
৮। কুবের	। ज	রি সংহ	৭। অধৈত	1		
১। অবৈত	৯। বি	তাধর				
	२०। ह	করি	•	1		
,	३३। क्	বৈর				
	১२। ञ	হৈত				

Sitagun kadamba

## "সীতাগুণ-কদ্ম"

অধ্যাপক অম্ল্যচরণ ঘোষ বিতাভ্ষণ মহাশয় আমার জন্য এই অজ্ঞাতপূর্ব্ব ও অপ্রকাশিত-পূর্ব্ব গ্রন্থখানি সংগ্রহ করিয়। আনিয়াছিলেন। ১৯৬৬
গ্রীষ্টাব্দের জুন মাসে আমি পরিষদের পৃথিশালায় এই পৃথি হইতে আমার
প্রয়োজনীয় বিয়য় লিথিয়া লই এবং পরিষদে উহার নকল রাথিয়া পৃথির অধিকারীকে উহা ফেরং দেওয়ার ব্যবস্থা হয়। পৃথির শেষে লিথিত আছে, "ইতি
সন ১১৯৬ (১৭৮৯ খুষ্টাব্দে)তে ৭ই ভাজ রেছে বৃহস্পতিবার, স্বাক্ষর
শ্রীগোরাচন্দ্র দেবশর্মা সাং ঘ্র্গাপুর।" পৃথিখানি য়ে ১৪৭ বংসরের প্রাচীন
ভাহা হইার হস্তাক্ষর ও কাগজের অবস্থা দেখিলেই বুঝা যায়।

এই গ্রন্থের রচয়িত। বিষ্ণুদাস। তিনি গ্রন্থের শেষে দিথিয়াছেন-

বিনাম্লে বিকাইত্থ অচ্যুত-চরণে। বৈষ্ণবের পদধূলি করি আভূষণে॥ সীতা সহিত অবৈতের পাদপদ্ম আশ। -সীতাগুণ-কদম্ব রচিল বিষ্ণুদাস॥

এই গ্রন্থের প্রথমে তিনি বলিয়াছেন যে সাতকুলিয়ার নিকট বিষ্ণুপুর গ্রামে তাঁহার জন্ম। তাঁহার পিতার নাম মাধবেন্দ্র আচার্য্য।

> বিষ্ণুপুরে মাধবেক্র আচার্য্য আলয়। বৃদ্ধিহীন মৃঢ় আমি যাহার তনয়॥ কুলিয়া নিকটেতে বিষ্ণুপুর গ্রাম। পূর্ব্বে সপ্ত মৃনি যাহা করিলা বিশ্রাম॥

লেখক বলিতে চান যে তিনি সীতা ও অদৈতের লীলা স্বচক্ষে দেখিয়া সমস্ত বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। গোবিন্দ-নামক ব্রাহ্মণ সীতাকে পূস্পবনে প্রাপ্ত হয়েন। সীতা একদিন গঙ্গাস্থান করিতে আসিলে অদ্বৈতের সহিত তাঁহার দেখা হয়। প্রথম দর্শনেই উভয়ের মধ্যে অহুরাগ জন্মে। লেখক বিফুদাস স্বয়ং গোবিন্দের বাড়ীতে যাইয়া অদ্বৈতের সহিত সীতার বিবাহের প্রস্তাব করিলেন; যথা—

সেই দিন গেলাম আমি গোবিন্দের ঘরে। দেবীর বিবাহ লাগি কহিলাম তারে॥—৩ পাতা

অদ্বৈতের ছয়টি পুত্র হইয়াছিল। বিফুদাদের মতে তাঁহাদের নাম অচ্যুত, রুক্ষমিশ্র, গোপাল, জগদীশ, বলরাম ও রূপ। শ্রীচৈততাচরিতামৃত-মতে পাঁচ পুত্র—অচ্যুত, রুক্ষমিশ্র, গোগাল এবং

আচার্য্যের আর পুত্র শ্রীবলরাম। আর পুত্র স্বরূপ-দথা জগদীশ নাম॥—১।২।১৫

নগেজনাথ বহুর বারেজ ব্রাহ্মণ-কাণ্ডে (পৃ. ২৮০) ছয় পুত্রের নাম দেওয়া হইয়াছে; ষষ্ঠ পুত্রের নাম স্বরূপ। সীতাগুণ-কদম্বে আছে: রূপ সথা নামে ষষ্ঠ পুত্র ষে প্রচণ্ড। সমস্ত শাস্ত্রের অর্থ করে থণ্ড থণ্ড॥—৫ পাতা

এই গ্রন্থে প্রীচৈতন্মের আবির্ভাবের সময় লেখা হইয়াছে ১৪০৭ শকে ২৩শে ফাল্কন রাত্রি একদণ্ড গতে তুই প্রবেশের ক্ষণে (৬ পাতা)। এই সময়ের সহিত বিশ্বনাথ চক্রবর্ত্তি-কর্তৃক প্রদত্ত সময় ও জ্যোতিষিক গণনা-দারা প্রাপ্ত সময় আশ্চর্য্য রকমে মিলিয়া যাইতেছে। প্রীচৈতন্মের জন্ম-সময়ে সীতা বলিতেছেন:

ষামি আজি দেখিতে পাব চৈতক্তচরণ।—৬ পাতা

বিশ্বস্তর অবৈতের নিকট ভাগবত পড়িয়াছিলেন, ইহা এই গ্রন্থের দশম পত্রান্ধে বর্ণিত হইয়াছে।

সীতা, অবৈত ও অচ্যুতের মহিমা ঘোষণা করিবার জন্ম অন্থান্য অবৈত-চরিত গ্রন্থে যেমন-সব কথা লিখিত হইয়াছে, এই গ্রন্থেও সেইরূপ বর্ণনা প্রদত্ত হইয়াছে। উদাহরণ-স্বরূপ একটি ঘটনা উল্লেখ করা যাইতে পারে। সীতা সান করিতে গেলে অচ্যুত অবৈতের গৃহে অধ্যয়নকারী বিশ্বস্তরকে হগ্ধ নিবেদন করিয়া থাইয়া ফেলেন। সীতা ফিরিয়া আসিয়া দেখিলেন ছেলে হৃধ খাইয়াছে। তিনি অচ্যুতের গায়ে এক চাপড় মারিলেন। সেই চাপড়ের দাগ বিশ্বস্তরের গায়ে দেখা গেল (১১ পাতা)।

"সীতাগুণ-কদ্বে" ঈশান-সম্বন্ধ কয়েকটি কথা আছে। "সীতা-চরিত্রে" যেমন শ্রীচৈতগ্রভাগবত-বর্ণিত ঈশানের সহিত শচীর প্রিয় সেবক ঈশানের অভিন্নত্ব দেখাইবার চেষ্টা হইয়াছে, এই গ্রন্থেও সেইরূপ হইয়াছে; যথা—

দ্বশান অবৈত পদ করিয়া বন্দন।
শচীর মন্দিরে তবে দিলা দরশন।
শচী কহে কোথা হইতে আইলা কিবা নাম।
দ্বশান কহে ঘর মোর শান্তিপুর ধাম।—২৫ পাতা

"অবৈত-প্রকাশে" ঈশান নাগর বলিয়াছেন যে তাঁহার বয়স যথন ৭০ বংসর তথন সীতা ঠাকুরাণী তাঁহাকে বিবাহ করিতে আদেশ দেন।

> বংশ রক্ষা করি প্রভূর আজা পালিবারে। ঝাট চলি আইমু মুই শ্রীধাম লাউড়ে॥

ইহা রহি এই গ্রন্থ করিত্ব লিখন। গুরু আ্জুঃ মাত্র মৃই করিত্ব রক্ষণ॥—পৃ. ১০৪

অচ্যুতবাব্ "অবৈত-প্রকাশের" ভূমিকায় লিথিয়াছেন ষে ১৭৪৪ এটাবে বহা থাসিয়া জাতি-কর্ত্বক লাউড়-রাজ্য ধ্বংসের পর ঈশানের বংশধরেরা লাউড় ত্যাগ করিয়া গোয়ালন্দের নিকট ঝাটপাল গ্রামে আসিয়া বসবাস করিতে থাকেন।

কিন্তু বিষ্ণুদাস "সীতাগুণ-কদন্বে" বলেন যে সীতাদেবী ঈশানকে "ঝাটপাল" গ্রামে যাইয়া বাস করিতে আদেশ দেন। এথানে "আন্তে-প্রকাশের" সহিত "সীতাগুণ-কদন্বের" বিরোধ এই যে শেষোক্ত গ্রন্থের মতে ঈশান লাউড়ে বাস করেন নাই, তিনি ঝাটপালেই বাস করেন। তাঁহার বংশধরেরা এথনও সেইখানে আছেন। "অন্তে-প্রকাশে" পাওয়া যায় যে ঈশান অচ্যুতের পাঁচ বংসর বয়সের সময় অন্তে-গৃহে আদিয়া বাস করিতে থাকেন। আর বিষ্ণুদাস বলেন যে তিনি সীতার বিবাহের ঘটকালী করিয়াছেন। "অন্তে-প্রকাশে" ঈশান বলিতেছেন যে তিনি ১৫৬২ খ্রীষ্টাব্দের কাছাকাছি সময়ে লাউড়ে যাইয়া বাস করেন ও তাঁহার গ্রন্থের ভূমিকা-লেথক বলেন যে এই ঘটনার ১৪২ বংসর পরে ঈশানের বংশধরেরা ঝাটপালে বাস করিতে আরম্ভ করেন। আর বিষ্ণুদাস বলিতেছেন যে প্রথম হইতেই ঈশান ঝাটপালে বাস করেন; যথা—

শুনিয়া ঈশান তবে লাগিলা কান্দিতে।
নবীন অঙ্কর যেন ভাঙ্কে বজাঘাতে॥
তবে তারে রূপা করি দীতাঠাকুরাণী।
কহিতে লাগিলা তারে মধুর যে বাণী॥
হংখ না ভাবিহ মনে তুমি দাধুজন।
জাহ্ম দঙ্গে পূর্বাদেশে করহ গমন॥
না কর রোদন বাছা স্থির কর মতি।
ঝাটপাল গ্রামে যাইয়া করহ বসতি॥

১ শ্রীযুক্ত দৃণালকান্তি যোষ মহাশায় ঈশানের যে বংশ-বিবরণ অন্তৈত-প্রকাশের দিতীয় সংস্করণের ভূমিকায় দিয়াছেন ভাহাতে দেখা যায় যে ঐ বংশের কোন শাখায় ঈশান হইতে বর্ত্তমানে নবম পুরুষ, কোন শাখায় দশম ও কোন শাখায় একাদশ পুক্ষ চলিতেছে। ১৫৬২ হইতে ১৯৩২ খ্রীষ্টান্দের ব্যবধান ৩৭০ বংসর , ঐতিহাসিক গণনায় এই সময়ের মধ্যে ১৪।১৫ পুহুষ হওয়ার কথা।

শেই গ্রামের মধ্যে ভগ্নমন্দিরে।
জগন্নাথ বলরাম তাহার ভিতরে॥
খেত খ্যামল তমু স্থরেন্দ্র-বদন।
সঙ্গে তোমারে দরশন দিব দুই জন॥—২৭ পাতা

"অবৈত-প্রকাশ" ও "দীতাগুণ-কদম" উভয় গ্রন্থই যদি অক্তরিম হইত, তাহা হইলে উভয়ের মধ্যে বিরোধের স্থলে সত্য নির্ণয় করা ত্রন্থ হইত। কিন্তু "অবৈত-প্রকাশের" অক্তরিমতায় সন্দেহের কারণ পূর্ব্বেই দিয়াছি। "দীতাগুণ-কদম"ও যে জাল তাহার বহু প্রমাণের মধ্যে একটি মাত্র প্রমাণ দিতেছি।

"দীতাগুণ-কদম" পৃথির ১৫-১৬ পাতায় বিশ্বস্তরের সন্নাদের পূর্বের বিশ্বস্থিয়া ও শচীর বিলাপ বর্ণিত হইয়াছে। এ অংশ হুবছ লোচনের চৈত্তভামদল হইতে লওয়া। যে ব্যক্তি দীতার বিবাহে ঘটকালী করিয়াছেন, তিনি অবশ্বই লোচনের পূর্বে গ্রন্থ লিথিয়াছেন—পরে লিথিলেও তিনি লোচনের গ্রন্থ হইতে উক্ত বর্ণনা চুরি করিতেন না। লোচন যে বিফুদাদের গ্রন্থ হইতে ঐ অংশ লইয়াছেন তাহা দন্তব মনে হয় না, কেন-না লোচনের কবিত্বগুণের বহু পরিচয় পাওয়া যায় এবং বিফুদাদ যে কোনরূপে খোঁড়ান ছন্দে পয়ার লিথিতেন তাহা "দীতাগুণ-কদম্বের" অভ্যান্ত বিষয়ের বর্ণনায়ও দেখা য়ায়।

Loknath Das's Sita charitra

## লোকনাথ দাসের "সীতা-চরিত্র"

অচ্যুত্তরণ তত্তনিধি মহাশয় ২০০৪ সালের সাহিত্য-পরিষদ্-পত্রিকার তৃতীয় সংখ্যায় এই প্রন্থের পরিচয় প্রদান করেন। তৎপরে তিনি "শ্রীবৈষ্ণব-সন্ধিনী" বা "ভক্তিপ্রভা" পত্রিকার দাবিংশ বর্ষের প্রথম হইতে চতুর্থ সংখ্যায় ইহা প্রকাশ করেন। ১৩৩৩ সালে আলাটি হুগলি হইতে মধুস্থান দাস ইহা প্রস্থানার প্রকাশিত করেন। তত্তনিধি মহাশয় বলেন যে এই লোকনাথ দাস বুন্দাবনবাদী নরোত্তম ঠাকুর মহাশয়ের গুরু লোকনাথ দাস। হরিভক্তি-বিলাসের মঙ্গলাচরণ-শ্লোকে লোকনাথের নাম মাথুর-মগুলবাদীদের মধ্যে আছে। হরিভক্তিবিলাসের শ্লোক ভক্তিরসামৃতিসিদ্ধৃতে উদ্ধৃত হইয়াছে। ভক্তিরসামৃতিসিদ্ধৃত উদ্ধৃত হইয়াছে। ভক্তিরসামৃতিসিদ্ধৃত ১৪৬৩ শকে বা ১৫৭১ খ্রীষ্টান্ধে রচিত হয়। ১৫৪১ খ্রীষ্টান্ধের বন্ধ পূর্বেই লোকনাথ বুন্দাবনে গিয়াছিলেন। প্রেমবিলাসের কাহিনী বিশ্লাস

করিলে বলিতে হয় তিনি যশোর জেলার তালগড়ি গ্রাম হইতে ১৪৩১ শকের অগ্রহায়ণ মাসে নবদীপে বিশ্বস্তারের নিকট আসিয়া উপস্থিত হয়েন; যথা— বিশ্বস্তার তাঁহাকে বলিতেছেন—

> মধ্যে পৌষ মাদ আছে মাঘ শুক্ল পক্ষে। তৃতীয় দিবদে সন্ন্যাদ করিব যেন দেখে।

> > —সপ্তম বিলাস, পৃ. ৪১

বিশ্বস্তর তাঁহাকে বৃন্দাবনে প্রেরণ করিলেন। যিনি ১৫১০ খ্রীষ্টাব্দে বৃন্দাবনে চলিয়া যাইয়া ভজন করিতে লাগিলেন, যাঁহাকে ছয় গোস্বামী আদর ও সন্মান করিতেন ও যাঁহাকে নরোত্তম ঠাকুর মহাশয় গুরুরপে নির্কাচন করিয়াছিলেন, তিনি যে "দীতা-চরিত্রের" তাায় গ্রন্থ লিখিবেন নিয়লিখিত কারণে ইহা সম্ভব মনে হয় না:

১। প্রথমতঃ সীতা-চরিত্র যে ১৬১৫ খ্রীষ্টাব্দের পরে লিখিত হয় তাহার প্রমাণ এই গ্রন্থ-মধ্যেই আছে ; যথা—

> ইহার অশেষ যত কবিরাজ ঠাকুর। চৈতক্যচরিতামৃতে লিখিয়াছে প্রচুর॥—পৃ.১০

চৈতন্যচরিতামৃত ১৬১৫ খ্রীষ্টাব্দে রচিত। লোকনাথ ১৫১০ খ্রীষ্টাব্দে অস্ততঃ
২০ বৎসর বয়স্ক ছিলেন। ১৬১৫ খ্রীষ্টাব্দে তাঁহার বয়স হয় ১২৫ বৎসর।
১২৫ বৎসর বয়সের পরও তিনি "সীতা-চরিত্র" লিখিতে বসিয়াছিলেন, ইহা
অবিশ্বাস্থা।

২। দ্বিতীয়তঃ, "দীতা-চরিত্রে" আছে যে অদ্বৈত-পত্নী দীতার নন্দিনী নামে একজন পুরুষশিশ্ব প্রেক্ত নাম নন্দরাম, পৃ. ১২) নারীর বেশ ধারণ করিয়া দথীভাবে ভজন করিতেন। তাঁহার নাকি স্ত্রীলোকের মত ঋতু হইত। তাহা শুনিয়া

অতঃপর নবাব এক উত্তরিলা তথি।

সহস্র লম্বর সঙ্গে উষ্ট্র ঘোড়া হাতী।

এক গৃহী ব্রাহ্মণ আছিলা সেই গ্রামে।

সকল কহেন গিয়া সাহেবের কানে॥—পৃ. ২০

নবাব আসিয়া পরীক্ষা করিয়া দেখিলেন যে নন্দিনী সতাই রজকলা।

সীতার অপর পুরুষশিয় জঙ্গলী ( নাম--যজ্ঞেশ্বর, পৃ. ১ )

এক রাখালকে মন্ত্র দিয়া স্ত্রীবেশ পরাইলেন ও তাঁহার নাম রাখিলেন হরিপ্রিয়া।

অরণ্যেতে গুরুশিয় আনন্দে রহিলা।

শক্ষর সহিতে সুবা তাঁহা প্রবেশিলা॥—পু. ২১

Akbar conquered Bengal on 1576

আকবর বাদশাহ ১৫৭৬ খ্রীষ্টাব্দে বান্ধালা জয় করিয়া একটি স্থবা স্থাপন করেন।
স্থবা শব্দের প্রয়োগ-দারা বৃঝা ষাইতেছে এ ঘটনা ১৫৭৬ খ্রীষ্টাব্দের পরে
ঘটিয়াছিল। লোকনাথ কি বৃন্দাবনে বসিয়া ধ্যান-যোগে এই-সব ঘটনা
স্থবগত হইতেছিলেন, না জরাগ্রন্থ অবস্থায় বান্ধালায় ফিরিয়া আসিয়া "সীতাচরিত্র" লেখার জন্য তথ্য-সংগ্রহ করিতেছিলেন ?

৩। লোকনাথ গোস্বামীর স্থায় সজ্জন নিম্নলিখিত ঘটনার স্থায় অভ্যােচিত ব্যাপার লিপিবদ্ধ করিতে পারেন না। অবৈত-গৃহিণী সীতা পুরুষ নন্দিনী ও জন্ধলীকে মন্ত্র দিয়া বলিতেছেন:

সীতা বলে যে বলিলে সেই সত্য হয়।
প্রকৃতি না হইলে দাসী কেমনেতে হয়॥
এই বলি ছই শিষ্যে শঙ্খ দিল হাতে।
ললাটে সিন্দ্র দিল বেণী বাফ্লে মাথে॥
ধাউতের তাড় ছই হাতেতে পড়িল।
কাঁচুলি খাগুরি পরি গোপীবেশ কৈল॥

এই রকম বেশ পরাইয়া সীতাদেবীর মনে সন্দেহ হইল যে শিশ্বদ্ধ সত্যই নারী হইয়া গিয়াছে কি না। তথন শিশ্বপ্রবর্ষয় কহিলেন—

তাতে রাধা বীজ অতি তেজ্মন্ত হয়।
পুংবেশ ছাড়াইয়া করে প্রকৃতি উদয়॥
হয় কিনা ঠাকুরাণী ইথে দেহমন।
এত বলি ছুইজন এড়িল বসন॥
ইহা শুনি শিশ্বপানে চায় ঠাকুরাণী।
প্রকৃতি স্বভাব দোহার দেখিল তথনি॥—পৃ. ২৪

কোন ভদ্রমহিলা উলঙ্গ শিশুধয়কে পরীক্ষা করিয়াছিলেন, এ কথা লোকনাথ গোসামী কেন, কোন ভদ্রলোক লিখিতে পারেন না।

8। "দীতা-চরিত্রে" শ্রীচৈতন্তগায়ত্রী ও স্বতম্ব গোরমন্ত্রের কথা আছে। দীতাদেবী শিশুদ্বয়কে বলিতেছেন—

তবে বিশ্বস্তব-ধ্যান করিহ মানস।
শ্রীচৈতত্য-গায়ত্রী জপিহ বার দশ॥
পাত্য অর্ঘ্যে পৃজিহ তাঁকে নানা উপহারে।
বাঁহার প্রসাদে প্রেম বাড়য়ে বিস্তারে॥—পৃ. ১৩

শ্রীচৈতন্ত্র-সম্বন্ধে কয়েকটি কথা এই পুস্তকে আছে। নিমাই জন্মিলে পর সীতাদেবী তাঁহাকে দেখিতে গেলেন। তথনকার ঘটনা "সীতা-চরিত্র"-অনুসারে অতিশয় অন্তুত:

> তবে সীতাঠাকুরাণী মায়া আচ্ছাদিল। অচেতনরূপে শচীদেবীরে রাখিল॥

তবে হাসি মহাপ্রভু চক্ষু মেলি চায়। রাধা বলি সীতাপানে শ্রীভূজ বাড়ায়॥—পৃ. ৩

ঈশান নাগরের "অবৈত-প্রকাশে"র ন্যায় এই বইয়েতেও আছে যে বিশ্বস্তর অবৈতের নিকট অধ্যয়ন করিয়াছিলেন। কিন্তু ঈশানের মতে অচ্যুত বিশ্বস্তরের কাছে পড়িয়াছিলেন, আর "গীতা-চরিত্রের" মতে অচ্যুত ও বিশ্বস্তর একসঙ্গে অবৈতের নিকট পড়িতেন; যথা—

শান্তিপুরের দিজ পণ্ডিত মহাশ্র।
তথায় পড়িতে আইলা নিমাই ঠাকুর॥
দেখিয়া আনন্দে বলে আচার্য্য গোঁদাই।
কুপা করি মোর ঘরে চলহ নিমাই॥
প্রভূ বলে ভাল যুক্তি আমি ইহা চাই।
অচ্যুতের দক্ষে আমি পড়িব হেথাই॥
তোমা বিনা আর কেবা আছয়ে এমন।
কাহার মন্দিরে আমি করিতাম ভোক্কন॥—পৃ. ৫

বিশ্বস্তর যথন অবৈতের বাড়ীতে পড়িতে আসিলেন তথন সীতাদেবী তাঁহাকে কোলে করি আন্দিনাতে নাচে আচার্য্যিনী।
কৌতুকে ধারণ করে চরণ তৃথানি॥

ঈশান নাগর যেমন লিখিয়াছেন কৃষ্ণদাস কলা খাইয়াছিলেন ও বিশ্বস্তর তেঁকুর তুলিয়াছিলেন, তেমনি লোকনাথ দাস বলেন যে অচ্যুত হুধের সর খাইয়াছিলেন এবং চৈত্তু উদ্যার তুলিয়াছিলেন (পৃ. १)।

ঈশানের সহিত লোকনাথ দাসের আর একটি মিল হইতেছে মহাপ্রভুর তিরোধান-সম্বন্ধে। সীতা-চরিত্রে আছে—

একদিন মহাপ্রভু সিংহ্বারে গমন।
আরম্ভিল সংকীর্ত্তন লইয়া ভক্তগণ॥
ভাবাবেশে মন্দিরেতে প্রবেশ করিল।
সবে বলে প্রভু সিংহাসনেতে চড়িল॥
মহাপ্রভু না দেখিয়া সব ভক্তগণ।
মৃচ্ছিত হইলা সবে নাহিক চেতন॥
নিশ্চয় করিলা প্রভু লীলা-সম্বরণ।
মহাপ্রভুর বিরহেতে করেন ক্রন্দন॥—পৃ. ১০

ঈশান নাগরের শঙ্গে লোকনাথ দাসের তফাৎ ঈশান নাগরের জীবনী লইয়াই। ঈশান এমন কথা কোথাও বলেন নাই যে তিনি শচীদেবীকে সেবা করিবার জ্ব্যু নবদীপে গিয়াছিলেন; কিন্তু "দীতা-চরিত্রে" তাহাই আছে। সম্ভবতঃ শ্রীচৈত্যুভাগবতের উক্তির সঙ্গে সামঞ্জু রাথার জ্ব্যু ঈশান-সম্বন্ধে তথাক্থিত লোকনাথ দাস এরূপ বলিয়াছেন। বৃন্দাবনদাস বলেন বিশ্বস্তর-গৃহে—

ঈশান দিলেন জল ধুইতে চরণ।—২।৮।৬৯
ঈশান করিল দব গৃহ উপস্থার।
যত ছিল অবশেষ দকল তাঁহার॥
দেবিলেন দর্ককাল আইরে ঈশান।
চতুর্দ্দশ লোক-মধ্যে মহাভাগ্যবান্॥ ২।৮।৮৩-৮৪

শ্রীচৈতগ্রভাগবতোক্ত ঈশান "সর্বাকাল" শচীকে সেব। করিয়াছিলেন, স্বভরাং তিনি অধৈতের বাড়ীর ঈশান নহেন।

এই প্রদক্ষে উল্লেখ করা যাইতে পারে যে গৌরগণোদেশদীপিকায় আছে "নন্দিনী জঙ্গলী জেয়া জয়া চ বিজয়া ক্রমাৎ" (৮৯)।

যে "ভক্তিপ্রভা" পত্রিকায় "দীতা-চরিত্র" বাহির হইয়াছিল, ভাহাতেই বাহ্নদেব দাসমণ্ডল নামক এক ভক্ত লিথিয়াছেন, "লোকনাথ দাস বঙ্গদেশী ভেকধারী কোন সহজীয়া বৈষ্ণব ছিলেন।" আমি মণ্ডল মহাশয়ের উক্তি যথার্থ বলিয়া বিবেচনা করি।

# General view on books based on lives of Sita and Advaita নীত্য-অবৈত-চরিত গ্রন্থগুলি-সম্বন্ধে সাধারণ মন্তব্য

আমি সীতা ও অদ্বৈত-চরিত গ্রন্থসমূহের মধ্যে পাঁচখানির পরিচয় দিলাম। আমার বিচারে পাঁচথানি গ্রন্থই জাল প্রমাণিত হইল। জাল শব্দের অর্থ যে গ্রন্থলী যে যে ব্যক্তির হারা লিখিত বলিয়া প্রকাশ, তাঁহারা উহা লেখেন নাই। পাঁচখানি গ্রন্থের প্রভ্যেকখানিই সূীতা বা অবৈতের রূপাপাত্র ও প্রত্যক্ষদশী লেথকের দারা লিখিত বলিয়া প্রকাশ করা হইয়াছে। "বাল্য-লীলা-স্ত্রের" গ্রন্থকার রুঞ্দাস অদৈতের পিতার সমসাময়িক রাজা দিব্যসিংহ; "অদৈত-প্রকাশের" গ্রন্থকার অদৈতের গৃহে পালিত ও তাঁহার শিয় ঈশান নাগর; "দীতা-চরিত্রের" গ্রন্থকার শ্রীচৈতন্য অপেক্ষা বয়োজ্যেষ্ঠ ও নরোত্তম ঠাকুর মহাশয়ের গুরু লোকনাথ; "দীতাগুণ-কদন্বের" গ্রন্থকার দীতার বিবাহের ঘটক বিষ্ণুদাস; আর "অবৈতমঙ্গলের" লেথক হরিচরণ অবৈতের শিয়্য ও অচ্যুতের আদেশে গ্রন্থ-রচনায় প্রবৃত্ত। ইহারা যদি সত্যসত্যই গ্রন্থলির রচয়িতা হইতেন, তাহা হইলে ইহাদের বর্ণনার সহিত মুরারি গুপ্ত, কবিকর্ণপূর ও বৃন্দাবনদাদের বর্ণনার গুরুতর বিরোধ দেখা যাইত না। অথচ উক্ত লেথকগণের বর্ণনার সহিত দামঞ্জস্ত রাথিতে গেলে অদ্বৈতকে শচী-জগনাথের মন্ত্রক বলা যায় না, অহৈতের নিকট বিশ্বস্তরের ভাগবতপাঠের কথা বলা যায় না, অচ্যুতকে বিশ্বস্তরের ছাত্র করা যায় না এবং সীতা, অবৈত ও অচ্যুতের নানারূপ অলৌকিক ঐশ্বর্য্য-প্রদর্শনের কথাও লেখা চলে না। তাই এই-সমন্ত প্রম্থের প্রকৃত রচয়িতারা মুরারি গুপু প্রভৃতি প্রামাণিক লেথকের উক্তির বিরুদ্ধে কথা বলিতে বাধ্য হইয়াছেন। উক্ত পাঁচখানি গ্রন্থের মধ্যে পরস্পর-বিরোধী উক্তি আছে যথেষ্ট। গ্রন্থগুলির বিচারকালে উহাদের উল্লেখ করিয়াছি।

এখন প্রশ্ন হইতেছে এই যে কোন্ সময়ে এই-সমস্ত গ্রন্থ রচিত হইয়াছিল।

"বাল্যলীলা-স্ত্রেব" পৃথি প্রায় দেড় শত বংশরের প্রাচীন। "অবৈত-প্রকাশের" ১৭০০ শকের, ১৭৮১ খ্রীষ্টান্দের (১৫৫ বংশরের পূর্বের) পৃথি হইতে যে প্রতিলিপি করা হইয়াছিল তাহা হইতে গ্রন্থ-সম্পাদন করা হইয়াছে বলিয়া অচ্যুত্বাবু জানাইয়াছেন। "সীতাগুণ-কদম্বের" পৃথি ১৪৭ বংশরের ও "অবৈত্মকলের" পৃথি ১৪৫ বংশরের প্রাচীন। "সীতা-চরিত্রের" কোন প্রাচীন পৃথি পাওয়া গিয়াছে বলিয়া প্রমাণ পাই নাই। উক্ত প্রাচীন পৃথিগুলিতে যাহা আছে তাহাই যে ছাপা হয় নাই তাহার প্রমাণ "বাল্যলীলা-স্ত্র" ও "অবৈত-প্রকাশ" ছাপার সময় সংশোধনের নামে অনেক কিছু অদল-বদল ও সংযোজনা করা হইয়াছিল। বইগুলি যে ১৫০ বংশরেরও পূর্বের রচিত হইয়াছিল তাহা জানা গেল। কিন্তু ১৫০ বংশরের কত পূর্বের রচিত হইয়াছিল তাহা নির্ণয় করা বড় কঠিন।

শ্রীচৈতগুতাগবত হইতে জানা যায় যে অদৈতের কোন কোন পুত্র শ্রীচৈতগুকে ঈশ্বর বলিয়া স্বীকার করেন নাই এবং নিজেদের পিতাকেই স্বতন্ত্র ঈশ্বর বলিয়া ঘোষণা করিয়াছিলেন। দেবকীনন্দনের বৈশ্বব-বন্দনার প্রাচীন পুথিতে (অর্থাৎ ১৯৫৪ খ্রীষ্টান্দের ও ১৭০২ খ্রীষ্টান্দের) ও দ্বিতীয় বৃন্দাবনদাসের বৈশ্বব-বন্দনায় অচ্যুত ব্যতীত অগ্র কোন অদ্বৈত-পুত্রের বন্দনা নাই। শ্রীজীবের "বৈশ্বব-বন্দনা"য় আছে যে অদ্বৈতের যে-সকল পুত্র শ্রীচৈতগুকে সর্কোশ্বর বলিয়া স্বীকার করেন নাই, তাঁহাদিগকে উপেক্ষা করিয়া ত্যাগ করা হইল। তিনিও অদ্বৈতের পুত্রগণের মধ্যে কেবলমাত্র অচ্যুতকে বন্দনা করিয়াছেন। অচ্যুত ব্রন্ধচারী ছিলেন, তাঁহার কোন সন্ধানাদি হয় নাই। সেইজগ্র অদ্বৈতের প্রশেধরদের লইয়া বৈশ্বব-সমাজে কিছু আন্দোলন চলিতেছিল। সম্ভবতঃ সেই আন্দোলনের গতি প্রতিরোধ করার জগ্য উক্ত পাঁচথানি গ্রন্থ রচিত হইয়াছিল।

Jagadananda's (disciple of Sri Chaitanya) Premvivarta published by Goudiya Math জগদানদের "প্রোমবর্ত্ত"

গৌড়ীয় মঠ হইতে মহাপ্রভুর পার্ষদ জগদানন্দ পণ্ডিতের "প্রেমবিবর্ত্ত" প্রকাশিত হইয়াছে। আমি ১৩৩৭ বঙ্গান্দে প্রকাশিত ঐ গ্রন্থের চতুর্থ সংস্করণ দেখিয়াছি। গ্রন্থানির ভাষা, ভাব, তত্ত্ব ও ঐতিহাসিক তথ্য দেখিয়া শন্দেহ হয় যে ইহা জগদানন্দ পণ্ডিত লেখেন নাই। ইহাতে শ্রীচৈতক্তের জীবনী-সম্পর্কে এমন থুব কম ঘটনাই আছে যাহা শ্রীচৈডক্সচরিভামতে পাওয়া যায় না। লেথক বলেন—

> চৈতত্ত্বে রূপ গুণ সদা পড়ে মনে। পরাণ কাঁদায় দেহ কাঁপায় সঘনে॥

দেখেছি অনেক লীলা থাকি প্রভূ-সঙ্গে।
কিছু কিছু লিথি তাই নিজ মন রঙ্গে॥
মন কাঁদে প্রাণ কাঁদে কাঁদে তৃটী আঁথি।

যথন যাহা মনে পড়ে তথন তাহা লিথি॥—পৃ. ৭৮

জগদানন নিজের পরিচয়-প্রসঙ্গে বলিয়াছেন-

#### অন্তত্ৰ তিনি বলেন-

গদাই গোরাঙ্গরূপে গৃঢ় লীলা কৈল।
টোটা গোপীনাথে দেব গদাধর ছিল॥
মোরে দিল গিরিধারী দেবা সিদ্ধৃতটে।
গোড়ীয় ভকত সব আমার নিকটে॥
দামোদর স্বরূপ আমার প্রাণের সমান।
শীক্ষণচৈতন্ত যার দেহমন প্রাণ॥

গ্রন্থানিতে চরিতামৃতে উক্ত ঘটনাবলী ছাড়া কতকগুলি অলৌকিক বিষয়

স্থান পাইয়াছে; যথা—বাল্যকালে গৌর, গদাধর ও অন্ত একজন গদাতীরে এক বনে যাইয়া এক শুক পাখী ধরিয়াছিলেন।

## গৌরাক

শ্কে ধরি বলে তুই ব্যাদের নন্দন। কাধাকৃষ্ণ বলি কর আনন্দ বর্দ্ধন॥—পৃ. ১১

গৌরদহ-নামক স্থানে এক নক্র ছিল। গৌরাঙ্গের কীর্ত্তনে মোহিত হইয়া দে তীরে উঠিয়া আদিল। তখন দে দেবশিশুরূপে কথা কহিতে লাগিল (পৃ. ৪৭-৪৮)।

জগদানন্দ বিজ্ঞ ও প্রবীণ সনাতন গোস্বামীর সহিত কিরূপ ব্যবহার করিয়াছিলেন, তাহা নিজেই লিথিয়াছেন—

গেলাম ব্রজ দেখিবারে বৃহি সনাতনের ঘরে
কলহ করিত্ব তার সন।
রক্তবন্ত্র সন্ধ্যাসীর শিরে বাঁধি আইলা ধীর
ভাতের হাঁড়ি মারিতে কৈত্ব মন॥—পৃ. ১৭

গৌড়ীয় মঠ যে-সমস্ত মত প্রচার করিতেছেন তাহাদের নম্না এই গ্রন্থে পাওয়া যায়। সমস্ত বৈষ্ণব-গ্রন্থে আছে যে কোনরূপে যাহার তাহার সঙ্গে হরিনাম করিলেই প্রেমলাভ হয়।

#### कामानक वर्णन-

অসাধু সঙ্গে ভাই কৃষ্ণনাম নাহি হয়। নামাক্ষর বাহিরায় বটে তভু নাম কভু নয়॥ কভু নামাভাস হয় সদা নাম অপরাধ।—পৃ. ১৭

গৌড়ীয় মঠ বর্ণাপ্রমের প্রাধান্ত দেন না। প্রেমবিবর্ত্তে আছে—

কিবা বর্ণী কিবা শ্রমী কিবা বর্ণাশ্রমহীন।
কৃষ্ণবেত্তা যেই সেই আচার্য্য প্রবীণ॥
আদল কথা ছেড়ে ভাই বর্ণে যে করে আদর।
অদন্তক করি তার বিনষ্ট পূর্কাপর॥—পৃ. ৩৫

The false information on the birth place of Sri Chaitanya was not circulated before 18th প্রিচতন্তের জন্মস্থান যে মায়াপুরে এ কথা অপ্তাদশ শতাব্দীর পূর্বের অর্থাৎ century (i.e. Mayapur) ভক্তিরত্বাকরের পূর্বের লিখিত কোন প্রামাণিক গ্রন্থে পাওয়া যায় না। গৌড়ীয় মঠ-কর্ত্বক প্রকাশিত "নবদ্বীপ-শতকে" ও "প্রেমবিবর্ত্তে" এই কথা পুন: পুন: লিখিত হইয়াছে। মায়াপুরের যে স্থানে প্রীগোরাঙ্কের মন্দির উঠিয়াছে, ঠিক সেই স্থানেই যে জগন্নাথ মিশ্রের বাড়ী ছিল তাহা স্ক্রপষ্টভাবে "প্রেমবিবর্ত্তে" লিখিত হইয়াছে:

গৌড়ে নবদ্বীপ ধন্য অষ্ট ক্রোশ জগৎমান্য ॥
মধ্যে স্রোভস্বতী ধন্য ভাগীরথী বেগবতী।
তাহাতে মিলেছে আদি শ্রীষম্না সরস্বতী ॥
তার পূর্ব্ব তীরে সাক্ষাৎ গোলোক মায়াপুর।
তথায় শ্রীশচীগৃহে শোভে গৌরান্স ঠাকুর ॥—পৃ. ৩৪

As per Murari Gupta & Vrindavandas father of Sri Chaitanya was a poor man and used to live in a mud house near the banks of Ganga and was destroyed by the river. মুরারি ও বৃন্দাবনদাসের বর্ণনা-অন্থ্যারে জগনার্থ মিল্ল দরিদ্র ব্যক্তি ছিলেন। গঙ্গাতীরে তাহার কাঁচা বাড়ী ছিল, তাহা গঙ্গাগর্ভে বিলুপ্ত হইয়াছে। সেই জন্ম জ্রীগোরাঙ্গের জন্মভিটা ঠিক কোথায় ছিল তাহা নির্ণয় করা এখন কঠিন, এমন কি অসম্ভব বলিয়া মনে হয়। ভক্ত মহাপুরুষগণ স্বপ্নে, আকাশবাণীতে বা তৃলসীগাছ জন্মানো দেখিয়া যাহা নির্ণয় করেন তাহা ঐতিহাসিক প্রমাণ নহে। এ সম্বন্ধে কোনরূপ বাদবিত্তায় এখানে প্রবৃত্ত হইব না।

জগদানন্দের প্রেমবিবর্ত্ত-দম্বন্ধে আমার সংশ্বের কয়েকটি কারণ এখানে নির্দেশ করিলাম। জগদানন্দের গ্রায় ঐতিচতগ্রের অন্তরঙ্গ স্থজ্ন ঐতিচতগ্রের লীলা লিখিলে তাহা যে কোন বৈষ্ণব লেখকের দৃষ্টি আকর্ষণ করিবে না ইহা সম্ভব মনে হয় না। যদি ঐ গ্রন্থের কয়েকখানি প্রাচীন পৃথি দেখিতে পাই তাহা হইলে ইহার বিশদ বিচারে প্রবৃত্ত হইব।

> নবদ্বীপ-শতকের ৪, ৬, ৮৭ লোকের চতুর্থ চরণে মায়াপুরের এবং ৩৬ লোকে গোদ্রুম দ্বীপের উল্লেখ আছে।

২ প্রেমবিবর্ত্তের ১২ পৃষ্ঠার ১৫শ পঙ্ক্তিতে, ১৫ পৃষ্ঠার ৩য় পঙ্ক্তিতে, ১৯ পৃষ্ঠার ২৫ শ পঙ্ক্তিতে, ৩৪ পৃষ্ঠার ৫ম পঙ্ক্তিতে, ৪৪ পৃষ্ঠার ১৫শ পঙ্ক্তিতে এবং ৫০ পৃষ্ঠার ২য় পঙ্ক্তিতে মায়াপুরের উল্লেখ আছে।

#### শ্রীচৈতগুচরিতের উপাদান

Murali Vilas and Bangshi Shikhya

# "मूत्रली-विलाज" ও "वःभी-निका"

"ম্বলী-বিলাদ" ও "বংশী-শিক্ষা" এই তৃইখানি গ্রন্থ প্রায় একই সময়ে একই স্থান হইতে প্রকাশিত হয়। বংশী-শিক্ষা ৪০৭ শ্রীচৈতল্যান্দে, ১২৯৯ দালে এবং ম্বলী-বিলাদ ৪০০ শ্রীচৈতল্যান্দে, ১৩০১ দালে বাঘনাপাড়া হইতে প্রচাবিত হয়। উভয় গ্রন্থেরই প্রতিপাল্ল বিষয় হইতেছে শ্রীচৈতল্যের দলী বংশীবদন ঠাকুর ও তাঁহার পৌল্ল রামাই ঠাকুরের মহিমার কীর্ত্তন। ম্বলী-বিলাদ প্রধানতঃ জীবনচরিত-জাতীয় এবং বংশী-শিক্ষা সাধনতত্ব-প্রকাশক গ্রন্থ। বংশী-শিক্ষার চতুর্থ উল্লাদে ম্বালী-বিলাদের ভাষা ও বর্ণিত বিষয় গৃহীত হইয়াছে বলিয়া প্রথমে ম্বলী-বিলাদের কথাই আলোচনা করিব। প্রকাশের প্রের্বে বোধ হয় "ম্বলী-বিলাদ" "বংশী-বিলাদ" নামে পরিচিত ছিল, কেন-না "বংশী-শিক্ষা"য় ইহার প্রমাণ "বংশী-বিলাদ" নামেই ধৃত হইয়াছে; যথা—

শ্রীরাজবল্পভ কৈলা শ্রীবংশীবিলাস। বংশীর মহিমা যাহে বিস্তার প্রকাশ॥

— २ म भः, ठजूर्थ छ., भृ. २७४

"ম্বলী-বিলাদ" অপেক্ষা "বংশী-বিলাদ" নামই অধিকতর দক্ষত, কেন-না বংশীবদন ঠাকুরের ও তাঁহার অবতারস্করণ রামাই ঠাকুরের লীলাকীর্ত্রনই আলোচ্য গ্রন্থের উদ্দেশ্য। বংশী অপেক্ষা ম্রলী নামটি অধিকতর শ্রুতিস্থকর বলিয়া বোধ হয় এই পরিবর্ত্তন করা হইয়া থাকিবে। কিন্তু এই পরিবর্ত্তনের ফলে গ্রন্থের নাম দেখিয়া প্রতিপাত বিষয় ঠিক করা কঠিন হইয়াছে।

ম্বারি গুপ্তের কড়চায়, কবিকর্ণপূরের নাটকে ও মহাকাব্যে, শ্রীচৈতত্ত-ভাগবতে, শ্রীচৈতত্ত্যমঙ্গলে বা শ্রীচৈতত্ত্যচরিত্যুয়তে বংশীবদন ঠাকুরের নাম বা প্রসঙ্গ একেবারেই নাই। কৃষ্ণদাস কবিরাজ শাখা-বর্ণনাতেও বংশীর নাম করেন নাই। দেবকীনন্দন দাদের ও দ্বিতীয় বৃন্দাবনদাদের বৈষ্ণব-বন্দনাতেও বংশীর নাম উল্লিখিত হয় নাই। "গৌরপদতরঙ্গিণী"তে বংশীর মহিমস্চক যে তিনটি পদ আছে, তাহার মধ্যে ত্ইটি ম্রলী-বিলাস হইতে ও একটি বংশী-শিকা হইতে লওয়া। ইহার দ্বারা প্রমাণিত হইতেছে যে বংশীবদন শ্রীচৈতত্ত্বের পরিকরগণের মধ্যে বিশেষ প্রাধান্ত লাভ করেন নাই। গৌরগণোদ্দেশদীপিকায় তাঁহার নাম আছে; ষ্ণা—

বংশী ক্লফপ্রিয়া যাসীৎ সা বংশীদাস-ঠকুর: ।--পু. ১৭৯

প্রেমবিলাদে বংশীবদনের সম্বন্ধে মাত্র এই কথা আছে যে শ্রীনিবাস আচার্য্য যথন শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীকে দর্শন করিতে নবদীপে আসেন, তথন বংশীবদন-সহ তাঁহার সাক্ষাৎকার হইয়াছিল (চতুর্থ বিলাস, পৃ. ২১)। ভক্তিরত্নাকরেও অন্তর্ম ঘটনা বর্ণিত হইয়াছে (চতুর্থ তরঙ্গ, পৃ. ১২২-১২৩)।

মূরলী-বিলাদের গ্রন্থকার বংশীবদনের প্রপৌত্র ও রামাইয়ের শিষ্য রাজবল্লভ। গ্রন্থের শেষে সম্পাদক নিম্নলিখিত বংশ-তালিকা দিয়াছেন—



মুরলী-বিলাদে গ্রন্থকার নিজের কথা বলিতে যাইয়া লিথিয়াছেন যে রামাই যথন বাঘনাপাড়ায় বিগ্রহ-প্রতিষ্ঠা করেন, তথন শচীনন্দন গ্রন্থকারকে লইয়া তথায় গমন করেন। রামাই ছোট ভাই শচীনন্দনকে বলিলেন—

তব জ্যেষ্ঠ পুত্র মোরে দেহ অকাতরে। দেবা সমর্পণ∙আমি করিব তাহারে ॥—২০ বি., পৃ. ৩৯৩

#### তারপর একদিন---

প্রভাতে উঠিয়া পিতা আমারে লইয়া।
প্রভুর চরণপদ্মে দিলা সমর্পিয়া॥
দণ্ডবং কৈলা পিতা তাঁর পদতলে।
ফুই ভাইএ কোলাকুলি মহাকুতৃহলে॥
মোরে প্রভু শিশ্য কৈলা করিয়া করুণা।
সদাচার শিথাইলা করিয়া তাড়না॥
শোপ্রভক্তি শিথাইলা বহু রুপা করি॥

প্রভূ-সঞ্চে রহে যেই বৈঞ্ব স্কলন।
ভিঁহ করিলেন বহু রূপার সেচন॥

তাঁর মূথে যে শুনিহ্ন প্রভূর চরিত। ভার অল্ল মাত্র গ্রন্থে হইল লিখিত॥—-২০ বি., পূ. ৩৯৫

বংশী-শিক্ষার চতুর্থ উল্লাস হইতেও জানা যায় যে রাজ্বল্লভ শচীনন্দনের পুত্র (পৃ. ২৩৫)। অথচ বংশী-শিক্ষার ভূমিকায় মহামহোপাধ্যায় ডা. ভাগবতকুমার শান্ত্রী রাজ্বল্লভকে কেন যে শচীনন্দনের পোত্র বলিলেন ব্ঝিলাম না (ভূমিকা পৃ. ৴৽; পৃ. ৪৪)।

রামাই জাহ্নবীর শিষ্য, বীরভদ্রের বন্ধু। রামাইএর ভ্রাতৃপুত্র ও শিষ্য রাজবল্পভ যদি কোন গ্রন্থ লেখেন, তবে জাহ্নবী ও বীরভদ্র-সম্পর্কিত ঘটনা-সমূহে উহার প্রামাণিকতা "ভক্তিরত্নাকর" অপেক্ষা বেশী হয়। সেইজ্ঞ গ্রন্থানি অক্তরিম কি-না তাহা বিশেষ সাবধানতার সহিত পরীক্ষা করিয়া দেখা কর্ত্রব্য।

দশম্লরসে বিপিনবিহারী গোস্বামী লিখিয়াছেন—
পূর্বভক্ত শ্রীরূপ আদি অন্তুসারে।
বংশীলীলামৃত গ্রন্থ হইল প্রচারে॥
তাহার সংক্ষেপ সার ম্রলীবিলাস।
শ্রীরাজবল্পভ প্রভু করেন প্রকাশ॥—পৃ. ১০০১

কিছ বংশীলীলামূতে দেখা যায়:

বংশী কৃষ্ণপ্রিয়া যাসীৎ বংশীবদনঠকুরঃ। ইত্যাদি দীপিকাদৌ চ কবিভির্গীয়তে পুরা॥—পু. ৭১৪

দীপিক। অর্থে এখানে কবিকর্ণপূরের গৌরগণোদেশদীপিকা। বংশী-বদনের শিশু জগদানন্দ কবিকর্ণপূরের প্রায় সমসাময়িক হইবার কথা। তিনি গ্রন্থ লিখিলে কবিকর্ণপূরের সম্বন্ধে "কবিভিগীয়তে পুরা" লিখিবেন কেন? যদি মুরলী-বিলাসের পূর্ববন্তী বংশীলীলামৃতই প্রক্ষিপ্ত হয়, তাহা হইলে মুরলী-বিলাসের অক্কৃতিমতায় সন্দেহ জন্মায়।

আপাতদৃষ্টিতে এই গ্রন্থের অরুত্রিমতা-সম্বন্ধে সংশয় করিবার কিছুই নাই। ইহার ভাষা প্রাঞ্জল, হৃদয়গ্রাহী ও প্রাচীনপন্থী; গোস্বামিশান্ত্রের বিরুদ্ধ তত্ত্বকথা কিছুই ইহাতে নাই। তারপর গ্রন্থকারের বংশের লোক বিনোদবিহারী গোস্বামীর নিকট পৃথিখানি পাওয়া গিয়াছে। গ্রন্থানি শ্রীচৈতক্সচরিতামৃতের অন্থকরণে লেখা; তাহাতেও সন্দেহের কিছুই নাই; কেন-না চরিতামৃত রচিত হইবার পর হইতে প্রত্যেক বৈশ্বব লেখকের উপর উহার প্রভাব পড়িয়াছে। গ্রন্থ-মধ্যে পাণ্ডিত্যের যথেষ্ট পরিচয় পাণ্ডয়া যায়। ইহাতে সর্বাসমেত ১০০টি শ্লোক গ্বত হইয়াছে, কিছু চরিতামৃতে যেমন শ্লোকগুলির সহিত বক্তব্য বিষয়ের অচ্ছেত্য সম্বন্ধ, ম্রলী-বিলাসে তাহা নহে, যেন এখানে জোর করিয়া শ্লোক-সংযোজনার জন্মই শ্লোকগুলি উদ্ধৃত হইয়াছে। উক্ত ১০০টি শ্লোকের মধ্যে ৬৪টি রুঞ্দাস করিরাজ-কর্তৃক পূর্ব্বেই গ্বত হইয়াছে। গ্রন্থকার নিজে পদ্ম-পুরাণ, ব্রন্ধবৈর্ব্ত-পুরাণ, ভক্তি-রসামৃত-সিন্ধু, ব্রন্ধসংহিতা, গোবিন্দ-লীলামৃত, যামল প্রভৃতি গ্রন্থ পড়িয়া শ্লোক উদ্ধার করিয়াছেন।

গ্রন্থের অক্তিমতার স্বপক্ষে এতগুলি যুক্তি থাকিলেও নিম্লিখিত কারণে ইহাকে জাল বই বলিয়া মনে হয়:

বংশীবদন ঠাকুরের বংশোদ্ভব তা. ভাগবতকুমার শাস্ত্রী মহাশয়ই মুরলী-বিলাদের বিক্লমে দল্লেই জাগাইয়া দিয়াছেন। তিনি বংশী-শিক্ষার ভূমিকায় লিখিয়াছেন, 'মৃদ্রিত বংশী-শিক্ষা গ্রন্থের অক্যাক্ত স্থানেও নানারপ প্রমাদ ও প্রক্রেপের আশক্ষা হয়। চতুর্থ উল্লাদে মধ্যে মধ্যে ম্বলী-বিলাদ হইতে প্রায় অবিকল অনেক অংশ উদ্ধৃত হইয়াছে। বিশেষতঃ রামচন্দ্রের জীবনচরিত্ত একরূপ মুবলী-বিলাদের ছাচেই ঢালা; এ-সকল অংশ মূল পুথিতে ছিল কি না দল্লেই হয়। থাকিলেও মুবলী-বিলাদ দেখিয়া অনেকাংশ যে পরিবর্ত্তিত হইয়াছে, তাহা বেশ হাদয়ক্তম হয়; অবশ্য বংশী-শিক্ষা খণন মৃদ্রিত হয় তখন মুবলী-বিলাদ মৃদ্রিত ও প্রকাশিত হয় নাই বটে; কেন-না বংশী-শিক্ষার প্রকাশ-বর্ষ ৪০৭ চৈতত্যাক এবং মৃদ্রিত মুবলী-বিলাদের প্রকাশ-বর্ষ ৪০০ চৈতত্যাক এবং মৃদ্রিত মুবলী-বিলাদের প্রকাশ-বর্ষ ৪০০ চিতত্যাক বংশী-শিক্ষা-সংগ্রাহকের গুরুদেবের গৃহে যে মুবলী-বিলাদের প্রাচীন পুথির নকল সংগৃহীত হইয়াছিল তাহা প্রক্রেক্ব দান বাবাজী মহাশয় নিশ্চয়ই দেখিয়াছিলেন। এইক্তেই বংশী-

১ ১ম বিলাদের ৩,৪,৮; ২ বিলাদের ২,৪,৫,৮,৯,১২; ৪ বিলাদের ২,৩,৪,৫; ৫ বিলাদের ১; ৬ বিলাদের ১,৩,৪,৬,৯,১৪,১৭; ৭,৮ ও ৯ বিলাদের ১ হইতে ৪; ১০ বিলাদের ১; ১১ বিলাদের ৫; ১২ বিলাদের ২, ৪; ১৩ ও ১৪ বিলাদের ১; ১৫ বিলাদের ৩; ১৬ বিলাদের ১,২; ১৭ বিলাদের ৩; ১৮ বিলাদের ২, ৩,৫; ১৯ বিলাদের ২; ২০ বিলাদের ১,২,৩,৯; এবং ২১ বিলাদের ২,৩,৭,৯,১০,১৬,১৭,১৮,১৯, ২১ হইতে ২৪ শ্লোক চরিতামূতে ধৃত হইয়াছে।

শিক্ষার এই-সমন্ত অংশে মৃদ্রিত মুরলী-বিলাস অপেক্ষা পূর্ব্বোক্ত নকল পুথির পাঠের সহিত যেন অধিক সামঞ্জ দেখা যায়। উদাহরণ-স্বরূপ আবির্ভাব ও তিরোভাব-বর্ষের কথা উদ্ধার করা যাইতে পারে।

'মৃত্রিত ম্বলী-বিলাদে "চৌদশত পঞ্চাঞনে জনম লভিলা। পঞ্চদশ চতুর্থে স্কেছার লীলা সংবরিলা" এইটুকু নাই। নকল করা পুথিতে আছে। তদম্পারেই যেন রচনা একটু পরিবর্ত্তিত করিয়া বংশী-শিক্ষায় ১৪৫৬ শকে জন্ম এবং ১৫০৫ শকে রামের তিরোধান বর্ণিত হইরাছে। মনে রাখা আবশ্যক কেছ অতীত শকে, কেহ বা বর্ত্তমান শকে বর্ষ নির্দেশ করিতেন। যাহা হউক কিন্তু বাঘনাপাড়ার বলরাম মন্দিরের চূড়াতলে ক্লোদিত লিপি হইতে স্পষ্ট বুঝা যায় রামচন্দ্র ৫৪৮ শকেও জীবিত ছিলেন। এই লিপি বংশীবদনের জীবন-চরিতে উদ্ধার করিয়াছি। স্বতরাং বলিতে হয় গ্রন্থকার স্বয়ং ম্বলী-বিলাদ দেখিয়া লাস্ত হইরাছিলেন, না হয় বংশী-শিক্ষার সংগ্রাহক এই-সমস্ত অংশ সংযোজন করিয়াছিলেন। এইরূপে বংশীর তিরোভাবের পূর্কে পুত্র-বধ্র সহিত সংবাদ ও তাঁহাকে আশীর্কাদ-প্রদানের বিবরণও হয় ভ্রম-তৃষ্ট, না হয় প্রক্ষিপ্ত।

'বংশীচরিতে দেখিয়াছি বংশীর পুত্র তথন শিশুমাত্র। প্রকৃত কথা এই, নিজ মুরলী-বিলাসের অনেক অংশ সমগ্র বৈঞ্ব-ইতিহাসের বিক্ষন। এমন কি গ্রন্থের কোন কোন অংশ পরস্পর অত্যন্ত বিক্ষন। মূল গ্রন্থকার রাজবল্লভ গোস্বামীই হউন, আর ধিনিই হউন, পরবর্তী কালে ইহাতে অনেক অংশ সংযোজিত হইয়াছে, তাহা নিঃসন্দেহ। বংশী-শিক্ষার গ্রন্থকার বা প্রকাশক অথবা উভয়েই মুরলী-বিলাসের অন্তকরণ করিয়াছেন; সেইজন্ম ইতিবৃত্ত-বিষয়ে স্থানে স্থানে বিভ্স্থিত হইয়াছেন, ইহাই আমার ধারণা' (ভূমিকা, পৃ. : ১, ১/০)।

ডা. ভাগবতকুমার শাস্ত্রীর ভূমিকা হইতে স্থানি অংশ উদ্ধার করার কারণ এই যে বৈক্ষব-গ্রন্থ-সম্পাদন করিতে যাইয়া এ পর্যান্ত অন্ত কোন সম্পাদক সম্পাদিত গ্রন্থের, পুথির ও তাহা প্রক্রিপ্ত হইবার বিবরণ এমন সাধুতা ও সরলতার সহিত দেন নাই। তাঁহার বর্ণনায় আমরা জানিতে পারিতেছি, কি করিয়া বৈক্ষব পুথি জাল হয়। তাঁহার আর সমস্ত উক্তি মানিয়া লইয়া একটি কথার প্রতিবাদ করা প্রয়োজন মনে করি। তিনি বলেন ম্রলী-বিলাসে পরবর্ত্তী কালে অনেক অংশ সংযোজিত হইয়াছে, আমি দেখাইব যে ইহার স্বটাই হালের রচনা।

ম্বলী-বিলাদের স্বতাই আধুনিক মনে করার কারণ এই যে রাজ্বলভের দ্বারা এই গ্রন্থ লিখিত হইলে বংশীবদনের বংশের ইতিহাস, বিশেষতঃ রামাইয়ের বিবরণ, ভাসা-ভাসা রকমে লিখিত হইত না। উদাহরণ দিতেছি—

(क) वः भौत विवाद-मश्रक्ष मृतली-विलाम वरलन-

এক বিপ্র মহাশয় পরম পণ্ডিত। কন্যাদান দিব বলি করেন নিশ্চিত॥—পু. ৪৪

রাজবল্লভ কি নিজের প্রপিতামহীর কোন খবর রাখিতেন না? সেকালে প্রপিতামহীর বা তাঁহার পিতার নাম ত শ্রাদ্ধাদি করার জন্ম প্রত্যেক হিন্দুর ছেলেকে মৃথস্থ করিতে হইত।

- (খ) রামাই গ্রন্থকারের গুরুদেব। তাঁহার জীবনীর প্রধান প্রধান ঘটনাসম্বন্ধে ভুল দংবাদ ম্রলী-বিলাদে থাকা উচিত নয়। অথচ ইহাতে আছে যে
  রামাই জাহ্বার দঙ্গে বৃন্দাবন যাইয়া "একক্রমে পঞ্চ বর্য তথায় রহিলা" (পৃ.
  ০৪৮)। তারপরই বাঘনাপাড়ায় আসিয়া মন্দির-স্থাপন করিলেন। বাঘনাপাড়ার মন্দির যে ১৬১৬ গ্রীষ্টান্দে স্থাপিত হয় তাহার প্রমাণ মন্দিরের উপরে
  কোদিত লিপি। তাহা হইলে রামাই ১৬১০ হইতে ১৬১৫ গ্রীষ্টান্দে বৃন্দাবনে
  ছিলেন। মুরলী-বিলাদে আছে যে রামাই জাহ্বাসহ বৃন্দাবনে যাইয়া ছয়
  গোস্বামীর প্রত্যেকের সহিতই দেখা-সাক্ষাং করিয়াছিলেন। সনাতন ও রূপ
  যে ১৬১০ গ্রীষ্টান্দ পর্যান্ত জীবিত ছিলেন এ কথা কোথাও পাওয়া যায় না এবং
  অসম্বন। তাহারা উভয়েই শ্রীচৈতন্ত অপেক্ষা বয়দে বড় ছিলেন; স্বতরাং
  ১৬১০ গ্রীষ্টান্দে তাঁহাদের বয়দ ১২৫ বৎসরের অনেক বেশী হয়। মুরলীবিলাদের বর্ণনায় দেখা যায় জাহ্বার দঙ্গে ছয় গোস্বামী বনে-বনে ভ্রমণ
  করিতেছেন।
- (গ) মুরলী-বিলাস বলিতেছেন যে রামাই নীলাচলে যাইয়া দেখিলেন যে গদাধর পণ্ডিত, রায় রামানন্দ ও সার্কভৌম ভট্টাচাগ্য জীবিত আছেন এবং—

শ্রীপ্রতাপরুদ্র মহারাজ চক্রবর্তী। বিষয় ছাড়িয়া ভাবে চৈতক্ত-মূরতি॥—পৃ. ১৮৯

লেখক পূৰ্ব্বে বলিয়াছেন যে—

চৈতন্ত গোসাঞি যবে অপ্রকট হৈলা। ভুনি মাত্র বংশীদাস লীলা-সম্বর্জনা॥—পৃ. ৪৭ বংশীদাদ দীলা-সম্বরণের পূর্ব্বে পুত্রবধৃকে বলিলেন যে তিনি তাঁহার গর্ভে জনিবেন। তাহা হইলে দেখা যাইতেছে যে রামাই ১৫০০ খ্রীষ্টান্দের পরে জনিয়াছিলেন। তিনি যোল বংসর বয়সের পূর্ব্বে নীলাচলে যান নাই। ১৬৪০ খ্রীষ্টান্দে প্রতাপকত জীবিত ছিলেন না। ইতিহাস হইতে জানা যায় যে তিনি ১৬৪০-৪১ খ্রীষ্টান্দের মধ্যে পরলোক-গমন করেন। রামাইয়ের নীলাচল-ভ্রমণকালে প্রতাপকত্রের জীবিত থাকা অসম্ভব।

(ঘ) ম্বলী-বিলাদে রামাইয়ের তীর্থভ্রমণ, চরিতামতের ভাবে ও ভাষায় বিভিন্ন ব্যক্তির সহিত কথোপকথন ও বাঘনাপাড়ায় মন্দির-স্থাপন ছাড়া রামাই-সম্বন্ধে আর কোন সংবাদ নাই। অন্ততঃ রামাইয়ের তিরোধানের বিবরণ, যাহা রাজবল্লভ নিজের চোথে দেখিয়াছিলেন, তাহা অন্তরক্ষ পরিচয়ের সাক্ষ্যে পরিপূর্ণ থাকা উচিত ছিল। কিন্তু ম্রলী-বিলাদে আছে যে রামাই ঠাকুর তিরোধানের পূর্ব্বে শিক্ষাষ্টকের, কর্ণামৃতের ও গোবিন্দলীলামৃতের শ্লোক পড়িতেন। একদিন—

এই শ্লোক পড়ি প্রভূ পড়িলা ভূমিতে। অর্দ্ধবাহ্য দশায় লাগিলা প্রলাপিতে॥

রাধারুফ রাধারুফ কহিতে কহিতে। সিদ্ধিপ্রাপ্ত হৈল এই নামের সহিতে ॥—২১ বি., পৃ. ৪৩৫-৬

এরপ বর্ণনা যে কোন ব্যক্তি যে কোন ভক্ত-সম্বন্ধে লিখিতে পারে। শিশ্ব ও ভ্রাতৃষ্পুত্রের বর্ণনা এরপ হয় না।

"ম্রলী-বিলাস" জাল বলিবার আরও কারণ এই যে ইহাতে প্রেমবিলাসে ও ভক্তিরত্বাকরে প্রদন্ত সমস্ত বিবরণের বিরুদ্ধ কথা বলা হইয়াছে। ঐ ছই গ্রন্থের মতে শ্রীনিবাস যখন বুলাবনে যায়েন তখন রূপ ও সনাতন তিরোধান করিয়াছেন। তিনি দেশে ফিরিয়া আসিয়া থেতুরীর মহোৎসবে যোগ দেন। তারপর জাহ্নবাদেবী বুলাবনে যায়েন। ম্রলী-বিলাস বলেন জাহ্নবাদেবী বুলাবন যাইয়া রূপসনাতনের সহিত আলাপ-আলোচনা করিয়াছিলেন ও কাম্যবনে গোপীনাথের মন্দিরে তিনি অন্তর্জান হয়েন। প্রেমবিলাস ও ভক্তিরত্বাকরের বিবরণ সম্পূর্ণ ঐতিহাসিক না হইলেও ঐ ছই গ্রন্থে বৃন্দাবনের ও গৌড়ের বৈঞ্চব-নেতাদের সম্বন্ধে অনেক কিংবদন্তী আছে এবং বৈঞ্চব-

সমাজ তাহা আদরের সহিত পড়িয়া আসিতেছেন। এরূপ গ্রন্থয়ের বর্ণনার বিরুদ্ধতা যথন কোন অজ্ঞাতকুলশীল গ্রন্থকার করেন, তথন স্বভাবতঃই সেই গ্রন্থের প্রতি সন্দিশ্ধ হইতে হয়।

ম্বলী-বিলাদে ঐচৈতত্ত-সম্বন্ধে নৃতন তথ্য কিরপভাবে প্রকাশিত হইয়াছে তাহার নম্না দিতেছি—

বংশী জন্মিবামাত্র—

শচী-কুমার দেখি স্কুমার বালক লইয়া কোলে। পুলকিত অঙ্গ অধীর ত্রিভঙ্গ আমার মুরলী বলে॥—পৃ. ৪

মেদিনীপুর জেলার বিশ্বস্তর দাসের "বংশীবিলাদ"-নামক গ্রন্থ হইতে জানা যায় যে বংশী শ্রীচৈততা অপেক্ষা নয় বংশরের ছোট। নয় বংশরের ছেলে আঁতুড় ঘরে প্রবেশ করিয়া নবজাত শিশুকে কোলে তুলিয়া বংশী বলিয়া সম্বোধন করিয়াছিলেন এ কথা কাব্য-হিদাবে উত্তম, কিন্তু ইহার কোন ঐতিহাসিক মূল্য নাই। বংশী বিশ্বস্থরের সন্ধীর্ত্তনদলের মধ্যে ছিলেন; যথা—

কৈশোর বয়সে আরম্ভিলা সংশ্বীর্ত্তন। গৌরাঙ্গের সঙ্গে নাচে ভুবনমোহন॥—পৃ. ৪৩

এই সংবাদ সত্য হওয়ার সন্তাবনা। বংশীর বিবাহ-সময়ে বিশ্বস্তর বংশীকে বলিতেছেন—

গদাধরদাস সঙ্গে থাকিবে সদাই। জগন্নাথ রহিব দেখিবে সবে যাই॥—পৃ. ৪৬

সন্মাস-গ্রহণের পূর্কে বিশ্বস্তর কোথায় যাইয়। থাকিবেন তাহা স্থির করেন নাই; কেন-না সন্মাসের পর তিনি বৃন্দাবন-অভিমুখে যাত্রা করিয়াছিলেন।

"বংশী-শিক্ষা"র একথানি মাত্র ভেঁড়া ও কীটদই পুথি পাওয়া গিয়াছিল; তাহাও হারাইয়া গিয়াছে। শ্রীচৈতগুচন্দ্রোদয় নাটকের অনুবাদক প্রেমদাস ইহার লেখক।

> শকাদিত্য যোল শত চৌত্রিশ শকেতে। শ্রীচৈতত্যচন্দ্রোদয় নাটক স্বথেতে॥

লৌকিক ভাষাতে মৃঞি করিম লিখন।
বোল শত অষ্টত্রিংশ শকের গণন।
শ্রীশ্রীবংশীশিক্ষা গ্রন্থ করিম বর্ণন॥—বংশী-শিক্ষা, পৃ. ২৪১

১৬৩৮ শক, ১৭১৬ খ্রীষ্টাব্দে এই গ্রন্থ লিখিত হয়। শ্রীচৈতত্তাের তিরোভাবের ১৮৩ বংসর পরে লিখিত গ্রন্থে শ্রীচৈতত্তাের জীবনী ও উপদেশ-সম্বন্ধে নৃতন ঐতিহাসিক তথ্য পাইবার সম্ভাবনা কম।

বংশী-শিক্ষার মূল বর্ণনার বিষয় হইতেছে সন্ন্যাসের পূর্বে বংশীর প্রতি
শ্রীচৈতত্যের উপদেশ। ঐ উপদেশে রসরাজ-উপাসনা শিক্ষা দেওয়া হইয়াছে।
ঐরপ উপাসনার মাধুর্য্য ও চমংকারিত্ব কতদূর তাহার বিচার আমার গ্রন্থের
প্রতিপাল্য বিষয়ের বহিভূতি। তবে প্রেমদাসের বর্ণনায় কালানোচিত্য
(anachronism) দোষের ভূরি ভূরি দৃষ্টান্ত পাওয়া যায়। বিশ্বন্তর বংশীকে
"কচিত্পপুরাণের" নিম্নলিখিত শ্লোক শুনাইলেন—

ক্ষকরে স্থিতা যা সা দৃতিকাবংশিকা তথা।
শ্রীবংশীবদনো নাম ভবিয়তি কলো যুগে ॥
প্রভুবাক্য শুনি বংশী শ্রীকৃষ্ণ শ্বিয়া।
কানে হাত দিয়া কন বিনয় করিয়া॥
ওহে প্রভু বাউলামী করিয়া বর্জন।
শুনাও প্রকাশ তত্ত্ব করি ক্লেক্ষণ॥—পৃ. ৪৩-৪৪

গুরুতত্ত্ব-সম্বন্ধে শ্রীচৈতগ্য বংশীকে বলিতেছেন—

রসরাজ রুফ লাগি বিপ্র পত্নীগণ।
আপন আপন স্বামী করেন বর্জন॥
সংসার মোচন আর সস্তাপ হরণ।
করিতে ক্ষমতা ধার নাহিক কখন॥
তিঁহত গুরুর যোগ্য নহে কদাচন।
তাঁরে ত্যাগ করি কর সদ্গুরু গ্রহণ॥

সদ্গুরুর প্রতি কিরূপ ব্যবহার করিতে হইবে—
সেইকালে ক্লফরপী সদ্গুরু-চরণে।
সর্বস্থ অর্পণ করি লইবে শরণে॥

সর্বাস্থ অর্পণ অর্থে শুদ্ধ অর্থ নয়। প্রাণমন আদি এই বেদাগমে কয়॥—পৃ. ৫৩

বিশ্বস্তর মিশ্র গোবিন্দদাসের এবং বড়ু অনস্ত চণ্ডীদাসের পরবর্ত্তী কোন চণ্ডীদাসের পদ উদ্ধার করিয়া বংশীকে শিক্ষা দিয়াছেন। শ্রীগুরু-প্রসাদে আমুক্ল্যা ভক্তি করিলে কিরূপ হয়—

> কামশৃন্য হঞা করে কামের করম। সাপের মাথায় ভেকে করায় নর্ত্তন ॥—পৃ. ১২

বিশ্বস্তব বংশীকে সাবদীপিকা হইতে কোন্ তিথিতে স্ত্রী ও পুরুষের কোন্ অঙ্গে কামভাব থাকে তাহাও বলিয়াছেন এবং অবশেষে উপদেশ দিয়াছেন—

> যেই দিন যথা কাম অধিষ্ঠান হন। সেই দিন তথা তাঁরে করিবে মথন॥—পৃ. ১৩৪-৩৬

এই-সব দেখিয়া মনে হয় প্রেমদাস বুন্দাবনস্থ গোস্বামিগণের মত প্রচার করিতেছেন না।

বিপিনবিহারী গোস্বামী মহাশয় দশমূলরদ গ্রন্থে লিথিয়াছেন—

বংশীলীলামৃত অনুসারে প্রেমদাস।
সেই সব নিজ গ্রন্থে করিলা প্রকাশ॥
তন্মধ্যে বিরুদ্ধ যাহা হয় দরশন।
সহজ-বাদীর তাহা প্রক্ষিপ্ত বর্ণন॥

Premvilas

### প্রেমবিলাস

শ্রীখণ্ডের নিত্যানন্দদাস (বৈছ) প্রেমবিলাস-নামক একথানি গ্রন্থে শ্রীনিবাস, নরোত্তম ও স্থামানন্দের চরিত-কথা লিথিয়াছেন। গ্রন্থকার বারংবার বলিয়াছেন—

১ বাউল সাধুদের নিকট সাধন-তত্ত্ব শিক্ষা করিতে গেলে তাহারা কিছু দিন শিক্ষা দিবার পর শিক্তকে বলেন "বাবা এইবার আমুকুলা করিতে হইবে।" বাউলদের মধ্যে আমুকুলা অর্থ গুরুকে শিক্তের নায়িকাকে সম্প্রদান করা।

শ্রীজাহ্ন বীরচন্দ্র আজায় লিখি কথা।
ভানিয়া এসন কথা না পাইনা ব্যথা॥
শ্রীমতী ঠাকুরাণী যনে গেলা বৃন্দানন।
মৃঞি পামর সঙ্গে রহি করিয়াছোঁ দর্শন।—পৃ. ৪৮

এবে লিখি খণ্ডতে গমন যেন রীতে। দেখিয়াছি আমি যার সেই হৈল প্রীতে॥—পু. ১০৩

এই ঠাকুরাণী পদ করিয়া আশ্রয়।
সেই আজ্ঞায় লিখি আমি হইয়া নিভ্য়।
আজ্ঞাবলৈ লিখি মোর নাহি অমুভব।
পুনঃ পুনঃ কহিলেন লিখিতে এ সব॥—পু. ১১৯

এই-সব উক্তি পড়িয়া মনে হয় গ্রন্থগানি খুব প্রামাণ্য। কিন্তু যেমন নন্দের আলয়ে কৃষ্ণ দিন দিন বাড়েন, তেমনি বৈঞ্বদের আলয়ে "প্রেমবিলাদ" দিন দিন বাড়িলেন। কান্দীর কিশোরীমোহন দিংহের নিকট যে প্রেমবিলাদের পুথি আছে তাহাতে ইতি "চান্দ রায় নিস্তার নামক ষোড়শ বিলাদ" পর্যান্ত বর্ণনা করিয়া গ্রন্থ শেষ করা হইয়াছে (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩০৮, পৃ. ৫২)। বিফুপুরের রাণী ধ্বজমণি পট্টমহাদেবী স্বহস্তে যে প্রেমবিলাদের পুথি লিখিয়াছিলেন তাহা সাহিত্য-পরিষদে রক্ষিত আছে। উহাতেও যোল বিলাদ পর্যান্ত বর্ণিত হইয়াছে (বাংলা প্রাচীন পুঁথির বিবরণ, ৩০০, পৃ. ৫৯, ৬১)। রামনারায়ণ বিভারত্ব মহাশয় প্রথম বাবে এই গ্রন্থ-প্রকাশের সময় অষ্টাদশ বিলাদ পর্যান্ত মুদ্রিত করেন। দ্বিতীয় সংস্করণে তিনি উনবিংশ ও বিংশ বিলাদ যোগ করিয়া দেন। তৎপরে যশোদানন্দন ভালুকদার সাড়ে চব্বিশ বিলাদযুক্ত এক সংস্করণ প্রকাশ করেন। আমি এই সংস্করণের পৃষ্ঠাদি উল্লেখ করিয়া প্রমাণাদি বিচার করিব।

"প্রেমবিলাসের" এক পুথির বিলাস বা পরিচ্ছেদ-বিভাগের সহিত অন্ত পুথির বিভাগ একরপ নহে; যথা—তালুকদারের সংস্করণের যেখানে অষ্টাদশ বিলাস সম্পূর্ণ (পৃ. ১৬৮), বিষ্ণপুরের রাণীর লেখা পুথিতে সেই স্থানে যোড়শবিলাস এবং গ্রন্থ সম্পূর্ণ। তালুকদারের সংস্করণের বিংশ বিলাসে শ্রীনিবাস ও নরোত্তমের শাখা-বর্ণনা ও গ্রন্থকারের নিম্নলিখিত পরিচয় আছে: মোর দীক্ষাগুরু হয় জাহ্না ঈশ্বরী।

যে রূপা করিলা মোরে কহিতে না পারি ॥
বীরচন্দ্র প্রভূ মোর শিক্ষাগুরু হয়।
আমারে করুণা তিঁহো কৈলা অতিশয়॥
মাতা সৌদামিনী পিতা আত্মারাম দাস।
অস্বষ্ঠ কুলেতে জন্ম শ্রীপণ্ডেতে বাস॥
আমি এক পুত্র মোরে রাখিয়া বালক।
মাতা পিতা দোঁহে চলি গেলা পরলোক॥
অনাথ হইয়া আমি ভাবি অনিবার।
রাত্রিতে স্বপন এক দেখি চমৎকার॥

বলরামদাস নাম পূর্ব্বে মোর ছিলা।
এবে নিত্যানন্দদাস শ্রীমৃথে রাখিলা।
নিজ পরিচয় আমি করিত্ব প্রচার।
গুরু কৃষ্ণ বৈষ্ণব পদে কোটী নমস্থার।
শ্রীজাহ্নবা বীরচন্দ্র পদে যার আশ।
প্রেমবিলাস কহে নিত্যানন্দ দাস।—পৃ. ২১৩

সাধারণতঃ দেখা যায় আত্মপরিচয় দিয়াই প্রাচীন বৈষ্ণব গ্রন্থ শেষ হয়।
ইহার পরও সাড়ে চারি বিলাস কি করিয়া লেখা হইল ব্ঝা কঠিন।
নিত্যানন্দদাস শ্রীনিবাস, নরোত্তম ও শ্রামানন্দের চরিতকথা লিখিবার উদ্দেশ্যে
গুরু জাহ্বা দেবীর আদেশে প্রেমবিলাস লেখেন বলিয়া প্রকাশ। তাহাতে
অহৈত, নিত্যানন্দ, গদাধর প্রভৃতি শ্রীচৈতন্তের সমসাময়িক ভক্তগণের জীবনী
ও বংশ-পরিচয় লেখার কোন সঙ্গত কারণ থাকিতে পারে না। বিশেষতঃ
দেখা যায় যে তালুকদারের সংস্করণের শেষ সাড়ে চারি বিলাস কুলজীশান্তে
পূর্ণ। বৈষ্ণবর্গণ কুলজীর প্রতি বিশেষ আকৃষ্ট ছিলেন না। এই-সব কারণে
"প্রেমবিলাসের" শেষ সাড়ে চারি বিলাস নিত্যানন্দদাসের রচনা বলিয়া
স্বীকার করা যায় না।

বিভারত্ব মহাশয়ের দিতীয় সংস্করণ প্রকাশিত হইবার অল্প দিন পরে, ১৩০৯ সালের ভাদ্র মাসে, নবদীপ, শান্তিপুর, কুনাবন, খড়দহ, জীরাট. কলিকাতা প্রভৃতির বৈষ্ণব পণ্ডিতগণ ঐ পুস্তকের শেষ ঘৃই বিলাস জাল প্রমাণ করিয়া একথানি পুস্তিকা প্রকাশ করেন। ঐ পুস্তিকার নাম "জাল প্রেমবিলাস"। উহার ভূমিকায় লিখিত হইয়াছে। "মূল গ্রন্থ চিবিশ বিলাসে বিভক্ত ছিল, তাহাকেই স্থাভ্যল করিয়া অষ্টাদশ বিলাসে পরিণত করা হয়।"

মূল গ্রন্থ হয়ত সত্যই চিকাশ বিলাসে বিভক্ত ছিল; কেন-না বাসবিহারী সাজ্যতীর্থ মহাশয় "বৈশুবসাহিত্য"-নামক প্রবন্ধে লিথিয়াছেন যে বাঁকুড়া জেলার ইন্দাস-নিবাসী মণীন্দ্রনাথ বিভারত্বের গৃহে ১৫৭৯ শক, ১৬৫৭ খ্রীষ্টাব্দের হস্ত-লিখিত সার্দ্ধ চতুর্বিংশতি বিলাস গ্রন্থ তিনি দেখিয়াছিলেন (কাশিমবাজার সাহিত্য-সন্মিলনের বিবরণ, পু. ১২)।

আমি তালুকদারের সংস্করণের সহিত বিফুপুরের রাণীর হাতে লেখা পুথি মিলাইয়াছি। তাহাতে বহু স্থানে মুদ্রিত গ্রন্থের সহিত পুথির গুরুতর প্রভেদ দেখিতে পাইয়াছি। রামনারায়ণ বিভারত্বের সংস্করণের সহিত অভাত পুথিব পার্থকা কেহ কেহ লক্ষ্য করিয়াছেন। ১০০৬ সালের "সাহিত্য" পত্রিকায় ঠাকুরদাদ দাদ মহাশয় লিথিয়াছিলেন, "আমাদের সংগৃহীত প্রেমবিলাদগুলির মধ্যে পরস্পর মিল আছে, কিন্তু (বহরমপুরে) মুদ্রিত গ্রন্থের সহিত তাহাদের আদে মিল নাই" (পৃ. ৬৬৯)। স্থপ্রদিদ্ধ বৈষ্ণব-সাহিত্যিক হারাধন দত্ত মহাশয় (৪০৮ চৈত্তাকে, ১৮৯৩ খ্রীষ্টাকে, ১৬ আখিন তারিথের বিফুপ্রিয়া পত্রিকায়) লিথিয়াছেন, "আমার বাড়ীতে ত্ইশত বংসরের অধিককালের হন্তলিপি যে একথানি প্রেমবিলাদ গ্রন্থ আছে, তাহার সহিত মুদ্রিত পুন্তকের অনেক স্থলে প্রসক্রের মিল নাই হুইতেই এই প্রেমবিলাদের নানা স্থানে নানা জনের কারিগিরি আছে। অতএব এই গ্রন্থ বিশেষ তলাইয়া পাঠ করা উচিত" (পৃ. ৬৮৯)। দত্ত মহাশয়ের এই সতর্ক-বাণী বিফল হইয়াছে।

শীনিবাস আচার্য্যের দ্বিতীয় পক্ষের স্ত্রী গৌরপ্রিয়া ঠাকুরাণীর শিষ্য গুরুচরণ দাস "প্রেমামৃত" নামে শ্রীনিবাস আচার্য্যের একখানি জীবনী লেখেন। সেই গ্রন্থে তিনি লিখিয়াছেন—

> নিত্যানন্দদাসের পদধ্লি শিরে নিল। তার গ্রন্থমতে লীলার অমুসার পাইল॥

অগ্রত্ত ---

জাহ্নবার আজ্ঞাবলে

निजानममाम किल

শেষ লীলার বিস্তার বর্ণন।

তাঁর স্ত্র মত লয়ে

গুরুপদ স্পর্শ পাঞা

গায় কিছু এ গুরুচরণ॥

( সাহিত্য-পরিষং-পত্রিকা, ১৩০৬, তৃতীয় সংখ্যা, পৃ. ২৬৩, গ্রন্থের অধিকারী শশিভূষণ ঠাকুর, দক্ষিণখণ্ড, পো. বনোয়ারীআবাদ, মুর্শিদাবাদ )

এই-সব বিবরণ পাঠ করিয়া বুঝা যায় যে "প্রেমবিলাস" নামে একখানি প্রাচীন গ্রন্থ ছিল। কিন্তু উহাতে বিন্তর প্রক্রিপ্ত অংশ স্থান পাইয়াছে। গ্রন্থথানি স্বপ্প-বৃত্তান্ত ও দৈববাণীতে পরিপূর্ণ। যিনি যথন যাহা স্বপ্পে দেখিয়াছিলেন তাহা কি কড়চা করিয়া লিখিয়া রাখিয়াছিলেন ও নিত্যানন্দদাস দেই-সমন্ত কড়চা সংগ্রহ করিয়া বই লিখিয়াছেন ? যদি এরূপও হইয়া থাকে তাহা হইলেও স্বপ্প-বৃত্তান্ত হইতে ইতিহাসের উপাদান সংগ্রহ করা চলে না। প্রেমবিলাসের প্রথম বিলাসে ৫টি, তৃতীয়ে ২টি, চতুর্বে ৫টি স্বপ্প ও শ্রীনিবাসের সহিত নিত্যধামগত অবৈতের সাক্ষাৎকার, পঞ্চমে ১টি, যুঠে ৩টি, নবমে ২টি স্বপ্প ও দৈববাণী, দশ্যে ২টি স্বপ্প, একাদশে ১টি, গ্রন্থোদশে ১টি ও চতুর্দ্ধশে ১টি স্বপ্প-বৃত্তান্ত স্বিস্তারে বর্ণিত হইয়াছে।

গ্রন্থানি পরস্পর-বিরোধী বাক্যে পরিপূর্ণ; যথা-প্রথম পৃষ্ঠাতেই:

নিত্যানন্দ প্রভ্কে গৌড়ে দিলা পাঠাইয়া।
তেঁহো গৌড় ভাসাইলা প্রেমভক্তি দিয়া॥
গৌড়দেশ হইতে যে যে বৈষ্ণব আইসে।
জিজ্ঞাসিলা মহাপ্রভু অশেষ বিশেষে॥
কেহ কহে গৌড়দেশে নাহি হরিনাম।
( সজ্জন হর্জ্জন লোকের নাহি পরিত্রাণ)॥ ( ছাপা পুথির পাঠ)
( কেহ কহে গৌর নাহি সঙ্গীর্ত্তন)। ( বিষ্ণুপুরের পুথির পাঠ)
কেহো কহে ভক্তি ছাড়ি আচার্য্য গোসাঞি।
মৃক্তিকে প্রধান করি লওয়াইলা ঠাঞি ঠাঞি॥
কেহো কহে মৃক্তি বিনা বাক্য নাহি আর।
মৃক্তি কহি কহি গোসাঞি ভাসাইল সংসার॥

যদি নিত্যানন্দ গোড়দেশকে প্রেমে ভাসাইয়া থাকেন, তাহা হইলে আবার অধৈত মৃক্তি কহিয়া সংসার ভাসান কিরূপে ?

প্রেমবিলাসের বর্ণনার উপর নির্ভর করিয়া কোন প্রকার কাল নির্দেশ করা নিরাপদ্ নহে। কয়েকটি দৃষ্টাস্ত দিতেছি।

(১) প্রেমবিলাদের ছাপা বই ও বিষ্ণুব্রের রাণীর হাতে লেখা পুথিতে আছে যে রুঞ্দাদ কবিরাজ চরিতামৃত চুরি গিয়াছে শুনিয়া রাধাকুণ্ডে বাঁপ দিয়া আত্মহত্যা করেন। এই বিবরণ যে সত্য হইতে পারে না, তাহা চরিতামৃতের বিচার অধ্যায়ে দেখাইয়াছি। এই স্থানে "প্রেমবিলাদের" বর্ণনায় কালানোচিত্য দোষ দেখাইব। চরিতামৃতে যখন "গোপালচম্পু"র উল্লেখ আছে, তখন ইহা ১৫৯২ খ্রীষ্টান্দের পূর্ব্বে কিছুতেই লেখা হইতে পারে না। ১৫৯২ খ্রীষ্টান্দের পরে লেখা বই সঙ্গে করিয়া শ্রীনিবাদ আচার্য্য যদি বঙ্গাদের মধ্যে তাঁহার তিন পুত্র বিবাহাদি করেন তাহা হইলে ১৬০১ খ্রীষ্টান্দের মধ্যে তাঁহার তিন পুত্র ও তিন কল্যার কি দীক্ষা-মন্ত্র গ্রহণ করার বয়দ হইতে পারে। প্রেমবিলাদের চতুর্বিংশ বিলাদে (পৃ. ৩০১) লিখিত আছে যে এই গ্রন্থ ১৫২২ শক ফাল্কন মাদে অর্থাৎ ১৬০১ খ্রিষ্টান্দে সমাপ্ত হয়; আর উহার বিংশ বিলাদে (পৃ. ২৬৪) আছে যে—

আচার্য্যের তিন পুত্রে তিনজনে। মন্ত্র প্রদান করিলেন আনন্দিত মনে॥

(২) "প্রেমবিলাস", "অমুরাগবল্লী" ও "ভক্তিরত্বাকরে" শ্রীনিবাস আচার্য্যের জীবনচরিত লিখিত হইলেও জাঁহার জীবনের প্রধান প্রধান ঘটনার কাল-নির্ণয় করা বড়ই কঠিন। "প্রেমবিলাদের" প্রথম বিলাদে দেখা যায় যে শ্রীচৈতক্ত পৃথিবীকে চৈতক্তদাদের খোঁজ জিজ্ঞাসা করিতেছেন। পৃথিবী তিন দিন পরে আসিয়া চৈতক্তকে বলিতেছেন—

> চাকন্দিতে বাস তাঁর অতি শুদ্ধাচার। তাঁর দেহে নাহি কিছু পাপের সঞ্চার॥ পুত্র নিমিত্তে পুরশ্চরণ আরম্ভিলা। জগলাথে রাখি তিঁহো অল্পকালে গেলা॥

এথায় চৈতন্তদাস বিপ্র পুরশ্চরণ করে।
শত পুরশ্চরণ কৈল গন্ধার সমীপে।
স্বপ্রচ্ছলে আজ্ঞা হৈল গৌর বর্ণরূপে।

স্বপ্র-দর্শনের পর চৈতত্যদাদের পত্নী লক্ষীপ্রিয়া বলিতেছেন—
আমার শরীরে দেখ মহাপুরুষ অধিষ্ঠান।

নানারূপ মঙ্গলের স্টনা দেখা গেল। তাহাতে কবি বলিতেছেন "গর্ভেতে প্রবেশ মাত্র এত ফল হৈল।" ইহা পড়িয়া মনে হয় যে প্রীচৈতন্তের প্রকট-কালেই শ্রীনিবাদের জন্ম হয়।

অনুরাগবলীর মতে শ্রীনিবাদ নীলাচল যাইবার সময়—
পথে যাইতে শুনি মহাপ্রভুর অন্তর্দ্ধান।
মৃচ্ছিতে পড়িয়া ভূমে গড়া গড়ি যান ॥—পৃ. ১৮
ভক্তিরত্নাকরেও অন্তর্মপ উক্তি পাওয়া যায়—
মনের আনন্দে শ্রীনিবাদের গমন।
কতদূরে শুনিল চৈতন্য সংগোপন ॥—পৃ. ১০০

১৫৩০ খ্রীষ্টান্দে শ্রীচৈতন্তের তিরোধান; শ্রীনিবাসের জন্ম ১৫১৮ খ্রীষ্টান্দের কাছাকাছি না হইলে তিনি শ্রীচৈতন্তের তিরোধানের অব্যবহিত পূর্বের পুরীর পথে একা চলিতে পারেন না। শ্রীযুক্ত পুলিনবিহারী দাস "বুন্দাবন কথায়" লিখিয়াছেন যে তিনি শ্রীনিবাস আচার্য্যের বংশধরদের গৃহে রক্ষিত পুথি হইতে জানিয়াছেন যে শ্রীনিবাস ১৫১৯ খ্রীষ্টান্দে জন্মগ্রহণ করেন ও ১৬০৩ খ্রীষ্টান্দে তিরোহিত হয়েন। জগদ্বরু ভদ্র মহাশন্ন "গৌরপদ-তরক্ষিণীর" ভূমিকান্ন (পৃ. ৪৫)১৪২৮ শকে, ১৫১৬ খ্রীষ্টান্দে তাঁহার জন্মকাল ধরিয়াছেন। যদি ১৫১৬ বা ১৫১৯ খ্রীষ্টান্দে শ্রীনিবাস জন্মগ্রহণ করিয়া থাকেন, তাহা হইলে তিনি তরুণ বয়সে বুন্দাবনে যাইলে সনাতন, রঘুনাথ ভট্ট ও শ্রীরূপের দর্শন পাইলেন না কেন ? শ্রীনিবাস বুন্দাবনে যাইতেই শুনিলেন—

প্রথমেই সনাতনের হৈল অপ্রকট।
তাহা বহি কতকদিন রঘুনাথ ভট্ট॥
শ্রীরূপ গোসাঞি তবে হইলা অপ্রকট।
শরীরে না রহে প্রাণ করে ছটফট॥—পঞ্চম বিলাস, পৃ. ৩১

অন্ত্রাগবল্লীতে (পৃ. ৪৯) ও ভক্তিরব্লাকরে (পৃ. ১৩০) অন্তর্রপ উক্তি আছে। সনাতন গোস্বামী অন্ততঃ ১৫৫৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত জীবিত ছিলেন; কেন-না শ্রীজীব লঘুতোষণীতে বলিয়াছেন যে ১৫৫৪ খ্রীষ্টাব্দে সনাতন বৃহৎ-বৈশ্ববতোষণী ও ১৫৭৮ খ্রীষ্টাব্দে শ্রীজীব লঘুতোষণী সমাপ্ত করেন। শ্রীনিবাস তাহা হইলে ১৫৫৪ খ্রীষ্টাব্দের পরে বৃন্দাবনে গিয়াছিলেন। সেই সময়ে তাঁহার বয়স ৩৬ বৎসরের বেশী হয়। কিন্তু বৃন্দাবনে যাওয়ার অব্যবহিত পূর্বের শ্রীনিবাসকে "বালক" বলিয়া বর্ণনা করা হইয়াছে (পঞ্চম বিলাস, পৃ. ২৭)।

শ্ৰীনিবাস কতদিন বুন্দাবনে বাস করিয়াছিলেন তাহা জানা যায় না। তবে তিনি যথন পাঠ সমাপ্ত করিয়া বুন্দাবন হইতে গোস্বামিশান্ত লইয়া বিষ্ণুপুরে আদিতেছিলেন তথন বীর হামির বিফুপুরের রাজা। নিখিলনাথ রায় মহাশয়ের মতে বীর হাম্বির ১৫৮৭ খ্রীষ্টাব্দে সিংহাসনে অধিরোহণ করেন ( বঙ্গবাণী, ১৩২৯, অগ্রহায়ণ )। হান্টারের মতে ১৫৭৬ খ্রীষ্টাব্দে বীর হাম্বিরের রাজ্যাধিরোহণ। কিন্তু এই মত আধুনিক গবেষকেরা গ্রহণ করেন নাই। ( রাধাগোবিন্দ নাথ---চরিতামৃত পরিশিষ্টে ৪।০ পূ., ডা. নলিনীকান্ত ভট্টশালীর মত )। শ্রীনিবাস ১৫১৬ বা ১৫১৯ খ্রাষ্টাব্দে জন্মগ্রহণ করিলে বিফুপুরে গ্রন্থ-চুরির সময় তাঁহার বয়দ সত্তর বংসবের উপর হয়। গ্রন্থ-চুরির কয়েক বংসর পরে শ্রীনিবাদের প্রথম বার বিবাহ হয়, তৎপরে দ্বিতীয় বার বিবাহ হয় ( সপ্তদশ বিলাস, পৃ. ১৩৭-৩৮)। এত বৃদ্ধ বয়দে শ্রীনিবাস বিবাহ করিয়াছিলেন ও তাঁহার ছয়টি পুত্র-কন্তা হইয়াছিল ইহা বিখাদ করা যায় না। তাহা হইলে শ্রীচৈতন্তের তিরোভাবের পূর্কে শ্রীনিবাস আচার্য্যের জন্ম হইয়াছিল এ কথা বিশ্বাস্থা নহে তাহা ৰুঝা যাইতেছে। রাধাগোবিন্দ নাথ মহাশয় অনেক বিচার করিয়া স্থির করিয়াছেন শ্রীনিবাসের জন্ম ১৪১৪-১৮ শকে বা ১৫৭২-৭৬ খ্রীষ্টাব্দে। যদি শ্রীনিবাস শ্রীচৈতত্ত্বের প্রায় ৪০ বংসর পরে জন্মগ্রহণ করিয়া থাকেন, তাহা হইলে প্রেমবিলাসে ও ভক্তিরত্নাকর-গ্রন্থে বর্ণিত তাঁহার সহিত গদাধর পণ্ডিত. নরহরি সরকার, বিফুপ্রিয়া, সীতাদেবী প্রভৃতির সাক্ষাৎকার অসম্ভব হয়। ফলত: কাল-বিচার করিতে গেলে প্রেমবিলাদ, অমুরাগবল্লী ও ভক্তিরত্বাকরের উক্তি অনেক হলেই পরস্পর-বিরোধী হয়।

প্রেমবিলাদের মতে সনাতনের অপ্রকটের চার মাস পরে শ্রীরূপের তিরোধান। এ কথাও সত্য নহে; কেন-না শ্রীরূলাবনে আঘাটী পূর্ণিমায় সনাতনের ও শ্রাবণ শুক্লা ধাদশীতে শ্রীরূপের তিরোভাব-উৎসব অমুষ্ঠিত হয়। বুন্দাবনদাস ঐতিচতন্তভাগবতে লিখিয়াছেন যে নিত্যানন্দ বাব বংসর বয়সে গৃহত্যাগ করেন, কিন্তু প্রেমবিলাদের মতে "চতুদ্দশ বর্ষ কৈল গৃহে গৃহে খেলা" (পৃ. ৩৮, সপ্তম বিলাস)। এইরূপ বহু দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। বস্তুতঃ প্রেমবিলাস সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে অর্থাৎ চরিতামৃত-রচনার পরে লিখিত হইলেও ইহার লেখক নিত্যানন্দদাস বিশেষ অনুসন্ধান না করিয়া অনেক কথা লিখিয়াছেন ও তাহার উপর অনেক দিন ধরিয়া প্রক্ষেপকারীদের অত্যাচার চলিয়াছে। অন্ত প্রামাণিক গ্রন্থের সমর্থন না পাইলে শুধু প্রেমবিলাদের কথার উপর নির্ভর করিয়া কোন সিদ্ধান্তে আসা নিরাপদ্ নহে।

Bhakti Ratnakar and Narottamvilas

#### ভক্তিরত্নাকর ও নরোত্তমবিলাস

"ভক্তির রাকর" নিষ্ঠাবান্ ভক্তদের নিকট শ্রদ্ধা পাইয়াছে। ইহার লেখক নরহ্রি চক্রবর্ত্তী। তাঁহার নামান্তর ঘমশ্যাম। তিনি নিজের পরিচয় দিতে যাইয়া লিখিয়াছেন—

> বিশ্বনাথ চক্রবন্তী সর্ব্যক্ত বিখ্যাত। তাঁর শিশ্য মোর পিতা বিপ্র জগন্নাথ। না জানিকি হেতু হৈল মোর ছই নাম। নরহরিদাস আর দাস ঘনশ্যাম।

গ্রন্থানি "অনুরাগবল্লী"র পরে লিখিত; কেন-না ইহাতে (১৪১ ও ১০১৮ পূষ্ঠার) অনুরাগবল্লীর প্রমাণ উদ্ধৃত হইরাছে। অনুরাগবল্লী ১৬৯৬ খ্রীষ্টাব্দে লিখিত। বিশ্বনাথ চক্রবর্তী ১৭০৫ খ্রীষ্টাব্দে লাগবতের টীকা-রচনা সমাপ্ত করেন। সেইজন্ম অনুমান করা যাইতে পারে যে অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে "ভক্তিরত্বাকর" রচিত হইয়াছিল।

"ভক্তির রাকরের" লেথক বৃন্দাবনের গোবিন্দজীর মন্দিরে স্থপকার ছিলেন বলিয়া প্রবাদ। তিনি যে ব্রজমণ্ডলের ভৌগোলিক বিবরণ-সম্বন্ধে বিশেষজ্ঞ ছিলেন তাহা তাঁহার লিখিত শ্রীনিবাসাদির বৃন্দাবন-পরিক্রমা-বর্ণনা হইতে জানা যায়। তিনি তৎকালে ব্রজমণ্ডলের প্রচলিত সমস্ত বৈঞ্ব-গ্রন্থ

১ বরাহনগণ গ্রন্থ-মন্দিরে "ভক্তিরত্বাকরের" যে পুণি আছে, উহা আনন্দনারায়ণ মৈত্র ভাগবতভূষণ মহাশয় ১২৬৪ সালের ২৪এ কার্ত্তিক নকল করিতে আরম্ভ করিয়া ২৬এ পৌষ শেষ করেন। রামনারায়ণ বিভারত্ব মহাশয় ১২৯৫ সালে এই গ্রন্থ প্রকাশ করেন।

ও পুরাণাদি পাঠ করিয়াছিলেন। ঐ-সমন্ত গ্রন্থ হইতে তিনি নানা স্থানে প্রমাণাদি উদ্ধার করিয়াছেন। তিনি এমন গ্রন্থের নাম করিয়াছেন যাহা এখন পাওয়া যায় না; যথা—(১) গোবিন্দ কবিরাজ-কৃত "সঙ্গীত-মাধবনাটক" (১৭, ১৯, ২০, ৩৩, ৩৪ পৃষ্ঠায় উদ্ধৃত), (২) রাধাকৃষ্ণ গোস্বামীর "সাধনদীপিকা" (৮৯, ৯২, ১৩৮ পৃষ্ঠায় উদ্ধৃত), (৩) নৃসিংহ কবিরাজ-কৃত "নবপত্ত" (১০১, ১৩৫ পৃষ্ঠায় উদ্ধৃত), (৪) গোপাল গুরু-কৃত "পত্ত" (৩১২ পৃষ্ঠায় উদ্ধৃত), (৫) বেদগর্ভাচার্য্য-কৃত "পত্ত" (১২৭ পৃষ্ঠায় উদ্ধৃত)। বৃন্দাবনের বিশুদ্ধ বৈফ্র-মণ্ডলীতে যে-সমস্ত কিংবদন্তী প্রচলিত ছিল তাহাও নরহরি চক্রবর্ত্তী সংগ্রহ করিয়াছেন। এই তৃই কারণে ভক্তিরত্রাকর ঐতিহাসিকের নিকট শ্রন্ধা পাইবার যোগ্য।

কিন্ত ষোড়শ শতান্দীর ঘটনা অষ্টাদশ শতান্দীতে বর্ণিত হইলে ঐ বর্ণনার পুঙ্খাহ্মপুঙ্খ তথ্যসমূহ নির্কিচারে সত্য বলিয়া মানা যায় না। নরহরি অনেক স্থলেই এক অজ্ঞাতকুলশীল বৃদ্ধ প্রাক্ষণের মুখ দিয়া প্রাচীন বিবরণ বলাইয়াছেন; যথা---

একাদশ তরঙ্গে আছে যে জাহ্না দেনী তাঁহার পিতৃব্য ক্লফদাস সারথেল ও নিত্যানন্দ-শিশু মুরারি চৈত্যুদাস, রঘুপতিবৈত্য উপাধ্যায় প্রভৃতির সহিত একচাকা গ্রামে যাইয়া এক শতাধিক-বর্গ-বয়স্থ বৃদ্ধের সাক্ষাৎ পাইলেন। তিনি নিত্যানন্দের বাল্যজীবন বর্ণনা করিলেন। ঐ বৃদ্ধ নিত্যানন্দের পিতামহ, অর্থাৎ হাড়ো পণ্ডিতের পিতার নাম শ্বরণ করিতে পারিলেন না; যথা—

এই গ্রামে ছিলা এক বিপ্র পুণ্যবান্। ওঝা খ্যাতি জানি মনে নাই তান নাম।—পৃ. ৬৮৪

ঐ ব্রাহ্মণ বলিতেছেন যে তিনি বাল্যকালে নিত্যানন্দের পিতামহকে দেখিয়াছিলেন। শ্রীনিত্যানন্দের পিতার সহিত পদ্মাবতীর বিবাহ বর্ণনা করিলেন। কিন্তু নিত্যানন্দের মাতামহের নাম করিলেন না। উক্ত বিবরণে একটি নৃতন সংবাদ পাওয়া যায় যে নিতাইয়ের একজন কনিষ্ঠ ভ্রাতা ছিলেন (পৃ. ৬৯১)

ষাদশ তরঙ্গে আছে যে শ্রীনিবাস নবদীপের অন্তর্গত মায়াপুরে ভ্রমণ করার সময়— আইদেন এক বৃদ্ধ বিপ্র ধীরে ধীরে॥ তাঁরে প্রণমিয়া অতি স্বমধুর ভাসে।

সেই ব্রাহ্মণ শ্রীচৈতন্তের জীবনী ও লীলাস্থলী বর্ণনা করিলেন। উক্ত বর্ণনা লইয়া ভক্তিরত্নাকরের ৭২০ হইতে ১০০০ পৃষ্ঠা পর্যাস্ত লিখিত হইয়াছে। নরহরি-কথিত শ্রীচৈতন্তের জীবনীতে এমন কোন তথ্য নাই যাহা মুরারি, বুন্দাবনদাদ ও রুফ্দাদ কবিরাজ লেখেন নাই।

কাটোয়ার ও থেতরীর মহোংসবে শ্রীচৈতত্যের সমসাময়িক অনেক ভক্ত উপস্থিত ছিলেন বলিয়া "ভক্তিরত্নাকরে" বর্ণিত হইয়াছে। ঐ নামের তালিকা দেখিয়া অনেকে শ্রীচৈতত্যের পরিকরগণের জীবনকাল নির্দ্দেশ করেন। কিছু কাটোয়া ও থেতরীর মহোংসব যথন হইয়াছিল, তথন কে কে উপস্থিত ছিলেন, তাহা কি কেহ লিপিবদ্ধ করিয়াছিলেন ? যদি এরপ তালিকা হইতে নরহরি নাম-সংগ্রহ করিতেন তাহা হইলে তিনি উহা উল্লেখ করিতেন। যদি এরপ তালিকা তিনি না পাইয়া থাকেন, তাহা হইলে ঐ বিষয়ে তাঁহার নিজের বর্ণনার উপর কতগানি নির্ভর করা যায় ? শ্রীনিবাসের জীবনী-বর্ণনায় তিনি পরস্পর-বিরোধী উক্তি করিয়াছেন; তাহার দৃষ্টাস্ত "প্রেমবিলাসের" বিচার-প্রসক্ষে দিয়াছি। নরহরি চক্রবর্ত্তী শ্রীচৈতত্যের পরিকর-সম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা কিংবদন্তী-হিসাবে গ্রহণ করাই মুক্তিসঙ্গত।

নরহরি চক্রবর্ত্তী "নরোত্তমবিলাদে" নরোত্তম ঠাকুর মহাশয়-সম্বন্ধে এরূপ অল্প কথাই বলিয়াছেন, যাহা ভক্তিরত্বাকরে বর্ণিত হয় নাই। এই গ্রন্থ পাঠেও ধারণা জন্মে যে শ্রীনিবাদ ও নরোত্তম শ্রীচৈতত্যের জীবনকালে জন্মগ্রহণ করিয়াছিলেন। শ্রীনিবাদ দিতীয় বার নীলাচলে যাইবার পথে শুনিলেন যে গদাধর পণ্ডিতের তিরোধান ঘটিয়াছে। তাহা শুনিয়া তিনি গৌড়দেশে ফিরিয়া আসিলেন। তারপর—

প্রভাতে ব্যাকুল হৈয়া চলে গৌড় পথে।
তথা ভেট হৈল গৌড়দেশী লোক সাথে॥
প্রভূ নিত্যানন্দ অধ্বৈতের সঙ্গোপন।
তা সভার ম্থে শুনি হৈলা অচেতন॥—বিতীয় বিলাস, পৃ. ১২

এই বর্ণনা পাঠ করিয়া মনে হয় যে বৈষ্ণব-সমাজে কিংবদন্তী ছিল ষে

শ্রীচৈতন্মের তিরোভাবের হুই-এক বংসরের মধ্যেই গদাধর পণ্ডিত, অদ্বৈত ও নিত্যানন্দের তিরোধান ঘটে।

নরোত্তমবিলাদের ঐতিহাসিক মূল্য ভক্তিরত্বাকরের তুল্য।

Abhiram Lilamrita

## অভিরাম লীলামৃত

এই গ্রন্থানি নিত্যানন্দের পার্যদ অভিরাম রামদাদের জীবনী। ৪০৯ গোরান্দে প্রসন্নকুমার গোস্বামী নামক একজন উচ্চ ইংরাজি বিভালয়ের শিক্ষক ইহা সংকলন করেন। গোস্বামী মহাশয় অভিরামের শিশ্য রামদাসকে গ্রন্থের লেখকরূপে উপস্থিত করিয়াছেন; যথা—

শ্রীচৈতন্য অভিরাম পদে যার আশ। অভিরাম লীলামত কহে রামদাস ॥—পু. ১৬

প্রচলিত বৈফ্বীয় বীতি-অনুসারে রামদাস বলিতেছেন—

অতএব যত লীলা করি যে বর্ণন। আপনি লিখান মোকে করিয়া যতন॥—পৃ. ২৪

আবার নিত্যানন্দের স্বপ্লাদেশে গ্রন্থ লিখিবার কথাও আছে ; যথা---

অভিরাম দেহে সদা চৈত্য বিলাস।
প্রভু নিত্যানন্দ মথে শুনিত নির্য্যাস ॥
এক দিন আমি গৃহে করিয়া শয়ন।
আধ আধ নিদ্রা মোর কৈল আকর্ষণ ॥
হেনকালে নিত্যানন্দ কহেন আসিয়া।
অভিরাম লীলা লেখ এখন উঠিয়া॥—পৃ. ২৪

গ্রন্থের সম্পাদক কোন প্রাচীন পূথি পাইয়া গ্রন্থ প্রকাশ করিয়াছেন কি না জানান নাই। লেগার ভঙ্গি দেখিয়া মনে হয় যে কতকগুলি কিংবদন্তী সংগ্রহ করিয়া তিনি নিজেই বইখানি লিখিয়াছেন। এইরূপ অনুমানের কারণ এই:—

- (১) যদি অভিরামের শিশু রামদাদ এই বই লিখিতেন তাহা হইলে তিনি নিজ গুরুর সহিত জয়দেবের সাক্ষাংকারের কথা লিপিবদ্ধ করিতেন না (পূ. ২৫)।
- (২) গ্রন্থানিতে বর্ণিত আছে যে মালিনী ঘ্রনগৃহে প্রতিপালিত হইয়া-ছিলেন; অভিরাম তাঁহাকে স্নানের ঘাট হইতে তুলিয়া লইয়া আসিলেন

(পৃ. ৩২)। এইচতন্ত সকল বৈষ্ণবকে বুঝাইয়াছিলেন যে মালিনী অভিরামের শক্তি; যথা—

তথন চৈততা পুন করেন বিনয়। অভিরাম শক্তি কতা। জানিহ নিশ্চয়॥---পৃ. ৫১

এই কথা শোনার পর দাদশ গোপাল ও চৌষট মহাস্ত মালিনীর হাতে খাইলেন। শ্রীচৈতত্তার সমসময়ে যে দাদশ গোপাল ও চৌষট মহাস্ত নির্ণীত হয় নাই তাহার প্রমাণ শ্রীচৈতত্তার পরিকরগণের পরিচয়দান-প্রসঙ্গে দেখাইব।

(৩) বাঙ্গাল ক্র্দ্রুদাস নামে অভিরামের এক শিশু শ্বোভালুকে গোপীনাথের সেবা প্রকাশ করেন। গোপীনাথের বেশ করাইবার ভার যে ব্রাহ্মণের উপর ছিল তিনি এক নারীকে দেখিয়া মোহিত হয়েন। তারপর—

> নারীপাশে পিয়া তেঁহ বলেন বচন। বিবস্তা হইয়া তুমি দাঁড়াও এথন॥---পু. ৬৯

নারীর নিরাবরণ রূপ দেখিয়া উক্ত বিপ্র বেচ্ছায় নিজের চক্ষু নই করিয়া ফেলিলেন। এই কাহিনীটি স্থরদানের গল্পের বিকৃত রূপ মাত্র।

(৪) অবৈত যথন পূরীতে শ্রীচৈতত্তের নিকট ছিলেন সে সময়ে "অচ্যুত বিয়োগে সীতা সংশয় জীবন" (পৃ. ৬৮)। শ্রীচৈতত্ত বা অবৈতের জীবনকালে অচ্যুতের তিরোধান ঘটে নাই; স্থুতরাং এই উক্তি কাল্পনিক।

"অভিরাম লীলামৃতের" কোন কথার উপর সম্পূর্ণ আন্থা স্থাপন করা কঠিন। অভিরাম দাস শ্রীচৈতত্তার পরিকরগণের মধ্যে প্রাধান্ত লাভ করিয়া-ছিলেন ও অলৌকিক যোগবিভৃতিসম্পন্ন ছিলেন সন্দেহ নাই। Chapter 14

Sri Chaitanya's description by devotees of Odisha

# উড়িয়া ভক্তদের মুখে শ্রীচৈতন্য-কথা * প্রাক্-চৈতন্য যুগে উড়িয়ায় বৈষ্ণব-ধর্মের ত্বইটি ধারা

শ্রীচৈতত্তের পুরী যাওয়ার পূর্কেও উড়িগ্যায় বৈক্ষব-ধর্মের প্রচার ছিল।
তথায় প্রাক্-চৈতন্ত যুগের বৈক্ষব-ধর্মের হুইটি ধারার নিদর্শন পাওয়া যায়।
একটি রাধাক্ষককে আশ্রয় করিয়া বিশুদ্ধ ভক্তিধর্ম, অপরটি বৃদ্ধরূপী জগনাথের
প্রতি জ্ঞানমিশা ভক্তি। এই হুইটি ধারাকে শ্রীচৈতন্ত আত্মসাৎ করিয়া
লয়েন; কিন্তু দিতীয় ধারাটি গৌড়ীয় বৈক্ষব-ধর্মের অন্তর্ভুক্ত না হুইয়া
কিছুকাল স্বাতন্ত্র্য রক্ষা করিয়াছিল। পরে শ্রীনিবাদ, নরোত্তমের সহ্চর
শ্রামানন্দ ও তাঁহার শিশ্য রিদিকানন্দ ব্রজমণ্ডলে উহুত ভক্তিবাদ উড়িগ্যায়
প্রচার করেন।

শ্রীচৈতত্যের নীলাচলে গমনের পূর্বের উড়িয়ায় যে শ্রীকৃষ্ণ-উপাদনা প্রচলিত ছিল তাহার কয়েকটি নিদর্শন পাওয়া যায়। রেমনার গোপীনাথের মন্দির উক্ত উপাদনার একটি প্রধান কেন্দ্র ছিল। মাধবেন্দ্রপুরী গোপীনাথকে দর্শন করিয়া ভাবাবিষ্ট হইয়াছিলেন। প্রতাপক্ষদ্রের পিতা পুরুষোত্তমদেব-কর্ত্বক লিখিত ছয়টি শ্লোক শ্রীরূপ গোস্বামী প্রভাবলীতে সঙ্গলন করিয়াছেন। ইহার মধ্যে একটি শ্লোক উদ্ধার করিলেই দেখা যাইবে যে শ্রীচৈতত্যের পূর্বের গোপীপ্রেমের বার্ত্তা উড়িয়ায় অজ্ঞাত ছিল না। শ্লোকটি এই:

গোপীজনালিঞ্চিত-মধ্যভাগং
বেণুং ধমন্তং ভূশলোলনেত্রম্।
কলেবরে প্রস্টে-রোমবৃন্দং
নমামি রুষ্ণং জগদেককন্দম্॥—২১৩

* পঞ্চম অধারে মাধব পট্টনায়কের উড়িয়া বই চৈতজ্ঞবিলাস আলোচনা করিয়া, দশম অধারে শ্রীচৈতজ্ঞের কথাযুক্ত অক্তান্ত উড়িয়া বইয়ের আলোচনা করার কারণ ছইটি,—প্রথমতঃ মাধবের গ্রন্থ মৌলিক কি অনুবাদ সে সম্বন্ধে নিঃসংশয় হইতে পারি নাই; দ্বিতীয়তঃ লোচনের সহিত তুলনার স্থবিধার জন্তু মাধবের গ্রন্থ চৈতক্তমঙ্গলের পরে আলোচনা করিয়াছি।

প্রিটেত ন্তারিতামৃত হইতে জানা যায় যে প্রিটেত ন্তার রূপা পাওয়ার প্রেই রায় রামানন্দ বৈশ্ববীয় সাধনতত্বে অভিজ্ঞ ছিলেন। তাঁহার "জগন্ধাথ-বল্লভ নাটকে" প্রিটেত ন্তার প্রতি নমক্রিয়া বা বন্দনা কিছুই নাই। তাহাতে অহ্মান হয় যে প্রিটেত ন্তোর দর্শন পাওয়ার প্রেই তিনি ঐ নাটক লিখিয়াছিলেন। জগন্নাথবল্লভ নাটকে রাগান্ত্র্গা ভক্তি ও প্রীরাধার ভাববৈচিত্র্যা অনেষ নৈপুণ্যের সহিত বণিত হইয়াছে। স্বতরাং সিদ্ধান্ত করা যাইতে পারে যে প্রীটেত ন্তোর পূর্বেষ উৎকলে প্রেমধর্মের একটি ধারা বর্ত্ত্রমান ছিল।

রায় রামানন্দ শ্রীচৈতন্তকে "পহিলহি রাগ নয়নভঙ্গ ভেল" গীতটি শুনাইয়াছিলেন। এইটি যে রায় রামানন্দের রচনা তাহা কবিকর্ণপূর মহাকাব্যে ও রুঞ্চদাস কবিরাজ চরিতামুতে বলিয়াছেন। রায় রামানন্দের লেখা ব্রজবৃলির পদ দেখিয়া মনে হয় যে তিনি বিভাপতির পদাবলী পাঠ করিয়াছিলেন।

উড়িয়ার অনেক বৌদ্ধ হিন্দুধর্মের আশ্রয় গ্রহণ করেন; কিন্তু তাঁহারা বৌদ্ধপ্রভাব হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইতে পারেন নাই। জগন্নাথদেবই বুদ্ধদেব, এই বুদ্ধিতে ইহারা জগন্নাথের শ্রীবিগ্রহে ভক্তিশীল হয়েন। ইহারা বলেন "হৃষ্ণতের দমনের জন্ম" ঐক্লিফ্ট বৃদ্ধরূপে জগন্নাথ নামে অধিষ্ঠিত হইয়াছেন। (জগন্নাথদাদের "দাক্ত্রন্ন", ও অচ্যুতের "শৃত্যসংহিতা", ৩০ অধ্যায় ড্রন্টব্য।) ইহাদের গ্রন্থাদি পাঠ করিলে দেখা যায় যে ইহারা "যন্ত্র"-সাহায্যে নিরাকার এবং "পিগুব্রহ্মাণ্ডস্থিত" ব্রহ্মের উপাসনা করিতেন; কিন্তু তৎসঙ্গে রাধাক্ষেরে পূজা ও বত্তিশ-অক্ষর মন্ত্র জপও করিতেন। এইরূপ মতবাদ জগলাথদাদের "রাসক্রীড়া", বলরামদাদের "বট অবকাশ" ও "বিরাট্ গীতা", যশোবস্তদাদের "শিব স্বরোদয়" এবং অচ্যুতের "অনাকার সংহিতা" ও "শৃত্যসংহিতা"র প্রচারিত হইয়াছে। দিবাকরদাসের "জগন্নাথ-চরিতামৃতে" ১ দেখা যায় যে জগলাথদাদের শ্রীমদ্ভাগবত পাঠ শুনিয়া শ্রীচৈততা মুগ্ধ হইয়াছিলেন ( দিতীয় অধ্যায় )। তাহ। হইলে প্রমাণিত হইতেছে যে ইহারা শ্রীমদ্ভাগবতকেও আদর করিতেন। এই সম্প্রদায়ের পাঁচজন ব্যক্তি প্রাধান্ত Pancha sakha of Odisha
লাভ করিয়া পঞ্চপথা নামে পরিচিত হইয়াছেন। ইহাদের নাম—জগন্ধাথদাদ, বলরামদাদ, অচ্যুতানন্দ, অনস্ত ও ধশোবস্তদাদ। ইহাদের প্রত্যেকেই

১ জগরাণ-চরিতামূতে উড়িয়া ভাগবতের লেথক জগরাথদানের জীবনী বর্ণিত হইয়াছে।

উড়িয়া ভাষায় গ্রন্থ লিথিয়া যশস্বী হইয়াছেন ও শ্রীচৈতত্ত্বের কুপা পাইয়াছেন। যশোবন্তের প্রশিশ্ব সুদর্শনদাস "চৌরাশী আজ্ঞা"-নামক অপ্রকাশিত পুথিতে > লিথিয়াছেন—

> চৈত্তত্য বোলন্তি বচন পঞ্চ আত্মাক নাম শুন একে জগরাথ দাদেন।। দিতীয়ে বলরাম কহি চতুর্থে যশোবস্ত কহি

মন দেই শুন রাজন। তৃতীয়ে অনস্ত যে হই। পঞ্চমে অচ্যুত বোলই॥

-- ९२ व्यक्षांग्र

#### পঞ্চসখা

অচ্যতানন্দ পঞ্চথার সহিত শ্রীচৈতত্তের ঘনিষ্ঠতার কথা লিথিয়াছেন; যথা-

> বৈক্ষবমণ্ডলী খোলকরতাল বজাই ৰোলস্থি হরি। চৈত্ত ঠাকুর মহানৃত্যকার দণ্ডকম গুলুধারী॥ অনন্ত অচ্যুত ঘেনি ষশোবন্ত বলরাম জগনাথ। এ পঞ্চ স্থাহিঁ নতা করি গলে গৌরাঙ্গচন্দ্র সঙ্গত॥ —শ্রুদংহিতা, ১ম অধ্যায়

তিনি আরও লিখিয়াছেন যে শ্রীচৈতকোর আজায় দনাতন গোস্বামী তাঁহাকে উপদেশ দিয়াছিলেন; যথা-

> শ্রীসনাতন গোগাইকি চাহিণ আজা দেলে শচীস্থত। অচ্যতানন্দক্ষু তুল্জে উপদেশ কর হে যাই বরিত। আজ্ঞা পাই খ্রীদনাতন গোসাই সঙ্গে স্থাথ ঘেনি গলে। দক্ষিণ পারুণ বটমূলে বসি কর্ণ উপদেশ দেলে॥

> > —শূত্যসংহিতা, গ্রন্থারস্ত

এ সম্বন্ধে ক্লফলাস কবিরাজ চরিতামতে কোন বিবরণ লেথেন নাই। কিস্ক অচ্যুতের নিজের কথা অবিশ্বাস করিবার কোন কারণ দেখি না।

১ ঐ পুণি কটকের অধ্যাপক রায় সাহেব আর্ত্তবল্লভ মহান্তির নিকট আছে।

ঈশ্বদাসের "চৈত্মভাগবতের" অপ্রকাশিত পুথিতে পাওয়া যায় যে জগরাথ দেব (বিগ্রহ) অচ্যতকে স্বপ্নাদেশ দিলেন যে তিনি যেন শ্রীচৈতল্মের निकर मौका গ্রহণ করেন; यथा--

> বোলস্তি প্রভূ ভগবান বৌদ্ধরূপমে৷ চৈড্যু তাঙ্ক চরণ সেবা কর চৈতন্য গুরু অঙ্গ হই শোন অচ্যত মো বচন

ভক্তিক পথঙ্গ আবোর এহি স্বরূপ শ্রীচৈতন্ত এ পরমহংস দীক্ষা ঘেন নাম প্রকাশ করিবই टिठ्या ठीक मौका (घन ॥

—শূতাসংহিতা, ৬ অধ্যায়

অচ্যুতের শূত্যসংহিতা ও ঈশ্বরদাদের "চৈত্যভাগবত" মিলাইয়া পড়িলে মনে হয় যে অচ্যুত প্রথমে শ্রীচৈতত্তের নিকট দীক্ষা লইতে গিয়াছিলেন। কিন্তু শ্রীচৈতক্য তাঁহাকে সনাতন গোসামীর নিকট দীক্ষা লইতে বলেন।

অচ্যতাননের পিতার নাম দীনবরু খৃটিয়া, মাতার নাম পদাবতী। ইহারা জাতিতে গোয়ালা। অচ্যুত কটক জেলার অন্তর্গত ত্রিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। গোপাল মঠ ইহার দারাই প্রতিষ্ঠিত হয়। উড়িয়ার গোয়ালা জাতির অধিকাংশই এই মঠের শিশু।

ঈশ্বদাসের মতে বলরামদাদ চন্দ্রপুরে জন্মগ্রহণ করেন। তাঁহার পিত। সোমনাথ মহাপাত্র রাজার একজন পাত্র বা অমাত্য ছিলেন। শ্রীচৈতক্ত সন্ন্যাস গ্রহণ করিয়। যাজপুর হইতে কটকে আদিবার পথে তাঁহার সহিত মিলিত হয়েন। বলরামদাদ ঐটচততার নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন; यथ!-

শুনিণ বলরামদাস

রামতারক পরমবন্ধ কহিলে কর্ণে শ্রীচৈত্য। মনরে হোইল হরষ॥

—क्रेयतमाम, टेठ. ভा., se ७ ৫२ व्यक्षाय

বলরামদাস জগমোহন রামায়ণ লিখিয়া স্থপ্রসিদ্ধ হইয়াছেন। দিবাকরদাস লিখিয়াছেন যে বলরাম অহকণ ঐতিচততার নিকট থাকিয়া প্রভুর সেবা করিতেন ( জগন্নাথচরিতামৃত, ২য় অধ্যায় )।

তিনি আরও লিথিয়াছেন যে জগলাথদাদের ভাগবত-পাঠ ভনিয়া

শ্রীচৈততা এতই আনন্দিত হইয়াছিলেন যে তাঁহার সহিত আড়াই দিন আলিঙ্গনে বদ্ধ ছিলেন। প্রভু জগন্নাথদাসকে মন্ত্র দিবার জতা বলরামদাসকে অন্থরোধ করেন। তথন জগন্নাথের বয়স চব্বিশ বংসর। স্থতরাং জগন্নাথ শ্রীচৈতত্যের প্রায় সমবয়সী। জগন্নাথ প্রাতঃকালে প্রভুর মূখ ধোয়াইয়া দিতেন ও সেবা করিতেন (তৃতীয় অধ্যায়)। জগন্নাথদাসের ভাগবত উড়িয়ার সর্ব্বর আদৃত ও সন্মানিত হয়। ইনি পুরীতে স্বামিমঠ প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইহার প্রভাব-সম্বন্ধে তারিণীচরণ রথ "উৎকল সাহিত্যের ইতিহাসে" লিখিয়াছেন—"সেই ধর্মর স্থাপয়িতা ভক্ত কবি জগন্নাথদাস ও মহাত্মা শ্রীচৈতত্য অটন্তি। এ উভয় মিলি উৎকলবাসীক্ষ হৃদয় প্রগাঢ় ভক্তিও প্রেম রসর সঞ্চার করি যাই থিলেব।"

ঈশ্বদাস বলেন যে অনস্ত মহান্তি (দাস) কোণারকে সূর্য্য দেবের নিকট স্বপ্নাদেশ পান যে তাঁহাকে শ্রীচৈতন্তের নিকট দীক্ষা লইতে হইবে। কোণারকেই তিনি শ্রীচৈতন্তের দর্শন লাভ করেন ও তাঁহার রূপা প্রার্থনা করেন। শ্রীচৈতন্ত অনস্থকে দীক্ষা দিবার জন্ত নিত্যানন্দকে অন্থরোধ করেন; যথা—

> চৈতন্ত প্রভূ আজ্ঞা দেই শুন নিত্যানন্দ গো ভাই। অনস্থ উপদেশ কর হরিনাম দীক্ষা সার॥—৪৬ অধ্যায়

যশোবস্ত জগন্নাথ-বিগ্রহের স্বপ্লাদেশ পাইয়া ঐচৈতত্তের নিকট দীক্ষা গ্রহণ করেন (৪৬ অধ্যায় )।

পঞ্চপথা শ্রীচৈতন্তের রূপা পাইয়াছিলেন, এ কথা সত্য। ইহাদের সম্বন্ধে গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যে কোন বিবরণ পাওয়া যায় না বটে, কিন্তু তাই বলিয়া এই পাঁচজন মহাপুরুষ ও তাঁহাদের শিয়েরা এ সম্বন্ধে মিথ্যা কথা বলিয়াছেন এরূপ সন্দেহ করিবার কোন হেতু নাই। ইহারা পূর্বে বৌদ্ধভাবাপন্ন ছিলেন; শ্রীচৈতন্তের রূপাপ্রাপ্তির পরও ব্রজ্ঞের প্রেমধর্ম্ম সম্পূর্ণরূপে গ্রহণ করেন নাই। অচ্যুত তাঁহার মতবাদ নিম্নলিখিতভাবে প্রকাশ করিয়াছেন—

কহিলি মুঁ শৃত্যমন্ত্র যন্ত্র করতাদ।
তিপি মানে জয় জয় ফলে যে প্রকাশ॥

দেখিলে যে শৃত্যবন্ধ স্বয়ং জ্যোতি হোই।
ঘটে ঘটে বিজে এহি শৃত্য কায়া গেহী॥
স্থাবর জন্ধম কীট পতন্ধাদি যেতে।
শৃত্য কায়া শৃত্য মন্ত্ৰ বিজে ঘটে ঘটে॥
শৃত্য কায়াকু যে নিরাকার যন্ত্ৰ সার।
ভলা দয়াকলে দীর্ঘ জনত্ব সাদর॥

—শ্তাদংহিতা, ১০ অধ্যায়

১৯২০ খ্রীষ্টাব্দে আমি পুরীর মৃক্তিমণ্ডপ গ্রন্থাগারে "কৃষ্ণ-প্রেমরসচন্দ্রতন্তবভক্ত-লহরী" বা "শ্রীচৈতন্ত-সার্কভৌম-সংবাদ" নামক একগানি তন্ত্র-জাতীয়
গ্রন্থের পুথি পাই। পুথিধানি একমুঠা হস্তপরিমিত তালপাতায় লেখা;
প্রতি পৃষ্ঠায় চার পঙ্কি করিয়া লেখা আছে। ৮৫খানি পাতায় ও ১২টি
প্রকরণে গ্রন্থানি সমাপ্ত। ইহা উড়িয়া অক্ষরে সংস্কৃত ভাষায় লিখিত; কিন্তু
ইহার প্রতি শ্লোকে অসংখ্য ভূল। পুথিখানি কলিকাতায় লইয়া আমি
ডা দীনেশচন্দ্র সেন, অম্ল্যচরণ বিল্লাভ্ষণ, রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রভৃতিকে
দেখাই। তাঁহারা প্রত্যেকেই বলেন যে পৃথির লেখা অন্ততঃ ২৫০ বংসরের
প্রাচীন। ইহা কোন বৌদ্ধ-গন্ধী শ্রীচৈতন্ত্র-ভক্তের রচনা বলিয়া মনে হয়।
ইহার প্রথম কয়েকটি শ্লোকেই শ্রুবাদের কথা আছে।

#### সার্বভৌম উবাচ---

ব্রহ্মপ্ত কিমরূপস্ত ব্রহ্মো বা প্রমোপর। ব্রহ্মরূপ ন জানামিঃ কথয়স্বি মহাপ্রভো॥

#### শ্রীচৈতগ্রচন্দ্র উবাচ---

ব্রহ্মশ্র দর্বদেবস্থা কিট ব্রহ্ম-সমানাচঃ।
তথা বিভেদরূপশ্র ক্ষুত্ত্ব সার্বভৌমঃ॥
শ্রুব্রহ্ম যথা ববিঃ তদ্বং শ্রীততপ্রভূ।
আত্মাদেহ সমানসঃ যুতহ্বাসং ভোবেত্বস্থাপি॥

১ এই পুথির লোক উদ্ধার করিতে বাইয়া ভাষা-সংশোধনের কোন চেষ্টা করি নাই।

Authority of the

ঐ গ্রন্থের অন্তম প্রকরণে সার্ক্ষভৌম বলিতেছেন—

চৈত্ত সর্বামন্ত্রতা চৈত্ত সর্বামন্ত্র। চৈত্ততা সর্বাম্থাদং চৈত্ততা সর্বাসিদ্ধায় ॥

এই পুথিখানির পাঠোদ্ধার করিতে পারিলে উংকলে প্রচারিত শ্রীচৈতন্তের ধর্মমত-সম্বন্ধে কিছু তত্ত্ব পাওয়া যাইতে পারে।

পঞ্চনথা প্রভৃতির মতের দহিত গৌড়ীয় বৈষ্ণব মতের কোনই সাদৃশ্য নাই।
কিন্তু তাই বলিয়া ইহাদিগকে অবৈষ্ণব বলা যায় না। ইহারা শ্রীচৈতন্তকে
বৃদ্দেবের অবতার বলিয়া পূজা করিয়াছেন (শৃত্যসংহিতা, ১০ম ও ১১শ
অধ্যায় ও নিরাকারদাদের ঝুমরসংহিতা, ২২শ অধ্যায় )।

# Chaitanya bhagavat of Ishwardas

কটকে ঈশবদাসের চৈতগুভাগবতের তৃইথানি পুথি সংগৃহীত হইয়াছে। আমি কটক কলেজের অধ্যাপক রায় সাহেব আর্ত্তবল্লভ মহান্তি মহাশয়ের অন্তর্গ্রহে "প্রাচী-সমিতি"র পুথিশালায় রক্ষিত পুথিখানি দেখিবার স্থযোগ পাইয়াছি। ঈশ্বদাদের পুথিতে (৬৫ অধ্যায়) তুইটি গুরুপ্রণালী দেওয়া আছে। কিন্তু উহাদের মধ্যে কোনটিই ঈশরদাসের নিজের গুরুপ্রণালী কি না জানা যায় না। উহার একটিতে আছে—শ্রীচৈত্ত্য লক্তেশ্বর—গোপাল-গুরু-ধ্যানদাদ র্থীদাদ-ভামিকিশোর-অনস্ত। ঐতিচততার সমদাময়িক ভক্ত গোপালগুরু হইতে পঞ্চম অধস্তন শিশু হইতেছেন অনস্ত। দ্বিতীয়টিতে আছে—মত্ত বলরাম—জগন্নাথদাদ—বিপ্র বনমালী—কেলিক্ফদাস— পুরুষোত্তমদাস—কৃষ্ণবল্লভ—কাহ্নদাস। শ্রীচৈতত্ত্বের সমসাময়িক জগরাথদাস হইতে ষষ্ঠ অধন্তন শিগ্য কাফ্দাস। প্রত্যেক গুরুর সময় ২৫ বৎসর করিয়া ধরিলে ও ঈশ্বরদাসকে কাহ্নুদাসের শিশু ধরিলে তাঁহার চৈতক্তভাগৰত শ্রীচৈতক্তের তিরোভাবের পর ১৫০।১৭৫ বংসর পরে জর্থাৎ সপ্তদশ শতাব্দীর শেষের দিকে বা অষ্টাদশ শতাব্দীর প্রথমে লিখিত হয়, মনে করা যাইতে পারে। শ্রীমান্ প্রভাতকুমার মুখোপাধ্যায় কোনরূপ কারণ না দেখাইয়া লিখিয়াছেন যে ঈশ্বদাস ষোড়শ শতকের শেষ দিকের লোক ( সাহিত্য-পরিষ্থ-পত্রিকা, ১৩৪৩, ২য় সংখ্যা,:পৃ. ৭৬ )

শ্রীচৈতত্ত্যের জীবনের প্রধান প্রধান ঘটনা-সম্বন্ধে ঈশ্বরদাস যেরূপ অভুত

অন্ত কিংবদন্তীর উল্লেখ করিয়াছেন তাহাতে তিনি ষোড়শ শতক অপেক্ষা সপ্তদশ শতকের শেষের দিকের লোক বলাই অধিকতর যুক্তিসঙ্গত মনে হয়। চৈতগ্যভাগবতের শেষে ঈশবদাস নিজের নিম্নলিখিত পরিচয় দিয়াছেন—

মাটী বংশে হেলি জাত
স্কুপা মতে যহু কলে
শ্রীগুরুরপেণ ভাবগ্রাহী
তেরুটী ভরদা মোরে
তুম্ভচরণ রেণু মতে
মাগই দাদ ঈশ্বর
মো ছার মোর হুশ্বতি

দয়ালু প্রভু জগরাথ
এযে শাস্ত্র লেখনি বোইলে
কহন্তি ত্রৈলোক্য গোসাই
স্কলনে দোষ মোর না ধর
দয়া করিব হদ গতে
উদ্ধরি ধর নিরাকার
মো ভক্তি রথ গিরিপতি॥

"মাটী বংশে জাত" মানে পণ্ডিতবংশে বা গণককুলে জাত।

ঈশরদাস বলেন যে গ্রন্থ-রচনার পর তিনি যখন পুরীতে যান তখন তথায় শ্রীচৈতন্তের জগলাথের শ্রীবিগ্রহে লীন হওয়ার কথা আলোচিত হইতেছিল।

শ্রীজগরাথ অঙ্গে লীন যে শাস মৃক্ত মণ্ডপেণ থেমস্ত সময়রে মৃহিঁ বাহ্নদেব তীর্থ সন্ন্যাসী তাহ ছামুরে পুন গ্রন্থ দেখন্তি সর্কা বিছজ্জন শুনন্তি সন্মাসী ব্রাহ্মণ শ্রীপুরুষোত্তম গলই আপে সরস্বতী প্রকাশি প্রকাশ কলে বৈফ্বন্ত

তীর্থ যে কহন্তি মধুর পূর্ব্বে যে শাস্ত শুলুন নাহিঁ ভক্তি যোগর যেহঁ কথা শ্রীজগন্নাথ অঙ্গে লীন বোলন্তি শুন হে ঈশ্বর য়েবে য়ে শাস্ত্র শুনিল্ই চৈতত্যমঙ্গল বারতা কাহু লেখিল এ বচন।

ঈশ্বরদাস শ্রীটেতত্মকে সর্বত্র বৃদ্ধ অবতাররূপে বন্দন। করিয়াছেন। আবার জগরাথই যে শ্রীটেতত্মরূপে অবতীর্ণ হইয়াছেন সে কথাও বলিয়াছেন; যথা—

ভক্তবৎসল জগনাথ মর্ত্ত্যে মহুস্য দেহ ধরি নদীয়া নগ্রে অবতার

অব্যয় অনাদি অচ্যুত
অনাদি নাথ অবতরি
পশুজনক কলে পার ॥—->ম অধ্যায়

ঈশ্বনাস শ্রীচৈতন্য ও তাঁহার পরিকরগণ-সম্বন্ধে কতকগুলি ভ্রাস্ত সংবাদ দিয়াছেন। তাঁহার সময়ে শ্রীচৈতন্যের জীবনী-সম্বন্ধে যে কিরূপ অন্তুত্ত মত উড়িয়ার এক শ্রেণীর লোকের মধ্যে প্রচলিত ছিল তাহার দৃষ্টাস্ত এই গ্রন্থগানি হইতে পাওয়া যায়। নিম্নে ঈশ্বরদাস-বর্ণিত যে ঘটনাগুলির কথা লিখিতেছি তাহার সহিত শ্রীচৈতন্যের অন্তরঙ্গ ভক্ত ম্রারি গুপ্ত ও ক্রিকর্ণপ্রের এবং নিত্যানন্দের প্রিয় শিল্য বৃন্দাবনদাসের বর্ণনার একেবারেই মিল নাই।

- ১। ঈশ্বনাদের মতে জগরাথ মিশ্রের মধ্যম লাতার নাম নীলকণ্ঠ ও কনিষ্ঠ লাতার নাম আদিকন্দ। তাঁহার ভগিনীর নাম চন্দ্রকান্তি (দ্বিতীয় অধ্যায়)। চৈতক্যচরিতামতে জগরাথ মিশ্রের ছয় ভাইয়ের নাম কংসারি, পরমানন্দ, পদ্মনাভ, সর্কেশ্বর, জনার্দ্দন ও ত্রৈলোক্যনাথ (১।১৩।৫৪-৫৬)। গৌড়ীয়-বৈফ্ব-সাহিত্যে তাঁহার ভগিনীর নাম পাওয়া যায় না। জ্বয়ানন্দ চন্দ্রকলা ও চন্দ্রম্থী নামে তুইজন নারীর নাম উল্লেখ করিয়াছেন।
- ২। ম্রারি গুপ্ত বলেন শচীর পিতার নাম নীলাম্বর চক্রবর্তী ; ঈশ্বর-দাদের মতে গৌতম বিপ্রা ( দ্বিতীয় অধ্যায় )।
- ৩। ম্রারি বলেন যে শচীদেবীর আটিট কতা মৃত হওয়ার পর বিশ্বরূপ জন্মগ্রহণ করেন, তৎপরে বিশ্বস্তর জন্মেন। ঈশ্বরদাদের মতে শচীর পাঁচ পুত্র মৃত হওয়ার পর শ্রীচৈতন্ত অবতীর্ণ হয়েন (দিতীয় অধ্যায়)।
- ৪। ঈশ্বনদান বলেন যে প্রন্দর মিশ্রের ভগিনী চন্দ্রকান্তির দহিত হারু মিশ্রের বিবাহ হয়। এই বিবাহের ফলে নিত্যানন্দ জন্মগ্রহণ করেন (১৭ আ.); অর্থাৎ চৈতক্ত ও নিত্যানন্দ মামাতো-পিসতৃতো ভাই। কিন্তু হাড়াই ওঝা ছিলেন রাঢ়ী ব্রাহ্মণ, আর জগন্নাথ মিশ্র পাশ্চাত্তা বৈদিক ব্রাহ্মণ। এই তুই শ্রেণীর ব্রাহ্মণদের মধ্যে আদান-প্রদান চলিত না।
- ৫। ঈশরদাদের মতে নিত্যানন্দের শশুরের নাম অনন্ত চক্রবর্তী ও
   শাশুড়ীর নাম জম্বতী (৫৫ অ.)। গৌড়ীয়-বৈঞ্ব-সাহিত্যে পাওয়া যায়
   যে বস্থা ও জাহ্নবী সুর্য্যদাস সারখেলের ক্তা।

তত্ত্বনির্ণয়-বিষয়ে ঈশ্বনাদের মতের সহিত শ্বরূপ দামোদর তথা কবি-কর্ণপূরের মতের পার্থক্য স্থস্পষ্ট। অদ্বৈত শিবের অবতার বলিয়া গৌড়ীয় সাহিত্যে নিরূপিত হইয়াছেন। ঈশ্বরদাস তাঁহাকে রাধার অবভার বলিয়াছেন; যথা—গোলোকে রুফ রাধিকাকে বলিতেছেন—

এমত্তে কহিণ গোঁদাই
রাধিকা দেখি হস হস
বৈলে শুন প্রিয়বতী
তুম্ভ হৈবে অবতার
আসুয়া নগ্রে গোঁপ্যথিব

নিত্যকে বলে ভাবগ্রাহী
অধর চুম্বে পীতবাস
জন্ম হৈবো আন্তে ক্ষিতি
অদ্বৈতরূপে মহুয়ার
মো জন্ম ভানিলে আথিব ॥

—দ্বিতীয় অধ্যায়

খ্যামানন্দ অধিকা-কালনার হৃদয়-চৈতন্তের শিশু বলিয়া উড়িয়া বৈশুবদের নিকট অধিকা নামটি স্থপরিচিত হইয়াছিল। তাই অবৈতকেও অধিকার অধিবাদী বলা হইয়াছে।

৬। ঈশ্বনাদের মতে শ্রীতেতে প্রীতে পৌছিয়া নিয়লিখিত ভক্তদের সঙ্গে জগরাথ-মন্দিরে গিয়াছিলেন:

চৈতন্ত নিত্যানন্দ ঘেনি
উদ দত্ত যে শ্রীনিবাস
স্থলরানন্দ রামেশ্বর
গৌরাঙ্গদাস যে পণ্ডিত
বক্রেশ্বর যে বুন্দাবন
গদিদাস রাঘো পণ্ডিত
বলরামদাস গোপাল
রূপসনাতন যে তৃই
গহনে দীন রুঞ্দাস
সঙ্গতে সীতা ঠাকুরাণী
আদিত্য পত্নীর গহন
উত্তত্ত নানক সেবক
সঙ্গতে বলরামদাস
অনস্তদাস সঙ্গতর

আদিত্য হরিদাস ঘেনি
অভিরাম শঙ্কর ঘোষ
পুরুষোত্তম বিশ্বেশ্বর
মূরারিদাস যে অচ্যুত
বাস্থদাস বংশীবদন
সার্কভৌম যে সঙ্কত
রামানন্দ যে সঙ্গমেল
সঙ্গেতে জগাই মাধাই
নাগর পুরুষোত্তম পাশ
জঙ্গলি নন্দিনী এ বেণী
তিন শ খ্রী বৃন্দগণ
এ আদি গহনর লোক
যশোবস্ত অচ্যুতদাস
চারি শাখাঙ্ক ধরি কর

এমন্তে চৈত্ত্ব্য গোঁসাই ो ल अम्बिन करत

ক্ষেত্ৰ ডাহান বৰ্ত্ত হই সিংহ মুবলী নাদকুবে ॥

-- ৪৭ অধায়

উল্লিখিত ভক্তগণের মধ্যে আদিতা = অদৈত: উদ দত্ত = উদ্ধারণ দত্ত: वाञ्चलाम = वाञ्च प्याय ; शिलाम = श्राधत्रताम ; वाभागम = वाभागम वञ्च ।

কৃষ্ণদাস কবিরাজ শ্রীরূপের ও শ্রীজীবের সঙ্গলাভ করিয়াছিলেন; স্থতরাং রূপস্নাত্ন-সম্বন্ধে তাঁহার কথা ঈশ্বরদাসের বর্ণনা অপেক্ষা অধিক প্রামাণিক। কবিরাজ গোসামীর মতে রূপদনাতনের সহিত শ্রীচৈতত্তের প্রথম দাক্ষাৎকার ঘটে শ্রীচৈতত্ত্বের সন্ন্যাদের পঞ্চম বর্ষে। ঈশ্বরদাস-কর্ত্তক উল্লিখিত রামেশ্বর, দীন ক্লফদাস ও নানকের সেবক উভাত্তের নাম গৌডীয়-বৈফ্ব-সাহিত্যে পাওয়া যায় না। নানকের একজন দেবক শ্রীচৈতন্মের অনুগত হইয়াছিলেন. এ সংবাদ একেবারে নৃতন।

এইরূপ আরও কয়েকটি নৃতন সংবাদ ঈশ্বদাস দিয়াছেন।

(ক) ঈশ্বদাদের মতে নানক শ্রীচৈতন্মের রূপা পাইয়াছিলেন; যথা----

শ্রীনিবাস যে বিশ্বস্তর জগাই মাধাই একত্র

কীর্ন মধ্যে বিহার নানক দারঙ্গ এ তুই জাপ দনাতন তুই ভাই কীর্ত্তন করম্ভি এ নৃত্য ॥

—৬১ অধ্যায়

অক্সত্র----

নানক সহিতে গহন সঙ্গেত মত্ত বলরাম

নাগর পুরুষোত্তম দাস জঙ্গলী নন্দিনী তা পাশ গোপাল গুরু সঙ্গ তেন বিহার নীলগিরি ধাম ॥

—৬৪ অধ্যায়

নানকের জীবনকাল ১৬৬০ হইতে ১৫৩৮ খ্রীষ্টাব্দ পর্যান্ত। স্থতরাং তিনি শ্রীচৈতত্ত্বের সমদাময়িক। নানকের সহিত শ্রীচৈতত্ত্বের দেখা-সাক্ষাৎ হওয়া খুবই সম্ভব। কিন্তু সে সম্বন্ধে শিখদের ও গৌড়ীয় বৈফ্বদের মধ্যে কোন প্রবাদ প্রচলিত নাই। এ ক্ষেত্রে ঈশ্বদাসের বর্ণনা কত দূর সত্য বলা কঠিন।

(থ) শ্রীচৈতন্মের সাতথানি জীবনীতে ও বৈষ্ণব-বন্দনাতে কেশব ভারতীর গুরুর নাম পাওয়া যায় না। ঈশ্বদাদের মতে—

> নারদ শিশু মাধবানন তা শিশ্য বাসব ভারতী পুরুষোত্তম তাঙ্গশিয় শ্ৰীমন্ত আচাৰ্য্য ব্ৰাহ্মণ সন্ন্যাস দীক্ষা সে খেমস্থি নাম তা কেশব ভারতী নবদীপরে শ্রীচৈত্ত

সন্নাদী পথে উচে চক্র হরিশরণ দীক্ষা গেয়তি ভারতী নামব বিশাস পণ্ডিতগণে বিচক্ষণ কেশব নাম সে বহস্তি নন্দনবনে তাক স্থিতি আপে প্রতাক্ষ ভগবান॥

—৬৫ অধায়

অসমীয়া ভাষায় লিখিত কৃষ্ণ ভারতীর সন্তনির্ণয় গ্রন্থে কেশ্ব ভারতীর গুরুপ্রণালী নিম্নলিথিত রূপ প্রদত্ত হইয়াছে—

শঙ্করাচার্য্য-- সদানন্দাচার্য্য-- শিশুক্রাচার্য্য-- পরমান্মাচার্য্য-- চতু ভূজ-ভারতী— ( অতঃপর সকলের ভারতী উপাধি ) লক্ষণ—কমলোচন—বিজ্ঞ— রসিক—উদ্ধান—শিবানন—বিশ্ব—ভারতানন—চকোরানন—কাঞ্চনানন— বালারাম— সুত্রানন্দ-- লোকানন্দ— স্বানন্দ— কেশবানন্দ— শ্রীচৈতন্ত ও নিত্যানন।

তুইটি গুরুপ্রণালীর মধ্যে মিল নাই। আমার মনে হয় উভয় প্রণালীই কাল্পনিক।

(গ) বুন্দাবনদাস লিখিয়াছেন যে শ্রীচৈততা যথন পুরীতে প্রথম বার পমন করেন, তথন প্রতাপরুদ্র উৎকলে ছিলেন না; যথা—

> যুদ্ধরদে গিয়াছেন বিজয়া নগরে। অতএব প্রভু না দেখিলেন সেইবারে ॥— চৈ. ভা., এএ৪১২

কিন্তু ঈশ্বনাসের বর্ণনা পাঠ করিয়া মনে হয় যে দেই সময় প্রতাপক্রত্র কটকে ছিলেন ও প্রীচৈতক্তকে দর্শন করিতে আসেন; যথা---

> এমন্তে সময়ে রাজন কটকে বিজে করি থিলে চৈত্য বিজয় শুনিলে

প্রতাপক্ত দেবরাণ

সৈতা সাজিলে নুপরাণ

প্রবেশে नौनां जि जूरन

প্রবেশ আসি সিংহ্বার

দর্শন চৈতগুঠাকুর

সন্ন্যাসবেশ বনমালী

मिथि ठेवरण ब्रुक्शिनि

চৈতন্য আগে ভগবান

রাজাকু কোড় সম্ভাষণ

ন্মতা হই নূপ্সাঁই

চৈত্য ছামুরে জনাই॥

--- ८१ जशांश

ঈশ্বদাদের মতে প্রতাপকত জগন্নাথ দেবের আজ্ঞা পাইয়া সম্মীক শ্রীচৈতন্মের निकर मौका शहन करहन।

শুনিল চৈতন্ত গোঁদাই নুপতি কর্ণে দীক্ষা কহি

কর্ণেন মহামন্ত্র দেলে সমস্ত হরষ হইলে ॥—s> অধ্যায়

ঈশ্বদাসের বইয়ের ঐতিহাসিক মূল্য খুব বেশী বলিয়া মনে হয় না। কিন্তু উড়িয়া ভক্তের লেখা শ্রীচৈতত্যের জীবনীর বড়ই অভাব। সেই হিসাবে এখানি প্রকাশ করা কর্ত্বা।

Jagannathcharitamrita of Dibakardas

#### দিবাকরদাসের "জগন্নাথচরিতামৃত"

"জগন্নাথচরিতামৃতের" প্রথম সাত অধ্যায়ে শ্রীচৈতন্তের সম্বন্ধে কিছু বিবরণ আছে। শ্রীযুক্ত কুমুদবন্ধ দেন মহাশয় বলেন যে দিবাকর জগলাথদাদের শিশ্ (প্রবাদী, বৈশাখ ১৩৪১)। কিন্তু উক্ত গ্রন্থের প্রথম অধ্যায়ে দিবাকর নিমলিথিতভাবে নিজের গুরুপ্রণালী বর্ণনা করিয়াছেন :

শ্রীচৈতত্ত্য-গোরীদাদ-হৃদয়ানন-বলরাম-জগরাথ-বনমালী-কেলি-কৃষ্ণ-নবীনকিশোর--দিবাকর। ঈশ্বদাস-প্রদত্ত গুরুপ্রণালীতে জগরাথদাস--বিপ্রবন্মালী ও কেলিক্ফদাদের নাম আছে। দিবাকর কেলিক্সফের শিয়ের শিষ্য; আর ঈশ্বদাদের গুরু (?) কাজ্দাস কেলিক্লফের শিষ্য পুরুষোত্তম-দাসের শিয়ের শিয়। এ হিসাবে দিবাকর ঈশ্বরদাস অপেক্ষা তুই পুরুষ পূর্বের লোক। দিবাকর এটিচতত্তের স্মসাময়িক জগলাথদাস হইতে চার পুরুষ দূরে। স্থতরাং তিনি সপ্তদশ শতাকীর মধ্যভাগে বর্ত্তমান ছিলেন বলিয়া ধরা যাইতে পারে।

দিবাকর বলেন শ্রীচৈতন্ত জগন্নাথদাদের সেবায় তুই হইয়া তাঁহার মাথায় নিজের উত্তরীয় বাঁধিয়া দিয়াছিলেন; যথা—

> আপন শ্রীঅঙ্গ পাছোড়ি শ্রীকর খেলি আত্ কাড়ি দাসক শিরে বান্ধি দেখে "অতি বড়" বোলি বোইলে অতি বড় কথা কহিল তেমু "অতি বড়" হোইল।

> > —তৃতীয় অধ্যায়

"জগন্নাথচরিতামতের" চতুর্থ অধ্যারে দেখা যায় যে ঐতিচততা দার্বভৌমকে জগন্নাথ-প্রদাদের মাহাত্ম্য বলিতেছেন ও মন্ত্র উপদেশ দিতেছেন। দপ্তম অধ্যায়ে আছে যে ঐতিচততা দিনে চারবার করিয়া জগন্নাথ-দর্শন করিতেন ও ঘাদশবার দণ্ডবং প্রণাম করিতেন।

জগরাখদাদের সম্প্রদায়কে "অতিবড়ী" সম্প্রদায় বলে। "অতিবড়" শক্টি তাঁহার ভক্তেরা অত্যন্ত মহং অর্থে ব্যবহার করেন। কিন্তু পুরীর উড়িয়া মঠের মহান্ত আমাকে বলেন যে জগরাখদাদ স্থীবেশ গ্রহণ করিয়া প্রতাপক্ষদ্রের অস্থ্যস্পশ্রা রাণীদিগকে দীক্ষা দেন; এই কপটবেশ গ্রহণ করার জন্ম শ্রীচৈতন্ত তাঁহাকে ত্যাগ করেন। বাাঝাপিঠা মঠের মহান্ত বলেন প্রতাপক্ষদ্রের অস্তঃ-পুরে জগরাখদাদ স্থীবেশ গ্রহণ করিয়া ভাগবত পাঠ করিতেন। রাজার লোকেরা তাঁহাকে দন্দেহ করিয়া পরীক্ষা করিতে আদিলে তিনি স্থীরূপ প্রকট করেন। বৈফ্বগণের নারীভাবে ভজন গৃহ্ কথা। জগরাখদাদ সেই নারীভাবের রহস্ত প্রকাশ করিয়া দেওয়ায় শ্রীচৈতন্ত তাঁহাকে "অতিবড়" আখ্যা দিয়া ত্যাগ করেন।

দিবাকরদাদ বলেন যে গৌড়ীয় ভক্তগণ জগন্নাথদাদের প্রতি ঈর্যাবশতঃ
পুরী ত্যাগ করিয়া বৃন্দাবনে চলিয়া যান। গৌড়ীয় ভক্তদের ঐকান্তিক দেবা
দরেও প্রভু তাঁহাদিগকে "অতিবড়" বলিলেন না, কিন্তু জগন্নাথদাদকে ঐ প্রকার
আখ্যা দিলেন, ইহা তাঁহারা সহ্য করিতে পারিলেন না। তাঁহারা ঐচৈতহ্যকে
উড়িয়াদের প্রভাব হইতে মৃক্ত করিবার যথাদাধ্য চেষ্টা করিলেন, কিন্তু
কিছুতেই যখন তাহাতে ক্লুকার্য্য হইলেন না, তখন পুরী ত্যাগ করিলেন।
দিবাকরের মতে গৌড়ীয় ভক্তেরা বলিতেছেন—

পুরুষোত্তম যেবে থিব। এহি ভাষা সিনা শুনিবা॥ ওড়িয়া সঙ্গ ছড়াইবা গউড়দেশে চালি যিবা॥ বোইলে চৈতন্তকু চাহি

গন্ধা গন্ধাদাগর স্থান
এ বাক্য শুনি শ্রীচৈতন্ত

"মোহর মন বৃদ্ধি ভাবে
জীয়ই অবা মরই

"যতি এক রাজ্যে ন বহি॥
করহে তীর্থ পর্যাটন॥"
সেরূপে কহিলে বচন॥
শরণ জগলাথ ঠাবে॥
জগলাথুঁ মো অহ্য নাহিঁ॥"

গোড়ীয়া ভক্তদের সহিত উড়িয়া ভক্তদের যে বিরোধ ছিল, তাহাতে সন্দেহ নাই। কিন্তু দিবাকর দাস জগরাথদাসের মাহাত্ম্য ঘোষণার জন্ত ষে উপাথ্যান লিখিয়াছেন তাহা সত্য বলিয়া গ্রহণ করা যায় না; কেন-না শ্রীচৈতক্ত-ভক্তগণ কখনই এরপ নীচ ছিলেন না যে একজনের প্রাণান্ত দেখিয়া তাঁহারা ইব্যান্থিত হইবেন।

খাহা হউক, গৌড়ীয়-বৈঞ্ব-সাহিত্যে যে-সব ভক্ত ব্রজের ভজন-প্রণালী গ্রহণ করেন নাই সেই-সব উড়িয়া ভক্তের কথা লিখিত হয় নাই। এইরূপ সাম্প্রদায়িক ভেদ-বৃদ্ধির কলে শ্রীচৈতত্যের প্রেমধর্ম-প্রচারের বিবরণ অসম্পূর্ণ রহিয়া গিয়াছে।

Gourkrishnodaya Kavyam

#### গোরকুফোদয় কাব্যম্

৪২৭ চৈত্তাকে বিমলাপ্রাদ দিদ্ধান্তদরস্থতী মহোদয় প্রীগৌরক্কোদ্য নামে একথানি সংস্কৃত কাব্য প্রকাশ করেন। তিনি উক্ত গ্রন্থের ভূমিকায় জানাইরাছেন যে গৌর্গ্রাম মহান্তি মহাশ্য ন্যাগড় রাজ্য হইতে ঐ গ্রন্থের পুথি সংগ্রহ করিয়া আনেন। আমি পুরীর উড়িয়া মঠে উহার আর একথানি পুথি পাই। উভয় পুথিতে প্রদত্ত পুলিকা হইতে জানা যায় যে গ্রন্থখানি ১৬৮০ শকে আখিন মাদে ক্ফাতৃতীয়া তিথিতে রচিত হয়। লেথকের নাম গোবিন্দ দেব। সন্তবতঃ তিনি উৎকল দেশীয় ও বক্তেশ্বর পণ্ডিতের পরিবারভুক্ত।

"গৌরক্ষোদয়" কৃষ্ণাদ কবিরাজের শ্রীচৈত্যুচরিতামৃত অবলম্বন করিয়া লিখিত। চরিতামৃতে যে ঘটনা যে ভাবে বর্ণিত হইয়াছে, গোবিন্দ দেবও ছই-এক স্থান ছাড়া সর্বাত্র সেই ঘটনা দেই ভাবে লিখিয়াছেন। তবে চরিতামৃতের বিচারাংশ তিনি বাদ দিয়াছেন। গ্রন্থের শেষে তিনি ইঙ্গিতে চরিতামৃতের নিকট ঋণ শ্রীকার করিয়াছেন; যথা—

শ্রীগৌরচক্রচরিতামৃতসারসিন্ধোঃ
সংত্ব কিঞ্চিদিহ মে হৃদি বিন্দুমাত্রম্।
যদ্বর্ণিতং লঘুতয়া সহসাহসন্তঃ
সন্তোহি সন্তু শরণং ত্বিতরেণ তত্র ॥—১৮৮৩

বিশ্বস্তব জন্মগ্রহণ করিয়া তিন দিন পর্যান্ত মাতৃত্বতা পান করেন নাই; পরে অদৈত আচাধ্য আদিয়া শচীদেবীকে দীক্ষা দিলে তিনি ত্বতা পান করিলেন এরপ কোন কথা চরিতামতে নাই। কিন্তু গোবিন্দ দেব এই ঘটনাটি বর্ণনা করিয়াছেন।

তিনি অন্তম সর্গে লিখিয়াছেন যে গোপীনাথ আচার্য্য সার্কভৌমের নিকট বলিতেছেন যে শ্রীচৈতন্তের ভগবত্তার প্রমাণ বায়পুরাণে আছে (৮।২০)। বাঁকীপুর পার্টনা হইতে ও মাইল দূরবত্তী গাইঘার্ট নামক স্থানে শ্রীচৈতন্তের একটি প্রাচীন মন্দির আছে। ঐ মন্দিরে রক্ষিত বহুসংখ্যক পুথির মধ্যে একথানির নাম "বায়পুরাণোক্তম্ শ্রীচৈতন্তাবতারনিরপণম্ স্টীকম্।" ইহা হইতে প্রমাণিত হয় যে ১৭৫৮ খ্রীষ্টান্দের পূর্বেই কোন কোন বৈফ্ব শ্রীচৈতন্তের ভগবত্তা-বিষয়ক শ্রোক রচনা করিয়া পুরাণের মধ্যে চুকাইয়া দিবার চেষ্টা করিয়াছিলেন।

শীতৈতেতা পুরীতে বিশ বংসরকাল থাকিয়া অসংখ্য ব্যক্তিকে কুপা করিয়াছিলেন। অথচ গোবিন্দ দেব উড়িয়া হইয়াও শীতৈতত্তার উড়িয়া ভক্তদের সম্বন্ধে চরিতামতে প্রদত্ত বিবরণ ছাড়া অত্য কিছুই বলিলেন না, ইহা বিশায়জনক ব্যাপার।

(১১) সরকী শ্রীরাধাকান্ত মহাপ্রভুক্ত্ব মহিমাসাগর নামক গ্রন্থ জিছে। (১২) সদানন্দ "মোহনকল্পলতা"-নামক পূথির শেষে লিখিয়াছেন যে, তিনি "ব্রন্ধাণ্ডমঙ্গল"-নামক গ্রন্থে শ্রিচৈতন্তার বাল্যলীলা বর্ণনা করিয়াছেন। শুনিয়াছি শ্রীযুক্ত কুম্দবন্ধ সেন মহাশয় "ব্রন্ধাণ্ডমঙ্গলের" পূথি সংগ্রহ করিয়াছেন। অহুসন্ধান করিলে শ্রীচৈতন্তা-সম্বন্ধীয় আরও অনেক পূথি উড়িন্থায় পাওয়া ষাইতে পারে। এক জনের চেষ্টায় ও অর্থব্যয়ে এই কার্য্য সম্পন্ধ হওয়া কঠিন।

#### পঞ্চদশ অধ্যায়

Sri Chaitanya and his devotees in the books written in Assamise

## অসমীয়াগ্রন্থে শ্রীচৈতন্য ও তাঁহার পরিকরগণের কথা

Sri Chaitanya vs Sri Shankardev of Assam

আসামের মহাপুরুষ শঙ্কাদেব শ্রীচৈতন্তের প্রায় সমসাময়িক। শঙ্কানদেবের ধর্মমতের সহিত গৌড়ীয় বৈশ্বনধর্মের অনেক সাদৃশ্য দেখা যায়। উভয় সম্প্রদায়েই শ্রীমন্তাগবতের প্রতি অগাধ শ্রন্ধা ও নবধা ভক্তির সাধনদেখা যায়। শঙ্কাদেব ও শ্রীচৈতন্ত উভয়েই কীর্তনের দ্বারা ধর্মপ্রচারকরেন, উভয়েই শ্রীকৃষ্ণকে একমাত্র উপাশুরূপে স্থাপন করিয়াছেন। কিন্তু শ্রীচৈতন্ত শ্রীকৃষ্ণকে মধুর রুদে উপাসনা করিয়াছেন, আর শঙ্কাদেব দাশ্রভক্তির মহিমা প্রচার করিয়াছেন। শ্রীচৈতন্ত হরেকৃষ্ণ হরেকৃষ্ণ ইত্যাদি ধোড়শ নাম ও শঙ্কাদেব চার নাম গ্রহণের উপদেশ দিয়াছেন।

Relationship between Shankardev and Advaita prabhu

## শঙ্করদেবের সহিত অদৈত প্রভুর সম্বন্ধ

অসমীয়া শহরদেবের নাম স্পষ্টভাবে কোন গোড়ীয়-বৈষ্ণব-গ্রন্থে উল্লিখিত হয় নাই। ভক্তিরত্নাকরে এক শহরের কথা আছে; যথা—

অবৈতাচায়্যের শাখা শন্ধর নামেতে।
জ্ঞানপক্ষে তাঁর নিষ্ঠা হৈল ভাল মতে॥
অবৈত শন্ধর প্রতি কহে বাবে বাবে।
মনোরথ সিদ্ধি মুই কৈলু এ প্রকারে॥
ছাড় ছাড় ওরে রে পাগল নষ্ট হৈলা।
তেঠো না ছাড়ে তারে অবৈত ত্যাগ কৈলা॥
মহাবহিম্থ বীজ করিল রোপণ।
ক্রমে রদ্ধি হইব জানিল বিজ্ঞগণ॥—ছাদশ তরঙ্গ, পৃ. ৮৪৫

এথানে শঙ্করকে জ্ঞাননিষ্ঠ বলা হইয়াছে। অসমীয়া শঙ্করদেবও জ্ঞানমিশ্রা ভক্তি প্রচাব করিয়াছেন। তিনি "কীর্ত্তনঘোষা"র প্রথমেই লিখিয়াছেন—

> প্রথমে প্রণমো ব্রহ্মরূপী সনাতন। সর্ব্য অবতারর কারণ নারায়ণ॥

শঙ্কর যে জ্ঞাননিষ্ঠ ধীর গঞ্জীর ভক্ত ছিলেন তাহা লক্ষ্মীনাথ বেজবরুয়া মহাশয়ও তাঁহার "শঙ্করদেব" গ্রন্থে শীকার করিয়াছেন (অষ্টাদশ অধ্যায়)। শ্রীচৈতক্য-চরিতামতে অবৈতশাখা-নির্ণয়ে শঙ্করদেবের নাম নাই। তাহার দ্বারা বিশেষ কিছু প্রমাণিত হয় না; কেন-না শঙ্কর যদি অবৈত-কর্তৃক পরিত্যক্ত হইয়া থাকেন, তাহা হইলে তাঁহার নাম রুঞ্দাস কবিরাজ উল্লেখ করিবেন না।

কাল-বিচার করিলে দেখা যাইবে যে অবৈত ও শঙ্কর উভয়ে সমসাময়িক এবং ত্ই জনই আসামের লোক। শঙ্করদেবের তিরোভাবের তারিথ দৈত্যারি ঠাকুরের মতে ১৪৯০ শক। রামচরণ ঠাকুর বলেন—

> ভাদ মাহত শুক্লা দিতীয়া তিথি ভৈলা। সেহি দিনা গুরু নব নাটক এডিলা॥

> > —শন্ধরচরিত, ৭ম খণ্ড, ৩৮৩৪ পরার

তাহা ২ইলে ১৫৬৮ গ্রীষ্টাকে শঙ্বদেবের তিরোধান হইয়াছিল জান। গেল। গেট্ সাহেব প্রবাদের উপর নির্ভর করিয়া আসামের ইতিহাসে লিথিয়াছেন—

"He is said to have been born in 1449 and to have died in 1569. The latter date is probably correct, so the former must be about thirty or forty years too early."

"আসাম বান্ধব" পত্রিকাতে (১৩১৮ বৈশাগ, কাব্যবিনোদ) ও "শহরদেব" গ্রন্থে বেজবরুয়া কেন যে ১৪৯০ শক ভাদ্র মাসকে ১৫৬৮ গ্রীষ্টাব্দ না বলিয়া ১৫৬৯ খ্রীষ্টাব্দ ধরিয়াছেন তাহা বুঝা গেল না।

শক্ষরের আবির্ভাবের তারিথ লইয়া তিনটি বিভিন্ন মত প্রচলিত আছে। লক্ষ্মীনাথ বেজবরুয়া মহাশয় বরদোবায় প্রাপ্ত গতে-লেখা "গুরুচরিত্রে" ১৩৭১ শক, ১৪৪৯ গ্রীষ্টান্দ শন্ধরের জন্ম-তারিথ বলিয়া উল্লেখ পাইয়াছেন। ' "আসাম বান্ধব" পত্রিকার পূর্ব্বোক্ত সংখ্যায় রাম্চরণ ঠাকুরের "শন্ধরচরিত" হইতে শন্ধরের জীবনকাল-সন্ধন্ধে নিম্নলিখিত বাক্য গৃত হইয়াছে—"তের বর্ষ মন্দ

১ বেজবরুয়া গুরুচরিত্র-সম্বন্ধে লিখিয়াছেন, "এই পুথিখন শক্ষর দেবর আদিস্থান বরদোবা সত্রত অতি বত্নেরে রক্ষিত , তাত লিখা আন কোনো কোনো বিষয়ত সন্দেহ করিলেও জন্ম তারিখটোত ন করাই উচিত , কারণ বরদোবাই তেঁওর জন্মস্থান" (প. ১৮৪ "শক্ষরদেব")। কিন্তু তিনি নিজেই এ পুথিতে উলিখিত অক্যান্ত সময়-নির্ণিধ্নানিয়া লয়েন নাই (এ, প. ২১৬-১৭)।

আয়ু ভৈলা ছয় কুরি।" ইহার অর্থ করা হইয়াছে এই ১২০—১৩=১০৭ বংসর। অর্থাৎ ১৫৬৮ থ্রী. অ. মৃত্যুর তারিথ। ১০৭ বংসর জীবন-কাল; স্থতরাং ১৪৬১ থ্রীষ্টাব্দে জন্ম। উদ্ধৃত বাক্যটি কিন্তু হলিরাম মহন্ত-কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থে নিম্নলিথিত রূপে পাওয়া যায়—

> ডের বছরর মন্দ আরু ছই কুরি। তেবে চলি গৈলা গুরু নরদেহা এরি॥

> > —রামচরণ ঠাকুর কত শঙ্গরচরিত, ৩৮৩৫ পয়ার

যদি 'ত' স্থানে 'ড' পাঠই ঠিক হয়, তাহ। হইলে শঙ্করের জন্ম ১৪৪৯ খ্রীষ্টাব্দেই হয়।

শক চারি", অর্থাৎ ১৩৮৫ শকে, ১৪৬৩ খ্রীষ্টাব্দে জ্বিয়াছিলেন ও ১০৫ বংসর জীবিত ছিলেন। বেজবক্ষা নহাশয় বলেন যে যে হেতু জ্বনিক্দের বই ১৬৭৪ শক, ১৭৫২ খ্রীষ্টাদ্দে রচিত সেই হেতু ইহার প্রামাণিকতা রামচরণের গ্রন্থ অপেকা কম। আমার মনে হয় যে "গুক্চরিত্র" পুথির জ্বনেক কথাই যথন প্রামাণিক নহে এবং রামচরণের গ্রন্থ যথন স্পষ্টতঃ জ্ম-শকের উল্লেখ নাই ও তাহার পাঠ লইয়া মতভেদ আছে, তথন জ্বনিক্দের দেওয়া ১৩৮৫ শক বা ১৪৬৩ খ্রীষ্টান্দ শক্ষরের জ্ম-সময় ধরাই অধিকতর সঙ্গত। ১০৫ বংসর জীবন যতটা যুক্তিযুক্ত ১১৯ বংসর জীবন ততটা নহে। বিশেষতঃ পরে দেখা যাইবে যে আসামে প্রচলিত প্রবাদ-অন্থারে শক্ষরদেব যথন দ্বিতীয় বার তীর্থভ্রমণ-উপলক্ষে পুরীতে ছিলেন তথন শ্রীচৈতন্তের তিরোভাব হয় (১৫৩৩ খ্রীষ্টান্দ )। শক্ষরের জন্ম যদি ১৪৪৯ খ্রীষ্টান্দে হয়, তাহা হইলে এ সময়ে তাঁহার বয়স ৮৪ বংসর হয়। এ বয়সে যে তিনি তীর্থভ্রমণে বাহির হইয়াছিলেন তাহা বিশ্বাস করা কঠিন। অনিক্দের কথা মানিয়া লইলে তথন তাঁহার বয়স হয় ৭০ বংসর।

অবৈত ঐতিচতন্ত অপেক্ষা বয়সে অনেক বড় ছিলেন। বিশ্বস্থারের বয়স যথন তেইশ বংসর তথন তিনি অবৈতকে জ্ঞানবাদ-প্রচারের জন্ত দণ্ড দিতে শান্তিপুরে গমন করেন। বৃন্দাবনদাসের মতে সেই সময়ে অবৈতপত্নী সীতা বলিয়াছেন—

বুঢ়া বিপ্র বুঢ়া বিপ্র রাখ রাখ প্রাণ।
কাহার শিক্ষায় এত কর অপমান ॥— চৈ. ভা., ২।১৯।২৯৭

শহর যদি ১৪৬০ খ্রীষ্টাবেল জন্মন ও শ্রীচৈতন্ত অপেক্ষা ২০ বংসরের বড় হয়েন, তাহা হইলে উক্ত ঘটনার সময় শহরের বয়স ৪৬ বংসর হয়। তথন অবৈতের বয়স ৪৬ অপেক্ষা বেশী ছিল, তাহা না হইলে সীতাদেবী অবৈতকে বুঢ়া বিপ্রা বলিতেন না। ইহা হইতে অনুমান হয় যে অবৈত শহর অপেক্ষা বয়সে বড়। বেজবক্ষয়া মহাশয় অনেক স্ক্রি-তর্কের অবতারণা করিয়া স্থির করিয়াছেন যে শহর ৩২ বংসর বয়সের পূর্কে তীর্থভ্রমণে বাহির হয়েন নাই। শহর প্রথমবারে ঘাদশ বংসর তীর্থ ভ্রমণ করিয়াছিলেন বলিয়া প্রবাদ। তাহা হইলে, শহরের জন্ম ১৪৬০ খ্রী. অ. +৩২ বংসর বয়সে তীর্থভ্রমণ আরম্ভ +১২ বংসর ভ্রমণ ভারতি শহরের সাক্ষাৎকার হইতে পারে। শ্রীচৈতন্তের ভাবাবেশ আরম্ভ ১৫০০ খ্রীষ্টাবেদ।

উমেশচন্দ্র দে মহাশয় লিথিয়াছেন যে কন্সার বিবাহ ও পত্নীর মৃত্যুর পর শঙ্কর ৪৪ বংসর বয়সে তীর্থলমণে বাহির হয়েন এবং বার বংসর ভ্রমণাস্তে অবৈতের নিকট উপস্থিত হয়েন। তিনি অবৈতের নিকট ভাগবত পাঠ করেন। দে মহাশয়ের মতে ১৪০০ শকে বা ১৫০৮। এটি কে শঙ্করের সহিত অবৈতের মিলন হয়।

এই-সব যুক্তি-বলে আমি আপাততঃ দিদ্ধান্ত করিতে চাই যে অদ্বৈতের নিকট শব্ধরের জ্ঞাননিষ্ঠ ভক্তির উপদেশ পাওয়ার কাহিনী ভিত্তিহীন না হওয়াই সম্ভব। অদ্বৈত শ্রীচৈতত্যের ভক্ত হওয়ার পর শব্ধরকে মাধুর্য্য-রসে আনমনের চেষ্টা করেন; কিন্তু তাহাতে সফল হয়েন নাই। সেইজন্ম অদ্বৈত-শাখায় শব্ধরের নাম পাওয়া যায় না। বেজবক্ষয়া মহাশয় যে সিদ্ধান্ত করিয়াছেন যে শব্ধরের উপর শ্রীচৈতত্যের কোন প্রভাব পড়ে নাই, তাহার সহিত আমার সিদ্ধান্তের কোন বিরোধ নাই।

Assamise Books in which narrations on Sri Chaitanya is found

### শ্রীচৈতন্মের কথা আছে এমন অসমীয়া গ্রন্থের কালনির্ণয়

ষেমন বান্ধালা ভাষায় প্রীচৈতগুকে লইয়া তেমনি অসমীয়া ভাষায় শক্ষরদেবকে লইয়া অনেক গ্রন্থ রচিত হইয়াছিল। শক্ষরের শিগুদের মধ্যে মাধ্ব ও দামোদর প্রধান ছিলেন। কায়ন্থ মাধ্বদেবের অন্থগত দল মহাপুরুষীয়া ও বান্ধান দামোদরের শিগুরো বাম্নীয়া বা দামোদরীয়া সম্প্রদায় নামে পরিচিত। মহাপুরুষীয়াগণ প্রীচৈতগ্রেকে মানেন না। শঙ্কর ও মাধ্ব-রচিত ধর্মগ্রন্থে, কীর্ত্তনে ও ঘোষায় প্রীচৈতগ্রের নামগন্ধও নাই। কিন্তু

দামোদরীয়াগণ চৈতন্তকে অবতার বলিয়া স্বীকার করেন (রঙ্গপুর সাহিত্য-পরিষৎ-পত্রিকা—১৩১৮ নাল, প্রথম সংখ্যা, পৃ. ৪)।

রামচরণ, দৈত্যারি ঠাকুর ও ভূষণ দ্বিজ্ঞকবি মহাপুরুষীয়া-সম্প্রদায়ের অন্থগত লেখক। রামচরণ ঠাকুর মাধব দেবের ভাগিনেয় (বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১০২৭ত, পৃ. ৭৬)। উমেশচন্দ্র দে বলেন শঙ্করের শিশ্ব গ্রাপানি বা রামদাস। রামদাসের পুত্র রামচরণ ও রামচরণের পুত্র দৈত্যারি ঠাকুর। হলিরাম মহান্ রামচরণের "শঙ্করচরিতের" ভূমিকায় লিখিয়াছেন যে রামচরণ ঠাকুর "মাধব দেব পুরুষর ভাগিন আরু রামদাস আতৈর পুত্র। এওঁ শ্রীশ্রীত্শঙ্করদেবতকৈ প্রায় ৪০ বছর মানে সক্র। এনে স্থলত প্রায় সম্পাময়িক বুলিলেও অত্যুক্তি করা ন হব।" দৈত্যারি ঠাকুর উক্ত রামচরণের পুত্র। তিনি মাধবের শিশ্ব গোবিন্দ আতৈও ও পিতা রামচরণের নিকট হইতে উপাদান সংগ্রহ করিয়া শঙ্করচরিত লিথিয়াছেন।

ভূষণ দ্বিজকবি একথানি শঙ্করচরিত লিখিয়াছেন। তিনি নিজের পরিচয়ে বলিয়াছেন যে শঙ্করের শিক্ষ চক্রপাণি।

হেন চক্রপাণি মহামানী আছিলন্ত।
তাহান তনয় পাচে বৈকুণ্ঠ ভৈলন্ত॥
অভাপিও লোকে যাক প্রশংসা করয়।
ভকতি ধর্মতনিষ্ঠ বৃদ্ধি অতিশয়॥
তান পুত্র মৃক্থ ভূষণ শিশুমতি।
শঙ্কর-চরিত্র পদে সম্প্রতি বদতি॥

—পূ. ১৮৩, তুর্গাধর বরকটকী-সম্পাদিত

দামোদরীয়া-সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের মধ্যে দামোদরের শিশ্য রামরায় বা রামকান্ত দ্বিজ "গুরুলীলা" গ্রন্থে শঙ্কর-চৈতন্মের মিলনের কথা লিখিয়াছেন। "গুরুলীলা"র অস্ত্য খণ্ডের একখানি পুথি ১৭৬৬ খ্রীষ্টাব্দে নকল করা হইয়াছিল।

১ উমেশচন্দ্র দে লিখিয়াছেন যে তিনি দিজভূষণ-কৃত শঙ্করচরিত গ্রন্থ ৯০ পৃঠায় পূথির আকারে মৃদ্রিত দেখিয়াছেন। উহার পূথি তিনশত বংসরের অধিক প্রাচীন এবং উহা দরক্ষ জেলার হলেখরের মৌজাদার মহীধর ভূঞার নিকট আছে। দে মহাশয় বলেন যে ভূষণের এস্থ-রচনাকালে শঙ্করের পোদ্র চতুভূজ বিষ্ণুপ্র সত্রে বিভামান ছিলেন (রক্ষপুর নাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩১৯, ৪)।

উহার চতুর্থ পত্রে চিত্র আছে। তাহাতে দেখা যায় যে চৈতন্ত, শহর, দামোদর, মাধব, গোপাল, বলদেব, পরমানন্দ, বনমালী, এবং মিশ্রের ছবি লিখিতাফুক্রমে আছে। তিতন্তাদেব বামদিকে মুখ করিয়া বিদিয়া আছেন; শহর প্রভৃতি অপরের দৃষ্টি তাঁহার দিকে নিবদ্ধ" (রঙ্গপূর সাহিত্য-পরিষং-পত্রিকা, ১৩১৮।১

ক্বস্থ ভারতী নামে দামোদরের এক শিশু "সন্তনির্ণয়"-নামক একথানি গ্রন্থে শ্রীচৈতন্ত-সম্বন্ধে অনেক কথা লিখিয়াছেন।

ভট্টদেব নামে একব্যক্তি 'সংসম্প্রদায় কথা' লিথিয়াছেন। তিনি কৃষ্ণ ভারতীর সংগ্রহ দেথিয়া গ্রন্থ লিথিয়াছেন বলিয়া প্রকাশ। আসামের পুরাতত্ত্বিদ্ হেমচন্দ্র গোস্বামী বলেন যে দামোদর-শিশ্য ভট্টদেব ১৫৬০ হইতে ১৬৬৮ খ্রীষ্টান্দের মধ্যে জীবিত ছিলেন। তবে এই ভট্টদেবই "সংসম্প্রদায় কথা"র লেথক কি না সন্দেহ। কৃষ্ণ ভারতীর "সন্থনির্ণয়"কে আমি কেন প্রামাণিক মনে করি না তাহা পরে বলিব।

কৃষ্ণ আচাষ্য "সন্তবংশাবলী" গ্রন্থে "নৃসিংহক্কত্য" নামে একখানি গ্রন্থ হইতে চৈতন্ত-সম্বন্ধে কিছু কথা উদ্ধৃত করিয়াছেন। নৃসিংহ কোন্ সময়ের লোক তাহা নির্ণয় করিতে পারি নাই। "দীপিকাচান্দ" নামে একখানি নাতিপ্রামাণিক গ্রন্থেও শ্রীচৈতন্তার কথা আছে। হেমচন্দ্র গোষামীর মতে উহা ১৭৭১ শকে, ১৮৪৯ খ্রীষ্টাব্দে নকল করা হয়। মহামহোপাধ্যায় পদ্মনাথ বিভাবিনোদ বলেন যে ঐ গ্রন্থ আধুনিক (বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩১৯।১)।

# Meeting of Sri Chaitanya and Shankardev ত্রীচৈতভার সহিত শঙ্করের মিলন

মহাপুরুষীয়া-সম্প্রদায়ের তিনথানি প্রাচীন বইয়েতেই আছে যে শস্কর
যথন দ্বিতীয়বার তীর্থপ্রমণে যান, তথন পুরীতে তাঁহার সহিত শ্রীচৈতন্তের
সাক্ষাৎকার হয়; কিন্তু পরস্পরের মধ্যে কথাবর্তা হয় নাই। রামচরণ ঠাকুর
লিথিয়াছেন—

ক্বফর কীর্ত্তন করি ভকতর সঙ্গে। তীর্থ ক্ষেত্র করিয়া ফুরস্ত মন রঙ্গে। চৈতন্ত গোঁসাই গ্রামে স্থান করিলস্ত। সেই পথে আসিয়া তাহাঙ্ক দেখিলস্ত॥ ত্ইকো ত্ই মৃহুর্ত্তেক চাহি আছিলন্ত। সম্ভাষণ নকরিয়া চলিয়া গৈলন্ত।—৩১৩৯-৪০ পয়ার

#### দৈত্যারি ঠাকুর লিথিয়াছেন—

প্রভাতে উঠিয়া নৃত্যে গমন করস্ত। কৃষ্ণ-চৈতগ্ৰর গৈয়া থানক পাইলম্ভ ॥ পথত চলস্তে শিক্ষা দিলন্ত লোকক। ন করিবা কেইো নমস্কার চৈত্ত্যক। যিটোজনে নমস্কার করে চৈতত্তক। উলটায়া তেঁহো প্রনামন্ত সিজনক॥ মনে নমন্বার তাক করিবা এতেকে। এহি বুলি শিখাইলম্ভ লোক সমস্তকে॥ ক্লফ-চৈতন্ত আছা মঠর ভিতর। ব্ৰন্ধচারী কহিলন্ত আসিছা শহর। শঙ্করর নাম শুনি রুফ চৈত্তার। মিলিল আনন্দ বাজ ভৈলন্ত মঠর॥ ত্বার মৃথতরহি আছিলন্ত চাই। তুয়ো নয়নর নীর ধীরে বহি যাই॥ শঙ্কবরো নরনর নীর বহে ধারে। পথ হন্তে নির্বিয়া আছন্ত সাদরে॥ কতোক্ষণে তুইকো তুই চাই প্রেম মনে। পশিলা মঠত গৈয়া শ্রীকৃষ্ণ-চৈতত্তে ॥ না মাতিলা হুইকো হুই নিদিলা উত্তর। পরম হরিষ মনে চলিলা শহর॥

—বেজবরুয়া-কৃত শঙ্করদেব গ্রন্থের পূ. ২৩০-৩১

#### ভূষণ দিজকবি লিখিয়াছেন-

বৃন্দাবনো যাই সবে ক্ষেত্রে আসিলস্ত। জগন্নাথ ক্ষেত্রে কভো দিন বঞ্চিলস্ত॥ চৈতক্য গোঁদাঞি তথা ভৈলা দরিশন। তুইকো তুই চাহিলা নাহিক সম্ভাবণ॥ মৃহুর্ত্তেক মান চুই চাহি আছিলন্ত। নিবর্তিয়া আসি বাসাঘরে আসিলন্ত॥

--- শक्र दानव, ७१४-१२ भग्नोत्र

দামোদবের শিশু বিজ্ঞরাম রায় "গুরুলীলা"য় লিথিয়াছেন—

কণ্ঠভূষণর মূখে শুনিছে শহর।
ক্বন্ধ চৈতন্ত হয়া হৈছে অবতার॥
ব্রহ্মানন্দ আচার্য্যেও কহিছে পূর্ব্বত।
ব্রহ্মহরিদাসে পাছে কৈলা শহরত॥
সেই কথা স্থমরি শহর মৌন ভৈলা।
রাম নাম গুরুনামে উচর চাপিলা॥
অবনত হয়া তুই নামিলা সাক্ষাৎ।
পূর্ব্বাপর পুছিলস্ত কথা যত যত॥
শহর আগে না মাতিলা মহাজ্ঞানী।
কমওলু জল ঢালি বুঝাইলা আপনি॥
শহরেও বুঝিলন্ত সেই অহ্নমানে।
এক্ষে শর্ণ ধর্ম চৈতন্তর স্থানে॥

---রঙ্গপুর সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২১ সাল, পৃ. ৬৩

বেজবক্ষা মহাশ্য বরদোবার 'গুক্চরিত্র' পূথি হইতে শহর-চৈতন্ত-মিলনের যে বিবরণ উদ্ধৃত করিয়াছেন, তাহাতে দেখা যায় যে জগনাথের নাটমন্দিরে বিদ্যা শ্রীচৈতন্ত ও শহরদেব নটার নাচ দেখিতেছিলেন। সেই সময় তাঁহাদের সামান্ত কিছু কথাবার্ত্তা হয়। "এই প্রকারে ঈশ্বর প্রুষ ঘুইজনা সদালাপ করি কিছুদিন আছে, ক্ষেত্রস্থানর পরা বৃন্দাবনলৈ যাবর ইচ্ছা হোবাত কোনো এদিন ভক্তসকল সহিতে চৈতন্ত গোঁসাইর মন্দিরলৈ যাবলৈ সাজুহৈ মাধ্য দেবত কৈছে।" সেই দিন নিত্যানন্দ শহর-শিন্ত বলরামকে জিজ্ঞাসা করিলেন—"কোন্ দেশর বৈরাগী কোন্ দেশে যায়। কোন্ মূথে ভিক্ষা মাগি কোন্ মূথে থায় ?" বলরাম উত্তর দিলেন—"পূর্ব দেশর বৈরাগী পশ্চিম দেশে যায়। গুরুর মূথে ভিক্ষা মাগি নিজ মূথে থায়॥" তারপর নিত্যানন্দ বলিলেন—"কোন্ দেশর বৈরাগী কি বুলি কাঢ়িছে রাও, সকলো জগৎ হরিময় দেখোঁ কতদি আহিলা পাও ?" বলরাম বলিলেন—"পূর দেশর বৈরাগী রাম বুলি

কাঢ়িছে রাও। হানয়-মাঝে ঈশর কৃষ্ণ আপুনি বিচারি চাও॥" সেই দিন জগন্নাথপ্রদাদ-সম্বন্ধে শ্রীচৈতন্মের সহিত শব্ধরের কিছু কথাবার্তা হয়। তৎপরে "গৌরাঙ্গ প্রভূরে দেখি শঙ্করদেবক ঈশ্বর-শক্তি বুলি প্রশংসা করি অতি সমাদরে বিদায় দিছে" পৃ. ২২৯-৩০।

দৈত্যারি ঠাকুরের বর্ণনা অপেক্ষা এই বিবরণের উপর বেজবরুয়া মহাশয় অধিকতর আস্থা স্থাপন করিয়াছেন। কিন্তু আমি ইহা কাল্লনিক মনে করি। প্রথমতঃ শ্রীচৈতত্ত্য জগল্লাথের নাটমন্দিরে বিসন্ধা দেবদাসীর নৃত্য দর্শন করিবেন ইহা সম্ভব মনে হয় না। দ্বিতীয়তঃ শঙ্কর শ্রীচৈতত্ত্যের তিরোভাবের অল্ল দিন পূর্ব্বে পুরীতে যান। দে সময় নিত্যানন্দ গৌড়-দেশে থাকিয়া ধর্মপ্রচার করিতেছিলেন। দেইজত্য মনে হয় যে মাধ্বের সম্প্রদায়ভূক্ত রামচরণ ঠাকুর, দৈত্যারি ঠাকুর ও ভূষণ দ্বিজের বর্ণনাই অধিকতর বিশাস্থাগ্য। শ্রীচৈতত্ত্যের জীবনের শেষ বার বংসর কেবল ভাবের আবেশে কাটিয়াছে। দে সময় ঘদি শঙ্করের সহিত শ্রীচৈতত্ত্যের সাক্ষাৎকার হইয়া থাকে তাহা হইলে কেবলমাত্র পরস্পরের প্রতি তাকাইয়া দেখাই অধিকতর সম্ভব।

ক্বফ ভারতীর "দন্তনির্ণয়ে" শঙ্কর-চৈতন্ত্র-মিলনের বর্ণনা কৌতৃহলোদীপক। সেইজন্ম উহার থানিকটা উদ্ধৃত করিতেছি—"গঙ্গা-স্থান করি জগন্নাথ দরশন করি পাছে চৈতন্ত গোদাঞির মঠর ছারক লাগ পাইল। যায়। ব্রহ্মহরিদাসক লাগ পাইল। পাছে ব্রহ্ম পুছিল তোরা কথাএ থাক, কিবা নাম। তাত বামবাম কহিল, আমি পূর্বে দেশী ব্রাহ্মণ, এই শহর গোমন্তা জগন্নাথ দেখিতে আদিছে, চৈতন্ত গোদাঞি কো দেখিতে চায়। পাছে বন্ধ হরিদাসে ঐতিচততা গোসাঞিত কহিল। চৈততাে বুলিল, আমি জানি রামরাম ব্রাহ্মণ শঙ্কর কায়স্থ তৃইজ্ঞন আহিচে। এখন আমাক দেখা পাইবার নয়। আমি শুদ্র মুখ না দেখি। এহি কথা রামরাম শহর গোম্স্তাত কহিলেক। শঙ্কে স্নি বিস্তার মনত্থ করি ব্রহ্ম হরিদাসক বুলিল, আমি কেন মতে চৈত্ত প্রভুক দেখা পাঁয়। তেবে ত্রন্ধ হরিদাদে বোলে যদি তোমরত কিছো বিত্ত থাকে, তবে তাক ভাঙ্গি কীর্ত্তন আরম্ভ করা। হরিধ্বনি ম্থনিলে কীর্ত্তন-লম্পট চৈতন্ত আপুনি মঠের বাহির হয়। নৃত্য করিবাক যাইবেক তাতে দেখা পাইবা। এহি কথা স্থান ধন কড়ি ভাঙ্গি কীর্ত্তন আরম্ভিল। ভরতুইপরেত কীর্ত্তনধ্বনি শুনি চৈত্য মঠহস্তে বাহিরায়া ছুই দণ্ডমান নৃত্য করি দেখ নে দেখ বেশে অলক্ষিতে পুনরায় জায়াছিল। চৈতক্ত প্রভুকতো দেখা ন পাইল। পাছে হরিদাস বৃলিল মহাপ্রভূ তোমার কীর্তনেত নৃত্য করি পুনর্কার মঠের ভিতর আসিল। তুমি কেনে দেখা না পাইলা। তাত শহরে বৃলিল পূর্বে কোনদিন নঞি দেখি দেখি এতেকে চিনিবাক না পারিলো। যদি আগে দেখি চিনো হেন্তে তেবে চিনিবাক পারি। কহা প্রভূর কি বর্ণ, কি রূপ। এহি কথা স্থনি হরিদাসে বোলে, আমি প্রভূর রূপ কহো। গৌরাক তহু, আজাহলিছিত ভূজ, মৃত্তিত মৃত, হল্তে জপমালা, দগ্ধনেত্রে সদা প্রেমধারা বহে। গলায়ে নামমালা ভোলম্থে সদা কীর্ত্তন রোল। কটিত কপিন। সদা পূলক বলিত তহু। এই লক্ষণে চৈত্যু মহাপ্রভূ।

ভাল প্রভুক ন চিনিলা, আমি চিনায়া দিবো। রাত্রি চারি দণ্ড থাকিন্তে আসিবা। জে দম জগলাথর জলশভার বাঘ হয়, সেই দময় প্রভু চৈতন্ত সম্প্র সানক জায়; সেই বেলা মঠের হার মেলে। তোরা ঘুইজনে সেই বেলা দেখা পাইবা। এহি কথা শুনি ঘুয়োজনে চারিদণ্ড থাকিতে মঠের হারেক গৈল ব্রহারদাদ বুলিল মহাপ্রভুক দণ্ডবত না করিবা এহি কথা শুনি শহর একদিদের রহিল। রামরাম পুরুষঠের হারত দণ্ডবত করিয়াছিল। দেই বেলা জগলাথের জলশভা বাঘ হইল, তাকু শুনি চৈতন্ত মহাপ্রভু মঠর বাহির হয় দম্দ্র স্নানেক চলিল। অহি বাইতে রামরাম শুরুর মন্তকত চরণ উঝাটি লাগিল। ঈখরের চারি অক্ষরে নাম উচ্চারণ করিয়া দম্দ্র স্নানকে নজিল। সেই চারি নামক রাম রাম মন্ত্র বুলিল। শহরে প্রভুক দেখি মনে দণ্ডবত করি খোজতে দণ্ডবত করিলা। পাছে হরিদাদেক বুলিলা তোমার প্রদাদে মহাপ্রভুর দরশন হৈলো। আমি তোমাক কি দিম। আমিয়ো তোমার। আর প্রভুত পুছিবা কলিত শুক্তি কাহাত রহিবেক। আমাক কি আজ্ঞা হৈবেক। আমাকে প্রসাদ দিবে কে। এই কথা সকল কহিবা। হরিদাদে বুঝিল এ সকল কথার মহাপ্রভুত আজ্ঞা লয়া দিবো। তোরা স্নান করি আদিবা।

এই স্থানি রামরাম শহর ছই জনে সম্দ্র স্থান পঞ্চীর্থ স্থান করিবেক।
চৈত্র প্রভুয়ো স্থান করি মঠের ভিতর যাইতে ব্রহ্ম হরিদাসে দণ্ডবতে পড়ি
কথা কহে হে মহাপ্রভু ছইটি থিবেয়ে পোছে কলিত ভক্তি কাহাত রহিবেক,
আমার কি গতি হৈবেক আমাক কি আজ্ঞা হৈবেক, আমার প্রসাদ পাইবাক
লাগে। এহি কথা স্থানি প্রভু মনিকরক্ষর জল ঢালিল, হারত ব্রহ্ম হরিদাসে
বুলিল। উচ্চেত ভক্তি না রহে, হিনত ভক্তি রহিবেক। আর রামদেব শর্মাক
শহর দাসক ছইখানি দেবলার মালা দিব। ছই জনেক আর জগতপতি জে

নাম নামমালিক। পুস্তক সাত শত শ্লোকের করাইবে তাক শহরদাসেক দিবা, দে দেশত প্রচারোক আর শহর দাসে ভাগবত স্থনিবেক আর রামদেব শর্মাকে শরণ ভজন হরি নামের শ্লোক সকল দিবা, যেহি চার নাম পাইলো সেহি ব্রহ্মপুত্রেক তিনি নাম দিবেক। ব্রাহ্মণেক চারি নাম দিবেক। আর দামোদর ব্রাহ্মণ পুস্পদণ্ড পারিষদ আহিছে আঞোকে সব ভজনের শ্লোক দিব।" (বশীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২৭; ৩, পৃ. ১৩১-৩৯)।

নিম্লিখিত কারণে এই বর্ণনা বিশ্বাস্থােগ্য মনে হয় না। (১) উক্ত বর্ণনায় দেখা যায় যে শ্রীচৈতন্ম বলিতেছেন যে তিনি শুদ্রের মৃথ দেখেন না। তাঁহার অনেক শৃদ্র ভক্ত ছিল। তাহাদের সহিত তিনি ঘনিষ্ঠভাবে মিশিতেন। (২) শ্রীরূপ, প্রবাধানন্দ, রঘুনাথদাস গোস্বামী প্রভৃতি প্রত্যক্ষদর্শীরা শ্রীচৈতন্মের গলায় হরিনামের মালা থাকার কথা বর্ণনা করেন নাই। যে-সমস্ত গ্রন্থে শ্রীচৈতন্মকে মালা তিলকধারী বলিয়া বর্ণনা করা হইয়াছে, সেগুলি পরবর্তী কালের। (৩) শঙ্করদেব যদি শ্রীচৈতন্মের উপদেশ গ্রহণ করিয়া শ্রীমন্তাগবত রচনা করিতেন, তাহা হইলে তাহাতে শ্রীরোধার নাম থাকিত। শঙ্করের "দশমকীর্ত্তন" প্রভৃতি কোন গ্রন্থে রাধার নাম নাই। (৪) শ্রীচৈতন্ম বান্ধণের জন্ম একপ্রকার হরিনাম ও শৃদ্রের জন্ম অন্মপ্রকার হরিনাম উপদেশ দিবেন, ইহা একেবারেই সম্ভব মনে হয় না।

কৃষ্ণ ভারতীর সন্তনির্নাকে কেহ কেহ খুব প্রামাণিক মনে করেন।
তারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় বলেন যে সন্তনির্নান গ্রীষ্টায় যোড়শ শতাকীর
শেষভাগে রচিত হইয়াছিল; কারণ ভট্টদেব ঐ গ্রন্থ দেখিয়া "সৎসম্প্রদায় কথা"
লিখিয়াছেন। কিন্তু আমার মনে হয় ঐ গ্রন্থানি বেশী দিনের প্রাচীন নহে;
কারণ উহাতে ভবিয়পুরাণ, পদ্মপুরাণ, গরুড়পুরাণ, বহন্নারদীয় পুরাণ প্রভৃতি
হইতে শ্লোক তুলিয়া প্রমাণ করা হইয়াছে যে প্রীচৈতক্ত ভগবান্ স্বয়ং। সনাতন,
শ্রীজীব, গোপাল ভট্ট, কবিকর্ণপূর ও ক্রফ্টদাস কবিরাজ ঐ-সমস্ত পুরাণ হইতে
অনেক শ্লোক উদ্ধার করিয়াছেন। যদি ঐ-সমন্ত পুরাণে সত্যই শ্রীচৈতক্তের
ভগবত্তার কথা থাকিত, তাহা হইলে তাঁহারা শুধু শ্রীমন্তাগবতের ও

চৈতন্ত্রসংগ্রহং দৃষ্ট্র সংগ্রহং কৃঞ্ভারতেঃ। নৃসিংহকৃত্যমালোক্য কথয়ামি কথামিমাম্।

১ ভট্রদেব বলেন-

মহাভারতের অম্পষ্ট প্রমাণ তুলিয়া শ্রীচৈতত্যের ভগবতা স্থাপন করিতেন না। এ-সমন্ত শ্লোক পরবর্ত্তী কালে জাল করা হইয়াছিল।

সম্ভনির্ণয়ে আরও পাওয়া যায় যে এইচততা জন্মগ্রহণ করিয়া তিন দিন
পর্যান্ত মাতৃত্ততা পান করেন নাই। পরে অবৈত আচার্য্য আদিলে শুনপান
করেন। অবৈত আচার্য্যই তাঁহার নাম চৈততা রাখেন। এইরপ কথা
আবৈতের প্রক্ষিপ্ত জীবনীগুলিতে পাওয়া যায়। অবৈতের এক পুত্র আদামে
যাইয়া এটিচততাের ধর্ম প্রচার করিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে (রঙ্গপুর
সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩১৯, পৃ. ১৮০)। সম্ভবতঃ অবৈতের বংশধরদের
নিকট কিংবদন্তী শুনিয়া কেহ রুফ্ ভারতীর নাম দিয়া সন্তনির্গয় লিখিয়াছেন।
স্বরূপ-দামোদরের কড়চার কথা রুফ্লাস করিরাজ লিখিয়াছেন, কিন্তু বাজারে
এ নামের একখানা সহজিয়া বই পাওয়া যায়। সেইরপ রুফ্ ভারতীর নাম
দিয়া কেহ হয়ত এ গ্রন্থ রচনা করিয়াছেন। এটিচততাচরিতাম্তের বহু পরে
"সম্ভনির্ম" রচিত হইয়াছিল বলিয়া আমার সন্দেহ হয়।

# Sri Chaitanya's visit to Assam ত্রীচৈতভোর আসাম-ভ্রমণ

শ্রীচৈততা কোন সময়ে আসামে গিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে। কয়েকথানি অসমীয়া, সংস্কৃত ও বাঙ্গালা গ্রন্থে এইরপ বর্ণনা আছে। কিন্তু শ্রীচৈততার সাত্থানি প্রাচীন জীবনীতে এ বিষয়ে ইঙ্গিত পর্যান্তও নাই।

ভট্টদেব তাঁহার "দৎদক্রদায় কথা"য় (পৃ. ৩০) শ্রীচৈতন্তের আদাম-শ্রমণ-দম্মে নিম্নোদ্ধত বর্ণনা দিয়াছেন—"পাছে মহাপ্রভূ তৈর পরা আদি করতিয়ার তীরে রহিলা। পাচে যেখন রাজা নরনারায়ণ এই উপর দেশর পরা অনেক লোকক নমাই আনি শঙ্করক গোমোন্তা পাতি রাজ্য বদাইবে দিছে মাত্র, তেখনে চৈতন্তভারতী প্রভূ মাধবদর্শনে মণিকূটে আদিলা। বরাহকুত্তর উপরে গোঁফাত রহি মাধব দর্শন হৈল। পাচে রত্তেশ্বর বিপ্রক শরণ লগাই ভাগবত পঢ়াই রত্তপাঠক নাম দি মাধবর দারত ভাগবত পঢ়িবে দিলা, আর যাত্রা মহোৎসব দঞ্চীর্ত্তন কর্মকো মাধবরদারা প্রবর্ত্তাইলা, পাচে মহাপ্রভূ প্রভ কুঠারে যাই নামর নির্ণয় লিখি ব্রক্ষকৃত্তত স্নান করি উলটি আদি দেই

> জন্মমাত্রেই নিমাইয়ের নাম চৈতন্ত হয় নাই। সন্মাদের সময় ঐ নাম তিনি গ্রহণ করিয়াছিলেন।

গোঁফাতে রহিলা। পাচে মাগুরির কণ্টভূষণক আরু কবিশেথরক, কন্ট্রার কন্দলীক শরণ লগাই ভাগবত পঢ়াইলা। পাচে হাতে বীনা ধরি গাই নারদর শ্রেষ্ঠা দেখাইলা। সেই বেলা দামোদরে মাধব দেখিতে মণিকূটে ষাই তাঙ্ক দেখি তুর্লভ লাভ ভৈলা বুলি প্রণাম করি বোলে, হে মহাপ্রভু, মঞি দরিদ্র ব্রান্ধণে কিছো আশীষ মাগোঁ। চৈতন্ত বোলে, কেনমতে তুমি দরিদ্র ভৈলা। দামোদরে বোলে, স্বদেশের পরা নামি আহন্তে তাঁতীমরাত নৌকা বুরি সর্বান্ধ উটিল। তিনটি প্রাণী বাঁজিত ধরি দিগন্ধরে তরিলোঁ। পাচে শন্ধরে বন্ধ উটিল। তিনটি প্রাণী বাঁজিত ধরি দিগন্ধরে তরিলোঁ। পাচে শন্ধরে কন্ধ উটিল। করাই নিকটে রাখিছে। পাচে চৈতন্ত বোলে, হে দামোদর নশ্বর বন্ধত থেদ ন করা। তুমি ঈশ্বরের পার্ধদ। লন্মীর কোপে গোঁতমর বংশত জন্মিছা। পুন তান করে তিনি পীঠত পূজ্য হই নিজ এশ্ব্যাকে পাইবা। এই রহস্ত কহি তান্ধ তত্ত্বান দি উড়েষাক গৈলা।"

এই বিবরণে বিশাস না করিবার প্রধান কারণ এই যে গেট্ সাহেবের মতে ১৫৩৪ খ্রীষ্টাব্দে ও গুণাভিরাম এবং রবিন্সনের মতে ১৫২৮ খ্রীষ্টাব্দে রাজ্ঞানরনারায়ণ সিংহাসনাধিরোহণ করেন। গেট্ সাহেব বলেন যে নরনারায়ণ ১৪৬৮ শক বা ১৫৪৬ খ্রীষ্টাব্দে আসাম আক্রমণ করেন। শ্রীচৈতন্ত ১৫৩৩ খ্রীষ্টাব্দে তিরোধান করেন। স্ক্তরাং নরনারায়ণের আসাম-আক্রমণের পরে শ্রীচৈতন্তের আসাম ভ্রমণ করা অসম্ভব হয়।

কৃষ্ণ ভারতীর "সন্তনির্ণয়ে" শ্রীচৈতন্তা-সম্বন্ধে অনেক অপ্রামাণিক উক্তি আছে তাহা পূর্ব্বেই দেখাইয়াছি। ঐ গ্রন্থে শ্রীচৈতন্তের আসামল্রমণ-সম্বন্ধে আছে যে শ্রীচৈতন্ত বৃন্দাবন হইতে কামরূপে মাধব দর্শন করিতে আগমন করেন। "ইতি কামরূপ দেশত যেমতে চৈতন্ত গোসাই প্রবর্তনি সম্প্রদায় ঈশ্ব ভক্তি পিণ্ড, শরণ, ভজন, হরিনাম, ভাগবত, গীতা, জাত্রা, মহোৎসব প্রবর্ত্তিলা তাহাঙ্ক হ্বনা। এহি কামরূপদেশ প্রায় জঙ্গল আছিল। ব্রাহ্মণ সজ্জন ন ছিল। পাছে নরনারায়ণ চিলা রায় ঘূভাই কামরূপর রাজা হইল। মাধবর থানর মঠ বাদ্ধৈল। পাছে কামরূপ উক্ত দেখিরই তাতে মণিরামপুর কৈল্যাণপুর বণিয়া ব্রহ্মপুর বেদর বরদ্য়া এই সকল দেশর ব্রাহ্মণ,

> রাজা নরনারায়ণ মাধবের মন্দিরের সম্মুখের ঘরটি ১৫৫০ খ্রীষ্টাব্দে নির্দ্ধাণ করাইরাছেন।
—সোনারাম চৌধুরী লিখিত "কামরূপত কোচ রাজার কীর্ত্তি চিন্" প্রবন্ধ, "চেতনা" মাসিক পত্রিকা,
কান্তন ১৮৪৫ শক, ১৯২৪ খ্রীষ্টাব্দ।

कांग्रम्, कूलीन ভাতি মৃগি সকলক বসাইলেক। সেই বেলা রাম দামোদর, শঙ্কর, মাধব, হরিদেব কামরূপক আদিলা, দেব দামোদরের সত্তে তাতি মারাং নায় চুরি, সর্বন্থ নষ্ঠ হইল, চারি প্রাণী মাত্র ঝাজিত ধরি রহিল। পাছে শহর রাম রাম গুরু মাধব দরশন করিবাক আদিল। তাতে রত্ন পাঠকর মুখে ভাগবত শুনি রত্ন পঠকত স্থালা। হে গুরু কোন শান্ত্র পড়া। পাছে রত্ন পাঠকে কহিলেক বোলে এই তো শ্রীভাগবত আমারই দেশত শ্রীচৈতক্ত গোসাঞি প্রচারিল। আমাক কুপাকরি মাধব হুয়ারে পাঠ করিবাক আজ্ঞা করিল। এতেকো আমি পড়ো। এহি কথা শুনি পুরু শঙ্করে গোমস্তায়ে সোধেবোলহ গুরু চৈত্তা গোদাঞি কোন ঠায় থাকে আমি তঞ্জক দেখা পাঞো। এহি শুনি রত্ন পাঠকে বোলে চৈতন্ত গোসাঞি এই মাধবর মণিকুটর গোফাতে আছিল। এখন জগনাথক গৈল। এহি কথা শুনি শহর গোমস্তা রাম রাম গুরু তুই জনে আলচি বোলে গুরু চলা গঙ্গা স্থান করি জগরাথ দরশন করি চৈত্ত গোদাঞিক দেহি থানতে লগে পাইব।" মাধবের মন্দিরের সন্মুখের ঘর যদি রাজা নরনারায়ণ ১৫৫০ খ্রীষ্টাব্দে নির্মাণ করিয়া থাকেন ও তাহার পর শঙ্করের সহিত রত্ন পাঠকের কথাবার্তা হয়, তাহা হইলে এই সময়েরও পরে শঙ্কর কি করিয়া পুরীতে শ্রীচৈতত্তার দর্শন পাইবেন ? শ্রীচৈতন্ত ১৫৩৩ খ্রীষ্টাব্দে তিরোধান করিয়াছেন।

কৃষ্ণ আচার্য্য "সন্তবংশাবলী"তে নৃসিংহক্বত্য নামে একখানি বইয়ের উপর নির্ভর করিয়া নিম্নলিখিত পদ লিখিয়াছেন। ইহাতে শ্রীচৈতত্যের আসাম-ভ্রমণের কথা পাওয়া যায়, কিন্তু তিনি কখন আসামে গিয়াছিলেন তাহা জানা যায় না।

তেব হন্তে প্রভ্ কামরূপে গৈয়া
মণিকৃট গীরি পাইলা।
বরাহ কুণ্ডর উপর গোঁফাত
টৈতন্ত প্রভু রহিলা।
রত্ন পাঠকক শরণ লগাই
ভাগবত পাঠ দিলা॥
মাণ্ডরী গ্রামর কণ্ঠ ভূষণক

কণ্ঠহার কন্দলীক।

কবিচন্দ্র দিজক কবি শেখরক চৈতন্ত নাম দিলেক॥ যাঞামনোদের সংকীর্ত্তন ধর্ম মণিকৃটে প্রবর্তাই।

তৈর পরা আসি মৌন হয়া রৈলা

ওড়েষা নগর পাই॥-- ৯৩-৯৫

কৃষ্ণ আচার্য্যের উক্তির সহিত সন্তনির্ণয়ের বর্ণনার মিল আছে। উভয় গ্রন্থেই পাওয়া যায় যে শ্রীচৈতন্ত বরাহকুণ্ডের উপর রত্নেশ্বকে 'শরণ' দেন, কণ্ঠভূষণকে ভাগবত পাঠের উপদেশ দেন ও কণ্ঠহার কন্দলিকে রূপা করেন। ভারপর কবিশেখর ব্রহ্মাকে নামধর্ম দান করিয়া তথা হইতে উড়িয়ায় গমন করেন।

প্রত্যমমিশ্র-নামক কোন ব্যক্তির লেখা বলিয়া কথিত "শ্রীকৃষ্ণচৈতত্তো-দয়াবলী"-নামক সংস্কৃত গ্রন্থে আছে যে শ্রীচৈতত্ত সন্মাস-গ্রহণের পরেই শাস্তিপুর হইতে শ্রীহট্টে গমন করেন।

Sri Chaitanya went to puri directly from shartipur - as per Shivananda Sen and Vacudev Ghosh এই বিবরণ সত্য নহে; কেন-না শিবানন্দ সেন ও বাস্থ্যেব ঘোষ শান্তিপুরে writings who were present at Shantipur.
উপস্থিত ছিলেন ও তাঁহারা পদে লিখিয়াছেন যে শ্রীচৈতন্ত শান্তিপুর হইতে সোজা নীলাচলে যান। শ্রীচৈতন্তের সমস্ত চরিতগ্রন্থেও শান্তিপুর হইতে নীলাচলে যাইবার কথা আছে।

আধুনিক অসমীয়া লেখক লক্ষ্মীনাথ বেজবরুয়া তাঁহার "শ্রীশঙ্করদেব আরু
শ্রীমাধবদেব" নামক গ্রন্থে লিথিয়াছেন, "শ্রীচৈতগ্রন্থ দক্ষিণ প্রদেশত ধর্ম প্রচার
করি তার পরা এবার মণিপুর লৈ আহি, তাতো ধর্ম প্রচার করি সন্মাসী
বেশেয়ে আসমলৈ আহি হাজোতে কিছু দিন আছিল" (পৃ. ১২০)।
দক্ষিণ-ভ্রমণের পরই শ্রীচৈতগ্র ভারতের পূর্বপ্রান্তে স্থিত আসামে গিয়াছিলেন,
এ কথার প্রমাণ কোন প্রাচীন গ্রন্থে পাই নাই বলিয়া ইহা বিশ্বাস
করিতে পারিলাম না।

আমার মনে হয় ঐচৈততা কোন সময়ে আসামে গিয়াছিলেন। তিনি

১ এই বিবরণ অচ্যুত্তরণ তত্ত্বনিধি মহাশয় সত্য বলিরা মানিয়া লইয়াছেন। কিন্তু তিনি "শ্রীগৌরাঙ্গের পূর্ব্বাঞ্চল পরিভ্রমণ" নামক গ্রন্থে লিখিয়াছেন যে শ্রীচৈতন্ত যথন অধ্যাপকরূপে শ্রীহট্টে গিয়াছিলেন, তথন চণ্ডী লিখিয়া দিয়াছিলেন—সম্রাসের পর নহে।

যদি তথায় একেবারেই না যাইতেন, তাহা হইলে এতগুলি কিংবদন্তীর সৃষ্টি হইতে পারিত না।

হেমচন্দ্র দেব গোস্বামী মহাশয় লিখিয়াছেন, "কামরূপ বিভাগে হাজো অঞ্চলে মহাপ্রভু আদিয়াছিলেন এই জনশ্রুতি। হাজোতে মণিকূট নামে একটি ছোট পাহাড় আছে এবং তাহার শিথরদেশে হয়গ্রীব মাধবের দেবালয় প্রতিষ্ঠিত আছে। পাদদেশে একটি গহরর আছে এবং তাহার সন্নিকটে বরাহকুত্ত। এই গহররটিকে লোকে 'চৈতল্য ধোপা' বলিয়া থাকে এবং চৈতল্যদেব কিয়ৎকাল এই গহরের বাস করিয়াছিলেন বলিয়া নির্দেশ করিয়া থাকে" (বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২২; ৪, পু. ২৪১-৪৮)।

শ্রীচৈতন্ত যদি কোন সময়ে আসামে যাইয়া থাকেন, তাহা হইলে বুন্দাবন হইতে ফেরার পথে তথায় যাওয়াই অধিক সম্ভব; কেন-না তাঁহার অন্তান্ত সময়ের অমণের অনেকটা নির্ভরযোগ্য বিবরণ পাওয়া যায়; কিন্তু বুন্দাবন হইতে ফেরার পথে বারাণসীতে হই মাস থাকার পর (চৈ. চ., ২।২৫।২) অর্থাৎ চৈত্র মাস পর্যান্ত থাকার পর তিনি কোন্সময়ে পুরীতে ফিরিলেন তাহা জানা যায় না। ঐ সময়ে তাঁহার একবার আসামে যাওয়া অসম্ভব নহে।

Kabir and Sri Chaitanya
কবির ও এচিতশু

রামচরণ ঠাকুর লিথিয়াছেন যে যথন কবিরের মৃতদেহ লইয়া তাঁহার হিন্দু ও ম্দলমান শিশুদের মধ্যে বিবাদ বাধে তথন শ্রীচৈততা আদিয়া ঐ শব কাঁথে করিয়া গঙ্গার জলে ভাসাইয়া দেন; যথা—

চৈতন্ত গোদাই হেন কথা শুনিলস্ত।
শীঘ্র বেগ করি তেঁহাে থেদি আদিলস্ত॥
কবিরর শব তুলি কান্ধত লইলস্ত।
চৈতন্ত গোদাই তাক ভাদালা গদাত॥
যবনর রাজা স্বর্থান মহামতি।
শীঘ্রনিলস্ত হেন যিটো কথাক সম্প্রতি॥

চৈতন্তক নিয়া পাছে স্থানস্ত কথা।
কবিরর শব কিক বইলা তুমি তথা॥
হেন শুনি বৃলিলে চৈতন্ত মহাবীর।
কিছু ভাগবত কথা শুনায় মহা ধীর॥
বান্ধণ ক্ষেত্রিয় আমি নহোঁ চারি জ্ঞাতি।
দশো দিশে গৈল দেখা আমার থিয়াতি॥
চারিয়ো আশ্রমি দেখা হুহি কোহোঁ আমি।
নোহো ধর্মশীল দান ব্রত তীর্থ গামি॥
দৈবকীর পুত্র যিটো গোপী ভর্তা স্বামী।
তাহার দাসর দাস দাস ভৈলোঁ আমি॥
শাস্ত্রমত দেখাই নৃপতির আগে কৈলা।
অনস্তরে আপুনার ঘরে চলি গৈলা॥—৩২৪৪-৪৮ প্যার

কবির ১৫১৮ খ্রীষ্টাব্দে পরলোকে গমন করেন বলিয়া কথিত হয়। শ্রীচৈতন্য-চরিতামৃতের বিবরণ (২০১৬) ২৭৯ ও ২০১৭।২) বিশ্বাস করিলে বলিতে হয় যে শ্রীচৈতন্য তাঁহার সন্মানের য়ষ্ঠ বর্ষে অর্থাৎ ১৫১৫ খ্রীষ্টাব্দে শরৎকালে বৃন্দাবন অভিমুখে যাত্রা করেন ও ১৫১৬ খ্রীষ্টাব্দের ফাল্কন ও চৈত্র মাসে কাশীতে ছিলেন। ১৫১৬ ও ১৫১৮ খ্রীষ্টাব্দের মধ্যে ব্যবধান বেশী নহে। চরিতামৃতের

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূজো নো বা বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা। কিন্তু প্রোভন্নিখিল-পরমানন্দ-পূর্ণামৃতাকে-র্গোপীভর্ত্ত্বঃ পদক্ষলয়োদাসদাসামুদাসঃ ॥—পভাবলী ৭৪

এই মোকটি পতাবলীর ইণ্ডিয়া আফিসের পূথিতে, এসিয়াটিক সোসাইটিতে রক্ষিত গুইগানি পূথিতে ও ঢাকা বিশ্ববিতালয়ের ৩৫২৮ সংখ্যক পূথিতে এটিচতক্সের রচনা বলিয়া উল্লিখিত হইয়াছে। কিন্তু ডা. স্থালকুমার দে মহাশয় উহার রচয়িতা অজ্ঞাত বলিয়াছেন। (ডা. দে, পতাবলী, ৭৪ সংখ্যক শ্লোক ও তাহার পাদটীকা।) জয়ানন্দ, ৮৫ পৃ., উহা এটিচতক্স-কর্তৃক কথিত বলিয়াছেন। প্রাচীন অসমীয়া গ্রন্থেও উহা এটিচতক্সের উক্তি বলিয়া পাওয়া যাইতেছে। সেই জক্স এটিকে কৃঞ্দাস কবিরাজ শিক্ষাইকের মধ্যে না ধরিলেও এটিচতক্সের রচনা বলিয়া অনুমান করি।

১ উদ্বত অংশ নিয়লিখিত সংস্কৃত শ্লোকের অমুবাদ—

বিবরণ অথবা কবিরের মৃত্যুর তারিথ-নির্দেশে ছই-এক বৎসর এদিক ওদিক হওয়া বিচিত্রে নহে। স্থতরাং কাল-হিসাবে এ ঘটনা ঘটা অসম্ভব নহে।

শ্রীচৈতত্তের কাশী-ভ্রমণের তারিথের সহিত কবিরের মৃত্যুর তারিথ ও শ্রীচৈতত্তের স্থাসিদ্ধ একটি উক্তির সহিত রামচরণ ঠাকুর-বর্ণিত শ্রীচৈতত্তের কথার মিল পাওয়া যাইতেছে। রামচরণ ঠাকুর ঘটনাটিকে সত্য প্রমাণ করার জন্য বলিয়াছেন—

মাধব দেবর মুখে যিমত শুনিলোঁ।
তান বাক্য পালি মই তেহুয় লিখিলোঁ॥—৩২৬৩ পয়ার

রামচরণ ঠাকুরের শকরচরিত হইতে সেকালের ভ্রমণ-বৃত্তান্ত-সম্বন্ধে একটি প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। গ্রাহইতে দশ দিন হাঁটিয়া শকর গঙ্গাতীরে পৌছিয়াছিলেন; গঙ্গাতীর হইতে একুণ দিনে শ্রীক্ষেত্রে গিয়াছিলেন (১৮৩১ পদ)। ইহা হইতে শ্রীচৈতন্তের গ্রমনাগ্রমনে কত দিন লাগিয়াছিল তাহার একটা ধারণা করা যাইতে পারে।.

New information on Rup - Sanatan
রপ-সনাতন-সম্বন্ধে নূতন কথা

উক্ত লেখক রপ-সনাতন-সম্বন্ধে কয়েকটি নৃতন কথা বলিয়াছেন। শহর যখন প্রথমবার তীর্থভ্রমণে যান, তখন শ্রীক্ষেত্র হইতে আড়াই মাস চলার পর তাঁহার সহিত রূপ-সনাতনের দেখা হইয়াছিল। সে সময়ে ছই ভাইয়ের হাতে মন্দিরা (বাছ্যন্ত্র)ছিল। শহর বলিয়াছেন—

তোরা হই ভাই আইলা কিবা লই
হাতত মন্দিরা আছে।
কিবা ধর্ম তোরা সকলে আচরা
কৈয়ো মোক সাঁছে সাঁছে ॥
রূপ বোলে চাই কি কৈবো গোসাঁঞি
তুমি জগতর নাথ।
ছল্ম রূপ ধরি আসিছা শ্রীহরি

ন করা মোক অনাথ।

--রামচরণ ঠাকুর, ১৯২১

শঙ্করের সহিত সাক্ষাৎকারের বলেই তুই ভাই সংসার ত্যাগ করেন; ষ্থা---

প্রভাততে পাছে লবিল শক্তর व्हे जाया अफ़िना घत । পরমা স্থন্রী ' রূপের যে ভার্য্যা করস্ত বহু কাতর ॥—১৯২৫

শহর রূপা করিয়া রূপের ভার্যাকেও সঙ্গে লইলেন। তিনি বলিলেন—

আনাসহি কন্তা এন্থে মহাধ্যা শান্তি মাঝে অগ্রগণী। আদিবে হু ভাই রঙ্গ ভ্যা চাই মাতিলন্ত হেন শুনি॥ আদোক বুলিয়া তান নিজ জায়া পাছে লগ করি নিলা। শ্রীমন্ত শকর পরম কৌতুকে উত্তম তীর্থ দেখিলা ॥--- ১৯২ १-२৮

শঙ্করের দঙ্গে রূপ-সনাতন সীতাকুণ্ডে গিয়াছিলেন। কয়েকটি তীর্থ-ভ্রমণের পর শহরদের রূপ-সনাতনকে বিদায় দেন; যথা-

> বিদায় করিয়া রূপ-স্নাত্ন গৈল। শঙ্করর চরণর ধূলা মৃটি লইল ॥—১৯৫৫ পয়ার

ভূষণ দ্বিজ্বাবি যে ভাবে রূপ-সনাতনের প্রদক্ষ লিথিয়াছেন, তাহাতে মনে হয় ना य नकत उँ शिं शिंगरक कुषा कित्रशिक्ति। इसन वर्लन य जानिनगरत এক সন্ন্যাসী শঙ্করকে রূপ-সনাতনের কথা বলিয়াছিলেন; যথা-

> ছইকো ছই আপুনার নাম কহিলন্ত। সন্ন্যাদী বোলস্ত মোর শুনিও বুতান্ত॥ .আছা রূপ স্নাত্ন পর্ম ভক্ত। বৈরাগ্য তেজিলা রাজ্যভোগ আছে যত॥

বৃন্দাবনে আনন্দে আছম্ভ তৃই ভাই।
হাতত মন্দিরা রুম্ব-লীলা-গুণ গাই॥
কেবল ভক্তির ভাগ কহিলা যুগুতি।
অনস্তবে শঙ্করে পুছিলা তার মাতি॥—৫৬১-৬৩ পয়ার

রূপ ও সনাতন তাঁহাদের গ্রন্থানিতে শ্রীচৈতল্যকে বন্দনা করিয়াছেন; শহরের কথা কোথাও স্পষ্ট করিয়া বলেন নাই। শ্রীরূপের বিদ্ধানাধব নাটকের প্রস্তাবনাম্ম স্ত্রধার বলিতেছেন—"অলাহং স্থপান্তরে সমাদিষ্টোহশ্মি ভক্তাবতারেণ ভগবতা শ্রীশঙ্করদেবেন।" ভক্তাবতার ভগবান্ শহরদেব স্থপ্ন আদেশ দিয়াছেন যে মুকুন্দের লীলাকাহিনী বর্ণনা করিয়া বিভিন্ন দেশ হইতে সমাগত ভক্তদের প্রাণ রক্ষা কর। "ভক্তাবতার শহরদেব" বাক্য দেখিয়া মনে হয় এখানে আসামের মহাপুরুষ শহরদেবকেই বৃঝি লক্ষ্য করা হইয়াছে। কিন্তু টীকাকার বিশ্বনাথ চক্রবর্ত্তী উদ্ধৃত অংশের ব্যাখ্যায় বলিয়াছেন—"শ্রীশঙ্করদেবেনেতি ব্রন্ধকৃত্তীরবর্ত্তনা গোপীশরনামা।" বিদ্ধান্মাবে মাধুর্য্য-রস ফুটাইয়া তোলা হইয়াছে; শহরদেব জ্ঞানমিশ্রা ভক্তির উপদেষ্টা, দাশ্য-ভক্তির উপাসক; তিনি যে এইরূপ নাটক লিখিতে আদেশ দিবেন সে সম্ভাবনা অল্প।

রামচরণ ঠাকুর ও ভূষণ শ্রীরন্দাবনধামবাদী একজন বৃন্দাবনদাদের নাম করিয়াছেন। শঙ্কর মাধবকে বৃন্দাবন যাইতে বলিয়া বলিতেছেন—

> বৃন্দাবনদাস আছে তাহাক দেখিবা। হুইমুই মোর কথা প্রমাণ করিবা॥ কেবল ভক্তির ভাব কহিয়াছো আমি। হোবে নহে তাক গৈয়া স্থাধি চাইয়ো তুমি॥

> > —রামচরণ, ৩১৩১ পয়ার

#### ভূষণ বলেন-

আসা একে লগে সবে যাঞো বৃন্দাবন। আছা বৃন্দাবনদাস হইবো দরিশন॥ যি সব ভক্তির ভাব করিবোঁ বেকত। হই মুই পুছি তান্তে লৈবোঁহো সন্মত॥ এই বৃন্দাবনদাস শহরের অপেক্ষা বয়োজ্যেষ্ঠ ও বৃন্দাবনবাসী, স্তরাং ইনি
প্রীচৈতগুভাগবতের লেখক হইতে পারেন না। ঈশরদাসের চৈতগুভাগবতে
আছে যে প্রীচিতগ্রের পুরী যাওয়ার পরেই একজন বৃন্দাবনদাস হতীকে
হরিনাম দিবার জগু মন্ত বলরামকে অহ্বোধ করিয়াছিলেন (৪৭ অধ্যায়)।
সম্ভবতঃ প্রীচৈতগ্রের পরিকরগণের মধ্যে প্রীচৈতগুভাগবতের লেখক ভিন্ন অন্থ একজন বৃন্দাবনদাস ছিলেন।

## ষোড়শ অধ্যায়

## Correct Hindi and Bengali Bhaktamal স্টীক হিন্দী ও বাঙ্গালা ভক্তমাল

Nabhaji and Priyadasji নাভাজী ও প্রিয়াদাসজী

বামানন্দী-সম্প্রদায়ের অন্তর্ভুক্ত অগ্রদাস স্বামীর শিগ্র নাভাদাসজী হিন্দী ভাষায় অত্যন্ত সংক্ষেপে ভক্তমাল গ্রন্থ প্রণয়ন করেন। তিনি নিজে বুন্দাবনবাদী প্রিয়াদাদজীকে ঐ গ্রন্থের টীকা লিখিতে বলেন। প্রিয়াদাদজী লিখিয়াছেন যে তিনি যখন শ্রীচৈতন্ত মহাপ্রভুর চরণ ধ্যান করিয়া নামগান করিতেছিলেন তথন নাভাজী আসিয়া তাঁহাকে ভক্তমালের টীকা লিখিতে व्यक्ति (मन: यथा-

> মহাপ্রভু কৃষ্ণচৈতন্ত মনহরণজুকে চরণকৌ ধ্যান মেরে নাম মুখ গাইয়ে। তাহী সময় নাভাজু নে আজ্ঞা দই লই ধারি, টীকা বিস্তারি ভক্তমালকী স্নাইয়ৈ॥

> > —লক্ষো নওলকিশোর প্রেস সংস্করণ, পু. **৪**

প্রিয়াদাসজী লিখিয়াছেন যে তিনি ১৭৬৯ সংবতে অর্থাৎ ১৭১৩ খ্রীষ্টাব্দে ঐ টীকা সমাপ্ত করেন (পৃ. ৯s১)। তাঁহার সহিত যদি নাভাজীর সাক্ষাৎকার হইয়া থাকে, তাহা হইলে নাভাজী সপ্তদশ শতাকীর মধ্য বা শেষ ভাগে গ্রন্থ লিখিয়াছেন বলিতে হয়। গ্রিয়ারসন্ সাহেব বলেন যে ভক্তমাল সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে লিখিত হইয়াছিল (J.R.A.S., 1909. p. 610)। সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে গ্রন্থ লিখিত হইলে অষ্টাদশ শতান্দীর প্রথমে নাভান্ধীর পক্ষে প্রিয়াদাসকে টীকা লিখিতে আদেশ দেওয়া সম্ভব হয় না।

প্রিয়াদাসজীর উল্লিখিত উক্তি হইতে বুঝা যায় যে তিনি শ্রীকৃষ্ণ-চৈতল্পের ভক্ত ছিলেন ও তাঁহার গুরুর নাম ছিল মনোহর। ১৬৯৬ এীষ্টাব্দে যে মনোহরদাস "অমুরাগবল্লী" শেষ করেন তিনিই সম্ভবতঃ প্রিয়াদাসজীর গুরু। এরপ জহুমানের কারণ তৃইটি। প্রথমতঃ প্রিয়াদাসজীর টীকায় পাওয়া যায় যে তাঁহার গুরু কবি ছিলেন (পৃ. ৯০৯) ও বৃন্দাবনে বাস করিতেন।

অমুরাগবলীতেও দেখা যায় যে মনোহরদাস কবি ও বৃন্দাবনবাসী। বিতীয়তঃ বাঙ্গালা ভক্তমালের লেখক কৃষ্ণদাস বা লালদাসজী বলেন যে প্রিয়াদাসজী শ্রীনিবাস আচার্যের পরিবারভুক্ত ছিলেন (বহুমতী সংস্করণ, বাঙ্গালা ভক্তমাল, পৃ. ৩)। মনোহরদাস নিজেকে শ্রীনিবাস আচার্য্যের ভালক রামচরণ চক্রবর্ত্তীর প্রশিশ্য ও রামশরণ ভট্টাচার্য্যের শিশ্য বলিয়া প্রকাশ করিয়াছেন (অমুরাগবল্লী, অষ্টম মঞ্জরী, পৃ. ৪৯)। একই যুগে, একই স্থানে শ্রীনিবাস আচার্য্য-পরিবার-ভুক্ত মনোহর নামে তৃইজন কবি থাকার সম্ভাবনা অল্পর বলিয়া আমার মনে হয় যে অমুরাগবল্লীর লেখক ঐ প্রিয়াদাসজীর গুক্ত।

হিন্দী ভক্তমালে প্রীকৃষ্ণ-চৈতক্ত ও তাঁহার পনের জন পরিকর ও ভামানন্দের শিশু রসিকম্রারির নাম ও গুণ বর্ণিত আছে। নাভাজীর মূল গ্রান্থে বিষ্ণুপ্রী, রঘুনাথ গুদাঁই, নিত্যানন্দ, প্রীকৃষ্ণ-চৈতক্ত, প্রীরূপ, সনাতন ও প্রীজীবের নামে ছপ্লয় আছে, আর গোপাল ভট্ট, লোকনাথ, মধু গুদাঁইজী, কৃষ্ণদাস ব্রহ্মচারী, কৃষ্ণদাস পণ্ডিত, ভূগর্ভ, কাশীশর, প্রতাপকৃদ্র ও প্রবোধানন্দ সরস্বতীর নাম মাত্র উল্লেখ আছে। প্রিয়াদাসঙ্গী উল্লিখিত প্রত্যেক ভক্তেরই মহিমা বর্ণনা করিয়াছেন।

নিত্যানন্দ ও শ্রীকৃষ্ণ-চৈতন্ত্য-সম্বন্ধে নাভান্ধী লিখিয়াছেন:

নিত্যানন্দ কৃষ্ণচৈত্য কী।
ভক্তি দশোদিশি বিস্তরী॥
গৌড়দেশ পাথগু মেটিকিয়ো ভঙ্গনপরায়ণ।
করুণাসিয়ু-কৃত্ত ভয়ে অগণিত গতিদায়ন॥

অবতার বিদিত পূরব মহী উভে মহত দেহী ধরী। নিত্যানন্দ ক্লফচৈতন্ত কী ভক্তি দশোদিশি বিশুরী॥—পৃ. ৫০৫

লালদাসজী ইহার ভাবার্থ লইয়া লিখিয়াছেন:

নিত্যানন্দ শ্রীকৃষ্ণ-চৈতন্ত ভক্তিরদে।
দশদিক্ নিস্তারিয়া অমঙ্গল নাশে ॥
কৃষ্ণভক্তিহীন গৌড়দেশ যে পাষ্ড।
দলন করিল দিয়া ভক্তি তীক্ষ দণ্ড॥

দ্বাই ভজনপরায়ণ মতি হইল।
কক্ষণাসাগর অগতির গতি ভেল॥
দশরস ভাবাক্রাস্ত মহাস্ত সজ্জনে।
চরণ উপাসে ভিজে প্রেম-বরিষণে॥
কৃষ্ণ আর শ্রীকৃষ্ণ-চৈতন্য নাম লৈতে।
মৃক্ত হৈল সভে ভবদুর্গতি হৈতে॥—পৃ. ১০

নাভাজী শ্রীকৃষ্ণ-চৈতন্তকে পূর্ব্বদেশে বিদিত অবতার বলিয়াছেন। কিছু প্রিয়াদাসজী তাঁহাকে "যশোমতীস্থত সেই শচীস্থত গৌর ভয়ে" বলিয়া শ্রীকৃষ্ণের সহিত অভিন্নরূপে বর্ণনা করিয়াছেন।

নাভাজী বিষ্ণুপুরীর গুণ-বর্ণনা-প্রসঙ্গে শ্রীচৈতত্তের নাম করেন নাই (পৃ. ৬৮৪)। বাঙ্গালা ভক্তমালেও বিষ্ণুপুরীর সহিত শ্রীচৈতত্তের সমন্ধ বর্ণিত হয় নাই। কিন্তু প্রিয়াদাসজী লিথিয়াছেন:

জগন্নাথ ক্ষেত্রএ মাঝ বৈঠে মহাপ্রভুজু বে
চহুঁ ঘোর ভক্তভূপ ভীর অতি ছাই হৈ।
বোলে বিফুপুরী পুরী কাশী মধ্য রহৈ
জাতে জানিয়ত মোক্ষ চাহনীকী মন আইহৈ ॥
লিথী প্রভু চিটী আপু মণিগণ মালা এক দিজিএ পঠাই
মোহি লাগতা স্থহাই হৈ।
জানি লই বাত, নিধি ভাগবত রত্বাদাম দই পঠে
আদি ভুক্তি খোদিকৈ বহাই হৈ ॥—পৃ. ৩৮৫

প্রিয়াদাসের টিপ্পনীকার সীতারামশরণ রপকলাজী মহাপ্রভু অর্থে শ্রীক্লফটেতন্ত ব্রিয়াছেন। লালদাস মহাপ্রভু অর্থে জগনাথ ব্রিয়াছেন। হয়ত কবি-কর্ণপ্রের গৌরগণোদ্দেশদীপিকায় বিষ্ণপুরীকে জয়ধর্মের শিশুরূপে বর্ণিত দেখিয়া লালদাস এরপ অর্থ করিয়াছেন। তাঁহার অম্বাদ যে কষ্টকল্পনাপ্রস্ত তাহা নিমোদ্ধত অংশ হইতে ব্রা যাইবে:

পুরুষোত্তমে জগন্নাথ হয়ে মহারকী। লেষ করি পুরী প্রতি কৈলা এক ভঙ্গী॥ সেবকগণেরে প্রভু আদেশ করিলা। ব্যক্ত কিছু পুরী প্রতি কহিতে কহিলা॥ জগন্নাথবিগ্রহ-সেবকদের দারা বিষ্ণুপুরীকে ব্যঙ্গ করাইবেন ইহা অপেক্ষা শ্রীচৈতন্তদেব বিষ্ণুপুরীকে পত্র লিখিবেন ইহাই বেশী-সম্ভব।

নাভাজীর গ্রন্থ হইতে জানা যায় যে বঘুনাথদাস গোস্বামীকে উৎকল-বাসীরা "গরুড়জী" বলিতেন, কেন-না তিনি জগয়াথের অগ্রে গরুড়ের স্থায় দাঁড়াইয়া থাকিতেন (পৃ. ৫৫৭)। এই কথাটি গোড়ীয়-বৈফ্ব-দাহিত্যে পাওয়া যায় না। প্রিয়াদাসজী বলেন যে দাসগোস্বামী প্রীচৈতন্তের আজ্ঞা পাইয়া বৃন্দাবনের রাধাকুণ্ডে বাস করিতে আরম্ভ করেন।

ভক্তমালের মূল ও টাকায় রূপ, সনাতন ও শ্রীজীব-সম্বন্ধে বিশেষ কিছু নৃতন সংবাদ নাই। প্রিয়াদাসজী লিথিয়াছেন যে কবিকর্ণপূর গুঁসাই বৃন্দাবনে শ্রীরূপের সহিত সাক্ষাৎ করিতে আসেন। তাঁহার গায়ে যথন শ্রীরূপের নিঃখাস পড়িতেছিল তথন মনে হইতেছিল যে আগুনের হল্কা দিতেছে। প্রেমবশেই শ্রীরূপের নিঃখাসবায়ু এরূপ উত্তপ্ত হইয়াছিল (পূ. ৬০০)।

প্রিয়াদাসজী লিখিয়াছেন যে লোকনাথ গোস্বামী ভাগবতগান কীর্ত্তন করিতেন ও ভাগবত-পাঠককে প্রাণত্ত্ব্য মনে করিতেন (পৃ. ৬২৩)। ভূগর্ভ গোস্বামী বুলাবনের গোবিল-কুঞ্জে বাস করিতেন (পৃ. ৬২৩)। কাশীশ্বর গোস্বামী শ্রীচৈতত্যের আজ্ঞা পাইয়া নীলাচল হইতে বুলাবনে আসিয়াছিলেন ও গোবিলের সেবার অধিকার পাইয়াছিলেন (পৃ. ৬৪০)। প্রতাপক্তর-সম্বন্ধে প্রিয়াদাস লিখিয়াছেন যে রাজা যথন কিছুতেই শ্রীচৈতত্যের কুপা পাইলেন না, তথন একদিন প্রভূর রথাগ্রে নৃত্যের সময় তিনি তাঁহার চরণে পতিত হইলেন। প্রভূ তাঁহাকে উঠাইয়া বুকে ধরিলেন ও প্রেমসমুদ্রে নিময় করিলেন (পৃ. ৬৫৬)।

নাভাজী শুধু প্রবোধানন্দ সরস্বতীর নাম করিয়াছেন। প্রিয়াদাস তাঁহাকে চৈত্ত্যচন্দ্রের কুপাপ্রাপ্ত ও বুন্দাবনবাসী বলিয়াছেন। প্রবোধানন্দের গ্রন্থ শুনিয়া "কোটি কোটি জন রঙ্গ পায়ো" (পু. ৮৯৯)।

কিন্তু বাঙ্গালা ভক্তমালে প্রবোধানন্দকে প্রকাশানন্দের সহিত অভিন্ন বলা হইয়াছে; যথা—

## প্রকাশানন্দ সরস্বতী নাম তাঁর ছিল। প্রভূই প্রবোধানন্দ বলিয়া রাখিল॥—পু. ৩০৭

পুত্ই প্রবোধানন বলিয়া রাখিল ॥—পৃ. ৩০৭
Prakashananda is not Prabodhananda as claimed by Goudiya vaishanvs at around middle of 18th CE
As Kabikarnapur, Vrindavandas & Krishnadas had not mentioned it.

প্রকাশানক যদি প্রবোধানক হইতেন তাহা হইলে দে কথা কবিকর্ণপুর,

বৃন্দাবনদাস, কৃষ্ণদাস কবিরাজ প্রভৃতি উল্লেখ করিতেন। বোধ হয় অষ্টাদশ শতান্দীর মধ্যভাগে গোড়ীয় বৈষ্ণব-সম্প্রদায় কেশব কাশ্মীরী ও বৈদান্তিক প্রকাশানন্দ সরস্বতীকে স্বসম্প্রদায়ভূক্ত প্রমাণ করিবার চেষ্টা করিয়াছিলেন। তাহার ফলেই বাঙ্গালা ভক্তমালে এরপ উক্তি স্থান পাইয়াছে।

Bhaktamal (Partial Bengali translation of Hindi Bhaktamal) by Laldas (Krishnadas)

বান্ধালা ভক্তমাল হিন্দী ভক্তমালের কিয়দংশের মাত্র অন্থবাদ। বান্ধালা ভক্তমালের লেথক রুফদাস বা লালদাস। ঐ গ্রন্থকার ১৬৮৪ শকে বা ১৭৬২ খ্রীষ্টাব্দে উপাসনাচন্দ্রামৃত রচনা করেন (উপাসনাচন্দ্রামৃত, পৃ. ১৯০)। তিনি নিজের গুরুপ্রণালী নিম্নলিখিতভাবে দিয়াছেন—

গোপালভট্ট—শ্রীনিবাস আচার্য্য—গোবিন্দ চক্রবর্ত্তী—তৎপত্নী গৌরাঙ্গ-বল্পভা—কিশোরী ঠাকুরের পত্নী শ্রীমতী মঞ্জরী—নয়নানন্দ চক্রবর্ত্তী—লালদাস (ঐ, পৃ. ২)।

লালদাস তৃতীয় মালায়, গৌরাঙ্গ-পার্যদগণের তত্ত্ব ও গুরুপ্রণালী বর্ণনা করিয়াছেন। ইহা মূল ভক্তমালে নাই। তিনি হরিদাস বৈরাগী (পৃ. ১৭৭), গোবিন্দ কবিরাজ (পৃ. ২২০), চান্দ রায় (পৃ. ২২৬), ভাইয়া দেবকীনন্দন (পৃ. ২২৭), রামচন্দ্র কবিরাজ ও প্টিয়ার রাজা রবীন্দ্রনারায়ণ রায়ের জীবনচরিত নিজে লিথিয়াছেন, উহা মূলে বা চীকায় নাই।

Influence of Sri Chaitanya in Punjab, Multan and Gujrat

## পাঞ্জাব, মূলতান ও গুজরাতে শ্রীচৈতন্মের প্রভাব

মূল ভক্তমালে (পৃ. ৬৬২) গুঞ্জামালী নামে একজন বৃন্দাবনবাদী ভক্তের কথা আছে। কিন্তু বাঙ্গালা ভক্তমালে কৃষ্ণদাদ গুঞ্জামালী নামে একজন পাঞ্জাবী ভক্তের কথা আছে। শ্রীচৈতগ্য যখন বৃন্দাবনে গমন করেন তখন পাঞ্জাবী কৃষ্ণদাদ তাঁহার শ্রীচরণ দর্শন করেন। প্রভু তাঁহাকে নিজের গলা হইতে গুঞ্জামালা প্রদান করেন ও তাঁহার নাম দেন গুঞ্জামালী।

কৃষ্ণাস গুঞ্জামালী-

প্রথমে মূলতান গিয়া সেবা প্রকাশিয়া। লোক নিস্তারিল কৃষ্ণভক্তি প্রচারিয়া॥ চৈতন্ত ভদ্ধয়ে লোক তাঁর উপদেশে। প্রভুর দোহাই যে ফিরিল দেশে দেশে॥

মূলতান হইতে তিনি গুজরাতে যাইয়া "এটিচতগ্য বিগ্রহ তথায় প্রকাশ করিল।" গুজরাতে প্রভুর গাদি বড় গৌড়ীয়া নামে পরিচিত হয়। তারপর অবৈত প্রভুর শাখাভুক্ত চক্রপাণি আর এক স্থানে সেবা প্রকাশ করেন এবং সেই গাদির নাম হয় ছোট গৌড়ীয়া। গুজরাত হইতে গুজামালী পাঞ্জাবে আদেন ও ওলম্বা গ্রামে সেবা প্রকাশ করেন। তথা হইতে সিম্কু দেশে যাইয়া

হিন্দু ত যতেক ছিলা বৈঞ্ব করিলা। মোছলমান যত ছিল হরিভক্ত কৈলা॥

তারপরে পাঞ্জাব মূলতান গুজরাত।
স্থাবত আদি দেশে প্রাকৃ চৈততা ভকত॥
ক্রমে ক্রমে দিল সব শ্রীচৈততা দায়।
নিত্যানন্দ প্রাকৃর সম্ভানের শিশা হয়॥
কথোক শ্রীপণ্ডিত গোস্বামী পরিবার।
শ্রীঅবৈত পরিবার হয়ে বহুতর॥
তবে গুঞ্জামালী সর্ব্ব বিষয় তেজিয়া।
বুন্দাবনে বাস কৈলা একাকী হইয়া॥

রুঞ্দাস গুঞ্জামালীর প্রেমধর্ম-প্রচারের এই বিবরণের ঐতিহাসিক সভ্যতা কতদ্ব তাহা নির্ণয় করা হ্রহ। এরপ একজন ভক্তের নাম ও প্রচার-কাধ্যের কথা কোন চরিতগ্রন্থ ও বৈষ্ণব-বন্দনায় না থাকা খ্বই বিশ্বয়ের কথা। তবে ইহাও ঠিক যে শ্রীচৈতল্যের সাতথানি প্রাচীন চরিতগ্রন্থে অ-বাঙ্গালী ভক্তদের কথা থ্ব অল্পই আছে। গুঞ্জামালীর প্রচারকার্য্যবর্ণনায় লালদাস অতিশয়োক্তির আশ্রেয় লইলেও লইতে পারেন; কিন্তু এ কথা কোর করিয়া বলা চলে যে অষ্টাদশ শতাকীর মধ্যভাগে যখন বাঙ্গালা ভক্তমাল লিখিত হয়, তখন মূলতান, পাঞ্জাব, সিদ্ধুদেশ ও গুজরাতে বহু ব্যক্তি গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ের শিশ্ব হইয়াছিলেন। তাহা না হইলে ঐ গ্রন্থে এরূপ বিবরণ স্থান পাইত না।

### मश्रुपम ज्याय

Sri Chaitanya's teachings as per Sahajiya

## সহজিয়াদের হাতে শ্রীচৈত্তগ্য

প্রেমদাসের বংশীশিক্ষায় শ্রীচৈতন্তের মুখ দিয়া যে প্রকারে রসরাজ-উপাসনা-তত্ত প্রকাশ পাইয়াছে, তাহা হইতে সহজিয়াদের পরকীয়া-সাধন মাত্র একধাপ নীচে। সহজিয়াদের হাতে শ্রীচৈতত্তের পরকীয়া-সাধন বর্ণিত হইয়াছে। সহজিয়ারা এই অসম্ভব ব্যাপার কিরূপ প্রভাবের মধ্যে সম্ভব করিল তাহা বৃঝিতে হইলে পরকীয়াবাদের একটু সংক্ষিপ্ত ইতিহাস বলা প্রয়োজন।

## History of Parakiyavad পরকীয়াবাদের ইতিহাস

হরপ্রসাদ শান্ত্রী মহোদয় "বৌদ্ধগান ও দোঁহা"র ভূমিকায় বজ্রষান, কালচক্রমান প্রভৃতি বৌদ্ধর্মের বিক্বত রূপ হইতে সহজিয়া পরকীয়াবাদের উৎপত্তি দেখাইয়াছেন (বৌদ্ধগান ও দোঁহা, পৃ. ১৬)। পরকীয়াবাদের মূল সনাতনধর্মের প্রাচীনতম যুগের গ্রন্থেও দেখা যায়।

Parakiyavad in Chandega Upanishad (2nd Adhyay, 13th part)
ছান্দোগ্য উপনিষ্ট আছে—"দ য এবমেতদ্ বামদেব্যং মিথুনে প্রোত্ম্
বেদ, মিথুনীভবতি, মিথুনামিথুনাং প্রজায়তে দর্কমায়ুরেতি জ্যোগ্ জীবতি
মহান্ প্রজয়া পশুভির্তবিতি মহান্ কীর্ত্রা; ন কাঞ্চন পরিহরেং; তদ্ব্রত্ম্"
(ছান্দোগ্য, দ্বিতীয় জ্ঞ., ১৩ খণ্ড)। অর্থাং যিনি এই প্রকার পুরুষ-মিথুনে
বামদেব্য সামকে নিহিত অবগত হইয়া আরাধনা করেন, তিনি নিরম্ভর
মিথুনীভাবে বিজ্ঞমান থাকেন। কখনও তাঁহার ঐ ভাবের বিচ্ছেদ ঘটে না
এবং তাঁহার এ মিথুনীভাব হইতেই প্রজাসঞ্জাত হইয়া থাকে। তিনি পূর্ণ
আঃয়ুসম্পন্ন হইয়া শত বর্ষ জীবিত থাকেন; তাঁহার জীবন নিরম্ভর সমুদ্রাসিত
থাকে; প্রজাপালন কীর্তিদ্বারা তাঁহার মহিমা বৃদ্ধি পায়; তিনি সমাজে মহান্
বিলয়া গণনীয় হইতে পারেন। সমাগমার্থিনী কোন নারী শ্যায় উপস্থিত
হইলে সেই ব্যক্তি তাহাকে ত্যাগ্ করেন না।

আনন্দগিরি ইহার ব্যাখ্যায় বলিয়াছেন—"যথোক্তোপাসনাবতো ব্রহ্মচর্য্য-নিয়মাভাবে। ব্রত্ত্বেন বিবক্ষিত্তাল প্রতিষ্ধেশাল্পবিরোধাশক্ষেতি ভাব:।" অর্থাৎ যথোক্তরূপে উপাসনাভাবে পরাঙ্গনাবিলাদে ব্রহ্মচর্য্যভঙ্গ হয় না; এইজ্ঞ উহাকে ব্রত বলা হইয়াছে। সেইজ্ঞ কোন প্রতিষেধ শাস্ত্রের বিরোধ শহা করিবে না।

হরপ্রসাদ শান্ত্রী মহোদয় "বৌদ্ধর্ম ও সহজ্ঞবান" নামক প্রবন্ধে লিথিয়াছেন যে উড়িয়ার রাজা ইক্রভৃতির কয়া লক্ষ্মীয়রা "অয়য়সিদ্ধি" নামে এক বই লেখেন। "এই গ্রন্থের সারমর্ম এই যে দেহেরই পূজা করিবে, দেহেরই ধ্যান করিবে। দেহের যাহাতে স্লখ হয়, আনন্দ হয়, তাহাই করিবে। সে আনন্দের মধ্যে আবার যোঘিৎ হইতে যে আনন্দ সেই আনন্দ সর্কোৎকৃষ্ট, সেই আসল আনন্দ। যোঘিৎ-সম্বন্ধে জাতিবিচার নাই। এক বা তৃই যোষিতে আবদ্ধ হইয়া থাকিবার প্রয়োজন নাই" (নারায়ণ, ভাজ, ১৩২২, পু. ১৭৬-৭৮)।

পৃ. ১৭৬-৭৮)।

13th Century Bopadev in Muktaphale Kamad Gopya explanation

থ্রীষ্টীয় ত্রয়োদশ শতাব্দীতে বোপদেব "মৃক্তাফলে" "কামাদ্ গোপ্য"
প্রভৃতি শ্লোকের ব্যাখ্যায় গোপীগণের শ্রীক্বফের প্রতি উপপতি-ভাবের
নিন্দা করিয়াছেন। তিনি মৃগ্ধবোধের "কারক-স্তত্তে" "সংদানোভে২ধর্মে
নিত্যম্" বলিয়া গোপী-প্রেমকে অধর্ম ও লন্ধীর প্রেমকে ধর্ম বলিয়া মত
প্রকাশ করিয়াছেন।

ত্বনার্থন নির্দানি তার্গবিতের বৃহৎতোষিণী টীকায় (১০।৪৭।৬৯ ও ৬১) রাধারফের অপ্রকট লীলায় স্বকীয়াত্ব ও প্রকট লীলায় পরকীয়াত্ব স্থীকার করিয়াছেন। শ্রীরূপ গোস্বামী ললিতমাধব নাটকে লিথিয়াছেন—"গোর্বর্দনাদি-গোপেন্টনাবলীপ্রভৃতিনাম্বাহো মায়য়েব নির্দ্বাহিতঃ।" ইহাতে শ্রীরূপকে স্বকীয়াবাদী বলিয়াই মনে হয়। তবে স্তব্মালার কোন কোন ন্তবে পরকীয়ার ইন্ধিত আছে। শ্রীজীব গোস্বামী নিত্যলীলায় স্বকীয়াত্ব স্থাপন করিয়াছেন। তিনি গোপালচম্পৃতে বলিয়াছেন—"বহির্দ্,ট্যা তত্র কচিত্রপপতিত্বং প্রতীয়তে শশ্বদন্তর্দ্,ট্যা তু পতিত্বমেবাহ্নভূয়তে" (প্র্বিচম্প্, ১৫।৪৯)। তিনি শ্রীরাধার সঙ্গে শ্রীকৃষ্ণের বিবাহ বর্ণনা করিয়াছেন।

> বোপদেব হেমাদ্রির আদেশে "হরিলীলা" ও "মৃক্তাফল" রচনা করেন। হেমাদ্রি দেবগিরির রাজা মহাদেবের (১২৬০-১২৭১) ও রামদেবের (১২৭১-১৩০২ খ্রী. অ.) শ্রীকরণাধিপ ছিলেন।

২ রায় বাহাত্তর অধ্যাপক থগেক্সনাথ মিত্র মহাশয় ডা. দে-সম্পাদিত পতাবলীর সমালোচনায় দেথাইয়াছেন যে শ্রীরূপ উজ্জ্লনীলমণিতে "পারতস্ত্যাদ্বিবৃক্তয়োঃ" বাক্যদারা পরকীয়াবাদের ইঙ্গিত করিয়াছেন (Indian Culture, Vol. II, No. 2, p. 383)।

বিশ্বনাথ চক্রবর্ত্তী চরম পরকীয়াবাদী। তিনি উজ্জলনীলমণির "লঘুত্মত্র" লোকের টীকায় শ্রীজীবের স্বকীয়াবাদের উপর ঘোরতর আক্রমণ করিয়াছেন।

তারপর রামেন্দ্রহৃদর ত্রিবেদী মহাশয়-কর্তৃক প্রকাশিত তুইথানি দলিল হইতে দেখা যায় যে পরকীয়াবাদ বাঙ্গালায় বহু বিস্তৃত হইয়াছিল। প্রথম দলিলে (সাহিত্য-পরিষং-পত্রিকার ১৩০৬, ৪র্থ সংখ্যা, পৃ. ২৯৭-৩০৭) দেখা যায় যে আগম, ব্রহ্মবৈর্ত্ত, ভাগবত, হরিবংশ ও গোস্বামী শাল্পের মতে পরকীয়াবাদই স্থিরীক্বত হইয়াছে। প্রথম দলিলের তারিখ বঙ্গান্ধ ১১২৫; দিতীয় দলিলের তারিখ বঙ্গান্ধ ১১৩৮ (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩০৮, ১ম সংখ্যা, পৃ. ৮-১০)। তুইথানি দলিলের ভাষা ও বর্ণিতব্য বিষয়ের পার্থক্য দেখিয়া আমার সন্দেহ হয় যে পরকীয়াবাদের বিচারের কথা ঐতিহাসিক ঘটনা নহে—এ তুই দলিল পরকীয়াবাদীরা জাল করিয়া প্রচার করিয়াছিল। যাহা হউক, বিশ্বনাথ চক্রবর্ত্তী ১৬৯৬ খ্রীষ্টান্দে (১১০৩ বঙ্গান্ধে) ভাগবতের টীকা লিখিতেছিলেন। তাহা হইলে দেখা যাইতেছে যে সপ্তদশ শতানীয় শেষভাগে পরকীয়াবাদ বহুলভাবে প্রচারিত হইয়াছিল।

সহজিয়ারা গুরুপ্রণালী নির্দেশ করিতে যাইয়া বলেন যে স্বরূপ-দামোদর-কর্ত্ব তাঁহাদের মত স্থাপিত হয়। স্বরূপ-দামোদর হইতে প্রীরূপ, প্রীরূপ হইতে রঘুনাথদাস, এবং রঘুনাথ হইতে রফদাস কবিরাজ এই মত প্রাপ্ত হয়েন। রুফদাস কবিরাজের শিশু মুকুন্দ "সিদ্ধান্তচক্রোদয়" প্রভৃতি গ্রন্থে সহজিয়াবাদের যথার্থ ভিত্তি স্থাপন করেন। তিনি বিলমঙ্গল, জয়দেব, রায় রামানন্দ প্রভৃতিকে পরকীয়াসাধনে রত বলিয়া বর্ণনা করিয়াছেন। কিস্কু তিনিও শ্রীরূপ ও শ্রীচৈতত্যে পরকীয়াসাধন আরোপ করিতে সাহসী হয়েন নাই।

Imposition of Parkiya practice on Sri Chaitanya

## শ্রীচৈডক্তে পরকীয়াসাধন আরোপ

মৃকুন্দের পরবর্তী সহজিয়াগণ কাহাকেও রেহাই দেন নাই। "রসভাব প্রাপ্ত" গ্রন্থের চতুর্থ পৃষ্ঠায় লীলাশুকের সহিত চিন্তামণির, চণ্ডীদাসের সহিত তারা ও রঞ্জকিনীর, বিভাপতির সহিত লছমীর, জয়দেবের সহিত পদ্মাবতীর

> শ্রীযুক্ত মণীক্রমোহন বহু মহাশয়ের মতে সহজিয়া বৈষ্ণবধর্মের প্রথম যুগের চারখানি গ্রন্থের নাম—আগমসার, আনন্দভৈরব, অমৃতরত্বাবলী ও অমৃতরসাবলী (পূ. ১৮০)।

ভিগিনী রোহিণীর অবৈধ সম্বন্ধের কথা লিখিত হইয়াছে। "গ্রন্থকর্তা আরও বলেন মীরাবাঈ রূপ গোস্বামীকে ভর্তা করেন, এবং ক্রমে ছয় মহাশয়ের অর্থাৎ রূপ, সনাতন, রঘুনাথ ভট্ট, জীব, গোপাল ভট্ট, রঘুনাথলাস,—এই ছয় গোস্বামীর আশ্রয় ও গুরু হইয়াছিলেন" (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, শিবচন্দ্র শীলের "সহজিয়া বৈষ্ণব ধর্ম" নামক প্রবন্ধ, ১৩২৬, ৩ সংখ্যা, পৃ. ১৪৫)।

#### ঐ গ্রন্থে আরও আছে---

থাকুক অন্তের কাজ শ্রীচৈতন্ত মহাপ্রভূ।
স্ত্রীমৃর্ত্তি স্পর্শন তিঁহো না করেন কভূ॥
বাহেতে প্রকৃতি নিন্দে অন্তরে তন্ময়।
বিধবা ব্রাহ্মণী সঙ্গে প্রয়োজন হয়॥

সহজিয়াদের "চৈতক্তপ্রেমতত্ত্ব-নিরূপণ" পুথিতে আছে—

সার্বভৌম ভট্টাচার্য্য মহাভাগ্যবান্।
যার গৃহে শ্রীচৈতন্তের সর্ব্বাহ্মসন্ধান ॥
যাটি কন্তা ধন্তা সেই ব্রহ্মাণ্ড ভিতরে।
যাহাতে চৈতন্তচন্দ্র সদাই বিহরে॥

কবিরাজ গোস্বামী চরিতামতে লিখিয়াছেন যে দার্কভৌমের জামাতা অমোঘ শ্রীচৈতত্যের আহারের পরিমাণ দেখিয়া বক্রোক্তি করিলে দার্কভৌম-পত্নী বলিয়াছিলেন যে যাটা বিধবা হউক (চৈ. চ., মধ্য, ১৫)। এক বাউল আমাকে বলেন যে এই গালির মধ্যে গৃঢ়তত্ব আছে। অমোঘ নাকি শ্রীচৈতত্যের সহিত যাটার সম্বন্ধ দেখিয়া ঈর্ব্যান্থিত হইয়াছিলেন বলিয়া দার্কভৌম-পত্নী ঐরপ গালি দিয়া শ্রীচৈতত্যের পরকীয়াসাধনের পথ নিম্বর্টক করিতে চাহিয়াছিলেন। গোপনে গোপনে এইরপ সমাজ-ধ্বংদকর মতবাদ প্রচার হয়। তাহা প্রকাশ করিয়া উহার অসারতা ও অসম্ভবতা দেখাইয়া দিলে অনেক নরনারী রক্ষা পাইবে মনে করিয়া এ বিষয়ের উল্লেখ করিলাম।*

^{*} সম্প্রতি অধ্যাপক উপেক্রনাথ ভট্টাচার্য্য "বাংলার বাউল ও বাউল গান" গ্রন্থে ( ৪৫ পৃষ্ঠার ) এই কথা লিখিয়াছেন।

## Kishoribhaj follows

প্রসক্ষমে এই স্থানে "কিশোরীভজা" দলের পরকীয়াসাধন কিভাবে চলে তাহার একটু বিবরণ দিতেছি। কিশোরীভজারা মাঝে মাঝে রাত্রিকালে নিজ নিজ স্থী বা নায়িকা-সহ এক এক স্থানে মিলিত হয়। জাতিভেদ না মানিয়া একসঙ্গে ভোজন করে, এ উহার ম্থে প্রসাদ দেয় ও নিয়লিখিত গানটি গায়—

কিশোরী চরণে গয়া গঙ্গা কাশী।
বৃথা পিগুদান বৃথা একাদশী।
কর আত্মারই মিলন অজপা উদ্দেশি॥
আমি তৃমি ভেদ না কর কখন।
অধরে অধর করিয়া মিলন।
অধরামৃত রদ কর আস্বাদন॥
প্রেমভরে কর গাঢ় আলিঙ্গন।
দেখ যেন শশী না হয় পতন॥

—"ভক্তিপ্ৰভা" পত্তিকা, ২য় বৰ্ষ, ৮। সংখ্যা

Modern Sahajiya

## আধুনিক সহজিয়া

নিজেদের কাম-প্রবৃত্তি চরিতার্থ করিবার জন্ম শ্রীচৈতন্য-চরিত্রে কলক আরোপ আজও চলিতেছে। চৌদ্দ বংসর পূর্ব্বে শ্রীথণ্ডের বিশ্বস্তর বাবাজী নামক একব্যক্তি "রসরাজ গৌরাক্ব-শ্বভাব" নামক একথানি পয়ারের বই লেখেন। তাহাতে গদাধরের সহিত শ্রীচৈতন্যের অস্তর্ক্বতা এমন ভাষাতে প্রকাশ করা হইয়াছে যে তাহা পড়িলেই মনে হয় শ্রীচৈতন্যের সমলৈক্বিক লিক্সা ও ব্যবহার ছিল। আমি ১৯২৫ খ্রীষ্টাব্দে বাঙ্গালার নানাস্থানে বক্তৃতা করিয়া ঐ পৃস্তকের বিক্তমে জনমত গঠন করি, এবং কাশিমবাজারের স্বর্গীয় মহারাজ বাহাত্রের ও তদানীস্তন পাব্লিক প্রসিকিউটর রায় বাহাত্রর তারকনাথ সাধুর সহায়তায় ঐ ছাপা বইয়ের সমস্ত থণ্ড নই করিয়া দেওয়াই।

All copies of gay book on Sri Chaitanya by Vishwambhar Babaji of Srikhand is destroyed with help of public prosecutor Rai Bahadur Taraknath Sadhu in the year 1925 CE by the writer.

> "মাধুকরাঁ" মাসিক পত্রিকার তৃতীয় বর্ষ, ষষ্ঠ সংখ্যা, ১৩৩২ সাল, শ্রাবণ মাসের সম্পাদকীয় স্তম্ভে আমার প্রচারের বিবরণ আছে।

Various information related to Goudiya Vaishnava dharma's Adi yuga / initial years
গৈড়ীয় বৈষ্ণব–ধর্মের আদিযুগ–সম্বন্ধে বিবিধ তথ্য

## শ্রীচৈতন্মের ভাবাবেশের পূর্বের ভক্তগোষ্ঠা

ঐতিহাসিকদের নিকট বাঙ্গালা দেশে শ্রীচৈতন্তের আবির্ভাব আকম্মিক ঘটনা নহে। শ্রীচৈতন্তের অপূর্ব্ব প্রেমোয়াদ আয়াদনের জন্ত বাঙ্গালা দেশ বহুশতান্দী ধরিয়া ধীরে ধীরে প্রস্তুত হইতেছিল। দামোদরপুরের চতুর্থ লিপি Fourth lipi / writings of Damodarpur - where land was given for Govinda Swami temples expenses হইতে জানা যায় যে ৪৪৭-৪৮ খ্রী. আ. গোবিন্দ স্বামীর মন্দিরের ব্যয়নির্ব্বাহার্থ ভূমি দান করা হইয়াছিল (Ep. Indi., Vol. XV, p. 133; Vol. XVII, Image of Twin persons from the excavation of Pahadpur pp. 193, 345)। পাহাড়পুরের খননকালে যে যুগলমূর্ত্তি পাওয়া গিয়াছে তাহা রাধাক্ষের মূর্ত্তি বলিয়া আনেকে বিশ্বাস করেন (R. D. Banerjee, The Age of the Imperial Guptas, p. 121)।

ভিনিত্ব পূর্বের ভাষল বর্ষণের পূল্ল ভোজ বর্ষণ বেলাবা ভাষলিপিতে "গোপীশত-কেলিকারঃ" শ্রীক্ষের কথা লিখিয়াছেন। পালরাজগণের রাজত্বকালের অসংখ্য বিষ্ণুমূর্ত্তি বাঙ্গালা দেশের নানাস্থানে দেখিতে পাওয়া যায়। তাহার অনেকগুলি রাজসাহীর বরেন্দ্র অনুসন্ধান সমিতির গৃহে ও কলিকাতায় সাহিত্য-পরিষৎ-মন্দিরে রক্ষিত আছে। স্প্রপ্রান্ধ ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশায় বলেন—"Throughout the length of the dominions of the Palas, i.e., throughout the modern provinces of Bengal and Behar and part of the U. P., images of the various forms of Vishnu have been found in very large numbers. In fact, they outnumber any other class of images that have been found. (Eastern Indian School of Mediæval Sculpture, p. 101)।

During 12th century CE worship of Radha Krishna was performed by many প্রাষ্ঠীয় বাদশ শতাব্দীতে বাঙ্গালা দেশে রাধারুষ্ণ-উপাসনা বহু বিস্তৃত হইয়াছিল। জয়দেবের গীতগোবিন্দ রচনাকালে উমাপতি ধর, গোবর্দ্ধনাচার্য্য ও স্বয়ং সম্রাট্ লক্ষণ সেন শ্রীরাধারুষ্ণের লীলা-বর্ণনা করিয়া অনেক ভক্তিমূলক শ্লোক রচনা করিয়াছিলেন। ১২০৫ খ্রীষ্টাব্দে শ্রীধরদাস "সত্ত্তিকর্ণামূতে" বহু ভক্তিরসাত্মক কবিতা সংগ্রহ করেন।

শীরূপ গোষামী বাদানা দেশে প্রাক্চৈতত্ত-যুগের প্রেমধর্ম আলোচনার ইতিহাদ অবগত ছিলেন। তিনি "পত্যাবলী"তে লক্ষণ দেন, উমাপতি ধর প্রভৃতির শ্লোক সঙ্কলন করিয়াছেন। ইতিহাদ জানিয়াও তিনি লিখিয়াছেন যে শ্রীচৈতত্ত্য যে ভক্তিরত্ব প্রকাশ করিলেন, তাহা বেদে, উপনিষদে বা ভগবানের অত্য কোন পূর্ব্বাবতারে প্রচারিত হয় নাই (স্তবমালা, তৃতীয় অইক, তৃতীয় শ্লোক)। শ্রীরূপ গোষামীর ত্যায় স্ক্ষভাবদর্শী ভক্ত ও পণ্ডিত শ্রীচৈতত্তার প্রেম-প্রচারের মধ্যে এমন কিছু অভিনব ভাব দর্শন করিয়াছিলেন যাহার জন্ম এরূপ কথা লিখিয়াছেন।

ান তেনি ভাষ্ণ-তিব্যুক্ত নির্দ্ধিক নাহিত্তি নাধিবৈ ক্রপুরীকে প্রেমধন্দের আদি প্রচারক তা Premadharma / devotional path of spirituality বলা হইয়াছে। প্রিচৈত অচরিতায়তে মাধবেক্র প্রীর নিয়লিথিত তেরজন শিশুরে নাম করা হইয়াছে—ঈশর প্রী, পরমানদ প্রী, কেশব ভারতী, ব্রহ্মানদ প্রী, ব্রহ্মানদ ভারতী, বিষ্ণু প্রী, কেশব প্রী, কৃষ্ণানদ প্রী, নুসিংহ তীর্থ, ত্থানদ প্রী, অছৈত, রঙ্গ প্রী ও রামচক্র প্রী ( ১০০০-১২, ২০০০-১০, ২০০০-১০)। গৌরগণোদেশদীপিকায় এই তেরজন ছাড়া পুগুরীক বিভানিধিকে (৫৬) মাধবেক্রের শিশু বলা হইয়াছে। জয়ানদ মাধবেক্রের আর চারজন শিশুর নাম করিয়াছেন; যথা—রঘুনাথ প্রী, অনন্ত প্রী, অসর প্রী, গোপাল প্রী ( পৃ. ৩৪ )। প্রীজীব বৈষ্ণ্ব-বন্দনায় নিত্যানন্দের গুরু সঙ্গরিক প্রীকে মাধবেক্রের শিশু বলিয়াছেন ( ২০০ )। তাহা হইলে মাধবেক্র প্রীর ১০ জন শিশুর নাম পাওয়া গেল। প্রীজীব বলেন

### মাধবেক্রস্তা বহবঃ শিষ্যাণরণি-বিস্তৃতাঃ ৷—পৃ. ২৮৯

উক্ত ১৯ জন শিয়ের মধ্যে শ্রীচেতত্যের সহিত ঈশ্বর পুরীর গয়ায় বা জয়ানন্দের মতে রাজগীরে, পরমানন্দ পুরীর সহিত ঋষভ পর্বতে (মাত্রা জেলায়) (চৈ. চ., ২০০০ ), এবং পাঞ্পুরে বা পাতারপুরে (শোলাপুর জেলা) শ্রীরক্ষপুরীর সহিত (চৈ. চ., ২০০০ ) দেখা হইয়াছিল। বিষ্ণু পুরী ও পরমানন্দ পুরীর ত্রিভতে জয়। অছৈতের শ্রীহট্টে এবং পুগুরীক বিভানিধির চট্টগ্রামে জয়। তাহা হইলে দেখা যাইতেছে যে ভারতের দক্ষিণ প্রাম্থে পরমানন্দ পুরী, পশ্চম প্রাম্ভে শ্রীরক্ষ পুরী, পূর্ব্ব প্রান্ডে পুগুরীক বিভানিধি ও অছৈত এবং উত্তর ভারতে ঈশ্বর পুরী মাধ্বেন্দ্র-প্রবৃত্তিত প্রেমধর্ম প্রচার

করিয়াছিলেন। অত্যাত্ত শিশুও নিশ্চয়ই বিভিন্ন স্থানে প্রচার-কার্য্য চালাইতে-ছিলেন। মাধবেন্দ্র ও তাঁহার শিশুদল শ্রীচৈতত্তের জত্ত ক্ষেত্র প্রস্তুত করিয়া রাথিয়াছিলেন।

Names of Devotees of Krishna before Biswhambhar's return from Gaya
বিশ্বস্তব মিশ্রের গয়া হইতে প্রত্যাবর্তনের পূর্কেই য়হারা রুক্ষভক্ত
ছিলেন তাঁহাদের মধ্যে প্রধান প্রধান কয়েক জনের নাম জানা য়য়।
ম্রারি গুপ্তের কড়চায় (১৪) মাধবেন্দ্র পূরী, অবৈত, চন্দ্রশেথর, শ্রীবাস,
ম্কুন্দ, হরিদাস, নিত্যানন্দ, ঈশ্বর পূরী ও শুক্লাম্বরের নাম; শ্রীচৈতন্মচন্দ্রোদয়
নাটকে (১০৮) পুগুরীক বিন্থানিধি, বাস্থদেব, নৃসিংহ, দেবানন্দ, বক্রেশ্বর
ও শ্রীকান্ত, শ্রীপতি, শ্রীরাম নামক শ্রীবাসের তিন ল্রাতার নাম পাওয়া য়য়।
শ্রীচৈতন্মভাগ্রতে

নিগৃতে অনেক আর বৈদে নদীয়ায়। পূর্ব্বেই জন্মিলা সভে ঈশ্বর আজ্ঞায়॥ শ্রীচক্রশেথর, জগদীশ, গোপীনাথ। শ্রীমান, মুরারি, শ্রীগরুড়, গঙ্গাদাস॥

সদাশিব, মুরারি, শ্রীমান শুক্লাম্বর। মিলিলা সকল যত প্রেম অমুচর॥ — ২।১।১৪২

রত্নগর্ভ আচার্য্য বিখ্যাত তাঁর নাম।
প্রভুর বাপের দঙ্গী জন্ম একগ্রাম॥
তিন পুত্র তাঁর কৃষ্ণ পদ মকরন্দ।
কৃষ্ণানন্দ জীব যত্নাথ কবিচন্দ্র॥ —২।১।১৫১

শেখরের পদ হইতে জানা যায় যে নরহরি সরকার ঐচিতত্তের জন্মের পূর্বের ব্রজরস গান করিয়াছিলেন (গৌরপদতর্কিণী, পৃ. ৩০২)। এতদ্বাতীত কুলীনগ্রামবাদী মালাধর বস্থ গুণরাজ্ঞ্বান ঐচিতত্তের জন্মের পাঁচ বৎসর পূর্বের শ্রীমন্তাগবতের কিয়দংশ অম্বাদ করিয়াছিলেন।

এই বিবরণ হইতে দেখা যায় যে এটিচতত্তের ভাবাবেশের পূর্ব্বে বাঙ্গালা দেশে ভাগবতের আলোচনা বিরল ছিল না। দেবানন্দ পণ্ডিত, রত্মগর্ভ আচার্য্য, মালাধর বস্থ প্রভৃতি ভক্তগণ শ্রীমদ্ভাগবত পঠনপাঠন করিতেন। কিন্তু থুব সম্ভব মাধবেন্দ্র পুরীর ও তাঁহার শিগ্রগণের প্রচারের ফলেই এই ক্ষুত্র ভক্তগোগ্রী গড়িয়া উঠিয়াছিল।

এরপ অন্থান করিবার কারণ এই যে ম্রারি গুপ্ত, কবিকর্ণপূর ও বৃন্দাবনদাস বিশ্বস্ভরের ভাবাবেশের পূর্বে যে-সকল ভক্তের নাম করিয়াছেন তাঁহাদের মধ্যে অনেকের উপরই মাধ্বেক্দ পুরীর প্রভাব লক্ষ্য করা যায়। প্রীচৈত্তগুচরিতামৃত (২০০) হইতে জানা যায় যে মাধ্বেক্দ প্রীর সহিত একবার নবদ্বীপে আসিয়া জগন্নাথ মিশ্রের আতিথ্য গ্রহণ করিয়াছিলেন। জগন্নাথ মিশ্রের বন্ধু রত্বগর্ভ আচার্য্য, হিরণ্য ও জগদীশ, নবদ্বীপনিবাসী শুরুষের বন্ধচারী, গঙ্গাদাস এবং সদাশিব পণ্ডিত মাধ্বেক্দ পুরীর নিকট হইতে প্রেমধর্ম পাইয়া থাকিবেন। ঈশ্রর পুরী কুমারহট্টের লোক; শ্রীমান পণ্ডিতের বাড়ীও কুমারহট্টে। কুমারহট্ট হইতে হুগলি জেলার আক্না বেশী দূর নহে। জয়রুক্ষের মতে

আক্নায় গড়ুর আচার্য্য সভে কহে। কাশীশ্বর বক্রেশ্বর পণ্ডিত হো তাহে॥

দিখর পুরীর প্রভাবে গরুড়, পণ্ডিত, বক্রেখর প্রভৃতির বৈষ্ণব হওয়া অসম্ভব নহে। বর্দ্ধমান জেলার কুলীনগ্রাম মেমারী ষ্টেশনের নিকটে স্থতরাং কুমারহট্টের নিকটে। ঈশ্বর পুরীর প্রভাব কুলীনগ্রামের মালাধর বহুর উপর যে পড়ে নাই ভাহা জোর করিয়া বলা যায় না।

শ্রীকেতত্যের বয়োজ্যেষ্ঠ পশ্চিম বন্ধীয় ভক্তদের উপর মাধবেন্দ্র ও ঈশর প্রীর প্রভাব সম্ভাবনামূলক হইলেও পূর্ব্ববেদ্ধর ভক্তদের উপর ঐ প্রভাব স্পষ্ট। অবৈত শ্রীহট্টের লোক এবং ম্রারি গুপ্ত, শ্রীবাসেরা চার ভাই এবং চক্রশেথরও শ্রীহটিয়া। অবৈত মাধবেন্দ্রের শিশ্ব এবং নবদ্বীপে তাঁহারই সভায় বা বাড়ীতে উক্ত ভক্তগণ মিলিত হইয়া কীর্ত্তন ও ভাগবত পাঠ করিতেন।

পুগুরীক বিভানিধির বাড়ী চট্টগ্রাম জেলার চক্রশাল গ্রামে। বাস্থদেব দত্ত, মুকুল দত্ত, গোবিল দত্ত ঐ গ্রামের লোক। সনাতন গোস্বামী রহৎ-বৈষ্ণবতোষণীর মদলাচরণে গৌড়দেশে অবস্থিত ভক্তগণের মধ্যে নিজের শুক্রবর্গ, অদ্বৈত, নিত্যানন্দ, শ্রীবাস, গদাধর ব্যতীত কেবল মাত্র বাস্থদেব দত্তাদি তিন ভাইকে বন্দনা করিয়াছেন। মুকুন্দ দত্ত নবদীপের টোলে পড়িতেন। মুকুন্দ নিমাইয়ের ফাঁকি জিজ্ঞাসার ভয়ে দূরে পলায়ন করিতেন। ইহা

> দেখি জিজ্ঞাসয়ে প্রভূ গোবিন্দের স্থানে। এ বেটা আমারে দেখি পলাইল কেনে॥— চৈ. ভা., ১।৭।৭৮

ঐ গোবিন্দ গোবিন্দ দত্ত; কেন-না, এক ভাইয়ের কথা অস্ত ভাইয়ের কাছে জিজ্ঞাসা করাই সম্ভব। তাহা হইলে গোবিন্দ দত্তও নবদীপে থাকিতেন জানা গেল। মৃকুন্দ অফৈতের সভাতে শ্রেষ্ঠ কীর্ত্তনীয়া ছিলেন। পুগুরীক বিভানিধি মাঝে মাঝে নবদীপ আসিতেন। তিনি গদাধর পণ্ডিতের পিতা মাধব মিশ্রের বন্ধু ছিলেন। কবিকর্ণপূর গৌরগণোন্দেশদীপিকায় মাধব মিশ্রকে "তৎপ্রকাশবিশেষ" বলিয়াছেন (৫৭)। গদাধরের আবাল্য ভক্তি পিতার সংস্র্গ-জাত।

শ্রীচৈতত্যের ভাবাবেশের পূর্ব্বে যে-সকল ভক্ত রুক্ষকথা আলোচনায় রত ছিলেন তাঁহাদের অবিকাংশের উপরই মাধবেন্দ্র পুরী ও তাঁহার শিশুগণের প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাবের নিদর্শন পাওয়া গেল। এইজন্মই শ্রীচৈতন্ত্য-ভাগবতে (১।৬।৬৯) আছে—

> ভক্তিরদে আদি মাধবেক্ত স্ত্রধার। গৌরচক্র ইহা কহিয়াছেন বার বার॥

শ্রীজীব গোস্বামীও এইজন্ম বৈষ্ণব-বন্দনার শেষে গোড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়কে "মাধব-সম্প্রদায়" বলিয়াছেন; যথা—

এতবৈষ্ণব-বন্দনং স্থকরং সর্ব্বার্থ-সিদ্ধিপ্রদং। শ্রীমন্মাধব-সম্প্রদায়-গণনং শ্রীকৃষ্ণভক্তি-প্রদম্॥

Determination of Chaitanya's sampradaya religious denomination

মাধবেন্দ্র পুরী তথা শ্রীচৈতন্ত কোন্ সম্প্রদায়ভূক্ত ছিলেন তাহা লইয়া গুরুতর মতভেদ আছে। ডা. স্থশীলকুমার দে "গৌরগণোদেশদীপিকা"য় ও বলদেব বিভাভূষণের গোবিন্দ-ভান্তের প্রথমে ও "প্রমেয় রত্নাবলী"তে শ্রীচৈতন্তকে মাধ্ব-সম্প্রদায়ভূক্তরূপে বর্ণিত দেখিয়া লিখিয়াছেন—

"Barring the two passages referred to above, there is no evidence anywhere in the standard works of Bengal Vaisnavism that Madhavendra Puri or his disciple Isvara Puri, who influenced the early religious inclinations of Caitanya, were in fact Madhva ascetics (Festschrift Moriz Winternitz, Pre-Caitanya Vaisnavism in Bengal, p. 200).

ভিনি উক্ত গ্রন্থের ১৯৯ পৃষ্ঠার পাদটীকায় গৌরগণোদ্দেশদীপিকার গুরুপ্রণালীকে লক্ষ্য করিয়া লিখিয়াছেন—"This list is quoted with approval in the Bhaktiratnākara (18th century). It could not have been copied from Baladeva Vidyabhusana's list, but was probably derived from the same source."

প্রীযুক্ত সত্যানন্দ গোস্বামী মহাশয়ও বলেন, "প্রীমঘলদেব বিভাভ্যণের উক্তি ভিন্ন প্রীপাদ মাধবেন্দ্র পুরী প্রভৃতির মধ্বাচার্য্য সম্প্রদায়ভূক্তির অপর কোন প্রমাণ দেখিতে পাই না" (প্রীভাগবতসন্দর্ভের ভূমিকা)। সত্যেন্দ্রনাথ বস্থও ডা. দের মতের অফুরূপ মত প্রকাশ করিয়াছেন (বস্থমতী, ১৩৪২, পৌষ, পৃ. ৪৫৩)।

আমি যে-সকল গ্রন্থে মাধবেক্র পুরীর মাধ্ব-সম্প্রদায়ভূক্ত থাকার কথা পাইয়াছি তাহা নিমে কালামুসাবে সাজাইয়া দিতেছি।

- ১। গৌরগণোদেশদীপিকা (২১-২৫) ১৫৭৬ খ্রী. অ.
- ২। গোপালগুরু-ক্বত পত্ন ( ভক্তিরত্নাকর, পূ. ৩১২-১৩ ধৃত )
- ०। टारकीनन्तन, तृह९-दिक्छत-तन्तनात शूथि
- ৪। বিশ্বনাথ চক্রবর্ত্তী, শ্রীগৌরগণস্বরূপ-তত্ত্বচন্দ্রিকার পুথি
- ে। অমুরাগবলী (১৬৯৬ খ্রী. অ.) (পু. ৪৮-৪৯)
- ৬। ভক্তিরত্বাকর (পৃ. ৩০৮-১১)
- ৭। গোবিন্দভায়
- ৮। প্রমেয়রত্বাবলী
- ন। লালদাস-কৃত ভক্তমাল (পৃ. ২৬-২৭, বস্থমতী সংশ্বরণ)। এইগুলি ছাড়া নাতি-প্রামাণিক "ম্বলী-বিলাস" (পৃ. ৪১৭-১৯) ও "অবৈতপ্রকাশে"ও মাধ্ব-সম্প্রদায়ভূক্ত হওয়ার কথা আছে। পূর্কোক্ত নয়খানি গ্রন্থে প্রকৃত প্রভাবে প্রথমোক্ত হুইটি গুরুপ্রণালীর শ্লোক বা তাহার অমুবাদ ধৃত হুইয়াছে।

গোপালগুরুর পছের শেষে আছে:

ততঃ শ্রীকৃষ্ণচৈতন্তঃ প্রেমকল্পজ্মে। ভূবি। নিমাননাখ্যয়া যোহদো বিখ্যাতঃ ক্ষিতিমণ্ডলে॥

শ্রীচৈতন্তের নাম যে নিমানন্দ ছিল ইহা দেবকীনন্দন স্বীকার করেন নাই, দেইজত্য বৃহৎ-বৈশ্বব-বন্দনায় ইহার অহুবাদ দেন নাই। গোপালগুরুর পত্তে মাধবেন্দ্র ও ঈশ্বর পুরীর "পুরী" উপাধি লিখিত হয় নাই—বলদেব বিত্যাভূষণও সেই রীতি অনুবর্ত্তন করিয়াছেন। গোপালগুরু বক্রেশ্বর পণ্ডিতের শিয়া, বলিয়া দেবকীনন্দনের "বৃহৎ-বৈশ্বব-বন্দনায়" ও "ভক্তিরত্বাকরে" (পৃ. ৩১২) বর্ণিত হইয়াছেন। অমৃতলাল পাল "বক্রেশ্বর-চরিতে" গোপালগুরুকে পুরীর রাধাকান্ত মঠের প্রতিষ্ঠাতা বলিয়াছেন। গোপালগুরু হইতে ১৩০৭ দাল পর্যান্ত ১৬ জন মহান্তের নামও তিনি দিয়াছেন। তিনি বলেন, "বৃন্দাবনের গোপালগুরুর শিয়োরা 'নিমাই সম্প্রদায়ী' এবং 'ম্পট্টদায়ীক' বলিয়া অভিহিত" (পৃ. ১১৭)। গোপালগুরুর কথা যে সহদা উড়াইয়া দেওয়া যায় না তাহা দেখা গেল।

As per Kabikarnapur & Gopal Guru (both were younger to Sri Chaitanya and received his grace)

শ্বিনি বিভাব হুইতে পাওয়া গেল যে প্রীচৈতন্তের কুপাপাত্র ও তাঁহার অপেক্ষা বয়দে ছোট সমসাময়িক তুই ভক্ত—কবিকর্ণপুর ও গোপাল-গুরু—মাধবেন্দ্র পুরীকে মাধ্ব-সম্প্রদায়ের অন্তর্গত বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু অমরচন্দ্র রায় (উদ্বোধন, ৩৩৬ চৈত্র, পৃ. ১৩৬-৪৮; ১৩৩৭ বৈশাধ, পৃ. ২৪৪-৫০), ডা. স্থশীলকুমার দে ও সত্যেন্দ্রনাথ বস্থ বলেন যে মাধ্ব-সম্প্রদায়ের প্রামাণিক গুরুপ্রণালীর সহিত ও ঐতিহাসিকভাবে নির্ণীত কালের সহিত কবিকর্ণপ্রাদি-বর্ণিত গুরুপ্রণালীর মিল নাই। সত্যেন্দ্রনাথ বস্থ মহাশয়-কর্তৃক প্রকাশিত উদীপি মঠের গুরুপ্রণালী ও কবিকর্ণপ্র-প্রদন্ত প্রণালী পাশাপাশি সাজাইয়া বিচার করা যাউক।

১ শ্রীমান্ প্রভাতকুমার ম্থোপাধ্যায় লিখিরাছেন যে শ্রীচৈতন্তের সমসাময়িক অচ্যতানন্দ তাঁহার "ব্রহ্মবিদ্যা তত্ত্বজ্ঞান" নামক অপ্রকাশিত সংস্কৃত গ্রন্থে নিম্নলিখিত গুরুপ্রণালী দিয়াছেন; যথা— মহানারায়ণ, নারায়ণ, ভগবান্, লক্ষ্মী, ব্রহ্মা, নারদ, মধ্বাচার্য্য, পদ্মনাভ, নরহরি, মাধবেক্স পুরী, কৃষ্ণ ভারতী, চৈতস্ত দেব, সারক্ষ ঘোষ, শ্রাম ঘোষ ( সাহিত্য-পরিষং-পত্রিকা, ১৩৪৩; ২ )।

গৌরণ	াণোদ্দেশদীপিকার তালিকা	উদীপি-মঠে রক্ষিত তালিকা : মূল শাথা	উদীপি-মঠে রক্ষিত তালিকা: অক্স শাখা ( অদ্বৈতসিদ্ধির ভূমিকা, পৃ. ৪৭ ও বহুমতী ১৩৪২ পৌষ)
> 1 > 1 > 1 8 1 8 1 9 1	মধ্বাচার্য্য পদ্মনাভ নরহরি মাধব দ্বিজ্ব অক্ষোভ জয়তীর্থ জ্ঞানসিম্কু	১। মধ্ব ১০৪০ শক  ২। পদ্মনাভ ১১২০ শক  ৩। নরহরি ১১২৭ শক  ৪। মাধব ১১৩৬ শক  ৫। অক্ষোভ্য ১১৫৯ শক  ৬। জয়তীর্থ ১১৩৭ শক  ৭। বিচ্চানিধি বা  বিচ্চাধিরাজ ১১৯০ শক	রাজেন্দ্রতীর্থ বিজয়ধ্বজ পুরুষোত্তম স্ব্রহ্মণ্য ব্যাসরাজ বা ব্যাসরায়
201 201 201 201 201	মহানিধি বিভানিধি বাজেন্দ্র জয়ধর্ম বঙ্গান্থ পুরুষোত্তমঃ ব্যাসতীর্থ লক্ষ্মীপতি মাধবেন্দ্র	। কবীন্দ্ৰ ১২৫৫ শক  ১। কবীন্দ্ৰ ১২৫৫ শক  ১। বাগীশ ১২৬১ শক  ১০। বামচন্দ্ৰ ১২৬৯ শক  ১১। বিজ্ঞানিধি ১২৯৮শক  ১২। বঘুনাথ ১৩৬৬ শক  ১৩। বঘুবৰ্ষ ১৪২৪ শক  ১৪। বঘুত্তম ১৪৭১ শক  ১৫। বেদব্যাসতীৰ্থ ১৫১৭ শক	

রাজেন্দ্র ঘোষ মহাশয় "ক্যায়ামতের" গ্রন্থকারের সময় ১৪৪৬ হইতে ১৫০৯ খ্রীষ্টাব্দ লিখিয়া বলিয়াছেন যে তিনি "মতাস্তরে ১৫৪৮ হহতে ১৫৯৮ খ্রীষ্টাব্দ পর্যাস্ত উদীপির উত্তর বাড়ীর মঠের অধ্যক্ষ ছিলেন" (অবৈতিসিদ্ধির ভূমিকা, পৃ. ৪৭-৪৮)। উপরের তালিকা হইতে দেখা যাইবে যে ব্যাসরায় রঘুনাথের সমপর্যায়ের লোক। রঘুনাথের মঠাধিপ হওয়ার তারিথ ১০৬৬ শক বা ১৪৪৪ খ্রীষ্টাব্দ হওয়াই সম্ভব। খাহারা ব্যাসরায়ের তারিথ ১৫৪৮ খ্রীষ্টাব্দ ধরিয়াছেন, তাঁহারা বোধ হয় রঘুত্তমের শিশ্ব বেদব্যাসতীর্থের সহিত ব্রহ্মণ্যের

শিশ্য ব্যাসরায়কে অভিন্ন ভাবিয়াছেন। স্থামামূতে ব্যাসভীর্থ ব্রহ্মণ্যকেই গুরু বলিয়াছেন; যথা—

## সদা বিষ্ণুপদাসক্তং সেবে ব্রহ্মণ্য-ভাষ্করম্ ৷-- ১৷৫

প্রীচৈতন্তের জন্ম ১৪৮৬ খ্রীষ্টাব্দে, ঈশ্বর পুরীর নিকট দীক্ষা ২৩ বংসর বয়সে অগ্রহায়ণ বা পোষ মাসে, অর্থাৎ ১৫০৮ খ্রীষ্টাব্দের শেষে বা ১৫০৯ খ্রীষ্টাব্দের প্রথমে। ব্যাসতীর্থ যদি ১৪৪৬ খ্রীষ্টাব্দে গুরু হন, তাহা হইলে ১৫০৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত সময়ের সহিত তাঁহার গুরু হওয়ার সময়ের ৬৩ বংসর ব্যবধান পাওয়া ষায়। ঐ ৬৩ বংসরের মধ্যে ব্যাসতীর্থের নিকট লক্ষ্মীপতির, লক্ষ্মীপতির নিকট মাধ্বেক্রের ও মাধ্বেক্রের নিকট ঈশ্বর পুরীর দীক্ষা লওয়া অসম্ভব নহে; কেন-না উদীপির মঠের তালিকায় দেখা যায় যে ১২৫৫ হইতে ১২৯৮ শক—এই ৪৩ বংসরের মধ্যে চারজন গুরু হইয়াছেন।

কবিকর্ণপূরের তালিকার সহিত উদীপির মঠের তালিকার ষষ্ঠ গুরু জয়তীর্থ পর্যস্ত মিল আছে, তারপর মিল নাই। কিন্তু ঐ মঠেই রক্ষিত অফ্য শাখা বলিয়া উল্লিখিত তালিকায় কবিকর্ণপূর-প্রদত্ত রাজেন্দ্র, পুরুষোত্তম, স্থবন্ধা, ব্যাসরায় নাম পাওয়া যায়। কেবল কবিকর্ণপূর-প্রদত্ত জয়ধর্ম-স্থানে উহাতে বিজয়ধরজ নাম আছে। জয়ধর্মের নামান্তর বিজয়ধরজ হওয়া অসম্ভব নহে। উদীপির তালিকার শাখান্তরে রাজেন্দ্রের গুরুর নাম বিহ্যানিধি আছে, কবিকর্ণপূরের মতেও রাজেন্দ্রের গুরু বিহ্যানিধি। কবিকর্ণপূরে জয়তীর্থের পর জ্ঞানসিদ্ধ ও মহানিধি—এই ছইটি নাম পাওয়া যায়, উদীপির তালিকায় জয়তীর্থের পরই বিহ্যানিধি। যোড়ণ শতান্ধীর বইয়ে লেখা তালিকার সহিত যদি ১৮৮৬ খ্রীষ্টান্দ পর্যন্ত রক্ষিত কোন মঠে লেখা তালিকার এই সামান্য গরমিল দেখা যায়, তাহা হইলে যোড়ণ শতান্ধীর বইকে ভুল বলা সক্ষত হয় না; কেন-না কোন কারণবশতঃ মঠের তালিকায় জ্ঞানসিদ্ধ ও মহানিধির নাম বাদ পড়িতে পারে।

মঠের তালিকায় লক্ষীপতি, মাধবেক্র ও ঈশর পুরীর নাম নাই। তাহার ত্ইটি কারণ হইতে পারে। প্রথম কারণ হয়ত লক্ষীপতি মাধ্ব-সম্প্রদায়ভূক্ত সন্মাসী ছিলেন, কিন্তু মঠাধীশ হন নাই—মঠে শুধু মঠাধীশদেরই নাম আছে। দ্বিভীয় কারণ এই যে কবিকর্ণপূর মাধ্ব-সম্প্রদায়ের গুরুপ্রণালী দিলেও, মাধবেক্রকে প্রেমধর্ষের প্রবর্ত্তক বলিয়াছেন। মাধবেক্স বিভিন্ন

সম্প্রদায়ের সন্ত্রাদী ও গৃহীদের লইয়া এক নৃতন সম্প্রদায় সৃষ্টি করেন বলিয়া তাঁহার নাম ও তাঁহার গুরু লক্ষীপতির নাম মাধ্বগুরুপ্রণালী হইতে পরিত্যক্ত হওয়া সম্ভব। প্রবোধানন্দ তাঁহার প্রশিষ্য হিত হরিবংশকে আশ্রয় দিয়াছিলেন বলিয়া তাঁহার নাম যেমন চৈতক্যচরিতামতে দেওয়া হয় নাই, তেমনি মাধ্বেদ্রের গুরু বলিয়া লক্ষীপতির নাম মাধ্ব-সম্প্রদায় হইতে কাটিয়া দেওয়া বিচিত্র নহে।

সত্যেন্দ্রনাথ বস্থ লিখিয়াছেন, "যাহা হউক, মধুসুদনের অদ্বৈত-সিদ্ধি-রচনার পূর্বে যথন ব্যাসরাজের 'ফায়ামৃত' লিখিত হয় এবং মধুস্দনের অবৈতিসিদ্ধি-রচনা শেষ হইলে যথন ব্যাসরাজ নিজে বার্দ্ধক্যহেতু অসমর্থ বলিয়া তাঁহার শিশু ব্যাসরাজকে ই এন্থ খণ্ডন করিবার অন্তমতি প্রদান করেন, তথন ব্যাসরাজ যে শ্রীচৈতগ্যদেবের তিরোভাবের পরও বহুকাল জীবিত ছিলেন, এ বিষয়ে আর সন্দেহের অবকাশ থাকে না।" সভ্যেন্দ্রবাবু এথানে ষে ঘটনার উল্লেখ করিয়াছেন, তাহা রাজেল্রনাথ ঘোষ মহাশয়ের অদ্বৈত-দিদ্ধির ভূমিকা হইতে লওয়া। ঘোষ মহাশয়ের লিখিত মধুস্দন সরস্বতীর জীবনী যে কিংবদন্তী অবলম্বনে রচিত তাহ। তিনি নিজেই স্বীকার করিয়াছেন (অবৈতসিদ্ধির ভূমিকা, পৃ. ১১৬)। ঐ-সকল কিংবদন্তী যে পরস্পর-বিরোধী তাহার একটি প্রমাণ দিতেছি। ঘোষ মহাশয় স্থির করিয়াছেন থে মধুস্থান দরস্বতীর জন্ম ১৫২৫ খ্রীষ্টাব্দের দরিহিত দময় ( ঐ, পৃ. ১২৬ )। কিন্তু ১৩২-১৩৬ পৃষ্ঠায় তিনি লিখিয়াছেন যে দ্বাদশ বৰ্ষ বয়সে মধুস্দন "নবদ্বীপে ভগবান্ কৃষ্ণচৈতত্তের আবিভাব হইয়াছে" শুনিয়া নবদ্বীপে গমন করেন। এটিচতন্ত ১৫১০ এটিান্দের প্রথমেই নবদীপ ত্যাগ করিয়া নীলাচলে यांन । ১৫२৫ + ১২ = ১৫৩१ औष्ट्रीरक यथन मधुरूपन नवधीर यांन विद्या প্রবাদ, তথন শ্রীচৈতক্তের তিরোভাবের পর চার বৎসর অতীত হইয়াছে। সত্যেনবারু "মধুস্দনের জন্ম সময় ১৫২০ খ্রীষ্টাব্দ বা তাহার ২।১ বৎসর পূর্ব্বে" নির্দেশ করিয়া উক্ত প্রবাদের সহিত ঐতিহাসিক ঘটনার সামঞ্জস্ত করিতে চাহিয়াছেন। কিন্তু ১৫১৮ খ্রীষ্টাব্দে মধুস্দনের জন্ম ধরিলেও, তাঁহার বার বৎসর বয়সে অর্থাৎ ১৫৩০ খ্রীষ্টাব্দে নবদ্বীপে শ্রীচৈতগ্রদর্শনে আসা সম্ভব হয়

১ এইখানে "বহুমতী"র মৃদ্রাকর-প্রমাদ দেখা বাইতেছে। প্রকৃতপক্ষে গুরুর নাম ব্যাসরাজ বা ব্যাসরায়, শিক্তের নাম ব্যাসরাম (অছৈতসিন্ধির ভূমিকা, পৃ. ১৬৭)।

না। প্রীচৈতন্ত তথন নীলাচলে গঞ্জীরার মধ্যে প্রেমাবেশে মন্ত ছিলেন এ কথা বাঙ্গালা দেশের সকলেই জানিতেন, আর মধুস্দন কি জানিতেন না? এইজন্ত বলিতে হয় যে সামান্ত প্রবাদের উপর নির্ভর করিয়া ষোড়শ শতাব্দীর লেখক কবিকর্ণপূর ও গোপালগুরুকে ল্রান্ত মনে করা স্ববিবেচনার কাজ নহে। পরস্তু "অবৈতিসিদ্ধি"র ভূমিকায় ঘোষ মহাশয় যে-সব তারিখ দিয়াছেন, তাহা নির্ভূল নহে। তিনি লিথিয়াছেন (পৃ. ৪১) ষে বল্লভাচার্য্য ১৫৮৭ খ্রীষ্টাব্দে পরলোক-গমন করেন। কিন্তু বল্লভাচার্য্য প্রকৃতপক্ষে ১৫৩১ খ্রীষ্টাব্দে তিরোধান করেন ( Z. D. M. G., 1934, p. 268)।

প্রীচৈতন্তের সমসাময়িক কবিকর্ণপূর ও গোপালগুকর মত সহজে উড়াইয়া দেওয়া যায় না, কিন্তু পুরী-উপাধিযুক্ত মাধবেল কি করিয়া তীর্থ-উপাধিধারী মাধ্ব-সম্প্রদায়ের শিয় হইলেন তাহাও বুঝা কঠিন। কিন্তু ষোড়শ শতাকীতে সকল পুরী-ভারতীই শহর-সম্প্রদায়-ভূক্ত ছিলেন না। অনেক গৃহী ব্যক্তির উপাধিও পুরী, ভারতী প্রভৃতি ছিল; যথা অসমীয়া শহরদেবের বংশপরিচয়ে দেখা যায় গন্ধর্ক গিরির পুল্র রাম গিরি, রাম গিরির পুল্র হেম গিরি, তাঁহার পুল্র হরিহর গিরি প্রভৃতি (লক্ষীনাথ বেজবক্ষয়া-ক্লত "শহরদেব", পৃ. ৯)। শান্তিপুরের অবৈত-বংশীয় গোষামীয়া অবৈতের পূর্বপুক্ষদের যে পরিচয় দেন, তাহাতে পাওয়া যায় জটাধর ভারতীর পুল্র বাণীকান্ত সরস্বতী, তৎপুল্র শাক্তিনাথ পুরী (Dacca Review, March, 1913)। প্রাণতোষিণীতন্তের আছে—

জ্ঞাত-তত্ত্বেন সম্পূর্ণঃ পূর্ণতত্ত্বপদে স্থিতিঃ। পরব্রহ্মপদে নিত্যং পুরি-নামা স উচ্যতে॥

এই হিদাবে যে-কোন জানী ব্যক্তির উপাধি পুরী হইতে পারে।

এরপ অনুমান করা যাইতে পারে যে মাধবেদ্র বিজয়ক্ষণ গোসামী ও বন্ধবান্ধব উপাধ্যায় প্রভৃতির ন্যায় কয়েকবার ধর্মমত পরিবর্তন করিয়াছিলেন। হয়ত প্রথমে তিনি পুরী-সম্প্রদায়-ভূক্ত সন্ন্যাসী হন, তারপর অধৈতবাদে বীতপ্রদ্ধ হইয়া চরম ধৈতবাদী মাধ্ব-সম্প্রদায়ের নিকট দীক্ষা গ্রহণ করেন। কিন্তু ব্রহ্মবান্ধব উপাধ্যায় যেরূপ খ্রীটান হইয়াও নৃতন নামে পরিচিত হন নাই, সেইরূপ মাধবেদ্র পুরী-উপাধিতেই পরিচিত রহিয়া গেলেন। পরে মাধ্ব-সম্প্রদায়েও প্রেমধর্মের যথেই ক্রণ না দেখিয়া নিজে এক সম্প্রদায় গঠন করেন। মাধ্ব-সম্প্রদায়ের সহিত গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ের যে সাধ্য-সাধন-বিষয়ে মিল নাই তাহা ১৩৩৫ সালে কটকের রাসবিহারী মঠের অধ্যক্ষ রাধাকৃষ্ণ বস্থ প্রমাণ করিয়া দেখান (বীরভূমি, ১৩৩৫ সাল, ৯1৪, পৃ. ১৮৮-৮৯)। এইরূপ অমিল দেখিয়াই কবিকর্ণপূর মাধ্ব-সম্প্রদায়ের গুরুপ্রণালী দিয়া তন্মধ্যেই মাধ্বেক্রকে নৃতন-ধর্ম-প্রবর্ত্তক বলিয়াছেন।

শ্রীক্ষীব ও রুঞ্চনাদ কবিরাজ স্বীকার করেন না যে শ্রীচৈতন্ত মাধ্ব-সম্প্রদায়ভূক্ত। শ্রীক্ষাব ক্রমদন্দর্ভের প্রারম্ভে শ্রীচৈতন্তকে "স্বসম্প্রদায়সহস্রাধিদৈবং"
বলিয়াছেন। কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্তের সহিত উদীপির মাধ্ব-সম্প্রদায়ীদিগের বিচার বর্ণনা করিয়াছেন (২০০২৪৯-৫১)। তিনি মাধ্বগুরুর মৃথ
দিয়া সাধ্য-সম্বন্ধে বলাইয়াছেন, "পঞ্চবিধ মৃক্তি পাঞা বৈকুঠে গমন"
(২০০২০১)। তিনি ১০০১৬ পয়ারে লিথিয়াছেন—

সাষ্টি, সারপ্য, আর সামীপ্য, সালোক্য। সাযুজ্য না লয় ভক্ত, যাতে ব্রহ্ম ঐক্য॥

মাধ্ব-মতে সাষ্টির অর্থ ভগবানের ঐশ্বর্য ও সাযুজ্য অর্থে ব্রহ্ম-ঐক্য নহে। পদ্মনাভ "মাধ্বসিদ্ধান্তসারে" "তত্ত্তং ভাগ্নে" বলিয়া নিম্নলিখিত শ্লোক তুলিয়াছেন—

> মুক্তা: প্রাপ্য পরং বিষ্ণুং তদ্ভোগলেশত: কচিৎ। বহিষ্ঠান ভুঞ্জতে নিতাং নানন্দাদীন কথঞ্চন॥

অর্থাৎ "ম্ক্রপুরুষেরা পরমপুরুষ বিফুকে প্রাপ্ত হইয়া তাঁহার ভোগলেশ হইতে কোন স্থলে বহিঃস্থিত কিঞ্চিৎ ভোগ নিত্য উপভোগ করে, কিন্তু বিফুর সম্পূর্ণ আনন্দাদি ভোগ করিতে পারে না।" ডক্টর ঘাটে The Vedanta নামক গ্রন্থে (Bhandarkar Oriental Research Institute, Poona, 1926) মাধ্ব-মতের পরিচয় দিতে যাইয়া লিখিয়াছেন—"Even in Moksa, Jiva cannot be one with Brahma. Bhoktr, Bhogya and Niamaka are eternally distinct and equally real." উদীপি মঠের মাধ্ব-সম্প্রদায়ের গুরু যে নিজের সম্প্রদায়ের মতবাদের প্রধান কথাই জানিতেন না এ কথা কল্পনা করা অসম্ভব। সেইজন্ম সন্দেহ হয় যে কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্মের সহিত মাধ্ব-সম্প্রদায়ের গুরুর বিচারটি যথায়থভাবে লেখেন নাই।

মাধবেন্দ্র প্রী হয়তো মাধ্ব-সম্প্রদায়ের আহুগত্য অন্ততঃ কিছুকালের জ্বন্ত করিয়াছিলেন। তাহা না হইলে কবিকর্ণপূর ও গোপালগুরুর ন্থায় এটিচতন্তের সমসাময়িক লোক ঐরপ কথা লিখিতে পারেন না—লিখিলেও বৈষ্ণব-সমাজ উহা স্বীকার করিয়া লইতেন না। কিন্তু এরপ হওয়াও অসম্ভব নহে যে কবিকর্ণপূরের গৌরগণোদ্দেশদীপিকায় ভক্তিরত্নাকর রচিত হইবার কিছুকাল পূর্ব্বে ঐ গুরুপ্রণালী ঢুকাইয়া দেওয়া হইয়াছিল। এজীব কোথাও স্পষ্ট করিয়া বলেন নাই যে মাধ্বেন্দ্রের দক্ষে মাধ্ব-সম্প্রদায়ের কোন সম্বন্ধ ছিল না। কিন্তু মাধ্বেন্দ্রের প্রবর্ত্তিত প্রেমধর্মের সহিত মাধ্ব-মতের গুরুতর পার্থক্য দেখিয়াই তিনি বৈষ্ণব-বন্দনায় গোড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়কে মাধ্ব-সম্প্রদায় বলিয়াছেন। এই মত খুবই সমীচীন ও যুক্তিসঙ্গত।

Declaration of Godhood of Sri Chaitanya

#### শ্রীচৈতক্ষের ভগবন্তা-ঘোষণা

God intoxicated mood of Sri Chaitanya
Murari Gupta had narrated that from childhood days Bishwambhar had manifested super natural

ম্রারি গুপ্তের কড়চা হইতে জানা যায় যে শৈশবকাল হইতেই মাঝে মাঝে বিশ্বস্তারের অলোকিক বিভূতি প্রকাশ পাইত এবং তিনি ভাবাৰিট হইয়া নানারূপ উপদেশ দিতেন। ম্রারি গুপ্ত এইরূপ ঘটনার কারণ-নির্দেশ করিতে যাইয়া বলেন—

জনস্ম ভগবদ্বানাৎ কীর্ত্তনাং শ্রবণাদপি।
হরে: প্রবেশো হৃদয়ে জায়তে স্থমহাত্মনঃ॥
তস্মান্থকারং চক্রে স্ তত্তেজস্তৎপরাক্রমঃ॥
ভক্তদেহে ভগবতো হাত্মা চৈব ন সংশয়ঃ॥—১৮।২-৩

পরবর্ত্তী কোন চরিতকার ম্রারি গুপ্তের গ্রায় যুক্তিসঙ্গত কারণ দেখান নাই। কবিকর্ণপূর চৈতগ্রচরিতামৃত মহাকাব্যে একাদশ দর্গ পর্যান্ত ম্রারিকে দৃঢ়ভাবে অন্ত্যুরণ করিলেও উদ্ধৃত বাক্যের প্রতিধ্বনি করেন নাই। ইহা হইতে বুঝা যায় যে পরবর্ত্তী ভক্তদের নিকট জন্মকাল হইতেই প্রীচৈতগ্র ঈশ্বরূপে. প্রতিভাত হইয়াছেন।

চরিতগ্রন্থ লির এবং পদাবলীর তুলনামূলক বিচার করিলে দেখা যায় যে গয়া হইতে প্রত্যাবর্তনের পূর্ব্বে বিশ্বস্তর ভক্তগণ-কর্ত্তক সমবেতভাবে ঈশ্বর বলিয়া পূজিত হয়েন নাই। তৈথিক ব্রাহ্মণ, দিখিজয়ী প্রভৃতি বিদেশী লোক নবদীশে আসিয়া বিশ্বস্তবের ঈশ্বরত্বের প্রমাণ পাইয়াছিলেন বলিয়া বৃন্দাবনদাস বর্ণনা করিয়াছেন বটে, কিন্তু তিনি একথাও লিখিয়াছেন যে বিশ্বস্তবের পাণ্ডিত্য দেখিয়া নবদীপের কুল ভক্তগোষ্ঠী সর্বাদা আক্ষেপ করিতেন—
As per Vrindavandas small group of Krishna devotees used to lament that Pandit Bishwambhar

As per Vrindavandas small group of Krishna devotees used to lament that Pandit Bishwambhais only immersed in teaching and not performing devotion to Krishna.

মহুয়ের এমন পাতিতা দেখি নাঞি।

মহয়ের এমন পাণ্ডিত্য দেখি নাঞি। কৃষ্ণ না ভজেন সভে এই তুংখ পাই॥—১৮৮৩

#### শ্ৰীবাস নিমাইকে বলেন —

### ক্বঞ্চ না ভজিয়ে কাল কি কার্য্যে গোঙাও। রাত্রি দিন নিরবধি কেন বা পড়াও॥—১৮৮১

রাতি দিন নিরবধি কেন বা পড়াও ॥—১৮৮১

Murari Gupta had not not provided any information on Bishwambhar's Godhood before Bishwambhar's first 23 years of life.

তেইশ বংসর বয়সের পূর্বে বিশ্বস্তরের ভগবতা স্বীকৃত হওয়ার বা ভক্ত হওয়ার কোন প্রমাণ ম্রারি ওপ্ত দেন নাই। স্ক্তরাং বৃন্দাবনদাসের এই চ্ইটি বর্ণনা যথার্থ বলিয়া মানিয়া লওয়া যাইতে পারে। গয়া হইতে প্রত্যাগমনের পরই বিশ্বস্তরের ভক্তজনোচিত ব্যবহার ও ঈশ্বররূপে আবেশ দেখা যায়। বাস্থ্যোষের পদে ও জয়ানন্দের চৈতক্তমঙ্গলে বিশ্বস্তরকে বাল্যকাল হইতে ভক্ত বলিয়া বর্ণনা করা হইয়াছে। এরূপ বর্ণনা কি ইতিহাসের দিক্ দিয়া, কি মনস্তত্বের দিক্ দিয়া সম্ভব মনে হয় না।

গয়ায় ঈশব পুরীর নিকট দীক্ষাগ্রহণের পর বিশ্বস্তর সম্পূর্ণ নৃতন মান্ত্র হইয়া গেলেন। নবদীপের ভক্তগোঞ্চী দেখিলেন উদ্ধতের শিরোমণি নিমাই পণ্ডিত—

কচিচ্ছ ছা হরেনাম গীতং বা বিহবলঃ ক্ষিতো।
পততি শ্রুতিমাত্রেণ দণ্ডবং কম্পতে কচিং।
কচিদ্ গায়তি গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণেতি সাদরম্।
সন্নকণ্ঠঃ কচিং কম্পরোমাঞ্চিত-তম্ভূ শম্॥

As per Murari Gupta Bishnupriyadevi (Wife of Bishwambhar) was the AATA, 2122121-25 first person who had declared Bishwambhar as God.

ভক্তগোষ্ঠা বিশ্বস্তরকে দাদরে গ্রহণ করিলেন। শ্রীবাদের গৃহে মহানন্দে নৃত্যগীত চলিতে লাগিল। মুরারি গুপ্তের কড়চাকে বিশ্বাদ করিলে বলিতে হয় যে বিষ্ণুপ্রিয়া দেবীই দর্বপ্রথমে তাঁহাকে ভগবান্ বলিয়া ঘোষণা করেন। ঘটনাটি এই—একদিন বিশ্বস্তর স্বগৃহে বদিয়া প্রেমাতিবিহ্বলভাবে আক্ষেপ

# গৌড়ীয় বৈশ্বব-ধর্মের আদিযুগ-সম্বন্ধে বিবিধ তথ্য 553 ৫৫৩ করিতেছেন—"হরিতে আমার মতি হইবে কিরূপে?" তাহা শুনিয়া দেবী (বিষ্ণুপ্রিয়া) বলিলেন—

হরেরংশমবেহি জমাজানং পৃথিবীতলে।
অবতীর্ণোহিদি ভগবন্ লোকানাং প্রেমদিদ্ধয়ে।
থেদং মা কুরু যজ্ঞোহয়ং কীর্ত্তনাখ্যঃ ক্ষিতৌ কলো।
তৎপ্রসাদাৎ স্থদস্পল্লো ভবিশ্বতি ন সংশয়ঃ।
এবং শ্রুজা গিরং দেব্যা হর্ষযুক্তো বভূব সঃ॥ ২।২।৮-১০

উদ্ধৃত অংশের ভাব লইয়া লোচন লিথিয়াছেন—

এককালে নিজঘরে আছে প্রেমভোরা।
রোদন করয়ে আঁথে সাত পাঁচ ধারা॥
কি করিব কোথা যাব কেমন উপায়।
শ্রীক্লফে আমার মতি কোন্ উপায়ে হয়॥
ইহা বলি রোদন করয়ে আর্ত্তনাদে।
কাতর বচন শুনি সর্বাজন কান্দে॥
হেন কালে দৈববাণী উঠিল সাদরে।
আপনে ঈশ্বর তুমি শুন বিশ্বস্তরে॥
প্রেম প্রকাশিতে মহী কৈলে অবতার।
নিজ করণায় প্রেমা করিবে প্রচার॥
ধর্ম সংস্থাপন করি করিবে কীর্ত্ন।
থেদ দ্র করি কার্য্য করহ আপন॥

এতেক বচন যবে দেবম্থে শুনি। অস্তর হরিষ কিছু না কহিলা বাণী॥—মধ্য, পৃ. ৩-৪

After the declaration of Godhood of Bishwambhar by his consort, one day gave advice in the house temple of Murari intoxicated in Varaha Bhava

উক্ত ঘটনা বর্ণনা করার পর ম্রারি গুপু লিখিতেছেন যে একদিন বিশ্বস্থর বরাহ-ভাবের আবেশে তাঁহার দেবগৃহে প্রবেশ করেন এবং ঈশ্বরভাবে ম্রারিকে উপদেশ দেন। ইহার পরে তিনি প্রায়ই ঈশ্বরভাবে আবিষ্ট হইতেন; যথা—

#### শ্রীচৈতক্তরিতের উপাদান

ক্ষচিদীশভাবেন ভৃত্যেভ্যঃ প্রদদৌ বরান্।

—মু, ২া৪া৪; মহাকাব্য, ৬া২৬

অবৈতের গৃহে যাইয়াও এরপ ভাবাবেশ হইয়াছিল—

স্বয়ং শান্তিপুরং গত্তা দৃষ্টাবৈত-মহেশ্বরম্। ঐশ্বর্যাং কথয়ন্ কৃষ্ণপূর্ণাবেশো বভূব হ॥—মৃ., ২া৫।১৪

এইরপ অপূর্ব্ব ও অলৌকিক আবেশ দেখিয়া ভক্তদের মনে দৃঢ় বিশ্বাস জন্মিতে লাগিল যে বিশ্বস্তব স্বয়ং ভগবান্। ভক্তগণসহ বিশ্বস্তবের আনন্দলীলার কথা নবদ্বীপের অনতিদ্রের কুলাইয়ের বাস্থঘোষাদি তিন ভাইয়ের, শ্রীথণ্ডের নরহরি, রঘুনন্দনের, অম্বিকা-কালনার গৌরীদাস পণ্ডিতের, কুমারহট্টের জ্বগদানন্দের, কুলীনগ্রামের রামানন্দ বস্থ প্রভৃতির, খানাকুলের অভিরামদাসের কাণে এই সময়েই পৌছিয়াছিল বলিয়া মনে হয়। ইহার পূর্ব্বে কোন ঘটনা-উপলক্ষে কোন পদে বা চরিতগ্রন্থে ইহাদের নাম নাই। ইহারা নিত্যানন্দ প্রভ্র নবদ্বীপে আগমনের কিছু দিন পূর্ব্বে বা পরে আসিয়া বিশ্বস্তবের সহিত মিলিত হইলেন। ভক্ত-গোষ্ঠা বৃদ্ধি পাইতে লাগিল।

Bishwambhar was worshiped by devotees as God

## (খ) ভক্তগণ-কর্তৃক ঈশ্বররূপে পূজা

নিত্যানন্দ প্রভু ভারতের প্রায় সকল তীর্থ ভ্রমণ করিয়া এবং বহু সাধুর সকলাভ করিয়া নবদীপে আসিলেন। তাঁহার বহুবিধ ও বিচিত্র অভিজ্ঞতা ও অমুভূতির দারা ব্ঝিলেন যে বিশ্বস্তরের মধ্যে যে ভাব প্রকাশ পাইয়াছে Nityananda prabhu had witnessed the six armed [ six hands] image of Bishwambhar তাহার তুলনা কোথাও মেলে না। তিনি বিশ্বস্তরের ষড়ভূজ মূর্ত্তিও দেখিয়াছিলেন বলিয়া মুরারি গুপু বর্ণনা করিয়াছেন (২৮৮২৭)। ইহার পর শ্রীবাস পণ্ডিত অদৈতকে শান্তিপুর হইতে ডাকিয়া আনিলেন। বিশ্বস্তরের ঈশ্বাবেশ ক্রমেই বৃদ্ধি পাইতে লাগিল। তিনি একদিন শ্রীবাসের দেবালয়ে সিংহাসনের উপর বসিলেন। 

Bishwambhar sat on the throne of Sri Vishnu at the temple of Sribas

শ্রীবাস-দেবালয়-মধ্যগো হরি-র্বরাসনস্থ: সহসা ররাজ ॥—মু., ২৷৯৷১৮; মহাকাব্য, ৭৷৩০ শ্রীনিবাস পণ্ডিতের ঘরে মহাপ্রাভূ। দেবতার ঘর মধ্যে বসি হাতে লছ॥ দিব্য বীরাসনে প্রভূ বসিয়াছে হুখে।—লোচন, মধ্য, পৃ. ২১

আচার্য্যের আগমন জানিক্রা আপনে।
ঠাকুর-পণ্ডিত-গৃহে চলিলা তথনে॥
প্রায় যত চৈতন্তের নিজ ভক্তগণ।
প্রভূর ইচ্ছায় সব মিলিলা তথন॥
আবেশিত-চিত প্রভূ সভেই বৃঝিয়া।
সশঙ্কে আছেন সভে নীরব হইয়া॥
হক্ষার করয়ে প্রভূ ত্রিদশের রায়।

Advaita goswami also worshipped Bishwambhar as God in the temple of sribas. Before this there was no mention of Bishwambhar being worshipped as God in any other authentic writings

সেই দিন অদৈত তাঁহাকে ভগবংরূপে "তুলদীমঞ্জরী দিয়া পূজিল চরণ" (লোচন)। "চন্দনে ডুবাই দিব্য তুলদীমগ্ররী। অর্ঘ্যের সহিত দিলা চরণ উপরি॥" (চৈ. ভা., ২।৬।১৯৪; মুরারি, ২।৯।১৯-২৩; কবিকর্ণপূর মহাকাব্যে ৭।৩২-৩৫ অফুরূপ বর্ণনা করিয়াছেন।)

এই ঘটনার পূর্বে বিশ্বস্তরকে পূজা কর। হইয়াছে এরূপ কোন বিবরণ কোন প্রামাণিক পদে ব। চরিতগ্রন্থে নাই। শ্রীচৈতন্তের ভগবত্তা-ঘোষণার এই প্রথম পর্বা।

 ${\tt Mahaprakashabhishek-Religious\ bathing\ of\ Bishwambhar\ as\ God\ by\ devotees}$  in the house of Sribas

## (গ) ভক্তগণ-কর্তৃক ঈশ্বররূপে অভিষেক

শ্রীচৈতন্তের ভগবত্তা-ঘোষণার দ্বিতীয় পর্ব হইতেছে মহাপ্রকাশাভিষেক।
ম্রারি ঐ ঘটনা সংক্ষেপে ও বৃন্দাবনদাস বিস্তৃত-ভাবে বর্ণনা করিয়াছেন।
ম্রারি বলেন যে একদিন শ্রীবাদের গৃহে বিশ্বস্তুর নানারপ ভাববিকার
প্রকাশ করিয়া—

ররাজ সহসা দেব: সহস্রাচ্চি:সমপ্রভ:।

তিনি ভাবাবিষ্ট হইয়া বলিলেন-

र्हे एक्टर विकासी हि मिक्किमानसमुख्यम् ॥

তথন ভক্তগণ পূলকিত হইলেন। শ্রীবাস তাঁহাকে গদাধ্য মুখে তাম্ল দিলেন, পূজা করিলেন। নিত্যানল ছত্র ধারণ করিলেন, গদাধ্য মুখে তাম্ল দিলেন, কেহ কেহ চামর-ব্যক্তন করিতে লাগিলেন। সকল ভক্ত মিলিয়া সমীর্ত্তনর্গদে মগ্ন হইলেন (মুরারি, ২০২২০২-১৭; লোচন, মধ্য, পৃ. ৩৪)। এই অভিষেক-দিবসে বিশ্বস্তারের ভাবাবেশ কতক্ষণ ছিল তাহা মুরারি বলেন নাই। বৃন্দাবনদাস বলেন যে প্রভু ঐ দিন সাত প্রহর ধরিয়া ভাবাবিষ্ট ছিলেন। ঐ দিনের ঘটনার বৈশিষ্ট্য কবির ভাষায় বলিতেছি—

অন্ত অন্ত দিন প্রভু নাচে দাস্ত ভাবে।
ক্ষণেক ঐশ্বর্যা প্রকাশিয়া পুন ভাগে॥
সকল ভক্তের ভাগো এদিন নাচিতে।
উঠিয়া বদিলা প্রভু বিষ্ণুর থট্টাতে॥
আর সব দিনে প্রভু ভাব প্রকাশিয়া।
বৈসেন বিষ্ণুর থাটে যেন না জানিয়া॥
সাত প্রহরিয়া ভাবে—ছাড়ি সর্ব্ব মায়া।
বিদিলা প্রহর সাত প্রভু ব্যক্ত হৈয়া॥

আজ্ঞা হৈল বোল মোর অভিষেক গীত। শুনি গায় ভক্তগণ হই হরষিত॥

এই সাতপ্রহরিয়া ভাবের দিন —

স্কাতে শ্রীনিত্যানন্দ জয় জয় বলি।
প্রভূব শ্রীশিরে জল দিয়া কুতূহলী॥
অবৈত শ্রীবাস আদি যতেক প্রধান।
পঢ়িয়া পুরুষস্কু করায়েন স্নান॥—হৈচ. ভা, ২ামা২১৯

স্নানাভিষেক করার পর অহৈতাদি প্রধান প্রধান পার্ষদগণ---

দশাক্ষর গোপাল মন্ত্রের বিধিমতে। পূজা করি সভে স্থব লাগিলা পঢ়িতে॥—চৈ. ভা., ২।১।২২০

কবিকর্ণপুর প্রীচৈতস্তচরিতামৃত মহাকাব্যে (এ০৮-১২৫) অভিষেকের বর্ণনা করিয়াছেন। কবি এথানে বলিয়াছেন যে প্রভুর ভাবাবেশ একাদশ প্রহর গোড়ীয় বৈষ্ণব-ধর্মের আদিযুগ-সম্বন্ধে বিবিধ তথ্য ৫৫৭
As per Kabikarnapur Bishwambhar had planted his feet on the head of his mother Sachidevi

ten the Mahaprakashabhishek ধ্রিয়া ছিল (৫।১১৪)। কবিকর্ণপূর একটি নৃতন সংবাদ দিয়াছেন। তিনি বলেন ষে বিশ্বস্তব শচীদেবীকে কুপা করিয়া তাঁহার মন্তকে পাদ অপুণ করিয়াছিলেন (৫।৮৮); এবং শচী ক্বপা পাইয়া আনন্দে নৃত্য করিয়াছিলেন। প্রীচৈতগ্রচন্দ্রে নাটকে বর্ণিত হইয়াছে যে ভাবাবেশ অষ্টাদশ প্রহর কাল বর্ত্তমান ছিল (১।৬৩, বহরমপুর সং )।

অভিষেক-কালে শচীদেবীর উপস্থিতির কথা "গোবিন্দমাধব বাস্থ" ভণিতা-যুক্ত একটি পদে পাওয়া যায়; যথা—

> তামূল ভক্ষণ করি বসিলা আসনে। শচীদেবী আইলেন মালিনীর সনে॥ পঞ্প্রদীপ জালি তেঁহ আরতি করিলা। নীরজেন করি শিরে ধানদূর্কা দিলা॥

গোবিন্দ ঘোষের পদে দেখা যায়---

সচন্দন তুলসীপত্র গোরার চরণে দিয়া আচার্য্য রুফায় নম: বলে। —গৌরপদতরঙ্গিনী, পু. ১৫০, ২য় সং

চরিতগ্রন্থসমূহ ও সমসাময়িকদের লিথিত পদ হইতে জানা যায় ফে অভিষেকের দিন নিম্নলিথিত ভক্তগণ উপস্থিত ছিলেন—অধৈত, নিত্যানন, হরিদাস, গদাধর, শ্রীবাস, শ্রীরাম, শ্রীপতি, শ্রীনিধি, গোবিন্দ ঘোষ, মাধব ঘোষ, वाञ्च घाष, नदर्दि मदकाद, मुकुन, जगनीन, नादाय्रवश्रु, भाविन्तानन, বক্রেশ্বর, এধির, মুরারি গুপ্ত, শচীদেবী, মালিনী, নারায়ণী, তৃংখী। কবিকর্ণপূর মহাকাব্যে (৬।৭৯) বলিয়াছেন যে উক্ত চারজন নারী ব্যতীত আরও বিপ্রপত্নীরা উপস্থিত ছিলেন। উক্ত ভক্তগণের মধ্যে অনেকেই বিশ্বস্তুরের বয়োজ্যেষ্ঠ ও ভক্তি-শাস্ত্রে পণ্ডিত। ইহারা প্রত্যেকে সে দিন বিশ্বস্তরকে শ্রীকৃষ্ণ বলিয়া শুধু যে স্বীকার করিলেন তাহা নহে, পুরুষস্ক্ত পড়িয়া তাঁহাকে অভিষিক্ত করিলেন ও দশাক্ষর গোপাল-মন্ত্রে পূজা করিলেন। ইহা প্রত্যক্ষদশী শাক্ষীর রচনা হইতে পাওয়া যাইতেছে। বিশ্বস্তরের বয়স তথন ২৩।২৪। এইরূপ একজন তরুণ যুবককে যে প্রবীণ পণ্ডিতগণ, এমন কি বিশ্বস্তারের মাতৃদেবী, স্বয়ং ভগবান্ বলিয়া পূজা করিলেন ইহাই ঐীচৈতত্তের ভগবতার শ্রেষ্ঠ প্রমাণ। তথাকথিত শাস্ত্রীয় শ্লোকের ভবিয়ুৎ অবতার-বর্ণনা কত দূর

প্রামাণ্য বলিতে পারি না, তবে বিদ্বজ্জন-অন্নভূতিই যে আধুনিক জনের নিকট শ্রেষ্ঠ প্রমাণ বলিয়া স্বীকৃত, এ কথা স্থনিশ্চিত। অভিষেকের দিন হইতে নবদ্বীপে সমবেত অন্তরক ভক্তগোষ্ঠী বিশ্বস্তরকে স্বয়ং ভগবান্ বলিয়া পূজা করিতে লাগিলেন। সর্বাসাধারণের সমক্ষে তথনও তাঁহার ভগবতা ঘোষিত

After the event of Mahaprakashabhisek the inner circle devotees worshipped Bishwambhar as God. His Godhood was not declared to the general public at that time.

Declaration of Godhood of Sri Chaitanya to general population

# (ঘ) সর্ববসাধারণের নিকট ঐতিচতত্যের ঈশ্বরত্ব-ঘোষণা

অভিষেকের কয়েক মাস পরেই বিশ্বস্তর মিশ্র কেশব ভারতীর নিকট সন্ন্যাস গ্রহণ করিয়া 'শ্রীক্লফচৈতন্ত' নামে পরিচিত হইলেন। বাল্যকাল হইতে তাঁহার ঈশ্বর-ভাবের আবেশ প্রকাশ হইত, কিন্তু সন্ন্যাস-গ্রহণের পর আর তাঁহার উক্তরূপ আবেশের কোন বিবরণ পাওয়া যায় না। সন্ন্যাস-গ্রহণের পর তিনি অধিকাংশ সময়েই শ্রীক্লফ-বিরহে আকুল হইয়া থাকিতেন। কচিৎ কদাচিৎ কোন ভাগ্যবান্ ভক্ত তাঁহার চতু ভুজ বা ষড়ভুজমূর্ত্তি দেখিতে পাইতেন বলিয়া প্রকাশ। কোন ভক্ত তাঁহাকে ভগবান্ বলিলে তিনি লক্ষিত ও বিরক্ত হইতেন; যথা—

নিরবধি দাস্ত ভাবে প্রভুর বিহার।
মৃত্রি কৃষ্ণদাস বই না বোলয়ে আর ॥
হেন কার শক্তি নাহি সম্মুখে তাহানে।
ঈশ্বর করিয়া বলিবেক দাস বিনে ॥—৩১০।৫০৬

As per Murari Gupta Advaita prabhu had sung glorifying Sri Chaitanya as God at time of Car festival

শ্রারি গুপ্তের কড়চা হইতে জানা যায় যে অদ্বৈত প্রভু পুরীতে রথষাতার সময় ভক্তগণদঙ্গে শ্রীকৃষ্ণ চৈতন্ত-সংকীর্ত্তন করিয়াছিলেন (৪।১০।১৬-২০)। এই ঘটনা বৃন্দাবনদাস বিস্তৃতভাবে বর্ণনা করিয়াছেন (৩।১০।৫০৪-০৭)। অদ্বৈত প্রভু একদিন সকল ভক্তকে বলিলেন—

শুন ভাই সব এক কর সমবায়।
মৃথ ভরি গাই আজি শ্রীচৈততা রায়॥
আজি আর কোন অবতার গাওয়া নাঞি।
সর্ব্ব অবতার মম চৈততা গোদাঞি॥

কীর্ত্তনের ধ্বনি শুনিয়া শ্রীচৈতক্ত স্বয়ং আদিয়া উপস্থিত হইলেন। শ্রীচৈতক্তকে কেহ ঈশ্বর বলিলে তিনি বিরক্ত হয়েন জানিয়াও—

সাক্ষাতে গান সভে চৈত্ত বিজয়।

প্রভূ ইহা শুনিয়া লক্ষিত হইয়া চলিয়া গেলেন। কীর্ত্তনাম্ভে ভক্তগণ যথন শ্রীচৈতগ্যকে দর্শন করিতে আদিলেন, তথন প্রভূ বলিলেন—

অয়ে অয়ে শ্রীনিবাস পণ্ডিত উদার।
আজি তুমি সব কি করিলা অবতার॥
ছাড়িয়া ক্বফের নাম ক্বফের কীর্ত্তন।
কি গাইলা আমারে ত বুঝাহ এখন॥

ভক্তগণ কহিলেন, "প্রভূ! হাত দিয়া কি স্থ্য ঢাকা যায় ? তুমি স্বপ্রকাশ, কিরপে লুকাইয়া থাকিবে ?" তাঁহারা এইরপ কথাবার্তা বলিতেছেন এমন সময়—

সহস্র সহস্র জন—না জানি কোথায়।
জগন্নাথ দেখি আইল প্রভু দেখিবার॥
কেহো বা ত্রিপুরা কেহো চাটীগ্রামবাদী।
শ্রীহটীয়া লোক কেহো কেহো বঙ্গদেশী॥
সহস্র সহস্র লোক করেন কীর্ত্তন।
শ্রীচৈতন্য অবতার করিয়া বর্ণন॥
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য বনমালী।
জয় জয় নিজভক্ত রস কুতৃহলী॥

কবিকর্ণপূর ঐতিচতম্য চরিতামৃত মহাকাব্যে লিথিয়াছেন যে গৌড়ীয় ভক্তগণ পুরীতে আসিবার সময় ঐতিচতম-কীর্ত্তন করিয়াছিলেন।

> অথ তে শ্রীলগৌরাঙ্গচরণ-প্রেম-বিহ্বলা:। তক্তৈব গুণানামাদি কীর্ত্তয়স্তো মৃদং যযু:॥

উল্লিখিত বর্ণনাত্রয় পড়িয়া মনে হয় কোন এক বৎসর অদ্বৈত রথষাত্রার সময় শ্রীচৈতন্তের সর্বেশ্বরত্ব সর্ববিধারণের মধ্যে কীর্ত্তন করিয়া ঘোষণা করিয়া-ছিলেন। পুরীতে রথষাত্রার সময় ভারতবর্ষের বিভিন্ন প্রাদেশের অসংখ্য ভক্তের সমাবেশ হয়। সেই সময় শ্রীচৈতগ্য-কীর্ত্তন করার অর্থই হইভেছে জনসাধারণের মধ্যে শ্রীচৈতগ্যের ভগবস্তা-ঘোষণা।

জনসাধারণের মধ্যে এটিচতত্ত্বের ভগবত্তা-ঘোষণায় যাঁহারা নেতৃত্ব করিয়া-ছিলেন, তাঁহাদের নাম ম্রারি গুপ্ত ও বৃন্দাবনদাস লিখিয়াছেন। ঐ প্রসঙ্গ বর্ণনার পূর্বেষে যে-সকল ভক্ত গোড় হইতে পুরীতে যাইতেছেন তাঁহারা এবং পুরীর যে-সকল ভক্ত তাঁহাদিগের সহিত মিলিত হইলেন বলিয়া মুরারি ও বুন্দাবনদাদ লিথিয়াছেন, তাঁহার৷ ঐ দিন নেতৃত্ব করিয়াছিলেন বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে। মুরারির মতে গৌড়ীয় ভক্তদের মধ্যে (১) অবৈত (২-৫) শ্রীবাদাদি চারভাই (৬) চন্দ্রশেখর (৭) পুগুরীক বিস্থানিধি (৮) গঙ্গাদাস পণ্ডিত (১) বক্রেশ্বর (১০) প্রাত্তাম ব্রহ্মচারী (১১) হরিদাস ঠাকুর (১২) विक হরিদাস (১৩) বাহ্নদেব দত্ত (১৪) মুকুন্দ দত্ত (১৫) শিবানন্দ দেন (১৬) গোবিন্দ ঘোষ (১৭) বিজয় লেখক (১৮) সদাশিব পণ্ডিভ (১৯) পুরুষোত্তম সঞ্জয় (২০) শ্রীমান্ পণ্ডিত (২১) নন্দন আচার্য্য (২২) শুরুষের ব্রহ্মচারী (২৩) শ্রীধর (২৪) গোপীনাথ পণ্ডিত (২৫) শ্রীগর্ভ পণ্ডিত (২৬) বনমালী পণ্ডিত (২৭) জগদীশ (২৮) হিরণ্য (২৯) বৃদ্ধিমস্ত খান (৩০) পুরন্দর আচার্য্য (৩১) রাঘব পণ্ডিত (৩২) মুরারি গুপ্ত (৩৩) গোপীনাথ সিংহ (৩৪) গরুড় পণ্ডিত (৩৫) নারায়ণ পণ্ডিত (৩৬) দামোদর পণ্ডিত (৩৭) রগুনন্দন (৩৮) মুকুন্দ (৩২) নরহরি (৪০) চিরঞ্জীব (৪১) স্থলোচন (৪২) রামানন্দ বস্থ (৪৩) সত্যরাজ থান। ইহাদের সহিত মিলিত হইয়াছিলেন পুরীবাসী (৪৪) নিত্যানন্দ (৪৫) গদাধর (৪৬) প্রমানন্দ পুরী (৪৭) দার্কভৌম ভট্টাচার্য্য (৪৮) জগদানন্দ পণ্ডিত (৪৯) কাশী মিশ্র (৫০) স্বরূপ দামোদর (৫১) শহর পণ্ডিত (৫২) কাশীখর গোস্বামী (৫৩) ভগবানাচার্য্য (৫৪) প্রত্যন্ত্র মিশ্র (৫৫) প্রমানন্দ পাত্র (৫৬) রামানন্দ রায় (৫৭) গোবিন্দ দ্বারপাল (৫৮) ব্রহ্মানন্দ ভারতী (৫৯) রূপ (৬০) স্নাত্ন (৬১) রঘুনাথদাস (৬২) রঘুনাথ বৈজ (৬৩) অচ্যতানন (৬৪) নারায়ণ (৬৫) শিখি মাইতি (৬৬) বাণীনাথ (মৃ., ৪।১৭)।

বৃন্দাবনদাস উল্লিখিত ভক্তদের মধ্যে অনেকের নাম লিখিয়াছেন (৩।৯)। তৃইটি তালিকায় আশ্চর্য্য রকম মিল আছে। ম্রারির কড়চায় ম্রারির নাম লেখা হইয়াছে—

চৈতন্তভাগবতে—"বৈছাসিংহ চলিলা মুরারি।" মুরারি গুপু কি নিজেকে বৈছাসিংহ বলিবেন ?

সন্দেহ হয় যে পরবর্ত্তী কালে শ্রীচৈতক্সভাগবত দেখিয়া কেহ সংস্কৃতে ঐ তালিকাটি লিখিয়া মুরারির কড়চায় জুড়িয়া দিয়াছেন। ভক্তিরত্নাকরে মুরারির কড়চায় চতুর্থ প্রক্রমের দশম দর্গ পর্যান্ত বর্ণনা স্থানে স্থানে উদ্ধৃত হইয়াছে (মুরারি, ৪।১০।১ শ্লোক, ভক্তিরত্বাকর, ২৫৯ পৃষ্ঠায় ধৃত )। চতুর্থ প্রক্রমের দশম দর্গের পর ১৬টি দর্গ অক্বত্রিম কি না তাহা জানা যায় না।

যাহা হউক, বৃন্দাবনদাদের তালিকাও অপ্রামাণিক নহে। উক্ত ভক্তগণের মধ্যে বহু কবি, গ্রন্থকার, ভক্ত ও স্থা ব্যক্তি ছিলেন। তাঁহারা সকলে মিলিয়া শ্রীচৈতন্তকে ঈশ্বর বলিয়া ঘোষণা করিলেন। এই সময় হইতে শ্রীচৈতন্ত সঙ্কীর্তন প্রবৃত্তিত হইল।

অটাদশ শতাব্দীতে নরহরি চক্রবর্ত্তী যথন ভক্তিরত্নাকর লেখেন, তথন ভক্তগণের ধারণা জন্মিয়াছে যে শ্রীচৈতন্তের জন্মের পূর্ব্ব হইতেই তাঁহার ভগবত্তার কথা তাঁহার পরিকরদের নিকট স্থবিদিত ছিল। তাই ভক্তিরত্নাকরে (দাদশ তরঙ্গ) আছে যে নবদীপ-লীলার সময়েই শ্রীবাসগৃহে শ্রীকৃষ্ণচৈতন্ত্র-সম্বীর্ত্তন হইয়াছিল; যথা—

নিত্যানন্দাদ্বৈত দোঁহে সঙ্কীর্ত্তন রকে। বিলাসয়ে শ্রীবাসম্বারি আদি সঙ্গে॥ একদিন শ্রীবাস অঙ্গনে সর্ব্ব জন। আরম্ভিলা শ্রীক্ষণ্টেততা-সঙ্কীর্ত্তন॥

নবদীপ-লীলার সময় শ্রীরুফ্চৈতন্ত-সন্ধীর্ত্তন হওয়া অসম্ভব, কেন-না তথনও বিশ্বস্তবে মিশ্রের নাম শ্রীরুফ্চৈতন্ত হয় নাই। যদি গৌরাঙ্গ, নিমাই বা বিশ্বস্তবের নাম লইয়াও কোন কীর্ত্তন হইত তাহা হইলে ম্রারি গুপু, বাস্থ ঘোষ প্রভৃতি সমসাময়িক লেখক তাহার উল্লেখ করিতেন। আর ঐরূপ ঘটনা নবদীপেই অমুষ্ঠিত হইলে বুন্দাবনদাস নীলাচলে শ্রীচৈতন্ত-কীর্ত্তনের কথা ওরপভাবে বর্ণনা করিতেন না। অতএব সিদ্ধান্ত করা ঘাইতেছে যে অহৈতই পুরীতে সর্বজনসমকে শ্রীচৈতন্তের ভগবতা ঘোষণা করেন। সেইজ্লুই হয়ত অহৈতের আহ্বানে শ্বয়ং ভগবান্ শ্রীচৈতন্তর্রেপ অবতীর্ণ হইয়াছিলেন, এই ধারণা লোকের মনে জন্মিয়াছিল।

শ্রীচৈতন্ত নিত্যানন্দকে গোড়দেশে প্রেমধর্ম প্রচার করিবার জন্ত প্রেরণ করেন। নিত্যানন্দ প্রভু প্রেমধর্ম-প্রচারের সঙ্গে সঙ্গে শ্রীচৈতন্তের ভগবন্তা প্রচার করিয়াছিলেন; যথা—

চৈতত্ত্ব সেব, চৈতত্ত্ব গাও, লও চৈতত্ত্ব নাম।
চৈতত্ত্বে যে ভক্তি করে, সেই মোর প্রাণ॥
এইমত লোকে চৈতত্ত্বভক্তি লওয়াইল।
দীন হীন নিন্দকাদি সভারে নিস্তারিল॥

— कि. **ह., २**।ऽ।२८-२८

শ্রীচৈতগ্যকে যে তাঁহার সমসাময়িকগণ কিরপে ভগবান্ বলিয়া স্বীকার করিয়াছিলেন ও তাঁহার ভগবতা প্রচার করিয়াছিলেন তাহার বিবরণ সমসাময়িকদের রচনা হইতে উদ্ধৃত করিলাম। এত প্রমাণ সত্ত্বেও যদি কেহ বলেন যে শ্রীচৈতগ্য তাঁহার সমসাময়িকগণ-কর্ত্ব ভগবান্ বলিয়া পূজিত হয়েন নাই তাহা হইলে তাঁহার উক্তি অজ্ঞতাপ্রস্ত বলিতে হইবে।

# Installation and worship of Sri Chaitanya's image ত্রীচৈতত্যের বিগ্রহ-স্থাপনা ও অর্চনা

শ্রীচৈতন্তের জীবনকালেই কোন কোন ভক্ত তাঁহার মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পূজা করিতে আরম্ভ করিয়াছিলেন। মুরারি গুপ্তের মুদ্রিত কড়চার চতুর্থ প্রক্রমের চতুর্দ্দশ সর্গ যদি অক্ববিম হয়, তাহা হইলে বলিতে হইবে যে

বিষ্ণুপ্রিয়া দেবীই সর্বপ্রথমে এটিচতত্তের মৃতি প্রতিষ্ঠা করেন; যথা—
If the writings about image worship in Murari Gupta's karcha (4/14/8)is authentic, then
Vishnupriyadevi had started it.

প্রকাশরপেণ নিজপ্রিয়ায়াঃ

সমীপমাসাভ নিজং হি মৃর্ত্তিম্। বিধায় তস্তাং স্থিত এষ ক্লফঃ সা লক্ষ্মীরূপা চ নিষেবতে প্রভূম্॥—মৃ., ৪।১৪।৮

এই মৃর্জি-স্থাপনের প্রায় সমকালেই গৌরীদাস পণ্ডিত গৌর-নিতাই মৃর্জি প্রতিষ্ঠা করেন (মৃ., ৪।১৪।১২-১৪)।

চৈতক্তের পিতামহ উপেন্দ্র মিশ্রের বংশধরগণ শ্রীহট্টের ঢাকা দক্ষিণে যে শ্রীচৈতন্ত-বিগ্রহ পূজা করেন, ঐ বিগ্রহ শ্রীচৈতন্তের সন্ন্যাস-গ্রহণের বংসরেই স্থাপিত বলিয়া প্রবাদ। প্রত্যায় মিশ্র নামধেয় কোন ব্যক্তির রচিত "শ্রীকৃষ্ণ চৈত্র গোদ মাবলী"-নামক সংস্কৃত গ্রন্থে ও তাহার অমুবাদ "মনঃসম্খোষিণী" প্রভৃতি গ্রন্থে আছে যে শ্রীচৈতন্ত সন্মাস-গ্রহণের পর শান্তিপুর হইতে সোজা শ্রিহট্টে চলিয়া যান। তথায় যাইয়া পিতামহের বংশধরদের প্রতিপালন করিবার জন্ত নিজের মূর্ত্তি স্থাপন করান। এই উক্তি বিশ্বাস্থা নহে, কেন-না সমস্ত সমসাময়িক লেখকের মতে শ্রীচৈতন্ত শান্তিপুর হইতে বরাবর নীলাচলে গিয়াছিলেন। "শ্রীকৃষ্ণ চৈত্যোদ মাবলী" গ্রন্থ যে জাল তাহা আমি "ব্রন্ধবিত্যা" প্রিকায় ১৩৪৩ সালের বৈশাখসংখ্যায় সপ্রমাণ করিয়াছি।

ভক্তিরত্নাকর পাঠ করিয়া আর তিনটি স্থানে শ্রীগোরাঙ্গ-বিগ্রহ-প্রতিষ্ঠার বিবরণ পাওয়া যায়। কাশীখর পণ্ডিত বৃন্দাবনে গোবিন্দের পার্থে শ্রীগোরাঙ্গ মৃঠি স্থাপন করেন।

কাশীশ্ব অন্তর বৃঝিয়া গৌরহরি।

দিল নিজ স্বরূপ বিগ্রহ যত্ন করি॥
প্রভু সে বিগ্রহ সহ অলাদি ভূঞ্জিল।
দেখি কাশীশ্বরের পরমানন্দ হৈল॥
শ্রীগৌর গোবিন্দ নাম প্রভু জানাইলা।
তাঁরে লইয়া কাশীশ্বর বৃন্দাবনে আইলা॥—পৃ. ১১

নরহরি সরকার ঠাকুর শ্রীগোরাক্ষের মূর্ত্তি স্থাপন করিয়াছিলেন। রঘুনন্দন শ্রীথণ্ডে নরোত্তম ঠাকুরকে ঐ মূর্ত্তি দর্শন করান; যথা—

তেঁহো মহাপ্রভুর অঙ্গনে লইয়া গেলা।
ভূবনমোহন গৌরচন্দ্রের দর্শনে।
প্রেমাবেশে নরোক্তম প্রণমে প্রাঙ্গণে।—পৃ. ৫৫৫

নরোত্তম ঠাকুর গদাধর দাস-স্থাপিত গৌরাঙ্কম্র্তি কাটোয়ায় দর্শন ক্রিয়াছিলেন।

> দাস গদাধরের জীবন গোরাচান্দে। নির্থিয়া নরোত্তম ধৈর্য্য নাহি বান্ধে।—পৃ. ৫৫৬

নরহরি সরকার ঠাকুর ও গদাধর দাস শ্রীচৈতত্যের জীবনকালে মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন কি না জানা যায় না। প্রবাদ যে মুরারি গুপ্ত শ্রীচৈতত্যের একটি বিগ্রহ সেবা করিতেন। ঐ বিগ্রহের পাদপীঠে মুরারির নাম কোদিত আছে। ঐ মূর্ত্তি বীরভূমে আবিষ্কৃত হয়েন এবং একণে বৃন্দাবনে সেবিত হইতেছেন।

শ্রীচৈতন্তের তিরোভাবের অনেক বংসর পরে নরোত্তম ঠাকুর মহাশয় থেতরীতে বিষ্ণুপ্রিয়া-সহ শ্রীগোরাক্স্রি স্থাপন করেন; যথা—

শ্রীকৃষ্ণবিগ্রহ পঞ্চ কৈলা প্রিয়া সহ।
প্রাপ্ত হৈল প্রিয়া সহ শ্রীগৌর বিগ্রহ॥

—ভক্তিরত্বাকর, দশম তরঙ্গ, পু. ৬২২

Sri Chaitanya and tradition of Kirtan

## শ্রীচৈত্ত ও কীর্ত্তন-গান

দক্ষিণাপথের আলবার ভক্তগণ কীর্ত্তন-গান করিতেন বলিয়া-জানা যায়।
শ্রীমদ্ভাগবতে সমীর্ত্তনের কথা আছে। হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় "বৌদ্ধ গান
ও দোহা"র ভূমিকায় দেখাইয়াছেন যে পরবৃত্তী বৌদ্ধগণের মধ্যে কীর্ত্তন-গান
প্রচলিত ছিল। কীর্ত্তন-গান শ্রীচৈতন্তের বহু পূর্ব হইতে প্রচলিত থাকিলেও
বৃন্দাবনদাস শ্রীচৈতন্ত্র-নিত্যানন্দকে "সমীর্ত্তনৈক পিতরোঁ" বলিয়াছেন।

শ্রীরূপ গোস্বামী কীর্ত্তনের সংজ্ঞায় লিথিয়াছেন—
নামলীলাগুণাদীনাম্চৈর্ভাষাতু কীর্ত্তনম্।
—ভক্তিরসামৃতদিম্নু, পূর্ব্তলহরী, ৬৩

শ্রীজীব গোস্বামী ক্রমসন্দর্ভ-টীকায় বলিয়াছেন—
বহুভিমিলিত্বা তদগানস্থাং শ্রীকৃষ্ণকীর্ত্তনমিতি।

শীরূপ কীর্ত্তনকে তিন ভাগে বিভক্ত করিয়াছেন; যথা—নামকীর্ত্তন, লীলা-কীর্ত্তন ও গুণকীর্ত্তন। শ্রীচৈততা ভক্তগণের দক্ষে এই তিন প্রকার কীর্ত্তনই করিতেন। তিনি "হরয়ে নমঃ রুফ যাদবায় নমঃ" প্রভৃতি বলিয়া নাম কীর্ত্তন করিতেন। তিনি "হরে রুফ হরে রুফ" প্রভৃতি বত্তিশ-অক্ষর মহামন্ত্র কীর্ত্তন করিয়াছেন বলিয়া কোথাও স্পষ্টতঃ বর্ণিত হয় নাই। সেইজ্বতা এক দল ভক্ত

- ১ নামকীর্ত্তনের বিভিন্ন প্রকার-সম্বন্ধে নিয়লিথিত স্থান উপ্রত্য :কৈতক্তভাগবত—২।২৩।৩২২-২৮, ২।১।১৫৬, ২।৮।২১৬
  মুরারির কড়চা—৩।২।৫, ৩।৩।৫, ৩।৫।৬, ৩।৮।১৮
- চৈতক্যচক্রোদয় নাটক—সপ্তমাক।

বলেন যে একপ নামকীর্ত্তন করা অশাস্ত্রীয়। কিছু নিয়লিখিত কারণবশতঃ তাঁহাদের উক্তি অযৌক্তিক মনে হয়। (ক) শ্রীরূপ গোস্থামী বন্ধাও পুরাণ হইতে বহু শ্লোক উদ্ধার করিয়াছেন। তাহাতে স্পষ্টতঃ হরিনাম উচ্চৈঃস্বরে সংখ্যা না করিয়া কীর্ত্তনের ব্যবস্থা আছে (ব্রহ্মাণ্ডপুরাণ, উত্তর খণ্ড, ষষ্ঠ অধ্যায়, ৫৪-৬০ শ্লোক, নন্দকুমার করিরত্ব সংস্করণ)। (খ) শ্রীরূপ লঘু-ভাগবতামৃতের মঙ্গলাচরণে লিখিয়াছেন

শ্রীচৈতন্তুম্থোদ্যীর্ণা হরেক্কফেতিবর্ণকাঃ। মজ্জয়ন্তো জগৎপ্রেমি বিজয়ন্তাং তদাহ্বয়াঃ॥

এখানে শ্রীচৈতন্তের মুখোল্টার্ণ হরিনামে জগৎ প্রেমে নিমজ্জিত হইয়াছিল বলা হইয়াছে। তাহা হইলে বুঝা যায় যে প্রভু সংখ্যা না করিয়াও উচ্চৈঃস্বরে হরেক্লফ নাম কীর্ত্তন করিতেন। সংখ্যা করিয়া নাম করায় বিধি-পালন ও অবশ্যকর্ত্তব্যতা বুঝায়, কিন্তু সংখ্যা ভিন্ন কীর্ত্তন করায় নিষেধ বুঝায় না। হরেক্বফ নাম কেবল মাত্র জপ্য যাঁহারা বলেন, তাঁহারাও এ কথা বলেন না যে ইহা গোপ্য। তাহা হইলে দশে মিলিয়া মহামন্ত্ৰ কীৰ্ত্তন করায় দোষ কি ? (গ) হরেক্নঞ্চ নামের অষ্টপ্রহর কীর্ত্তন বছকাল হইতে প্রচলিত আছে। গোপাল ভট্ট গোস্বামীর ও লোকনাথ গোস্বামীর তিরোভাব-উপলক্ষে বুন্দাবনে হরেক্লফ নামের অষ্টপ্রহর কীর্ত্তন হইয়া থাকে এ কথা রাধার্মণ মন্দিরের ও রাধাবিনোদের মন্দিরের বর্ত্তমান দেবাইতেরা স্বীকার করিয়াছেন ( ভূবনেশ্বর সাধু-কৃত "হরিনাম-মঙ্গল গ্রন্থ", পৃ. ৫২ )। (ঘ) বাঙ্গালা দেশের সর্বত্ত মৃত্যুকালে হরেক্বঞ্চ নাম শোনানো হয়। সে সময় কেহই সংখ্যা রাখেন না, আত্মীয়-স্বজনে মিলিয়া মুমৃষুরি কাণে হরেক্লঞ্ড নাম শোনাইয়া থাকেন। "সম্বীর্ত্তন-রীতিচিস্তামণি"র আধুনিক লেখক বলেন যে হরেক্বঞ্চ নাম কীর্ত্তন করিলে "প্রভূশিক্ষার বিপরীত আচরণে প্রভূ-আজ্ঞাচ্ছেদন-ফলে বৈঞ্চবত্বনাশ স্চিত হইয়াছে। স্থতবাং তাদৃশ ত্র্বিপাকে আচাবভ্রষ্ট, মতিনষ্ট দশা কিছুই আশ্চর্যা নহে" (পরিশিষ্ট, পু. ৩)। হরেক্বফ্ট নাম প্রচার করিতেই শ্রীচৈতক্তের আবির্ভাব, সেই নাম কীর্ত্তন করিলে বৈষ্ণবত্ব নষ্ট হইবে কেন তাহা আমাদের সাধারণ বৃদ্ধির অগোচর।

শ্রীচৈতক্ত প্রথমে যে গুণ-কীর্ত্তন করিয়াছিলেন, তাহা বৃন্দাবনদাস শামাদিগকে উপহার দিয়াছেন— তুয়া চরণে মন লাগহঁ রে।
সারক্ধর তুয়া চরণে মন লাগহঁ রে॥
চৈতভাচন্দ্রের এই আদি সমীর্ত্তন।
ভক্তগণ গায় নাচে শ্রীশচীনন্দন॥—চৈ. ভা., ২।২৩।২৩৯-৪০

তাঁহার আর্ত্তি ও আনন্দস্যচক কীর্ত্তনের কথা শ্রীচৈতগ্যচরিতামৃতে (২।১৩।১৮-১৯, ৩।১০।৬৫,২।৩। ১১) বর্ণিত হইয়াছে। উক্ত গ্রন্থে প্রভূব দীলা-কীর্ত্তন করার বর্ণনাও আছে; যথা—

চণ্ডীদাস বিভাপতি রায়ের নাটক গীতি
কর্ণামৃত শ্রীগীতগোবিন্দ।
স্বরূপ রামানন্দ সনে মহাপ্রভু রাত্রি দিনে
গায় শুনে পরম আনন্দ॥ —২।২

পরবর্ত্তী কালে নরোত্তম ঠাকুর মহাশয় কীর্ত্তন-গানে নৃতন হ্বর-সংযোজনা করিয়া উহা জনপ্রিয় করেন ( "ভারতবর্ষ", ১৩৩৩ ভান্ত, অধ্যাপক থগেন্দ্রনাথ মিত্রের "রদকীর্ত্তন"-নামক প্রবন্ধ দ্রন্তব্য )।

# Devotees of Sri Chaitanya

"শ্রীচৈতক্যচরিতামৃতের" আদিলীলার নবম পরিচ্ছেদে মাধবেন্দ্র পুরী ও তাঁহার ১০জন শিয়ের নাম; দশম পরিচ্ছেদে শ্রীচৈতক্য-শাধায় ১৫৫জনের নাম; একাদশ পরিচ্ছেদে নিত্যানন্দ-শাধায় (শ্রীচৈতক্য-শাধায় যাঁহাদের নাম আছে তাঁহাদিগকে বাদ দিয়া) ৭১জনের নাম এবং ঘাদশ পরিচ্ছেদে অবৈত-শাধায় ৪০জন ও গদাধর-শাধায় ৩০জনের—একুনে ৩১০জন ভক্তকে শ্রীচৈতক্যের সমসাময়িক বলিয়া বর্ণনা করা হইয়াছে। এই তালিকা নির্ভূল ও সম্পূর্ণ নহে। বৃন্দাবনদাসের "শ্রীচৈতক্যতাগবতে" (৩।৭) নিত্যানন্দ-ভক্ত বলিয়া ৩৮জন ভক্তের নাম উল্লেখ করা হইয়াছে। যত্নাথদাসের "শাখানির্ণয়ামৃতে" গদাধ্যের শিক্তর্মণে ৫৭জন ভক্তের নাম ও রামগোপালদাসের নরহরি সরকার ও রঘুনন্দনের শিক্ত শাখা-বর্ণনে" ৩২জনের নাম পাওয়া যায়। কবিকর্ণপূর ১৫৭৬ খ্রীষ্টাব্দে "গৌরগণোন্দেশদীপিকা"য় ২১৭জন ভক্তের নাম করিয়াছেন। সব মিলাইয়া একুনে শ্রীচৈতক্যের সমসাময়িক পরিকরের সংখ্যা হইয়াছে ৪৯০। এতছাতীত জয়ানন্দ ২৭জন এমন স্বীলোক ভক্তের নাম করিয়াছেন যাহাদের

কোন পরিচয় পাই নাই। উক্ত ৪>০জন ভক্তের মধ্যে অবশ্য শ্রীচৈতক্সের পরিবারভুক্ত ব্যক্তি ও গুরুবর্গের নামও আছে।

Cast of Devotees

#### ভক্তদের জাতি

অনেকের ধারণা আছে যে ঐচিতত্তের ধর্ম ষোড়শ শতাদীতে নিম্নতর জাতির মধ্যে গৃহীত হইয়াছিল; ব্রাহ্মণাদি জাতি উহা গ্রহণ করেন নাই। কিন্তু আমি পরিশিষ্টে ভক্তদের জাতি, বাসস্থান প্রভৃতির যে পরিচয় দিয়াছি তাহা হইতে নিম্নলিখিত বিবরণ পাওয়া যায়:—

ব্ৰাহ্মণ	२७३
কায়স্থ	२२
বৈছ	৩৭
<b>স্থ ব</b> ৰ্ণবণিক্	۵
ভূঁইমালি	>
স্ত্রধর	2
কর্ম্মক†র	2
মোদক	2
হাজরা উপাধি ( জাতি অজ্ঞাত )	2
মুসলমান	2
জাতি অজ্ঞাত	36
<b>म</b> शामी	<b>@8</b>
পাশি	2
র <b>াজপুত</b>	2
বান্ধণেতর উড়িয়া	२७
·	820

ইহা-দারা স্পষ্ট ব্ঝা ষাইবে যে ষোড়শ শতান্দীতে ঐচিতত্তের প্রেমধর্ম উচ্চবর্ণ-কর্ত্ব গৃহীত হইয়াছিল। ঐ সম্প্রদায়ের নেতৃত্ব করিয়াছিলেন ব্রাহ্মণ, বৈছা ও কায়স্থ। উক্ত তালিকার মধ্যে ১৬জন স্থীলোক আছেন, তা ছাড়া জয়ানন্দ আরও ২৭জন স্থীলোকের নাম করিয়াছেন।

## Monastic companions Sri Chaitanya

শ্রীচৈতত্যের সম্প্রদায়ের যে বিবরণ চরিতগ্রন্থসমূহে আছে তাহাতে শ্রীচৈতত্যের সহিত সন্ন্যাসীদের ঘনিষ্ঠ সম্বন্ধের পরিচয় পাওয়া যায় না। কিন্তু গৌরগণোদ্দেশদীপিকা ও বৈষ্ণব-বন্দনা প্রভৃতি হইতে ৫৪জন সন্ন্যাসীর নাম পাওয়া যায়। তাঁহারা কোন্ কোন্ সম্প্রদায়ভূক্ত ছিলেন তাহার বিবরণ নিয়ে দেওয়া গেল:—

পুরী	.50
তীৰ্থ	ъ
অরণ্য	ર
গিরি	¢
ভারতী	¢
व्यानन উপाधिधाती	8
<b>শরস্বতী</b>	৩
আশ্ৰম	2
<b>য</b> তি	>
অবধৃত	٠.
অক্সাত	ર
	48

শ্রীচৈতন্ত ঈশ্বর প্রীর নিকট দীক্ষা ও কেশব ভারতীর নিকট সন্ন্যাস লইলেও গিরি, তীর্থ, অরণ্য প্রভৃতি উপাধিধারী সন্মাদিগণ তাঁহার রূপা পাইয়াছিলেন।

Intellectuality and poetic capabilities of the Devotees
ভক্তগণের পাতিত্য ও কবিত্ব

উক্ত ৪৯০জন পরিকরের মধ্যে ৫৮জন লেখক ছিলেন; অর্থাৎ শতকরা ১২জন ভক্ত কবিত্বগুণসম্পন্ন ছিলেন। রূপদক্ষ ও নৃত্যগীতাদি কলাকুশলী ব্যক্তিগণ শ্রীচৈতন্ত মহাপ্রভূ-প্রবর্ত্তিত ধর্মের প্রতি সমধিক আরুট হইয়াছিলেন। উক্ত ৫৮জনের মধ্যে কবিকর্ণপূর, রঘুনাথদাস প্রভৃতি কয়েকজন বাকালা পদ্ম, সংস্কৃত পদ্ম ও গ্রন্থ রচনা করিয়াছিলেন। ইহাদের নাম স্বতন্ত্রভাবে তুই বা তিন বার উল্লেখ করিতেছি—কিন্তু মোট সংখ্যা-গণনার সময় এক বারই ধরিয়াছি। শ্রীজীব, বৃন্দাবনদাস, জয়ানন্দ প্রভৃতি কিঞ্চিৎ পরবর্তী ভক্তগণের নামও তালিকায় ধরি নাই।

22 writers of songs in Padakalpataru

যাঁহাদের পদ পদকলভক্তে ধৃত হইয়াছে এরূপ পদকর্তা ২২জন : ষ্থা— অনস্ত আচার্য্য, অনস্তদাদ, কাতু ঠাকুর, কৃষ্ণদাদ, গোবিন্দ আচার্য্য (ইহার পদ কোন গ্রন্থে ধৃত হয় নাই, কিন্তু গৌরগণোদেশদীপিকায় ইহাকে "গীতপভাদিকারক:" বলা হইয়াছে ), গোবিন্দ ঘোষ, গৌরীদাস, চক্রশেখর, চৈতক্তদাস, নরহরি সরকার, নয়ন মিশ্র, পরমানন গুপ্ত (জয়ানন বলেন ইনি "গৌরাক্বিজয়" গীত লিখিয়াছিলেন), প্রমেশ্বদাস, পুরুষোত্তমদাস, वनतामनाम, वाञ्च रचाय, वः भीवनन, माधवानन रचाय, मूत्राति खन्न, यज्ञननन চক্রবর্ত্তী, রামানন্দ রায়, রামানন্দ বস্থ ও শিবানন্দ দেন। ইহারা ছাড়া গোবিন্দ আচার্যাও গৌরগণোদ্দেশদীপিক। মতে "গীতপভাদিকারক:" ছিলেন।

যাহাদের রচিত প্লোক শ্রীরূপ গোস্বামি-ক্বত পত্যাবলীতে সংগৃহীত হইয়াছে এরপ ১৬জন; যথা-কবিকর্ণপূর, কেশবছত্রী, গোপাল ভটু, চিরঞ্জীব, জগরাথ দেন, ভবানন্দ রায়, রামানন্দ রায়, মনোহর, বাস্থদেব সার্বভৌম, সনাতন, রঘুনাথদাস, রঘুপতি উপাধ্যায়, শ্রীগর্ভ, শ্রীমান্, স্থ্যদাস ও ষ্ঠাদাস।

গ্রন্থক ২৪জন; যথা---

24 writers of books on Sri Chaitanya

গ্রন্থকার	গ্রন্থের নাম	মন্তব্য
১। অচ্যতানন	শ্অসংহিতা	উৎকলদেশের স্প্রসিদ্ধ পঞ্চমথার অক্সতম।
২। কবিকর্ণপূর	শ্রীচৈতন্মচন্দ্রেদর নাটক শ্রীচৈতন্মচরিতামৃত মহাকাব্য গোরগণোদ্দেশদীপিকা অলকার-কৌস্বভ আর্য্যশতক আনন্দর্কাবনচম্প্	শীনিবাস আচার্য্য- শা থা ভূজ কর্ণ পূর কবিরাজ "শুনি তাঁর কাব্য কেহো উহতে নারে স্থির" (ভক্তি- রত্নাকর, পৃ. ৬১৯) অস্থ্য ব্যক্তি।
৩। কবিচন্দ্ৰ	ভাগবতামৃত	

# শ্রীচৈতগুচরিতের উপাদান

	গ্রন্থকার	গ্রন্থের নাম	<b>মন্ত</b> ব্য
813	দানাই খুঁটিয়া	মহাভাবপ্রকাশ	পুথি পাওয়া যায় না। তাঁহার বংশধর দে.র নিকট হই তে আমেরিকার এক জন টুরিস্ট লইয়া গিয়াছেন।
¢ 1 C	গাপাল গুক		ইহার কত বহু শ্লোক ভ ক্তির ত্নাকরে ধৃ ত হ ই য়া ছে, কিন্তু গ্রন্থ পাওয়া যায় না।
<b>%</b> 1 (	<b>গোপাল ভ</b> ট্ট	হরিভক্তিবিলাস কুষ্ণকর্ণামৃতের টীকা	শ্রীজীব ষট্সন্দর্ভের প্রথমে বলিয়াছেন ইনি দর্শন-সম্বন্ধ একথানি বই লিথিয়াছিলেন।
110	গাবিন্দ কর্মকার	কড়চা	ছাপা কড়চা অকৃতিম
<b>७</b> । इ	দগন্নাথ দাস	উড়িয়া ভাগবতের লেখক	न्दर्।
२। द		উড়িয়া ভাষায় তুর্গা- স্কুতি, তুলাভিনা, ভক্তি- রসামৃতসিন্ধু, রামায়ণ প্রভৃতি	
7 · 1 ·	<b>ারমান</b> ক	জ য়ান ন্দ বলেন, "সংক্ষেপে করিলেন তিঁহ গোবিন্দ বিজয়।"	এই গ্রন্থ পাওয়া যায়না।
22 l q	প্ৰবোধান <del>ন্দ</del>	চৈতক্যচন্দ্রামৃত বৃন্দাবনশতক	

	Ţ	
গ্রন্থকার	গ্রন্থের নাম	
১২। রঘুনাথ	কৃষ্ণপ্রেমতর্ন্ধিণী	
ভাগৰতাচাৰ্য্য		
১৩। মাধবাচার্য্য	<u>ब</u> ीकृष्ध्य <b>क्र</b> न	
১৪। ম্রারি গুপ্ত	শ্রীকৃষ্ণ-চৈতন্ত্রচবিতম্	
	( কড়চা )	
১৫। রঘুনাথদাস	মৃক্তাচরিত্র, স্তবাবলী,	
গোসামী	দানকেলি-চিন্তামণি	
১৬। রাঘব	ভক্তিরত্বপ্রকাশ	সম্প্রতি এই গ্রন্থ
গোসামী		শীর্শাবন হইতে
		প্রকাশিত হইয়াছে।
১१। রামানন্দ রায়	জগন্নাথবল্পভ নাটক	
১৮। खीज्रभ	ভক্তিরত্নাকর, পৃ. ৫৬-	
গোস্বামী	৫৭, তালিকা দ্ৰষ্টব্য	
১৯। লোকনাথ	ভাগবতের টীকা	
२०। श्रीमाथ	ভাগবতের টীকা	সম্প্রতি শ্রীরন্দাবন
		হইতে শ্রীপুরীদাসের
		সম্পাদনায় ইহা
		প্রকাশিত হইয়াছে।
২১। স্বাত্ন	ভক্তিরত্বাকর, পৃ. ৫৭,	
	তালিকা দ্ৰষ্টব্য	
২২। সার্বভৌম	সারাবলী, সমাসবাদ	
	প্রভৃতি গ্রায়ের গ্রন্থ	
২৩। স্বরূপ-দামোদর	তত্ত্বিরূপণসূচক	পাওয়া যায় না
	কোন গ্ৰন্থ	
২৪। নরহরি	<b>শ্ৰীকৃষ্ণভদ্দামৃত</b> ম্	
সর <b>কার</b>	•	

এই-সব লেখক ভিন্ন ভগবান্ ক্যায়াচার্য্য, বিক্যানিধি, বিক্যাবাচস্পতি প্রভৃতি পণ্ডিতগণ শ্রীচৈতক্তের ভক্ত হইয়াছিলেন; স্থতরাং শ্রীচৈতক্তের ধর্ম থ্ব বড় বড় পণ্ডিত-কর্ত্বক গৃহীত হইয়াছিল, দেখা যাইতেছে।

Sri Chaitanya's companion's place of living / country / village
পরিকরগণের বাসস্থান বা ত্রীপাট

শ্রীচৈতক্তের পরিকরণণ যে যে স্থানে বাস করিতেন, সে সে স্থান বৈষ্ণবধর্ম-প্রচারের কেন্দ্র হইয়াছিল। এখন ঐ-সব স্থান তীর্থ বলিয়া পরিগণিত। বান্ধালায় নবদ্বীপ, উৎকলে পুরী ও যুক্ত-প্রদেশে বৃন্ধাবন শ্রীচৈতক্তের ধর্মমত-প্রচারের স্কাপ্রধান কেন্দ্র হইয়াছিল।

#### क। वाजानादमन

বে-সমস্ত ভক্তের জন্মহান বা বাসস্থানের বিবরণ পাওয়া গিয়াছে তাহা হইতে জানা যায় যে ঐতিচতন্তের প্রধান প্রধান পরিকরণণ নদীয়া, বর্দ্ধমান, হগলী, ২৪-পরগণা ও যশোহর জেলায় বাস করিয়া প্রেমধর্ম প্রচার করিয়াছিলেন। নবদ্বীপ ও তন্ত্রিকটবর্তী বড়গাছি, দোগাছি, মাউগাছি, কুলিয়া, পাহাড়পুর, চাঁপাহাটি, সালিগ্রাম প্রভৃতি গ্রামে বহু ভক্ত বাস করিতেন। বিহার প্রদেশে জাত কৃষ্ণদাস বোধ হয় ঐতিচতত্ত-নিত্যানন্দের সঙ্গ-লোভে বড়গাছি গ্রামে বাস করিতেছিলেন।

ফুলিয়া প্রাক্-চৈতন্ত-যুগেই যথেষ্ট প্রসিদ্ধিলাভ করিয়াছিল। তথায় শ্রীচৈতন্তের কয়েকজন প্রধান পার্ষদ জন্মগ্রহণ করিয়াছিলেন। জয়ক্বঞ্দাস বলেন—

স্থাীব মিশ্রের জন্ম ফুলিয়া গ্রামেতে।
গোবিন্দ শিবানন্দ পণ্ডিত হো তাথে।
কাশীশ্বর মিশ্র জীব পণ্ডিত হো আব।
তপন আচার্য্যের হয় তথাই প্রচার।

শান্তিপুরে অবৈত বাস করিতেন ও তথায় মুকুন্দ রায়, উদ্ধারণ দত্ত এবং ক্রম্থানন্দ জ্বিয়াছিলেন।

কলিকাতা হইতে ই. বি. আরের রাণাঘাট ও ই. আই. আরের গুপ্তিপাড়া পর্যান্ত গলার ছুই তীরবর্তী স্থানসমূহে বহু ভক্ত বাস করিতেন। গলার এক পারে বরাহনগর, স্থচর, পানিহাটী, এঁড়েদহ, খড়দহ, কাঞ্চনপরী ও কুমারহট এবং অপর পারে আক্না, মাহেশ, তড়া আটপুর, জিরাট ও গুপ্তিপাড়া বৈষ্ণবধর্ম-প্রচারের কেন্দ্র হইয়াছিল।

বৰ্দ্ধমান জেলার কুলীনগ্রাম, কালনা, দাইহাট, কুলাই, কাটোয়া, প্রীথণ্ড ও বেলগাঁ বৈষ্ণবদাহিত্যে অমর হইয়া রহিয়াছে।

একচাকায় নিত্যানন্দ প্রভুর জন্মস্থান হইলেও প্রীচেতন্মের জীবনকালে বীরভূম বৈষ্ণবধর্মের কেন্দ্র হয় নাই। তাঁহার তিরোভাবের কিছুকাল পরে ময়নাডাল, মঙ্গলডিহি, কাঁদড়া প্রভৃতি স্থান কীর্ত্তন ও বৈষ্ণবশাস্ত্র-আলোচনার কেন্দ্র হইয়াছিল। বাঁকুড়া জেলার কোন সমসাময়িক ভক্তের নাম পাই নাই।

যশোহরের বোধথানা, যশড়া ও বৃড়ন ( জয়ানন্দের ভাটকলাগাছি গ্রাম = ভাটলী ও কেরাগাছী গ্রামন্বয় ) শ্রীপাট বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়াছে।

ঘোড়াঘাট রাজসাহীতে গোকুলানন্দ ও বনমালীদাস বৈছ জন্মিয়াছিলেন; নাটোরের কাছে নন্দিনী (পুং) নামক সীতার শিশু বাস করিতেন।

মালদহে রূপ-সনাতন থাকিতেন। জঙ্গলী (পুং) সীতাঠাকুরাণীর নিকট মন্ত্র লইয়া জঙ্গলীটোটা-নামক স্থানে বাস করিতেন।

পাবনা জেলার সোনাতলায় কালা কৃষ্ণদাসের শ্রীপাট আছে।

ফরিদপুর, বরিশাল, ময়মনসিংহ, কুমিল্লা, নোয়াখালি, বগুড়া, রংপুর, দিনাজপুর, জলপাইগুড়ি, কুচবিহার প্রভৃতি স্থানে (জেলায়) শ্রীচৈতত্তের প্রকটকালে কোন কেন্দ্র স্থাপিত হইয়াছিল বলিয়া প্রমাণ পাই নাই।

চট্টগ্রামে পুগুরীক বিভানিধি, বাহ্নদেব দত্ত ও গদাধর পণ্ডিতের পিতা মাধব মিশ্র জন্মিয়াছিলেন। চট্টগ্রামে বৈফবধর্ম প্রবল না হইলেও অনেকেইহা গ্রহণ করিয়াছিলেন। মৃন্সী আবহুল করিম চট্টগ্রামে বহু বৈফব-পুথি আবিষ্কার করিয়াছেন। ত্রিপুরার কোন ভক্ত শ্রীচৈতক্সগোষ্ঠীতে প্রাধাক্ত লাভ করেন নাই, কিন্তু তথায় যে শ্রীচৈতক্সভক্ত ছিলেন তাহার প্রমাণ শ্রীচৈতক্সভাগবত হইতে পাওয়া যায়। যে দিন অবৈত পুরীতে রথযাত্রাভিপলক্ষে শ্রীচৈতক্স-কীর্ত্তন করিয়া জগৎ-সমক্ষে শ্রীচৈতক্তের অবতারত্ব ঘোষণা করিলেন—সে দিন ত্রিপুরা, চট্টগ্রাম, শ্রীহট্ট ও ঢাকা জেলার লোক উহাতে যোগ দিয়াছিল; যথা—

কেহো বা ত্রিপুরা কেহো চট্টগ্রামবাসী। শ্রীহটিয়া লোক কেহো কেহো বঙ্গদেশী॥

## সহস্র সহস্র লোক করেন কীর্ত্তন। শ্রীচৈতন্ত্য-অবতার করিয়া বর্ণন॥

'বঙ্গদেশী' শব্দের ছোতনা-ব্যাপক, তবে ঢাকা নিশ্চয়ই উহার অন্তর্গত।

শ্রীচৈতত্যের জীবনকালে রাচ ও পুণ্ড প্রদেশে তাঁহার ধর্মমত ব্যাপকভাবে প্রচারিত হইয়াছিল। পূর্কবঙ্গে এখন যে বৈফবধর্মের প্রাবল্য দেখা যায় তাহা প্রধানতঃ অবৈত, নিত্যানন্দ, গদাধর ও বিষ্ণুদাস কবীক্রবংশীয় গোস্বামীদের প্রচারের ফলে।

#### খ। আসাম

শ্রীহট্টে অবৈতের পিতার ও শ্রীচৈতন্তের পিতামহের বাদস্থান। ম্রারি গুপ্ত, শ্রীবাদ, চন্দ্রশেখর প্রভৃতি শ্রীহট্টে জন্মিয়াছিলেন। শ্রীহটিয়ারা গৌড়ীয় বৈষ্ণবধর্মের স্থাপয়িতা বলিলে অত্যুক্তি হয় না। কিন্তু শহরদেবের প্রভাববশতঃ শ্রীচৈতন্তের ধর্মমত তাঁহার জীবনকালে আদামে স্প্রচারিত হইতে পারে নাই।

#### গ। উৎকল ও অগ্রাম্য প্রদেশ

মহামহোপাধ্যায় হরপ্রদাদ শান্ত্রীর স্থায় স্থবিজ্ঞ লেখকও বলেন যে শ্রীচৈতন্তের দকল ভক্তই বাঙ্গালী ছিলেন—"Himself a Bengali, his associates were all of the same nationality." (J.B.O.R.S., Vol. VI., pt. 1, p. 62). কিন্তু এক্রপ উক্তি বিচার-দহ নহে। ৪০০জন পরিকরের মধ্যে যে-দকল অবাঙ্গালীর জন্মস্থানের বিবরণ পাওয়া গিয়াছে তাঁহাদের মধ্যে—

উড়িয়া	88
<b>দ্রাবি</b> ড়ী	৭ 🕂 সনাতন, রূপ, শ্রীজীব
গুৰুৱাটী	<b>&gt;</b> ِ
মারহাটী	<b>v</b>
বাৰপুত	8 .
অক্কাত	১ (গোপাল সাদিপ্রিয়া)

During 16th century CE many parts of medinipur were inside Utkal বোড়শ শতাৰীতে মেদিনীপুর জেলার অনেকটা অংশ উৎকলের অস্তর্ভূক্ত

ছিল। সেইজক্ত বৈষ্ণব-সাহিত্যে হাঁহাদিগকে উড়িয়া ভক্ত বলিয়া জানা যায়, এমন অনেকের জনস্থান মেদিনীপুরে; যথা—জয়ক্তফ

> কাশীনাথ মিশ্র মধুপণ্ডিত হো আর। তুলদী মিশ্র হো তমলুকে পরচার॥

ষোড়শ শতাকীর প্রথমভাগে পুরীতে হিন্দুদের সকল সম্প্রদায়ের লোক তীর্থযাত্রা ও তীর্থবাস করিত। পুরীতে বাস করার জ্বন্য ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের ভক্ত শ্রীচৈতত্তার কুপালাভের স্থযোগ পাইয়াছিলেন। শ্রীচৈতত্তার দ্রাবিড়ী ভক্তগণ বৃন্দাবনে বাস করায় উত্তর-পশ্চিম-অঞ্চলে প্রেমধর্ম প্রচারিত হইয়াছিল বটে, কিন্তু দ্রাবিড় দেশে প্রচারকার্য্য চালাইবার স্থবিধা হয় নাই।

Panchtattva, Dvadash Gopal, Chosharti mahanta etc

# পঞ্চতত্ত্ব, দ্বাদশ গোপাল, চৌষট্টি মহান্ত প্রভৃতি পঞ্চতত্ত্ব

কবিকর্ণপূরের গৌরগণোদেশদীপিকা হইতে জানা জানা যায় যে, স্বরূপদামোদর শ্রীচৈতন্ত, অহৈত্য, নিত্যানন্দ, গদাধর ও শ্রীবাদকে পঞ্চতত্ব বলিয়া
নিরূপণ করিয়াছিলেন (৯-১২)। সনাতন গোস্বামী রহৎবৈষ্ণব-তোষণীর
প্রারম্ভে যে ভাবে নমস্ক্রিয়া করিয়াছেন, তাহাতে ব্ঝিয়া উঠা যায় না যে তিনি
পঞ্চতত্ব মানিতেন কি না। তিনি শ্রীকৃষ্ণচৈতন্তকে প্রমাণ করার পর
মাধবেন্দ্র পুরী, শ্রীধরস্বামী, সার্ব্বভৌম ভট্টাচার্য্য, বিভাবাচম্পতি, বিভাভূষণ,
পরমানন্দ ভট্টাচার্য্য, রামচন্দ্র এবং বাণীবিলাদকে বন্দনা করিয়াছেন। তৎপরে
লিখিয়াছেন—

নমামি শ্রীমদদৈতাচার্য্যং শ্রীবাদপণ্ডিতম্। নিত্যানন্দাবধৃতঞ্চ শ্রীগদাধর-পণ্ডিত্ম্॥

লোচন এই পাচজনের সঙ্গে নরহরিকে সমান আসনে বসাইয়াছেম; যথা—

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্ত নিত্যানন্দ।
জয় জয় অধৈত আচার্য্য স্থানন্দ॥
জয় জয় শ্রীপণ্ডিত গদাধর নরহরি।
জয় জয় শ্রীনিবাস ভক্তি-অধিকারী॥—স্তাখণ্ড, পূ. ৭

### ছয় গোস্বামী

Six Goswamis of Vrindavan

কৃষ্ণদাস কবিরাজ লিখিয়াছেন—

শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপাল ভট্ট দাস রঘুনাথ॥
এই ছয়জন গুরু শিক্ষা-গুরু যে আমার।
তাঁসভার পাদপদ্মে কোটী নমস্কার॥—১।১।১৮-১৯

উক্ত ছয়জন ভক্ত ছয় গোস্বামী নামে পরিচিত। শ্রীনিবাদাচার্ঘ্য ছয় গোস্বামীর "গুণলেশস্চকম" নামে সংস্কৃতে একটি স্তোত্ত রচনা করিয়াছেন।

ছয় গোস্বামীর মধ্যে প্রত্যেকেই বৃন্দাবনে বাস করিতেন। ইহাদের প্রথরে ও সাধন-বলে বৃন্দাবন গোড়ীয় বৈষ্ণব-ধর্মের প্রধান কেন্দ্রে পরিণত হয়। ইহারা সম্প্রদায়ের মূলন্ত ন্ত বলিলে অত্যক্তি হয় না। ছয় গোস্বামীর মধ্যে রঘুনাথ ভট্ট ব্যতীত অপর পাঁচজন স্প্রসিদ্ধ গ্রন্থকর্তা। রঘুনাথ ভট্ট ভাগবত পাঠ করিতেন। ছয় গোস্বামীর মধ্যে অন্ততঃ তিনজন প্রীচৈতন্তার ভক্তদের স্থাটা is the son of Rup-Sanatan's brother পুত্র বা প্রাতৃপ্রত্র; যথা—প্রীজীব রপসনাতনের লাতৃপ্রত্র, রঘুনাথ ভট্ট তপন মিশ্রের পুত্র এবং গোপাল ভট্ট প্রবোধানন্দের লাতৃপ্রত্র বলিয়া প্রসিদ্ধ। রঘুনাথ গৌস্বামীও প্রীচৈতন্তা অপেক্ষা বয়সে অনেক ছোট।

শ্রীচৈতক্সচরিতামৃত-রচনার পূর্ব্বে যে-সমস্ত চরিতগ্রন্থ রচিত হইয়াছিল তাহাতে "ছয় গোস্বামী" শক্ষটিই নাই—কারণ উক্ত শক্ষটি ঐ-সমস্ত চরিতগ্রন্থ-রচনার পরে স্বষ্ট হইয়াছে। ম্রারি গুপ্তের কড়চায় গোপাল ভট্ট, রঘুনাথদাস ও শ্রীজীবের নাম নাই। কবিকর্ণপূরের চৈতক্সচরিতামৃত মহাকাব্যে ও বৃন্দাবনদাসের শ্রীচৈতক্সভাগবতে রূপ-সনাতন ছাড়া আর কোন গোস্বামীর নাম নাই। শ্রীচৈতক্সচন্দ্রোদয় নাটকে গোপাল ভট্ট, রঘুনাথ ভট্ট ও শ্রীজীবের নাম নাই।

জয়ানন চৈত্তিসকলে লিখিয়াছেন—

শীক্ষণ চৈততা রহিলেন কুতৃহলে।
দবির থাস তৃই ভাই গেলা নীলাচলে॥
দবির থাসে ঘুচাইলা সংসার-বৃদ্ধন।
তৃই ভাইর নাম হৈল রূপ সনাতন ॥——পৃ. ১৪৯

জয়ানন্দ রূপ-সনাতন-দম্বদ্ধে কিছুই জানিতেন না এবং ফার্সি ভাষায় অজ্ঞ ছিল্লেন। তাই তিনি দবির খাস (Private Secretary) উপাধিকে দবির এবং খাদ—এই তৃই পদে বিভক্ত করিয়া রূপ ও সনাতনের নাম ভাবিয়াছেন। লোচন "এটিচতগ্রমঞ্চলের" প্রারম্ভে "রূপদনাতন বন্দো পণ্ডিত দামোদর"কে বলিয়াছেন, অগু কোন গোস্বামীর কথা বলেন নাই।

গৌরগণোদ্দেশদীপিকায় ছয়জন গোস্বামীরই নাম আছে, কিন্তু একস্থানে নাই। প্রথমে রূপ-সনাতন, তারপরে শিবানন্দ চক্রবর্তী, তারপরে গোপাল ভট্ট, রঘুনাথ ভট্ট ও রঘুনাথদাসের নাম (১৮০-৮০), পরে ২০০ শ্লোকে শ্রীজীবের নাম। সেইজন্ম মনে হয় ১৫৭৬ খ্রীষ্টাব্দেও "ছয় গোস্বামী" শক্টির প্রচলন হয় নাই।

Dvadash Gopal

#### षामम (गाभान

কোন্ কোন্ ভক্ত ঘাদশ গোপালের অস্তর্ক্ত তাহা লইয়া মতজেদ আছে। লোচনের চৈতন্তমঙ্গলের পূর্ব্বে "ঘাদশ গোপাল" শব্দটি কোন চরিতগ্রন্থে ব্যবহৃত হয় নাই।

> রামদাস গৌরীদাস ঠাকুর স্থনর। কৃষ্ণদাস পুরুষোত্তম এ কমলাকর॥ কালা কৃষ্ণদাস আর উদ্ধারণ দত্ত। দাদশ গোপাল ব্রজে ইহার মহত্ব॥—স্ত্রুখণ্ড, পু. ৩৩-৩৪

লোচন "ঘাদশ গোপাল" বলিলেও এখানে মাত্র আটজনের নাম করিয়াছেন।

গৌরগণোদ্দেশদীপিকায় প্রদত্ত পনের জন গোপালের মধ্যে সাত জনের নাম সকলেই স্বীকার করেন। উহারা হইতেছেন অভিরাম, স্থলর, ধনঞ্জয়, গৌরীদাস, কমলাকর পিপ্ললায়ি, উদ্ধারণ দত্ত ও মহেশ পণ্ডিত। ছাদশ গোপালের আর পাঁচ জন কে তাহা লইয়া মতভেদ আছে। পাঁচটি গোপালের পদের জন্ম চৌদ্দ জন ভক্তের দাবী উপস্থিত করা হইয়াছে। যে-সব বইয়ে দাবী সমর্থিত হইয়াছে তাহাদের নীচে পরবর্তী তালিকায় "এ" শব্দ লিখিলাম, আর যেখানে দাবী সমর্থিত হয় নাই সেখানে × চিহ্ন দিলাম।

## গ্রীচৈতক্সচরিতের উপাদান

मारीमारबब्र नाम	শক্ষরকেম-ধৃত অনন্তুসংহিতা	চৈত্য- সঙ্গীতা	বৃহন্ <u>ধক্রিকণ্ড</u> ক্	अम्ला छाडेद बाहम (शाशान	অভিরাম দাদের পাট-পরিক্রমা	পুরাতন পঞ্জিক।	গোড়ীয় মঠ চরিভায়ত	ভোগমালা
)। शृक्रस्याख्यमाम (त्री. श्र. मी. ३७•	)çi	161	/cg	्रव्यु	न्त्र	न	Jej	×
२। मानेत्र श्रृक्टमाख्य (त्री. त्र. मी. ১৩১	×	<del>हिं</del> ग	िन	у	<i>f</i> €3	\e_j	<b>€</b> J	×
७। পরমেশ্রদাস গৌ. গ. দী. ১৩২	\eq	/ <b>G</b> j	r <del>cj</del>	<del>/</del> च	এই শক্ষে চুইজন গে'শলৈ	љ;	/ <b>दे</b> ग	×
8। कानाक्कनाम (त्रो. त. मी. ३७२	নে	<b>/</b> €1	/GJ	. <b>/दे</b> न	юŢ	×	ন্ত্র	×
६। क्रियंत्र टमो. म. मो. ১৬७	ल	× .	igj.	ſ <b>ċ</b> ij	- / <del>c</del> ŋ	, cg	/eg	×
७। श्लाय्य ८मो. म. मो. २०८	দ্য	×	×	faj'	×	×	×	×
ा क्रम मिडिड लो. म. मी. ১०६	×	× 	×	х	×	×	×	×
हा क्यूमानम शिष्ठ । (त्रो. १. मी. ३७७	×	×	×	×	×	×	<b>x</b>	×
। व्यक्तिवर	×	×	×	×	×	×	×	/ <del>©</del> j
ऽ॰। नि®क्षमाम	×	(C)	×	×	×	×	×	· fc
३३। काष्र् ठीक्ष	X	×	×	×	×	/ <del>C</del> Ţ	×	Г х
३२ । यम्यानी ७३।	×	×	×	×	×	×	;	الم

অনন্তসংহিতা ও চৈতন্তসঙ্গীতা প্রাচীন গ্রন্থ নহে। অভিরামদাস "পাট-পর্যাটনে" ঘুইজন পরমেশ্বদাসের নাম করিয়াছেন। কিন্তু পরমেশ্বর মোদকের কথা ছাড়িয়া দিলে, বৈষ্ণব-সাহিত্যে পরমেশ্বরদাস একজনই। সেইজ্বল অভিরামের বর্ণনাও প্রামাণিক মনে হয় না। কবিকর্ণপূর-কর্তৃক উল্লিখিত ১৫জন গোপালের মধ্যে যদি মাত্র ১২জনকে নির্ফাচন করিতেই হয় তাহা হইলে প্রথম বার্জনকে লওয়াই ভাল। রাধানাথ কাবাসী মহাশয় বৃহস্তজিত্বসারে এবং গোড়ীয় মঠ তাঁহাদের চরিতামতের অম্ক্রমণিকায় তাহাই লইয়াছেন। অম্ল্যধন ভট্ট মহাশয় অনন্তসংহিতার উপর অত্যধিক আস্থা স্থাপন করিয়া নাগর পুরুষোত্তমকে বাদ দিয়াছেন এবং হলায়ুধকে অস্তর্ভুক্ত করিয়াছেন। এইরূপ করার কোন সঙ্গত কারণ দেখিতে পাই না।

গৌরগণোদ্দেশদীপিকার গোপাল পঞ্চদশ-সম্বন্ধে একটি মন্তব্য করা যাইতে পারে। নিত্যানন্দ-ভক্তেরা গোপাল-বেশ ধারণ করিতেন। কবিকর্ণপূর নিজেই লিথিয়াছেন "নিত্যানন্দ-গণাঃ সর্ব্বে গোপালা গোপবেশিনঃ" (১৪)।

#### বুন্দাবনদাদ লিথিয়াছেন-

নিত্যানন্দ স্বরূপের পারিষদগণ।
নিরবধি সভেই পরমানন্দ মন॥
কারো কোনো কর্ম নাহি সম্বীর্ত্তন বিনে।
সভার গোপাল ভাব বাঢ়ে ক্ষণে ক্ষণে॥
বেত্র বংশী শিক্ষা ছাঁদদড়ি গুঞ্জহার।
তাড় খাডু হাতে পায়ে নৃপুর সভার॥—হৈ. ভা., ৩া৬।৪৭৩

এইরপ বেশধারী যে ৩৭জন ভক্তের নাম বৃদ্যাবনদাদ করিয়াছেন (০া৬।৪৭৩-৭৫) তাহাদের মধ্যে প্রীধরের নাম নাই। থোলা-বেচা প্রীধর চৈতন্তেরই অমুগত ছিলেন। রুফদাস কবিরাজ তাঁহার নাম প্রীচৈতন্ত-শাখাতেই করিয়াছেন (১া১০।৬৫-৬৬)। অপর একজন প্রীধরের নাম নিত্যানন্দ-শাখায় আছে (১া১১।৪৫)। উভয় প্রীধর এক ব্যক্তি না হওয়াই সম্ভব; কেন-না ষখন একই ব্যক্তির নাম হই শাখায় কবিরাজ গোস্বামী গণনা করিয়াছেন, তখন তাহা বিশেষভাবেই উল্লেখ করিয়াছেন। যদি নিত্যানন্দ-শাখাভুক্ত প্রীধর চৈতন্ত-শাখার প্রীধর হইতে ভিন্ন হয়েন, তাহা হইলে কবিকর্ণপূর গোপালদের ধ্যে "গোলাবেচাতয়া খ্যাতঃ পণ্ডিতঃ প্রীধর-দ্বিজঃ" কেন বলিলেন ব্রিলাম না।

বৈশ্ববাচার-দর্পণে (পৃ. ৩৩৪) ও বৃহদ্ধক্তিদারে (পৃ. ১৬৩৮) নিম্নলিখিত দাদশ উপগোপালের নাম ও তাঁহাদের পাটের নাম আছে।

- (১) হলায়ুধ--রামচন্দ্রপুর, নবদীপ
- (২) কদ্রপণ্ডিত—বল্লভপুর
- (৩) মুকুন্দানন্দ পণ্ডিভ-নবদ্বীপ ( বৃহদ্ভক্তিসারে কুমুদানন্দ )
- (৪) কাশীখর পণ্ডিত—বল্লভপুর
- (৫) वनभानीमाम ख्या-क्नामाड़ा
- (७) मछ ठीकूत्र-ककून्भूत
- (৭) মুরারি মাহাতী— বংশীটোটা
- (৮) शकानाम—निराणि
- (৯) গোপাল ঠাকুর--গৌরাঙ্গপুর
- (১০) শিবাই—বেলুন
- (১১) নন্দাই—শালিগ্রাম
- (১২) বিষ্ণাই—ঝামাটপুর

ইহাদের মধ্যে সম্ভ ঠাকুরের নাম বৈষ্ণব-সাহিত্যের কোথাও পাওয়া যায় নাই।

Chousharti Mahanta

# চৌষট্ট মহান্ত

আধুনিক বৈশ্ববগণ মহোৎসবের সময়ে চৌষটি মহান্তের প্রত্যেককে একখানি করিয়া মালসাভোগ নিবেদন করেন। "ভোগমালা-বিবরণ" (১১২, আপার চিৎপুর রোডস্থ মাণিক লাইব্রেরী হইতে প্রকাশিত) নামক বটতলার ছাপা পাঁচ পয়সা দামের বই দেখিয়া মহাস্তদের নাম ঠিক করা হয়। এ! বইয়ের সকলনকর্তা গণিত-বিভায় পারদর্শী; কেন-না তিনি জ্রীরূপ, সনাতন, রঘুনাথ, জীব, গোপাল ভট্ট, রঘুনাথ, লোকনাথ, রুফদাস কবিরাজ এই আটজনের নাম লিখিয়া মস্তব্য কবিয়াছেন—"এই ছয় গোস্বামী।" আবার চৌষটি মহান্তের নাম লিখিতে যাইয়া ৭২টি নাম লিখিয়াছেন; কিন্তু কয়েকটি নাম একাধিক-বারও ধৃত হইয়াছে। একটি নাম একবার করিয়া ধবিলে ৫৮টি নাম পাওয়া যায়। স্বতরাং এ তালিকা নির্ভর্যোগ্য নহে।

বৃহস্তক্তিতত্ত্বদারে চৌষটি (?) মহান্তের নাম নিম্নলিখিতভাবে করা হইয়াছে—

- षष्ठे প্রধান মহাস্ত-- স্বরূপ-দামোদর, রায় রামানন, সেন শিবানন,

রামানন্দ বন্ধ, মাধব ঘোষ, গোবিন্দ ঠাকুর, গোবিন্দ ঘোষ ও বান্ধ ঘোষ; অট প্রধান মহান্তের বামে পূর্ববমুখে চৌষট্ট মহাস্ত।

স্বরূপের পার্ষদ—চক্রশেথর আচার্য্য, রত্নগর্ভ ঠাকুর, গোবিন্দ গরুড়, মুকুন্দ দত্ত, দামোদর পণ্ডিত, কুঞ্চদাস ঠাকুর ও রুফ্টানন্দ ঠাকুর।

রামানন্দ রায়ের পার্ষদ—মাধবাচার্য্য, নীলাম্বর ঠাকুর, রামচন্দ্র দত্ত, বাহ্নদেব দত্ত, নন্দনাচার্য্য, শঙ্কর ঠাকুর, স্থদর্শন ঠাকুর ও স্থবৃদ্ধি মিত্র।

শিবানন্দ দেনের পার্ষদ—শ্রীরাম পণ্ডিত, জগরাথদাস, জগদীশ পণ্ডিত, সদাশিব কবিরাজ, রায় মুকুন্দ, পুরন্দরাচার্য্য ও নারায়ণ বাচস্পতি।

বহু রামানন্দের পার্যদ—মধু পণ্ডিত, মকরধ্বজ কর, দিজ রঘুনাথ, বিফুদাস, পুরন্দর মিশ্র, গোবিন্দাচার্য্য, পরমানন্দ গুপ্ত ও বলরামদাস।

মাধব ঘোষের পার্ষদ—মকরধ্বজ সেন, বিতাবাচস্পতি, গোবিন্দ ঠাকুর, কবিকর্ণপূর, ঐকান্ত ঠাকুর, মাধব পণ্ডিত, প্রবোধানন্দ সরস্বতী ও বলভদ্র ভট্টাচার্য্য।

গোবিন্দ ঠাকুরের পার্যদ—কাশী মিশ্র, শিথি মাহাতী, কালিদাস, শ্রীমান্ পণ্ডিত, কবিচন্দ্র ঠাকুর, হিরণ্যগর্ভ, জগন্নাথ সেন ও দিজ পীতাম্বর।

গোবিন্দ ঘোষের পার্ষদ—পরমানন্দ গুপু, বল্লভ ঠাকুর, জগদীশ ঠাকুর, বনমালীদাস, শ্রীনিধি পণ্ডিত, লক্ষ্মণাচার্য্য ও পুরুষোত্তম পণ্ডিত।

বাস্থ ঘোষের পার্ষদ—রাঘব পণ্ডিত, রুদ্র পণ্ডিত, মকরধ্বজ্ঞ পণ্ডিত, কংশারি দেন, জীব পণ্ডিত, মুকুন্দ কবিরাজ, ছোট হরিদাস ও কবিচন্দ্র আচার্যা।

"বৃহস্ত ক্রিতর্বসারের" সম্পাদক রাধানাথ কাবাসী মহাশয় এইরপভাবে সজ্জিত তালিকা কোথায় পাইলেন উল্লেখ করেন নাই। এই তালিকায় বাঁহাকে বাঁহার পার্যদ বলা হইরাছে তাঁহারা পরস্পর ঘনিষ্ঠ সম্বন্ধ আবদ্ধ ছিলেন কি না তাহাও বৈষ্ণব-সাহিত্য হইতে জানা যায় না। যেমন মাধ্ব ঘোষের সঙ্গে প্রবোধানন্দ সরস্বতীর যে পরিচয় ছিল তাহার কোন প্রমাণ নাই। উক্ত তালিকায় যে-সব নাম গৃত হইয়াছে তাহাদের মধ্যে রামচন্দ্র দত্ত ও কবিচন্দ্র আচার্য্যের নাম বৈষ্ণব-সাহিত্যের কোথাও পাওয়া যায় না। মকর্মেজ ও মকর্মজেজ করের নাম গৌরগণোদ্দেশদীপিকায় আছে; কিন্তু চৌর্ট্টি মহান্তের মধ্যে মকর্মজেজ করে, মকর্মজেজ দেন ও মকর্মজেজ পণ্ডিত এই তিনটি নাম আছে। বাঁহার নাম বৈষ্ণব-সাহিত্যের কোথাও উল্লেখমাত্র

করা হয় নাই তিনি যে গৌরগণের মধ্যে প্রাধান্ত লাভ করিয়া মহাস্তরূপে পূজিত হইয়াছিলেন, এ কথা বিশাদ করা কঠিন।

কাটোয়ার মহোৎসব-বর্ণনা-উপলক্ষে নরহরি চক্রবর্ত্তী "ভক্তিরত্নাকরে" নিম্নলিখিত চৌষটি জনের নাম মহাস্ত বলিয়া উল্লেখ করিয়াছেন। (নামের পরে সংখ্যা আমার দেওয়া।)

> প্রভূপিয় শ্রীপতি শ্রীনিধি[ং] বিভানন^{্ত}। বাণীনাথ বহু " রামদাস কবিচন্দ্র ॥ পুরুষোত্তম সঞ্জয় । ত্রীচন্দ্রশেথর । শ্রীমাধবাচার্যাদ কীর্ত্তনীয়া ষষ্ঠীধর ॥ শ্রীকমলাকান্ত^{১০} বাণীনাথ^{১১} বিপ্রবর। বিফুদাস ' নন্দপণ্ডিত ' পুরুন্দর ' ॥ শ্রীচৈতত্মদাস^{১৫} কর্ণপূর^{১৬} প্রেমময়। শ্রীজানকীনাথ > িবিপ্র গুণের আলয়॥ শ্রীগোপাল আচার্য্য পোপালদাস ই আর। মুরারি^২ চৈত্রদাস পরম উদার॥ রঘুনাথ বৈছ্য উপাধ্যায় ২১ নারায়ণ ২২। বলরামদাদ^২ত আর দাদ সনাতন^{২৪}॥ বিপ্রকৃষ্ণদাস^{্থ} শ্রীনকড়ি^২ মনোহর^২ । रुविरुतानम^{२५} श्रीमाध्य^{२०} मरीध्य^{००}॥ तां भव्य कविदां क[°]े वमस्र[°]े नवि^{°°}। শ্রীকান্থঠাকুর^{০৪} শ্রীগোকুল গুণমণি^{০৫}॥ শ্রীমাধবাচার্য্য[়] স্থামদেন ^গ দামোদর ^গ। জ্ঞানদাস" নর্ত্তক গোপাল ^৪০ পীতাম্বর ^{৪১}॥ কুমুদ 8 र গৌরাঙ্গদাস 8 ত হংখীর জীবন। নৃসিংহ⁸⁸ চৈত্তিভালান লাম বৃন্দাবন⁸⁸॥ বনমালীদাদ^{s ৬} ভোলানাথ^{s ৭} শ্রীবিজয়^{s ৮}। শ্রীহৃদয়নাথ দেন[়] গুণের আলয়। লোকনাথ পণ্ডিত[ে] শ্রীপণ্ডিত মুরারি[ে]। শ্ৰীকামু পণ্ডিত[ে] হরিদাস বন্ধচারী^{৫৩}॥

শ্রীঅনস্তদাদ । ক্রফদাদ । জনাদিন । শ্রীভক্তিরতন-দাতা দাদ নারায়ণ । । ভাগবতাচার্য দে বাণীনাথ ব্রহ্মচারী । । চৈতক্সবল্লভদাদ । ভক্তি অধিকারী ॥ শ্রীপৃষ্পগোপাল । শ্রীগোপালদাদ । আর্ব উদার ॥ শ্রীহর্ষ গ্রীলক্ষীনাথদাদ । পত্তিত উদার ॥ কহিতে কি মহাস্তগণের নাহি অন্ত। নেত্র ভরি দেখয়ে দকল ভাগ্যবস্ত ॥

-- নবম তরক, পু. ৫৮৮-৮৯

নরহরি চক্রবর্ত্তী মহাশয় চৌষট জন মহান্তের নাম করিলেও সংখ্যা করিয়া একুনে চৌষট জন বলেন নাই; বরং বলিয়াছেন যে "মহান্তগণের নাহি অন্ত।"

করিকর্ণপূর গৌরগণোদেশদীপিকায় বলিয়াছেন যে ঐচিতন্ত, নিত্যানন্দ ও অবৈতের পার্ষদ্বর্গ মহাস্ত বলিয়া খ্যাত। "এষাং পার্ষদ্বর্গা যে মহাস্তাঃ পরিকীর্তিতাঃ" (১)। তাঁহাদের মধ্যে নবদীপ-লীলার পরিকরগণ মহত্তম, নীলাচল-লীলার সঙ্গীরা মহত্তর ও দক্ষিণাদি দেশে বাঁহাদের সহিত মহাপ্রভ্র সঙ্গ হইয়াছিল তাঁহারা মহাস্ত নামে পরিচিত। এই প্রসঙ্গে কবিকর্ণপূর স্বরূপ-দামোদ্রের মতও উদ্ধৃত করিয়া নিজের বক্তব্যের সমর্থন করিয়াছেন; যথা—

অতঃ স্বরূপ-চরণৈরুক্তং গৌর-নিরূপণে পঞ্চ-তত্তস্ত সম্পর্কাৎ যে যে খ্যাতা মহত্তমাঃ তে তে মহাস্তা গোপালাঃ স্থানাচ্ছৈ প্রাদি-বাচকাঃ। (১৭)

তাহা হইলে আমি চৈতন্তের পরিকর বলিয়া যে ৪৯০জন ভক্তের নাম করিয়াছি তাঁহাদের মধ্যে পঞ্চতত্ত্বে জনক, জননী প্রভৃতি এবং অছৈত, নিত্যানন্দ, শ্রীবাদ ও গদাধরকে বাদ দিয়া আর সকলকেই মহাস্ত বলা কর্ত্ব্য। ইহাদের মধ্য হইতে মাত্র ৬৪জনকে বাছিয়া লইলে, স্বরূপ-দামোদর ও কবিকর্ণপূরের স্থায় সম্প্রদায়ের আদি আচার্য্যদের মতের বিপক্ষে চলা হয়। নবদ্বীপের প্রাচীনতম মহাস্তদ্বয় আমাকে বলিয়াছেন যে তাঁহারা কথনও চৌষটি মহান্তের ভোগ দেন নাই। ঐ প্রথা আধুনিক। ভক্তিরত্বাকরে উল্লিখিত চৌষটি নামের মধ্যে প্রত্যেক ব্যক্তিই প্রীচৈতত্ত্বের সমসাময়িক পরিকর বলিয়া বৈক্ষব-সাহিত্যে উল্লিখিত হইয়াছেন। কেবল ষষ্ঠীধর কীর্ত্তনীয়ার স্থানে ষষ্ঠীবর কীর্ত্তনীয়া ও লবনি-স্থানে নবনীহোড় হওয়া উচিত। এই তৃইটি নাম সম্ভবতঃ লিপিকর বা মুদ্রাকর-প্রমাদে রূপান্তরিত হইয়াছে। যদি মহান্তের সংখ্যা ৬৪ করার কোন প্রয়োজন থাকে, তবে ভক্তিরত্বাকরে উল্লিখিত ৬৪টি জনকেই গ্রহণ করা উচিত।

শ্রীপত্ত ইততে প্রকাশিত "ভক্তিচন্দ্রিকা" গ্রন্থ নরহরি সরকার ঠাকুরের কথিত উপদেশ-অমুসারে তাঁহার শিশ্য লোকনাথ আচার্য্য-কর্তৃক লিখিত হইয়াছিল বলিয়া উক্ত গ্রন্থের সম্পাদক প্রকাশ করিয়াছেন (ভূমিকা, পৃ. ১০)। ঐ গ্রন্থে গৌরাঙ্গদেবের উপাসনা-বিধি লিখিত হইয়াছে। তাহাতে আছে যে যন্ত্র-পদ্মকর্ণিকার "বহির্ভাগে যে ষট্কোণ লিখিত আছে তাহার মধ্যে শ্রীভগবানের দক্ষিণ ও বাম ভাগে যথাক্রমে বাহ্মদেব দত্ত ও শিবানন্দ সেনকে পূজা করিবে। ইহারা প্রত্যেকে প্রেমবশতঃ শ্রীমন্মহাপ্রভুর শ্রীম্থপদ্ম-দর্শনকারী, পুলকব্যাপ্ত-সর্বাঙ্গ এবং দিব্য-মালাযুক্ত-কর-পদ্মজ—এইভাবে যথাবিধি পূজনীয়।

স্কোদিক্রমে অগ্রকেশরে জগৎপতি শ্রীনিত্যানন্দ, শ্রীমদ্ অঘৈতাচার্য্য, মুরারি, শ্রীবাদ, মাধবেন্দ্র পুরী, পরমানন্দ পুরী, ব্রহ্মানন্দ, নৃদিংহানন্দ, দর্কবিভাবিশারদ কেশব ভারতী, গোবিন্দানন্দ, গোবিন্দদাদ, বক্রেশ্বর; তদনস্তর সঙ্গীত-তৎপর হরিদাদ, মুকুন্দ, রাম এবং দিজ-শ্রেষ্ঠ হরিদাদ। ইহারা দকলে চন্দন ও মাল্য-ধারী। কেহ বা হরিনাম-রত, কেহ বা রুফ্টেতন্ত-নাম-গানে তৎপর। দকলেই প্রেমাঙ্কুরযুক্ত এবং প্রেমাঞ্চপূর্ণ নয়নের দ্বারা দমুজ্জল।

কেশরের বহির্ভাগে পত্রমধ্যে পূর্কাদিক্রমে প্রথমে সার্কভৌম, তাহার পর প্রদক্ষিণক্রমে বল্লভ, জগদানন্দ, মুকুন্দ, রঘুনন্দন, জগল্লাথমিশ্র, শচীদেবী, গোবিন্দঘোষ, কাশীশ্বর, রুঞ্দাস, শ্রীরাম দাস, স্বন্দরানন্দ, আদি পরমেশ্বদাস, পুরুষোভ্রমদাস, গোরীদাস ও কমলাকর—এই ষোড়শ জনের পূজা করিবে। ইহারা সকলে দিব্য অন্তলেশন ও বস্তুযুক্ত এবং রসাকুলচিত্ত—এইরূপে ধ্যেয়।

তদ্বহির্ভাগে দলাগ্রে পূর্কের স্থায় প্রথমে জ্ঞানানন্দ, তদনস্ভর বাস্থদেব ঘোষ, প্রভাপকত, রামানন্দ, রাঘব, প্রত্যুয়, শ্রীস্থদর্শন, বাণীনাথ, বিষ্ণুদাস, দামোদর, পুরন্দর, আচার্য্যচন্দ্র, ভগবান, চন্দ্রশেখর, চন্দনেশ্বর ও ধনঞ্জয় পণ্ডিত—এই ষোড়শ জ্বন পৃজনীয়। ইহারা সকলেই পরম ভাগবত, গৌরাঙ্গপ্রেমে ব্যাকুল-চিত্ত, হরিনাম-দন্ধীর্ত্তনে তৎপর ও করকমলে দিব্যমালা-ধারী—এই রূপে ধ্যেয়" (চতুর্থ পটল, ২১ হইতে ২৪ শ্লোকের অনুবাদ, পৃ. ১২১ হইতে ১২৬)।

উক্ত গ্রন্থ সত্যই নরহরি সরকার ঠাকুর-কর্তৃক কথিত হইয়াছিল কি না তাহা বলা যায় না। উহার উল্লেখ প্রামাণিক বৈষ্ণব-সাহিত্যের কোথাও পাই নাই। নরহরি নিজে উহার বক্তা হইলে মাধবেন্দ্র পুরী, নিত্যানন্দ ও অদ্বৈতের পূর্বেই নিজের নাম করিয়া নিজের পূজার ব্যবস্থা দিবেন, ইহা সম্ভব মনে হয় না। তারপর আরও লক্ষ্য করার বিষয় এই যে প্রীচৈতন্তের সমসাময়িক পরিকরদের মধ্যে জ্ঞানানন্দ নামে কোন ভক্তের নাম পাওয়া যায় না। খাহার নাম কোথাও উল্লিখিত হয় নাই, তিনি কি করিয়া এমন প্রধান ব্যক্তি হইতে পারেন যে প্রীচৈতন্তের সহিত তাহার পূজার বিধান নরহরি সরকার দিবেন ? এই গ্রন্থথানির প্রামাণিকতার নিদর্শন না পাওয়া পর্যান্থ ইহার উক্তি গ্রহণ করা যায় না।

## চয় চক্রবর্ত্তী ও অষ্ট কবিরা<del>জ</del>

শ্রীনিবাস আচার্য্য ও নরোত্তম ঠাকুরের পরে বৈষ্ণব-সমাজে "ছয় চক্রবর্তী" ও "অষ্ট কবিরাজ" বলিয়া তুইটি শব্দ প্রচলিত হইয়াছে। "কর্ণানন্দ"-গ্রন্থে ইহাদের নাম করিয়া তুইটি শ্লোক ধৃত হইয়াছে; যথা—

(ছয় চক্ৰবৰ্তী)

শ্রীদাসগোকুলানন্দী শ্রামদাসগুথৈব চ। শ্রীব্যাস: শ্রীলগোবিন্দ: শ্রীরামচরণস্তথা। ষট্ চক্রবর্ত্তিন: খ্যাতা ভক্তিগ্রন্থায়শীলনা:। নিস্তারিতাখিলজনা: ক্বত-বৈষ্ণ্ব-সেবনা:॥

( অষ্ট কবিরাজ )

শ্রীরামচন্দ্র-গোবিন্দ-কর্ণপূর-নৃসিংহকা:।
ভগবান্ বল্লবীদাদো গোপীরমণ-গোকুলো ॥
কবিরাজ ইমে খ্যাতা জয়স্তাটো মহীতলে।
উত্তমা ভক্তিসম্রত্ব-মালাদানবিচক্ষণা:॥

## শ্রীচৈতগ্রচরিতের উপাদান

Difference in the path of Sri Chaitanya's worship by companions

# শ্রীচৈত্তগ্য-পরিকরগণের ভজন-প্রণালীর বিভিন্নতা

ঈশব পুরী মধুর রদের উপাদক ছিলেন (গৌরগণোদ্দেশদীপিকা, ২৩)। বৃন্দাবনে গোস্বামিগণ মধুর রদের উপাদনা প্রচার করেন। কিন্তু শ্রীচৈতত্তের দমদাময়িক পরিকরগণের মধ্যে অনেকে দখ্য, বাংদল্য ও দাস্ত রদের ভক্ত ছিলেন।

নিত্যানন্দ-শাথাভূক্ত ব্যক্তিগণ সথ্য রসে উপাসনা করিতেন। সেইজন্ম ঐ শাথার যে যে ভক্তের নাম গৌরগণোদ্দেশদীপিকায় উল্লিখিত হইয়াছে, তাঁহাদিগের তত্ত্ব প্রজের কোন গোপাল বা সথা রূপে নির্ণীত হইয়াছে। ইহার হইটি মাত্র ব্যতিরেক পাওয়া যায়: গদাধরদাস ও মাধব ঘোষ। কিন্তু এই হইজন ভক্তকে শ্রীচৈতন্ত ও নিত্যানন্দ উভয় শাথাতেই গণনা করা হইয়াছে। কৃষ্ণদাস কবিরাজ বলেন—

নিত্যানন্দের গণ যত—সব ব্রজের সথা। শিক্ষাবেত্র গোপবেশ—শিরে শিথিপাথা॥—১।১১।১৮

অবৈত দাশ্য ও সথ্য এই উভয় রদের ও রঙ্গপুরী বাৎসল্য রদের উপাসনা প্রচার করেন (গৌরগণোদেশদীপিকা, ২৪)। রুফদাস কবিরাজ যাঁহাদের নাম শ্রীচৈততা ও গদাধর-শাখায় উল্লেখ করিয়াছেন, তাঁহারা সকলেই মধুর রসের উপাসক ছিলেন। কবিকর্ণপূর তাঁহাদের তত্ত্ব প্রজের স্থা, স্থী ও মঞ্জরীরূপে উল্লেখ করিয়াছেন।

বৃন্দাবনের গোস্বামিগণ নিজেদের স্থীর অহুগতা মঞ্জরী ভাবিয়া সাধনা করিতেন। সাধক ভক্তের সাধ্য হইতেছে স্থীদের ও প্রধান প্রধান মঞ্জরীদের অহুগত হইয়া শ্রীরাধাকৃষ্ণের সেবা করা। নরোত্তম ঠাকুর মহাশয় বলিয়াছেন—

শ্রীরূপমঞ্জরী সার

শ্রীরতিমঞ্জরী আর

গ্রীরসমঞ্জরী সঙ্গে

কস্তবিকা আদিরকে

প্রেমদেবা করি কুতৃহলা ॥

এ সব অহুগা হৈয়া

প্ৰেম সেবা নিব চাইয়া

हेक्टिए वृद्धित मत काज।

রূপ গুণে ডগমগি

সদা হব অহুরাগী

বদতি করিব দখী মাঝ॥

গৌড়ীয় বৈষ্ণব-ধর্মের আদিযুগ-সম্বন্ধে বিবিধ তথ্য

চতুৰ্দিকে স্থীগ্ৰ

বৃন্ধাবনে হুই জন

সময় ব্ঝিয়া বসস্থে।

সখীর ইঙ্গিত হবে

চামর ঢুলাব কবে

তামূল যোগাব চানমুখে॥

---প্রেমভক্তিচন্দ্রিকা, ৫১-৫৩

649

কিন্তু বৃন্দাবনের গোস্বামীদের ও তদত্বগত শ্রীনিবাস-নরোত্তমাদির গ্রন্থাদিতে কোথাও দেখা যায় না যে পুক্ষ-সাধক নারীর বেশ ধারণ করিতেন। তথাপি শ্রীচৈতত্তার সমসাময়িক পরিকরগণের মধ্যে কেহ কেহ যে নারীবেশ ধারণ করিয়া সাধনা করিতেন তাহার প্রমাণ পাওয়া যায়। অস্থৈতপত্নী সীতা দেবীর নন্দরাম সিংহ ও যজ্ঞেশ্বর চক্রবর্ত্তী নামক ত্বই জন শিক্তা নারীবেশ ধারণ করিয়া যথাক্রমে নন্দিনী ও জঙ্গলী নাম গ্রহণ করেন। ইহাদের নাম গৌরগণোন্দেশদীপিকায় পাওয়া যায় এবং ইহাদের শিত্ত-পরম্পরা আজও বর্ত্তমান। নবদ্বীপের চরণদাস বাবাজী মহোদয়ের "সমাজবাড়ী"র বর্ত্তমান অধ্যক্ষ মহাশয় নন্দিনী-জঙ্গলীর শাথাপরিবারভূক্তন না হইয়াও, 'ললিতা স্থী' নাম ও স্থীবেশ ধারণ করিয়া সাধনা করিতেছেন।

শীচৈতত্তের অমুগত ব্যক্তিদের মধ্যে অনেকে রামচন্দ্রের উপাদক ছিলেন। কবিকর্ণপূর তাঁহাদের তত্ত্বনির্দেশ করিতে যাইয়া রামায়ণোক্ত পাত্রগণের নাম করিয়াছেন; যথা—

১ নরোত্তম দাসে আরোপিত "রাগমালা"-নামক গ্রন্থে (জীগৌরভূমি পত্রিকা, ১৩০৮, ১ম থণ্ডে প্রকাশিত ) আছে—

অনেক মঞ্জরী তার প্রধান শ্রীরূপ।
রতি অনক আদি তাহার স্বরূপ।
এসব মঞ্জরী বিকশিরা পূপ্প হয়।
পূপ্প হৈয়া করে নিত্যলীলার সহায়।
পূনঃ সেই পূস্পসব নাম ধরে মালা।
রূপমালা লবক্সমালা আর রতিমালা।

শ্রীচৈতত্যের সন্ন্যাসী ভক্তগণ সম্ভবতঃ জ্ঞানমিশ্রা ভক্তিপথের পথিক ছিলেন। সেইজয়্ম "অষ্টসিদ্ধি"—"জয়স্কেয়" প্রভৃতিরূপে তাঁহাদের তত্ত্ব নির্দেশ করা হইয়াছে। অঘৈতের শিশ্র কামদেব নাগর জ্ঞানবাদ প্রচার করিয়াছিলেন। এইজয়্ম গোড়ীয় বৈফ্য়র-সমাজ-কর্ত্বক তিনি ও তাঁহার অমুগত লোকেরা পরিত্যক্ত হইয়াছেন।

#### নকল অবভার

শ্রীচৈতন্তের ভগবত্তা প্রতিষ্ঠিত হইতে দেখিয়া কতকগুলি লোকের ভগবান্ হইতে দথ হইয়াছিল। তাঁহাদের কথা বৃন্দাবনদাস লিখিয়াছেন—

উদর ভরণ লাগি এবে পাপী সব।
লওয়ায় "ঈশব আমি", মূলে জরদগব॥
গৰ্দভ শৃগাল তুল্য শিশুগণ লৈয়া।
কেহ বোলে আমি রঘুনাথ, ভাব গিয়া॥
কুকুরের ভক্ষ্যদেহ—ইহারে লইয়া।
বোলায় "ঈশব" বিষ্ণুমায়া মুগ্ধ হৈয়া॥ —২।২০।৩৩৯

কোন পাপী সব ছাড়ি কৃষ্ণস্কীর্ত্তন।
আপনারে গাওয়ায় কত বা ভৃতগণ॥
দেখিতেছি দিনে তিন অবস্থা যাহার।
কোন্ লাজে আপনারে গাওয়ায় সে ছাড়॥
বাঢ়ে আর এক মহা ব্রহ্মদৈত্য আছে।
অন্তরে রাক্ষ্য, বিপ্রকাচ মাত্র কাচে॥
সে পাপিষ্ঠ আপনারে বোলায় গোপাল॥
অতএব তারে সভে বোলেন শিয়াল॥ —১।১০।১০৪-০৫

Chapter 19

# শ্রীচৈতন্মের চরিত্রের কয়েকটি বৈশিষ্ট্য

Some important characteristics of Sri Chaitanya's Character

শীচৈতত্তের বর্ণ, আকৃতি ও অঙ্গকান্তি তাঁহার লোকোত্তর ব্যক্তিত্ব ফুটাইয়া তুলিত। রঘুনাথদান গোস্বামী তাঁহাকে দর্শন করিয়া ভাবিয়াছিলেন বৃঝি বা তিনি এক প্রকাণ্ড হেমান্রি বা সোনার পাহাড়ের কাছে আদিয়াছেন । শ্রীরূপ তাঁহার বিশাল বক্ষঃস্থল, উদ্ধতভূজকের আয় ভূজধূগল ও কোটি কন্দর্পের আয় দেহকান্তি দেখিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করিয়াছিলেন । সনাতন গোস্বামী শ্রীচৈতত্তের জীবনকালেই বৃহস্তাগবতামৃত গ্রন্থের মঙ্গলাচরণে তাঁহার জয়গান করিয়া লিথিয়াছেন—

জয়তি কনকধামা ক্লফচৈতক্যনামা হরিরিহ যতিবেশঃ শ্রীশচীস্তমুরেষঃ ॥°

১ ন্তবাবলী, শ্রীচৈতস্যাষ্ট্রকম্ ২

২ স্তবমালা, শীচৈতন্মের তৃতীয় অষ্টক, ৭

ত বৃহদ্ভাগবতামূত যে শ্রীচৈতন্তের জীবনকালেই লিখিত হয় তাহা উপরে উদ্ধৃত লোকটার 'এয়'
শব্দের ব্যাখায় সনাতন তাঁহার স্বকৃত দিগ্দর্শিনী টাকায় লিখিয়াছেন "এব ইতি সাক্ষাদমুভূত্তাং
তদানীং তস্ত বর্ত্তমানতাং চ বোধয়তি" অর্থাং 'এষ' শব্দ প্রয়োগের উদ্দেশ্য এই যে গ্রন্থকারের
সাক্ষাং অনুভূত এবং তংকালেও বর্ত্তমান আছেন বৃঝিতে হইবে।" গ্রন্থের পঞ্চম লোকের টাকায়
সনাতন জানাইয়াছেন যে তিনি বৃন্দাবনে বিসায় উহা লিখিতেছেন। এই টাকাংশের প্রতি দৃষ্টি না
পড়ায় এ পর্যান্ত ঐ গ্রন্থের রচনাকাল নির্মাণ্ড হা লিখিতেছেন। এই টাকাংশের প্রতি দৃষ্টি না
পড়ায় এ পর্যান্ত ঐ গ্রন্থের রচনাকাল নির্মাণ্ড হয় নাই। বৃহদ্ভাগবতামূতের দশম লোকের
টাকায় তিনি স্পষ্ট বলিতেছেন "এবং পরমং মঙ্গলমাচর্য্য নিজাভীষ্টসিদ্ধরে শ্রীবেফবসম্প্রদায়রীতাা
স্বস্তেইদৈবতরূপং শ্রীগুরুবরং প্রণমতি" অর্থাং এই প্রকার বিশেষ মঙ্গলাচরণ করিয়া এক্ষণে স্বাভীষ্টসিদ্ধির
জন্ম শ্রীবিক্ষব-সম্প্রদায়ের চিরন্তনী রীতি অনুসারে নিজ অভীষ্টদেব শ্রীগুরুবরকে প্রণাম করিতেছেন।

মূললোকে আছে—কলিযুগে প্রেমরস-বিত্তারার্থ যিনি শ্রীচৈতন্তারূপ পরিগ্রহ করিয়াছেন, সেই নির্ম্পাধিক
করণাকারী শ্রীকৃষ্ণরূপ গুরুবদেবক প্রণাম করি। বৃহদ্ভাগবতামূত সনাতনের আধ্যান্থিক আন্ধ্রনীবনী।
বৈক্ঠে শ্রীকৃষ্ণ গোপকুমারকে বলিতেছেন—"আমি স্বয়ং জয়ন্ত নামে তোমার গুরুরূপে অবতীর্ণ
হইলাম" (২া৪৮৬)। অন্তর্জ (২াও)২২) আছে গোড়দেশে গঙ্গাতটে জয়ন্ত নামে যে এক মাধুর
বাহ্মণোক্তম আছেন, তিনি শ্রীকৃষ্ণের অবতার এবং তিনিই তোমার মহান্ গুরু।" উক্ত গ্রন্থের
ছিতীয় খণ্ডের ১া১১৩-১১৬ ল্লোকে বৃন্দাবনে জরন্থের যে বর্ণনা আছে তাহা শ্রীচৈতক্তেরই ভাব-বর্ণনা।

তাঁহার অলোকসামান্ত রূপের বর্ণনা করিতে যাইয়া কত সমদাময়িক কবি
মুগ্ধ-বিশ্বয়ে বলিয়াছেন—

গোরারপে কি দিব তুলনা।
তুলনা নহিল যে কবিল বান সোণা।
মেঘের বিজুরী নহে রূপের উপাম।
তুলনা নহিল রূপে চম্পকের দাম।
তুলনা নহিল স্বর্ণ-কেতকীর দল।
তুলনা নহিল গোরোচনা নির্মল।
কুঙ্গুম জিনিয়া অঞ্চ-গন্ধ মনোহরা।
বাস্থ কহে কি দিয়া গঢ়িল বিধি গোরা॥

—ভক্তিরত্রাকর পৃ. ১৩৪, পদক. ১১৩৭

এমন যে অত্লনীয় রূপ তাহাও তাঁহার ভাব-বিকারের প্রাবল্যে কথনও কথনও লুকায়িত হইত। রঘুনাথদাদ গোস্বামী শ্রীগৌরাঙ্গন্তব-কল্লভকর দ্বিতীয় শ্লোকে বলিয়াছেন যে বিবর্ণতা স্তম্ভ বা জড়ের মতন ভাব, অফুটবচন, কম্প, অশ্রু, পুলক, হাস্ত্র, ঘর্ম, প্রভৃতি যেন তাঁহার দেহে নববিধ রহালঙ্কারের তায় শোভা পাইত।

Three powerful rulers of early 16th Century CE Prataprudra of Utkal, Krishnadev of প্রতিপিক্ষ যৌড়েশ শতাকার প্রথম পাদের ভারতবর্ধের তিনজন ক্ষমতাvijaynagar and Husen Sah of Bengal-Bihar
শালী নূপতির মধ্যে অগ্রতম—অগ্র হইজন হইতেছেন বিজয়নগরের ক্ষদেব
রায় ও বাঙ্গালা-বিহারের হুদেন শাহ। এমন একজন সার্কভৌম রাজা
শীচৈতগ্রের দর্শন লাভ করিবার জন্ম ব্যাকুল; অথচ প্রভূ বিষয়ীর সংস্পর্শে
আদিতে চাহেন না। উড়িয়ার ভক্তগণ তথন প্রভূর অজ্ঞাতে রাজাকে
তাহার নৃত্য দর্শন করাইলেন। নৃত্যের মধ্যে প্রভূর অলোকিক ভাব দেখিয়া
প্রতাপক্ষ পরম সন্তোষ লাভ করিলেন। কিন্তু একটা ব্যাপারে তাহার একট্
খট্কা লাগিল—

প্রভূব নাসায় যত দিব্য-ধারা বহে।
নিরবধি নাচিতে শ্রীমৃথে লালা হয়ে॥
ধূলায় লালায় নাসিকার প্রেমধারে।
সকল শ্রীঅক ব্যাপ্ত কীর্ত্রনবিকারে॥

এ সকল ক্লফভাব না বৃঝি নৃপতি। ঈষত সন্দেহ তান ধরিলেক মতি॥—চৈ. ভা., ৩া৫

পরে অবশ্য জগরাথের রূপায় তিনি শ্রীচৈতন্তের ভাববিকারের মর্ম ব্ঝিতে পারিয়াছিলেন। ভাবের মান্ত্ব শ্রীচৈতন্ত ; ভাবের আবেগে দেহের কি দশা হইত তাহার প্রতি তাহার একটুকুও লক্ষ্য থাকিত না। বৃহদ্যাগবতামতে সনাতন গোস্বামী গোপকুমারের গুরুর অবস্থা বর্ণনা করিতে যাইয়া লিথিয়াছেন—

কী ব্ৰয়ন্তং মৃহঃ কৃষ্ণং জপধ্যানৱতং কৃচিং।
নৃত্যন্তং কাপি গায়ন্তং কাপি হাসপরং কৃচিং॥
বিক্রোশন্তং কৃচিভূমৌ স্থালন্তং কাপি মন্তবং।
লুঠন্তং ভূবি কুত্রাপি রুদন্তং কৃচিভূদ্ধকৈঃ॥
বিসংজ্ঞং পতিতং কাপি শ্লেম্মলালাশ্রধারয়া।
পদ্ধরন্তং গবাং ব্যু-রুজাংদি মৃতবং কৃচিৎ॥—২।১।১১৪-১১৬

অর্থাৎ কখনও তিনি কৃষ্ণনাম কীর্ত্তন করিতেন, কখনও জপে বা ধ্যানে রত থাকিতেন, কখনও উন্নত্তের স্থায় নৃত্য করিতেন, কখনও গান করিতেন, কখনও হাস্থ করিতেন, কখনও চীৎকার করিতেন, কখনও বা ভূতলে পতিত হইয়া লুঠন করিতেন, কখনও উচ্চৈঃস্বরে রোদন করিতেন। কখনও অচেতনপ্রায় ভূতলে পতিত হইতেন এবং তাঁহার নালিকা ও ম্থনির্গত শ্রেমা লালা ও নয়নের অশ্রুধারা গোচারণের পথের ধূলিকে কর্দ্দমিত করিত। কখনও বা তিনি মৃতবং অচেতন হইয়া পড়িয়া থাকিতেন। সনাতন গোম্বামীর জয়ন্তরূপী গুক্ত শ্রীচৈতত্যের ভাবের এই আলেখ্য বৃন্দাবনদাদের উপরে উদ্ধৃত বর্ণনাকে সমর্থন করিতেছে।

প্রভাব প্রেমাশ ও ভাবের এখাছিল। ক্লাল লক্ষ লোককে প্রেমভাক্তর উপাদনায় প্রলুব করিয়াছিল। ক্লাল ধর্মপ্রচারক মহাপুরুষদের লায় তাঁহাকে কথনও বক্তৃতা করিতে হয় নাই, গ্রন্থ লিখিতে হয় নাই, এমন কি দশজনের মাঝে দশটা উপদেশও দিতে হয় নাই। নরহরি সরকার ঠাকুর তাঁহার শ্রীকৃষ্ণভজনামৃত্য্-নামক ক্ষুদ্র সংস্কৃত গ্রন্থে সত্যই বলিয়াছেন যে প্রভূ "কেবলং প্রেমধার্য়েব সর্বেধামাশয়ং শোধিতবান্, আহ্রন্থাবঞ্চ চ্ণিতবান্"—কেবল নয়নের প্রেমাশ্রার দ্বারাই তিনি সকলের চরিত্র শোধন করিয়াছেন,

তাহাদের আহ্বীভাব চ্ণীকৃত করিয়াছেন। প্রবোধানন্দ সরস্বতী তাঁহার প্রেম-প্রচারের প্রণালী বর্ণনা করিতে যাইয়া বলিয়াছেন—

দৃষ্ট্বা মান্ততি নৃতনামৃদচয়ং সংবীক্ষ্য বৰ্হং ভবে
দত্যস্তং বিকলো বিলোক্য বলিতাং গুঞ্জাবলীং বেপতে।
দৃষ্টে স্থামকিশোরকেপি চকিতং ধত্তে চমৎকারিতা
মিথং গৌরতহ্যং প্রচারিতনিজ্ঞামা হরিং পাতু বং।
—শ্রীচৈতগ্যচন্দ্রামৃত ১৪

অর্থাং যিনি নবীনমেঘসমূহ দেখিয়া মাতিয়া উঠেন, ময়্বচন্দ্রিকা দেখিয়া অতিশয় ব্যাকুল হইয়া পড়েন, গুঞাবলী দর্শনে যাহার অঙ্গ-সকল কম্পিত হয় এবং যিনি ভামকিশোর প্রুষ দর্শনে চকিত হইয়া চমংকারিতা ধারণ করেন, এইভাবে নিজপ্রেমপ্রচারক সেই গৌরহরি তোমাদিগকে রক্ষা করুন। শ্রীরূপগোস্বামী শ্রীচৈতভাকে "বিনির্যাসঃ প্রেয়ো নিখিল পশুপালামুজদৃশাং" সমন্ত ব্রজ্গোপীদের প্রেমের বিনির্যাস (essence) বলিয়া ত্তব করিয়াছেন। প্রত্যক্ষদর্শীদের এইসব বিবরণ হইতে কৃষ্ণদাস কবিরাজ শ্রীচৈতভারে দাক্ষিণাত্যভ্রমণ্কালে প্রেমধর্ম-প্রচারের প্রণালী সম্বন্ধে বলিয়াছেন যে প্রভু কৃষ্ণ কৃষ্ণ বিদয়া পর্থ দিয়া চলিয়া যাইতেছেন,

লোক দেখি পথে কহে বল হরি হরি।
সেই লোক প্রেমে মন্ত বলে হরি কঞ।
প্রভুর পাছে দকে যায় দর্শনে দত্ঞ।
কথো দ্র বহি প্রভু তাঁরে আলিন্ধিয়া।
বিদায় করেন তাতে শক্তি দক্ষারিয়া।
সেই জন নিজ গ্রামে করি আগমন।
কৃষ্ণ বলি নাচে কান্দে হাসে অফুক্ষণ।
যারে দেখে তারে বলে বল কফ্ফনাম।
গ্রহমত বৈহুব কৈল দব নিজ্গ্রাম।
গ্রামান্তর হৈতে দৈবে আইদে যত জন।
তাঁহার দর্শনকপায় হয় তাঁর দম।
দেই যাই নিজ্গ্রাম বৈহুব করয়।
অন্ত্র্গ্রামী তাঁরে দেখি সেহো বৈহুব হয়।

সেই যাই আর গ্রামে করে উপদেশ। এইমতে বৈষ্ণৰ হৈল দক্ষিণ প্রদেশ॥—চৈ. চ., ২।৭

নবদীপের বিশ্বস্তব পণ্ডিত ২২।২৩ বৎসর বয়সে গয়া হইতে ভাবভক্তি লইয়া ফিরিলেন। তিনি ভাবাবেশে কখনও কখনও ক্ষের মতন বেশভূষা করিতেন, বিষ্ণুর সিংহাসনের উপর যাইয়া বসিতেন, ভক্তগণকে স্তব করিতে, পূজা করিতে বলিতেন। অমুপমস্থলর ২৩ বছরের এই তরুণ যুবককে স্থাসিদ্ধ ভক্ত ও পণ্ডিত অধৈত আচার্য্য, শ্রীবাস, মুরারি গুপ্ত এবং নিত্যানন্দের ন্তায় সমগ্ৰ-আৰ্য্যাবৰ্ত্ত-পবিভ্ৰমণকাৰী সন্ত্ৰ্যাসী সাক্ষাৎ-ভগবান্ বলিয়া পূজা ও অভিষেক করিয়াছিলেন। সন্ন্যাস-গ্রহণের পর ঐতিচততা কথনও বিষ্ণুর সিংহাসনে বসেন নাই, নিজেকে ভগবান বলেন নাই, এমন কি কেহ তাঁহাকে 'সচল জগন্নাথ' বলিলে তাঁহার প্রতি বিরক্ত হইয়াছেন। তাঁহার বেশভূষাও একেবারে খাঁটি সন্ন্যাসীর মত। পরিধানে মাত্র একথানি কৌপীন, ভাহার উপর অরুণবর্ণের এক বহির্বাস—"দধানঃ কৌপীনং তত্বপরি বহির্বস্তমরুণং" (রঘুনাথদাস ১।৩), তরণিকরবিছোতিবসনঃ ( এরপ ১।৪)। অলকার হইয়াছে তাঁহার কটিদেশে বিলম্বিত করক—নারিকেলের থোলা দিয়া তৈয়ারী জলপাত্র—"কটিলসৎকরন্ধালন্ধার" ( শ্রীরূপ ২।৭ )। উচ্চৈঃস্বরে যে হরিনাম করেন, তাহা গণনা করিবার জন্ম গ্রন্থীকৃত কটিস্তে তাঁহার বামহন্ত স্থাভিত--

> হরেক্নফেত্যুকৈঃ স্বৃরিতরসনো নামগণনা কৃতগ্রন্থিণী স্বভগকটিসুত্রোজ্জলকরঃ ॥—শ্রীরূপ ১।৫

কৃষ্ণদাস কবিরাজও লিথিয়াছেন তীর্থভ্রমণের সময়ও প্রভূর "চুই হস্ত বন্ধ নামগণনে" (২।৭।৩৬)।

সংখ্যা রাখিয়া হরেকৃষ্ণ নাম করা ঐতিচতত্তের পক্ষে সহজ ছিল না।
নাম করিবামাত্র যাঁহার নয়ন-সমক্ষে নামীর রূপগুণ ক্ষরিত হইত, তাঁহার
পক্ষে নামগণনা করা অসাধারণ সংযমের পরিচায়ক। অথচ তিনি "আপনি
আচরি ধর্ম জীবেরে শিখায়" বলিয়া সংখ্যা রাখিয়া নাম করা অবশ্ত-প্রয়োজন
মনে করিতেন। লক্ষ নাম যে বৈষ্ণব না করিতেন, তাঁহার গৃহে তিনি অর
গ্রহণ করিতেন না। জগাই মাধাই বৈষ্ণব হইয়া তুইলক্ষ নাম প্রত্যহ
করিতেন ( চৈ. ভা. ২০১৫ )। হরিদাস ঠাকুর প্রত্যহ তিনলক্ষ নাম করিতেন।

গোরথপুরের গাঁতাপ্রেসের সাধকপ্রবর শ্রীহন্থমানপ্রসাদ পোদ্ধার লিথিয়াছেন যে ৬ ঘণ্টায় একলক্ষ নাম করা যায় (The Divine Name and Its Practice, পৃ. ৪২)। কিন্তু নাম করিতে করিতে জিহ্বার আড়প্টতা যথন বিদ্বিত হয় তথন ২ ঘণ্টা ২॥০ ঘণ্টাতেও একলক্ষ নাম করা যায়। গোবর্দ্ধনের নিকটস্থ গোবিন্দকুণ্ডের ভজননিষ্ঠ অকিঞ্চন বৈষ্ণবগণ এইরূপ কালের মধ্যে একলক্ষ নাম গ্রহণ করেন দেখিয়াছি। মহাপ্রভু কয়লক্ষ নাম প্রত্যহ করিতেন? কৃষ্ণদাস কবিরাজ লিথিয়াছেন যে

বৃন্দাবনে আসি প্রভূ বসিয়া একান্তে।
নাম সংকীর্ত্তন করে মধ্যাক্ত পর্যান্তে॥—২।১৮।৭৩

ব্রাহ্মমূহুর্ত্ত হইতে মধ্যাহ্ন পর্যান্ত প্রায় নয় ঘণ্টা সময়। মহাপ্রভু উচ্চৈঃস্বরে নাম সংকীর্ত্তন করিতেন বলিয়া তাঁহার অন্ততঃ তিন ঘণ্টা সময় লাগিত একলক্ষনাম করিতে। নয় ঘণ্টায় তিনি হরিদাস ঠাকুরের মতন তিনলক্ষ নাম করিতেন অহুমান করা যায়।

সন্মাসী ঐতিতত্ত কঠোরভাবে সন্মাসের নিয়মাদি প্রতিপালন করিতেন।
জগদানক তাঁহার জন্ত এক কলস চন্দনাদি তৈল আনিয়াছিলেন। প্রভূ তাহা
গ্রহণ করিলেন না। জগদানক বারংবার অহুরোধ করায় তিনি বলিলেন—
দেখ আমি যদি তৈল ব্যবহার করি তবে—

পথে যাইতে তৈলগন্ধ মোর যে পাইবে।
দারী সন্মানী করি আমারে কহিবে ॥— চৈ. চ., ৩।১২

লোকের নিন্দাস্ততিতে তাঁহার অবশ্য কিছুই হইত না, তব্ও জনসমাজে আদর্শ স্থাপন করা তিনি কর্ত্তর মনে করিতেন। নিরন্তর ক্ষণ-বিরহে তাঁহার দেহ ক্ষীণ হইয়া গিয়াছিল। কলার শরলা বা বাকলের উপর তিনি শয়ন করিতেন। ভক্তেরা দেখিতেন যে প্রভুর "শরলাতে হাড় লাগে, ব্যথা লাগে গায়"। তাই জগদানন্দ স্ক্র বস্ত্র আনিয়া উহা রাজাইয়া তাহার মধ্যে শিমুলের তুলা ভরিলেন। জগদানন্দের ভয় ছিল প্রভু ইহা গ্রহণ করিবেন না; তাই স্কর্মপ-দামোদরকে তিনি অহ্বরোধ করিলেন যাহাতে প্রভু উহা প্রত্যাখ্যান না করেন। প্রভু গোবিন্দকে বলিয়া তুলা ফেলাইয়া দিলেন। স্কর্মপ নম্রভাবে বলিলেন যে ইহাতে জগদানন্দ বড় হৃংখ পাইবেন। প্রভু ঠাটা করিয়া বলিলেন, শুধু তুলার গদি কেন ? একথানি খাটও আনাও!

#### প্রভু কহেন, খাট এক আনহ পাড়িতে।

জগনানন চাহে আমায় বিষয় ভূঞাইতে ॥— চৈ. চ., ৩৷১৩
Kashi Mishra' House where Sri Chaitanya stayed now known as Gambhira of Rahakantamath

প্রভূ কোনরপ বিলাসব্যদন ব্যবহার করেন নাই। কাশীমিশ্রের বাড়ীতে যে ঘরটীতে তিনি থাকিতেন, তাহাই এখন রাধাকান্তমঠে অবস্থিত গন্তীরা নামে পরিচিত। ঐ ঘরটী এত ছোট যে শ্রীচৈতন্তের মতন লম্বাচওড়া মাহুষের থাকিতে নিশ্চয়ই কট হইত। কিন্তু দেহের স্থতঃথের প্রতি যার নজর থাকে দেই তঃখ পায়; ভাবলোকে যাহার অহরহঃ বিচরণ তাঁহার আবার তঃখ কোথায়?

শ্রীচৈতন্ত সন্ন্যাদের কঠোর নিয়ন প্রতিপালন করিলেও ওচ্চ বৈরাগ্যে হদয়ের রূপরদকে নির্কাসিত করেন নাই। জীবনের রুসে ছিলেন তিনি ভরপূর। নবদীপে তিনি হরিদাস, অদ্বৈত প্রভৃতি প্রবীণ ভক্তবৃন্দকে লইয়া অভিনয় করিয়াছিলেন। পুরীর ইন্দ্র্যায়-সরোবরে সার্কভৌম ভট্টাচার্য্যের ন্যায় স্থবিজ্ঞ প্রৌচ পণ্ডিতকেও তিনি জলপেলায় মাতাইয়াছিলেন।

সার্কভৌমসহ থেলে রামানন্দরায়।
গান্তীর্য্য গেল দোঁহার, হৈল শিশুপ্রায়॥
মহাপ্রভূ তাঁহা দোঁহার চাঞ্চল্য দেখিয়া।
গোপীনাথাচার্য্যে কিছু কহেন হাসিয়া॥
পণ্ডিত গন্তীর দোঁহে প্রামাণিক জন।
বাল্যচাঞ্চল্য করে, করহ বর্জন॥—হৈচ. চ., ২।১৪

মহাপ্রভুর এই পরিহাস-প্রিয়তার আরও দৃষ্টান্ত পরে দিব। জলক্রীড়ায়

হাসি মহাপ্রভূ তবে অদৈতে আনিল। জলের উপরে তাঁরে শেষশয্যা কৈল। আপনে তাহার উপর করিল শয়ন। শেষশায়ি-লীলা প্রভূ কৈল প্রকটন॥

আবার ক্লফজন্মধাতার পরদিন নন্দমহোৎসব-উপলক্ষ্যে

গোপবেশ হৈলা প্রভু লঞা ভক্তসব॥
দধিত্ব-ভার সবে নিজ স্বন্ধে করি।
মহোৎসবের স্থানে আইলা বলি হরি হরি॥
কানাই খুঁটিয়া আছে নন্দবেশ ধরি।
জগন্নাথ মাহিতী হইয়াছে ব্রজেশ্বরী॥

আগনে প্রতাপকত্র আর মিশ্র কাশী।

শর্কভৌম আর পড়িছা পাত্র তুলসী॥

ইহা সব লঞা প্রভু করে নৃত্য-রঙ্গ

দিধ হগ্ধ হরিদ্রাজলে ভরে সবার অঙ্গ॥

আইত কহে, সত্য কহি, না করহ কোপ।

লগুড় ফিরাইতে পার, তবে জানি গোপ॥

তবে লগুড় লইয়া প্রভু ফিরাইতে লাগিলা।

বারবার আকাশে ফেলি লুফিয়া ধরিলা॥

শিরের উপরে পৃঠে সম্মুথে তুইপাশে।

পাদমধ্যে ফিরায় লগুড় দেখি লোকে হাসে॥

আলাতচক্রের প্রায় লগুড় ফিরায়।

দেখি সব লোক চিত্তে চমংকার পায়॥—ৈ চৈ. চ., ২।১৫

পূর্ব্বেই দেখাইয়াছি যে এই অংশ কবিরাজ গোস্বামী কবিকর্ণপূরের মহাকাব্য (১৮।১৪ ও ১৮।৫০) হইতে লইয়াছেন। বিশ্বস্তর মিশ্র যে নবদ্বীপে শুধু পাণ্ডিত্যই অর্জন করিয়াছিলেন তাহ। নহে; লাঠিখেলাতেও তিনি পারদর্শিতা লাভ করিয়াছিলেন। তাহা না হইলে এমন করিয়া আলাতচক্রের মতন লগুড় ঘুরাইতে পারিতেন না।

বিশ্বস্তার সঙ্গীত-শিক্ষাও করিয়াছিলেন। তবে মৃকুন্দ দত্ত, মাধবানন্দ ঘোষ প্রভৃতির স্থায় তিনি মূলগায়েন হইয়া এরফের রসকীর্ত্তন করিতেন না। নামকীর্ত্তনাদিতে অবশ্য তিনি প্রধান অংশ গ্রহণ করিতেন। কবিকর্ণপূর লিখিয়াছেন যে নবদীপ-লীলায়—

বক্রেশ্বর নৃত্যতি গৌরচন্দ্রো গায়ত্যমন্দং করতালিকাভিঃ।
বক্রেশবো গায়তি গৌরচন্দ্রে, নৃত্যত্যসৌ তুল্যস্থামূভূতিঃ॥
—শ্রীচৈতক্যচন্দ্রোদয় নাটক, ৪।৮

বাস্থ ঘোষ একটি পদে লিথিয়াছেন যে

মুরলীর রক্ষে ফুক দিলা গোরাচান্দ অঙ্গুলি চালায়া করে স্থললিত গান।

—ভক্তিরত্বাকর, পৃ: ৯৩৫ উদ্ধত

.স্বতরাং প্রভু মুরলী বাজাইতেও জানিতেন।

শ্রীচৈতন্তের ভাবভক্তির অন্তর্গালে রসের ফল্কশ্রোত বহিত। রূপে রসে, হাস্থ-পরিহাদে তিনি ভক্তগণের মনপ্রাণ হরণ করিয়া লইয়াছিলেন। কঠোর বৈরাগ্য-সাধনাতেও তাঁহার স্বাভাবিক পরিহাদপ্রিয়তার হ্রাস ঘটে নাই। তরুণ নিমাই পণ্ডিত বিহাচর্চায় যখন নিবিষ্ট তথন বলিতেন—কলিকালে সন্ধিকার্য্যে যাহার জ্ঞান নাই তাহারই উপাধি হয় ভট্টাচার্য্য। সেকালে যাহাকে ভট্টাচার্য্য বলা হইত, একালে তাঁহাকে প্রফেসর বলে। শ্রীহট্টিয়া ও পূর্ববঙ্গের লোকদের কথা-বলার ধরণ নকল করিয়া তিনি কথা বলিতে ভালবাসিতেন। নিমাই পণ্ডিত কিছুদিনের জন্ত পূর্ববঙ্গের কথা বলিতে বলিতে

বঙ্গদেশি বাক্য অন্ত্ৰরণ করিয়া। বাঙ্গালেরে কদর্থেন হাসিয়া হাসিয়া॥— চৈ. ভা., ১।১০

বৃন্দাবনদাস ঐতিচতগ্যভাগবতে বিষ্ণুপ্রিয়াকে লক্ষ্মী নামে উল্লেখ করিয়াছেন। সম্ভবতঃ গ্রম্থরচনার সময়ে বিফুপ্রিয়া জীবিত ছিলেন এবং তাঁহার প্রতি সম্ভ্রমবৃদ্ধিতে কবি তাঁহার নাম করিয়া তাঁহার কথা বলেন নাই। নারায়ণরূপী বিশ্বস্তব মিশ্রের পত্নী তত্ত্তঃ লন্ধী, স্তবাং লন্ধী নামেই বিষ্ণুপ্রিয়ার সম্বন্ধে নিতান্ত প্রয়োজনীয় ছুইচারিটি কথা বৃন্দাবনদাস লিখিয়াছেন। বিফুপ্রিয়া-সম্বন্ধে এই স্বল্পরিমাণ তথ্যের মধ্যে একটি কৌতুকাবহ ঘটনার ইন্ধিত Nityananda prabhu came to Nabadwip after Vaishakh of 1509 CE যেন রৌদ্রকিরণে ঝিকিমিকি করিতেছে। ১৫০০ গ্রীষ্টান্দের বৈশাধ মাসের পর যথন নিত্যানন্দ প্রভু নবদীপে আদিয়াছেন ও শচীমাতার নিকট পুত্রমেহ লাভ করিয়াছেন, সেই সময় একদিন স্বপ্ন দেখিয়া শচীদেবী নিভূতে বিশ্বস্তরকে বলিলেন—"দেখ বাবা! আজ শেষ রাত্রে আমি এক Incredible dream of Sachi mother of Bishwambhar আছুত স্বপ্ন দেখিয়াছি। তুমি আর নিত্যানন্দ যেন বছর পাঁচেক বয়সের ছেলে হইয়াছ। তুই ভাই মারামারি করিয়া ছুটাছুটি করিতেছ। সহসা তোমরা ঠাকুরঘরে ঢুকিলে, আর দেই সময় কৃষ্ণ ও বলরাম তুইজনে বাহির হইয়া আসিয়া তোমাদের তুই ভাইয়ের সঙ্গে মারামারি আরম্ভ করিয়া দিলেন। তাঁহারা তোমাদিগকে বলিলেন—'তোমরা কে? এখানে আসিয়াছ কেন? এথানে যত কিছু দই, হুধ, সন্দেশ দেখিতেছ সব কিন্তু আমাদেৱ; তোমরা ইহার কিছুই পাইবে না।' ইহা শুনিয়া নিত্যানন্দ উত্তর দিলেন—

'আরে সেকাল আর এখন নাই। তখন ছিল গোয়ালার যুগ, তাই খুব ফুর্ত্তি করিয়া দধি-মাখন লুটিয়া খাইয়াছ। এখন বাম্নের যুগ—
আমরা খাইব। সেইজন্ম ভালোয় ভালোয় সব উপহার ছাড়িয়া দাও।
যদি না দাও তবে মার খাইবে।' রুফ-বলরাম বলিলেন—'বটে! দেখ আমাদের দোব নাই কিন্তু, এ তুইজন আজ্ব বাঁধা পড়িবে।' নিত্যানন্দ বলরামকে বলিলেন—'আরে, তুমি রুফের ভয় কি দেখাইতেছ? গৌরচন্দ্র বিশ্বস্তর আমার ঈশ্বর।' এই রকম ঝগড়াছন্দ্র করিতে করিতে কাড়াকাড়ি করিয়া সব জিনিষ চারজনে মিলিয়া খাইলেন। এমন সময় নিত্যানন্দ যেন আমাকে ডাকিলেন—'মা! বড় কিষে পেয়েছে, ভাত দাও।' ঐ ডাকে আমার ঘুম ভালিয়া গেল। এমন অস্তুত স্বপ্লের কি মানে ভাবিয়া পাইতেছি না। ভোরের স্বপ্ল বলিয়া ভাবনা আরও বেশী হইতেছে।"

মায়ের কথা শুনিয়া বিশ্বস্তর হাসিয়া বলিলেন—

"বড়ই স্থপ্প তুমি দেখিয়াছ মাতা।
আর কারো ঠাঞি পাছে কহ এই কথা॥
তোমার ঘরের মৃত্তি পরতেথ বড়।
মোর চিত্ত তোমার স্থপ্পতে হৈল দ্ ॥
মূঞি দেখো বারেবারে নৈবেছের কাজে।
আধাআধি থাকে, না কহি কারে লাজে॥

"মা! তোমার ঘরের ঠাকুর বড় প্রত্যক্ষ, জাগ্রত দেখিতেছি। তোমার স্থপের কথা যেন আর কাউকে বলিও না। আমিও ভোগ দিতে যাইয়া দেখি যে নৈবেছের আধাআধি থাকে না; লজ্জায় কাহাকেও বলি না।" এ পর্যস্ত বেশ সোজা কথা। কিন্ধ নিমাই পণ্ডিত ইহার পর যাহা বলিলেন তাহা anticlimax-এর চরম—

তোমার বধ্রে মোর সন্দেহ আছিল। আজি সে আমার মনে সন্দেহ ঘুচিল॥—চৈ. ভা., ২৮

সোজা কথায়—"তোমার পুত্রবধ্রই এই কাও। তিনিই নৈবেছের অর্দ্ধেক সাবাড় করিয়া দেন।" স্বামীর এই পরিহাসে—

### হাসে লক্ষ্মী জগন্মাতা—স্বামীর বচনে। অন্তরে থাকিয়া সব স্বপ্ন কথা শুনে॥

নিমাই পণ্ডিতের দাম্পত্যজীবনের উপর এক ঝলক আলো ফেলিয়া রুদাবনদাস যেমন রসগ্রাহিতার পরিচয় দিয়াছেন, তেমনি নিরস্তর রুফ্জাবে ভাবিত বিশ্বস্তর মিশ্রের ভিতর যে এক পরিহাসরসিক তরুণ যুবা লুকাইয়া ছিলেন তাহা দেখাইয়া ইতিহাসের পাঠকদের রুতজ্ঞতাভাজন হইয়াছেন।

অদৈতপ্রভু বিশ্বস্তর অপেক্ষা বয়দে অনেক বড়। নিমাই যথন ছোট ছেলে—পাঁচ ছয় বছর বয়স—তথন অবৈত বিখ্যাত অধ্যাপক ও ভক্ত। এহেন অবৈত আচার্য্যের প্রতিও বিশ্বস্তর মিশ্র পরিহাসবাণ নিক্ষেপ করিতে. বিরত হন নাই। অবৈতের হুই পত্নী—সীতা ও শ্রীদেবী। শ্রীচৈতক্যচন্দ্রোদয় নাটকের দিতীয় অংশ কবিকর্ণপূর লিখিয়াছেন—বিশ্বস্তর একদিন শ্রীবাদ-অবৈতাদি-পরিবৃত হইয়া বদিয়া ছিলেন, দেই সময়ে তিনি 'দপরিহাদমদ্বৈতং প্রতি' বলিয়া উঠিলেন—"শীতাপতির্জ্জয়তি লোকমলম্বনীর্ত্তিঃ।" অবৈত তাহার উত্তরে বলিলেন—"এখানে রঘুনাথ কোথায়? যতুপতি আপনিই তো উপস্থিত।" শ্রীবাদ বলিলেন—"এখন দেখিতেছি ভক্তি তিরোহিতা হইয়াছেন।" বিশ্বস্তর বলিলেন—"তা কেন ? আপনাদের মতন সাধুদের নিকট শ্রীবিষ্ণু-ভক্তি রহিয়াছেন।" অবৈত উত্তর দিলেন—"ইদানীং সেব বিফুপ্রিয়া"। এমন সময় শচীদেবী বলিয়া পাঠাইলেন যে অদ্বৈত যেন আজ তাঁহার গৃহেই ভোজন ও বিশ্রাম করেন। এবিাদ ইহা শুনিয়া বলিলেন--"তাহা হইলে আমারও আজ এখানে ভোজন হইবে।" বিশ্বস্তুর বলিলেন—"এত লোকের জ্বন্স রম্বন করিতে ইহার বড় পরিশ্রম হইবে।" অদৈত এইবার তরুণী বিরুপ্রিয়াকে লক্ষ্য করিয়া বলিলেন—"ইহার কেন বলিতেছেন, তাঁহার বলুন।" বিফুপ্রিয়ার প্রতি বিশ্বস্তর মিশ্র যে একেবারে উদাদীন ছিলেন না তাহা হাস্থোজ্জল এই তুইটি দৃষ্টান্ত হইতে জানা যায়।

সন্ন্যাস-গ্রহণের পর প্রভ্র অনেক পরিবর্ত্তন ঘটিয়াছিল। উদ্দামতা ও দিবরভাবের আবেশ ব্রাস পাইয়াছিল; কিন্তু সভাবস্থলভ পরিহাসপ্রিয়তার লোপ পায় নাই। ইহার কয়েকটি দৃষ্টান্ত দিতেছি। একদিন কয়েকজন ব্রাহ্মণ থ্ব আগ্রহ করিয়া তাঁহাকে নিমন্ত্রণ করিতে আসিলেন। তাঁহাদিগকে দেখিয়াই হয়তে। প্রভূ ব্ঝিতে পারিয়াছিলেন যে ইহারা সাধনভজনে তেমন অগ্রসর নহেন। তাঁহাদের নিমন্ত্রণ এড়াইবার জন্ম তিনি বলিলেন—

চল তুমি আগে লকেশ্বর হও গিয়া। তথা ভিক্ষা আমার, যে হয় লকেশ্বর ॥— চৈ. ভা., ৩১০

ব্রাহ্মণেরা তো প্রভূর কথায় আকাশ হইতে পড়িলেন। তাঁহারা সাধারণ গৃহস্থ মাহ্য্য—

> বিপ্রগণ স্থতি করি বোলেন গোদাঞি। লক্ষের কি দায়, সহস্রও কারো নাঞি॥ তুমি না করিলে ভিক্ষা গার্হস্থ্য আমার। এখনেই পুড়িয়া হউক্ ছারগার॥

আমরা গরীব মামুষ, লক্ষ দূরে থাকুক, কাহারও সহস্রও নাই, কিন্তু তুমি আমাদের নিমন্ত্রণ স্বীকার যদি না কর, তাহা হইলে আমাদের গার্হস্য ছারখার যাউক। তাহাদের আকৃতি দেখিয়া প্রভূ বলিলেন—আরে! আমি কি লক্ষেশ্র মানে লক্ষ্টাকার অধিপতি বলিয়াছি?

> প্রভূ বোলে জান, লক্ষেশ্বর বলি কারে ? প্রতিদিন লক্ষনাম যে গ্রহণ করে ॥ দে জনের নাম আমি বলি "লক্ষেশ্বর"। তথা ভিক্ষা আমার, না যাই অন্য ঘর॥

এই কথা শুনিয়া ব্রাহ্মণের। হাঁফ ছাড়িয়া বাঁচিলেন। তাঁহারা প্রভুকে বলিলেন—

লক্ষনাম লৈব প্রভূ! তুমি কর ভিক্ষা।
মহাভাগ্য এমত করাও তুমি শিক্ষা॥
প্রতিদিন লক্ষনাম সর্ব্ব বিপ্রগণে।
লয়েন চৈতগুচন্দ্র ভিক্ষার কারণে॥

এইরূপ হাক্তপরিহাদের মধ্য দিয়া প্রেমভক্তি-প্রচারের দৃষ্টাস্থ বোধ হয় জগতের ইতিহাদে বিরল

হাসিঠাট্রার ভিতর দিয়া শিক্ষাদানের আর একটি কাহিনী পাই শিবানন্দ সেনের কনিষ্ঠ পুত্রের নামকরণে। শিবানন্দ সেন প্রভূর একজন প্রধান পরিকর। তাঁহার উপর ভার ছিল গৌড়ীয় ভক্তদিগকে পথে আহার ও বাসস্থানের ব্যবস্থা করিয়া ও পথের শুরাদি দিয়া রথের পূর্বে প্রতিবৎসর পুরীতে লইয়া যাওয়া। গৌড়ীয় ভক্তেরা পুরীতে যাইয়া সাধারণতঃ চাতুর্মান্ত ব্রত পালন করিতেন। এই সময় খুব সংযতভাবে ভজনসাধন করিতে হয়। কিন্তু একবার পুরীতে বাসকালে শিবানন্দের পত্নী সন্তানসম্ভবা হন। প্রভূ জানিতে পারিয়া শিবানন্দকে বলিলেন—

এবার তোমার যেই হইবে কুমার।
পুরীদাদ বলি নাম ধরিহ তাহার॥
তবে মায়ের গর্ভে হয় সেই ত কুমার।
শিবানন্দ ঘরে গেলে জন্ম হইল তার॥
প্রভুর আজ্ঞায় ধরিল নাম প্রমানন্দাদ।
'পুরীদাদ' করি প্রভু করে উপহাস॥—চৈ. চ., ৩)১২

এই উপহাস অন্তান্ত ভক্তকে যথোচিত সংযমের সহিত চাতুর্মান্তের সময় তীর্থবাস করিতে শিথাইয়াছিল।

কুস্মের তায় স্কুমার হইলেও বৈরাগ্যনিষ্ঠা ও সদাচার-পালন-ব্যাপারে শ্রীচৈতত ছিলেন বজাদপি কঠোর। অবৈত আচার্য্যের কমলাকান্ত বিশাস নামে এক কর্মচারী ছিল। খুব সন্তব অহিতের অক্তাতদারে প্রতাপরুদ্রের নিকট এক পত্র লিখিয়া তিনি প্রার্থনা করেন যে অবৈত আচার্য্য স্বয়ং ঈশ্বরস্বরূপ; কিন্তু তাঁহার সহসা কিছু ঋণ হইয়াছে; উহা হইতে মুক্তির জন্ম তিনশত তহার প্রয়োজন।

সেই পত্রীতে লিখিয়াছেন এই ত লিখন।

ঈশ্বত্বে আচার্য্যেরে করিয়া স্থাপন ॥

কিন্তু তাঁর দৈবে কিছু হইয়াছে ঋণ।

ঋণ শোধিবারে চাহি টাকা শত তিন ॥— চৈ. চ., ১।১২

এই পত্র প্রভ্র হাতে পড়ায় তিনি কমলাকান্ত বিশ্বাসকে আর তাঁহার সামনে আদিতে দিতে নিষেধ করিলেন। এই দণ্ড যে প্রকারান্তরে অধৈতের প্রতিই দণ্ড তাহা অধৈত ব্ঝিলেন। তাঁহার জ্ঞাতসারেই হউক, অজ্ঞাতসারেই হউক, তাঁহার নিজের কর্মচারীর কাজের জন্ম তিনি নিজেই দায়ী। প্রভূ অধৈতকে ব্ঝাইয়া দিলেন—

প্রতিগ্রহ না করিবে কভূ রাজধন। বিষয়ীর অন্ন থাহলে দুষ্ট হয় মন॥ মন তৃষ্ট হৈলে নহে ক্বফের স্মরণ।
কৃষ্ণস্থতি বিশ্ব হয় নিফল জীবন ॥
লোকলজ্জা হয়, ধর্ম-কীর্ত্তি হয় হানি।
এই কর্ম না করিহ কভূ ইহা জানি॥

প্রভূ কহে, বৈরাগী করে প্রকৃতি সম্ভাষণ।
দেখিতে না পারি আমি তাহার বদন॥
দুর্কার ইন্দ্রিয় করে বিষয় গ্রহণ।
দারু-প্রকৃতি হরে মুনিজনের মন॥— চৈ. চ., ৩া২

ছোট হরিদাস মনের তৃ:পে প্রয়াগে যাইয়া ত্রিবেণীসঙ্গমে আত্মবিসর্জ্জন করিয়াছিলেন। Why Sri Chaitanya wanted Nityananda prabhu not to come to Puri ?

শ্রীচৈতন্ত নিত্যানন্দ প্রভূকে গৌড়েই থাকিয়া প্রেমধর্ম প্রচার করিতে আদেশ করিয়াছিলেন—পুরীতে আদিতে নিষেধ করিয়াছিলেন। গৌড়ের লোকে নিত্যানন্দ প্রভূকে বিধি-নিষেধের উর্দ্ধে বলিয়া জানিতেন। তাঁহার সদাচার-লঙ্খনকে "তেজীয়সাং ন দোষায়" বলিয়া মনে করিতেন। কিন্তু পুরী ছিল তথন সর্বভারতীয় তীর্থক্ষেত্রের মধ্যে প্রধান। ভারতবর্ষের নানা প্রদেশ হইতে ভক্তগণ সেখানে রথাদি উংসব উপলক্ষ্যে আদিতেন। নিত্যানন্দ প্রভূ সন্ন্যাসের কোন বিধি-আচার পালন করিতেন না; ক্ষণে ক্ষণে তিনি দিগম্বর হইয়া পড়িতেন। এইসব দেখিয়া পাছে অগৌড়ীয়া ভক্ত ও সন্ন্যাসীদের মনে তাঁহার প্রতি অশ্রন্ধা জাগে ও তাহার ফলে প্রেমধর্ম-প্রচারের বিদ্ধ ঘটে এই ভয়েই শ্রীচৈতন্ত নিত্যানন্দকে পুরীতে আদিতে মানা করিয়াছিলেন। নিষেধ সত্ত্বেও অবশ্য নিত্যানন্দ প্রভূ কয়েকবার পুরীতে আদিয়াছিলেন।

Sri Chaitanya had special attraction to collect scriptures

প্রাচীন গ্রন্থ সংগ্রহের প্রতি শ্রীচৈতন্তের প্রচ্ব আগ্রহ ছিল। তিনি পদ্ধবিনীতীরে আদিকেশবের মন্দিরে ব্রহ্মশংহিতার পূঁথি দেখিয়া—"বহুষত্বে সেই পূঁথি নিল লেখাইয়া" (চৈ. চ., ২০০)। ক্রন্থবেয়াতীরে বিষমদলকত ক্রন্থকর্ণামৃত পূঁথির প্রচার দেখিয়া উহাও তিনি নকল করাইয়া আনেন। তাঁহার পূঁথিসংগ্রহের উত্তম দেখিয়াই বোধ হয় রূপ-সনাতন বৃন্দাবনে এক বিরাট গ্রন্থাগার স্থাপন করিয়াছিলেন। ঐ গ্রন্থাগারের কথা কোন বইয়ে নাই কিন্তু সনাতন গোস্বামী বৃহৎবৈষ্ণবতোষণী টীকাতে অর্থশাস্ত্র, ইতিহাস-সম্চ্য় প্রভৃতি ৮১ খানি গ্রন্থ হইতে শ্লোকাদি উদ্ধার করিয়াছেন। ডা. স্থশীলক্র্মার দে দেখাইয়াছেন যে হরিভক্তিবিলাদে ১১৮ খানি গ্রন্থ হইতে উদ্ধৃতি আছে। যাহারা রাজসম্পদ্ ত্যাগ করিয়া বনবাসী হইয়াছিলেন তাঁহাদের পক্ষে এত পুঁথি সংগ্রহ করা সহজ ছিল না। কিন্তু শ্রীচৈতন্তের অন্ধপ্রেরণাতেই তাঁহারা এই চুরহ কার্য্যে অগ্রসর হইয়াছিলেন।

শ্রীচৈতন্ত শ্রীমন্তাগবতকেই তাঁহার প্রেমধর্মের মূল উৎসন্ধপে প্রচার করিয়া-ছিলেন। শ্রীমন্তাগবতে যে ভক্তিরই প্রাধান্ত আছে, শ্রীকৃষ্ণের পরাংপরত্ব ঘোষিত হইয়াছে, এবং গোপীদের বিশেষতঃ শ্রীরাধার প্রেমই যে সাধ্য বস্তু এই মত প্রচার করিতে অন্ততঃ তুইজন ভক্তকে আদেশ দিয়াছিলেন। একজন হইতেছেন সনাতন গোস্বামী—ধিনি তাঁহার জীবনকালেই বৃহদ্ভাগবতামৃত লিখিয়া এইসব মত স্থাপন করেন। আর দিতীয় হইতেছেন কবিকর্ণপূরের গুরু শ্রীনাথ আচার্য্য, যিনি "চৈতন্তমতমন্ত্র্যা" নামে শ্রীমন্তাগবতের এক টীকা লেখেন। ঐ টীকায় ১০০০০ শত্র শ্লোকের ব্যাখ্যায় তিনি লিখিয়াছেন যে শ্রীকৃষ্ণ যে গোপীকে লইয়া রাসস্থলী হইতে অন্তর্জান করিয়াছিলেন তিনি হইতেছেন রাধা—"দা চ রাধা সর্কাঃ স্থীরকুশ্বত্য মনসি চকার।" ১০০০। ২৮র 'অন্যারাধিতা' শ্লোকেও "সর্কাভ্যো হাস্থামেব গরীয়দী প্রীতিরিতি রাধৈবেয়ং তৎসঙ্গে" বলিয়াছেন।

শীচৈতক্য রূপ, সনাতন, রঘুনাথদাস, গোপাল ভট্ট, প্রবোধানন্দ, মুরারি গুপু প্রভৃতি ভক্তগণকে সংস্কৃতভাষায় গ্রন্থরচনায় অন্প্রেরিত করিয়াছিলেন মনে হয়। কেন-না সংস্কৃতই ছিল তথন সর্ক্রভারতীয় ভাষা। প্রাদেশিক ভাষায় গ্রন্থাদি লিখিলে তাঁহার প্রচারিত প্রেমধর্ম ভারতের সর্ক্রে প্রচারিত হইত না। তাঁহার অন্থরক ভক্ত ও শিক্ষাদের মধ্যে অবাক্ষালীর সংখ্যা কর্ম ছিল না। রূপ-সনাতন তো একরকম বাক্ষালীই হইয়া গিয়াছিলেন, কিন্তু তাঁহারা

ছাড়াও ব্রাবিড়দেশের কাশীশ্বর গোস্বামী, গোপাল ভট্ট, ত্রিমল্ল ভট্ট, রাঘব গোস্বামী, রামদাদ বিপ্র ও প্রবোধানন্দ তাঁহার শ্রীচরণে আশ্রয় লইয়াছিলেন। তাঁহার শাথাভূক্ত ভক্তদের মধ্যে কৃষ্ণদাদ কবিরাজ এক শিবানন্দ দম্ভরের নাম করিয়াছেন। দম্ভর উপাধি গুজরাটের পার্শিদের মধ্যে দেখা যায়। চৈতন্ত্র-শাথাভূক্ত কামভট্ট, দিংহভট্ট এবং হরিভট্ট সম্ভবতঃ মহারাষ্ট্রীয় ছিলেন। উড়িয়া, অসমিয়া, ত্রিছতিয়া ভক্ত তো তাঁর অসংখ্য ছিল। ইহাদের জন্তও সংস্কৃতে গ্রন্থ-প্রচারের প্রয়োজন হইয়াছিল। কিন্তু চৈতন্তচন্দ্রের উদয়ে বন্ধ-দাহিত্য-দাগর একেবারে উথলিয়া উঠিয়াছিল। দেই দাহিত্য বান্ধালীর শিক্ষা-সংস্কৃতি ও সাধনার গতি একেবারে পরিবর্ত্তিত করিয়া দিয়াছে।

ত্বা শৈলাপুর জিলাপুর জানি ত্বা বিশিষ্ট্য হইতেছে তাঁহার উদার অসাম্প্রদায়িক ভাব। তিনি তীর্থভ্রমণকালে শৈব, শাক্ত, বৈষ্ণব সকল মন্দিরেই নির্কিচারে স্থতিনতি করিয়াছেন। মুসলমান ভক্তদিগকেও তিনি প্রেমের সঙ্গে আশ্রয় দিয়াছেন। যতিধর্মকে যিনি উল্লেখন করিতেন না তিনি যবন হরিদাসের তিরোধানের পর

হরিদাদের তন্থ প্রভু কোলে উঠাইয়া। অঙ্গনে নাচে প্রভু প্রেমাবিষ্ট হঞা॥—চৈচ. চ., ৩১১

শুধু তাই নহে, সমুদ্রতীরে তাঁহার সমাধি দিবার সময় "হরিদাসের পাদোদক পিয়ে ভক্তগণ" এবং

> হরিবোল হরিবোল বলে গৌররায়। আপনি শ্রীহন্তে বালু দিল তার গায়॥

# বৈষ্ণব-বন্দনা ও শ্রীচৈতন্মের সমদাময়িক পরিকরবৃন্দ

Vaishnav vandana বৈষ্ণব-বন্ধন

শ্রীযুক্ত অতুলক্ক গোস্বামী মহাশয় দেবকীনন্দন' দাসের বাংলা "বৈষ্ণব-বন্দনা" ও সংস্কৃত "বৈষ্ণবাভিধান" এবং বৃন্দাবনদাস-নামধারী এক ব্যক্তির "বৈষ্ণব-বন্দনা" সংগ্রহ করিয়া একত্রে প্রকাশ করিয়াছেন। বরাহনগর গ্রন্থমন্দিরে দেবকীনন্দনের "বৃহৎ বৈষ্ণব-বন্দনার" (৮০১ সংখ্যক পুথি) ও শ্রীজীবের সংস্কৃত "বৈষ্ণব-বন্দনার" (৪৪০ সংখ্যক পুথি) পুথি আছে। এই পাঁচখানি বৈষ্ণব-বন্দনা ছাড়া ছোটখাট আরও অনেক বৈষ্ণব-বন্দনার পুথি পাওয়া যায়"।

## বৈষ্ণব-বন্দনাসমূহে এীচৈতগুচরিতের উপাদান

বৈষ্ণব-বন্দনাসমূহে প্রীচৈতক্সচরিতের অনেক মূল্যবান্ উপাদান পাওয়া যায়। প্রীচৈতক্স যে প্রী, গিরি, ভারতী, সরস্বতী প্রভৃতি উপাধিধারী সন্মাসীদিগের সহিত অত্যন্ত ঘনিষ্ঠ সম্বন্ধ রাখিতেন, এই প্রয়োজনীয় তথাটী চরিতগ্রন্থে পাওয়া যায় না—বৈষ্ণব-বন্দনায় পাওয়া যায়। প্রীচৈতক্ষের পরিকরগণের সাধন-ভজন ও প্রভাব-প্রতিপত্তি কিরূপ ছিল তাহা বৈষ্ণব-বন্দনাগুলি হইতে যেমন স্পষ্টভাবে জানা যায়, কোন চরিতগ্রন্থ হইতে সেরূপ জানা যায় না। কয়েকটী উদাহরণ দিতেছি। অচ্যুতানন্দ ব্যতীত অক্সাক্ত অবৈত-পুত্রকে একদল ভক্ত যে বর্জন করিয়াছিলেন, এই সংবাদটী কেবলমাত্র শ্রীজীবের বৈষ্ণব-বন্দনায় পাওয়া যায়। অনম্ভ আচার্যের বাড়ী যে নবদ্বীপে ছিল, এই কথা প্রীজীব ও বৃন্দাবনদাসের বৈষ্ণব-বন্দনায় আছে। উদ্ধারণ দত্ত যে নিত্যানন্দের সঙ্গে সকল তীর্থে ভ্রমণ করিয়াছিলেন, এ কথা বৈষ্ণব-

- > प्रविभागता नाम व्यानक श्रुत देवकीनमान हाला इरेग्नाह ।
- ২ যতুনন্দনের বৈশ্ব-বন্দনার পুথির বিবরণ রঙ্গপুর সাহিত্য-পরিবং-পত্রিকার ২য় ভাগ, ২য় সংখ্যা (১৩১৪ সাল ) পৃ. ৮৩তে জন্তব্য। উহাতে মাত্র ১৫ জন ভক্তের বন্দনা আছে। বিজ্ঞ হরিদাস এক সংক্ষিপ্ত বৈশ্ব-বন্দনা লিখিয়াছিলেন। উহা বৃহস্তক্তিতত্বসারে ছাপা হইয়াছে।

বন্দনাগুলি ছাড়া অহা কোথাও পাওয়া যায় না। গোবিন্দ বিজ্ব নামে এক ভক্ত যে "প্রভু লাগি মানসিক সেতৃবন্ধ" রচনা করিয়াছিলেন, তাহাও কেবলমাত্র বৈষ্ণব-বন্দনাত্রয়েই পাওয়া যায়। নিম্নলিখিত তথ্যগুলিও এরপ বৈষ্ণব-বন্দনাতেই পাওয়া যায়—অহাত্র নহে। (১) গোরীদাস পণ্ডিত অহৈতকে উৎকলে লইয়া গিয়াছিলেন। বোধ হয় অহৈত জ্ঞানমিপ্রাভক্তি প্রচার করিয়া অনেককে স্বমতে লইয়া যাইতেছিলেন বলিয়া, প্রীচৈতহা গৌরীদাস পণ্ডিতের ঘারা অহৈতকে নিজের কাছে ডাকাইয়া লইয়া গিয়াছিলেন। (২) ধনপ্রয় পণ্ডিত "লক্ষকের গারিস্থ প্রভুপায় দিয়া, ভাওহাতে করিলেক কৌপীন পড়িয়া।" (৩) পরমেশ্রদাসের কীর্ত্তন শুনায় দ্যালেরা সমবেত হইত। (৪) পুরুষোজ্যদাস কর্ণের করবী-পুষ্পকে পদার্গন্ধ করিয়াছিলেন। (৫) বৃদ্ধিমন্ত খান প্রভৃতি ছয় জন স্থাসিন্ধ ভক্ত বন্ধচারী ছিলেন; যথা, শ্রীজীবের বৈষ্ণব-বন্দনায়—

বন্দে সদাশিবং বিজ্ঞানিধিং শ্রীগর্তমেবচ। শ্রীনিধিং বৃদ্ধিমস্তং চ শ্রীল শুক্লাম্বরং পরং॥ ব্রহ্মচারিন্ এতান্ বৈ প্রেমিণঃ যুমহাশয়ান্॥

এইরপ আরও অনেক নৃতন তথ্য বৈষ্ণব-বন্দনাসমূহে পাওয়া যায়।
বৈষ্ণব-বন্দনাসমূহে প্রদত্ত তথ্যগুলি কতটা বিশ্বাসযোগ্য, তাহা বিচার
করিতে হইলে প্রত্যেকথানি বৈষ্ণব-বন্দনার রচনা-কাল নির্ণয় করা প্রয়োজন।
দেবকীনন্দনের বৈষ্ণব-বন্দনা সর্বাপেক্ষা অধিক প্রচলিত; অনেক ভক্ত প্রাতঃকালে ঐ বন্দনা আর্ত্তি করেন। সেইজ্লা দেবকীনন্দন কোন্ সময়ে প্রাত্ভূতি
হইয়াছিলেন, তাহা প্রথমে বাহির করিতে চেষ্টা করা যাউক।

ভক্তিরত্নাকরে দেবকীনন্দনের ছোট বৈষ্ণব-বন্দনা (পৃ. ১০১৭) ও বৈষ্ণবাভিধান (পৃ. ৯৮৬-৭) উদ্ধৃত হইয়াছে। ১৬৯৬ খ্রীষ্টাব্দে মনোহর দাস অমুরাগবল্লীতে দিখিয়াছেন—

> শীনিত্যানন্দ প্রিয় শীপুরুষোত্তম মহাশয়। শীদেবকীনন্দনঠাকুর তাঁর শিশ্ব হয়॥ তি হো যে করিল বড় 'বৈফব বন্দন'। তাথে চারি সম্প্রদায় করিল লিখন॥"—পৃ. ৪৮

দেবকীনন্দন নিজেও প্রুষোত্তমকে গুরু বলিয়া বন্দনা করিয়াছেন। তাহা হইলে. বুঝা যাইতেছে যে, দেবকীনন্দন যোড়শ শতান্দীতেই বৈশ্বব-বন্দনা লিথিয়াছিলেন। বন্ধীয় সাহিত্য-পরিয়দের পুথিশালায় দেবকীনন্দনের ছোট বৈশ্বব-বন্দনার সাতাশখানি পুথি আছে (উহাদের সংখ্যা ৪৬৩—৭২, ১৪৮১—১১, ১৭৮৫, ১৮১৪, ২০৬৮, ২০৮৪, ২১০৭—৮)। ঐগুলির মধ্যে প্রাচীনতম পুথির (সংখ্যা ২০৮৪) তারিখ ১০৬১ সাল বা ১৬৫৪ খ্রীষ্টান্দ। ছাপা বৈশ্বব-বন্দনার সহিত ঐ পুথির প্রায় সর্কাংশে মিল থাকিলেও উহার শেষে আছে—

"বন্দনা করিব বৈষ্ণব মোর প্রাণ। শ্রীক্লফ্দাস কহে বৈষ্ণব আখ্যান॥

ইতি বৈশ্বব-বন্দনা সমাপ্তা। লিখিতং শ্রীগদাধর দেবশর্মা। ১০৬১ সাল তারিখ মাহ জ্যৈষ্ঠ।" বোধ হয়, চরিতামত-রচনার ৩০ বৎসরের মধ্যেই অন্তের লেখা বই কৃষ্ণদাস কবিরাজে আরোপ করার চেটা হইয়াছিল। তাহার ফলেই দেবকীনন্দনের বই কৃষ্ণদাসের ভণিতায় পাওয়া ঘাইতেছে। রাধানাশ কাবাসী মহাশয় "বৃহৎভক্তিতত্বসারে" দেবকীনন্দনের যে ছোট বৈষ্ণব-বন্দনা ছাপিয়াছেন, (১৩৩০ সালের সংস্করণ, ১১ হইতে ২৮ পৃঃ) তাহাতে দেবকীনন্দনের আত্মকাহিনী বলিয়া ২৪টি পয়ার আছে। ঐ পয়ার কয়টী সাহিত্যপরিষদে রক্ষিত সাতাশখানি পুথিতে নাই এবং অতুলকৃষ্ণ গোস্বামীও ছাপেন নাই। ঐ পয়ার কয়টীতে আছে যে, দেবকীনন্দন বৈষ্ণবগণকে সাধারণ মামুষ বলিয়া নিন্দা করিয়াছিলেন।

"সেই অপরাধে মৃঞি ব্যাধিগ্রন্ত হৈহু।"

তারপর

নাটশাল। হইতে যবে আইসেন ফিরিয়া। শান্তিপুর যান যবে ভক্তগোষ্ঠী লইয়া॥ সেইকালে দন্তে তৃণ ধরি দ্ব হৈতে। নিবেদিহু গৌবাঙ্কের চরণপদ্মতে॥

তিনি নিবেদন করিলেন যে "অপরাধ ক্ষম প্রভূ জগতের স্বামী।"

প্রভূ আজ্ঞা দিলা অপরাধ শ্রীবাদের স্থানে। অপরাধ হয়েছে তোমার তার পড়হ চরণে॥ প্রভূর আজ্ঞায় শ্রীবাদের চরণে পড়িম। শ্রীবাদ আগে দে গৌরের আজ্ঞা দমর্শিম। অপরাধ ক্ষমিলা দে আজ্ঞা দিলা মোরে। পুরুষোত্তম পদাশ্রয় কর গিয়া ঘরে।

নিম্লিখিত কারণে আমি মনে করি যে, ঐ ২৪টা পয়ার কেহ এটিচতন্ত্র-ভাগবত অবলম্বন করিয়া লিথিয়া পরবর্ত্তী কালে দেবকীনন্দনের বৈষ্ণব-বন্দনায়

Event of derogatory remark by a person towards Sribas as written in Murari Gupta's karcha 2/13/6-17 সংযোজন করিয়াছেন। কোন এক বৈষ্ণব-নিন্দকের কাহিনী মুরারি গুপ্ত তাঁহার করচায় লিবিয়াছেন (২।১৩।৬—১৭)। তাহাতে দেখা যায় যে, বৈঞ্চব-নিন্দক নবখীপের লোক। শ্রীবাদের প্রতি দ্বেষ করায় তাহার কুষ্ঠব্যাধি হইয়াছিল। শ্রীবাদের অমুরোধে বিশ্বস্তর তাহাকে উদ্ধার করেন। লোকটীর নাম কি, তাহা মুরারি বলেন নাই কর্ণপূর মহাকাব্যে (৮١১—১০) এই ঘটনা লিখিয়াছেন, কিন্তু তিনিও লোকটীর নাম বলেন নাই। লোচন উহা বর্ণনা করিয়াছেন ( মধ্যপণ্ড, ৩৫ হইতে ৩৭ পৃষ্ঠা )। আলোচ্য ঘটনা ম্রারি, কর্ণপূর ও লোচন নবখীপে সংঘটিত হইয়াছিল বলিয়া বর্ণনা করিলেও, বুন্দাবনদাস লিখিয়াছেন যে, এ ঘটনাটি শ্রীচৈতন্তের সন্ন্যাসগ্রহণের পাঁচ বৎসর পরে শাস্তি-পুরে ঘটিয়াছিল (ভা তাওা৪৩৭--ত্র পু:)। কিন্তু এন্থলে বুন্দাবনদাদের স্থান-সম্বন্ধে ভুল ধারণা ছিল। এরপ ভুল থবর তিনি আরও অনেক দিয়াছেন; যথা—কুটার কাহিনী বর্ণনা করিবার অব্যবহিত পূর্কে তিনি শান্তিপুরে মুরারি-কর্তৃক রামাষ্ট্রক পাঠ বর্ণনা করিয়াছেন। মুরারির সংশ্লিষ্ট ঘটনা-বর্ণনায় মুরারির निष्कत लिथा वहे तृक्तावननारमत वहे व्यापका व्यक्ति विद्यामर्थाना । भूताति নিজে বলিয়াছেন যে, তিনি নবদীপে এবাদগৃহে রামাইক পড়িয়াছিলেন। মুরারি ও কর্ণপূরের সহিত বুন্দাবনদাসের এই পার্থক্য ক্লফদাস কবিরাজের চোথ এড়ায় নাই। তিনি এই চুই বিবরণের মধ্যে একটা সামঞ্জু করিয়া দিয়াছেন। তাঁহার মতে গোপাল চাপাল নামক এক বিপ্র শ্রীবাদের নিকট অপরাধ করেন। তাহার ফলে তাঁহার কুষ্ঠব্যাধি হয়। তিনি রোগ দারাইয়া দিবার জন্ম বিশ্বস্তারের নিকট প্রার্থনা করিলেন। প্রভু সে প্রার্থনা অগ্রাহ্ করিলেন। তারপর

> সম্যাদ করি প্রভূ যদি নীলাচলে গেলা। তথা হইতে যবে কুলিয়া গ্রামেতে আইলা॥

তথন এই গোপাল চাপাল আবার প্রভুর শরণ লইলেন। তারপর প্রভু শ্রীবাদের অহুরোধে তাঁহার পাপভার মোচন করিলেন (চ ১।১৭।৩৩—৫৫)। চরিতগ্রস্থগুলির কোন স্থানে পাওয়া যায় না যে, ঐ গোপাল চাপালের নাম দেবকীনন্দন এবং তিনি বৈষ্ণব-বন্দনা করিতে আদিট হইয়াছিলেন। যিনি ঐ ২৪টী পয়ার জাল করিয়াছেন, তিনি বৃন্দাবনদাদের চৈতগ্রভাগবত ছাড়া আর কিছু পড়েন নাই মনে হয়। অক্যান্ত চরিতগ্রস্থ তাঁহার পড়া থাকিলে, তিনি ক্ষীর নাম দেবকীনন্দন বলিতেন না ও শান্তিপুরে ঘটনাটি ঘটাইতেন না। এরপভাবে ২৪টী পয়ার রচনার উদ্দেশ্য এই প্রমাণ করা যে দেবকীনন্দনের বৈষ্ণব-বন্দনাই সর্কাপেক্ষা আদি ও মৌলিক। শ্রীজীবের বৈষ্ণব-বন্দনা যদি সত্যই শ্রীজীবগোস্বামীর লেখা হয়, তাহা হইলে তাহাকে চাপা দেওয়ার জন্ম এরপ কাহিনী প্রচলন করার প্রয়োজন ছিল।

শ্রীচৈতন্তের সমসাময়িক পরিকরগণের যে পরিচয় পরে দিতেছি তাহার ২০, ২০, ৩৯, ৮৬, ১০৫, ১১৫, ১১৯, ১৩৫, ১৭২, ২০৯, ২১৩, ২৫৯, ২৭৭, ২৯৭, ৩৫২, ৩৮৬, ৪৫৪ সংখ্যক ভক্তদের সম্বন্ধে শ্রীজীব ও দেবকীনন্দনের বন্দনা তুলনা করিয়া দেখিলে বুঝা যায় যে একজন অপরের বর্ণনা পড়িয়া বন্দনা লিখিছেন। যদি শ্রীজীব দেবকীনন্দনের বই পড়িয়া বৈষ্ণব-বন্দনা লিখিছেন, তাহা হইলে উহাতে নিত্যানন্দ, জাহুবী, বীরভদ্র, সীতা, অবৈত, অচ্যুত, নরহিরি, রঘুনন্দন, বাহ্বদেব দত্ত, সদাশিব পণ্ডিত প্রভৃতির সম্বন্ধে অমন স্বন্দর প্রাণস্পর্শী বন্দনা থাকিত কিনা সন্দেহ। এসব পরিকরের বন্দনা লিখিতে যাইয়া দেবকীনন্দন কোনরূপ কবিত্বশক্তির পরিচয় দিতে পারেন নাই। কিস্কু এ কথাও স্বীকার করিতে হইবে যে দেবকীনন্দন শ্রীজীবের বৈষ্ণব-বন্দনা দেখিয়া বন্দনা লিখিলেও, তিনি উহার অবিকল অহুবাদ করেন নাই। তিনি নিজে অহুসন্ধান করিয়া অনেক তথ্য সংগ্রহ করিয়াছিলেন।

দেবকীনন্দনের সংস্কৃত বৈষ্ণবাভিধান কেবলমাত্র নামের তালিকা।
ইহাতে নিত্যানন্দ ও বীরভদ্র ব্যতীত অন্ত কোন পরিকরের সম্বন্ধে কোনরূপ
বর্ণনা নাই। এমন কি দেবকীনন্দন নিজের গুরুর সম্বন্ধেও কেবলমাত্র
লিখিয়াছেন—"পরম শ্রীল পরমেশ্বঃ শ্রীপুরুষোত্তমং"। এরপ গ্রন্থ দেখিয়া ষে
শ্রীজীবগোসামী বৈষ্ণব-বন্দনা লিখিয়াছেন, তাহা মনে হয় না।

দেবকীনন্দনের বৃহৎ বৈষ্ণব-বন্দনার যে পুথি বরাহনগর গ্রন্থাগারে আছে, ভাহার অমুলিপি-কাল ১৭১৯ শক। ইহাতে পুরাণোক্ত ভক্তদের এবং তিন সম্প্রদায়ের প্রতিষ্ঠাতাদের বন্দনা আছে। তারপর মধ্বাচার্য্য হইতে মাধবেজ্র পুরী পর্যান্ত গুরুপ্রণালী উল্লেখ করিয়া শ্রীচৈত্ত্য-বন্দনা আরম্ভ হইয়াছে। সেই স্থান হইতে শেষ পর্যান্ত ছোট বৈষ্ণব-বন্দনার সহিত প্রায় সর্বাংশে মিল আছে।

Vaishnava vandana by Srijiv

### শ্রীজীবের বৈষ্ণব-বন্দনার উৎকর্ষ

অতুলক্ক গোস্বামী মহাশয় বৃন্দাবনদাসের নাম দিয়া যে বৈষ্ণব-বন্দনা ছাপিয়াছেন, তাহা প্রীচৈতগ্রভাগবতের লেখক বৃন্দাবনদাসের লেখা নহে। কেন-না, উক্ত বন্দনাতে প্রীচৈতগ্রভাগবতের গ্রন্থকার নারায়ণীর পুত্র বৃন্দাবনদাসের বন্দনা আছে। এই বন্দনা-লেখককে দিতীয় বৃন্দাবনদাস বলা যাইতে পারে। ইনি কোন্ সময়ের লোক, তাহা নিশ্চিতভাবে বলা যায় না। ইতঃপূর্বে প্রীজীবের ও দিতীয় বৃন্দাবনদাসের বন্দনা যেখানে যেখানে শাশাপাশি তৃলিয়া দিয়াছি, সেই-সব স্থানে প্রায়শঃ দেখা যাইবে যে একটা অগুটার অহ্বাদ। উভয়ের মধ্যে পার্থক্য রহিয়াছে প্রীচৈতগ্র, জাহুবী, বীরভন্ত, এবং রূপসনাতনের বন্দনায়। প্রীচৈতগ্র-বন্দনা উক্ত অধ্যায়ে উদ্ধার করি নাই; এখানে করিতেছি। তাহাতে দেবকীনন্দন ও দ্বিতীয় বৃন্দাবনদাস অপেক্ষা প্রীজীবনামান্ধিত বন্দনার করিছে যে কত প্রেষ্ঠ, তাহা বুঝা যাইবে।

শ্রীজীব—বন্দে শ্রীগৌরচন্দ্রং রস্ময়বপুষং, ধামকারুণ্যরাশে ভাবং গৃহুন্রসিয়তুমিহ শ্রীহরিং রাধিকায়া:। উদ্ধর্ত্ত্রং জীবসজ্মান্ কলিমলমলিনান্ সর্কভাবেন হীনান্ জাতো যো বৈ স্থাপঃ পরিজননিকরৈ: শ্রীনবদ্বীপ-মধ্যে॥

দেবকী-নন্দন— বন্দিব শ্রীমহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্ত ।
পতিতপাবন অবতার ধন্ত ধন্ত ॥

এইরপ পার্থক্য জাহ্নবী, বীরচন্দ্র, নিত্যানন্দ প্রভৃতির বন্দনাতেও দেখা ঘায়।
সেইজন্ম দিদ্ধান্ত করি যে ঘিতীয় বৃন্দাবনদাসের বাংলা বন্দনা দেখিয়া শ্রীজীব
বা তাঁহার নাম দিয়া অন্য কেহ সংস্কৃত ভাষায় বৈষ্ণব-বন্দনা লেখেন নাই।
বরং শ্রীজীবের বন্দনা দেখিয়া দিতীয় বৃন্দাবনদাসের গ্রন্থ রচিত হওয়া
অধিকতর সম্ভব।

শীজীবের বৈষ্ণব-বন্দনার একথানি পুথি আমি আমার মাতামহ অবৈতদাস পণ্ডিত বাবাজী মহোদয়ের নিত্যপাঠ্য শ্রীমন্তাগবতের মধ্যে পাই'। পুথিখানি তাঁহার নিজের হাতের লেখা। এই পুথিখানি পাওয়ার পর আমি বহুস্থানে নিজে যাইয়া ও সংবাদপত্রে ঘোষণা করিয়া অক্ত আর একখানি অহুলিপির অন্তমন্ধান করি। খুঁজিতে খুঁজিতে বরাহনগর গ্রন্থ-মন্দিরে ইহার অন্তলিপি পাই। শুনিয়াছি জ্ঞানদাসের পাট কাঁদড়ায় ইহার আর একখানি পুথি আছে। স্তরাং বইখানি যে প্রাচীন, সে বিষয়ে সন্দেহ থাকে না। কিন্ত ভক্তিরয়াকরে শ্রীজীবের যে গ্রন্থতালিকা লিখিত আছে (পৃ. ৫২—৬১) তাহার মধ্যে "বৈষ্ণব-বন্দনা"র নাম পাওয়া যায় না। নরহরি চক্রবর্তী যে সংস্কৃত শ্লোক অবলম্বন করিয়া ঐ তালিকা লিখিয়াছেন, তাহার শেষে "ইত্যাদয়ং" শব্দ আছে। অর্থাৎ ঐ তালিকাভুক্ত গ্রন্থ ছাড়া অক্তান্ত গ্রন্থ প্রীজীব লিখিয়াছিলেন। ঐ তালিকাতে শ্রীজীবের "সর্বসম্বাদিনী"র তায় স্প্রাপদ্ধ দার্শনিক গ্রন্থও বাদ পড়িয়াছে। স্ক্তরাং ভক্তিরয়াকরের অন্তল্লেখের উপর নির্ভর করিয়া আলোচ্য বৈষ্ণব-বন্দনাকে জাল বলা যায় না।

> পণ্ডিত বাবাজী মহোদয় নৈটিক বৈশ্ব ছিলেন। তিনি যে দে বই, বিশেষতঃ জাল বই, সংগ্রহ করিবার মত লোক ছিলেন না। তাঁহার জীবনী বিশ্বকোষের দ্বিতীয় সংস্করণে প্রকাশিত হইয়াছে। ডা. দীনেশচন্দ্র দেন মহাশয় History of Bengali Language and Literature গ্রন্থে তাঁহাকে জীবিত কীর্ত্তনীয়াদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বলিয়াছেন। রায়বাহাত্তর থগেক্সনাথ মিত্র মহাশয় তাঁহার চরিত্র ও কীর্ত্তন-গান সম্বন্ধে "ভারতবর্ষ" পত্রিকায় (১০৩০ ভাদ্র, রসকীর্ত্তন প্রবন্ধ, পৃ. ৩৮০) প্রবন্ধ লিথিয়াছেন। খ্রীযুক্ত হরিদাস গোস্বামী মহাশয় তাঁহার "বৈশ্বব-বন্দনা" গ্রন্থে লিথিয়াছেন

বন্দো শ্রীঅদৈতদাস কীর্ত্তনীয়া শ্রেষ্ঠ।
পণ্ডিত বাবাজী খ্যাতি শ্রীমুকুন্দ প্রেষ্ঠ॥
দিবানিশি মন্ত যিঁহো কৃষ্ণ গুণগানে।
কীর্ত্তন শিখাইলা যিঁহো বহু ছাত্রগণে।

( বিষ্ণুপ্রিয়া গৌরাঙ্গ পত্রিকা, অষ্টম বর্ষ, প্রথম সংখ্যা, পৃ. ৪২ )

আলোচ্য বৈষ্ণব-বন্দনায় তিনটা বিভিন্ন স্থানে শ্রীজীবগোস্বামী নিজের নাম উল্লেখ করিয়াছেন; যথা প্রথম শ্লোকেই—

> সনাতন সমো যস্ত জ্যায়ান্ শ্রীমান্ সনাতনঃ। শ্রীবল্পভোহমুদ্ধঃ সোহসো শ্রীক্রপো জীবসলাতিঃ॥

উজ্জ্বলনীলমণির টীকার শেষেও এজীব এই শ্লোকটা লিখিয়াছেন। রূপদনাতনের বন্দনা-প্রসঙ্গে বৈঞ্ব-বন্দনায় আছে—

> যৎপাদাজপরিমলগন্ধলেশবিভাবিতঃ। জীবনামামিষেবেয় ভাবিহৈব ভবে ভবে॥

লঘুতোষণী দশমস্বন্ধের টাকার অন্তেও শ্রীজীব ঐভাবে নিজের নাম লিখিয়াছেন—"যা সংক্ষিপ্তা ময়া ক্ষুজ্জীবেনাপি তদাজ্ঞয়া"। ঐ টীকার শেষে তিনি লিখিয়াছেন—"অথো তদজ্যুজ্ঞীবেন জীবেনেদং নিবেগতে।" এইরূপ ভাবে শ্রীরূপসনাতনের অন্ত্গত বলিয়া নিজেকে পরিচিত করার ভঙ্গী শ্রীজ্ঞীবগোস্বামীর নিজ্ব । আলোচ্য বৈষ্ণব-বন্দনার শেষে আছে "জীবেনৈব ময়া সমাপিতমিদং কৃত্বা তু পদ্বর্পিতং।"

এখন প্রশ্ন হইতেছে এই যে, শ্রীজীব বৃন্দাবনে বাস করিতেন; তাঁহার পক্ষে গোঁড়-উৎকলের অত ভক্তের, বিশেষতঃ নিত্যানন্দ-ভক্তদের যোগসিদ্ধ অলোকিক কার্য্যসমূহের অত বিবরণ জানা সম্ভব কি ? আমার মনে হয়, অসম্ভব নহে। ভক্তিরত্বাকরে দেখা যায় যে, শ্রীজীব নিত্যানন্দের কুপালাভের পর বৃন্দাবনে গমন করেন; যথা—

শ্রীজীব অধৈষ্য হইল প্রভুর দর্শনে।
নিবারিতে নারে অশ্রধারা ছ নয়নে॥
করয়ে যতেক দৈত্য কহনে না যায়।
লোটাইয়া পড়ে প্রভু নিত্যানন্দ পায়॥
নিত্যানন্দ প্রভু মহাবাৎসল্যে বিহবল।
ধরিল শ্রীজীব মাথে চরণ যুগল॥—৫০ পৃ.

এই বর্ণনা হইতে জানা গেল যে, যে সময় নিত্যানন্দ প্রভু গৌড়দেশে প্রেমদান করিতেছিলেন, সেই সময়ে শ্রীজীবও তথায় ছিলেন। স্তরাং তাঁহার পক্ষে নিত্যানন্দ-ভক্তদের ঘনিষ্ঠ পরিচয় দেওয়া অসম্ভব নহে। শীজীবের বৈষ্ণব-বন্দনায় যত পুরী, ভারতী, সরস্বতী-উপাধিধারী ব্যক্তির নাম আছে, তাহা আর অন্ত কোন চরিত-গ্রন্থে নাই। রঘুনাথদাস গোস্বামী মহাপ্রভুর নীলাচল-লীলার শেষ ১৫।১৬ বৎসর পুরীতে ছিলেন। তাঁহার নিকট এসব সন্ন্যাসীর কথা শুনিয়া শ্রীজীব বৈষ্ণব-বন্দনায় উহাদের নাম লিথিয়াছেন বলিয়া বোধ হয়।

শ্রীজীবের নাম দিয়া যদি অপর কেহ ঐ বন্দনা-গ্রন্থ লিথিয়া থাকেন, তাহা হইলে তিনি একজন অসাধারণ কবি ও পণ্ডিত ছিলেন বলিতে হইবে। গৌড়ীয় বৈফব-সম্প্রদায়ের প্রথম যুগে নিত্যানন্দ, অদ্বৈত, নরহরি প্রভৃতির শিশ্বগণের মধ্যে এত বিবাদ বাধিয়াছিল যে অপর কোন ব্যক্তির পক্ষে শ্রীজীবের নাম দিয়া এরপ বৈষ্ণব-বন্দনা লেখা অসম্ভব নাও হইতে পারে। এই বৈষ্ণব-বন্দনায় আছে যে অচ্যুত ভিন্ন অদ্বৈতের অন্ত পুল্রেরা বৈষ্ণবগণ-কর্তৃক বর্জ্জিত হইয়াছিলেন। ঐ বৈষ্ণব-বন্দনায় বীরচন্দ্র বা বীরভদ্রকে নিত্যানন্দের পুত্র বলা হয় নাই—কেবলমাত্র জাহ্নবীর সেবক বলা হইয়াছে। নিত্যানন্দ-বংশের প্রতি আক্রোশবশতঃ কোন ব্যক্তি এইরপ বৈষ্ণব-বন্দনা রচনা করিয়া শ্রীজীবের নামে আরোপ করিয়াছেন কি ?

কিন্তু আলোচ্য বৈশ্ব-বন্দনার ভাব, ভাষা ও তথ্যের প্রাচ্যা দেখিয়া আমার সন্দেহ হয় ইহা এজীবগোস্বামীরই রচনা। এইরপ বৈশ্ব-বন্দনাকে চাপা দিবার উদ্দেশ্যেই হয়তো দেবকীনন্দন ও বিভীয় বৃন্দাবনদাপ বৈশ্ব-বন্দনা লিখিয়াছিলেন। এজীবনামান্ধিত বৈশ্ব-বন্দনা সত্যই এজীবের লেখা কিনা তাহার সম্বন্ধে যাবতীয় অমুকূল ও প্রতিকূল প্রমাণ এইম্বলে ও পরিকর-পরিচয়প্রসঙ্গে উপস্থিত করিলাম। কিন্তু এ সম্বন্ধে কোন দিন্ধান্তে উপনীত হইবার ভার পণ্ডিতবর্গের হাতে দিলাম।

## শ্রীজীবের, দেবকীনন্দনের ও দ্বিতীয় র্ন্দাবনদাসের বৈষ্ণব-বন্দনার পরিকর-সংখ্যা-বিচার (১)।

শ্রী.তে ২০০টা নাম ও দে.তে ২১৪টা নাম আছে। এইরূপ পার্থক্য কিরূপে আসিয়াছিল লিখিতেছি। শ্রী.তে বল্লভাচার্য্য, দে. বল্লভদেন

⁽১) দেবকীনন্দনের বৈষ্ণব-বন্দনা মানে এখানে ফ্লাডুলকৃষ্ণ গোস্বামী-সম্পাদিত ছোট বৈষ্ণব-বন্দনা। এই বিচারে নিম্নলিখিত সঙ্কেতগুলি ব্যবহার করিতেছি—খ্রী=খ্রীজীবের; দে= দেবকীনন্দনের; বু=ছিতীয় বুন্দাবনদাসের বৈষ্ণব-বন্দনা।

(পরবর্ত্ত্বী কালে বল্লভাচার্য্যকে বর্জন করা হইয়াছিল বলিয়া দে. তাঁহার নাম উল্লেখ করেন নাই)। শ্রীতে রত্নেশ্বর আচার্য্য, দে. নন্দন আচার্য্য; শ্রীতে আচার্য্য রত্ন, দে. আচার্য্য চন্দ্র। এই পার্থক্যের দক্ষণ সংখ্যার গরমিল হয় না। কিন্তু দেবকীনন্দনে নিম্নলিখিত ১১টা নাম বেশী আছে। (১.) দে. শ্রীজীবগোস্বামীকে বন্দনা করিয়াছেন, শ্রীজীবের বইয়ে অবশ্য শ্রীজীবগোস্থামীর বন্দনা নাই। (২) শ্রী. ২৮০ পঙ্ক্তিতে নৃসিংহচৈতত্যদাসং আছে, দে. ১৩৫ পয়ারে উহাকে ভাঙ্গিয়া হুইটা নাম করিয়াছেন। যথা— "বন্দিব নৃসিংহ আর শ্রীচৈতত্যদাস"। (৩) দে. ৫৭ পয়ারে একবার, অক্তবার ১৩৬ পয়ারে রঘুনাথ ভটুকে বন্দনা করিয়াছেন। রঘুনাথ ভটু যে হুইজন ছিলেন তাহার কোন প্রমাণ নাই। দে.র ১৬৫৪ ও ১৭০২ খ্রীষ্টান্দের প্রতিত ১৩৬ সংখ্যক পয়ারটা নাই। (৪—৮) দে.র ছাপা বইয়ে নিম্নলিখিত পয়ার আছে, কিন্তু প্রাচীন পুথিতে নাই—

শ্রীপ্রত্যম্মিশ্র বন্দো রায় ভবানন্দ। কলানিধি, স্থানিধি, গোপীনাথ বন্দো॥

কলানিধি, স্থানিধি প্রভৃতি নাম চরিতামৃত ছাড়া অন্ত কোন গ্রন্থে নাই।
সেইজন্ত মনে হয় কেহ চরিতামৃত পড়িয়া নামগুলি যোগ করিয়া দিয়াছেন।
(৯—১১) দের মৃদ্রিত গ্রন্থে নিয়লিখিত প্রার আছে, কিন্তু প্রাচীন পুথিতে
পাই নাই—

চৈতত্যদাস, রামদাস আর কর্ণপূর শিবানন্দের তিন পুত্র বন্দিব প্রচুর॥

তাহা হইলে দেখা যাইতেছে যে দেবকীনন্দনের বন্দনার প্রাচীন পুথিতে লিখিত পরিকর-সংখ্যা ও নামের সহিত উল্লিখিত ছয়টা স্থান ছাড়া অন্ত সর্বত্ত প্রীজীবের বৈষ্ণব-বন্দনার মিল আছে। প্রীজীব ও দেবকীনন্দন মিলাইয়া ২১২টা নাম পাওয়া যায়।

শ্রীজীবের বৈষ্ণব-বন্দনায় ২০০টী নাম, আর দ্বিতীয় বৃন্দাবনদাসের বন্দনায় ১০০টি নাম। শ্রীতে নাই এমন ছইটী নাম বৃ. উল্লেখ করিয়াছেন।
(১) মনোরপ পুরী—শ্রী. ঐ স্থানে চিদানন্দং স্থচিত্তকং লিখিয়াছেন;
(২) বৃ.তে শ্রীজীবগোস্বামীর বন্দনা আছে, শ্রীতে নাই। বৃ. শ্রীজীব

শ্রীতে আছে, বৃত্তে নাই এমন নাম ১৭টী। (১—২) বৃ. ঈশানদাস পর্যান্ত বন্দনা করিয়া (শ্রী. ১১০ পঙ্ক্তি, বৃ. ৩৮ ত্রিপদীর পূর্বার্দ্ধ) শ্রীর নিমলিখিত শ্লোকটী বাদ দিয়াছেন—

শ্রীমান্সঞ্জাে বন্দে বিনয়েন ক্বপাময়ে। পরমানন্দক্ষণাে তে চৈত্যাপিতমানসাে॥

(৩—৬) বৃ. দামোদর পুরী পর্যান্ত অহুবাদ করিয়া (জ্রী. ১২৭ পঙ্ক্তি, বৃ. ৪৪ ত্রিপদী প্রথমার্ক ) নিম্নলিখিত শ্লোক বাদ দিয়াছেন—

> বন্দে নরসিংহ তীর্থং স্থানন্দপুরীং ততঃ। গোবিন্দানন্দনামানং ব্রহ্মানন্দপুরীং ততঃ॥

(৭—১০) বৃ. বিফুপুরী পর্যান্ত অহুবাদ করিয়া (১৯ ১৩২ পঙ্ক্তি, বৃ. ৪৫) নিম্লিথিত শ্লোক ছাড়িয়া দিয়াছেন—

> ব্রন্ধানন্দস্বরূপঞ্চ ক্রফানন্দপুরীং ততঃ। শ্রীরাঘবপুরীং বন্দে ভক্ত্যাপরময়ামূদা॥

(১১—১৩) বৃ. ধনঞ্জয় পণ্ডিত পর্যান্ত অনুবাদ করিয়া (জ্রী. ২২৪, বৃ. ১১২) নিম্নলিথিত শ্লোকার্দ্ধ ছাড়িয়াছেন—

#### পণ্ডিতং শ্রীজগরাথমাচার্য্যলক্ষণং ততঃ।

- (১৪) <u>জী. ২৬২ পঙ্</u>ক্তিতে জগন্নাথ তীর্থকে বন্দনা করিয়াছেন, রু. ঐ নাম বাদ দিয়াছেন।
- (১৫) বু.র ছাপা বইয়ে পুরুষোত্তমদাদ নামটী বাদ গিয়াছে, যদিও অসংলগ্নভাবে তাঁহার গুণবর্ণনা অংশ মুদ্রিত হইয়াছে।
- (১৬) শ্রী বৈজ বিষ্ণুদাদের পর তাঁহার প্রতা বন্মালীকে বন্দনা করিয়াছেন, বু. ঐ নাম বাদ দিয়াছেন।
- (১৭) এ. দিজ হরিদাসকে বন্দনা করিয়াছেন, বৃ. ছাড়িয়া দিয়াছেন। মনে হয়, এজীবের বৈষ্ণব-বন্দনার যে পুথি দেখিয়া দিতীয় বৃন্দাবনদাস বাংলা করিয়াছিলেন, সেই পুথির দোষে বৃ.তে এ ১৭টা নাম বাদ গিয়াছে।

তাহা হইলে বৃ. প্রদত্ত ১৯১ নাম+শ্রী. তে আছে, বৃ.তে নাই ১৭ নাম= ২০৫ নাম। বৃতে উল্লিখিত ভিনটি নাম বেশী হওয়ার কারণ নিমে লিখিত হইল।

- (১) বু.তে স্থ্দিমিশ্র তুইবার লেথা হইয়াছে।
- (২) কমলাকর পিপ্পালায়ী একনাম হইলেও বৃ. চুই ভাগে বিভক্ত করিয়াছেন।
- (৩) বৃ. মধুপণ্ডিত ১৪ ও ১০৯ পয়ারে তুইবার ধরিয়াছেন। বৃ.র ৯৪ পয়ারে প্রদত্ত মধুপণ্ডিত, শ্রীতে গোবিন্দ আচার্য্যের আখ্যা। তাহা হইলে দেখা ঘাইতেছে যে শ্রীজীব, দেবকীনন্দন ও দ্বিতীয় বৃন্দাবনদাসের বৈষ্ণব-বন্দনার মধ্যে পরিকরগণের নাম ও সংখ্যা লইয়া বিশেষ কোন পার্থক্য নাই।

দেবকীনন্দনের বৃহৎ বৈষ্ণব-বন্দনায় নিম্লিখিত নামগুলি আছে। অন্ত কোন বন্দনায় নাই—

(১) মুক্তিত ছোট বন্দনার ৫৮ পয়াবের পর

বন্দো বিষ্ণুস্বামী গোসাঞি বৃন্দাবনে বাস।
বিশ্বেশ্বর বন্দো হিতহরিবংশদাস॥
বন্দো স্করদাস স্বর মদনমোহন।
মুকুন্দ গুতুরিয়া বন্দো হইয়া এক মন॥

বিষ্ণুখামী গোঁসাই মানে বল্লভাচার্য। অন্ত সব ভক্তও বল্লভাচারী সম্প্রদায়ভূক্ত। উহাদের বিস্তৃত বিবরণ "চৌরাশী বৈষ্ণুবণ্কী বার্তা" নামক হিন্দী গ্রন্থে দ্রন্থ্র।

- (২) মৃদ্রিত বন্দনার ৬৮ পয়ারের পর গোপালগুরুকে বন্দনা
- (৩) মৃদ্রিত গ্রন্থের ৬১ পয়ারের পর বৃহৎ বৈষ্ণব-বন্দনায় আছে—

মুকুল সরস্বতী বন্দো সত্য সরস্বতী।
গৌরান্ধ বিনে যার অন্য নাহি গতি॥
বন্দো সরস্বতী আর শ্রীমধৃস্থান।
গৌরান্ধ সেবিল ষেহ করিয়া যতন॥
গ্রুব সরস্বতী আর বন্দো দামোদর।
চৈতন্য বল্লভ দোহে কুপার সাগর॥
পুরুবোত্তম সরস্বতী বন্দিব গোপাল।
ভক্ত প্রধান জীবে বড়ই দ্যাল॥

লোকনাথ গোদাঞি বন্দো বিভাবাচম্পতি।
শ্রীবিভাভ্ষণ রামভদ্রে কর মতি ॥
পরমানন্দ ভট্টাচার্য্য ভূগর্ভ ঠাকুর।
বাণীবিলাদ রুঞ্চাদ প্রণাম প্রচুর ॥
শ্রীঝড়ু ঠাকুর বন্দো আর কাশীদাদে।
মহাভক্তো বন্দো মারিঠা রুঞ্চাদে ॥

#### শ্রীচৈতত্ত্যের সমসাময়িক পরিকরগণের বিবরণ সংগ্রহের প্রয়োজনীয়ত।

বোড়শ শতাব্দীতে অসংখ্য ব্যক্তি শ্রীচৈত্ত্যের ক্বপালাভ করিয়াছিলেন। তাঁহাদের মধ্যে যাঁহাদের কোন প্রকার প্রভাব বা বৈশিষ্ট্য ছিল, তাঁহাদের নাম শ্রীচৈতত্যের সাতখানি প্রাচীন চরিত-গ্রন্থে, তিনথানি বৈষ্ণব-বন্দনায়, বা অন্ত কোন সংস্কৃত, বাংলা, উড়িয়া, অসমীয়া বা হিন্দী গ্রন্থে লিখিত হইরাছে। ক্রিব গ্রন্থ তুলনা করিয়া পড়িয়া এই অধ্যায় লিখিত হইল। ইহাতে কেবলমাত্র সেই-সব ভক্তেরই নাম আছে, যাঁহারা শ্রীচৈতত্যের সমসাময়িক ও তাঁহার ক্রপালাভ করিয়াছিলেন। চরিত-গ্রন্থে হুদেন শাহ, হিরণ্য ও গোবর্জন মজুমদার প্রভৃতির নাম আছে, কিন্তু তাঁহারা শ্রীচৈতত্যের ক্রপালাভ করিয়া ভক্ত হন নাই বলিয়া তাঁহাদের নাম উল্লেখ করিলাম না। কিন্তু ভক্ত ও সমসাময়িক না হইলেও শ্রীচৈতত্য, নিত্যানন্দ, গদাধর প্রভৃতির পিতৃপিতামহাদির নাম উল্লেখ করিলাম। তাহাতে বৈষ্ণব-ধর্মের ইতিহাস রচনার স্থবিধা হইবে।

"এই তেত্তাচরিতের উপাদান" গ্রন্থে এই অধ্যায়ের সার্থকতা কি, নিয়ে নির্দেশ করিতেছি। (১) এই তেত্তার রুপা কোন্ শ্রেণীর লোকে পাইয়াছিলেন, তাঁহারা প্রভাব সঙ্গে কোথায় কিভাবে মিলিত হইয়াছিলেন, তাঁহাদের প্রভাব কিরূপ ছিল, এই-সব তথ্য জানিতে পারিলে এইচৈতত্তার চরিত্র বুঝা ষাইবে। (২) এই অধ্যায়ের সাহায়ের গৌড়ীয় বৈফ্ব-ধর্মের ইতিহাস রচনা সহজ্ব হইবে। এইচতত্তার সমসাময়িক ভক্তেরা কোথায় জয়য়য়ছিলেন ও কোথায় বাস করিয়াছিলেন জানিতে পারিলে যোড়শ শতাকীর প্রথমার্দ্ধে এই ধর্মের প্রভাব কতদ্র ব্যাপ্ত হইয়াছিল বুঝা যাইবে। এই অধ্যায় হইতে বুঝা যাইবে যে কোন্ ভক্ত কি প্রকার উপাসনা-প্রণালী অবলম্বন করিয়াছিলেন ও

কোন্ মৃত্তি পূজা করিতেন। (৩) পরবর্তী অন্নম্ধানকারীরা কোন পদ, লোক বা গ্রন্থ আবিদার করিলে, ভাহা শ্রীচৈতন্মের কোন সম্পাময়িক ভক্তের লেখা কিনা জান। দহজ হইবে। ধরা যাউক যে, কেহ জগদানল-নামক কোন ব্যক্তির বচিত কোন বৈষ্ণব গ্রন্থ বা পদ পাইলেন। ঐ জগদানন্দ মহাপ্রভুর পার্ষদ জগদানন্দ কিনা, তাহা এই অধ্যায়ে প্রদত্ত প্রমাণপঞ্জীর শাহায্যে তিনি কত্রকটা বুঝিতে পারিবেন। ঐতিচতগ্রচরিতামৃতের গৌড়ীয়-মঠ-শংস্করণ ও ঐতিচতন্যভাগবতের অতুলক্ষণ গোসামীর সংস্করণ ছাড়া অন্ত কোন বৈষ্ণব-গ্রন্থের নির্ঘণ্ট (index ) নাই। কোন্ ভক্তের নাম ও বিবরণ কোন বইয়ে পাওয়া যাইবে, তাহা অনায়াদে উক্ত প্রমাণপঞ্জী হইতে বাহির করা যাইবে। প্রমাণপঞ্জীতে ধৃত গ্রন্থসমূহে প্রথমবার ঐ ভক্তের নাম কোথায় লিখিত হইয়াছে, আমি শুধু তাহারই তালিক। দিয়াছি। চরিতামৃতে শাখাগণনাতেই অনেকের নাম প্রথমবার উল্লেখ করা হইয়াছে বলিয়া অনেক স্থলে আর পুনরায় প্রমাণ ( reference ) দেই নাই। (৪) যোড়শ শতাকীতে পূর্ব্ব-ভারতের সমাজ ও সংস্কৃতি কিরুপ ছিল, তাহারও কিছু পরিচয় ইহাতে মিলিবে। পূর্ব্বে আমি এই বিষয়ে মস্তব্য প্রকাশ করিয়াছি। (৫) ষোড়শ শতাব্দীতে লোকে ভগবানের নামে নাম রাখিত। সেইজন্য কৃফদাস, জগন্নাথ, মাধব, গোবিন্দ প্রভৃতি নামধারী বহু লোকের কথা বৈষ্ণব-দাহিত্যে পাওয়া যায়। জগদন্ধ ভদ্র, সতীশচন্দ্র রায়, মৃণালকান্তি ঘোষ, অমূল্যধন ভট্টরায় প্রভৃতি স্থপ্রসিদ্ধ বৈষ্ণব-সাহিত্যিকগণ সকলগুলি বৈষ্ণব-গ্রন্থের তুলনামূলক বিচার করিবার স্থােগ পান নাই বলিয়া, অনেক স্থলে এক নামধারী ছুই বা ততোধিক ব্যক্তিকে এক ব্যক্তি মনে করিয়াছেন অথবা একই ব্যক্তিকে তুইজন ব্যক্তি ভাবিয়াছেন। এক নামধারী ভক্তদের পরিচয় দিতে ঘাইয়া আমি একটি মূল নীতি অন্থদরণ করিয়াছি। দেটা হইতেছে এই যে, পরিকর গণনা করিতে যাইয়া একই গ্রন্থকার কয়েক পদ বা পয়ারের ব্যবধানে একই ব্যক্তির নাম ছুইবার বা তিনবার লিখিতে পারেন না। কৃঞ্দাস কবিরাজ যেখানে এক ব্যক্তির নাম তুই শাখায় গণনা করিয়াছেন, সেখানে স্পষ্ট বলিয়া দিয়াছেন যে ইনি ছই শাথা-ভুক্ত।

১৩৩১ সালে শ্রীযুক্ত অম্ল্যধন ভট্টরায় "বৃহৎ শ্রীবৈঞ্বচরিত অভিধান" নামক এক গ্রন্থে অ হইতে চ পর্যান্ত অক্ষরে যে-সব ভক্তের নাম যে-কোন বৈঞ্চব-গ্রন্থে আছে, তাঁহাদের বিবরণ লিথিয়া প্রকাশ করেন। গ্রন্থানি ম্ল্যবান্, কিন্তু ইহাতে ছইটা দোষ আছে। প্রথমত ইহাতে অবৈতপ্রকাশ, কর্ণানন্দ ও প্রেমবিলাদের প্রক্রিপ্ত অংশ প্রভৃতি নাতি-প্রামাণিক গ্রন্থ হইতে বিবরণ সংগ্রহ করা হইয়াছে। যে ভক্তের নাম বৈষ্ণব-বন্দনায়, গৌরগণোদেশ-দীপিকায়, সাতথানি প্রাচীন চরিতগ্রম্থে, বা কোন প্রাচীন অসমীয়া, উড়িয়া, হিন্দী গ্রন্থে নাই, তিনি যে সত্যই শ্রীচৈতত্যের সমসাময়িক ছিলেন, তাহা প্রমাণ করা হন্ধর। আমি সমস্ত বৈষ্ণব ভক্তের পরিচয় দিবার চেষ্টা করি নাই—কেবলমাত্র শ্রীচৈতন্তের সমসাময়িক ভক্তদের পরিচয় দিবার চেষ্টা করি নাই—কেবলমাত্র শ্রীচৈতন্তের সমসাময়িক ভক্তদের পরিচয় লিখিয়াছি। ভট্টমহাশয়ের গ্রন্থের বিবরণের তুলনামূলক বিচার করেন নাই। বৈষ্ণব-বন্দনায় যে-সমস্ত সন্মাদী ভক্তের নাম পাওয়া যায়, ভট্টমহাশয় তাঁহাদের মধ্যে অনেকের নাম বাদ দিয়া দিয়াছেন; যথা—অমুভবানন্দ, উপেন্দ্র আশ্রেম, রুষ্ণানন্দ পুরী। ভট্টমহাশয়ের আরের কার্য্য সমাপ্ত করার জন্ত আমি এই অধ্যায় লিখিলাম।

Explanation of symbols used in the book

#### সক্ষেত্ত-ব্যাখ্যা

- ১। অভি বা অভিরাম—সাহিত্য-পরিষং-পত্রিকার ১৩১৮ সালের দ্বিতীয় সংখ্যায় প্রকাশিত অভিরাম দাসের "পাট-পর্যাটন"। ইহাতে পরিকরগণের জন্মস্থানের ও পাটের কথা পাওয়া যায়।
- ২। কা -- কবিকর্ণপূরের শ্রীচৈতক্যচরিতামৃত মহাকাব্য। ২।১২ অর্থাৎ দ্বিতীয় সর্গের ১২ শ্লোক।
  - ७। (गी. ग. मी. = कविकर्वभृत्त्रत्र (गीत्रगर्वारक्षमेनीभिका।
- ৪। গৌ. প. ত. = বঙ্গীয় সাহিত্য-পরিষৎ হইতে প্রকাশিত গৌরপদ-তরঙ্গিণীর দ্বিতীয় সংস্করণ।
- ৫। চ = রাধাবিনোদ নাথ সম্পাদিত ঐতিচতন্তচরিতামৃত। .১।২।৪ = আদি লীলা, দিতীয় পরিচ্ছেদ, চতুর্থ পয়ার, ২।০)৭ = মধ্যলীলা, তৃতীয় পরিচ্ছেদ, সপ্তম পয়ার, ০।৪।৫ = অস্তালীলা, চতুর্থ পরিচ্ছেদ, পঞ্চম পয়ার। গৌড়ীয় মঠ, কালনা, ও মাধনলাল দাস বাবাজীর চরিতামৃতের সংস্করণ হইতে প্রমাণ উদ্ধার কালে ঐ-সব সংস্করণের নাম উল্লেখ করিয়াছি। চরিতামৃতে ঐতিচতন্তের ক্বপাপ্রাপ্ত ব্যক্তিদের নাম থাকিলে, ঐ নামের পরে ছোট বন্ধনী, অথবা চ লিখিত হইয়াছে।

- ৬। ছোট বন্ধনী = ত্রীচৈতগুচরিতামৃতের আদিলীলার নবম (মাধবেদ্র প্রীর শাখা), দশম (ত্রীচৈতগু-শাখা), একাদশ (নিত্যানন্দ-শাখা) ও বাদশ (অবৈত ও গদাধর-শাখা) পরিচ্ছেদে প্রদত্ত নাম। (চৈ ৭) = দশম পরিচ্ছেদের সপ্তম প্যার। (অ ১২) = বাদশ পরিচ্ছেদের বাদশ প্যার। এক নামের একাধিক ভক্ত যেখানে আছে, সেইখানে এইরূপ সংখ্যা দিয়া কোন্ ভক্তকে নির্দ্দেশ করিতেছি, তাহা জানাইয়াছি। যে ভক্তদের নাম ত্ই শাখায় লিখিত হইয়াছে, সেই ভক্তদের নামের পাশে বন্ধনীতে তুইটী অক্ষর আছে; যথা—(চৈ, নি) অর্থাং চৈতগু ও নিত্যানন্দ এই উভয় শাখাভুক্ত। কিন্তু (গ, যতু) অর্থাং ঐ ভক্তকে কৃষ্ণদাস কবিরাজ ও ষত্নাথ উভয়েই গদাধর-শাখায় বর্ণনা করিয়াছেন।
- ৭। জ = জয়াননের চৈতগ্রমঙ্গল। জ ১২ = জয়াননের চৈতগ্রমঙ্গলের ১২ পৃষ্ঠা।
- ৮। জয়ক্ষ্য = সাহিত্য-পরিষৎ-পত্রিকার ১৩৩৭ সালের চতুর্থ সংখ্যায় প্রকাশিত জয়ক্ষ্ণদাদের "শ্রীচৈতন্য-পারিষদ-জন্মস্থান-নির্ণয়"।
- ১। দে = অতুলক্ষ গোস্বামীর সম্পাদিত বৈফ্ব-বন্দনা গ্রন্থের অন্তর্ভুক্ত দেবকীনন্দনের বাংলা বৈষ্ণব-বন্দনা। ইহার কয়েকথানি পুথি সাহিত্য-পরিষদে আছে। ঐগুলির মধ্যে প্রাচীনতম পুথি হইতেছে ২০৮৪ সংখ্যক, উহার তারিখ ১০৬১ সাল অর্থাৎ ১৬৫৪ খ্রীষ্টান্দ। অন্ত একথানির সংখ্যা ১৪৮২, উহার অমুলিপিকাল ১০৮১ সাল, অর্থাৎ ১৬৭৪ খ্রীষ্টান্দ। ঐ পুথিগুলি হইতে পাঠান্তর ধরার সময় পুথির তারিখ উল্লেখ করিয়াছি। ছাপা বইয়ে সংখ্যা দেওয়া নাই। আমি ধুয়া বাদ দিয়া সংখ্যা দিয়া লইয়াছি।
- ১০। না = কবিকর্ণপূরের শ্রীচৈত্সচন্দ্রোদয় নাটক, নির্ণয়সাগর প্রেস সংস্করণ।
- ১১। পতাবলী = ভা. স্থালকুমার দে সম্পাদিত শ্রীরূপগোস্বামীর পতাবলী। শ্লোক-সংখ্যা ঐ সংস্করণের।
- ১২। ভা=অতুলকৃষ্ণ গোস্বামীর সম্পাদিত শ্রীচৈতন্তভাগবতের দ্বিতীয় সংস্করণ। ১।৩।৬ = আদিলীলা, তৃতীয় অধ্যায়, ষষ্ঠ পৃষ্ঠা। ২।৪।২৭২ = মধ্যলীলা, চতুর্থ অধ্যায়, ২৭২ পৃষ্ঠা। ২।৭।৫০১ = অস্তালীলা, সপ্তম পরিচ্ছেদ, ৫০১ পৃষ্ঠা।
- ১৩। ম্ = মৃণালকান্তি ঘোষ সম্পাদিত ম্রারি গুপ্তের শ্রীক্লফচৈতত্ত-চরিতম্, তৃতীয় সংস্করণ। ১।৪।৬ মানে প্রথম প্রক্রম, চতুর্থ দর্গ, বঠ লোক।

- ১৪। যত্ যত্নাথ দাসের "শাখানির্ণয়ামৃতম্"। যত্ শুধু গদাধরের শিশুদের নাম দিয়াছেন। (গ, ষত্) মানে ঐ ভক্তকে রুঞ্দাস কবিরাজ ও যত্নাথ উভয়েই গদাধর-শাখায় গণনা কবিয়াছেন।
- ় ১৫। রামগোপাল = রামগোপাল দাদের "শাখা-বর্ণনা"। ইহাতে নরহরি সরকার ও রঘুনন্দনের শিশুদের নাম আছে। ৪২৪ চৈত্যান্দে ঐ পুন্তিকা শ্রীখণ্ড হইতে প্রকাশিত হইয়াছিল।
- ১৬। লো = মৃণালকান্তি ঘোষ সম্পাদিত লোচনের চৈতগ্রমঙ্গলের দ্বিতীয় সংস্করণ। লোচনের বই মুরারির অফুবাদস্বরূপ বলিয়া সর্বত্ত স্বভন্তাবে ইহার প্রমাণ উল্লেখ করি নাই।
- ১৭। বড়বন্ধনী = গৌরগণোদ্দেশদীপিকায় প্রদত্ত তত্ত্ব। [মালাধর ১৪৪] = ঐ বইয়ের ১৪৪ শ্লোকে ঐ তত্ত্ব লিখিত হইয়াছে।
- ১৮। বু = অতুলক্ষ গোষামী সম্পাদিত বৈষ্ণব-বন্দনার অস্তভূ কৈ দ্বিতীয় বৃন্দাবনদাসের বৈষ্ণব-বন্দনা। ছাপা বইয়ে পয়ার ও ত্রিপদীর সংখ্যা দেওয়া নাই। আমি ধুয়া বাদ দিয়া সংখ্যা দিয়া লইয়াছি।
- ১৯ শ্রী = আমি শ্রীজীবের নামান্ধিত যে সংস্কৃত বৈষ্ণব-বন্দনার পুথি আবিষ্কার করিয়াছি তাহাই। সংখ্যা শ্লোকের নয়; ছন্দ অনুসারে পঙ্কিন সাজাইয়াছি। সংখ্যা ঐ পঙ্কির।
- ২০। সাময়িক পত্রিকার প্রমাণ উল্লেখ করিয়া অনেক স্থলে সংখ্যা দিয়া কোন্ বর্ষের কোন্ সংখ্যার কোন্ পৃষ্ঠায় উহা আছে নির্দেশ করিয়াছি। যথা "গৌড়ীয়" ৩।৪।৭৩ অর্থাৎ তৃতীয় বর্ষ, চতুর্থ সংখ্যা, ৭৩ পৃষ্ঠা।

Names and identity of Companions in Alphabetical order তাভিধানিক ক্রে পরিকরগণের পরিচয় Parikarganas

- 1. Achyutananda Eldest son of Advaita
- ১। অচ্যুতানন্দ (চৈ, অ) [অচ্যুতা গোপী] ব্রাহ্মণ—শান্তিপুর, নীলাচল। অধৈতের জ্যেষ্ঠপুত্র। যত্নাথ-মতে গদাধর-শাথা।
  - শ্রী ৭৭—৮০—তংস্থানাং হি মধ্যে তু যোহচ্যুতানন্দসংজ্ঞকং,
    তং বন্দে পরমানন্দং ক্লফ্টেতগ্রবল্পতং ।
    যোহসৌ শ্রীকৃষ্ণটৈতগ্রতব্যজ্ঞাহচ্যুতসংজ্ঞকঃ,
    শ্রীগদাধরবীরস্থা সেবকং সদগুণার্ণব ।
    শ্রীলাবৈতগণাং স্থতাশ্চ নিতরাং সর্কেশ্বর্যেনহি,
    শ্রীটৈতগ্রহ্বিং দ্য়ালুমভজ্ঞন ভক্ত্যা শচীনন্দনং ।

তে দৈবেনহতাহপরে চ বহবস্তারাদ্রিয়ন্তেশ্বহি, তে মমিচ্ছারাচ্যুতমূতে ত্যান্ড্যোময়োপেক্ষিতা: ॥

দে ১৬—অচ্যতানন্দাদি বন্দো তাহার নন্দন ১৬৫৪ ও ১৭০২ খ্রীঃ পুথিতে পাঠ "শ্রীষ্ট্যতানন্দ বন্দো তাঁহার নন্দন॥" ঐ তুই পুথিতে অচ্যত ছাড়া আর কোন অহৈত-পুত্রের বন্দনা নাই।

ব ২৪— তছুপ্রিয়ন্থত বন্দোঁ। শ্রীযুত অচ্যুতানন্দ শিশুকালে যাঁহার বৈরাগ্য।

অবৈতের অন্ত কোন পুত্রের বন্দনা নাই। মু তাঃচাঃ৭, ভা হাডাঃ১৯২, জ ১৪১, চৈ হাঃডা৪৪।

শ্রীচৈতক্সভাগবত হইতে স্পষ্ট বুঝা যায় যে অদ্বৈতের কোন কোন পুত্র শ্রীচৈতক্সক ঈশ্বর বলিয়া স্বীকার করেন নাই (৩।৪।৪৩০ পৃ.)। শ্রীচৈতক্সচরিতা-মতে অদ্বৈতশাখায় অদ্বৈতের সব কয়টা পুত্রেরই নাম লিখিত হইয়াছে। হয়তো ১৬১৫ খ্রীষ্টাব্দে অদ্বৈতের পৌত্রেরা শ্রীচৈতক্সকে সর্কেশ্বর বলিয়া স্বীকার করিয়াছিলেন; সেইজক্স কবিরাজ গোস্বামী সব কয়জন পুত্রেরই নাম করিয়াছেন। কিন্তু তিনিও অদ্বৈতশাখায় মতভেদের উল্লেখ করিয়াছেন; যথা—

যে যে লইল শ্রীঅচ্যুতানন্দের মত।
সেই আচার্য্যের গণ মহাভাগবত॥
অচ্যুতের যেই মত, সেই মত দার।
আর যত মত—দব হৈল ছার্থার॥—১।১২।৭১-৭২

প্রেমবিলাদেও দেখা যায় যে সীতা বলিতেছেন—

কোন কোন পুত্র রহে অচ্যুতের মতে। নাগরের দ্বারে কেহ চলিলা বিমতে ॥—৪ বিঃ, পৃ. ২৬

- 2. Achyutananda of Odisha One of the Panchasakha
- ২। অচ্যুতানন্দ— স্প্রসিদ্ধ উড়িয়া গ্রন্থকার ও পঞ্চপার অক্যতম। কবি—গোয়ালা।
  - 3. Akrur

    । অতুন্র—যত্নাথ-মতে গদাধর-শাখা।

    4. Advaita disciple of Madhavendra Puri
  - 6। **অবৈভ** (মাধবেন্দ্র-শিশু) [ সদাশিব ] ব্রাহ্মণ—শ্রীহট্ট-শান্তিপুর

শ্রী ৬৯-৭০ বন্দেহবৈতং ক্বপালুং পরমকরুণকং শাস্তকং ধামদাক্ষাৎ। বেনানীত-স্তপোভিঃ পরিকরসহিতঃ শ্রীশচীনন্দনোহত্র॥

দে ১৫—আচার্য্য গোদাঞি বন্দো অবৈত ঈশ্বর। যে আনিল মহাপ্রভু ভুবন ভিতর॥

র ২২—বন্দো শান্তিপুর পতি শ্রীঅব্দৈত মহামতি

সদাশিব সম তেজ যার।

যাহার তপের বলে আনিঞা মহীমণ্ডলে

পাতিল চৈতন্ত অবতার।

সমস্ত চরিতগ্রন্থে উল্লিখিত। ইনি শান্তিপুরে মদনগোপালের সেবা স্থাপন করেন।

- 5. Ananta Acharya of Odisha ও দিয়া পঞ্চৰণার অন্তম।
- উ। অনম্ভ (অ ৫৬) [স্থদেবী] ব্রাহ্মণ—নবদ্বীপ। শ্রী ২১৮ অস্তমাচার্য্যমথো নবদ্বীপনিবাসিনং

(म २०२

বু ৯৩—অনস্ত আচাৰ্য্য বন্দো নবদীপ মাঝ

পদকল্পতক্তে ইহার রচিত একটি পদ ধৃত হইয়াছে।

⁷ Ananta Acharya of Vrindavan ৭। তানস্ত তাচিথ্যি (গ' ৭৯, যত্ প্রাহ্মণ) বৃন্দাবন —তৃইজন অনস্ত আচার্য্যের মধ্যে কাহাকে বৈঞ্ব-বন্দনায় উল্লেখ করা হইয়াছে বলা যায় না। গদাধর-শিশ্য অনস্ত আচার্য্য গোবিন্দের সেবাধিকারী হইয়াছিলেন। অনস্তের শিশ্য হরিদাস পণ্ডিত রুঞ্চনাস কবিরাজকে চরিতামৃত লিখিতে আদেশ দেন (চ ১৮৮০০-৬০)। এক অনস্ত আচার্য্য-লিখিত পদ পদকল্পতক্তে (২২৮৫) ধৃত হইয়াছে।

8. Ananta Chattopadyay / Sri Kanthabharan, ৮। অনস্ত চটোপাধ্যায় ঐকিতাভরণ (গ, যত্ন) [গোপালী] ব্রাহ্মণ—
চরিতামতে শুধু কণ্ঠাভরণ উপাধি আছে; গৌরগণোদেশদীপিকায় নাম আছে।

9. Ananta Das

- ন। **অনন্তদাস** (অ ৫৯)—পদকল্পতকতে এই ভণিতায় ৩২টি পদ আছে।
- 10. Ananta Pandit
  ১০। **অনস্ত পণ্ডিত**—ব্রাহ্মণ, আটিদারা। বৃন্দাবনদাস বলেন যে
  শ্রীচৈতক্ত সন্নাস লইয়া নীলাচলে ষাইবার সময় ইহার বাড়ীতে অতিথি
  হইয়াছিলেন (তাহাতচহ পূ.)।

জগবদ্ধ ভন্ত অনস্কলাদকে অনস্ক পণ্ডিতের সহিত অভিন্ন বলিয়াছেন ।

11. Ananta Puri
22 । অনস্ক পুরী—[ অই দিন্ধির একজন ] বেলুনে (বর্দ্ধমান জেলা)
বাদ (অভি:)।

ঞী ২৭১, দে ১৩১, বু ১৩০। জয়ানন্দ বলেন যে ইনি মাধবেন্দ্র-শিষ্যু (৩৪ পৃ.)। অন্ত কোন চরিতগ্রন্থে ইহার নাম নাই।

12 Anupamvallabh Father of Srjiv / Srijib Goswami ১২। অনুপ্যবন্ধত (চ) ব্রাহ্মণ। জীজীবের পিতা। ইনি রামচন্দ্রের উপাসক ছিলেন বলিয়া বোধ হয় গৌরগণোদ্দেশদীপিকায় ও বৈষ্ণব-বন্দনায় স্বতম্বভাবে ইহার নাম দেওয়া হয় নাই।

13. Anubhabananda ১৩ | অনুভবানন্দ—শ্রী ১৩৬, দে ৫২, বৃ ৪৬ | 14. Abhiram

১৪। **অভিরাম** ( চৈ, নি ) [ শ্রীদাম ] ব্রাহ্মণ, খানাকুল, হুগলি জেলা।

শ্রী ১৯৯-২০০, দে ৮৩, বৃ ৭১-৭৪—তিন জনেই বলেন যে অভিরামদাস "বহুত্তোল্যং" (খ্রী) বা ষোল্যাঙ্গের কাঠ তুলিয়া তাহাকে বাশী করিয়া বাজাইয়াছিলেন।

জ্জ—১৪৪ পৃ. মহাভাবগ্রস্ত হৈলা শ্রীরামদাস। যার ঘরে গৌরাঙ্গ আছিলা ছয় মাস॥

কোন সময়ে শ্রীচৈতন্ত অভিরামের বাড়ীতে ছিলেন এমন কথা অন্ত কোন জীবনচরিতে বা পদে নাই।

ভা ৩|৫।৪৫৪, জ ৩, লো—স্থ ২

"অভিরাম লীলামৃত", "অভিরাম পটল", "অভিরাম বন্দনা" প্রভৃতি নাতি-প্রামাণিক গ্রন্থে ইহার সম্বন্ধে অনেক অলৌকিক কথা আছে। খানাকুল ক্ষম্বনগরে গোপীনাথ-মূর্ত্তি ইহার সেবিত বলিয়া প্রবাদ। অভিরামের মূর্ত্তিও এখানে পূজিত হয়। ইহার শক্তি বা পত্নী মালিনীকে "অভিরাম লীলামৃতে" (৩২ পৃ.) যবনী ও ভক্তিরত্বাকরে (১২৭ পৃ.) বিপ্রকল্যা বলা হইয়াছে।

15. Amogh Pandit ১৫। অমোঘ পণ্ডিত—(গ, যত্ন) সার্কভোমের জামাতা।

> পদকলতের ও গৌরপদতরঙ্গিণীতে অনস্ত, অনস্তদাস, অনস্ত আচার্য্য ও অনস্ত রায় ভণিতায় কতকগুলি পদ খৃত হইরাছে। শেষোক্ত ব্যক্তি ছাড়া অপর তিনজনকে শ্রীচৈতক্ষের সমসাময়িক মনে করা যাইতে পারে। কিন্তু উল্লিখিত ৫ জন অনস্তের মধ্যে কোন্ তিনজন পদকর্ত্তা তাহা নির্ণয় করা কঠিন।

वाञ्चन-नीमाठम।

16. Asar Puri

₽ 51761535-5PA

১৬। **অসর পুরী,**—মাধবেন্দ্র-শিশ্য

**B** 08

17. Acharya chandra

১৭। **আচার্য্যচন্দ্র**—নিত্যানন্দ-শিশ্য—ব্রাহ্মণ (?)

🕮 ১৯৫—বন্দে আচার্য্যবত্বং চ বিদিতপ্রেমমর্মকং

দে १৮—গৌর প্রেমময় বন্দো শ্রীআচার্য্যচন্দ্র

বু ৬৭—বন্দিব আচার্য্যচন্দ্র, যে জানে প্রেমের ধর্ম, গুণধর্ম জগতে বিদিত।

ভা ৩।৬।৪৭৫—বন্দিব আচার্য্যচন্দ্র নিত্যানন্দ-গতি।

১৮। আচার্য্যরত্ব—ব্রাহ্মণ—নবদ্বীপ।

बी २०, ८४ ७२, तू २४

চক্রশেথর আচার্য্যকে চরিতগ্রন্থে আচার্য্যরত্ব বলা হইয়াছে, কিন্তু বন্দনায় ত্ইজনকে পৃথক্ করা হইয়াছে; যথা—

দে—শ্রীচন্দ্রশেথর বন্দো চন্দ্র স্থাতিল।
আচার্যারত্ব বন্দো যার থ্যাতি নিরমল॥

Tswar Puri

১৯। **ঈশ্বর পূর্রী**—(মাধবেন্দ্র-শিয়া) [সঙ্কর্ষণ-স্বরূপ বিশ্বরূপ ঈশ্বর পুরীতে মহ: স্থাপন করেন ৬০]

জন্ম কুমারহট্ট ( হালিসহর ), জয়ানন্দ-মতে রাজগৃহে থাকিতেন।

- প্রী ১২১-২২— অথেশ্বপুরীং বন্দে যাং ক্রতা গুরুমীশ্বঃ
  আত্মানং মানয়ামাস ধন্তং চৈতন্তসংজ্ঞকঃ ॥
- দে ৪৩— গোসাঞি ঈশ্বর পুরী বন্দে। সাবধানে। লোকশিক্ষা দীক্ষা প্রভূ কৈল যাঁর স্থানে।

বৃ ৪২— বন্দিব ঈশ্বর পুরী প্রভু যারে গুরু করি আপনাকে ধন্ম হেন বাসি॥

মৃ ১।১৫।১৬, কা ৪।৫৬, ভা ১।১।১০, জ ২, লো ২, চ ১।১৩।৫২
পদ্মাবলীর ১৮, ৬২, ৭৫, শ্লোক ঈশর পুরীর রচনা। শ্রীকৃঞ্লীলামৃত-গ্রন্থ
ইনি লেপেন; কিন্তু গ্রন্থানি পাওয়া ধায় না। পুরী মার্কণ্ডেশ্বর সাহী থানার
মধ্যে একটা কৃপ আছে—ভাহা ঈশর পুরীর কৃপ নামে পরিচিত।

Ishan

২০। **ঈশান** (চৈ) নবদীপ—বিশ্বস্থর মিশ্রের গৃহে ভৃত্য।

শ্ৰী ১১০— বন্দে ঈশানদাসং শচীদেবীপ্ৰীতিভাজনং চ.

দে ৩৭— বন্দিব ঈশানদাস করযোড় করি।
শচী ঠাকুরাণী থারে স্থেহ কৈল বড়ি॥

বৃ ৩৮— আইর কুপার পাত্র বন্দিব ঈশান মাত্র আই তাঁরে করিল পালন।

. जा राजार०१, ठ राऽदा७४

Ishanacharya

২)। **ঈশানাচার্য্য** [মৌন মঞ্জরী] ব্রাহ্মণ—বুন্দাবন। ইনি শ্রীরূপের সহিত বুন্দাবন হইতে মথ্রায় গোপাল দর্শন করিতে গিয়াছিলেন (চ ২।১৮।৪৬)।

Uddhab Das

২২। উদ্ধবদাস (গ, ষহ্ ) [চন্দ্রাবেশ ] বৃন্দাবন — কিন্তু মাঝে মাঝে ক্রোড়ে যাইতেন (ভক্তিরত্নাকর, ৪৮৫ পৃ. )।

যত্নাথ "অতি দীনজনেপূর্ণ প্রেমবিত্ত প্রদায়কং। শ্রীমত্ব্বদাসাখ্যং বন্দেহং গুণশালিনং॥"

5 313618¢

সতীশচন্দ্র রায় ও মৃণালকান্তি ঘোষ পদকর্তা উদ্ধবদাসকে রাধামোহন ঠাকুরের শিশু বলিয়াছেন। কিন্তু গদাধর-শিশু উদ্ধবত পদকর্তা ছিলেন। নবদীপের সংস্থান বিষয়ে উদ্ধবদাসের যে পদটী আছে তাহা সমসাময়িকের লেখা না হইয়া পারে না। কেন-না ঐ পদে কাজী-দলনের দিনে বিশ্বস্তর মিশ্রের নগর-সন্ধীর্তনের পথের পুঞ্জামুপুঞ্জ বিবরণ আছে; যথা—

পাইয়া আপন ঘাট মাধাই ঘাটে করি নাট
নিকটেতে শ্রীবাস ভবন।
তাহার ঈশান কোণে বারকোণা ঘাট নামে
যাহা হয় শুক্লাম্বরাশ্রম।

্ শ্রীযুক্ত হরেক্লফ মুখোপাধ্যায় কর্তৃক উদ্ধৃত, ভারতবর্ষ, ১৩৪১ কার্ত্তিক)

এই পদটী শ্রীযুক্ত ব্রন্ধমোহন দাস বাবাজী "নবদীপ দর্পণ" গ্রন্থে যে ভাবে উদ্ধৃত করিয়াছেন, তাহার সহিত হরেক্বঞ্চ বাবুর প্রদত্ত পাঠের পার্থক্য আছে। Uddharan Dutta

২০। উদ্ধারণ দত্ত—(নি) [স্ববাহু] স্থবর্ণবণিক—সপ্তগ্রাম। জয়ক্বফ্-মতে শান্তিপুরে জন্ম, অভিরাম-মতে হুগলির নিকট ক্বফ্পুর গ্রামে বাস। কাটোয়ার নিকট উদ্ধারণপুর নামে এক গ্রাম আছে, তথায় প্রতিবংশর ইহার উৎসব হয়।

শ্রী২৭৭—বন্দে উদ্ধারণং দত্তং যো নিত্যানন্দসকত:।
বন্দ্রাম সর্ব্বতীর্থানি পবিত্রাত্মাইপপেক্ষক:॥

দে ৯৮—উদ্ধারণ দত্ত বন্দো হঞা সাবহিত। নিত্যানন্দ সঙ্গে বেডাইল সর্বতীর্থ॥

বৃ ৮৪-পরম সাদরে বন্দোঁ দত্ত উদ্ধারণ। নিত্যানন্দ সঙ্গে তীর্থ যে কৈলা ভ্রমণ॥

মু ৪।২২।২২, ভা ৩।৬।৪৭৪, চ ৩।৬।৬২, ভক্তিরত্নাকর ৫৩৯ পূ., কাশীরাম দাসের ভ্রাতা গদাধর দাস "জ্গন্নাথমঙ্গলে"র চৈতন্ত-বন্দনায় লিথিয়াছেন।

> "ভক্ত উদ্ধারণ দত্ত পরম শাম্থ্রেতে জ্ঞাত সদা গোবিন্দের গুণ-গান।" (বঙ্গসাহিত্য-পরিচয়, ৮৯৬ পৃ.)

হরিদাস নন্দী ১৩৩২ সালে "উদ্ধারণ ঠাকুর" নামে এক বইয়ে ইহার জীবনী লিথিয়াছেন। তাহাতে তিনি বলেন যে উদ্ধারণ নিতাই-গৌরাঙ্গ-বিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছিলেন (১৭ পৃ.)। তিনি অপ্রকাশিত পদাম্ত-সমুদ্রের ৩০৪১ সংখ্যক পদ হইতে উদ্ধারণের নিম্নলিখিত পরিচয় দিয়াছেন।

> শ্রীকরনন্দন, দত্ত উদ্ধারণ, ভদ্রাবতী গর্ভজাত। ত্রিবেণীতে বাস, নিতাইর দাস, শ্রীগৌরাঙ্গপদাশ্রিত॥

Upendra Ashram ২৪। উপেজ আ설치

শ্রী ২৭০, দে ১৩১, বু ১৩০

কর্ণপূর এক গোপেন্দ্র আশ্রমকে উল্লেখ করিয়া তাঁহাকে জয়স্তেয় বলিয়া তত্ত্ব নির্ণয় করিয়াছেন।

২৫। উপেন্দ্র মিশ্র—[পর্যায় ] শ্রীচৈতন্তার পিতামহ, ব্রাহ্মণ—শ্রীহট়। জয়ানন্দ ভূল করিয়া লিখিয়াছেন "পিতামহ জনার্দ্দন মিশ্র মহাশয়" (৮৭ পৃ.)। চরিতামতে উপেন্দ্রের সাত ছেলের নাম কংসারি, পরমানন্দ, পদ্মনাভ, সর্কেশ্বর, জগন্নাথ, জনার্দ্দন ও ত্রৈলোক্যনাথ (১।১৩।৫৪—৫৬)।

Kabi Karnapu

২৬। কবি কর্ণপূর—( চৈ ) শিবানন্দ সেনের পুত্র, প্রকৃত নাম প্রমানন্দদাদ সেন। বৈহ্য, কাঞ্চনপল্লী ( কাঁচড়াপাড়া )। গুরুর নাম শ্রীনাথ ( আনন্দবৃন্দাবন-চম্পু, মঙ্গলাচরণ )। দে ৭৩, কিন্তু ১৭০২ খ্রীঃ পুথিতে নাই।

স্থাসিদ্ধ গ্রন্থকার। রচিত গ্রন্থ—আর্য্যাশতক, অলন্ধার-কৌস্তভ, শ্রীচৈতন্ত-চরিতামৃত মহাকাব্য, শ্রীচৈতন্তচন্দ্রোদয় নাটক, গৌরগণোদ্দেশদীপিকা, আনন্দ-বৃন্দাবন-চম্পূ। শ্রীরূপ পত্যাবলীতে ৩০৫ সংখ্যক শ্লোক কর্ণপূরের কোন অজ্ঞাত গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়াছেন।

২৭। কবিচন্দ্র—(১৮) [মনোহরা] যত্, বনমালি ও ষ্টাবরের উপাধি কবিচন্দ্র। কিন্তু এই কবিচন্দ্র বোধ হয় স্বতন্ত্র নাম। কেন-না শ্রীজীব (২৫২) শুধু কবিচন্দ্রকে বন্দনা করিয়াছেন।

ए >२२--कविष्ठक वानक वामनाथ

व ১১৬---विभव वानक बाममाम कविष्ठन

চরিতামৃতে—রামদাদ কবিচন্দ্র শ্রীগোপালদাদ (১।১০।১১১)। এক কবিচন্দ্রকৃত ভাগবতামৃত গ্রন্থ আছে।

২৮। কবি দত্ত (গ) [ কলকণ্ঠা ] কুলিয়া পাহাড়পুর ( অভি ) গোড়ীয় মঠ সংস্করণ চরিতামৃত চৈতন্তশাপায় এক কবিদত্তের নাম আছে (১।১০।১১৩)। অন্ত কোন সংস্করণে নাই।

২০। কবিরত্ন (অষ্টনিধির একজন) রামগোপাল দাসের "শাখানির্ণয়ে"—
ঠাকুরের শাখা এক মিশ্র কবিরত্ন। শ্রীকৃষ্ণসেবায় তার অভিশয় ষত্ন ॥
এড়ুয়ার গ্রামেতে হয় তাহার বসতি। শিশ্ব প্রশিশ্ব অনেক আছয়ে থেয়াতি॥
(৬ পৃ.)

স্তরাং ইনি ব্রাহ্মণ, ও বৈছা নরহরি সরকারের শিষ্য বলিয়া জানা যাইতেছে। পছাবলীর ৪০, ৪১, ৭৭, ৭৮ শ্লোক ইহার রচিত হওয়া সম্ভব।

Kabiraj Mishra Bhagavatacharya

৩। কবিরাজ মিশ্র ভাগবভাচার্য্য

শ্ৰী ২১৭, দে ১•২, বৃ ১৩

৩১। কমল ( চৈ ) [ গদ্ধোরাদা ] গণোদ্দেশের কমল ও চরিভামতের কমল-নয়ন একই ব্যক্তির নাম হইতে পারে, অথবা কমল-নয়ন মানে কমল ও নয়ন নামে ছই ব্যক্তি। Kamalakar Das

## ৩২। ক্মলাকর দাস

র ৮৮—তবে বন্দো ঠাকুর কমলাকর দাস। কৃষ্ণদংকীর্ত্তন যার পরম উল্লাস।

তথ। কমলাকর পিপ্ললায়ী (নি) [মহাবল], আন্ধান, শ্রীরামপুরের ত্ই মাইল দক্ষিণে আকনা মাহেশে জন্ম, জাগেশ্বরে স্থিতি।

শ্রী ২০৯-১০—পিঞ্জিলায়িং ততো বন্দে বাল্যভাবেন বিহ্নলং বন্দে সংকীর্ত্তনানন্দং কমলাকরদাসকং॥

দে ৯৬—কমলাকর পিপিলাই বন্দো ভাববিলাদী। যে প্রভুরে বলিল লহ বেত্র দেহ বাঁশী॥

র ৮৭—পিপিলাই ঠাকুর বন্দো বাল্যভাবে ভোলা। বালকের প্রায় যার সব লীলাখেলা।

শিপ্পলাদ্" বা "পিপ্পলায়ী" ব্রাহ্মণগণের এক স্থপ্রসিদ্ধ শাথা, কিন্তু কালনা সংস্করণ চরিতামতের টাকায় আছে "একদা শ্রবণ সময়ে নয়নে পিপ্পলীচূর্ণ প্রদান করত অশ্রু নিঃসরণ করায় মহাপ্রভু ইহার নাম পিপ্পলাই রাখিলেন। সেই হইতে ইহাকে কমলাকর পিপ্পলাই বলে।" রাধাগোবিন্দ নাথও (১।১০।২১) অহ্বরূপ ব্যাখ্যা করিয়াছেন। পিপ্পলাই উপাধিধারী লোক সে যুগে বাংলা দেশে আরও অনেকে ছিলেন। ১৪১৭ শকে অর্থাৎ শ্রীচৈতত্তার ১০ বংসর বয়সের সময় বিপ্রদাস পিপ্পলাই "মনসামন্দল" লেখেন। তিনিও কি চোখে পিপুল দিয়া কাঁদিতেন ?

প্রবাদ প্রবানন্দ ব্রহ্মচারী জগলাথমূর্তি স্থাপন করিয়া কমলাকরকে দেবার ভার অর্পণ করেন। ঐ জগলাথের রথযাত্রা-উৎসব এখন মাহেশের রথ নামে স্থাসিদ্ধ।

৩৪। কমলাকান্ত (চৈ ১১৭) নবদ্বীপ ভা ১।৬।৫৬—

> শ্রীমুরারি গুপু, শ্রীকমলাকান্ত নাম। কৃষ্ণানন্দ আদি যত গোষ্ঠীর প্রধান। সভারে চালায় প্রভূ ফাঁকি জিজ্ঞাসিয়া। শিশুজ্ঞানে কেহ কিছু না বোলে হাসিয়া।

Kamalakanta Pandit

৩৫। কমলাকান্ত পণ্ডিভ-- বহুনাথ-মতে গদাধর-শিশ্য-- ব্রাহ্মণ-- সপ্তগ্রাম। ভা ৩।১।৪৭৪-- পণ্ডিত কমলাকান্ত পরম উদ্দাম।

যাঁহারে দিলেন নিত্যানন্দ সপ্তগ্রাম।

Kamalakanta Biswas

## ৩৬। কমলাকান্ত বিশ্বাস ( অ )

চরিতামুতের ১।১২।১৬—৫১তে ইহার সম্বন্ধে অত্যস্ত কৌতূহলোদীপক কাহিনী আছে ৷ ইনি প্রতাপরুদ্রকে এক পত্তে লিখিয়াছিলেন যে অধৈত *जे* श्र

> কিন্তু তাঁর দৈবে কিছু হইয়াছে ঋণ। ঋণ শোধিবারে চাহে তঙ্কা শত তিন।

শ্রীচৈতগ্র এই পত্রের কথা শুনিয়া বলিয়াছিলেন

প্রতিগ্রহ না করিয়ে কভু রাজধন। বিষয়ীর অন্ন থাইলে তুট হয় মন ॥

দেখা যাইতেছে যে সম্প্রদায়গঠনের আদি যুগেও বড় লোকের কাছে টাকা আদায় ক্রিবার ফুলী কোন কোন শিশ্যের মাথায় আদিয়াছিল।

৩৭। কমলানন্দ ( চৈ. ১৪৭) নবদীপ—গৌড়ে খ্রীচৈতত্তার পূর্বভ্তা। কর্ণপুরের মহাকাব্যে (১০৷১২১) ও নাটকে (৮৷৩৩) দেখা যায় যে এক কমলানন শচীকে দেখিতে নবদীপে আসিয়াছিলেন।

৩৮। কমলাবভী [ বরীয়সী ] শ্রীচেতত্তের পিতামহী—ব্রাহ্মণী—শ্রীহট্ট।

৩৯। কলানিধি ( চৈ ) রামানন্দ রায়ের ভ্রাতা উড়িয়া, করণ।

দে ৬৬, কিন্তু ১৭০২ খ্রীঃ পুথিতে নাই। ৪০। **কানাই খুটিয়া**—উড়িয়া

- শ্রী ২২৭-২৮— কানাই থু'টিয়াং বন্দে ক্লফপ্রেমরসাকরং যস্ত পুত্রো জগন্নাথবলরামবুভো শুভো ॥
- कानारे थुँ छिया तत्ना विश्व भवठाव । CF 302-জগন্নাথ বলরাম তুই পুত্র যার।
- ৯৯-১০০-- কানাই খুঁটিয়া বন্দো প্রেম রসধার। প্রকৃতি স্বভাব ভাব যেন গোপিকার ॥

## যার পুত্র জগরাথদাস বলরাম। তার মহত্ত্বের কিবা কহিব অমুপাম॥

ইনি 'মহাপ্রকাশ' নামে এক বই লিথিয়াছিলেন।

৪১। কাকু ঠাকুর (নি) বৈছ, বোধখানা, পদক্র্তা।

পদকল্পতকর ২৩২৭ সংখ্যক পদ—নিত্যানন্দ-স্তৃতি খুব সম্ভব ইহার রচনা। ২৩২১ সংখ্যক পদে নিতাইকে কবি বলিতেছেন—

> কান্থরামদাসে বোলে কি বলিব আমি এ বড় ভরদা মোর কুলের ঠাকুর তুমি।

কাম ঠাকুরই কামদাদ ও কামুরামদাদ ভণিতায় পদ রচনা করিয়াছেন মনে হয়। কামুদাদের ভণিতায় ছয়টী ও কামুরামদাদ ভণিতায় ৭টী পদ পদকল্পতক্তে আছে।

৪২। **কানুপণ্ডিত ( অ** ) ব্ৰাহ্মণ

- ৪৩। কামদেব চৈত্তিভাদাস (অ) ব্রান্ধণ—থড়দহ—কামদেব-নামক এক পদকর্ত্তার এক ট্রী পদ পদকল্পতক্ষতে আছে।
- 88। কামাভট (চৈ) নীলাচল—নাম দেখিয়া মনে হয় ইনি মহারাষ্ট্র দেশীয়। Kalidas
- ৪৫। কালিদাস [পুলিন্দতনয়া মন্ত্রী] কায়স্থ, সপ্তগ্রাম। চরিতামৃতে (৩)১৬) আছে যে রঘুনাথদাস গোস্বামীর জ্ঞাতি থুড়ো কালিদাস ভূমিমালি জাতীয় ঝড়ুঠাকুরের চোষা আমের আঁটি বৈফ্বোচ্ছিষ্ট বলিয়া থাইয়াছিলেন। সেইজ্রুই কর্ণপূর তাঁহাকে পুলিন্দতনয়া বলিয়া নির্দেশ করিয়াছেন।
  - ৪৬। কালীনাথ ব্রহ্মচারী—যত্নাথমতে গদাধর-শাখা।
- ৪৭। কাশীনাথ দ্বিজ [ কুলক ] বিফুপ্রিয়ার বিবাহের ঘটক—ব্রাহ্মণ—

बी ১১२, ८४ ४२, वृ ४১

মু ১।১৩।২, কা ৩।১২৭, ভা ১।১০।১১০, জ ২২, লো ৪৭

৪৮। কা**শীনাথ মাহাতী** [ সনকাদি ] উড়িয়া, করণ, তমলুক।

প্রী ২০৮, দে ১১৩, বৃ ১০৭ Kashipurayanya

৪৯। কা**শীপুরায়ণ্য** জ ৮৮—শ্রীচৈতত্তের সন্ন্যাস লওয়ার সময় কাটোয়ায় উপস্থিত ছিলেন। Kashi Mishra

e । কাশীমিঞা ( চৈ ) [ দৈরিজ্ঞী ] ব্রাহ্মণ, পুরী, জয়কৃষ্ণ বলেন—

কাশীনাথ মিশ্র মধুপণ্ডিত হো আর। তুলদী মিশ্র হো তমলুকে প্রচার॥

শ্রী ১৬৩-৪— বন্দে কাশী মিশ্রবরমৃৎকলস্থং স্থনির্মালং

যস্তাশ্রমে গৌরহরিয়াসীদ্ভক্তিপৃজিতঃ

দে ৬৫, বু ৫৭ মু ৩০১০০১, কা ১০০৬৫, না ৮০১, ভা ১০০১১, জ ৪৭ লো, শেষ ১১১, চ ২০১১২০

১। বিশীনাথ রুদ্র (চৈ ১০৪) ব্রাহ্মণ, চাতরা ( শ্রীরামপুরের নিকট) ইহার ভ্রাত্বংশ বিজ্ঞান। চাতরায় মহাপ্রভুর মূর্ত্তি সেবিত হন। কেহ কেহ কাশীনাথ ও রুদ্র হুই নাম বলেন।

Kashishwar Goswami

৫২। কাশীখর গোস্বামী (চৈ ১০৬) [শশিরেখা] ব্রন্ধচারী—ঈশর
পুরীর শিশু। জয়ক্ষদাস-মতে দ্রাবিড় দেশে জাত, বৃন্দাবনে বান। ইনি
গৌরগোবিন্দ-মৃত্তি প্রতিষ্ঠা করেন (ভক্তিরত্নাকর, পূ. ১১-১২)।

**बी ३৫१, (म ৫≥, तू ৫8** 

সনাতন গোস্বামী বৃহৎ বৈফ্বতোষিণীর মঙ্গলাচরণে লিথিয়াছেন—

বৃন্দাবনপ্রিয়ান্ বন্দে শ্রীগোবিন্দপদাখিতান্ শ্রীমৎকাশীখরং বন্দে শ্রীকৃষ্ণদাসকম্॥

হরিভক্তিবিলাসের মঞ্চলাচরণে ইহার নাম আছে।

ভক্তিরত্নাকর—কাশীশ্বর গোদাঞির শিশু মহা আর্য্য।
গোবিন্দ গোদাঞি আর শ্রীয়াদ্বাচার্য্য॥ (পৃ. ১০২১)

Kashishwar

eo। কাশীশ্বর [ ভৃদার ] প্রভুর পূর্বর ভৃত্য (গৌ, গ, দী)

শ্রী ১১৩, দে ৩৮, বু ৩৮—গরুড় কাশীখর

নবদ্বীপ-লীলার সন্ধীর্ত্তনাদিতে ও গৌড় হইতে পুরীর যাত্রীদের মধ্যে বাহার নাম পাওয়া যায় তিনি এই কাশীশ্বর।

যু ৪।১।৪, কা ১৬।৩৩, না ৮।৩৩, ভা ২।৮।২০৯

৫৪। কানীখর মিশ্র-—বান্ধণ, ফুলিয়া।

CF 225

Kumudananda Pandit

- ৫৫। কুমুদানক পণ্ডিত [ গন্ধর্ব গোপ ] যত্নাথ-মতে গদাধর-শাখা, ব্রাহ্মণ—চট্টগ্রাম—দাইহাট (বর্দ্ধমান)। কথিত আছে ইনি রসিকরাজ-বিগ্রহ স্থাপন করেন। ঐ মূর্ত্তি এখনও দাইহাটে পূজিত হন।
- ৫৬। কুর্ম্ম—ব্রাহ্মণ—দাক্ষিণাত্য-ভ্রমণকালে শ্রীচৈতন্ত ইহাকে রূপা করিয়াছিলেন। চ ২।৭।১১৮—১৩২।

ক্ষণাস— শ্রীজীব ও দেবকীনন্দন ছয় জ্বন, বৃন্দাবনদাস পাঁচ জন কৃষ্ণদাসের নাম করিয়াছেন। চরিতামতে চৈতগ্য-শাথায় ২, অছৈত-শাথায় ১+
কৃষ্ণমিশ্র, গদাধর-শাথায় ১, নিত্যানন্দ-শাথায় ৫= ১০ কৃষ্ণদাস। চরিতামতে
নিত্যানন্দের পালিত শিশু কৃষ্ণদাসের নাম নাই। বৈষ্ণব-বন্দনায় যে ছয় জনের
নাম আছে তাঁহারা প্রত্যেকেই নিত্যানন্দের শাথাভূক্ত। তাহা হইলে এগার
জন কৃষ্ণদাসের নাম পাওয়া গেল। ইহা ছাড়া নাটকে জগন্নাথের স্বর্ণবেত্রধারী
কৃষ্ণদাসের কথা আছে। শ্রীচৈতগ্যভাগবতে (৩৯৪৯১) শ্রীধরের বিশেষণ
"অকিঞ্চন কৃষ্ণদাস চলিলা শ্রীধর"। চৈতগ্যভাগবতে শিশু কৃষ্ণদাসের নাম
আছে। উল্লিখিত বার জন কৃষ্ণদাসের মধ্যে গৌ, গ, দী কালা কৃষ্ণদাস,
অছৈত-শাথার কৃষ্ণদাস ব্রন্ধচারী, অহৈতপুত্র কৃষ্ণদাস ও অপর একজন
কৃষ্ণদাসের কথা বলিয়াছেন। সেই কৃষ্ণদাসের তব্ব হইতেছে রত্নরেথা—
স্বতরাং তিনি নিত্যানন্দ-শাথাভূক্ত বান্ধণ কৃষ্ণদাস বর্জিত হইয়াছিলেন,
সেইজগ্য রত্নরেখা বৈত্য-কৃষ্ণদাসের তব্ব।

- ৫৭। ক্ষেদাস (নি ৩৩) ব্রাহ্মণ, আকাইহাট (কাটোয়া হইতে দেড় মাইলের মধ্যে)।
  - 🗐 ১৯২—গ্রীকৃষ্ণদাদং হরিপাদজাশং শান্তং কুপানুং ভগবজ্জনপ্রিয়ং।
  - (म १२—आकार्ट राय्वेत वत्ना कृष्णाम ठीकूत।
  - বু ৬৬—ঠাকুর শ্রীকৃষ্ণদাস আকাই হাটেতে বাস।
    শাস্ত পরম অকিঞ্ন.
  - ভা ৩। ৭। ৪৭৪— রাঢ়ে জন্ম মহাশন্ন বিপ্রাক্ষণাদ নিত্যানন্দ পারিষদে যাঁহার বিলাস ॥

বামগোপাল দাস "শাখা বর্ণনে" ইহাকে রঘুনন্দনের শাখা বলিয়াছেন ; যথা—
আকাই হাটে ছিলা ক্লফদাস ঠাকুর
বাড়িতে বসিয়া পাইলা প্রভুর নূপুর॥

শ্রীযুক্ত অমূল্য ভট্টরায় ইহাকেই কালা ক্বঞ্চাদ বলিয়াছেন। কিন্তু চরিতামুতে ১১১১৩৩ ও ১১১১৩৪শে উল্লিখিত তুই ক্বঞ্চাদ বিভিন্ন ব্যক্তি।

৫৮। ক্লকাদাস (নি ৩৪) [লবক ] কালিয়া কৃষ্ণদাস—বোধ হয় খুব কাল ছিলেন। ইনি প্রায়শ: উলক হইয়া পড়িতেন।

अयुक्क -- भाभनावात जिल्ला कालिया कृष्णनाम।

পাবনা জেলার সোনাতলায় এপাট কালা কৃষ্ণদাস বংশীয় বিজয়গোবিন্দ গোস্বামীর প্রবন্ধ "বিষ্ণুপ্রিয়া গৌরাঙ্গ" পত্রিকা ৫।১।১৩ পূ।

শ্রী ২১২—কালিয়া কুফ্দাসমথো বন্দে প্রেমেব বিহ্নলং

- দে ৯৫— কালিয়া ক্লফদাস বন্দোঁ বড় ভক্তি করি।
  দিবা উপবীত বস্ত্র ক্লফতেজোধারী॥

ভা ৩। ৭। ৪৭৪, জ ১৪৪— যাহার মন্দিরে নিত্যানন্দের বিলাস ৫৯। কুর্বাদীস (নি ১২)

শ্রী ২৪৮— কৃষ্ণদাসং ততো বন্দে স্থ্যদাসং চ পণ্ডিতং।
দে ১৩৫— গৌরীদাস পণ্ডিতের অন্তন্ধ কৃষ্ণদাস
পদকল্পতক ২৩৫৮ পদ ইহার রচনা হইতে পারে।
৬০। কৃষ্ণদাস (নি ৪৪) ব্রাহ্মণ—বিহার—বড়গাছি।

শ্রী ২৫৯-৬৫—ঠকুরং কৃষ্ণদাসং চ নিত্যানন্দপয়ায়ণং
যোহরক্ষৎ স্বগৃহে নিত্যানন্দদেবং হি ভক্তিতঃ
গোরীদাসন্তত্ত গতা গৃহীত্বোক্ত্যা নিজং প্রভুং।
সমানয়ত্ততোহন্তঃ কন্তন্তক্তঃ স্থসমাহিতঃ॥
শ্রীকৃষ্ণদাসপ্রেমোহি মহিমা কেন বর্ণাতে।
যো নিত্যানন্দবিরহাং সপ্তমাসাংশ্চ বাতুলঃ।
পুনঃ সন্দর্শনং দ্রা তেনৈব স্থস্থিরীকৃতঃ॥

দে ১২৭— বরগাছির বন্দিব ঠাকুর ক্লফদাস।
প্রেমানন্দে নিত্যানন্দে যাঁহার বিশাস॥

व ४२२-२७--

বন্দিব বেহারি ক্লফদাস মহামতি। বড়গাছি গ্রামেতে যাঁহার অবস্থিতি॥

বে জন পিরীতি ফান্দে নিতাই চান্দেরে। বন্দী করি রাখিয়াছিলেন নিজ ঘরে।
পণ্ডিত ঠাকুর গিয়া বৃকে দিয়া তালি। কোঁচে ধরি লৈয়া গেল মোর প্রভূ বলি॥
নিত্যানন্দ বিরহে ঠাকুর ক্লফদাস। পাগলের প্রায় গোঙাইলা সাত মাস॥
পুনরপি নিত্যানন্দ তার ঘরে গেলা। নিত্যানন্দ দরশন পাই সাম্য হৈলা॥

৬১। ক্বাসে—শিশু রুঞ্চাস—নিত্যানন্দ-কর্ত্ক পালিত—জয়রুঞ্চ-মতে উড়িয়া।

- শ্রী ২৭৫-৭৬— শিশু কৃষ্ণদাসসংজ্ঞং শ্রীনিত্যানন্দপালিতং। বন্দে স্থথময়ং পুণ্যং পবিত্রং যৎ কলেবরং॥
- দে ১৩৩— বন্দনা করিব শিশু কৃষ্ণদাস নাম। প্রভূর পালনে যাঁর দিব্য তেজোধাম॥
- বু ১৩২— শিশু কৃষ্ণদাস বন্দো গোপশিশু যহ।
  নিত্যানন্দ স্বহস্তে পালিলা যার তমু॥

৬২। **কৃষ্ণদাস** (নি ৮০) দেবানন্দ পণ্ডিতের ভাতা, ব্রাহ্মণ—কুলিয়া। শ্রী ২৮০, দে ১১৯, বু ১৩৫

ভা ৩।৭।৪৭৫। ইনিই সম্ভবতঃ নিত্যানন্দের সঙ্গে পুরী হইতে গৌড়ে আসিয়াছিলেন।

- ७०। कुरुकामा (८५ ४०१) [ রত্বরেখা ] বৈছ
- ৬৪। **কৃষ্ণদাস** (চৈ ১৪৩) কর্ণপূর ও কবিরাজ গোস্বামীর মতে শ্রীচৈতন্মের দাক্ষিণাত্য-ভ্রমণের সঙ্গী।
- ৬৫। ক্লাজপুর।
  - ৬৬। কুষ্ণদাস (গচত, যত্) [ ইন্দ্ৰেখা ] বৃন্দাবন

ভক্তিরত্বাকর (পৃ. ১০২১) শ্রীমদনগোপাল দেবাধিকারী। গদাধরশিশ্য রুঞ্চাস ব্রহ্মচারী। ইনি কাশীখর গোস্বামীর প্রিয় ছিলেন।

- ५१। कृश्वामा ( घ ७० )
- ৬৮। কুষ্ণদাস—উড়িয়া ত্রাহ্মণ, জগন্নাথ-বিগ্রহের হুর্ণবেত্রধারী। নাচাং।
- ৬৯। কৃষ্ণদাস হোড়—বান্ধণ, বড়গাছি—চরিতামৃতে আছে যে ইনি বগুনাথপ্রদত্ত চিড়ামহোৎদবে উপস্থিত ছিলেন।

Krishna Das Rajput

৭০। কৃষ্ণদাস রাজপুত — চৈতন্ত-শাখায় ইহার নাম নাই। তবে ম্রারি (৪।২।১১) ও কবিরাজ গোস্বামী ইহার কথা ২।১৮তে বলিয়াছেন। ইনি শ্রীচৈতন্তকে বৃন্দাবন দেখাইয়াছিলেন।

৭১। ক্লেড্রালন ভঞ্জামালী—লাহোরে বাড়ী, বাংলা ভক্তমাল মতে ইনি পাঞ্জাব, মূলতান, স্থরাট, গুজরাত প্রভৃতি স্থানে শ্রীচৈতত্ত্বের ধর্ম প্রচার করেন।

৭২। ক্বাৰ্যানন্দ ( চৈ ) [ কলাবতী ] উড়িয়া

শ্রী ১১৪, দে ৩৯, বু ৩৯

৭০। ক্রম্থানন্দ (নি) ব্রাহ্মণ—নবদীপ। চৈতন্তভাগবত (২।১।১৫১)
মতে ইনি রত্বগর্ভ আচার্য্যের পুত্র ও যত্ব কবিচন্দ্রের ভ্রাতা। কেই কেই
ইহাকে তন্ত্রসার-প্রণেতা ক্রম্থানন্দ আগমবাগীশ মনে করেন (নগেন্দ্রনাথ
বস্থ—বারেন্দ্র ব্রাহ্মণ বিবরণ, ১৫৭ পৃ.)। কিন্তু নগেন্দ্রবাব্র উক্ত গ্রন্থের
১৬১ পৃষ্ঠায় প্রদত্ত বংশলতায় দেখা যায় যে ক্রম্থানন্দ আগমবাগীশের পিতার
নাম মহেশ বা মহেশর। উক্ত বংশলতায় আরও পাওয়া যায় যে "প্রাণতোষণী"
তন্ত্র প্রণেতা ও রামতোষণ বিভালন্ধার ক্রম্থানন্দ হইতে সপ্তম অধন্তন পুক্ষ।
রামতোষণের পুত্র রামর্মণ ১৬৩২ সালে বাহিয়া ছিলেন। আট পুক্ষে
গাড়ে চারিশত বংসর কিছুতেই হয় না।

18। ক্লানন্দ পুরী (মাধবেন্দ্র-শিশ্ব ) [ সিদ্ধি ]

প্রী ১৩৩, দে ৫০

পেত। কেশব ছত্তী থা—কায়স্থ—গোড়

না মা১৬ কেশব বস্থু, ভা ৩।৪।৪২৫, চ ২।১।১৭১

পতাবলীর ১৫০ সংখ্যক শ্লোক ইহার লেখা। ভক্তিরত্বাকর (পৃ. ৪৫) মতে ইনি রামকেলীতে প্রভুর চরণ দর্শন করিয়াছিলেন।

৭৬। কেশব পুরী (মাধবেন্দ্র-শিশ্ব ) [ সিদ্ধি ]

बी २०६, (म ६२, तृ ८७

৭৭। কেশ্ব ভারতা ( মাধবেন্দ্র-শিশ্ব ) [ সান্দীপনি ]

দেহড়ে ( বৰ্দ্ধমান জেলা ) জন্ম।

শ্রী১২৩-৪—শ্রীকেশবভারতীং বৈ সন্ন্যাসিগণপৃদ্ধিতাং বন্দে যয়াক্বতঃ ক্রাসীগ্রন্তধর্মা মহাপ্রভুঃ॥

দে ৪৪ — কেশবভারতী বন্দো সান্দীপনীমূনি। প্রভু থারে নিজ গুরু করিলা আপনি॥ বু ৪২—কেশব ভারতী প্রতি বন্দো নম্ৰ হইয়া অতি যে করিল প্রভূকে সন্মাসী।

মু ২।১৮।৭, কা ১১।৪৪, না ৬।২০, ভা ২।২৬।৩৬০, জ ২, লো মধ্য ৪৭, P 2120165 1

চ্ চুড়ার ব্রহ্মচারিগণ ও "নদীয়ার কলাবাড়ী, গোপালপুর ও মৃশিদাবাদে, বাগপুরের সীমলায়ীগণ, মেদিনীপুরের ভট্টাচার্য্যগণ, গুপ্তিপাড়ার ভট্টাচার্য্যগণ, মামযোয়ানির ও কৃষ্ণনগরের সরকার গোষ্ঠা কেশব ভারতীর বংশীয় সম্ভান বলিয়া পরিচয় দেন" ( অমূল্য ভট্ট—বৈষ্ণব অভিধান, পৃ ৭০ )

৭৮। কংসারি সেন (নি) [রত্বাবলী] বৈছা, কাঁচিসালি বা গুপ্তিপাড়া। बी २६७, ८४ ४२७, व ४४९।

অমূল্য ভট্ট বলেন যে ইহার পুত্র সদাশিব কবিরাজ। কিন্তু ইহার প্রমাণ তিনি দেন নাই, আমিও কোথাও পাই নাই। ৭৯। ক্রমক পুরী জ ২

৮০। **গঙ্গা** গঙ্গা নিত্যানন্দ কন্তা-ব্ৰাহ্মণী-জিৱাট।

শ্রী cc-৬e—নিত্যানন্দপ্রভুত্বতাং রাধাকৃষ্ণ দ্রবাত্মিকাং। মাধবাচার্যা-বনিতাং সচ্চিদানন্দরপেণীং॥ শ্রীপ্রেমমঞ্জরীমুখ্যাং জগতাং মাতরং বরাং। বন্দে গন্ধাং প্রেমদাত্রীং ভূবনত্রয়পাবনীং॥ সা গঙ্গা জাহ্নবীশিক্ষা সহেশৈরপি পাবনৈ:। বিবিক্ষোপহতাহাস্ত পুনাতি ভূবনত্তয়ং ॥

দেবকীনন্দন স্বতন্ত্রভাবে গঙ্গাকে বন্দনা করেন নাই। তাঁহার বৈষ্ণব-বন্দনার একেবারে শেষে গঙ্গার স্বামী মাধবাচার্য্যের নাম করিয়াছেন; যথা---

> পরম আনন্দে বন্দো আচার্য্য মাধব। ভক্তি-ফলে হৈলা গঙ্গাদেবীর বল্লভ ॥

গন্ধা কে তাহাও এখানে বলা হইল না। কৃষ্ণদাস কবিরাজ বীরভদ্রের নাম করিয়াছেন, অথচ গঙ্গার নাম করেন নাই। গঙ্গাবংশ ও নিভ্যানন্দ-বংশের মধ্যে আজও যে বিবাদ দেখা যায় তাহার স্ত্রপাত কি চরিতামৃত লেখার সময় হইতে ?

র ১৮— রাধাক্বফ দ্রবরূপ আছিল ব্রহ্মার কৃপ তিনলোকে স্থিতি জগন্মাতা। দ্রবব্রহ্ম ভগবান গ্রাদেবী তাঁর নাম বন্দো দেই নিত্যানন্দস্থতা।

Gangadas

७)। **शकामाज**—बाञ्चन-अनामि-निवाती।

🗐 ২৬৭—অনাদিগদাদাসং চ পণ্ডিতং হি বিলাসিনং

দে ১২৯, বু ১২৮—পণ্ডিত গঙ্গাদাস বন্দো অনাদিনিবাসী
Gangadas Pandit

৮২। **গঙ্গাদাস পণ্ডিত** ( চৈ ) [ বশিষ্ঠ ] ব্ৰাহ্মণ, নবদীপ।

শ্রী ১০১—নবদীপকৃতবাসং গঙ্গাদাসং গুরুং পরং

দে ৩০, বু ৩৪

মু ১।৯।১, কা ৩।৩, ভা ১।৬।৫৫, জ ১৮

কর্ণপূর মহাকাব্যে লিথিয়াছেন যে বিশ্বস্তর বিষ্ণু ও স্থদর্শনের নিকট পড়িয়া "ততক্ষ বৈয়াকরণাৎ গঙ্গাদাদাদভূৎ প্রত্যন্তভূতবিছাঃ।"

মুরারি বলেন যে বিশ্বস্তর "লৌকিক সংক্রিয়াবিধি" পড়াইতেন। কিস্ত গঙ্গাদাস যদি কেবলমাত্র বৈয়াকরণ হন, তাহা হইলে বিশ্বস্তর শ্বতি পড়িলেন কাহার নিকট ? জয়ানন্দ ইহার উত্তর দিয়াছেন—

নবদীপের ভিতর পণ্ডিত গশাদাস। তাহার মন্দিরে কৈল বিভার প্রকাশ।

চন্দ্র সারস্বত নব কাব্য নাটকে। স্মৃতি তর্ক সাহিত্য পড়িল একে একে ॥

—জয়ানন্দ, ১৮ পু.

Gangadas

৮৩। **গঙ্গাদাস** (নি) [হ্বাসা] নন্দন আচার্য্যের ভাতা, ব্রাহ্মণ, নব্দীপ।

শ্রী ১১৩, দে ৩৯, বু ৩৯

ইহারই কথা কর্ণপূর নাটকে (৩০০) বলিয়াছেন "গঙ্গাদাসনামা ভাগবতঃ পরমাপ্তা ভূস্ববরো দারপালত্বেন গুয়োজি"। গুরু গঙ্গাদাসকে বিশ্বস্তর অভিনয়ের দিন নিশ্চয়ই দারপালত্বে নিয়োগ করেন নাই। বুন্দাবনদাস সম্ভবতঃ ইহার সম্বন্ধেই বলিয়াছেন যে প্রভূ "ক্ষণে যায় গঙ্গাদাস মুরারির ঘরে" (২৮০২০৬)। ইনিই বিশ্বস্তরের কীর্ত্তন-দলে ছিলেন (ভা ২৮০২০৯)।

৮8। शकाषांज निर्लाम ( रें ) नीलांडल

🛩 জয়ানন্দ কাট। গঙ্গাদাস ও ভগাই গঙ্গাদাস নামে তুই ভক্তের নাম উল্লেখ

করিয়াছেন। নিমাই থেলার ছলে এক কুকুরের নাম গঙ্গাদাস রাখিয়াছিলেন (জয়ানন্দ পৃ. ২১)।

৮৫। বিলামন্ত্রী (গ) ইহারই উপাধি হয়তো মামুঠাকুর ছিল(চ ১।১২।৭৯)। কোন কোন পুথিতে পাঠ গলামুদ্রি। যত্নাথ গলামন্ত্রীকে মামুঠাকুর হইতে স্বতম্ব ব্যক্তি বলিয়াছেন।

৮৬। **গদাধরদাস** ( চৈ, নি ) [ চন্দ্রকান্তি, পূর্ণানন্দা ]

এড়িয়াদহ। কালনা সংস্করণ চরিতামৃতের টীকায় কায়স্থ বলা হইয়াছে। কিন্তু এড়িয়াদহে শুনিলাম ইহার বংশধরেরা আহ্মণ।

- শ্রী ১৭৫-৬—বন্দে গদাধরদাসং বৃষভামুস্থতামিহ। শ্রীক্লফেনাভিন্নদেহাং মহাভাবস্বরূপিকাং॥
- দে ৭০— সম্ভ্রমে বন্দিব আর গদাধরদাস। বুন্দাবনে অতিশয় যাহার প্রকাশ॥
- র ৬০ ব্যভামুস্থতা যেহোঁ। গদাধরদাস তেহোঁ এবে নাম করিল প্রকাশ। গৌরাঙ্গযুগল দেহ সন্দ গা করিহ কেহ এইরূপ গদাধরদাস॥
- ভা এ। ৫। ৪৫৯ শ্রীবাল গোপাল মূর্ত্তি তান দেবালয়।
  আছেন পরম লাবণ্যের সমুক্তয়।

আমি এড়িয়াদহে যাইয়া ঐ বালগোপাল মৃতি দর্শন করিয়াছি। ঐ বিগ্রহ এখন ভগ্ন অবস্থায় পড়িয়া আছেন—পূজা পান না।

ना २०१९, छ। ७१८।८८२, ला २

৮৭। গদাধর পাঞ্জ (চ) [রাধা ও ললিতা ] পিতার নাম মাধ্ব মিশ্র, রান্ধণ। জয়কৃষ্ণ-মতে ইহার আদি নিবাদ শ্রীহট্টে, কিন্তু প্রেমবিলাদের ২৪ বিঃ মতে চট্টগ্রামে। পরে ইহার পিতা নবদীপে বাদ করিয়াছিলেন।

শ্রী ৩২-৩৪—দেবং গদাধরং যো হি দ্বিতীয়কায়মীশিতৃ:।
স চ বিহানিধে: শিক্তা প্রভুভক্তি-রসাকর:॥
সোহসৌ গদাধরো ধীর: সর্বভক্তজনপ্রিয়:;

(म >, व >>फटत तत्माँ (मत शर्माधव

যতেক বৈষ্ণবচয়

তত প্রিয় কেহ নয়

দ্বিতীয় চৈতক্ত কলেবর।

মু ২।০।১০, কা ৫।১২৮, না ১।১৯, ভা ১।২।১৩, জ ২, লো ২

৮৮। গদাধর ভট্ট [ রঙ্গদেবী ] হিন্দী ভক্তমাল মতে হিন্দীভাষার কবি। গোপাল ভট্টের শিয়া। খ্রীজীবের ক্বপা পাইয়া বৃন্দাবনে বাস করেন (ভক্তমাল ( ৭৯৩-৮০০ পৃ.)

৮৯। গ্ৰুক্ত [কুম্দ ১১৬] গোড়ে জাত।
Garud Abadhut

**৯০। গরুড় অবধৃত** [ জয়ন্তেয় ১০১ ]

শ্রী ১৩১—বন্দে গরুড়াবধৃতং হুদ্ভুতপ্রেমশালিনং

**(म 8**৮, तृ ४৫—वत्ना গরুড় অবধৃত

থার প্রেম অদভূত চমৎকার দেখিতে ভনিতে।

क १७

ন্য। বিশ্ব বিশ্র বিশ্ব বিশ্র

মু ৪।১৭।১১, ভা ১।২।১৮, নবদীপে বাড়ী।

२२। **७०१निसि** [ निसि ]

৯৩। বাকুলদাস (নি) ঘোড়াঘাটে পাট

৯৪। **র্গোপাল** (নি ৪৭)

> । **রোপাল** ( অ ) অদৈত-পুত্র—ব্রাহ্মণ—শান্তিপুর।

না ১০।৪৯-৫১, চ ২।১১।৭৭-১৪৬ Gopal Acharya

৯৬। **গোপাল আচা**র্য্য (চৈ)

২৭। **গোঁপালগুরু**—উড়িয়া

দেবকীনন্দনের বৃহৎ বৈষ্ণব-বন্দনার ১৭১৯ শকের অহলিপির পুথিতে আছে—

পরম সানন্দে বন্দে! প্রীগুরুগোপাল।
দীক্ষাশিক্ষা পথে ষেহ পরমদয়াল।
আপনে চৈতত্ত যারে বড় রূপা কৈল।
টীকা দিয়া নিজহত্তে অধিকারী কৈল।

Gopaldas

৯৮। গোপালদাস ( চৈ ) [ পালী গোপী ]

৯৯। **গোপালদাস**—ষত্নাথ-মতে গদাধর-শাখা। ভক্তিরত্বাকর,

7. >0Gopaldas Thakur

১০০। **র্গোপালদাস ঠাকুর**—নরহরি-শিশ্র

বামগোপালদাস লিথিয়াছেন-

ঠাকুরের শাখা তিঁহ ব্রক্ত আকুমার। শিশু প্রশিশু যার ভূবন বিস্তার॥ —শাখা-নির্ণয়, পৃ. ৪

১০১ | Gniপাল নৰ্ত্তক (নি ৫০ ) কা ১১ ৷ ৫০

১০২। **গোপাল পুরী—জ**য়ানন :৩৪ পৃ.

১০০। বিশাপাল ভট্ট (চ) [ অনকমঞ্জরী বা গুণমঞ্চরী ] ভক্তিরত্বাকর (পৃ.৬) মতে বেকটনন্দন। আন্ধান, শ্রীরক্ষ, বুন্দাবন।

শ্রী ১৪৫-১৪৮, দে ৫৬, বু ৫৯

म् ७।५०।५०

পতাবলীর ৩৮ সংখ্যক শ্লোক ইহার রচনা। পদকল্পতরুতে বোধ হয় ইহারই রচিত কয়েকটা ব্রজভাষার পদ ধৃত হইয়াছে। ইনি বৃন্দাবনে রাধারমণের সেবা প্রকাশ করেন (ভক্তিরত্বাকর পৃ. ১৪১)।

১০৪। বােপাল সাদিপুরিয়া (গ, যত্ )

সাদিপুরিয়া কোন্দেশী লোকের উপাধি স্থির করিতে পারিলাম না।

১০৫। গোপীকান্ত ( চৈ )

১০৬। গোপীনাথ আচাৰ্য্য বা পশুপতি [ ব্ৰহ্মা ] বাহ্মণ—নবদীপ। ভা ১৷২৷১৮ পৃ.

ইনি নীলাচলে বাস করিতেন না, গৌড়দেশ হইতে পুরীতে যাইতেন; যথা—

গোপীনাথ পণ্ডিত আর শ্রীগর্ভপণ্ডিত।
চলিলেন তুই কৃষ্ণ বিগ্রহ নিশ্চিত॥—ভা ৩।১।৪৯১

শ্রী ৮৭— গোপীনাথং ততাে বন্দে চৈত্রস্থতিকারকং

দে ২১— গোপীনাথ ঠাকুর বন্দো জগতে বিখ্যাত। প্রভুর স্থতি পাঠে যেই ব্রহ্ম সাক্ষাত।

বৃ ২৭— ঠাকুর শ্রীগোপীনাথ পদে কৈল প্রণিপাত প্রভূরে যে কৈল বহ স্থতি। Gopinath Acharya

১০৭। বোপীনাথ আচার্য্য (চ) [রত্নাবলী] দার্কভৌমের ভাপনীপতি। বান্ধান। ইনি নীলাচলে বাদ করিতেন।

মু ১।১।১৯, কা ১২।৪৫, না ৬।১৮, চ ২।৬।১৬—২০

গৌ. গ, দীতে তুই জন গোপীনাথ আচার্য্য পাওয়া যায়, বন্দনায় একজন।

১০৮। **রোপীনাথ পট্টনায়ক** (চৈ) রামানন্দ রায়ের ভ্রাতা। উড়িয়া, করণ। দে৬৬, কিন্তু ১৬৫৪ ও ১৭০২ গ্রীঃ পুথিতে নাই।

১০ন। গোপীনাথ সিংহ ( চৈ ) [ অক্রুর ] কায়স্থ

মু ৪।১৭।১১, ভা তান।৪৯২

১১০। বেগাবিন্দ (চৈ, ঈশ্বপুরীর শিষ্য) [ভঙ্গুর] প্রভুর সেবক—নীলাচল।

মু ৪।১৭।२०, को ১৩।১৩०, ना ৮।১०।

১১১। গোবিন্দ কবিরাজ (নি)

Govinda Karmakar ১১২। গোবিন্দ কর্মকার

क ४७

এই গ্রন্থের দাদশ অধ্যায় দ্রন্থব্য।

১১৩। বেগাবিক্ষ আচার্য্য [পোর্ণমাদী; গীতপভাদিকারকঃ]

দে ১০৩— গোবিন্দ আচার্য্য বন্দো সর্ব্বগুণশালী।

যে করিল রাধাক্বফের বিচিত্র ধামালী।

বৃ ৯৫— গোবিন্দ আচার্য্যপদ করিব বন্দন। রাধাকৃষ্ণের রহস্ত যে করিল বর্ণন॥

১১৪। গোবিন্দ ঘোষ (চৈ) [কলাবতী] কীর্ত্তনীয়া, পদকর্ত্তা, কায়স্থ, কুলাই, কাটোয়ার কাছে। বাস্থ ও মাধবানন্দ ঘোষের ভ্রাতা। অগ্রদ্বীপে পাট। চৈত্র কৃষ্ণ ত্রয়োদশীতে গোপীনাথ-বিগ্রহকে কাচা পরাইয়া গোবিন্দ ঘোষের প্রাদ্ধ করান হয়। মহারাজা কৃষ্ণচন্দ্র নবকৃষ্ণের নিকট তিন লক্ষ টাকা ধার করেন। নবকৃষ্ণ ঐ টাকা না পাওয়ায় গোপীনাথ-বিগ্রহ লইয়া যান। অবশেষে কৃষ্ণচন্দ্র মোকর্দ্দমা করিয়া এই মূর্ত্তি উদ্ধার করেন (Ward, History of the Hindus, Vol. I, P. 205-6).

ত্রী ১৯৬, দে৮০, বু ৬৮

মু ৪।১৭।৬, না ১০।৫, ভা ৩।৫।৪৫৪

পদকলতকতে ইহার রচিত ছয়টা পদ আছে—গো. প. ত. তে ৭টা পদ ধৃত হইয়াছে Govinda Dutta

১১৫। বোবিন্দ দত্ত (চ) [পুগুরীকাক্ষ]কীর্ত্তনীয়া, বৈষ্ণবাচারদর্পণমতে ইহার শ্রীপাট স্থচরে (২৪ পরগণা জেলা, খড়দহ ও পানিহাটীর
মাঝে)। ইনি দম্ভবত মুকুন্দ ও বাস্থদেব দত্তের ভাই। দনাতন গোস্বামী
বৃহৎ বৈষ্ণবতোষণীর প্রারম্ভে এই তিন জনকে নমস্কার করিয়াছেন।

ভা থাচা২১০, জ ২ Govinda Dwija ১১৬। গোবিন্দ দিজ—নামান্তর স্থগ্রীব মিশ্র

শ্রী ১৭১-৪— বন্দে স্থগ্রীবমিশ্রং তং গোবিন্দং দ্বিজমৃত্তমং
যন্তক্তিযোগমহিমা স্থপ্রসিদ্ধো মহীতলে।
প্রভোর্ফো গমনার্থং হি শ্রীনবদ্বীপভূমিতঃ
অগৌড়ভূমি যেনৈব বদ্ধঃ সেতুর্মনোময়ঃ।

দে ৬৯— বন্দিব স্থগ্রীব মিশ্র শ্রীগোবিন্দানন্দ প্রভূ লাগি মান সিক যাঁর সেতুবন্ধ।

ব ৫৯— বন্দিব স্থবৃদ্ধি মিশ্রণ শ্রীগোবিন্দানন্দ বিপ্র যার মনমানসন্ধাঙ্গালে।
কুলিয়া নগর হৈতে গৌড় পর্যান্ত যাইতে
প্রভূ চলি গেলা কুভূহলে॥

শ্রীচৈতক্সচরিতামৃতে অফুরুপ ঘটনা নৃসিংহানন্দ প্রত্যুদ্ধ বন্ধাবী সম্বন্ধে বলা হইয়াছে।

জয়ক্ষ্ণ— স্থাীব মিশ্রের জন্ম ফুলিয়া গ্রামেতে।
গোবিন্দানন্দ শিবানন্দ পণ্ডিত হো তাথে॥

অভিরাম— কোঙর হটে গোবিন্দানন্দ ঠাকুরের বাদ। ইন্দুরেখা সখী পূর্ব্বে জানিবা নির্ঘাস॥

>। বৃ এখানে স্থীবস্থানে স্বৃদ্ধি মিশ্র করিয়াছেন। তিনি ১০৬ এ আবার স্বৃদ্ধি মিশ্রের বন্দনা করিয়াছেন। একজন স্বৃদ্ধি মিশ্রের কথাই অস্থান্থ গ্রন্থে পাওয়া যায়। স্তরাং বৃ র স্থীব স্থানে স্বৃদ্ধি করা ভূল ইইয়াছিল মনে হয়। ১১৭। গোবিন্দানন ঠাকুর (চৈ) [ স্থাবি ] খ্রী ও বৃ. তে উড়িয়া ভক্তদের সহিত উল্লিখিত।

ত্রী ২৩১-২— গোবিন্দানন্দনামানং ঠাকুরং ভক্তিযোগতঃ বন্দে প্রভোর্নিমিত্তং যদম্মসেতৃশ্চ মানসঃ।

বু ১০৩— স্থগ্রীব নামক গোবিন্দানন্দ ঠাকুর। প্রভু লাগি সেতুবন্ধ করিলা প্রচুর॥

তুইবার গোবিন্দানন্দ ঠাকুরের নাম খ্রী ও ব তে কেন উল্লিখিত হইল বুঝিলাম না।

১১৮। **গোবিন্দানন্দ পুরী** [ मिक्ति ]

শ্রী ১২৯, দে ৪৭ গোবিন্দপুরী বলিয়া উল্লিখিত

১১৯। পৌরাকদাস (নি) "কুম্দ গৌরাকদাস তৃংথীর জীবন"

—ভক্তিরত্নাকর, পৃ. ৫৮৯

১২০। গৌরীদাস পণ্ডিত (নি) [ স্থবল ] নিত্যানন্দের খুড়াশগুর, পিতার নাম কংসারি মিশ্র, ব্রাহ্মণ, অম্বিকা, ভক্তিরত্বাকর সপ্তম তরঙ্গ মতে পূর্ব্ব নিবাস শালিগ্রাম (মুড়াগাছা ষ্টেশনের নিকট)।

শ্রী২০৩-৬— বন্দে শ্রীগোরীদাসং চ গোপালং স্থবলাথ্যকং যন্ত্রীতঃ পরমানন্দম্ংকলেহদৈতঠকুরঃ ॥ শ্রীচৈতক্ত্রনিত্যানন্দম্ত্রিঃ সাক্ষাৎ প্রকাশিতা। যন্ত্রিদর্শনাৎ সতঃ কর্মবন্ধক্ষয়ো ভবেং ॥

দে ৯৯— গৌরীদাস পণ্ডিত বন্দো প্রভুর আজ্ঞাকারী।
আচার্য্য গোসাঞিরে নিল উৎকল নগরী॥

বু ৭৭-৮৩---

বন্দিব শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুর।
নিত্যানন্দ প্রিয়পাত্র মহিমা প্রচুর ॥
প্রভু আজ্ঞা শিরে ধরি গিয়া শান্তিপুরে।
যে আনিল উৎকলেতে আচার্য্য প্রভুরে ॥
যাহারে বলি গোকুলের স্থবল গোপাল।
স্কুজনের শরণদাতা তুর্জনের কাল॥

যাহারে কৃষ্ণ ভক্তিশক্তি বিদিত জগতে।
পাষত্ত পাতাল লাগি হৈল যাহা হৈতে॥
অম্বিকানগর মাঝ যার অবস্থিতি।
যার ঘরে নিত্যানন্দ চৈতক্ত মূরতি॥
প্রভূ বিশ্বমানে মূর্ত্তি করিল প্রকাশ।
যে মূর্ত্তি দেখিলে কর্মবন্ধের বিনাশ॥
দিব্যমালা চন্দন বসন অলক্ষারে।
যে করিল বিভূষিত নিতাই চান্দেরে॥

মু ৪।১।৪, ৪।১৪।১৩ ( বিগ্রহের কথা ), না ১০৫, ভা আড়া৪৭৪, চ ১।১১।২৩-২৪

জয়ানন্দ ৩ পৃ — গৌরীদাস পণ্ডিতের কবিত্ব স্থান্দ্রণী। সঙ্গীত প্রবন্ধে যাঁর পদে পদে ধ্বনি॥

ঐ ১৪৪ পু.— যার দেহে নিত্যানন্দ হইলা বিদিত।

পদকল্পতকতে ইহার তুইটা পদ ধৃত হইয়াছে।

প্রেমবিলাদ পৃ. ৮৩-৮৪, ভক্তিরব্লাকর ৫০৮—৫১৫ পৃ.। অম্বিকাকানায় নটবর দাদ প্রণীত 'হ্বলমঙ্গল' নামে এক পুথি আছে। তাহাতে পাওয়া যায় যে গৌরীদাদের মৃথটা কুলে জন্ম—তাঁহার পিতার নাম কংদারি মিশ্র—পাঁচ ভাইয়ের নাম দামোদর, জগন্নাথ, স্থাদাদ, কৃষ্ণদাদ ও নৃদিংহ চৈতন্ত-দাদ। গৌরীদাদ পণ্ডিতের শিশু হৃদয়চৈতন্ত। হৃদয়চৈতন্তের শিশু উৎকলের স্থবিখ্যাত প্রচারক শ্রামানন্দ। "হ্বলমঙ্গলে" আছে যে গৌরীদাদের পৌত্রীকে হৃদয়চৈতন্তের পুত্র বিবাহ করেন। বর্ত্তমানে অম্বিকার গোস্বামীরা হৃদয়চৈতন্তের বংশধর। ইহাদের শিশ্রেরা দখ্যরদের উপাদক।

১২১। জ্ঞানদাস (নি)
Chakrapani Acharya

১২২। **চক্রপাণি আচার্য্য** (অ) বাংলা ভক্তমাল-মতে ইনি গুজুরাতে ধর্মপ্রচার করিতে গিয়াছিলেন (কৃঞ্দাস গুঞ্জামালী প্রসঙ্গে উল্লিখিত)।

১২৩। **চক্রপাণি মজুমদার**—নরহ্রি সরকারের শিশু।

ঠাকুরের শাখা চক্রপাণি মজুমদার। জনানন্দ নিত্যানন্দ পুত্র যাহার॥ চক্রপাণি মহানন্দ গেলা নীলাচল। শ্রীগৌরাঙ্গ নিবেদন করিলা সকল॥ ওহে চক্রপাণি তুমি সরকার সেবক। ভূমি পুত্র পৌত্র তব হইবে অনেক॥

রামগোপাল দাস—শাখা-নির্ণয়, পু. ৫

Chatrubhuj Pandit

১২৪। **চতুভুজ পণ্ডিত—গঙ্গা**দাস পণ্ডিতের পিতা।

ভা ৩।৬।৪৭৪, জ ১৪৫ "নিত্যানন্দ স্বরূপের বন্নভ একান্ত"

১২৫। **চন্দনেশ্ব**—সার্কভৌমের পুত্র—ব্রান্ধণ, পুরী।

শ্রী ২৩৪, দে ১১২, বু ১০৪

না ভাঽ৽

Chandrashekhar Acharya

১২৬। চক্রশেখর আচার্য্য—( চৈ ) [ চক্র ], ব্রাহ্মণ, শ্রীহট্ট-নবদ্বীপ।

শ্রী ৮৯-৯০— শ্রীচক্রশেথরং বন্দে চক্রবং শীতলং সদ।
আচার্য্যরত্নং গোবিন্দগরুড়ং গৌরমানসম্॥

আচার্যারত্ব নামে দে. ও বু. উদ্ধার করিয়াছি।

ম্ ১।১।২১, ভা ১।২।১৬, জ ২৪, নাটকের "চদ্রশেখর ইতি প্রথিতশু শ্বাস্থরশু ভবনে" (৯।৩০) হইতে জানা যায় যে পুরীতে ইহার বাদা ছিল। ইনি গৌরলীলাবিষয়ে কয়েকটা পদ লিথিয়াছেন (পদকল্পতরু পঞ্চম খণ্ড, পৃ.১০৮)। পদকল্পতরুর ১৮৫৪ সংখ্যক পদ ইহার বচনা।

১২৭। চন্দ্রশেশর বৈতা ( চৈ ) বৈতা, শ্রীহট্ট—কাশী। গোড়ীয় সংস্করণ চরিতামতের অন্তক্রমণিকায় চন্দ্রশেখর লেখক বলিয়া ধৃত। মৃ ৪।১।১৮, ৮।২।১৯।২০২

Chandramukhi
১২৮। চন্দ্রমুখী—সুর্যাদাস পণ্ডিতের কলা, জ ৩।
Chidananda Bharati

১২ন। চিদানন্দ ভারতী

बी ८०, ८४ ८२, तू ८५

শ্রী ও দে যাহাকে চিদানন্দ বলিয়াছেন, বৃ তাহাকে সচ্চিদানন্দ বলিয়াছেন। _{Chiranjib}

১৩০। **চিরঞ্জীব** (চৈ) [চন্দ্রিকা] রামগোপালদাস-মতে রঘুনন্দন-শিশু। বৈশু—শ্রীথণ্ড (বর্দ্ধমান), ভক্তিরত্বাকর (পৃ. ১৭) মতে কুমার নগরে বাড়ী। শ্রীথণ্ডের দামোদর কবিরাজের কন্তাকে বিবাহ করিয়া শ্রীথণ্ডে বাস করিতে আরম্ভ করেন। পতাবলীর ১৫৭ সংখ্যক শ্লোক ইহার রচনা। স্থ্রসিদ্ধ পদক্রি গোবিন্দদাস কবিরাজের পিতা।

১৩১। **চিরঞ্জীব** (চৈ ১১৭) "ভাগবতাচার্য্য চিরঞ্জীব শ্রীরঘুনন্দন"। ভাগবতাচার্য্য পৃথক্ নামও হইতে পারে, চিরঞ্জীবের উপাধিও হইতে পারে। কাঁদড়ার জয়গোপাল দাদের পিতার নাম চিরঞ্জীব (উত্তর রাঢ়ীয় কায়স্থ খণ্ড, ২য় খণ্ড, ১৬৪ পৃ.)। তিনিও ভক্তিমান্ ছিলেন।

১৩২। **চৈত্তগুদাস** (চৈ) [ স্থদক্ষ শুকপক্ষী ] শিবানন্দের পুত্র, বৈহু, কাঞ্চনপল্লী।

দে ৭৩, ১৭০২ খ্রী: পুথিতে নাই। চ ২০১৬।২২

১৩৩। **চৈত্রকাদাস** (গ ৮৪) চ. অধিকাংশ সংস্করণে রঙ্গবাটী, গৌড়ীয় সংস্করণে বঙ্গবাটী চৈত্রদাস।

যত্নাথ— বঙ্গবাট্যাঃ শ্রীচৈতত্মদাসং বন্দে মহাশয়ং দদা প্রেমাক্রবোমাঞ্চপুলকাঞ্চিতবিগ্রহম্॥

ঢাকার লালমোহন সাহা শাদ্ধনিধি নিজেকে বঙ্গাটী চৈতন্তাদাসের দশম অধন্তন পুরুষ বলিতেন। পদকল্পতক্র ৪৬৩, ১১৬৯ ও ১৯৮৫ পদ ইহার রচনা হইতে পারে।

১৩৪। **চৈত্যুদাস**—যত্নাথদাস পদাধর-শাথায় ত্ইজন চৈত্যুদাসের নাম করিয়াছেন।

১৩৫। **ছকড়ি**—বংশী ঠাকুরের পিতা, ব্রাহ্মণ, কুলিয়া। জ্য়ানন্দ ৩৮—
ছকড়ি চন্দ্রকলা গৌরচন্দ্রে গৃহ আনি।

পূজিল পদারবিন্দ ব্রজরপ জানি॥ Jagadananda

১৩৬। **জগদানন্দ** ( চৈ ) [ সত্যভামা ] ব্ৰাহ্মণ, কাঞ্চনপল্লী।

শ্রী ৮৬— বন্দে বাণীমূর্ত্তিভেদং জগদানন্দপণ্ডিতং

দে ৬২— জগদানন্দ পণ্ডিত বন্দো সাক্ষাৎ সরস্বতী। মহাপ্রভু কৈলা যাঁরে প্রম পিরীতি॥

বৃ ২৭— বন্দিব পরমানন্দ পণ্ডিত জগদানন্দ মূর্ত্তিভেদে যেন সরস্বতী।

ম্ ৪।১৭।১৮, কা ১৩।১২৩, না ১।২০, ভা ২।১।১৩৯, জ ২, লো ২, চ ২।১।৯১ পছাবলীর ২৭১ সংখ্যক শ্লোক ইহার রচনা। Jagadish

১৩৭। জগদীশ (স) অহৈতপুত্র, ব্রাহ্মণ, শান্তিপুর।

১৩৮। জগদীশ (চৈ) [ যজ্ঞপত্নী ] ব্রাহ্মণ, নবদ্বীপ, জগন্নাথ মিশ্রের

वक् । अकामनीत पिन निमारे हैशत जम शहिमाहितन। Friend of Jagannath Mishra. Nimai had eaten Ekadashi anna of him.

শ্রী ১১৩, দে ৩৮, বু ৩৮, মু ৪।৭।১০, ভা ১।৪।৪১, চ ১।১৪।৩৬

জ >৪৫—জগদীশ হিরণ্য তুই সহোদর। নিত্যানন্দ প্রিয় বড় নবদ্বীপে ঘর॥

১৩৯। জগদীশ পণ্ডিত (নি) [চন্দ্রহাসনর্ত্তক ১৪৩]

নৃত্যবিনোদী ব্ৰাহ্মণ, যশড়া।

শ্রী ২৫৮—নর্ত্তকং পণ্ডিতং বন্দে জগদীশাখ্যপণ্ডিতং

(म >२६—कामीम পण्डिक वत्मा नृकावितामी

व ১১२

চৈতন্তভাগবতে তৃইজন জগদীশের কথা আছে মনে হয়। যাঁহার ঘরে নিমাই হরিবাসরে নৈবেত থাইয়াছিলেন, তিনি "জগন্নাথ মিশ্রসহ অভেদ জীবন"। আর এ৬।৪৭৪ এ উল্লিখিত

> জগদীশ পণ্ডিত পরম জ্যোতির্ধাম। সপার্বদে নিত্যানন্দ যাঁর ধন প্রাণ॥

ইহাদের মধ্যে কে কাজীদলন-দিবদে কীর্ত্তনদলে ছিলেন নির্ণয় করা কঠিন।
"জগদীশ চরিত্র বিজয়" নামক অহ্নমানিক তৃইশত বৎসরের পুস্তকে ইহার কথা
আছে। ১৮১১ খ্রীষ্টাব্দে ঐ গ্রন্থ মৃদ্রিত হইয়াছিল (সাহিত্য-পরিষং-পত্রিকা,
১৩০৬০, মৃণালকান্তি ঘোষ প্রদত্ত প্রাচীন পৃথির বিবরণ)।

Notes on Jagannath

মন্তব্য-জগন্ধাথ-চরিতামৃতে ঐতিতত্যের পিতা জগন্নাথ মিশ্র ছাড়া চৈতত্য-শাখায় তিনজন, নিত্যানন্দ-শাখায় একজন, অহৈত-শাখায় এক ও গদাধর-শাখায় ত্ইজন, একুনে সাতজন এবং গ্রন্থমধ্যে জগন্নাথ মাহাতির নাম আছে। বৈহুব-বন্দনায় ঐ নয়জন ছাড়া জগন্নাথ সেনের নাম আছে।

১৪০। জগন্বাথ (নি) বান্ধণ

১৪১। জগন্ধাথ-কানাই থুঁটিয়ার পুত্র

প্রী ২২৮, দে ১০৯, বু ১০০ Jagannath Kar

১৪২। জগন্ধার্থ কর ( আ ) কায়স্থ Jagannath Tirtha

১৪৩। **জগন্ধাথ ভীর্থ** ( চৈ ) [ জয়ন্তেয় ]

শ্রী ২৬৯, দে ১৩০

Jagannathdas

১৪ই। জগরাথদাস (চৈ) উড়িয়া, চরিতামৃতে "শ্রীগালিম" বিশেষণ, সম্ভবতঃ ইনি পঞ্চ সথার অন্তম। এই গ্রন্থের পঞ্চদশ অধ্যায় দ্রন্থবা।

ত্রী ২২৮-২২৯—বন্দে হি জগরাথং যদ্গানাৎ তরবোহরুদন্ বিবশা ইব।

দে ১০৯-১১১—জগন্নাথ দাস বন্দো সঙ্গীত পণ্ডিত।

যাঁর গানরসে জগন্নাথ বিমোহিত॥

১৪৫। জগন্ধাথদাস কাৰ্চকাটা (গ, যত্ন)

১৪৬। জগন্ধার্থ দিজ চক্রবর্তী মামু ঠাকুর (গ) [ কলভাষিণী ] টোটা গোপীনাথের সেবক। Tota Gopinath's sevak

Jagannath Pandit ১৪৭। জগন্নথ পণ্ডিভ (চৈ) [ ত্ৰ্বাসা ] বান্ধণ।

প্রী ২৪৭, দে ১৬৯

১৪৮। জগন্ধথ মাহাতি, করণ, উড়িয়া।

B 2120120

১৪৯। জগন্ধার্থ নিজা নিকা গ্রিচেতন্মের পিতা—ব্রাহ্মণ—শ্রীহট্ট—নবদ্বীপ। শ্রী ২৩, দে ৬, বু ১০

সমস্ত চরিতগ্রন্থে উল্লিখিত। নুরারিতে "বাৎস্থা গোত্রধ্বজ্ঞ" (১।৬।০০) বলা হইয়াছে। ঢাকা দক্ষিণের মিশ্রগণও বাৎস্থা-গোত্রীয়। কিন্তু নবদীপের মহাপ্রভুর দেবাইংগণ বিগ্রহের অভিষেকমন্ত্র পড়ার সময় "ভরদ্বাজ্ব-গোত্র" বলেন। নবদীপের শশিভ্ষণ গোন্থামী "শ্রীচৈতগ্যতত্ত্বদীপিকা" গ্রন্থে (পৃ. ৫০) জগরাথ মিশ্রকে ভরদাজগোত্রীয় বলিয়াছেন।

১৫০। জগন্ধাথ সেন [ কমলা ] বৈছ

শ্রী ২৫১, দে ১২২, বু ১১৬

পতাবলী ৬৪ ও ৩৬৫ সংখ্যক শ্লোক ইহার রচনা। তা. দে লিখিয়াছেন, "Several Jagannathas are known as contemporaries and immediate disciples of Chaitanya, but none of them appears to have the patronymic Sena of the Vaidya caste (Padyavali, p. 20)", "বৈষ্ণব-বন্দনা" পড়িলে তা. দে দেখিতে পাইতেন যে জগন্নাথ দেন স্প্রাসন্ধ ব্যক্তি।

১৫১। জগাই (চৈ) [জয়] ব্রাহ্মণ, নবদ্বীপ, ভা ১।১।১০, জ ২, চ ১।১৭।১৭

Seal क्यार (सर्वे के 89

Jangli previous name Rajkumar or Jagenshwar Chakraborty follower of Sakhi attitude

১৫৩। জন্সনী (বিজয়া) দীতাদেবীর শিশু; বুকানন হ্যামিন্টনের্র পূর্ণিয়া বিপোর্ট (পৃ. ২৭৩) মতে ব্রাহ্মণ, গৌড়ের নিকটে বাদ করিতেন। অবৈতমঙ্গল (৭২ পৃ.) অন্তদারে "পুরুষ শরীর স্ত্রী প্রকট হইলা।" নবদীপের ললিতা দখীর ন্থায় পুরুষের স্ত্রী-বেশ ধারণ করিয়া দখীভাবে ভজনা করার প্রথা হয়তো বোড়শ শতান্দীতেই উভূত হইয়াছিল। কিন্তু বৃন্দাবনের গোস্বামীরা এই মত স্বীকার করেন নাই। দেইজন্মই চরিত-গ্রন্থে ও বৈঞ্চব-বন্দনায় জঙ্গলীর নাম পাওয়া যায় না। নগেন্দ্রনাথ বন্ধ বলেন, জঙ্গলীর পূর্ব্ব নাম রাজকুমার বা যজ্ঞেরর চক্রবর্ত্ত্রী। তিনি দীতার নিকট দীক্ষা লওয়ার পর মালদহের অন্তর্গত জঙ্গলী টোটা নামক স্থানে যাইয়া দাধনা করেন (উত্তর রাট্যিয় কায়স্থ কাও, তৃতীয় থণ্ড, পৃ. ১৮৫—১৮৭)।

১৫৪। জনার্দ্দন ব্রাহ্মণ—উড়িয়া—জগন্নাথ-দেবক, না ৮।২, চ ২।১০।৩৯

Janardandas

১৫৫। জनार्फनमाम (घ)

১৫৬। জয়ান-জ-স্বৃদ্ধিমিশ্রের পুত্র—চৈত্তামঙ্গল-রচয়িতা—যত্নাথ-মতে গদাধর-শাথা।

১৫৭। **জানকানাথ** (চৈ) ব্রাহ্মণ, ভক্তিরত্নাকরে "শ্রীজানকীনাথ বিপ্র গুণের আলয়" (পু. ৫৫৮)।

১৫৮। জাফ্রী [বেবতী—অনসমঞ্জরী ]

শ্ৰী ৪৩-৫ ---

বন্দে শ্রীজাহ্নবীদেবীং শ্রীপুরীশ্বনিগ্রিকাং
অনঙ্গমঞ্জরীং নাম যাং বদন্তি রহোবিদঃ
তস্তাজ্ঞয়া তৎস্বরূপং সংনস্তাগচ্ছতঃ প্রভাঃ
দেবতে পরমপ্রেয়া নিত্যানন্দং দৃঢ়ব্রতা।
বিরহক্ষিতা নিত্যং বৃন্দারণ্যং গতেশ্বরী
গোপীনাথং দ্রষ্ট্রমনান্তর্মীবীং বিচকর্ষ সঃ
আরুষ্ট নীবিকা দেবী তমুবাচ রসোদয়ং
আগমিস্থামি শীঘং তে পদয়োরস্কিকং পদং॥

দে ১২- বহুধা জ্বাহ্নবা বন্দো ছই ঠাকুরাণী। যার পুত্র বীরভদ্র জগতে বাথানি॥

তুই জন নারীর গর্ভে অবশ্য এক ব্যক্তির জন্ম সম্ভব নহে।

বৃ ১৪-১৫ — অনকমঞ্রী থেঁহ জাহ্না গোসাঞি তেঁহ বারুণী তাঁহার পূর্বে নাম। সানন্দে পড়িয়া ভূমি বন্দো বস্থ জাহুবিনী বীরচন্দ্র যাহার নন্দন।

Jitamitra

জিতামিত্র (গ, ষত্) [ খ্রামমঞ্রী ]

জীবগোস্বামী ( চৈ ) [বিলাসমঞ্জুরী ] স্থবিখ্যাত গ্রন্থকার— विकाश- वृक्षित्व।

দে (১৬৫৪ খ্রী: পুথিতেও আছে)

শ্রীজীব গোসাঞি বন্দো সভার সন্মত। দিদ্ধান্ত করিয়া যে রাখিল ভক্তিতত্ব॥

বন্দো জীব গোসাঞিরে সকল বৈষ্ণব যাঁৱে বু—<del>-</del> জিজ্ঞাসিল "কোন তত্ত্ব সার" বিচারিয়া সর্ব্ব শাস্ত্র কহিলেন একমাত্র ভক্তিযোগ পর নাহি আর ॥

**ह** राश्व

বুন্দাবনে রাধা-দামোদরের দেবা প্রকাশ করেন ( ভক্তিরত্নাকর, ১৩৯ পূ.)। ঝড়ু ঠাকুর, ভ্ইমালি

চ ৩।১৬তে ইহার মহিমার কথা আছে। ইনি শ্রীচৈতত্তার দর্শন পাইয়াছিলেন কিনা নিশ্চিতরূপে জানা যায় না।

Tapan Acharya

১৬২। **ভপন আচার্য্য** (চৈ) ব্রাহ্মণ, ফুলিয়া—নীলাচল। ১৬৩। **ভপন মিশ্রে** (চ) ব্রাহ্মণ, কাশী।

মু ৪।১।১৫, ভা ১।১০, ১০৬ ( সম্ভবত প্রক্ষিপ্ত )

তুলসী মিশ্র পড়িছা, উড়িয়া ব্রাহ্মণ, তমলুক।

শ্রী ২৩৮, দে ১১৩, বু ১০৭

**ह ४।७४।७७**०

১৬৫। ত্রিমল্ল ভট্ট, ব্রাহ্মণ, শ্রীরঙ্গক্ষেত্র, প্রভু দাক্ষিণাত্য-ভ্রমণ-কালে ইহার গৃহে চাতুর্মান্ত করিয়াছিলেন।

म् ७।२८।२०, का २०।८, ह राशके

১৬৬। **দমরতী (**চৈ) [গুণমালাস্থী] ব্রাহ্মণী, পানিহাটি, রাঘব পণ্ডিতের ভগিনী।

Damodar Das

১৬৭। **দামোদর দাস** (নি) সম্ভবত: স্থ্যদাস সারখেলের ভাই।

১৬৮। **দামোদর পণ্ডিত** ( চৈ ) [ শৈব্যা ] সরস্বতী।

উড়িয়া ব্রাহ্মণ। শহর পণ্ডিতের অগ্রজ।

बी २६, ८४ २१, तु ७३

म् धारावर, को व्यावन्य, मा वारन

ভা ৩।৩।৪০৯, জ ২৪

১৬२। **पार्याप्त भू**ती [ निषि ]

শ্রী ১২৭, দে ৪৬, র ৪৪

তিন বন্দনাতেই দামোদর পুরীর ভাবের সহিত সত্যভামার ভাবের তুলনা করা হইয়াছে। গৌ. গ. দী. তে জগদানন্দ সত্যভামা।

**দামোদর-স্বরূপ**—পুরুষোত্তম আচার্য্য দ্রষ্টব্য।

১৭০। তুলুভ বিখাস (অ)

১৭১। **দেবানন্দ পণ্ডিত** ( চৈ. নি ) [ভাগুরি ম্নি ] ব্রান্ধণ, কুলিয়া, নবদ্ধীপ, ভাগবত পাঠক।

প্রী ১৯৪, দে ৭৮, বু ৬৭

মু ৩।১৭।১৭ বক্রেশ্বরের ক্লপাপাত্র, না ১।৪২, ভা ২, ৯।২২২

১৭২। **দেবানন্দ** (নি)

শ্রীচৈতগুভাগবতে, "কৃষ্ণদাস দেবানন্দ তুই শুদ্ধমতি" ( ৩।৭।৪৭৫ )

উহার ত্ই পয়ার পরেই নিত্যানন্দ প্রিয় মনোহর, নারায়ণ॥
কৃষ্ণাস. দেবানন্দ এই চারিজন॥

শ্রীচৈতগ্রভাগবতে তুইজন দেবানন্দের নাম আছে, কেন-না একই কবির দারা তুই পয়ার ব্যবধানে এক ব্যক্তির নাম তুইবার লেখা সম্ভব নয়।

১৭৩। **ধনঞ্জয় পণ্ডিত** (নি) [বস্থদাম] বৈছা (?) চট্টগ্রাম—জাড়গ্রাম ও শীতলগ্রাম (বর্দ্ধমান), সাঁচড়া পাঁচড়া।

শ্রী ২ 5 ৪-৪৬ বন্দে যত্তকবিচন্দ্রং ধনঞ্জয়পণ্ডিতং দত্তবিত্তং প্রসিদ্ধং যস্ত্র বৈরাগ্যং সর্ব্ধস্বং প্রভবেহর্পিতং গৃহীতে ভাণ্ডকৌপীনে পণ্ডিতেন মহাত্মনা॥

দে ১১৮— বিলাসী বৈরাগী বন্দো পণ্ডিত ধনঞ্জয়। সর্কান্ধ প্রভুরে দিয়া ভাও হাতে লয়॥ বু ১১১ — পণ্ডিত শ্রীধনঞ্জয় করিব বন্দনা। প্রসিদ্ধ বৈরাগ্য যার সংসারে ঘোষণা॥ লক্ষকের গারিস্থ যে প্রভূ পায় দিয়া। ভাও হাতে করিলেক কৌপীন পরিয়া॥

ভা ৩।১।৪৭৪, জ ১৪३

পভাবলীর ৬৫ সংখ্যক শ্লোক ইহার রচনা হইতে পারে। ১৭৪। **একবানন্দ ব্রেলাচারী** (গ)[ললিতা]

মাহেশের জগনাথ ইনি প্রতিষ্ঠা করেন।

১৭৫। **নকড়ি** (নি)

১৭৬। नेक्न जमारात्री—ात्रीक्त आविटाव-वित्यस्य मृन्क না নাত

১৭৭। নবনী হোড় (নি)

১৭৮। Narahari Garkar কার (চৈ) [মধুমতী] বৈছা, শ্রীথণ্ড "শ্রীকৃষ্ণভঙ্গনামৃত্ম্" ও পদসমূহ ইহার রচনা। "ভক্তিচন্দ্রিকা পটল" নামক শ্রীথও হইতে প্রকাশিভ গ্রন্থ ইহার উক্ত বলিয়া কথিত।

ত্রী ১৮৭-৮- বন্দে ভক্ত্যা নরহরিদাসং চৈতন্তার্পিতভাববিলাসং। মধুমত্যাখ্যং পুণ্যং ধন্তং যো নো পশুতি কৃষ্ণাদন্তং॥

দে १৫ — প্রেমের আলয় বন্দোঁ নরহরি দাস। নিরস্তর থার চিত্তে গৌরাঙ্গ বিলাস ॥

বু-- বন্দিব শ্রীনরহরি দাস ধতা বলিহারি চৈত্ত বিলাস যার ঘটে॥

ভক্তিরত্বাকরে ( পৃ. ৭৭ ) শ্রীরূপ ও কর্ণপূর্ক্বত তৃইটী শ্লোকে নরহরি-বন্দনা দেখা যায়। কিন্তু ঐ শ্লোকষয় উক্ত গ্রন্থকারষয়ের কোন গ্রন্থে পাওয়া যায় না। ভক্তিরত্বাকর (পৃ. ৪৯৭) মতে ইনি গৌরাঙ্গ মৃর্ত্তি স্থাপন করেন। মু ৪।১৭।১৩, কা ১৩।১৪৮, না না১, জ ১৪৪, লো ৩, চ ২।১।১২৩। বুকানন্ হ্মামিল্টন পূর্ণিয়া রিপোর্টে (পৃ. ২৭২) বলেন যে পূর্ণিয়া জেলার দক্ষিণ-পূর্ববাংশে সরকার ঠাকুরের বংশধরদের বহু শিশু ছিল।

১৭ন। শ্রমণ মিঞা (গ, যতু) [নিত্যমঞ্জরী ] বান্ধণ, ভরতপুর,

মূর্শিদাবাদ, গদাধর পণ্ডিতের ভ্রাতৃস্তা। পদকর্তা। ভরতপুরের গোস্বামীরা একথানি গীতার পুথিতে শ্রীচৈতন্তের হাতের লেখা তৃইটী শ্লোক দেখাইয়া থাকেন।

Nandan Acharva

১৮০। **নন্দন আচার্য্য** (চৈ, নি) ব্রাহ্মণ—নবদ্বীপ চতুভূজি পণ্ডিতের পুত্র।

CF OO

মু ২া৮ান, কা ৬।১১, তা ২।৩।১৭৬, জ ২ন, চ ২।৩।১৫১

১৮১ | 지째 ( 취 )

১৮২। নিশায়ি (চৈ) [বারিদ] শ্রীচৈতত্তের সেবক, পুরী।

১৮৩। নিশিনী (অ) [জয়া] দীতার শিয়—কায়স্থ, নাটোর।
গৌড়ীয় মঠের চরিতামতের অমুক্রমণিকায় ইহাকে কি প্রমাণ-বলে অদ্বৈতের
কলা বলা হইয়াছে বৃঝিতে পারিলাম না। ১৮০৯-১০ খ্রীষ্টাব্দে বৃকানন্
হ্যামিন্টন লিথিয়াছেন

—In the territory of Gaur, at a place called Janggalitola is the chief seat of the Sakhibhab Vaishnavas, who dress like girls, and act as religious guides for some of the impure tribes. The order is said to have been established by Sita Thakurani, wife of Adwaita; but so far as I can learn, has not spread to any distance, nor to any considerable number of people. The two first persons who assumed the order of Sakhibhav were Jangali, a Brahman and Nandini, a Kayastha. Jangali was never married and it is only his pupils that remain in this district, and these are all Vaishnavas who reject marriage (Purnea Report, p. 273).

লোকনাথদাসের সীতাচরিত্রে আছে—

ক্ষেত্রিকুলে জন্ম এক নাম নন্দরাম। শ্রীকৃষ্ণ অনুসঙ্গতে হয় গুণধাম।

নগেন্দ্রনাথ বস্থ বলেন, এই নন্দরামের উপাধি ছিল সিংছ এবং তিনি উত্তর-রাট্টীয় কায়স্থ ছিলেন। নন্দিনী গোপীনাথের সেবা প্রতিষ্ঠা করেন। বগুড়া কলেকটরী হইতে গোপীনাথের শেবার জন্ম প্রতিবংসর ৭২৮/০ দেওয়া হয়।,
(উত্তররাটীয় কায়স্থকাও, তৃতীয় থও, ষোড়শ অধ্যায়)।

১৮৪। নারায়ণ (নি ) দেবানন্দের ভাই, ব্রাহ্মণ, নবদ্বীপ।

छ। राष्ट्रार ०२, ५ रा३३११६

১৮৫। নারায়ণ দামোদর পণ্ডিতের ভাই।

শ্রী ৯৫, দে ২৮, বৃ ৩১

১৮৬। নারায়ণ গুপ্ত—বৈহ্ন, পানিহাটী।

শ্রী ১০০, দে ৩০, বু ৩৩

জয়কৃষ্ণ-নারায়ণ গুপ্ত আর বৈতা গঙ্গাদাস।

বুদ্ধিমন্ত খান পাণিহাত্র পরকাশ।

म् २। ८। २६, का ७। ८८

১৮৭। নারায়ণদাস (অ) এর রূপের সঙ্গে গোপাল-দর্শনে গিয়াছিলেন (চ ২।১৮।৪৫)।

ভক্তিরত্নাকর, পৃ. ৫৮৯

Narayan Paireri ১৮৮। নারায়ণ পৈরারি ত্রাহ্মণ

बी २৮8, (म ১८२, तू ১७৮

নারায়ণ বাচস্পতি ( চৈ ) [ সৌরদেনী ]

বা পণ্ডিত

নারায়ণ পৈরারি, পণ্ডিত ও বাচস্পতি এক ব্যক্তি মনে হয়।
১৮৯। শ্লীরায়ণী অধিকা স্থানে কিলিধিকা বিশ্বনীয়ণী, শ্লীবাদের শ্লালিকা।

শ্রী ৮২— শ্রীবাসং নারদং বন্দে মালিনীং প্রতি মাতরং ততো নারায়ণী দেবীমধরামৃত সেবনীং।

দে ১৯— শ্রীনারায়ণী দেবী বন্দিব সাবধানে আলবাটী প্রভু থারে কহিলা আপনে।

বু ২৬, জ ২ "ধাত্ৰীমাতা"

Nice of Srivas mother of Vrindavandas
১৯০। নারায়ণী—শ্রীবাদের ভাতৃস্তা—বৃন্দাবনদাদের জননী—বাশ্বণী।

মু ২। ৭।২৬, ভা ১।১।১১, জ ১৪৭, চ ১।১৭।২২৩

চরিতামতের শাখানির্ণয়ে নারায়ণীকে স্বতন্ত্রতাবে উল্লেখ করা হয় নাই।

Nityananda [Halayudha]

১৯১। निजानम [ रनायुथ ]

শ্রীচৈত্যাচ্বিতেব উপাদান
Nityananda disciple of Sankarshan Puri and Sankarshan Puri is disciple of

ঞী (২৯০) মাধবেন্দ্র পুরীর শিশু সংর্ধণ পুরী, নিত্যানন্দ সহর্ধণ পুরীর শিষ্য। শ্রী ২৯৪—সঙ্কর্ধণ-পুরী-শিষ্যো নিত্যানদঃ প্রভ: স্বয়ং। কিন্তু ভক্তিরত্নাকর (পু. ৩২২) মতে মাধবেন্দ্র পুরীর গুরু লক্ষীপতির নিকট নিত্যানন্দ দীকা লইয়াছিলেন। এরপ হইলে নিত্যানন্দ এটিচতত্যের পরম গুরুস্থানীয় হন এবং উভয়ের মধ্যে বন্ধু-ব্যবহার চলে না। চৈতগ্রভাগবতের মতে মাধ্বেন্দ্র নিজ্যানন্দকে বন্ধুভাবে দেখিতেন, কিন্তু নিত্যানন্দ তাঁহার প্রতি গুরু-বুদ্ধি রাখিতেন।

- প্রী ৩৭— বন্দে নিত্যানন্দদেবং বলভদ্রং স্বয়ং প্রভৃং আনন্দকন্মভয়ং লোকনিস্তারকং গুরুম্। পুরুষঃ প্রকৃতিঃ সোহসৌ বাহাভ্যম্ভরভেদতঃ শরীর-ভেদেঃ কুরুতে শ্রীকৃষ্ণশু নিষেবনম্॥
- দয়ার ঠাকুর বন্দোঁ শ্রীনিত্যানন্দ C# 22-যাহা হৈতে নাটে গীতে সভার আনন্দ।
- বু ১৩--- বন্দো প্রভূ নিত্যানন্দ অভয় আননকন যে করিল সভার নিস্তার॥

সমস্ত চরিতগ্রন্থে উল্লিখিত। নিত্যানন্দ-বংশের সংক্ষিপ্ত ইতিহাস বুকানন হ্যামিণ্টন নিজে অমুসন্ধান করিয়া পূর্ণিয়া রিপোর্টে লিপিবদ্ধ করিয়াছেন (২৭০-৭২ পু.)। স্থার আবে. জি. ভাণ্ডারকর তাঁহার Vaisnavism, Saivism etc. গ্রন্থে নিত্যাবন্দকে শ্রীচৈতত্তার সহোদর বলিয়া বড়ই ভুল করিয়াছেন | Nilambar

১৯২। **নীলাম্বর** (১৮১৪৬) নীলাচল—ইহার নামাংশ রঘু হইতে পারে, কেন-না চরিতামতে "তপন ভট্টাচার্য্য আর রঘুনীলাম্বর" আছে।

১৯০। নীলাম্বর চক্রবর্ত্তী (গর্গ) শ্রীচৈতত্তের মাতামহ, প্রভূর কোষ্টা লিখিয়াছিলেন।

শ্রী ৯१-৯৮, দে ২৯, বু ৩২

म् अशर, का राव्रह, जा अशरद

১৯৪। বুসিংছ চিদানক ভার্থ [ জয়ন্তেয় ]

নুসিংহটেতগ্রাদাস (নি) "স্বলমঙ্গল" মতে গৌরীদাস পণ্ডিতের ভ্ৰাতা।

শ্রী ২৮০ "নৃসিংহচৈতগুদাসম্" অর্থাৎ এক নাম, কিন্তু দে ১৩৫ বন্দিব নৃসিংহ আর শ্রীচৈতগু দাস

বু ১৩৫ এক নাম

Nrishinghacharya

না ৮০৩

Nrishinghananda Tirtha disciple of Madhavendra Puri ১৯৭। নুসিংহানক তীৰ্থ মাধবেক্ত-শিশ্য ) জিয়ন্তেয় ]

🕮 ১২৮ নরসিংহ তীর্থ ( নরসিংহ = নৃসিংহ )

(म ८१ जे

১৯৮। নুসিংহানন্দ ভারতা (?)

এ ১৩০—নূদিংহানন্দনামানং সত্যানন্দং চ ভারতীম্

দে ৪৮—সত্যানন্দ ভারতীর সহিত নৃসিংহ পুরীর উল্লেখ

বৃ ৪৪-- নৃসিংহানন্দ তাসী

म् ७११७, ना ११२०, क ४४

প্রহাম বন্দচারী ভট্টবা।

১৯৯। নৃসংহ যভি—জ ৮৮

Nyayacharya who every year went to Puri to see Sri Chaitanya

না মাহ প্রতিবংসর খ্রীচৈতন্ত্র-দর্শনার্থ নীলাচলে যাইতেন।

না ১।৩ আর একজন গ্রায়াচার্য্যের কথা আছে; যথা—"ভগবন্ধাম গ্রায়াচার্যাস্ত পুরুষোত্তম এব ভগবচৈতন্ত-দর্শনাকাজ্ঞী যাবজ্জীবং স্থিতঃ।"

Padmavati mother of Nityananda prabhu
२০১। পদ্মাৰতী—নিত্যানন্দের মাতা—বান্ধাী—একচাকা।

बी ७१, ८५ ३०, तु ३७

ভা ১।৬।৬৩, জ ২

Paramananda Avadhuta ২০২। পরমানক্ষ অবধূত (নি)

শ্রী ২৬৬, দে ১২৮, বু ১২৭

২০০। প্রমানন্দ উপাধ্যায় (নি) ভা ৩।৬।৪৭৪, জ ১৪৫

Paramananda Kirtaniya
২০৪। প্রমানন্দ কীর্ত্তনীয়া—কাশী

চ ২।২৫।৩, চন্দ্রশেখর বৈত্যের সঞ্চী

 Paramananda Gupta

 ২০০। পরমানক গুপ্ত (নি) [মঞ্মেণা]

बी २৫১, ८४ ১२२, तू ১১७

ভা ৩।৬।৪৭৫-প্রসিদ্ধ পরমানন্দ গুপ্ত মহাশয়

বু ৬৬

জ ৩— সংক্ষেপে করিলেন তিই পরমানন গুপ্ত।
পৌরাঙ্গ বিজয় গীত শুনিতে অভুত॥

Paramananda Pandit companion of Sri Chaitanya
২০৬। প্রমানন্দ পণ্ডিত—শ্রীচেতন্তের সতীর্থ।
যত্নাথ-মতে পরমানন্দ ভট্টাচার্য্য, গদাধর-শাথাভূক্ত।
শ্রী ১৯৩—বন্দে প্রভু সতীর্থং বৈ পরমানন্দপণ্ডিতং

সনাতন বৃহৎ-বৈষ্ণব-তোষণীর প্রারম্ভে "বন্দে পরমানন্দং ভট্টাচার্য্যং রসালয়ম্" বলিয়াছেন। পরমানন্দ ভট্টাচার্য্য ও পণ্ডিত এক ব্যক্তি হওয়াই সম্ভব।

ভক্তিরত্নাকর (১৯ পৃ.) মতে ইনি বৃন্দাবনে বাস করিতেন ও মধ্ পণ্ডিতের প্রতি স্বেহশীল ছিলেন।

Paramananda Puri Disciple of Madhavendra Puri পরমানন্দ পুরী (মাধবেন্দ্র-শিশু, চৈ ) [ উদ্ধব ]

চৈতত্তভাগবত (১৬ পৃ.) ও জয়ক্বফ্-মতে ত্রিহুতে জন্ম—নীলাচলে বাদ। শ্রী ১২৬, দে ৪৬, বৃ ৪৩

মু ৩।১৫।১৯, কা ১৩।১৪, না ৮।৪, ভা ১।১।১১, জ ২, লো ২, চ ২।১।১०২

জ ৩— শ্রীপরমানন্দ পুরী মহাশয়। সংক্ষেপে করিলেন তিঁহ গোবিন্দ বিজয়॥

Paramananda Mahapatra odisha ২০৮। পরমানন্দ মহাপাত্র (১৮) উড়িয়া।

\$ 2|>0|88Parameshwar Modak

२०२। **পর্বেশ্বর মোদক**—মোদক, নবদীপ।

5 0152160

২১০। পরমেশ্বরদাস ঠাকুর (নি) [ অর্জ্ন ] বৈগ জয়ক্কঞ্-মতে থড়দহে পাট, অভিরাম-মতে তড়া আটপুর ( হুগলী )।

শ্রী ২০৭-৮— পরমেশ্বরং ততো বন্দে ঠকুরং স্বপ্রকাশকং যো নৃত্যন্ শ্রাবয়ামাস হরিনাম শৃগালকান্।

দে ৮৫— পরমেশ্বরদাস ঠাকুর বন্দিব লাবধানে।
শুগালে লওয়ান নাম সন্ধীর্ত্তন স্থানে॥

, এীজীব বলেন প্রমেশ্বর্দাস শৃগালকে হ্রিনাম শুনাইয়াছিলেন, দেবকী

বলেন যে তিনি শৃগালকে হরিনাম লওয়াইয়াছিলেন। দেবকী একটু অলৌকিকতার প্রক্ষেপ করিলেন।

ভা ৩৫।৪৪৯ পৃ.—পুরন্দর পণ্ডিত পরমেশ্বরদাস। যাহার বিগ্রহে গৌরচন্দ্রের প্রকাশ॥

জ ১৪৪ পৃ.— প্রসিদ্ধ পরমেশ্বরদাস মহাশয়।
নিরবধি নিত্যানন্দ যাহার হৃদয়॥

ভক্তিরত্নাকর-মতে (১২৬ পৃ.) ইনি নিত্যানন্দের তিরোভাবের পর খড়দহে ছিলেন।

পদকল্পতরুর ২৩ সংখ্যক পদ ইহার রচনা।

Ptambara brother of Damodar Pandit odisha
২১১। পীতাম্বর (নি) [কাবেরী] দামোদর পণ্ডিতের ভ্রাতা—উড়িয়া
বান্ধা।

শ্ৰী ৯৫, দে ২৭, বু ৩১

Pundarik Vidvanidhi disciple of Madhavendra ২১২। পুঞ্জীক বিজানিধি ( চৈ ) [ মাধ্বেন্দ্র-শিষ্য, ৫৬, ব্যভামু ]

বান্ধণ, চট্টগ্রাম জেলার চক্রশাল ( ভক্তিরত্নাকর, পূ. ৮৩১ )।

🗐 ১০৩, দে ১৬, বৃ ৩৫

মু ৪।১৭।৩, না ১।১৯, ভা ১।২।১৬, জ ২, লো ২, চ ২।১।২৪১

২১৩। পুরন্ধর আঁচার্য্য (চৈ) ব্রাহ্মণ, নবদ্বীপ, চ "পিতা করি যাঁরে বোলে গৌরাঙ্গ ঈশ্বর।"

শ্রী ১৯১, দে ৭৮, বু ৬৫

মু ৪।১৭।১০, না ৮।৩৩, ভা ৩।৫।৪৪৫, জ ৭৩, চ ২।১১।৭৪

২১৪। পুরুষ্ণর পণ্ডিত (নি) [অঙ্গদ ন) বড়দহ (ভক্তিরত্বাকর, প্. ১৭২)।

ত্রী ১৬১— বন্দে পুরুন্দরং সাক্ষাদকদেন সমং ত্বিহ ' যল্লাঙ্গুলং সংদদর্শ গ্রহে কশ্চিষিজোত্তমঃ ॥

দে ৬৪— পুরন্দর পণ্ডিত বন্দো অঙ্গদ বিক্রম। সপরিবারে লাঙ্গুল যাঁর দেখিলা ব্রাহ্মণ॥

র ৫৬— বন্দো মূর্ত্তি মনোহর ঠাকুর শ্রীপুরন্দর
যেন সেই অশ্বদ ঠাকুর।

এক বিপ্র লয়ে তাঁরে স্বতিথি করিল ঘরে গোষ্ঠী সহ দেখিল লাঙ্গুল॥

ভা ৩/৫/৪৪৯

জ ১৪৪— বাঢ়ে গোড়ে প্রসিদ্ধ পণ্ডিত পুরন্দর। নিত্যানন্দ স্বরূপের প্রাণের দোসর॥

Purushottam

২১৫। **পুরুষোত্তম** ( চৈ ৭৮ ) কুলীনগ্রাম।

২১৬। **পুরুষোত্তম** ( চৈ ১১০ ) উড়িয়া।

২১৭। পুরুষোভ্তম আঁচার্য্য ( চৈ ) [ বিশাখা ] স্বরূপ-দামোদরের পূর্ব্ব

ভা ৩১১।৫১৫— পূর্ব্বাশ্রমে পুরুষোত্তমাচার্য্য নাম তান। প্রিয় স্থা পুণ্ডরীক বিভানিধি নাম।

চ ২।১০।১০০-১১৬— প্রভুর সন্ন্যাস দেখি উন্মত্ত হইয়া। সন্ম্যাস গ্রহণ কৈল বারাণসী গিয়া॥

भी ५७७, (म ६०

সমস্ত চরিতগ্রন্থে উল্লিখিত।

२১৮। श्रुक्रद्यांख्य डीर्थ [ अग्रत्थत्र ]

শ্রী ২১১, শ্রী ২৬৯, তুইজন পুরুষোত্তম তীর্থ ছিলেন বোধ হয়। বু ৮৯, বু ১২৯

Purushottam Dutta

२১२। श्रुक्रद्यांख्य प्रख

জ ১৪৫— পুরুষোত্তম দত্ত সে কেবল উদার। যাহার মন্দিরে নিত্যানন্দের বিহার॥

২২০। পুরুষোত্তম দাস বা নাগর পুরুষোত্তম (নি ৩৫) [ দাম ] বৈছ, স্থপসাগর, বোধখানা ( যশোহর )।

শ্রী ১৯৭— পুরুষোত্তমাখ্যং দাসং বৈ বন্দে ঐশ্বর্যাশালিনং।
কর্ণয়ো: করবীপুষ্পং পদ্মগন্ধং চকার য:॥

CF 69-28

ইষ্টদেব বন্দো শ্রীপুরুষোত্তম নাম। কে কহিতে পারে তাঁর গুণ অহপাম। সর্বগুণহীন যে তাহারে দয়া করে।
আপনার সহজ করুণা শক্তি বলে॥
সপ্তম বংসরে যাঁর প্রীক্তম্প উন্মাদ।
ভূবনমোহন নৃত্য শক্তি অগাধ॥
গোরীদাস কীর্ত্তনীয়ার কেশেতে ধরিয়া।
নিত্যানন্দ স্তব করাইলা নিজশক্তি দিয়া॥
গদাধর দাস আর প্রীগোবিন্দ ঘোষ।
যাঁহার প্রকাশে প্রভূ পাইল সম্ভোষ॥
গার অটোত্তর শত্ঘট গঙ্গাজলে।
অভিষেক, সর্বাজ্ঞতা যাঁর শিশুকালে॥
করবীর মঞ্জরী আছিল যাঁর কানে।
পদ্মগদ্দ হইল তাহা সভা বিভ্যমানে॥
যাঁর নামে স্থিয় হয় বৈক্ষব সকল।
মূর্ত্তিমন্ত প্রেমস্থে যাঁর কলেবর॥

রু.তে পুরুষোত্তম দাস বাদ গিয়াছে—বোধ হয় আদর্শ পুথির পাঠ বিক্বত ছিল, তাহা না হইলে এরূপ অর্থহীন ত্রিপদী থাকিত না—

> গদাধর দাস বন্দ বাস্থদেব ঘোষ সঙ্গ দোহারে বন্দিব সাবধানে। করবী মঞ্জরী কলি আছিল কর্ণের পরি

পদাগন্ধ হৈল সভা স্থানে ॥ (বু ৬৯)

করবী-মঞ্জরী কাহার কর্ণে ছিল ?
চরিতামতে নাগর পুরুষোত্তম নামে কোন ভক্ত নাই। পুরুষোত্তম দাস
সম্বন্ধে আছে—

কিন্তু গৌরগণোদেশদীপিকায় সদাশিব কবিরাজের পুত্রের নাম নাগর পুরুষোভ্য ; যথা— সদাশিবস্থতো নামা নাগবঃ পুরুষোত্তমঃ (১৩১)

শ্রীচৈতগ্রভাগবতে (৩)৬।৪৭৪) সদাশিব কবিরাজের পুত্রের নাম পুরুষোত্তম দাস। কিন্তু গৌরগণোদেশে নাগর পুরুষোত্তম ও পুরুষোত্তম দাস তৃই বিভিন্ন ব্যক্তি।

২২১। **পুরুষোত্তম পণ্ডিত** (নি) [ ডোকরুঞ্চ ] ব্রাহ্মণ—নবদ্বীপ।

দে ৯৭— রত্নাকর স্থত বন্দো পুরুষোত্তম নাম।
নদীয়া বসতী যাঁর দিব্য তেজোধাম॥

ভা ৩৬।৪৭৪— পণ্ডিত পুরুষোত্তম নবদ্বীপে জন্ম।
নিত্যানন্দ স্বরূপের মহাভৃত্য মর্ম।

জ ১৪৪, চ ১।১১।৩০

Purushottam Pandit.
२२२। পুরুষোত্তম পণ্ডিত ( অ ৬১ )

দে ১০০ — পুরুষোত্তম পণ্ডিত বন্দো বিলাদী স্থজান।
প্রভু থাঁরে দিলা আচার্য্য গোদাঞির স্থান॥

জ ২— পুরুষোত্তম আদি দে অদৈত পার্বদ। যার নামে বাঢ়ে প্রেমভক্তিতে সম্পদ॥

Purushottam Puri or Purushottam Tirtha

२२७। श्रुक्रारवाख्य श्रुती

দে ১৩০। শ্রী ২৬৯ ও বু ১২৯ এ গাঁহাকে পুরুষোত্তম তীর্থ বলিয়াছেন, দে ১৩০এ তাঁহাকেই পুরুষোত্তম পুরী বলিয়াছেন।

२२८ | श्रूकर्याख्य खन्नाहात्री न ७० कॅरिमालि।

প্রী ২৪০, দে ১১৬, বু ১০৯ Purushottam Sanjay

২২৫। পুরুষোত্তম সঞ্জয় (চৈ ৭০) ব্রাহ্মণ, নবদীপ, প্রভূর ছাত্র।

ভা ১।১০।১০৯— অনেক জন্মের ভৃত্য মৃকুন্দ সঞ্জয়। পুরুষোত্তম দাস হেন যাহার তনয়॥

ভা ২।১।১৪৪— পুরুষোত্তম সঞ্জয়ের প্রভূ কৈলা কোলে। দিঞ্চিলেন অঙ্গ তান নয়নের জলে॥

কিন্ত চরিতামৃতে পুরুষোত্তম ও সঞ্জয় বলা হইয়াছে; যথা—

প্রভূর পঢ়ুয়া তৃই পুরুষোত্তম সঞ্য়। ব্যাকরণে মুখ্য শিশু তৃই মহাশয়॥

ম্ ৪।১৭।৭, জ ২৪, চ ২।১১।৭৯

হ২৬। পুলাগোলা ( গ, যত্ )

Prataprudra king of odisha father Purushottamdev and mother Padmavati (vijaynagar) ২২৭। প্রতিপিক্স (চৈ, ষত্) [ইন্স্ল্যুয়] উড়িয়ার রাজা। পিতা পুরুষোত্তমদেব, মাতা বিজয়নগরের রাজকন্তা পদ্মাবতী (J. B. O. R. S. Vol. V. ১৪৭-৮ পৃ. )।

মাদলাপঞ্জীতে আছে যে প্রতাপরুদ্র শ্রীচেতন্তের তিরোভাবের তিন বংসর পূর্ব্বে পরলোকে গমন করেন। কিন্তু চৈত্তগুচন্দ্রোদয় নাটকের প্রস্তাবনায় দেখা যায় যে, প্রতাপরুদ্র শ্রীচৈতন্তের বিয়োগে শোকাকুল হইয়াছেন। এই জ্যু মনে হয়, মাদলাপঞ্জীর প্রমাণ এক্ষেত্রে বিশ্বাস্থ্য নহে। রাজেন্দ্রলাল মিত্র, মনোমোহন চক্রবর্ত্তী ও রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রতাপক্ষদ্রের রাজ্যাবসানের Prataprudra was king till 1540 - 41
কাল ১৫৪০-৪১ খ্রীষ্টাব্দ স্থির করিয়াছেন। ভক্তিরত্নাকরে (পৃ. ১১০-১১) আছে যে প্রতাপকত্ত প্রভূর বিয়োগের পর "নিরন্তর মগ্ন প্রভূ চরিত্র কীর্ত্তনে"।

প্রতাপরুদ্র শ্রীচৈতত্যের রূপ। পাইবার পূর্ব্বে "সরস্বতীবিলাস" নামে একথানি শ্বতির গ্রন্থ রচনা করাইয়াছিলেন।

Pratapr নেলোর জেলার উদয়গিরি লিপি হইতে জানা যায় যে ১৫১৪ খ্রীষ্টাব্দে তিনি বিজয়নগরাধিপতি কৃষ্ণদেব কর্তৃক পরাজিত ও তাঁহার মাতুল তিক্সলপ্ল রায় বন্দীকৃত হন। এই সময়েই দক্ষিণে তাঁহার রাজ্যহানি ঘটে। তৎপূর্বে সম্ভবত: ১৫১২ খ্রীষ্টাব্দে তিনি শ্রীচৈতত্ত্বের রূপা প্রাপ্ত হন।

শ্রীযুক্ত কুমুদবন্ধু দেন মহাশয় প্রমাণ করিতে চাহিয়াছেন যে, শ্রীচৈতত্তের নিকট প্রেমধর্ম লাভ করার ফলে উড়িয়া জাতির রাজনৈতিক অধঃপতন হয় নাই। কেন-না, উড়িয়ায় তংপুর্বেও বৈঞ্ব-ধর্ম ছিল। উড়িয়াদের রাজনৈতিক অধঃপতনের কারণ গোড়ের পাঠানেরা, বিজয়নগরের ক্লফদেব রায়, বাহমণী রাজ্যের কুতব সাহী, আদিল সাহী প্রভৃতি মুসলমান নরপতিবৃন্দ ও গৃহশক্ত গোবিন্দ বিভাধর। তিনি মাদলাপঞ্চীর উপর নির্ভর করিয়া লিখিয়াছেন, "প্রতাপরুদ্র যখন বিজয়নগরে যুদ্ধ যাত্রায় যান, তখন গোবিন্দ বিছাধরের উপরেই রাজত্বের ভার অর্পণ করেন। এই স্থযোগে গোবিন্দ বিভাধর গোড়ের পাঠানরাজ হুদেন দাহের সহিত ষড়যন্ত্র করিয়া তাহাদের উৎকল-আক্রমণে সাহায্য করিয়াছিলেন। গৌড়ের পাঠানেরা কটকে শিবির ফেলিয়া কটক জয় করে এবং পুরীতে গিয়া শ্রীমন্দির কলুষিত করিয়া সমস্ত দেববিগ্রহ চূর্ণ-বিচূর্ণ করিয়াছিল। মাদলাপঞ্জী বলে 'যেতে পিতৃলমানে থিলা,

শব খুন কলে' অর্থাৎ যত দেবমৃতি ছিল, সব নষ্ট করিল। শ্রীমৃতিগুলি পাঠানদের শ্রীক্তেরে প্রবেশ করিবার পূর্বেই নৌকাষোগে চিন্ধান্তদের চড়াই গুহা পর্বতে অপসারিত করা হইয়াছিল। প্রতাপক্তর ইহা শুনিয়া বিজয়নগরের সহিত কক্ষাদানে সন্ধি করিয়া ক্রত পদে আসিয়া পাঠানদের আক্রমণ করেন। পাঠানেরা সে প্রবল বেগ সহ্য করিতে পারে নাই, তাহারা গৌড়াভিমুখে হটিয়া চলিল। অবশেষে উভয় সৈত্য গড় মন্দারণ পর্যন্ত আসিলে গোবিন্দ বিভাধর পাঠানদের সঙ্গে স্পইভাবে যোগ দিল। রাজা প্রতাপক্তর বিভাগরকে জিজ্ঞাসিলেন, 'কাহাকে রাজা করিতেছ ?' শেষে ধূর্ত্ত গোবিন্দের মধ্যস্থতায় সাব্যন্ত হইলে গৌডরাজ্য বালেশরের কতকাংশ পর্যন্ত বিভাত হইবে এবং গোবিন্দ বিভাধর প্রকৃত পক্ষে রাজকার্য্য নির্বাহ করিবেন। প্রতাপক্ষর তথন প্রায় পুরী বাদে থাকিয়া ধর্মকর্মে মনোনিবেশ করেন। তারপরের ইতিহাস—প্রতাপক্ষরের পুর্দের হত্যা করিয়া গোবিন্দ বিভাধর রাজপদে প্রতিষ্ঠিত হইলেন" (ব্রন্ধবিহ্যা, ভাত্র ১০৪০ সাল, পূ. ২২৭)।

এই বিবরণ সত্য বলিয়া স্বীকার করিয়া লইলেও উড়িয়ার রাজনৈতিক অধঃপতনের পরোক্ষ দায়িত্ব হইতে প্রীচৈতগ্যকে একেবারে মুক্ত করা যায় না। তাঁহার সঙ্গের প্রভাবে রামানন্দ রায় বিভানগরের ঘাটি ছাড়িয়া পুরী আসিলেন। বুন্দাবনদাস লিথিয়াছেন যে প্রীচৈতগ্য রাজাকে উপদেশ দিলেন—

> প্রভূ বোলে "রফভক্তি হউক তোমার। রুফ কার্য্য বিনে তুমি না করহ আর॥ নিরস্তর গিয়া কর রুফ সঙ্কীর্ত্তন। তোমার রক্ষিতা—বিফু চক্র স্থদর্শন॥"—৩৫।৪৫৩ পৃ.

কিন্ত ১৫১২ এটাকে ঐচিতত্যের রূপা পাইবার পর অন্ততঃ ১৫১৫-১৬ এটাক পর্যান্ত প্রতাপরুদ্র দেব বিজয়নগরের সমাট্ রুফ্দেব রায়ের সহিত যুদ্ধ করিয়াছিলেন তাহার ঐতিহাসিক প্রমাণ আছে।

শ্রী ২২২, দে ১০৫, রু ৯৭

মু ৪।১৬।১, কা ১৩।৭৮, না ৭।১, ভা ১।১।১১, জ ২, চ ২।১।১২৬

২২৮। প্রস্তুত্মগিরি জ ৮৮

২২৯। প্রস্তুয়ে মিশ্রা (চৈ) ব্রাহ্মণ, উড়িয়া, পুরী দে ৬৬, কিন্তু ১৭০২এীঃ
পুথিতে ঐ পয়ার নাই। না ৮।২-য়ে দেখা যায় যে সার্কভৌম ইহাকে

শ্রীচৈতত্ত্বের সহিত পরিচয় করাইয়া দিতেছেন। স্থতরাং ইনি শ্রীহট্রের মিশ্র বংশোদ্ভব শ্রীচৈতত্ত্বের জ্ঞাতি ভ্রাতা হইতে পারেন না। "শ্রীরুফচৈতত্ত্যোদয়াবলী" নামক সংস্কৃত পুস্তিকা ইহার নামে চালাইয়া দেওয়া হইয়াছে। ভা ৩৩৪০০, চ ২।১।১২০

প্রত্যন্ন বন্ধচারি = নৃসিংহানন্দ (গোবিন্দ দ্বিজ্ব দ্রষ্টব্য )
ভা ৩।১।৪৯১ — চলিলা প্রত্যন্ন বন্ধচারী মহাশন্ন।
সাক্ষাতে নৃসিংহ যার সনে কথা কয়॥

₽ 512128¢

২৩ । **প্রেরাধানন্দ** [ তুঙ্গবিভা ] শ্রীরঙ্গ, ব্রাহ্মণ, সন্নাসী।

শ্রী ১৫৫-৬— প্রবোধানন্দ সরস্বতীং বন্দে বিমলং য্য়া মৃদা।
চন্দ্রামৃতং রচিতং যংশিয়ো গোপালভট্টঃ ॥

ৰু ৫৩

ইনি চন্দ্রাম্তের ১৩২ শ্লোকে "গোর নাগরবরো" শব্দ ব্যবহার করিয়াছেন। বৃদ্যাবন্দাস বলেন "অতএব মহামহিম সকলে। গোরাক্ষ নাগর হেন শুব নাহি বলে।" সম্ভবত এইজগুই বৃদ্যাবন্দাস ও রুফ্লাস কবিরাজ ইহার নাম উল্লেখ করেন নাই। মহাত্মা শিশির কুমার ঘোল লিখিয়াছেন যে, হিত হরিবংশ একাদশীর দিন পান খাওয়ায় তাঁহার গুরু গোপাল ভট্ট তাঁহাকে বর্জন করেন। প্রবিধানক্দ হরিবংশকে আশ্রয় দেন। এইজগু প্রবোধানক্দ একঘরে হন (বিষ্ণুপ্রিয়া পত্রিকা, ৪০৭ চৈত্যাক্দ, বৈশাখ সংখ্যা)। হরিভক্তিবিলাসের মক্ষলাচরণে গোপাল ভট্ট ইহাকে গুরু বলিয়া প্রণাম করিয়াছেন। ইনি প্রকাশানক্দ নহেন।

২০১। **প্রহরাজ মহাপাত্র** ব্রাহ্মণ, উড়িয়া। নাচাহ "পরম ভগবদভক্তঃ"

২৩২। **ভগবান আচার্য্য** (চৈ ১০৪-যত্ত্ব) গৌরের অংশ, শতানন্দ খানের পুত্র ও গোপাল ভট্টাচার্য্যের ভ্রাতা।

কা ১৩।১৪৭, ভা ৩।৩।৪০৯। ইনিই হয়তো নাটকের ৮।২ অংশে উল্লিখিত ভগবান স্থায়াচার্যা।

চ ২।১০।১৭৭—রামভন্রাচার্য্য আর জগবান আচার্য্য। প্রভূ পাশে রহিলা দোঁহে ছাড়ি অক্স কার্য্য॥ ২৩৩। ভগবান কর ( অ ) গৌড়ীয় সংশ্বরণ চরিতামৃতে ভবনাথ কর ২৩৪। ভগবান পণ্ডিত ( চৈ ৬৭ )

म् ४।५१।५२

ভা ৩।১৯১—চলিলেন লেখক পণ্ডিত ভগবান। যাঁর দেহে কৃষ্ণ হইয়াছিলা অধিষ্ঠান॥

২৩৫। ভগবান মিশ্র ( চৈ ১০৮)

২৩৬। ভবানন্দ ( চৈ ) [ পাণ্ডু ] রামানন্দের পিতা, করণ, উড়িয়াদে ৬৬, কিন্তু ১৭০২ এ: পুথিতে নাই; কা ১২।১৩০, না ৮।২, চ ২।১০।৪৬, পত্যাবলীর ৩০ ও ৮৯ শ্লোক বোধ হয় ইহার রচনা।

২৩१। ভবানন্দ গোস্বামী-- যহনাথ-মতে গদাণর-শাথা

ভক্তিরত্নাকর ১০২১ পৃ.—শ্রীমধু পণ্ডিতের সতীর্থ ভবানন্দ।
গোপীনাথ সেবায় যাঁহার মহানন্দ॥

মন্তব্য ঃ—ভাগবতাচার্য্য চরিতামৃতে চারিজন; যথা—চৈতন্ত-শাখায় ভাগবতাচার্য্য সারঙ্গদাস (১১১), ভাগবতাচার্য্য চিরঞ্জীব (১১৭), অবৈত-শাখায় ভাগবতাচার্য্য (৫৬), গদাধর-শাখায় ভাগবতাচার্য্য (৭৮)। মনে হয় প্রথম হই ভাগবতাচার্য্যের নাম যথাক্রমে সারঙ্গদাস ও চিরঞ্জীব, তৃতীয় ভাগবতাচার্য্যের কথা কিছু বলা যায় না; চতুর্থ ভাগবতাচার্য্য বরাহনগর-নিবাসী।

২৬৮। ভাগৰভাচাৰ্য্য (অ ৫৬)

২৩৯। **ভাগবভাচার্য্য রঘুনাথ** ( গ, যত্ ) [খেত মঞ্জরী ], বান্ধণ, বরাহনগর ভা ৩।৫।৪৪৯-৫০

গৌ. গ. দী.— নির্মিতা পুস্তিকা যেন কৃষ্ণপ্রেম-তরঙ্গিণী। শ্রীমন্ত্রাগবতাচার্য্যো গৌরাঙ্গাত্যস্তবল্লভঃ॥

যত্নাথ— বন্দে ভাগবতাচার্য্যং গৌরাঙ্গ-প্রিয়-পাত্রকম্। যেনাকারি মহাগ্রন্থো নামা প্রেমতরঙ্গিণী॥

রঘুনাথ ভাগবতাচার্য্য নিজের পরিচয় বলিয়াছেন—
পণ্ডিত গোসাঞি শ্রীযুত গদাধর নামে।

যাহার মহিমা ঘোষে এ তিন ভুবনে॥

ক্ষিতিতলে রূপায় কেবল অবতার।
অশেষ পাতকী জীব করিতে উদ্ধার॥
বৈকুণ্ঠ নায়ক রুফ চৈতহা মূরতি।
তাঁহার অভিন্ন তেঁহ সহজে শকতি॥
মোর ইষ্টদেব গুরু সে তুইচরণ।
দেহ মোর বাক্যে মোর সেই সে শরণ॥

—कृष्ध्यय**७**त्रिकेशी, २ भृ.

২৪০। ভাগবভদাস (গ, যত্ব) বুন্দাবন

২৪১। ভার্গব আচার্য্য—জ ৮৮

২৪২। ভার্গব পুরী—জ ২

২৪৩। ভাস্কর ঠাকুর [ বিশ্বকর্মা ] হত্রধর, দাইহাট (বর্দ্ধমান )।

শ্রী ২৫৪—ভাস্করং চ ততো বন্দে বিশ্বকর্মস্বরূপকং

(म ১२७, तू ১১१

২৪৪। **ভূগর্ভ গোসাঞি** (গ, যত্) [প্রেমমঞ্জরী ] ব্রাহ্মণ, বুন্দাবন।

ন্ত্রী ১৫৪, দে ৫৮, বু ৫২, চ ২।১৮।৫০

२8৫। ভোলানাথ দাস ( অ )

২৪৬। মকরধ্বজ [ স্থকেশী ]

২৪৭। মকরধ্বজকর ( চৈ, বাঘব পণ্ডিত-শাখা) [ চন্দ্রমুখ নট ] কায়স্থ ।

শ্রী ২১৫— মকরধ্বজং ততো বন্দে গুণৈকধামস্থন্দরং
যঃ করোতি দদা কৃষ্ণকীর্ত্তনং প্রভু সন্নিধৌ

(म ১०১, वू वर

का २०१२०७, ना २०१०, जा ७१०१८८२, ज २८०

২৪৮। মঙ্গল বৈষ্ণব (গ) ইনি ময়নাভালের মিত্রঠাকুরদের আদিপুরুষ নৃসিংহবল্লভকে দীক্ষা দেন। কাঁদড়ায় (বীরভূম) মঙ্গলবংশীয় শিশুগণ আছেন। এই বংশের কালাচাঁদ ঠাকুর মনোহরদাহী গানের তাল মান প্রকাশ করিয়া বিখ্যাত হন। পতাবলীর ১৩০ সংখ্যক শ্লোক মঙ্গল-বৈষ্ণবের বচনা হইতে পারে।

মধুপণ্ডিত— এ ২১৯, অনস্ত আচার্য্যকে বন্দনা করিয়া "মধ্বাধ্যং পণ্ডিতং বন্দে গোবিন্দাচার্য্যনামকং"। দে ১০২— শ্রীমধুপণ্ডিত বন্দো অনস্ত আচার্য্য ব ৯৩-৪— অনস্ত আচার্য্য বন্দো নবদ্বীপ মাঝ॥ তবেত বন্দিব মধু পণ্ডিত চরণ। বৈষ্ণব পণ্ডিত যারে বোলে সর্বজন॥

প্রীজীব সম্ভবত গোবিন্দাচার্য্যের ও দেবকীনন্দন অনস্ভাচার্য্যের আখ্যারূপে
মধু পণ্ডিত শব্দ ব্যবহার করিয়াছেন। বৃ. তাঁহাকে স্বতন্ত্র ব্যক্তি বলিয়াছেন।
২৪ন। মধু পণ্ডিত—যত্নাথ-মতে গদাধর-শাখা, তমলুক, বৃন্দাবন।
শ্রী ২৪০—পুরুষোত্তম ব্রহ্মচারিমধাক্ষ্য পণ্ডিতাবৃত্তো
দে ১১৬, বৃ ১০ন
ভক্তিরত্বাকর (পৃ. ন৪) মতে বৃন্দাবনের গোপীনাথের প্রথম সেবাধিকারী।
ঐ পৃ. ১০২১— শ্রীগোপীনাথাধিকারী শ্রী মধু পণ্ডিত।
গদাধর পণ্ডিতের শিল্য এ বিদিত।

২৫০। **মধুসূদন** (চৈ) কালনা সংস্করণ চরিতামৃতে পাঠ—
"মহেশ পণ্ডিত, কর শ্রীমধুস্দন" নাথের সংস্করণ; "মহেশ পণ্ডিত শ্রীকর শ্রীমধুস্দন" রামগোপাল দাস "শাখা বর্ণনে" (পৃ. ৬):—

> মধুস্দন দাস বৈত কীর্ত্তনের বাএন। নীলাচল সম্প্রদায়ে আছয়ে লিখন॥

রামগোপাল দাসের মত মানাই যুক্তি-সঙ্গত। মধুস্দন তাহা হইলে বৈছা হন, এবং কর উপাধি নহে, শ্রীকর একটি স্বতম্ত্র নাম।

২৫১। মনোরথ পুরী জ ৮৮, বৃ ৪৬ ২৫২। মনোহর (নি ৪৩) দেবানন্দের ভ্রাতা, ব্রাহ্মণ, কুলিয়া। ভা ৩৬।৪৭৫ ইনি প্যাবলীর ২৭৪ ও ২৭৫ সংখ্যক শ্লোকের রচ্য়িতা হইতে পারেন।

া ডা দে "পদাবলীর" কবি-পরিচয়ে লিখিয়াছেন—"Two Monoharas are known in Bengal Vaisnava literature: (1) Monohara, mentioned in C.-C. (Adi XI, 46, 52) as follower of Nityananda and (2) Baba Aul Manohara Dasa, also of the Nityananda Sakha mentioned in Premvilasa. As they

২৫৩। **মনোহর** (নি ১৯) পদকল্পতরুতে এক মনোহর-ক্বত ৬টী পদ ধৃত হইয়াছে।

२८४। मशिश्त (नि ४८)

২৫৫। মহেশ পণ্ডিত (নি ২৯) [মহাবাহু ] যশড়ার জগদীশ পণ্ডিতের ভাই। ব্রাহ্মণ পালপাড়া (নদীয়া জেলার চাকদহ ষ্টেশনের নিকট) প্রথমে স্থাসাগরের নিকট যশিপুর গ্রামে থাকিতেন। সম্ভবত শ্রীহট্টে আদি বাদ।

শ্রী ১৫৭—মহেশ-পণ্ডিতং বন্দে ক্লোন্সাদ সমাকুলং

(म ३२०, त्र ३३३

ভা ৩।৬।৪৭৪, জ ১৪৪

২৫৬। মহেশ পণ্ডিত (চৈ ১০৯)

২৫৭। মহেন্দ্র গিরি জ ৮৮

२०४। भाषत (नि)

২৫२। **মাধব আচার্য্য** (নি) [শান্তম ] নিত্যানন্দের জামাতা, ব্রান্ধণ, জিরাট।

শ্রী ৬১-৬৬— বিজকুলতিলকং ক্কতাবতারং গঙ্গাং গৃহীতুকামাবতীর্ণাং
মাধবং মাধবরূপং রদময়তক প্রেমাখ্যং
দ ঈশ্ব-পুরী-শিশ্যঃ দর্ম-দর্শন-পারকঃ
বিষ্ণুভক্ত-প্রধানশ্চ দদ্যুণাবলী ভৃষিতঃ
বিচার্য্যতেষু মতিমান্ কর্মজ্ঞান-পরাক্ষিপন্।
কৃষ্ণপ্রেমতবং নিনির্ণায় দ্যানিধিঃ॥

দে ১৩৮— পরম আনন্দে বন্দো আচার্য্য মাধব। ভক্তিফলে হৈলা গঙ্গাদেবীর বল্লভ।

বু ১৯—গোবিন্দের প্রেমধাম আচার্য্য মাধব নাম প্রেমানন্দময় তহু খানি।

belong to a somewhat later period they can scarcely be identified with our poet." চরিতামৃতের আদি একাদশে (নাথ সং ৪৩ ও ৪৯, গোড়ীয় সং ৪৬, ৫২) ছই বিভিন্ন মনোহরের নাম আছে। এক ব্যক্তির নাম ছয় পরার বাবধানে ছইবার লেখার সার্থকতা নাই। দেবানন্দের প্রাতা মনোহরকে "somewhat later period" বলা যায় না। ভাগবত-পাঠক দেবানন্দের প্রাতার পক্ষে শ্লোক লেখা অসম্ভব নহে।

জোড় করি পদম্বন্দ বন্দো সে পদারবিন্দ গঙ্গাদেবী যাঁহার গৃহিণী।

পুনরায় র ১৩৭— মাধব আচার্য্য বন্দো দ্বিজকুলমণি।
নিত্যানন্দ স্থতা গঙ্গা যাহার গৃহিণী॥

২৬০। **মাধবানন্দ** (চৈ) [মাধবী] ইনি বাংলায় "কুফ্মঙ্গল" ও সংস্কৃতে "প্রেমরত্বাকর" গ্রন্থ লেখেন।

**এ ২৭৯— বন্দে এমাধবাচার্য্যং কৃষ্ণমঙ্গলকারকং** 

দে ১৩৪— মাধব আচার্য্য বন্দো কবিত্ব শীতল। যাঁহার রচিত গীত শ্রীকৃষ্ণমঙ্গল॥

বু ১৩৩-১৬৪

শ্রীকৃষ্ণাস-কৃত কৃষ্ণমঙ্গলে আছে—

মাধব আচার্য্য বন্দে। কবিত্ব শীতল। যাহার রচিত গীত শ্রীকৃষ্ণমঙ্গল॥ —পু. ৫

চান্দ্রার গোস্বামীরা মাধবাচার্য্যের বংশধর (বীরভূমি, ৮ম বর্ষ, ৩য় সংখ্যা, পৃ. ৩৪)। "ময়মন সিংহ, মালদহ, ত্রিপুরা, ঢাকা, শ্রীহট্ট প্রভৃতি জেলায় এই গোস্বামিগণের অসংখ্য শিশ্ব আছেন" (কিশোরগঞ্জ বার্ত্তাবহ, ৭ই মাঘ, ১৯৩০ সাল) ডা. দীনেশচন্দ্র দেন লিখিয়াছেন যে ভাগবতকার মাধবাচার্য্য শ্রীচৈতত্যের শ্রালক ও ছাত্র। কিন্তু নবদীপের মহাপ্রভুর সেবাইতেরা বলেন যে বিফুপ্রিয়ার ভাতার নাম যাদব—শশিভ্ষণ গোস্বামী ভূল করিয়া মাধব লিখিয়াছিলেন। বিশ্বস্তারের টোলে মাধব নামে কোন ছাত্র ছিল বলিয়া জানা যায় না।

২৬১। **মাধবদাস**—কুলিয়া, গৌড়-ভ্রমণকালে শ্রীচৈতন্ত ইহার বাড়ীতে ছিলেন। না না১৩, চ ২।১৬।২০

२७२। **गांधर পটुनाग्नक** উড়িয়া, করণ।

बी २०६, (१) ३८, तू ३०६

২৬৩। মাধব পণ্ডিত ( অ )

২৬৪। **মাধব মিশ্রা** [পুগুরীকের প্রকাশ ] গদাধর পণ্ডিতের পিতা। ভা ২।৭।২০০ क २१

২৬৫। **মাধবানৃদ্দ ছোষ** (চৈ, নি) [রুসোল্লাসা ] বাস্থ্যোষের ভাই। কায়স্থ, কুলাই। গায়ক ও পদকর্তা।

ত্রী ১৯৬, দে ৮১, রু ৬৮

डा ७१८।८८८, उद ১८८, ५ २।১১।११

২৬৬। মাধবী দেবী (চ) [কলাকেলী ] শিথি মাহিতীর ভগিনী, করণ, উড়িয়া।

का २०१२०, ह ७१२१२०७

২৬**৭। মাধবেন্দ্র পুরী**—গ্রীচতত্ত্বের পরমগুরু।

শ্রী ৬৭-৬৮—যতি-কুলতিলকং পুরাণং মুনীক্রমাদিগুর্বীশভক্তঞ্চ বন্দে শ্রীমাধবেন্দ্রং ব্যক্তাং চকার হরিভক্তিং যঃ।

দে ১৪— সাবধানে বন্দো আগে মাধবেন্দ্র পুরী। বিষ্ণু ভক্তিপথের প্রথম অবতরি॥

বৃ ২১— বন্দো শ্রীমাধবপূরী অবনীতে অবতরি
বিষ্ণু ভক্তি যে করিল ব্যক্ত।
প্রাচীন যে আদিগুক্ত করুণাকলপতক
যেঁহ মহাপ্রভুর আদি ভক্ত॥

সনাতন গোস্বামী বৃহৎ-বৈষ্ণব-তোষণীর প্রারম্ভে লিখিয়াছেন—
শ্রীমাধবপুরীং বন্দে যতীক্রং শিক্তাসংযুতম্।
লোকেয়ক্ষ্বিতো যেন ক্বন্ধ ভক্তিস্থরাঙ্ঘ্রিপঃ॥

মু ১া৪া৫, কা ১৩৷১১১, না ১া৬, জ ২, লো ২, চ ১ানাচ চ হানাহ৬৭-৮

> শীমাধবপুরীর সঙ্গে শ্রীরঙ্গপুরী। পূর্ব্বে আসিয়াছিল নদীয়া নগরী॥ জগরাথ মিশ্রঘরে ভিক্ষা যে করিল। অপূর্ব্ব মোচার ঘণ্ট ভাঁহাতে খাইল॥

২৬৮। মাধাই (চৈ) [বিজয়] ব্রাহ্মণ, নবদীপ, জগাইয়ের ভাই। ২৬৯। মামু ঠাকুর (গ, যত্ন) উড়িয়া। ২৭০। **মালাধর বেজাচারী জ** ৭৩, নবদীপ-লীলা-প্রসঙ্গে উল্লিখিত।

২৭১। **মালিনী** [ অম্বিকা ] শ্রীবাসপত্নী, ব্রাহ্মণী, নুবদ্বীপ।

প্রী ৮১, দে ১৮, বৃ ২৫। ভা ১।৭।১৯৮, জ ২, চ ১।১৩।১০৯

২৭২। মীনকেতন রামদাস (নি) [নিশঠ ও উল্ক]

यामार्रेश्वरत कृष्ण्नाम कवित्राष्ट्रित ग्रह शिग्नाहिल्लन।

২৭৩। মুকুন্দ (চৈ) চরিতামৃতের মতে শ্রীচৈতত্তের অগ্রজ বিশ্বরূপ সন্মাদী হইয়া শঙ্করারণা নাম গ্রহণ করেন। তাঁহার ছই শিশ্যের নাম মুকুন্দ ও কাশীনাথ রুদ্র (১।১০।১০৪)। ইহারা হয়তো পরে শ্রীচৈতত্তের চরণাশ্রয় গ্রহণ করিয়াছিলেন—তাই মুকুন্দকে চৈত্ত্যশাথায় গণনা করা হইয়াছে।

২৭৪। মুকুন্দ (নি ৪৫) নগেন্দ্রনাথ বহু বলেন "বল্লভ ঘোষের নয়টী পুত্র—বাহ্বদেব, গোবিন্দ, মাধব, জগলাথ, দামোদর, মুকুন্দ, দহুজারি, কংসারি ও মীনকেতন। প্রথম ছয় জন সল্লাস গ্রহণ করেন। তন্মধ্যে বাহ্বদেব, গোবিন্দ, মাধব, মুকুন্দ এই চারিজন মহাপ্রভু চৈতন্তাদেবের পার্বদ ও পদকর্ত্তা বলিয়া বিখ্যাত" (উত্তর রাটীয় কায়স্থ বিবরণ)। ২৭৪ বা ২৭৫ সংখ্যক মুকুন্দ বাহ্বঘোষের ভাই হইতে পারেন।

२११। मूक्म (नि ४२)

২৭৬। **মুকুন্দ কবিরাজ** (নি ৪৮) বৈছ

শ্রী ২৭২, দে ১৩২, বু ১৩১

২৭৭। মুকুন্দ দত্ত ( চৈ ) [মধুবত ] শ্রীচৈতত্যের সহাধ্যায়ী ও কীর্ত্তনীয়া; সম্ভবত বাহুদেব দত্তের প্রতা। বৈহু, চট্টগ্রাম-নবদ্বীপ-কাঞ্চনপলী।

শ্ৰী ৯২—বন্দে মুকুন্দদত্তং চ কিন্নরঃ স্থুন্নমানকং

(म २৫, तू २२

मू राष्ठा३२, का ७१०१, ना ३१३२,

ভা ১।১।১०, २, ला জ २, ४ ১।১०।२

২৭৮। মুকুন্দদাস (চৈ) [ বুন্দাদেবী ] বৈছা, শ্ৰীখণ্ড

শ্রী ১৮২-৮৪ — শ্রীমৃকুন্দদাস-ভক্তি রতাপি গীয়তে জনৈ:
দৃষ্ট্য ময়্রপুচ্ছং ধঃ কৃষ্ণ প্রেমবিকর্ষিতঃ।
সন্তো বিহ্বিলতাং প্রাপ্তঃ পরমানন্দ-নির্তঃ
বাহার্তীরজানংশ্চ পপাতাধো মহাপদাৎ॥

দে ৭৪— বন্দিব মৃকুন্দ দাস ভাবে শুদ্ধচিত্ত।

ময়ুরের পাথা দেখি হইলা মূর্চ্ছিত।

বৃ ৬২-৬৩ মৃকুন্দাদের ভক্তি অকথ্য ক্লফের শক্তি অন্তাবধি বিদিত সংসারে। ময়ুরের পাথা দেখি চঞ্চল হইল আঁথি বিহ্বলে পড়িলা প্রেমভরে॥

মৃ ৪।১৭।১৩ অন্যাম্য গ্রন্থের উল্লেখ নরহরি সরকার প্রসঙ্গে দ্রন্থি। ২৭৯। মুকুন্দ মোদক—পরমেশ্বর মোদকের পুত্র। নবদীপ, চ ৩।১২।৫ ২৮০। মুকুন্দ রায়

জয়ক্বফ-শান্তিপুরে জনমিলা রায় মুকুন।

শ্রী ১১৪, দে ৩৯, বু ৩৯

দেবকীর মৃত্রিত পাঠ "শ্রীরামমুকুল বন্দো", কিন্তু ১৭০২ খ্রীষ্টাব্দের পুথির পাঠ "শ্রীরায় মুকুল বন্দো", ইনি নিত্যানন্দ-শাখাভুক্ত কোন এক মুকুল হইতে পারেন।

২৮১। মুকুন্দ সঞ্জয়—ব্ৰাহ্মণ, নবদীপ, ইহার বাড়ীতে প্রভূ টোল খ্লিয়া-ছিলেন।

ভা ১/৭/৭৩, জ ২৪ Murari Gupta

২৮২। মুরারি গুপ্ত (চৈ) [হহমান] বৈছ, শ্রীহট্ট—নবদীপ। স্থাসিদ্ধ করচাকার ও পদকর্তা।

শ্রী ৮৮, দে ২২, বৃ ২৮ সমস্ত গ্রন্থে উল্লিখিত। ২৮৩। **মুরারি চৈত্রগুদাস** (নি) গ্রান্ধণ

শ্রী ২৫০ — মুরারি চৈতত্যলাদং যমাজগরথেলকং

দে ১২১— মুরারি চৈতক্তলাস বন্দো সাবধানে।
আশ্চর্য্য চরিত্র যার প্রহ্লাদ সমানে।

বৃ ১২৫— মুরারি চৈতক্যদাস বন্দিব যতনে।

যার লীলাখেলা অজগর সর্প সনে।

মহা অজগর সর্প লই নিজ কোলে।

নির্ভয়ে চৈতক্যদাস থাকে কুতৃহলে।

ভা ৩218৬২—যোগ্য শ্রীচৈতম্বদাস মুরারি পণ্ডিত। যার বাতাদেও রুফ পাইয়ে নিশ্চিত॥

ঐ ৩/৫।৪৭৩— প্রসিদ্ধ চৈতক্সদাস ম্বারি পণ্ডিত। থার খেলা মহাসর্প ব্যাদ্রের সহিত॥

জ ২৪, জ ১৪৪-মার খেলা মহাদর্প ব্যান্তের সহিত

মৃণালকান্তি ঘোষ বলেন, "বর্দ্ধমান জেলার গলসী রেলষ্টেসন হইতে এক কোশ দ্বে সরং বৃন্দাবনপুর গ্রামে মুরারি চৈতক্তদাসের জন্ম। নবদীপধামের অন্তর্গত ঝাউগাছি গ্রামে আসিয়া ইহার নাম শাক (শারক) মুরারি চৈতক্তদাস হইয়াছিল। ইহার বংশধরেরা আজও সরের পাটে বাস করেন।" কালনা সংস্করণ চরিতামুতে লেখা আছে "ইহার নিবাস খড়দহে।" শ্রীজীব, দেবকীনন্দন ও দিতীয় বৃন্দাবনদাস সারক্ষদাসকে মুরারি চৈতক্তদাস হইতে পৃথক্ ভাবে বর্ণনা করিয়াছেন। চরিতামুতেও উভয়ের নাম স্বতন্ত্ব ভাবে লিখিত আছে। সেইজ্লু মৃণালবাব্র মত মানিতে পারিলাম না। সারক্ষদাস দ্বিত্বা।

২৮৪। **মুরারি পণ্ডিড** (অ) ব্রাহ্মণ চ ১৩।১০।৯

২৮৫। **মুরারি মাহাতি** ( চৈ ) কায়স্থ, উড়িয়া, শিথিমাহিতীর ভাই। কা ১৩।৯০, চ ২।১০।৪২

২৮৬। যতু কবিচন্দ্র (নি) রত্নগর্ভ আচার্য্যের পুত্র, ব্রাহ্মণ, শ্রীহট্ট-

बी २८४, ८४ ३३१, वू ३३०

ভা ২।১।১৫১— ষত্নাথ কবিচন্দ্র প্রেমরসময়। নিরবধি নিত্যানন্দ যাঁহারে সদয়॥

পদকলতক্ষতে যত্ব ভণিতায় ১৪টা পদ সংগৃহীত হইয়াছে। ২৮৭। য**ত্ন গাস্থুলী** (গ, যত্ব) ব্ৰাহ্মণ

যত্নাথ-মতে যত্নন্দন চক্রবর্ত্তী। ভক্তিরত্নাকরে "যে রচিল গৌরাঙ্গের অভুত চরিত।" .

२৮৮। यञ्चनमान (क)

২৮৯। যতুনন্দন আচার্য্য (আ) ইনি রখুনাথদান গোসামীর দীকাগুরু।

২০০। যতুনাথ (চৈ) কুলীনগ্রাম

শ্ৰী ২৬৮—দাসং শ্ৰীষত্নাথাখ্যং বন্দে মধুরচিত্তকং

(म ১२२, तू ১२৮

মন্তব্য: —পদকল্পতক্ষতে যত্নাথ ভণিতার ১৬টা পদ ধৃত হইয়াছে।
এগুলির রচয়িতা এই যত্নাথ কিনা বলা যায় না। অগেষকু ভদ্র ও সতীশচন্দ্র
রায় পদকর্তা যত্ন, যত্নাথ ও যত্নন্দনকে গোবিন্দলীলাম্তের অহবাদক
যত্নন্দন স্থির করিয়াছেন। কিন্তু কি প্রমাণের বলে তাঁহারা যত্ন ও যত্নাথ
ভণিতার পদ যত্নন্দনে আরোপ করেন বুঝা যায় না। আমার মনে হয়
ইহারা স্বতন্ত্র ব্যক্তি।

২৯১। য**েশাবন্ত**—পঞ্চপার অক্তম।

२२२। यानवनाम ( प)

২৯৩। যাদবাচার্য্য-- যত্নাথ-মতে গদাধর-শাথা।

চ ১৮৮২৬—যাদবাচার্য্য গোসাঞি শ্রীরূপের সঙ্গী। চৈতন্তচরিতে তেহোঁ অতি বড় রঙ্গী॥

নবদ্বীপের মহাপ্রভুর সেবাইতগণ ইহার বংশধর বলিয়া পরিচয় দেন ও বলেন যে ইনি বিষ্ণুপ্রিয়ার ভ্রাতা।

২৯৪। রঘুনন্দন (চৈ ১১৭) ইনি স্মার্ত্ত রঘুনন্দন নহেন বলিয়া মনে হয়। তাঁহার জ্যোতিষতত্ব গ্রন্থে ১৪৮৯ শকের অর্থাৎ ১৫৬৭ খ্রীষ্টান্দের উল্লেখ আছে। ঐ গ্রন্থই তাঁহার শেষ রচনা বলিয়া কিংবদস্তি।

২৯৫। রঘুনন্দন (চৈ ৭৬) [প্রহায় ] বৈচ্চ, শ্রীপণ্ড। শ্রী ১৮১-৮২, ১৮৯-৯০

মৃকুনদানং তং বন্দে যং স্থতো বঘুনন্দন:।
কামো রতিপতির ডিডুং যো গোপালমভোজয়ত॥
স চ বঘুনন্দন এব বরেণ্যো।
নবহরি-শিশ্যঃ স্বকৃতীমান্তঃ॥
বাল্যাবধিতঃ নাধুচরিত্রো।
ভক্তি-বিশোধিত-চিত্ত-পবিত্রঃ॥

দে ৭৬— মধুর চরিত্র বন্দো শ্রীরঘুনন্দন। আক্বতি প্রকৃতি যার ভূবনমোহন॥

বু ৬৪— বন্দো রঘুনন্দন মুরতি মদন সম জগত মোহিত যার নাটে।

মু ৪।১।৫, কা ১৩।১৪৮, না না১, জ ১৪৪, লোচন স্বত্ত

२२७। **त्रघूनाथ** ( ष )

রঘুনাথ ( গ) ভাগবতাচার্য্য দ্রষ্টব্য।

২৯৭। রঘুনাথ ভীর্থ

প্রী ২৭০, কিন্তু দে. ও বৃ. তে রঘুনাথ পুরীর বন্দনা।

জ ১৪৫—আচার্য্য বৈষ্ণবানন্দ পরম উদার। পূর্ব্বে রঘুনাথ পুরী নাম ছিল জার॥

ह भारताव केंद्रभा

২৯৮। রঘুনাথ ভট্ট (চৈ) [রাগমঞ্জরী] কাশীবাদী তপন মিশ্রের পুত্র শ্রী ১৫৩—বন্দে রঘুনাথ-ভট্টং শ্রীভাগবতাধ্যাপকং বিনয়েন

দে ৫৭—রঘুনাথ ভট্ট গোসাঞি বন্দিব এক চিত্তে। বৃন্দাবনে অধ্যাপক শ্রীভাগবতে॥

বৃ ৫১—বন্দো বঘুনাথ ভট্ট কৃষ্ণপ্রেমে উনমত্ত বৃন্দাবনে ব্রজ্বাদী সঙ্গে। ভাগবত পঢ়েন মবে প্রেমে অঙ্গ আউলায় তবে মধুকণ্ঠ ধরেন প্রসঙ্গে॥

মু ৪।১।১৭, চ ২।১৭।৮৬
২৯৯। **রঘুনাথদাস** (চ) [রসমঞ্জরী বা রতিমঞ্জরী]
কায়স্থ—নীলাচল—বুনাবন

শ্রী ১৪৯-৫০—বন্দে রঘুনাথদাসং রাধাকুণ্ড-নিবাসিনং। চৈতন্ত-সর্বতন্ত্রজ্ঞং ত্যক্তান্তভাবমূত্রম্ং॥

८म ८६— द्रश्नाथ मांग वत्मा त्रांधाकुछ वांगी

বৃ ৪৯— শ্রীরাধাকুণ্ডেতে বাস বন্দো রঘুনাথ দাস যে জন চৈতক্ত মর্ম্ম জানে। মু ৪।১৭।২১, কা ১৫।১০৬, না ১০।৩, চ ২।১।২৬৯

ইনি ন্তবাবলী, মূক্তাচরিত্র ও দানকেলি চিস্তামণি (গ্রন্থ) লিখিয়াছেন। পত্যাবলীর ১৩১, ২১২ ও ৩৩১ সংখ্যক শ্লোক ইহার রচনা। পদকল্পভক্তে ইহার রচিত তিনটি পদ আছে।

৩০০। রঘুনাথদাস

প্রী ১৯১, দে ৭৭, রু ৬৫

৩০১। রঘুনাথ বিপ্র [বরাঙ্গনা] উড়িয়া ভক্তদের সহিত উল্লিখিত।

শ্রী ২২৩, দে ১০৬, বু ৯৮

৩০২। রঘু**নাথ বৈত্ত** (চৈ ১২৪) বৈত্য, নীলাচল।

म् ८।५१।२५

৩০৩। রঘুনাথ বৈজ্ঞ উপাধ্যায় (নি) বৈছ

শ্রীচৈতগ্রভাগবত-মতে নিত্যানন্দের স্থপ্রসিদ্ধ ভক্ত।

৩-৪। त्रश्र नीलाचत ( टि ) नीलाठल

৩০**ে। রঘুপতি উপাধ্যায়**—চরিতামৃত ২।১৯৮৫

ইনি কাশীতে শ্রীচৈতন্তের সহিত মিলিত হন ; যথা—

হেন কালে আইলা রঘুপতি উপাধ্যায়। তিরোহিতা পণ্ডিত বড় বৈষ্ণব মহাশয়॥

চরিতামৃতে ইহার রচিত যে তিনটী শ্লোক উদ্ধৃত হইয়াছে তাহা যথাক্রমে পভাবলীর ১২৬, ৯৮ ও ৮২ শ্লোক। এই তিনটী ছাড়া পভাবলীর ৮৭, ৯৭ ও ৩০১ শ্লোকও ইহার রচনা। ইনি ও নিত্যানন্দ-শাথাভুক্ত রঘুনাথ বৈভ উপাধ্যায় ভিন্ন ব্যক্তি। ইনি "পুরুষার্থকৌমূদী"-নামক বেদান্ত-গ্রন্থের রচয়িতা হইতে পারেন। (রাজেন্দ্রলাল মিত্র Notices, VII, No. 2377, pp. 143-4)

৩০৬। রঘুমিশ্রে (গ) [ কর্প্রমঞ্জরী ]

৩০৭। রত্নাকর পণ্ডিত [ নিধি ]

৩০৮। রত্নগর্ভ পণ্ডিত—ত্রাহ্মণ, নবদীপ।

ভা ২।১।১৫১— রত্নগর্ভ আচার্য্য বিখ্যাত তাঁর নাম। প্রভূর বাপের দলী, জন্ম এক গ্রাম॥ ইহার তিন পুত্রের নাম কৃষ্ণানন্দ, জীব ও যত্নাথ কবিচন্দ্র। ইনি ভাগবত পাঠ করিতেন।

৩০**৯। রত্নাবতী** [বৃষভাম-পত্নী] মাধব মিশ্রের পত্নী ও গ্লাধর গোস্বামীর মাতা।

৩১০। রাঘব গোস্বামী [চম্পকলতা] ব্রাহ্মণ, দ্রাবিড়—গোবর্দ্ধন।
গো. গ. দী.— ভক্তিবত্বাকাশাখ্য-গ্রন্থো যেন বিনির্দ্মিতঃ
(এই গ্রন্থ সম্প্রতি বৃন্দাবন হইতে পুরীদাসজ্জী-কর্তৃক সম্পাদিত
হইয়া প্রকাশিত হইয়াছে)

শ্রী ১৫১-২— গোস্বামিনং রাঘবাখ্যং গোবর্দ্ধনবিলাসিনং।
বন্দে ভাববিশেষেণ বিচরন্তং মহাশয়ং॥

দে ৫৫— রাঘব গোসাঞি বন্দো গোবর্দ্ধন বিলাসী

বু ৪৯— বাঘর গোসাঞি তবে বন্দো বড় ভক্তি ভাবে যাহার বিলাদ গোবৰ্দ্ধনে ॥

জয়ক্লফ— প্রাবিড়ে গোপাল ভট্ট রাঘব গোসাঞি। কাশীশ্ব হরিভট্ট প্রকাশ তথাই।

৩১১। রাঘব পণ্ডিত ( চৈ, নি ) [ ধনিষ্ঠা ] ব্রাহ্মণ, পানিহাটী।

শ্রী ১৫৮-৬০ ততক রাঘবানন্দং নিত্যানন্দার্ভাবিনং শ্রীমান্ পদ্মাবতীস্মুর্ঘদ্বেশ্মনি কুতৃহলী। দাড়িম্ব-বৃক্ষ-নীপস্ত পুষ্পং বৈ সমযোজয়ং।

দে ৬৩— মহাঅহভব বন্দো পণ্ডিত রাঘব। পানীহাটী গ্রামে যার প্রকাশ বৈভব॥

বৃ ৫৫— বন্দিব রাঘবানন্দ যার ঘরে নিত্যানন্দ অন্থভাব করিল বিদিত। বাড়ীর জাম্বীর গাছে কদম ফুটিয়া আছে সর্ব্ধ লোক দেখিতে বিশ্বিত।

রাঘব পণ্ডিতের নামাস্তর যে রাঘবানন্দ তাহা ভা ৩।৫।৪৫৫ পৃ. হইতে জানা যায়। মু ৪।১।৪, কা ২০।১২, না ৮।৩০, ভা এং।৪৪৮, জ ৭৩, লো ৩, চ ২।১০।৮২ বাঘবের ঝালি স্থপ্রসিদ্ধ।

৩১২। রাঘবপুরী [ সিদ্ধি ]

এ ১৩৪, দে ৫০

৩১৩। রাজীব পণ্ডিত—ব্রাহ্মণ, নবদীপ।

बी २१२, तू ४७४

৩১৪। রাজেন্দ্র (চৈ)

চ ১৷১০।৮৩— তার মধ্যে রূপ সনাতন বড় শাথা অমুপম জীব—রাজেন্দ্রাদি উপশাথা॥

৩১৫। রামগিরি জ ৮৮

৩১৬। রামচন্দ্র কবিরাজ (নি) ইনি নরোত্তম ঠাকুরের বন্ধু, রামচন্দ্র কবিরাজ নহেন। গৌড়ীয় মঠ সংস্করণ মতে ইনি চিরঞ্জীব সেনের পুত্র। এই মত মুণালকান্তি ঘোষ মহাশয় স্বীকার করেন নাই (গৌ. প. ত. ভূমিকা, ১০৪ পৃ.) রামগোপাল দাস "শাখা বর্গনে" রঘুনন্দনের এক শিশ্বের নাম রামচন্দ্র বলিয়াছেন।

৩১৭। **রামচন্দ্র খান**, ভা তাহাতচত- ইনি প্রভূকে ছত্রভোগ হইতে নীলাচলে যাইতে সাহায্য করিয়াছিলেন।

৩১৮। **রামচন্দ্র দিজ**—ব্রাহ্মণ, উংকল। শ্রী ২৪৩, দে ১৩৭, বু ১১০

জন্মকথ্

নাথদাস আর তথাই প্রকাশ।

শিশু ক্লফদাস দ্বিজ রামচন্দ্র আর।

মাধব নায়ক পট্ট তথাই প্রচার॥

৩১৯। রামচন্দ্র পুরী [বিভীষণ+জটিলা] চরিতামৃত এ৮।১৯শে কবিরাজ গোস্থামী ইহাকে মাধবেন্দ্র পুরীর শিশু বলিয়াছেন, কিছু ১।৯ পরিছেদে উপেক্ষা করিয়া ইহার নাম করেন নাই।

ত্রী ১২৫--- সদা প্রভূ বশাং বন্দে রামচন্দ্র-পুরীং ততঃ।

দে ৪৫— বন্দিব শ্রীরামচন্দ্র প্রীর চরণ। প্রভূ যারে কহিলেন শ্রীরামের গণ॥ বৃ ৪৩— বন্দে রামচন্দ্র পুরী থাঁহার বিক্রম হেরি নিবর্ত্ত করিল প্রভূ সব॥

গৌ. গ. দী.তে (১০) আছে যে হেতু রামচন্দ্র পুরীতে জটিলা প্রবেশ করিয়াছিলেন, সেই হেতু ইনি প্রভুর ভিক্ষা সঙ্কোচাদি করিয়াছিলেন। চরিতামতে গাচাড-য়ে রামচন্দ্র পুরীকে "সর্ক নিন্দাকর" বলা হইয়াছে। এরপ হইলে বৈষ্ণব-বন্দনায় তাঁহার নাম থাকিত কিনা সন্দেহ।

৩২০। ব্লামভীর্থ শ্রী ২৬৯

৩২১। রামদাস—চরিতামৃত ২।১৮।১৯৭। পাঠান বিজুলি থানের ভৃত্য (২।১৮।১৯৮)। কিন্তু ২।১৮।১৭৫ য়ে ইহাকে "কালবস্ত্র পরে সেই লোকে কহে পীর" বলা হইয়াছে। পীর কথনও চাকর হইতে পারে না। যাহা হউক, প্রভৃ ইহাকে বৈষ্ণব করিয়া রামদাদ নাম দিয়াছিলেন।

৩২২। রামদাস (চ) (বিচক্ষণ শুকপক্ষী) শিবানন দেনের পুত্র, বৈছা, কাঞ্চনপল্লী।

দে ৭৩, কিন্তু কোন প্রাচীন পুথিতে বন্দনা নাই।

৩২৩। রামদাস কবিচন্দ্র (চৈ) (কুরঙ্গাকী)

শ্রী ১০৬, দে ৩৩, বৃ ৩৬

৩২৪। রামদাস বালক

खी २६२, ८५ ४२२

৩২৫। রামদাস বিপ্রা—চ ২।১।১০৯, ২।৯।১৯৫ দক্ষিণ মথুরার ব্রাহ্মণ। শ্রীচৈতন্ত কৃশ্মপুরাণের শ্লোক দেখাইয়া ইহাকে প্রবোধিত করেন।

৩২৬। **রামদাস বিশ্বাস,** কায়ন্থ, "মহাপ্রভু অধিক তাঁরে রূপা না করিলা" (চ ৩।১৩।২০—২৮)।

> সর্ব্ব শাস্ত্রে প্রবীণ কাব্যপ্রকাশ অধ্যাপক। পরম বৈষ্ণব রঘুনাথ উপাদক॥

ইনি পট্টনায়ক গোটাকে কাব্যপ্রকাশ পড়াইতেন ( ৩১৩১১১ )।

৩২৭। রামানন্দ, জ ৭৩ "গোদাঞ্রি মামা রামানন্দ সংসারে পৃজিত।" গোদাঞি অর্থে গদাধর পণ্ডিত।

্৩২৮। রামানন্দ রায় (চৈ) [ অর্জ্ন + অর্জ্নীয়া + ললিতা ] ভবানন্দের পুত্র, উড়িয়া, করণ।

- শ্রী ১৬৬-৮-রামাননং ততো বন্দে ভক্তিলক্ষণসঙ্কুলং

  যস্তাননাদমূদাদ্ধিচৈতত্ত্বেন ক্বপাল্ন।

  স্বভক্তিসিদ্ধান্ত চরণামুতং বর্ষিতং ভূবি
- দে ৬৭— রায় রামানন্দ বন্দো বড় অধিকারী। প্রভু যাঁরে লভিলা ত্বল্ল ভ জ্ঞান করি॥
- বু ৫৮--- বন্দো রায় রামানন্দ হার সঙ্গে গৌরচন্দ্র বিচারিলা ভক্তির লক্ষণ।

মৃ ৩।১৫।১, কা ১২।১৩০, না ৭।৩, ভা ৩।৫।৪৫৩, জ্ব ২, লো ২, চ ২।১৯৫। জগরাথবল্লভ-নাটক-রচয়িতা। পদ্যাবলীর ১৩ সংখ্যক শ্লোক ইহার রচনা। ইহার সম্বন্ধে তারিণীচরণ রথ ( J. B. O. R. S. Vol VI, Pt. III, p. 448 ) একটি প্রবন্ধ প্রকাশ করিয়াছেন।

৩২০। রামানন্দ বস্তু (চৈ) [ স্থক জী ] 'গুণরাজান্বয়' (না না২) অর্থাৎ কুলীন গ্রামের মালাধর বস্থ গুণরাজ খানের পুত্র।

ত্রী ২৩৯— বস্ত-বংশাগ্রগণ্যং রামানন্দং স্বগোষ্ঠীকং

দে ১১৫— বস্থ বংশ রামানন্দ বন্দিব যতনে।

যার বংশে গৌর বিনা অন্ত নাহি জানে॥

র ১০৮— বস্থ বংশের তিলক বন্দিব রামানন্দ। যার গোষ্ঠী ভ্রমর পদারবিন্দ॥

म् ८। २११७, मा २।२, ह २। २०।৮१

৩৩০। রামনাথ [চতু:দনের অম্যতম ]

৩৩১। রাম ভদ্র (নি ৫০)

৩৩২। **রাম ভট্টাচার্য্য** (চৈ ) ব্রাহ্মণ, নীলাচল। চ ২।১০।১৭৭

৩৩০। রাম সেন (নি ৪৮) বৈগ্

৩৬। রামাই (চৈ) [পয়োদ] নীলাচলে প্রভূর ভূত্য।

৩৩৫। রুদ্র পণ্ডিত [বর্রথপ গোপাল] বান্ধণ, বরভপুর (হুগলি জেলার মাহেশের ১ মাইল উভরে )। Rup Goswami

৩০৬। রূপ গোস্বামী ( চৈ ) [রূপমঞ্জরী ] ব্রাহ্মণ, বৃন্দাবন।

শ্রী ১৩৬-৪২ —বন্দে তৌ পরমানন্দৌ প্রভু রূপসনাতনৌ।
বিরক্তোচ রূপালুচ রূদাবন-নিবাসিনৌ ॥
যৎ পাদাজ্ব-পরিমলগন্ধলেশ-বিভাবিতঃ।
জীবনামা নিষেবেয় তাবিহৈব ভবে ভবে ॥
শ্রীরূপঃ সর্বাশাস্থাণি বিচার্য্য প্রভু-শক্তিমান্।
রূষ্ণ-প্রেম পরং তবং নিনির্ণায় রূপানিধিঃ॥

দে ৫১— বন্দে রূপ সনাতন ছই মহাশয়।
বুন্দাবন ভূমি ছঁহে করিলা নির্ণয়॥

বৃ ৪৭— বন্দো রূপ সনাতন বসতি শ্রীবৃন্দাবন পর বিরক্ত উদাসীন। রাজ্যপদ পরিহরি ভিক্ষ্কের বেশ ধরি যে লইল করক্ষ কৌপীন॥

সমস্ত বৈষ্ণব-গ্রন্থে উল্লিখিত। গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ে যে উপাসনা-প্রণালী প্রচলিত আছে, তাহা ইহার দারা উদ্ধাবিত।

७०१। लकान कार्राश

**बी २८१, ८५ ১**১३

৩৩৮। লক্ষীনাথ পণ্ডিত (গ, যত্) [ রসোনাদা ]

৩৩৯। লক্ষীপ্রিয়া—বিশ্বস্তর মিশ্রের প্রথমা স্ত্রী।

बी ७३, ८४ २, वू ३२

সমস্থ চরিত-গ্রন্থে উল্লিখিত।

৩৪০। বেশাকনাথ [ চতু:দনের অগ্রতম ] ষত্নাথ-মতে লোকনাথ ভট্ট।

৩৪১। **লোকনাথ পণ্ডিত** (অ) [ লীলামঞ্জরী ] তালখেড়া ( যশোহর )

নিবাসী পদ্মনাভ চক্রবর্ত্তীর পুত্র ( ভক্তিরত্বাকর, পৃ. ২১ ) ব্রাহ্মণ, বুন্দাবন।

শ্রী ১৫৪, দে ৫৮, বু ৫২, চ ২।১৮।৪৩

অধৈতের আদেশে লোকনাথ ভাগবতের দশম ক্ষরের এক টীকা লেখেন (Catalogue of Sanskrit Mss. by M. M. H. P. Sastri, Vol V, Purana No. 3624)। ৩৪২। বক্রেশ্বর (চৈ) [ অনিক্রম্ব ] বছনাথ-মতে গদাধরের শিশু, ব্রাহ্মণ, আকনা (হুগলী)। কালনা সংস্করণ চরিতামতে জ্মস্থান সেটেরি লেখা হইয়াছে।

শ্রী ১৬৯-৭০—ততো বক্রেশ্বং বন্দে প্রভূচিত্তং স্কৃত্ন ভিং যশ্মিন্ প্রেমানন্দতয়া কীর্ত্তনং ক্লুতবান্ প্রভূঃ।

দে ৬৮— বক্রেশ্বর পণ্ডিত বন্দো দিব্য শরীর। অভ্যস্তরে রুফ্টতেজ গৌরাঙ্গ বাহির॥

বু ৫৮— বন্দিব শ্রীবক্রেশ্বর গাঁহার নৃত্যে বিশ্বস্তর মহানন্দে করিলা কীর্ত্তন।

নবদ্বীপ-লীলায় বক্রেশ্বর একজন প্রধান পরিকর ছিলেন; যথা নাটকে

বক্রেশ্বরে নৃত্যতি গৌরচন্দ্রে গায়ত্যমন্দং করতালিকাভিঃ বক্রেশ্বরো গায়তি গৌরচন্দ্রে নৃত্যত্যসৌ তুল্য-স্থামুভূতিঃ

মৃ ৩।১৭।১৭, কা ১৩।১৪৫, না ১।২০, ভা ২।১।১৩৯, জ ২, লো ২, চ ২।১।২৩৮ না ৮।৩৩-য়ে দার্কভৌম বলিভেছেন যে তিনি শ্রীবাদ, বক্রেশ্বর, আচার্য্য-রত্ন ও পুগুরীককে বাল্যে দেখিয়াছেন। ইহার দারা বুঝা যায় যে বক্রেশ্বর শ্রীচৈতন্ত অপেক্ষা বয়দে অনেক বড়। বক্রেশ্বর বৈঞ্চব-সমাজে থুব প্রভাবশালী ছিলেন। বরাহনগর পাটবাড়ীতে গোপালগুরু-বিরচিত "বক্রেশ্বরাষ্টকে"র ছইথানি (১৪০ সংখ্যা দেবনাগর অক্ষরে, ও ৬৭৭ সংখ্যা বাংলা অক্ষরে লিখিত) পাতড়া আছে। তাহার দিতীয় শ্লোক হইতে জানা যায় যে দক্ষিণ ও পশ্চিম ভারতে বক্রেশ্বর শ্রীচৈতন্তার ধর্ম প্রচার করিয়াছিলেন; যথা—

কর্ণাট-লাট-মরহট্ট-কলিঙ্গ-রাষ্ট্র সৌরাষ্ট্র-কোত্র-মল্য়ালয়-গুর্জ্জরেষ্। যস্ত্র প্রভববিভবো বিতনোতু ভক্তিং বক্রেশ্বরং তমিহ সংপ্রবরং নমামি॥

২০০৭ সালে অমৃতলাল পাল 'বক্রেশ্বর চরিত' নামে একখানি বই লিখিয়া প্রকাশ করেন। তিনি বলেন বে ইহার শিশু গোপাল গুরু রাধাকান্ত মঠের প্রতিষ্ঠাতা। ৩৪৩। বনমালি আচার্য্য [বিশ্বামিত ১৮] লক্ষীর বিবাহে ঘটক। শ্রী ১১৯-২০, দে ৪২, বু ৪১

মু ১। নান, কা ৩।১২, ভা ১। ৭।৭৭, জ ৩৮, চ ১।১৫।২৬

৩৪৪। বনমালি কবিচন্দ্র ( অ )

৩৪৫। বনমালিদাস (অ) [ চিত্রা ১৩১ ] বিফুদাস বৈত্যের ভাতা। বামগোপালদাস "শাখা বর্ণনে" বনমালি কবিরাজকে রঘুনন্দনের শিশু বলিয়াছেন। "বৈষ্ণব-বন্দনা" হইতে যখন জানা যাইতেছে যে বনমালিদাস বিফুদাস বৈত্যের ভাতা, তথন ইহার উপাধি কবিরাজ হওয়া সম্ভব।

বনমালি কবিরাজ আর শাখা হয়। ঘোড়ঘাটে করিলা তিঁহ সেবার আশ্রয়॥—রামগোপাল

बी २२४, ८५ ५०१

৩৪৬। বনমালি পণ্ডিত (চৈ) [ স্থামা] দরিত্র ভক্ত, ব্রাহ্মণ, নবদ্বীপ। শ্রী ১০৮, দে ৬৮, বু ৩৭

মু ২।১১।১, ২।১৪।২০, কা ৭।৭৬, ভা তালারল১, চ ১।১৭।১১৩,

৩৪৭। বনমালি পণ্ডিত [ মালাধর ১৪৪ ] গৌরবল্লভ

৩৪৮। বলদেব মাহাতি, উড়িয়া, কায়স্থ।

শ্রী ২৩৬, দে ১১৪, বু ১০৫

৩৪৯। বলভদ্র ভট্টাচার্য্য (চৈ) [মধুরেক্ষণা] ব্রাক্ষণ, নীলাচল। শ্রীচৈতন্তের সহিত বৃন্দাবনে গিয়াছিলেন।

৩৫০। বলরাম (অ) অধৈত-পুত্র।

৩৫১। বলরাম ওড় উড়িয়া, মত্তবলরাম।

ত্রী ২৩০, দে ১১০, বু ১০২।

৩৫২। বলরাম খুটিয়া-কানাই খুটিয়ার পুত্র, উড়িয়া।

শ্রী ২২৮, দে ১০৯, বু ১০০ ( দাস বলরাম )

৩৫৩। বলরামদাস (নি) ভ্রাহ্মণ, দোগাছী (নবছীপের নিকট)।

শ্রী ২৫৫— বন্দে বলরামদাসং সংগীতাচার্য্য-লক্ষণং সেবতে পরমানলং নিত্যানল প্রভূং হি য:।

দে ১২৪— সন্ধীত কারক বন্দো শ্রীবলরামদাস।
নিত্যানন্দ চল্লে যাঁর অকথ্য বিশাস।

त्र १००

ইহার রচিত ৫৩টি পদ গৌ. প. ত. তে আছে। ইহার বংশধরদের মধ্যে একজন হইতেছেন স্থপ্রসিদ্ধ বৈষ্ণব-সাহিত্যিক হরিহাস গোস্বামী।

৩৫৩ ক। বল্লভ সেন (চি) শিবানন্দ সেনের ভাগিনেয়, বৈছ, কাঁচিদালি। দে ১২৩, না ৮।৩৩

৩৫৪। বল্লভাচার্য্য [জনক ] লক্ষীর পিতা।

শ্রী ১১৫-৬, দে ৪০, বৃ ৩৯

মু ১।৯।৬, কা ৩।৬, ভা ১।৭।৭৩, জ ২, চ ১।১৫।২৫

৩৫৫। ব**ল্লভ আচার্য্য বা ভট্ট (ভ**কদেব) বল্লভাচারী সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা।

बी २६७, ह २।)।२८२

উপেন্দ্রনারায়ণ সিংহ চরিতায়তের বল্পভ ভট্টকে বল্পভাচারী সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা বল্পভাচার্য বলিয়া স্বীকার করিতে চাহেন না (বিষ্ণুপ্রিয়া গৌরাঙ্গ পত্রিকা ৫।৭।২৫৭ পৃ.)। কিন্তু কবিকর্ণপূর যথন ইহাকে শুকদেব বলিয়াছেন ও বল্পভাচার্য যথন ভাগবতের স্থবোধিনী টীকার লেথক বলিয়া জানা যায়, তথন উভয়ে এক ব্যক্তি হওয়াই সম্ভব। গ্রিয়ারসন সাহেব (J. R. A. S. 1909, p. 610 পাদটীকায়) ইহাকে লক্ষীর পিতা বল্পভাচার্য্যের সহিত এক বলিয়া ভীষণ ভ্রমে পতিত হইয়াছেন। দক্ষিণী ব্রাহ্মণদের সহিত বাংলার বৈদিক ব্রাহ্মণের আদান-প্রদান চলে না। বল্পভাচারী সম্প্রদায়ের মহিত গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ের এখন কোন প্রকার বিরোধ নাই। ১০০১ সালের ১২ই চৈত্র ভারিথে কলিকাতা ক্লাইভ দ্বীটম্ব "পুষ্টিমার্গীয় বৈষ্ণব সজ্জের" চতুর্থ বার্ষিক উৎসব উপলক্ষে গৌড়ীয় মঠের গুরুদেব ও বিষ্ণুপাদ শ্রিল পরমহংস ঠাকুর আহুত হইয়া উপদেশ দিয়াছিলেন (গৌড়ীয় ৩০২।১৪ পু.)।

৩৫৬। বল্লভ চৈত্রস্তদাস (গ)

৩৫৭। বল্লুভ রঙ্গবাটী—কাশী

৩৫৮। বসন্ত (নি)

৩৫৯। বস্থধা (বারুণী) নিত্যানন্দের স্ত্রী।

এ ৪১-৪২, দে ১২, বু ১৫

৩৬০। বাণীনাথ নায়ক (চৈ) রামানন্দ রায়ের ভ্রাতা, উড়িয়া, করণ।
 ত্রী ১৬৫, দে ৬৫, বু ৫৭।

का २०१२०७, ना ४१२, ह २१२०१८८

৩৬১। বাণীমাথ বস্তু (চৈ ) কায়স্থ, কুলীনগ্রাম।

৩৬২। বাণীনাথ বিপ্র ( চৈ ) [ কামলেখা ] ব্রাহ্মণ, চাঁপাহাটী (নবখীপের নিকট)। ইনি যে গৌর-গদাধর মৃর্ত্তি স্থাপন করেন, তাহা আজও পূজিত হইতেছে বলিয়া স্থানীয় প্রবাদ।

म् ८। ५१। २२, का ५०। ७, ज २

৩৬৩। বাণীনাথ ব্রহ্মচারী (গ)

৩৬৪। বামারণ্য-জ ৮৮

৩৬৫। বাস্তদেব—বান্ধণ, কৃৰ্মক্ষেত্ৰ।

म् ७। ४८।७, का ४२।४०७, ना १।७, छ ७৮, ह २।४।३७

৩৬৬। বাস্তদেব দ্বিজ—বান্ধণ, নবদীপ। নবদীপে অভিনয়ের দিন ইনি অভিনেতাদিগকে সাজাইয়া দিয়াছিলেন (না ৩।১২)।

ত্রী ১০৯, দে ৩৬ ( বাহ্নদেব ভাদর ), রু ৩৭।

৩৬৭। বাস্ত্র্যোষ ( চৈ, নি ) [ গুণতুঞ্চ ] পদকর্তা, কীর্ত্তনীয়া, কায়স্থ, কুলাই ( বর্জমান )।

শ্রী ১৯৬, দে ৮২, বু ৬৮

छ। ७१८।८८८, त्ना ४, ५ २।>>।११

৩৬৮। **বাস্থদেব তীর্থ** [ জয়স্তেয় ]

बी २१४, (म ১७४, तू ४७०

৩৬৯। বাস্থদেব দত্ত (চৈ) [মধুব্রত-নামক গায়ক] বৈছা, চট্টগ্রাম জেলার চক্রনীল গ্রামে জন্ম—নবদ্বীপে ও পরে কাঞ্চনপল্লীতে বাস। জয়ানন্দ (পৃ. ৭৩) মতে মৃকুন্দ দত্তের ভাই।

ত্রী ৯৩—বন্দে বাস্থাদেব দত্তং মহ**ত্তঃ** পরিপ্রিতং। যস্তাঙ্গবায়ুস্পর্শেন সন্থঃ প্রেমযুতো ভবেৎ॥

দে ২৬— বাহ্নদেব দত্ত বন্দো বড় শুদ্ধভাবে। উৎকলে যাঁহারে প্রভু রাখিলা সমীপে॥

কবিকর্ণপূরের মহাকাব্য ও চরিতামৃত পাঠে মনে হয় না যে ইনি উৎকলে বাস করিতেন। ক্লফদাস কবিরাজ লিখিয়াছেন যে প্রভু শিবানন্দ সেনকে আদেশ ক্লরেন যে তিনি যেন বাস্থদেব দত্তের সাংসারিক ব্যাপার তম্বাবধান করেন। বু ৩০ --

বন্দো বাহ্নদেব দত্ত

যাহার নিগৃ ় তছ

মহততা কহনে না যায়।

যাঁহার অঙ্গের বায়ে ক্বফপ্রেমভক্তি হয়ে

উপমা কি দিব আর তার ॥

মু ৪।১৭।৫, কা ১০।১৪৬, না ৮।৩৩, ভা ১।২।১৬, জ ২, লো ২, চ ২।১০।৭৯ কবিকর্ণপূর মহাকাব্যে (১৭।৩২) ইহাকে "ভিষগৃষভ" বলিয়াছেন।

৩৭০। বিজয়দাস ( অ )

৩৭১। বিজয় পণ্ডিত (অ)

৩৭২। বিজয় লেখক ( চৈ ) [ নিধি ] ইনি প্রভুর পুথি লিথিয়া দিতেন। শ্রী ১০৭, দে ৩৩, বু ৩৬ (লেখক বিজয়ানন্দ )

মু ৪।১৭।৭, ভা ২াচা২০৯

পদকল্পতকতে ধৃত বিজয়ানন্দ-ভণিতা-যুক্ত একটি পদ ইহার রচনা বলিয়া জগদ্ধ ভদ্র ও সতীশচন্দ্র রায় অনুমান করিয়াছেন।

৩৭৩। বিজুলি খান-পাঠান রাজকুমার। চ ২।১৮।১৯৭ শ্রীচৈতন্ত ইহাকে বৈষ্ণব করেন।

৩৭৪। বিজ্ঞানন্দ ( চৈ ) রামগোপাল দাসের "শাথা বর্ণনে" ( পু. ৮ )

বিভানন্দ পণ্ডিত নাম পণ্ডিত অকিঞ্চন। গদাধর ঠাকুরের হন কুপার ভাজন ॥

## কুলীনগ্ৰাম।

৩৭৫। বিভানন্ত আচার্য্য-- যত্নাথ-মতে গদাধর-শাখা।

৩৭৬। বিস্তানিধি [ নিধি ১০৩ ]

300

৩৭৭। বিজ্ঞাবাচস্পতি [ স্বমধুরা] দার্কভৌমের লাতা ; বান্ধণ, কুলিয়ার নিকট। জয়ানন্দ-মতে পিরল্যা গ্রামে বাড়ি। পিরল্যার বর্ত্তমান নাম

মু ৩।১৭।১৪, ভা ১।১।১১, জ ১২, চ ২।১।১৪০ গৌড়ে পুনরাগমনের সময় ঐতিচতন্ত ইহার বাড়িতে ছিলেন। সনাতন গোস্বামী রহংবৈষ্ণবতোষণীর মঙ্গলাচরণে ইহাকে গুরুবর্গের মধ্যে উল্লেখ করিয়া বন্দনা করিয়াছেন।

৩৭৮। বি**প্রদাস**—উড়িয়া

শ্রী ২২৫, দে ১০৬, বৃ ৯৬ ( বিপ্রদাস উৎকলিয়া )

৩৭**৯। বিশ্বরূপ** [বলদেব ] শ্রীচৈতন্মের অগ্রজ।

শ্রী ২৫-২৬—অথ বন্দে বিশ্বরূপং সংস্থাসি-গণ-ভূপতিং
শক্ষরারণ্য-সংজ্ঞং তং চৈতন্যাগ্রজমদ্ভূতং।

দে ৭— বন্দনা করিব বিশ্বরূপ ধন্ত ধন্ত চৈতন্ত অগ্রন্ধ নাম শ্রীশঙ্করারণ্য

বু— তবে বন্দোঁ। বিশ্বরূপ ঠাকুর সন্নাসীভূপ শ্রীশঙ্করারণ্য ধন্তনাম।

মু ১।২৮, কা ২।২০, ভা ১।১।৯, জ ১১, চ ১।১৫।৯

৩৮০। বিশেশরা**নন্দ আচার্য্য** [ দিবাকর ]

बी २७६, (म ६), त् १७

৩৮১। বিষ্ণাই হাজড়া (নি)

৩৮২। বিষ্ণুদাস—ব্রাহ্মণ, নবদীপ, বিশ্বস্তবের অধ্যাপক।

গ্রী ১০২, দে ৩৪, বু ৩৪

म् भागार, का धार

৩৮৩। বিষ্ণুদাস ( চৈঃ,১৪৯ )

নির্লোম গঙ্গাদাস আর বিফুদাস এ সভার সঙ্গে প্রভুর নীলাচলে বাস॥

দক্ষিণ রাণীয় কায়স্থ—পিতা সদাশিব। ইনিই কবীক্র বিফুদাস নামে খ্যাত। কিংবদন্তি এই যে ইনি মহাপ্রভুর আদেশে ঢাকা জেলার সানোরাগ্রামে যাইয়া বাস করেন। ইহার সহিত কপীক্র-সম্প্রদায়ের কোন সমন্ধ নাই। "কবীক্র পরিবারের গোস্বামীদের দ্বারা গাড়ো জাতির অনেক লোক বৈষ্ণব হইয়াছেন" (বীরভূমি ৮০০, পৃ. ৪০)। ভক্তিরত্বাকরে কিন্তু এক কবীক্রকে পাপিষ্ঠ বলা হইয়াছে; যথা—

স্বমত রচিয়া সে পাপিষ্ঠ ছ্রাচার কহয়ে কবীন্দ্র বন্ধদেশেতে প্রচার॥—১০৪৫ পৃ. ৩৮৪। বিযু**দাস আচার্য্য** (নি) ব্রাহ্মণ, নবদীপ, নন্দন আচার্য্যের ভাই।

७৮१। नियुष्माम देवछ

ঞ্জী ২২৩—বন্দে রঘুনাথ বিপ্রং বৈত্যং শ্রীবিষ্ণুদাসকং

(म २०७, तू २४

৩৮৬। বিষ্ণুপ্রিয়া [ভূ] বিশ্বস্তর মিশ্রের দিতীয়া পত্নী।

শ্রী ৩১, দে ৯, বু ১২

সমস্ত বৈষ্ণব-গ্রন্থে উল্লিখিত।

মু ৪।১৪।৮ বিষ্ণুপ্রিয়া কর্তৃক শ্রীচৈতক্তের মৃর্ত্তি স্থাপনের কথা আছে।

৩৮৭। বিষ্ণুপুরা (চরিতামৃত-মতে মাধবেন্দ্র পুরীর শিশু, কিন্তু গৌ. গ. দী. মতে জয়ধর্মের শিশু) ত্রিছত। ভক্তিরত্বাবলীর লেথক।

শ্রী ১৩২—ততো বিষ্ণু-পুরীং বন্দে ভক্তিরত্নাবলীক্বতিং

দে ৪৯— বিফুপুরী গোদাঞি বন্দো করিয়া যতন বিফুভক্তি রত্নাবলী যাঁহার গ্রন্থন ॥

বৃ— বন্দিব শ্রীবিষ্ণুপুরী বিষ্ণৃভক্তি রত্নাবলী যে করিল লোক নিস্তারিভে।

হরপ্রসাদ শান্ত্রী (Catalogue of Sanskrit Mss. Vol. V. Purana P. (XXXIII) বলেন যে বিষ্ণুপুরী ১৫৫৫ শকে, ১৬৩৩ এটান্দে ভক্তিরত্বাবলী গ্রন্থ করেন। এই কথা সভ্য হইলে বিষ্ণুপুরী এচিতত্তার একশভ বংসর পরবর্ত্ত্রী হন। Egglingএর India Office Catalogue (Vol. VI. P. 1272-73) হইতে জানা যায় যে ভক্তিরত্বাবলীর পুথি ১৫৯৫ এটান্দে নকল করা হইয়াছিল।

ভা. স্থান কুমার দে বিষ্ণুপুরীকে শ্রীচৈতত্তের বহু পূর্ববর্তী বলিয়া স্থিব করিয়াছেন (পতাবলী Notes on Authors, p. 232)। অসমীয়া ভাষায় লিখিত দৈত্যারি পণ্ডিতের শঙ্কর চরিতে আছে যে শঙ্কর দেব কণ্ঠভূষণের নিকট হইতে বিষ্ণুপুরীর ভক্তিরত্বাবলী পাইয়াছিলেন; যথা—

বত্বাবলী গ্রন্থ বারানসী হত্তে আনি।
শঙ্কর দেবক দিয়া বুলিলন্ত বাণী॥
বিষ্ণুপুরী নামে এক সন্মাদী আছিল।
ইতো গ্রন্থানি বাপু তেঁহো বিরচিল॥

অসমীয়া "গুরুচরিত্র" পুথিতেও এরপ কথা আছে। অসমীয়া বিবরণ হইতে মনে হয় যে ডা. দের অহুমান সত্য।

কিন্তু বিষ্ণুপুরী যে শ্রীচৈতন্তের সমসাময়িক ছিলেন তাহার চারিটা প্রমাণ পাওয়া যায়:—(১) চরিতামতে তাঁহাকে মাধবেন্দ্র পুরীর শিশু বলা হইয়াছে। (২) হিন্দী ভক্তমালের টীকাকার প্রিয়দাসজী লিথিয়াছেন যে মহাপ্রভুর পত্র পাইয়া বিষ্ণুপুরী ভক্তিরত্বাবলী সঙ্কলন করিয়া পাঠান (পৃ. ৫৫৪)। (৩) বুকানন হ্যামিলটন ১৮০৯ খ্রীষ্টাব্দে পূর্ণিয়ায় শুনিয়াছিলেন যে তিনশত বৎসর পূর্বের বিষ্ণুপুরী নামে এক বিষান্ সয়্যাসী ছিলেন—তিনি পরে বিবাহ করেন (পূর্ণিয়া রিপোর্ট, ২৭৫ পৃ.)। ১৮০৯-এর তিনশত বৎসর পূর্বের মানে ১৫০৯ খ্রীষ্টাব্দ, শ্রীচৈতন্তের যথন ২৩ বৎসর বয়স। রামচরণ ঠাকুর অসমীয়া ভাষায় শঙ্কর-চরিত গ্রন্থে লিখিয়াছেন যে বিষ্ণুপুর "শৃক্ষার স্থেক তেবে ভার্যাক থুজিল" (৩২৯৬ পয়ার)। (৪) জয়ানন্দ (পৃ. ১২৬) ও লোচন (পৃ. ২) বিষ্ণুপুরীকে শ্রীচৈতন্তের গণমধ্যে গণনা করিয়াছেন।

সম্ভবত বিষ্ণুপুরী জয়ধর্মের শিশু ছিলেন। কিন্তু তিনি অত্যন্ত দীর্ঘজীবী ছিলেন বলিয়া মাধবেন্দ্র পুরী এবং শ্রীচৈতন্তের রূপা পাইয়াছিলেন।

ত্চে। বীরচন্দ্র বা বীরভদ্র (নি) (সহর্ষণ) বান্ধণ, খড়দহ।

শ্রী ৫১-৫৪—বীরচক্রং প্রভৃং বন্দে শ্রীচৈতন্ত প্রভৃং হরিং ক্বত-দ্বিতীয়াবতারং ভূবনত্তর-তারকং। বেদধর্ম-রতং তৃত্র বিরতং নিরহক্বতং নির্দম্ভং দম্ভদংযুতং জাহ্নবীদেবকং থিহ।

দে ১২-১৩—বস্থা জাহ্নবী বন্দো তুই ঠাকুরাণী।

যার পুত্র বীরভদ্র জগতে বাথানি॥

শ্রীবীরভদ্র গোসাঞি বন্দিব সাবধানে।

সকল ভূবন বশ যাঁর আচরণে॥

বু ১৫-১৭—সানন্দে পড়িয়া ভূমি বন্দো বস্তু জাহ্নবিনী
বীরচন্দ্র যাঁহার নন্দন।
বন্দিব ঠাকুর বীর ভদ্র গজীর ধীর
যাঁর গুণে ভরিল ভূবন॥

নীলাচলে গৌর হরি নিত্যানন্দ সঙ্গে করি

নিভূতে কহিল যুক্তি সার।
তাহার কারণ এই বীরচন্দ্র প্রভূ সেই
গৌরাঙ্গ আপনি অবতার॥
সন্দেহ না কর ইথে শ্রীচৈতক্তভাগবতে
লিখিলেন বৃন্দাবনদাস।
এই সব অমুভব অভিরাম জানে সব

শ্রীচৈতগ্রভাগবতে বীরচন্দ্রের নাম নাই। কবিকর্ণপূর গৌ. গ. দী. তে লিথিয়াছেন—

সন্ধর্ণক্ত যো বৃত্তঃ পয়োধিশায়ি-নামক:।
স এব বীরচক্রোহভূচিতক্তাভিন্নবিগ্রহঃ॥

চরিতাম্তের ১।১১।৫-৯-এ বীরভদ্রের উল্লেখ আছে। অবৈত প্রভ্র পুত্রদের নাম করিবার সময় প্রত্যেককে অবৈতনন্দন বলিয়া রুঞ্চাস করিরাজ পরিচয় দিয়াছেন। কিন্তু বীরভদ্রের কথা লিখিতে যাইয়া তাঁহাকে নিত্যানন্দের পুত্র বলেন নাই। ইহা হইতে অনেকে মনে করেন যে বীরভদ্র নিত্যানন্দের পুত্র নহেন—শিশু। জয়ানন্দ বীরভদ্রকে নিত্যানন্দের পুত্র বলিয়া উল্লেখ করিয়াছেন—

বস্থগৰ্ভে প্ৰকাশ গোদাঞি বীরভন্ত। জাহুবীনন্দন রামভন্ত মহামৰ্দ ॥—১৫১ পূ.

ভক্তিরত্নাকরেও বীরভদ্রকে নিত্যানন্দ-পুত্র বলা হইয়াছে ( পৃ. ৫৮৯ )।

বীরভদ্র শ্রীচৈতত্যের প্রকটকালেই জন্মিয়াছিলেন, তাহা না হইলে গোঁ. গ.
দী তে ও বৈষ্ণব-বন্দনাসমূহে তাঁহার নাম থাকিত না। শ্রীচৈতম্মভাগবত রচনা-কালে বীরভদ্র বালক ছিলেন বলিয়া বোধ হয় বৃন্দাবনদাস তাঁহার নাম উল্লেখ করেন নাই।

কথিত আছে বীরভদ্র বার শত নেড়ানেড়ীকে বৈষ্ণব করেন। বোধ হয়
 ঐপব নেড়ানেড়ী বৌদ্ধ সহজিয়া ছিলেন।

গৌড়বঙ্গে বীরভন্ত বৈঞ্ব-সম্প্রদায়কে স্থসংবদ্ধভাবে গঠন করেন। শ্রীনিবাস

আচার্য্য ও নরোত্তম ঠাকুর বীরভদ্রকে সম্মান করিতেন। বীরভদ্রের নিম্নোদ্ধত পত্রখানি হইতে বৈষ্ণব-সমাজের উপর তাঁহার প্রভাব বুঝা যায়:—

"ভবদীয়াবশ্রস্থারণীয় শ্রীবীরচন্দ্রদেবঃ প্রেমালিকনপূর্ব্বকং নিবেদয়তি

প্রীল শ্রীনিবাদাচার্যা! ত্বং প্রীশ্রীপমহাপ্রভোঃ শক্তিং, অতএব একয়া শক্তা।
প্রভূশক্তি রূপাদি—শ্রীমদ্রপ-গোষামিদার। গ্রন্থং প্রকাশিতং, অপরয়া শক্তা।
গৌড়মণ্ডলে মহাজন-সংদদি গ্রন্থবিস্তারং করোষি, ইতি ভবতোহন্তিক মদীয়বার্ত্তাং প্রেষয়ামি। জয়গোপাল-দাদেন মংপ্রসাদোল্লজ্মনং কৃতং, তচ্চ জগতি
বিদিত্তমিতিহ তেন দার্দ্ধং মদীয়-জ্বনে কেনাপ্যালাপাদিকং ন কর্ত্তব্যমিতি"
(ভক্তিরত্বাকর, পু. ১০৪৭)।

কাদড়া-নিবাসী কায়স্থ জয়পোপাল দাস বিভাগর্কে গুরু বীরচন্দ্রকে অবহেলা করিয়াছিলেন বলিয়া বীরচন্দ্র তাঁহাকে সামাঞ্জিক-ভাবে একঘরে করিয়াছিলেন। ইহাতে জয়গোপাল দাসের সহিত কেহ আলাপ করিতে পাইবে না এই আদেশ দেওয়া হয়।

জয়গোপাল দাস একজন সামাগ্র ব্যক্তি ছিলেন না। ইনি নিত্যানন্দের অহচর স্থল্যানন্দ ঠাকুরের ক্বপা প্রাপ্ত হন। জয়গোপাল সংস্কৃত ভাষায় হরিভক্তিরত্বাকর, ভক্তিভাবপ্রদীপ, কৃষ্ণবিলাস, মনোবৃদ্ধিসন্দর্ভ, ধর্মসন্দর্ভ ও অহ্মানসমন্বয় এবং বাংলা ভাষায় গোপাল-বিলাস গ্রন্থ লেখেন (উত্তর রাঢ়ীয় কায়ন্থ কাণ্ডের দিতীয় খণ্ড, পৃ. ১৬৪-৮)। জয়গোপাল দাসের কাহিনী হইতে বুঝা যায় যে বীরচন্দ্রের বিক্তম্ধ একটি দল গঠিত হইয়াছিল।

নিত্যানন্দের পরিকরেরা গোপবেশ ধারণ করিয়া মাথায় চূড়া পরিতেন। বীরচন্দ্র চূড়া ধারণ নিষেধ করেন। এক ব্যক্তি তাহা মানেন নাই বলিয়া বীরচন্দ্র তাঁহাকেও পরিত্যাগ করেন। ঐ ব্যক্তির সম্প্রদায় এখন চূড়াধারী সম্প্রদায় নামে পরিচিত।

৩৮৯। বৃদ্ধিমন্ত থান (চৈ) বিষ্ণুপ্রিয়া-সহ বিশ্বস্তারের বিবাহের সমন্ত ব্যয়ভার বহন করিয়াছিলেন (ভা ১০০১১১ পৃ.)। ব্রহ্মচারী ছিলেন (সদাশিব পণ্ডিত দ্রষ্টব্য)।

মু ৪।১৭।১০, ভা ১৮৮৪, জ ১৪০, চ ২।০।১৫১

৩৯০। বৃন্ধাবনদাস (নি) (বেদব্যাস + কুস্থ্যাপীড়) শ্রীচৈতন্ত্র-ভাগবতের লেখক।

- শ্রী ৮৩-৮৪ বন্দে নারায়ণী-স্বস্থং দাসং বৃন্দাবনং পরং।
  শ্রীনিত্যানন্দ-চৈতগ্য-গুণ-বর্ণন-কারিণং॥
- দে ১২৬-- নারায়ণী স্থত বন্দো বৃন্দাবনদাস।
  চৈতন্তমঙ্গল থেঁহ করিল প্রকাশ॥
- বৃ ১২০-১— নারায়ণী স্কৃত বন্দো বৃন্দাবনদাস।

  সর্ব্য ভক্ত যাহারে বোলেন বৃন্দাবনদাস॥
  শ্রীচৈতগুভাগবত যাহার গ্রন্থন।

  যে গ্রন্থ মোহিত কৈল এ তিন ভুবন॥

জয়কৃষ্ণ দাস বলেন যে বৃন্দাবনদাসের জন্ম কুমারহট্টে ও মামগাছিতে বাস।
তিনিও পদকর্ত্তা উদ্ধবদাসের তায় লিথিয়াছেন "শৈশবে বিধবা ধনী নারায়ণী
ঠাকুরাণী।" সাহিত্য-পরিষদের পুথিশালার ১৬৯১ সংখ্যক পুথি বৃন্দাবনদাসের চৈত্তভাগবতের সংস্কৃত অমুবাদ।

শ্রীচৈতত্যের সমসাময়িক বাস্থদেবের সপ্তম অধস্তন পুরুষ নৃসিংহ বৃন্দাবনদাসের গ্রন্থ অবলম্বন করিয়া সংস্কৃতে "চৈতত্ত্য-মহাভাগবত" লিথিয়াছিলেন;
যথা-—

শ্রুতং আশ্রমবাগীশাৎ ভাষা বৃন্দাবনস্ত চ। শ্রুত্বা বেদাগমং জ্ঞাত্বা চকার গ্রন্থমুত্তমম্॥

শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী সাহিত্য-পরিষদে রক্ষিত পুথি অবলম্বন করিয়া এই গ্রন্থের পরিচয় দিয়াছেন [ সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩৪২।২, পৃ. ৮৯ ] এই গ্রন্থের আর একথানি পুথি নবদ্বীপের হরিদাস গোস্বামী দক্ষিণ থণ্ডের ঠাকুরদের নিকট হইতে আনাইয়া রাখিয়াছেন।

৩৯১। বুহচ্ছিশু [পত্রক]

৩৯২। বংশীবদন [বংশী] বাগ্নাপাড়ার গোস্বামীদের আদিপুরুষ। ছকড়ি চট্টোপাধ্যায়ের পুত্র, কুলিয়া, ব্রাহ্মণ।

ত্রী ২৪৯, দে ৮৬, বৃ ১১৪

পদকল্পতকতে বংশীদাস ভণিতায় ১৭টা ও বংশীবদন ভণিতায় ২৫টা পদ ধৃত হইয়াছে। সতীশবাবু উভয়কে অভিন্ন মনে করেন। "ম্বলীবিলাস", "বংশী শিক্ষা", "বংশীবিলাস" প্রভৃতি নাতি-প্রায়াণিক গ্রন্থে ইহার কথা আছে। ভক্তিরত্নাকর (পৃ. ১২২-২৩) হইতে জানা যায় যে ইনি বিষ্ণুপ্রিয়াকে রক্ষণা-বেক্ষণ করিতেন।

৩৯৩। ব্রহ্মগিরি জ ৮৮

৩৯৪। ব্রহ্মানন্দ — শ্রীচৈতন্মভাগবতে দেখা যায় যে এক ব্রহ্মানন্দ শ্রীবাদের গৃহে বিশ্বস্তারের সহিত কীর্ত্তন করিতেন [২৮।২৪৩], তিনি অভিনয়ের দিন ক্রিনীর স্থী সাজিয়াছিলেন [২।১৮।২৮২], শান্তিপুর হইতে প্রভুর সহিত নীলাচলে গিয়াছিলেন। (২।২৬।৩৮২)। ইনি মাধবেন্দ্র পুরীর শিশ্ব ব্রহ্মানন্দ পুরী বা ব্রহ্মানন্দ ভারতী নহেন বলিয়া মনে হয়। যতুনাথ দাস "শাখা-নির্ণয়ে" ইহাকে গদাধর পণ্ডিতের শিশ্ব বলিয়াছেন।

৩৯৫। ব্রহ্মানন্দ ভারতী (মাধবেন্দ্র-শিশ্য চৈ)

ঞ্জী ১৩৩, মু ৪।১ ৭।২০, না ৮।১৫, ভা তামা৪৯৩, চ ২।১০।১৪৬

৩৯৬। ব্রহ্মানন্দ পুরী (মাধবেন্দ্র-শিয় )

खी ১२२, CF 89

ভা ১।৬।৬৯-- ঈশ্বরপুরী আদি যত।

সর্ব্ব শিশু হইলেন নিত্যানন্দে রত॥

্ত্ৰণ। বৈক্তনাথ (অ)

৩৯৮। अक्दर (চ) কুলীনগ্রাম।

৩৯৯। শঙ্কর (নি)

৪০০। শঙ্কর ভোষ [ মৃদঙ্গী-স্থাকর ] ডদ্ফবাদ্য-বিশারদ। ইহার রচিত একটা পদ গৌরপদতরঙ্গিণীতে আছে।

बी २৮১, तम ১७१, तू ১७७

৪০১। শঙ্কর পণ্ডিত (চৈ) [ভদ্রা] দামোদর পণ্ডিতের ভাই, ব্রাহ্মণ, পুরী।

শ্রী ৯৫, দে ২৮, বু ৩১

মু 61)18, না ১া২০, ভা তাতা৪০৯

৪০২। শঙ্করালন্দ সরস্বতী চ আভাষ্চ্য, বুন্দাবন হইতে গুঞ্জামালা ও গোবৰ্জন শিলা আনিয়া শ্রীচৈতক্তকে দেন।

৪০৩। শচী [ যশোদা ] শ্রীচৈতত্ত্বের মাতা।

শ্রী ২৩, দে ৬, রু ১০

সমন্ত চরিত-গ্রন্থে উল্লিখিত।

৪০৪। শিখি মাহিতী (চ) [রাগলেখা] উড়িয়া, করণ, না ৮।২ লেখনাধিকারী।

म् ८१२ ११२२, को ५०१८२, छ। ७।२।८२७, ५ २।७०।८०

- 8 · १ । भिवाई ( नि )
- ৪০৬। শিবানন্দ ওড় ( হৈ )
- ৪০**৭। শিবানন্দ চক্রবন্ত্রী** (গ, যতু) [লবঙ্গমঞ্জরী ] ফুলিয়া, বৃন্দাবন। শ্রী ২৮৪, দে ১৩৯, বু ১৩৮
- ৪০৮। **শিবানন্দ পণ্ডিত**—উড়িয়া ভক্তদের সহিত উল্লিখিত। শ্রী ২৩৪, জ ২৯
- ৪০ন। শিবানক দন্তর (চৈ) নীলাচল। দন্তর উপাধি পার্শিদের মধ্যে দেখা যায়।
- ৪১০। শিবানন্দ সেন (চ) [বীরাদ্তী] পদকর্ত্তা ও কবিকর্ণপূরের পিতা। বৈহু, কাঞ্চনপল্লী।
  - শ্রী ১৭৯-৮০ বন্দে শিবানন্দ-দেনং নিষ্ঠাশাস্থিপরায়ণং।
    যোহদৌ প্রভু পাদাদত্তৎ নহি জানাতি কিঞ্ন॥
  - দে ৭২ প্রেমময় তন্ত বন্দো সেন শিবানন্দ।
    জ্বাতি প্রাণ ধন যাঁর গোরা পদদ্ধ ॥
  - বৃ ৬২— বন্দো সেন শিবানন্দ চৈতন্ত পদারবিন্দ বিহু যার নাহিক ভাবন।

মু ৪।১৭।৬, কা ১৩।১২৭, না ১।৫, ভা ৩।৫।৪৪৫, চ ২।১।১১৯

চরিতামতের ৩।২ অধ্যায়ে দেখা যায় যে শিবানন "চত্রক্ষর গৌরগোপাল মত্ত্রে" উপাসনা করিতেন। ১৮২১ শকের চরিতামতের সংস্করণে মাখনলাল দাস বাবাজী পাদটীকায় ঐ মন্ত্র কি লিখিয়া গিয়াছেন। উহা "ক্লী" কৃষ্ণ ক্লী"। কালনা-সংস্করণের পাদটীকায় গৌরগোপালের ধ্যান এই—

শ্রীমৎ কল্পড়ম-ম্লোদগত-কমল-লসং-কণিকো
সং সিং তোম শুচ্ছাথা লম্বি পদ্মোদর বিদরদ
সংখ্যাতরত্বাভিষিক্তঃ।
হেমাভঃ স্বপ্রভাভিন্তিভ্বনম্থিলং ভাসয়ন্ বাস্থদেবঃ।
পায়াদ্বঃ পায়সাদোহ নবরতন্বীন অমৃতাশী বলিশঃ॥

এই গৌরগোপাল মন্ত্রে শ্রীচৈতন্তের নামগন্ধ নাই।

৪১১। শুক্লাম্বর ব্রহ্মচারী ( চৈ ) [ যজ্ঞ পত্রিকা ] কুমারহট্ট, নবদ্বীপ।
ী ১০৪, দে ৩২, বু ৩৫

মু হাচাহত, কা ৬৮, না চাহত, ভা চাচাহত, জ ৩৮, চ চাচপাহত

8>२। एकमत्रवि

শ্ৰী ১৫৭, দে ৬০, বু ৫৪

ज ५५

৪১৩। শুভানন্দ দ্বিজ ( চৈ ) [ মালতী ]

म राज्याक

৪১৪। কেশ্বর পশুত (চৈ) রামগোপাল দাস ইহাকে রঘুনন্দন-শিয় বিলয়াছেন; যথা—

আর এক শাখা হয় কবিশেধর রায়। খার গ্রন্থ পদ অনেক বিদিত সভায়॥

পরবর্ত্তী যুগের পদকর্ত্তা চক্রশেখরের সহিত শেখর-ভণিতা-প্রদানকারী কবিকে এক মনে করা কর্ত্তব্য নহে।

৪১৫। 🗐 [ যোগমায়া ] অধৈত-পত্নী।

৪১৬। ৪১৬। শ্রীকর (চৈ ১০৯) ব্রান্ধণ, কাঁচিসালি, কালনা-সংস্করণ চরিতামৃতে "কর শ্রীমধূস্দন" পাঠ, নাথের সংস্করণে "শ্রীকর শ্রীমধূস্দন" পাঠ; নাথের
পাঠই শুদ্ধ, কেন-না জয়ক্বফ্লাস শ্রীকর বলিয়া একজন ভক্তের জন্ম কাঁচিসালিতে
হইয়াছিল বলিয়াছেন।

बी २८७, ८४ ১১१, तू ১১०

8>१। **শ্রীকান্ত**—না ১।১৭ মতে শ্রীবাদের ভাতা। কিন্তু চরিতামৃত-মতে শ্রীবাদের ভাতৃগণের নাম শ্রীরাম, শ্রীপতি ও শ্রীনিধি। জ্ঞান

৪১৮। **একান্ত সেন** (চ) কিত্যায়নী ] শিবানন্দ সেনের ভাগিনেয়। বৈছা, কাঞ্চনপল্লী।

का २६।२०७, ना ४।००, ५ २।२३।१४

- ৪১৯। **শ্রীগর্জ** [নিধি] শ্রীবাস-মন্দিরে কীর্ত্তনের দলে ছিলেন। ব্রহ্মচারী, ব্রাহ্মণ, নবদ্বীপ।
- শ্রী ১০৩, দে ৩১, রু ৩৫

म् ४। २१ न, छा राजार ० न, छ २३

পতাবলীর ৮৪ সংখ্যক শ্লোক ইহার কৃত।

९२०। 🗐 धत्र (नि ८४)

৪২১। **শ্রীধর** (চৈ ৬৫) [কুস্থমাসব] খোলাবেচা শ্রীধর। আন্দণ, নবদ্বীপ। শ্রী ১০৮, দে ৩৪, বু ৩৬

মু ৪।১ ৭৮, ভা ১।১।১১, জ ২৩

৪২২। 🔊 ধর বেকাচারা (গ, যতু) [ চন্দ্রলতিকা ]

৪২৩। **শ্রীনাথ পণ্ডিত** ( চৈ ১০৫ ) ব্রাহ্মণ, কুমারহট্ট।

চরিতামৃতে—শ্রীনাথ পণ্ডিত প্রভুর ক্পার ভাজন।

যার কৃষ্ণদেবা দেখি বশ ত্রিভুবন॥

ইনি কর্ণপূরের গুরু, তজ্জন্য ইহার তত্ত্ব গৌ. গ. দী. তে লিখিত হয় নাই। না ১া৫।

হরপ্রসাদ শাস্ত্রী বলেন যে ইনি 'চৈতগ্রমতচন্দ্রিকা' নামে ভাগবতের টীকা লেখেন।

৪২৪। **শ্রীনাথ মিশ্র** (চৈ ১০৮) [চিত্রাঙ্গী] উড়িয়া ভক্তদের সহিত উলিখিত, ব্রাহ্মণ, উৎকল।

শ্রী ২৩৭, দে ১১৩, বু ১০৬

৪২৫। শ্রীনাথ চক্রবর্ত্তী (গ ৮২, যত্ন) [ চতু:দনের অগ্রতম ]

৪২৬। 🗐 নিধি ( চৈ ৭ ) [ নিধি ] চরিতামৃত-মতে শ্রীবাদের ভ্রাতা।

8२१। **बीनिधि**( कि ১०৮)

৪২৮। **শ্রীপতি** (চৈ) ব্রাহ্মণ, শ্রীহট্ট, নবদীপ, কুমারহট্ট; শ্রীবাদের ভাতা। ভা থা২৪, না ১১১৮

৪২৯। ত্রীবংস পণ্ডিড ( অ )

৪৩০। শ্রীবাস ( চৈ ) [ নারদ ] ব্রাহ্মণ, শ্রীহট্ট, নবদ্বীপ, কুমারহট্ট।

গ্রী ৮১, দে ১৭, বু ২৪ সমস্ত চরিতগ্রন্থে উল্লিখিত।

८०३। श्रीमख (नि)

৪৩২। **শ্রীমান পণ্ডিত** (চৈ ৩৫) 'দেউটি ধরেন যবে প্রভু করেন নৃত্য' (চরিতামৃত, ১।১০।৩৫)।

ভা ১।২।১৮ নবদীপে বাড়ি ছিল।

প্রী ১১১, দে ৩৮

ভা ২।১।১৪০-৪৩, জ ২৯, চ ২।১০।৮১

সম্ভবত: ইনি পত্যাবলীর ১৪৩ সংখ্যক শ্লোকের রচয়িতা।

৪৩৩। **শ্রীমান সেন** (চৈ ৫০) শ্রীমান সেন প্রভুর সেবক প্রধান। চৈতক্ত চরণ বিনা নাহি জানে আন ॥"

রামগোপাল দাস-মতে রঘুনন্দনের শিক্স, "এক্রফসেবাতে তাঁর প্রীতি অতিশয়"।

- ৪৩৪। শ্রীরঙ্গ কবিরাজ (নি) বৈছা।
- ৪৩৫। **এরিঙ্গ পুরী** (মাধবেন্দ্র-শিশ্য ২ । মাইচিতন্য যথন দক্ষিণাপথ ভ্রমণ করিতেছিলেন তথন শ্রীচৈতন্তের সহিত দেখা হয়। ইনি শঙ্করারণ্যের তিরোভাবের সংবাদ বলেন।
  - ८०७। बीत्राम (के ३०४)
  - ৪৩৭। **এরামতীর্থ** [জয়ন্তেয় ]
  - শ্রী ২৬৯, দে ১৩০, বৃ ১২৯
- ৪০৮। শ্রীরাম পণ্ডিত (চৈ৬) [ম্নিশ্রেষ্ঠ পর্বত ] শ্রীবাদের ভ্রাতা।
  শ্রী ১০—শ্রীরামপণ্ডিতং বন্দে দর্বভূতহিতেরতং

मू राराव, का वाहर, जा शरावक, ज रव

- ৪৩৯। শ্রীরামপণ্ডিত ( অ ৬৩)
- ৪৪০। এইরি আচার্য্য (গ) জ৮৩
- ৪৪১। এছিরি পণ্ডিত জ ৭০
- 88२। **এছির্ব** (গ, যতু) [ স্থবেশিনী ] যত্নাথ-মতে মিশ্র উপাধি— স্তরাং ব্রাহ্মণ।
  - ৪৪৩। সক্ষর্য পুরী-- এজীব-মতে মাধবেন্দ্র পুরীর শিশু (২৯০)।
  - ৪৪৪। সঙ্কেভাচার্য্য যত্নাথ-মতে গ্রাধর-শাখা।
- ৪৪৫। সঞ্জয় ( চৈ ) চৈতক্তভাগবত-মতে পুরুষোত্তম সঞ্জয় এক ব্যক্তির নাম, চরিতামত-মতে ত্ই ব্যক্তির। শ্রীজীব এক সঞ্জয়কে বন্দনা করিয়াছেন; ব্যা—
  - প্রিমান্দঞ্জো বন্দে বিনয়েন কুপাময়ো।
    পর্মানন্দলক্ষণো তো চৈত্ত্যাপিত্যানদৌ॥
- দে ০৮—বন্দো জগদীশ আর শ্রীমান সঞ্জয়

৪৪৬। সভ্যগিরি জ ৮৮

৪৪৭। সভ্যরাজ খান (চ) [কলকন্তি] কায়স্থ, কুলীনগ্রাম, হরিদাস ঠাকুরের রূপাপাত্র। "ইনি মালাধর বস্থ গুণরাজ খানের দ্বিতীয় পুত্র ও রামানন্দ বস্থর পিতা। প্রকৃত নাম লন্ধীনাথ বস্থ, সম্রাট প্রদত্ত উপাধি সত্যরাজখান" [গোড়ীয়, চতুর্থ বর্ষ, ১০ সংখ্যা, ২০ পৃষ্ঠা)। কিন্তু চৈতন্ত্র-চন্দ্রোদয় নাটকে (১৪) রামানন্দ বস্থকে "গুণরাজান্বয়" বলা হইয়াছে।

म् ४।२९।२७, ५ २।२०।৮९

৪৪৮। সভ্যানন্দ ভারতী [ জয়ন্ডেয় ]

প্রী ১৩০, দে ৪৮, বু ৪৪

অভিরাম—গোপতিপাড়াতে সত্যানন্দ সরস্বতী।
বুন্দাবনচন্দ্র দেবেন করিয়া পিরীতি॥

68 । সদাশিব পণ্ডিভ ( চৈ ) "প্রথমেই নিত্যানন্দের যাঁর ঘরে বাস" (চ) গ্রাহ্মণ, নবদীপ।

শ্রী ১০৩—বন্দে সদাশিবং বিচ্ছানিধিং শ্রীগর্ভমেবচ শ্রীনিধিং বৃদ্ধিমন্তং চ শ্রীল-শুক্লাম্বরং পরং ব্রহ্মচারিন্ এতান্ বৈ প্রেমিণঃ ষমহাশয়ান্।

ন্ত্রী ১০৩, দে ৩১, রু ৩৫ মু ৪।১৭।৭, ভা ৩।৯।৪৯১

- ৪৫০। সদাশিব বৈত্য কবিরাজ (নি) [চন্দ্রাবলী ] পুরুষোত্তমদাসের পিতা, বৈত্য, কাঞ্চনপল্লী।
  - শ্রী ১৭৭—বন্দে সদাশিবং বৈছাং যস্ত স্পর্শেন বৈ দৃষং
    সভোহি দ্রবতাং যাতি কিম্তান্তঃ সচেতনঃ।
  - দে ৭১— সদাশিব কবিরাজ বন্দো একমনে।
    নিরস্তর প্রেমোনাদ বাহ্য নাহি জানে॥

বৃ ৬১—বন্দো সদাশিব বৈছ যাহার প্রসাদে সহ্ত পাষাণ গলিয়া হয় পানি।
৪৫১। সনাভন (নি) ভক্তিরত্বাকর (পৃ. ৫৮৮) দাস সনাভন।
৪৫২। সনাভন গোস্বামী (চ) [রতিমঞ্জরী]
ত্রী ১৪৩-৪, দে ৫১, বৃ ৪৭

স্থনামধন্য গ্রন্থকার। বুন্দাবনে মদনমোহনের সেবা প্রকাশ করেন। পতাবলীর ১৪৩ ও ২৮৩ সংখ্যক শ্লোক ইহার রচনা।

৪৫৩। সনাতন মিশ্র [ সত্রাজিত ] বিফুপ্রিয়ার পিতা।

**এ** ১১৭-১৮, দে ৪১, বু৪০

মু ১।১৩।৩, কা ৩।১২।৮, ভা ১।১।১২, জ ২

৪৫৪। সারজদাস (চৈ) ভাগবতাচার্য্য ঠাকুর সারজদাস (চ) [নান্দীম্থী]
বৃঢ়ন; অভিরাম-মতে কুলিয়া; মেদিনীপুর জেলায় গড়বেতায় সমাধি-মন্দির;
"বিষ্ণুপ্রিয়া গৌরাক" পত্রিকা" ( ৭ম বর্ষ, ১০ম সংখ্যা, পৃ. ৩৮৬ ) মতে ইহার
শ্রীপাট জান্নগর অথবা মাউগাছিতে আছে।

শ্রী ২১৩, দে ১০১, বু ১১

শ্রী ২১৩ — সারন্ধঠকুরং বন্দে স্ব-প্রকাশিত বৈভবং যেন দ্বানি সর্পেভ্যঃ স্থানানি নিজ-বাসসি॥

দে ১০১— বন্দিব সারন্দাস হঞা একমন

ব্ ৯১— শ্রীসারক ঠাকুর বন্দিব কর জুড়ি। গুধড়ীতে ছিল যার দর্প ছয় কুড়ি॥

৪৫৫। সাবৈত্তীম (১৮) [ বৃহস্পতি ] মহেশ্বর বিশারদের পুত্র ও বিছা-বাচস্পতির ভ্রাতা। নবদ্বীপের নিকট পিরল্যা (বর্ত্তমান নাম পারুলিয়া) গ্রামে বাড়ি—পুরীতে বাস।

শ্রী ২২১— ততো বন্দে সার্বভৌম-ভট্টাচার্ঘ্যং বৃহস্পতিং

দে ১০৪— সার্ব্যভৌম বন্দো বৃহস্পতির চরিত্র। প্রভূর প্রকাশে থার অমুত কবিত্ব॥

বৃ ৯৬— বন্দো দার্বভৌম ভট্টাচার্য্য মহামতি। যাহারে বলিয়ে দেবগুরু বৃহস্পতি।

জ ৩— চৈতন্ত সহস্র নাম শ্লোক প্রবন্ধে। সার্বভৌম রচিল কেবল প্রেমানন্দে॥

সমস্ত চরিত-গ্রন্থে উল্লিখিত।

লোচন ছাড়া অশু কোন চরিতকার দার্বভৌমের নাম "বাস্থদেব" লেখেন , নাই। "উত্তরিল বাস্থদেব দার্বভৌম ঘরে" (লোচন, শেষখণ্ড)। ভক্তিবত্নাকরে—"জয় বাস্থদেব সার্ব্বভৌম ভট্টাচার্য্য" (পৃ. ৩)
জয়ানন্দ বলেন যে মুসলমানের অত্যাচারে উত্তাক্ত হইয়া

বিশারদ-স্বত দার্কভৌম ভট্টাচার্য্য। সবংশে উৎকল গেলা ছাড়ি গৌড় রাজ্য।—পৃ. ১১

কিন্তু মৃণালকান্তি ঘোষ মহাশয় যথার্থই বলিয়াছেন "যদি মৃসলমানদের অত্যাচারে সার্কভৌম ভট্টাচার্য্য নবখীপ ত্যাগ করিতে বাধ্য হইতেন, তাহা হইলে তাঁহার প্রাতা ও অত্যাত্য পরিবারবর্গও অত্যত্র গমন করিতেন; কিন্তু তাঁহারা যে নবদ্বীপ ত্যাগ করেন নাই, তাহার প্রমাণের অভাব নাই"— বিফুপ্রিয়া গৌরাঙ্গ পত্রিকা, ষষ্ঠ বর্ষ, ষষ্ঠ সংখ্যা, ২০৩ পৃষ্ঠা)। লক্ষ্মীধর-ক্বত "অহৈতমকরন্দের" টীকায় বাহ্ণদেব সার্কভৌম নিজ পিতাকে, "বেদাস্ত-বিত্যাময়" বলিয়া উল্লেখ করিয়াছন।

বাহ্নদেব দার্কভৌম "দমাদবাদ"-নামক স্থায়ের গ্রন্থ (Aufrecht, I, 698A) ও "দারাবলী"-নামক তত্ত্বচিন্তামণির টীকা রচনা করেন।

নগেন্দ্রনাথ বস্থ কুলজী শাস্ত্র হইতে সার্ব্যভোমের পরিচয়স্চক একটি শ্লোক তুলিয়া বলেন যে বাস্থদেবের পিতার নাম নরহরি বিশারদ ও প্রাতার নাম বজাকর (ব্রাহ্মণ কাণ্ড, ১ম ভাগ, পৃ. ২৯৫)। সার্ব্যভোম তাঁহার অবৈত্যকরন্দের টীকায় নরহরি বিশারদের পুত্র বলিয়া পরিচয় দিয়াছেন। স্থতরাং বুন্দাবনদাস (২।২১) যে তাঁহাকে মহেশ্বর বিশারদের পুত্র বলিয়াছেন উহা ভূল।

প্রতিতত্যচন্দ্রের নাটকে ও মহাকাব্যে দেখা যায় যে সার্কভৌম তৃইটা শ্লোকে প্রতিচতত্যের স্তব লিখিয়াছেন। তাঁহার একটি শ্লোক সনাতন গোস্বামী বৃহৎ-বৈষ্ণবতোষণীর প্রারম্ভে উদ্ধার করিয়াছেন। তিনি প্রতিতত্য-সম্বন্ধে অষ্টক, শতক বা সহস্র নাম লিখিয়াছেন বলিয়া বোধ হয় না। বাজারে সার্কভৌমের নাম দিয়া প্রতিচতত্যের ষে-সব বন্দনা চলিত আছে, তাহা কোন মূর্য ব্যক্তির লেখা—অসংখ্য ভুলে পরিপূর্ণ।

পত্যাবলীর ৭২, ৭৩, ৯০, ৯১, ৯৯, ১০০ ও ১৩৩ সংখ্যক পদ ইহার লেখা। ৪৫৬। সিক্ষাভট্ট (চৈ ) নীলাচল—বোধহয় মহারাষ্ট্র-দেশীয়। ৪৫৭। সিংহেশ্বর (চৈ ) উড়িয়া ব্রাহ্মণ (না ৮।২)। শ্রী ২৩৩, দে ১১২, বু১০৪ ना भार, ह २।३०।८०

8e৮। **जिह्नाख आ**हार्य्य क १७

৪৫০। সীতা [ যোগমায়া ] অদ্বৈত-পত্নী, নৃসিংহ ভাতুড়ীর কক্ষা।

🕮 ৭১-৭২—কৈলাসস্থাদিশক্তিং ত্রিভূবন-জননীং তৎপ্রিয়াং নাম সীতাম। যস্তাম্বট: প্রসাদং ত্রিজগতি চ দদৌ শ্রীজগন্নাথ আস ॥

দে ১৬--দীতাঠাকুরাণী বন্দো হঞা একমন

বু ২৩— কৈলাদের আতাশক্তি বন্দো সীতা ভগবতী

ভক্তি শক্তি সম তেজ যাঁর।

যাহার প্রতিজ্ঞা হৈতে

অবতীৰ্ণ জগগ্নাথে

করিলা প্রসাদ পরচার॥

শীতার চরণ ধূলি

বন্দিব মন্তকে তুলি

আপনাকে মানিয়ে শালঘা॥

"সীতাচরিত্র", "সীতাগুণকদম্ম", "অদৈতমদ্দল", "অদৈতবিলাস" প্রভৃতি নাতি-প্রামাণিক গ্রন্থে সীতাদেবীর অনেক অলৌকিক কাহিনী আছে।

৪৬·। **স্থানক্ষ পু**রী ( মাধবেন্দ্র-শিশ্ব ) [ সিদ্ধি ]

बी ३२४, ८४ 89

৪৬১। **স্থাীব মিশ্র**—ফুলিয়া

গ্রী ১৭১-- বন্দে স্থাীব-মিশ্রং তং গোবিন্দং দিজমুত্তমং যম্ভজি-যোগ-মহিমা স্বপ্রসিদ্ধো মহীতলে। প্রভোর্কে গমনার্থং হি শ্রীনবদ্বীপ-ভূমিতঃ আগোড়-ভূমি যেনৈব বদ্ধঃ সেতুর্মনোময়:॥

एम ७२— विमिन इशीन भिष्य शिलानिकानक। প্রভূ লাগি মানসিক যাঁর সেতৃবন্ধ।

বৃ ৫৯— বন্দিব স্থবৃদ্ধি মিশ্র গ্রীগোবিন্দানন্দ বিপ্র যার মনুমানসজাকালে। কুলিয়া নগর হৈতে গৌড় পর্যাস্ত যাইতে প্ৰভূ চলি গেলা কুতৃহলে ॥

শ্রীচৈতক্যচবিতামতে অমুরূপ ঘটনা নৃসিংহানন্দ প্রহান্ন বন্ধারী সম্বন্ধে বলা হইয়াছে।

জন্মকৃষ্ণ—স্থগ্রীব মিশ্রের জন্ম ফুলিয়া গ্রামেতে।
গোবিন্দানন্দ শিবানন্দ পণ্ডিত হো তাথে।

৪৬২। **সুদর্শন**। [বশিষ্ট] শ্রীচৈতত্তার অধ্যাপক। শ্রী ১০২, দে ৩০, রু ৩৪ মু ১১৯১, বা ৩০২, জ ১৭

৪৬৩। **স্থদামা ত্রহ্মচারী**—যত্নাথ-মতে গদাধর-শাখা।

৪৬৪। **স্থানিধি** (চৈ) [নিধি] রামানন্দ রায়ের ভ্রাতা, করণ, উড়িয়া। দে ৬৬

৪৬৫। স্থানার (নি) [ স্থান ] হাল্দা মহেশপুর ( যশোহর )।

শ্রী ২০১—বন্দে স্থন্দরানন্দং স্থদাম-গোপাল-রূপিণং। যচ্ছিষ্যো দ্বিপিবর্গেভ্যো হরিনাম দদাবিহ।

দে ৮৪— স্থলরানন্দ ঠাকুর বন্দিব বড় আশে। ফুটিল কদম ফুল জম্বীরের গাছে।

বু ৭৫— ব্রজের স্থদাম বন্দ ঠাকুর স্থন্দর।
অগ্রিসম তেজ যার মূর্ত্তি মনোহর॥
যার দাসে ধরিয়া বনের ব্র্যাঘ্র আনে।
কোল দিয়া হরিনাম শোনায় তার কানে॥

मू हारराऽऽ, ज ७७, ला ७

ভা ৩।৬।৪৭৪— প্রেমরস সম্জ্র—স্করানক নাম। নিত্যানক স্বরূপের পর্যিদ প্রধান॥

জ ১৪৪— অহক্ষণ ভাবগ্রস্ত শ্রীস্থন্দরানন্দ। তাহার দেহেতে অহক্ষণ নিত্যানন্দ॥

৪৬৬। সুবৃদ্ধি মিশ্র (চৈ) [গুণচ্ড়া] ব্রাহ্মণ, অমূল্যধন ভট্টের মতে বেলগা বর্দ্ধমানে পাট, কিন্তু জয়ক্রফ বলেন গুপ্তিপাড়ার নিকট পাট।

শ্রী ২৩৭, দে ১১৩, রু ১০৬

জ ৩—"জয়ানন্দের বাপ স্বৃদ্ধি মিশ্র গোসাঞি" অধ্যাপক ও গদাধর পণ্ডিতের শিশ্য। ৪৬৭। **স্থবৃদ্ধি রায়**—চ ২।২৫।১৪০ শ্রীচৈতত্তের দর্শন পাইয়াছিলেন কিনা জানা যায় না।

৪৬৮। স্থলোচন (চৈ)[চন্দ্রশেখরা] বৈছা, শ্রীখণ্ড।

মৃ ৪।১৭।১৩, চ ২।১১।৮১। রামগোপাল দাস মতে রঘুনন্দনের শিশু। গৌরপদতর্দিণীতে স্লোচনের একটি পদ আছে।

৪৬৯। স্থলোচন (নি)

८१०। मूर्य्य (नि)

৪৭১। **সূর্য্যদাস সারখেল** (নি) [ককুদ্মি] নিত্যানন্দের খন্তর,

শ্রী ২৪৮, দে ১২০, বু ১১৩। পদ্মাবলীর ২৭২ শ্লোক সম্ভবত ইহার লেখা।

৪৭২। **স্বপ্রেশার বিজ**—ব্রাহ্মণ, উড়িয়া।

এ চৈতত্তকে রেম্ণায় নিমন্ত্রণ করিয়াছিলেন।

को १२।१७, ह २।१७।२२

এক স্বপ্নদাসকত "বৈষ্ণব সারোদ্ধার" নামে উড়িয়া পুথি স্বরন্ধীর মহারাজার গ্রন্থাগারে আছে।

ু **স্বরূপ-দামোদর** [ বিশাখা ] পুরুষোত্তম ভ্রষ্টব্য ।

৪৭৩। স্বরূপ (অ) অবৈত-পুত্র। চরিতামৃতে "স্বরূপ শাখা", "সীতাগুণ-কদম্বে" "রূপস্থা"।

৪৭৪। ষষ্ঠীবর কীর্ন্তনীয়া কবিচন্দ্র ( চৈ )

পতাবলীর ৩২১, ৩৪৯; ৩৬৭ লোক ইহার রচনা। সেইজভাই ইহাকে কবিচন্দ্র বলা হইয়াছে।

৪৭৫। **হডিডপ পণ্ডিত** [ বাহ্নদেব ] নিত্যানন্দের পিতা—বাংলা বইয়ে হাড়াই পণ্ডিত। ব্রাহ্মণ, একচাকা।

ओ ७€, CF >°

গৌ. গ. দী. ও দেবকীনন্দনের ছাপা বৈক্ষব-বন্দনায় ইহার নাম মুকুন। জয়ক্ক দাস ও দেবকীনন্দনের ১৭০২ খ্রীষ্টান্দের পুথিতে নাম "পরমানন্দ"। সম্ভবতঃ ইহার ডাকনাম হাড়াই পণ্ডিত ও ভাল নাম মুকুন্দ ছিল।

৪৭৬। হরি আচার্য্য [ কালাক্ষী ] যত্নাথ-মতে গদাধর-শাখা।

৪৭৭। **হরিচরণ** (অ) ইহাতেই "অবৈতমকল" গ্রন্থ আবোপিত হইয়াছে। ৪৭৮। **হরিদাস** ছোট (চৈ) কীর্ত্তনীয়া

৪৭ন। হরিদাস বড় (চৈ) [ বক্তক ১৩৮ ] কীর্ত্তনীয়া।

৪৮০। **হরিদাস ঠাকুর** (চৈ) [ প্রহলাদ + ব্রহ্মা ] ব্র্ন, ফ্লিয়া, নীলাচল।

শ্রী ৮৫—হারদাসং ব্রহ্মধাম হরিনামপ্রকাশকং

(म २०, तृ २७

মু ১।১।২২, কা ৭।৪৮, না ১।১৯, ভা ১।১।১১, জ ২, লো ২, চ ১।১৩।২
জয়ানন্দ—"স্বর্ণনদী তীরে ভাটকলাগাছি গ্রামে" জয়। স্বর্ণনদীর বর্ত্তমান
নাম সোনাই। ভাটলী ও কেরাগাছী নামে তুইটী গ্রাম বুঢ়ন প্রগণায় আছে।
এই তুই মিলাইয়া ভাটকলাগাছি হইতে পারে (সাহিত্য-পরিষৎ-পত্রিকা
১৩১৮।২, পু. ১৩৩)।

৪৮১। হরিদাস দ্বিজ ( চৈ ) উৎকলের ভক্তদের সহিত উল্লিখিত।

ত্রী ২২৫— বিপ্রদাসমূৎকলস্থং হরিদাসং দ্বিজং ততঃ

যাভ্যাং প্রেম্নাবশং নীতঃ শ্রীশচীনন্দনো হরিঃ ॥

(म ১०७, म् ८। ११।६

গৌ. প. ত.তে ইহার রচিত ত্ইটা ও পদকল্পতকতে ৪টা পদ আছে।

৪৮২। **হরিদাস লঘু** চ ২।১৮।৪৬, গোপালদর্শনে শ্রীরূপের সদী; কিছ ইনি শ্রীচৈতন্তের দর্শন পাইয়াছিলেন কিনা জানা যায় না।

৪৮৩। হরিদাস ব্রহ্মচারী (অ)

৪৮৪। হরিদাস ব্রহ্মচারী (গ, ষহ)

8४१। इतिनकी-क ४४

৪৮৬। **হরিভট্ট**—ব্রাহ্মণ, দ্রাবিড়।

बी २०७, तर ३५८

না ৮।৩৩, চ ২।১১।৭৬ নীলাচলে আগত গৌড়ীয় ভক্তদের সহিত উল্লিখিত।

৪৮१। হরিহরানক (নি)

শ্রী ২৭০, দে ১৩১, রু ১৩০

८৮৮। इनायुध [ প্রবল ) নবরীপ।

बी २०२, तर ७५

জয়ক্ক নিত্যানন প্রিয় ঠাকুর হলায়্ধ নাম। নবখীপ রামচন্দ্রপুরে যার ধাম। ৪৮**৯। হস্তিগোপাল** (গ, যতু) [ হরিণী ]

৪৯০। **হিরণ্যক** (চ) [ যজ্ঞপত্নী ] জ্গদীশের ভাই জগন্নাথ মিশ্রের বন্ধু। বান্ধণ, নবদ্বীপ।

ভা ১।৪।৪১, জ ১৪০

৪৯১। হাদরানন্দ ( চৈ ১০৯ ) ষত্নাথ-মতে গদাধর-শিশ্য।

822 । **क्लग्नानम (जन** ( व्य ) देवछ ।

"শ্রীহৃদয়ানন গুণের আলয়" ( ভক্তিরত্নাকর, পৃ. ৫০৯ )

৪৯৩-৫১৯। জয়ানন্দ বলেন বিশ্বস্তারের গয়াযাত্রার সময় নিমলিখিত ৩২ জন মহিলা উপস্থিত ছিলেন—

নারায়ণী, সর্বাণী, মালিনী, সীতা, জয়।
চিত্রলেখা, স্থলাচনা, মায়াবতী, ছায়া॥
স্থভদা, কৌশল্যা, খেমা, মৃদ্রিকা, জানকী।
চন্দ্রকলা, রত্ত্বমালা, উষা, চন্দ্রম্খী॥
নন্দাবৈক্ষবী, বিক্ষুপ্রিয়া ভাগ্যবতী।
ব্রাহ্মণী জাহ্নবী, গোরী, সত্যভামা সতী॥
সাবিত্রী, বিজয়া, লহ্মী, ক্রিনী, পার্বতী।
জাম্বতী, অরুদ্ধতী, চম্পা, সরস্বতী॥
তাম্বল চন্দন মাল্য দিয়া গৌরচন্দ্র।
কান্দিয়া প্রণতি স্থতি করিল প্রবদ্ধ॥

ইহাদের মধ্যে নারায়ণী, মালিনী, দীতা, চক্রমুখী ও বিফুপ্রিয়ার পরিচয় পাওয়া যায়। বাকী ২৭টা নাম নৃতন, তাঁহাদের কোন পরিচয় পাওয়া যায় না।

# পরিশিষ্ট (খ)

# যে-সব গ্রন্থের উল্লেখ পাওয়া যায় অথচ কোন পুথি পাওয়া যায় না তাহার তালিকা

এই-সমস্ত গ্রন্থের বিশেষ অমুসন্ধান প্রয়োজন।

- ১। ঈশ্বর পুরী—গ্রীকৃঞ্লীলামৃত
- ২। কানাই খুঁটিয়া—মহাভাবপ্রকাশ
- ত। **গোপাল গুরু**—শোকাবলী (গ্রন্থের নাম পাওয়া যায় না কিছু ভক্তিরত্নাকরে ইহার বহু শ্লোক ধৃত হইয়াছে)।
- ৪। **গোবিন্দ কবিরাজ**—সঙ্গীতমাধব নাটক (ভক্তিরত্বাকর ১৭, ১৮, ২০, ৩০ পৃষ্ঠায় উল্লিখিত)।
  - ৫। ব্যোপাল বস্থ— চৈতগ্রমঙ্গন (জয়ানন্দ-কর্তৃক উল্লিখিত)
  - ৬। গৌরীদাস পণ্ডিত—পদাবলী (ঐ)
  - ৭। পরমানন্দ পুরী—গোবিন্দ-বিজয় (এ)
  - ৮। **হরিদাস পণ্ডিভের শিশ্ব রাধাকৃষ্ণ গোস্বামীর**—সাধনদীপিকা (ভক্তিরত্বাকর ৮৯ ও ৯২ পৃষ্ঠায় গ্রন্থের শ্লোক উদ্ধৃত হইয়াছে)।
  - ৯। নুসিংহ কবিরাজ—নবপগ
- ২০। সার্ব্বভৌম ভট্টাচার্য্য— চৈতন্ত সহস্র নাম (জয়ানন্দ-কর্ভ্ব উল্লিখিত)
  মুরারি শুপ্তের লেখা "শ্রীকৃষ্ণচৈতন্তচরিতম্" বা কড়চার কোন পুথি
  পাওয়া যায় না। পুথি পাইলে মুদ্রিত গ্রন্থের সহিত মিলাইয়া অধিকতর
  নির্ভরযোগ্য সংস্করণ প্রকাশ করা যায়।

# পরিশিষ্ট (গ)

# রঘুনাথদাস গোস্বামীর সংস্কৃত সূচক

আমি বরাহনগর গ্রন্থমন্দিরে ক্ষণাদ কবিরাজ গোস্বামিক্ত রঘুনাথদাস গোস্বামীর একটি স্চক পাইয়াছি। উহার তিনথানি পুঁপি? উক্ত গ্রন্থ-

( > ) বরাহনগর গ্রন্থমন্দির পুঁখির সংখ্যা ৬৪১, ১০০৭, ১০৫২

মন্দিরে আছে। তর্মধ্য ১০৫২ সংখ্যক পুঁথির কালি ও অক্ষর দেখিয়া
মনে হয় উহা অস্ততঃ তিনশত বংসরের প্রাচীন। "বৃহস্তক্তিতত্ত্বসারে"
রাধাবল্লভ দাস কর্তৃক লিখিত দাস গোস্বামীর যে বান্ধালা স্চক ছাপা আছে
তাহার সহিত রুঞ্চাস কবিরাজের সংস্কৃত স্চকের তুলনা করিলে দেখা ষাইবে
বে রাধাবল্লভ দাস কবিরাজ গোস্বামীর স্চকের বন্ধান্থবাদ মাত্র করিয়াছেন।
সংস্কৃত ও বান্ধালা স্চক শ্লোক-হিসাবে পর পর তুলিয়া দিতেছি—ইহাতে দেখা
যাইবে যে সংস্কৃত রচনা কেমন করিয়া প্রাচীন বান্ধালা সাহিত্যের উপাদান
ক্রোগাইয়াছে।

শ্রীচৈততা হবেঃ ক্বপাসমূদ্যাদাবান গৃহান্ সম্পদঃ
সদেশাধিপত্যঞ্চ যঃ স্বমলবং ত্যক্ত্বা পুরুশ্চর্য্যা।
প্রাপ্তঃ শ্রীপুরুষোত্তমং পদযুগং তন্তাসিষেবে চিরং
ভূয়াৎ শ্রীরঘুনাথ ইহ মে ভূয়ঃ স দৃগ্গোচরঃ॥

শ্রীচৈতন্ত ক্বপা হইতে রঘুনাথ দাস চিতে পরম বৈরাগ্য উপজিলা।

দারাগৃহ সম্পদ নিজ রাজ্য অধিপদ মল প্রায় সকল ত্যজিলা।

পুরশ্চর্য্য কৃষ্ণ নামে গেলা শ্রীপুরুষোত্তমে গৌরাঙ্গের পদযুগ সেবে।

এই মনে অভিনাষ পুন রঘুনাথ দাস নয়ানগোচর কবে হবে॥

রাধারক ইতি স্বনামদদতা গোবর্দ্ধনাদ্রে: শিলাং। গুঞ্জাহারমপি ক্রমাৎ ব্রহ্পবনে গোবর্দ্ধনে যঃ স্বয়ং। রাধায়াঞ্চ সমর্পিত: করুণয়া চৈতক্ত গোস্বামিনা ভূয়াৎ শ্রীরঘুনাথ প্রভৃতি

গৌরান্দ দয়াল হঞা রাধাক্বফ নাম দিয়া গোবর্দ্ধনের শিলা গুঞ্জাহারে। ব্রজ্বনে গোবর্দ্ধনে শ্রীরাধিকার শ্রীচরণে সমর্পণ করিলা তাহারে॥ চৈতন্তে নিভূতং ব্ৰহ্ণং গতবতি ছিম্বা ক্যচান যো ব্ৰহ্ণং প্রাপ্তন্দ্ বিরহাতুর: স্বকবপুর্হাতৃঞ্চ গোবর্জনে। দ্রষ্ট্রং রূপসনাতনৌ কৃততন্ত্রাণশ্চ তাভ্যাং বলাৎ ভূয়াৎ প্রভৃতি

চৈতত্ত্বের অগোচরে নিজ কেশ ছিঁড়ে করে

বিরহে আকুল ব্রজে গেলা।

দেহত্যাগ করি মনে

গেলা গিরি গোবর্দ্ধনে

ত্ই গোসাঞি তাহারে দেখিলা।

ধরি রূপ সনাতন

রাখিল তার জীবন

দেহত্যাগ করিতে না দিলা।

তুই গোসাঞির আজ্ঞা পাঞা বাধাকুণ্ড তটে গিয়া

বাস করি নিয়ম করিলা।

রাধাকুণ্ডতটে বদন্ নিয়মিত: স্ব্রাত্রপাজয়া वानः कत्रनदेकः कटेनब क ভरेवर्गरेवान्छ वृद्धिः प्रथए রাধাং সংশ্বতিকীর্তনৈর্ভজতি যঃ স্নানং ত্রিসন্ধ্যং চরন্ ভূয়াৎ প্রভৃতি

ছেঁড়া কম্বল পরিধান

বনফল গব্য থান

অন্ন আদি না করে আহার।

তিন সন্ধ্যা স্থান করি

শ্বরণ কীর্ত্তন করি

রাধাপদ ভজন গাঁহার॥

শ্রীচৈতক্তপদারবিন্দমধুপো যং শ্রীম্বরূপাশ্রিতো রূপাবৈততমু: সনাতনগতির্গোপালভট্ট প্রিয়:। শ্রীরপাশ্রিতসদ্গুণাশ্রিতপদো জীবেহতিবাৎসল্যবান্ ভূয়াৎ প্রভৃতি

গৌরাঙ্গের পদামুজে

রাখে মনোভূকরাজে

স্বরূপের সদাই ধেয়ায়।

অভেদ শ্রীরূপের সনে

গতি যার সনাতনে

ভটুযুগ প্রিয় মহাশয় ॥

শ্রীরূপের গণ যত

- তাঁর পদে আখিত

অত্যন্ত বাংসল্য যার জীবে।

সেই আর্ত্তনাদ করি

কাঁদি বলে হরি হরি

প্রভুর করুণা হবে কবে॥

পঞ্চাশদ্ ঘটিকাঃ সদানম্দহোরাত্রস্ত ষট্ সংযুতা রাধাক্বফবিলাসসংস্থৃতিযুকৈ: সঙ্কীর্ত্তনৈর্বন্দনৈ:। যঃ শেতে ঘটিকাচতুষ্টয় মিহাপ্যালোকতে স্বেশ্বরো ভুয়াৎ প্রভৃতি

ছাপান্ন দণ্ড রাত্রি দিনে বাধাকৃষ্ণ গুণগানে

শ্বরণেতে সদাই গোঙায়।

চারি দণ্ড শুতি থাকে

স্বপ্নে রাধাক্ষণ দেখে

এক তিল ব্যর্থ নাহি যায়॥

শ্রীক্লফং স্বগণং শচীস্থতমথো নানাবতারাংশ্চ যঃ শ্ৰীমৃত্তীশ্চ নিশমিতা নিশমিতা যাযাশ্চ লীলাস্থলীঃ। প্রত্যেকং নমতীহ বৈষ্ণবগণান্ দৃষ্ট্যান্ শ্রুতান্ প্রত্যহং ভূয়াৎ প্রভৃতি

শ্রীচৈতগ্য শচীম্বত

তাঁর গণ হয় যত

অবতার শ্রীবিগ্রহ নাম।

खश राक नीनाच्न[ं]

দৃষ্ট শ্রুত বৈষ্ণব সব

স্বারে কর্য়ে প্রণাম।

রাধামাধবয়োর্বিয়োগবিধুরো ভোগানশেষান্ ক্রমাৎ চৈত্ত্যস্থ সনাতনস্থ চ রসান্ ষট্ চাল্লমপ্যত্যজ্ৎ। শ্রীরূপস্ত জলং বিনা হরিকথাং বাচং স্বরূপস্ত যো ভুয়াৎ প্রভৃতি

বাধাকুফ বিয়োগে ছাড়িল সকল ভোগে

ভথকথ অনুমাত্র সার।

भोबाक्य विद्यार्ग

অন্ন ছাড়ি দিল আগে

ফল গব্য করিল আহার ॥

স্নাত্নের অদর্শনে

তাহা ছাড়ি সেই দিনে

क्विव कद्राप्त क्ल भान।

क्र त्था क्षेत्र क्

রাধাকৃষ্ণ বলি রাখে প্রাণ॥

হা বাধে क कू कुछ हा ननिष्ठ क पः विभारिश्श्मि হা চৈতন্ত মহাপ্রভো ক মু ভবান হা হা স্বরূপ ক বা হা শ্রীরূপদনাতনেত্যমূদিনং রোদিত্যলং যঃ সদা ভূয়াৎ প্রভৃতি

শ্রীরূপের অদর্শনে না দেখি তাঁহার গণে

वित्रद् वाक्न र्का काँपा।

কুষ্ণকথা আলাপনে

না ভ্ৰনিয়া শ্ৰবণে

উচ্চস্বরে ডাকে আর্ত্তনাদে॥

হা হা রাধাক্বফ কোথা কোথা বিশাখা ললিতা

क्रभा कवि एक मब्रम्भ।

হা চৈত্ত মহাপ্রভূ হা স্বরূপ মোর প্রভূ

হা হা প্রভু রূপ স্নাতন ॥

# পরিশিষ্ট (ঘ)

শ্রীচৈতন্মচরিতামৃত-ধৃত শ্লোকমালা ও পূর্ববাচার্য্যগণ-কর্ত্তক তাহার ব্যবহার

নিম্নলিখিত শ্লোকগুলি রুঞ্দাস কবিরাজের পূর্ব্বে গৌড়ীয় বৈঞ্ব-সম্প্রদায়ের বিবিধ গ্রন্থে উদ্ধৃত হইয়াছে। সেইজ্ব্য কবিরাজ গোস্বামী আকর গ্রন্থগুলি পড়িয়াছিলেন কিনা নিশ্চয় করিয়া বলা যায় না। শ্লোকের প্রথম চরণের পরই যে সংখ্যা দেওয়া হইয়াছে, উহা চরিতামুতের স্থান-নির্দেশক। পরে অস্তান্ত গ্রন্থে ঐ শ্লোকের উদ্ধারের স্থান নির্দেশ করিয়াছি।

## (১) পত্মপুরাণ

- (১) व्यात्राथनानाः मर्व्यवाम् २।১১।१, मिक् ১७১ शृ., मध् छ. ८
- (२) ইতীদৃক স্বকলী-লাভিরানন ২।১৯।৩৯, হরি ভ. বি. ১৬।৯৯

- (৬) তদীয়ে শিতজ্ঞেষ্ ভক্তি ২।১৯।৩৯, হরি ভ. বি. ১৬।৯৯
- (৪) তস্তা: পারে পরব্যোম ২।২১।১৪, লঘু পূর্ব্ব ৫।২৪৮
- (৫) ছৌভূতসর্গে লোকেহশ্মিন্ ১৷৩৷১৮ (পরমাত্ম-সন্দর্ভ পৃ. ৭৮, কিন্তু "তত্বক্তং বিষ্ণুধর্মাগ্নি-পুরাণয়োঃ )
- (७) न (मण-नियमञ्ख्य न काम २।७।১१, इति छ. वि. ১১।७०२
- (৭) নামৈক যস্ত্র বাচি স্মরণ-পথ ৩।৩।৩, হরি ভ. বি. ১১।২৮৯
- (৮) প্রধান-পরব্যোমোরস্তরে ২।২১।১৩, লঘু পূ. e।২৪৭
- (৯) ব্যামোহায় চরাচরশু ২।২০।১৫, সিন্ধু দ. ৪।৭৩, হরি ভ. বি. ১।৬৮, লঘু পু. ২।৫৩
- (১০) যথা রাধা প্রিয়াবিফো: ১া৪া৪০, ২াচা২৪, ২া১চা২, উজ্জ্বল ১০১ পৃ.,
  লঘু ১৮৪ পৃ.
- (১১) যম্ভ নারায়ণং দেবং ২।১৮।৯, ২।২৫।১৩।৪, হরি ভ. বি. ২।৭৩
- (১২) হরৌ রতিংবহল্লেষো ২।২৩।১৩, সিন্ধু ২০০ পৃ.
- (১৩) রমস্তে যেমগিনোইনস্তে ২ানাও, নাটক গা২১

## (২) আদিপুরাণ

- (১) ত্রৈলোক্যে পৃথিবী ধন্তা ১।৪।৪১, লঘু উ. ৪৬
- (২) মাহাত্ম্য-মথৎ-সপ্যাম্ ১।৪।৩৯, লঘু উ. ৩৯
- (৩) যে মে ভক্তজনা: পার্থ ২।১১।৪, সিম্বু ১৩৫, লঘু উ. ৬

## (৩) কৃর্মপুরাণ

- (১) ( एह- ( एहि विकार भार श्रः १ । १। १, नपू भू. १। १८ ।
- (২) পরীক্ষাসময়ে বহিং ২।৯।১৭, শ্রীচৈ. চ. মহাকাব্য ১৩।১৩
- (৩) সীতয়ারাধিতো বহি: ২ানা১৬, মহাকাব্য ১৩৷১২

#### (৪) গরুভৃপুরাণ

- (১) অর্থোহয়ং ব্রহ্মস্ত্রাণাং ২।২৫।৩৫, হরি ভ. বি. ১০।২৮৩
- (२) পুরাণাণাং সামরূপ: २।२४।७७, হরি ভ. বি. ১०।२৮৪

## (৫) तृरुद्धातंषीय शूतांग

(১) হরেনাম হরেনাম ১।৭।৩, ১।১৭।৩ ২।৬।১৯, চৈতক্তচন্দ্রোদয় নাটক ১।৫২, ম্রারি ২।২।২৮

### (৬) ত্রজাগুপুরাণ

- (১) সহস্রনায়াং পুণ্যানাং ২।১।৬, লঘু পু. ৫।৩৫৪
- (২) সিদ্ধলোকান্ত ভমস: পারে ১।৫।৬, সিন্ধু ১।২।১৩৮, পৃ. ১৬৭

### (৭) ক্ষমপুরাণ

- (১) व्यत्हा श्राह्मार्शन (मन्दर्व २।२८।৮८, निक् ১৯৬
- (২) এতে ন হাডুডাব্যাধ ২।২২।৬৫, ২।২৪।৮৩, সিন্ধু ১৫৯
- (৩) মত্তুল্যো নান্তি পাপাত্মা ২৷১৷১০, সিন্ধু পূ. ২৷৬৫, পৃ. ১০৭

## (৮) বৃহদ্গোত্মীয় তন্ত্ৰ

- (১) দেবী রুঞ্চময়ী প্রোক্তা ১।৪।১৩, ২।২৩।২৩, ষট্সন্দর্ভ, প্রীতিসন্দর্ভ ৭৬১ পু., নিত্যস্বরূপ ব্রহ্মচারী দেবনাগর সং
- (২) তুলদীদল-মাত্রেণ ১৩।১৯, দিন্ধু ২৮৫, হরি ভ. বি. ১১।১১০

#### (৯) সাত্তভন্ত

(১) বিষ্ণোম্ব শ্রীনিরূপাণি ১।৫।১০, ২।২০।৩১, লঘু পূ. ২।৯

#### (১০) কাড্যায়ন সংহিতা

(১) বরং হতবহ-জালা २।२२।৪২, সিন্ধু ৮৬, হরি ভ. বি. ১০।২২৪

#### (১১) নারদ পঞ্চরাত্র

- (১) অনক্রমমতা বিষ্ণৌ ২।২৩।৪, সিন্ধু ২১৩ পৃ.
- (২) মণির্যথা বিভাগেন ২। ১। ১৫, লঘু পূ. ৩৮৬, হরি ভ. বি, ১১।৩৮২
- (७) मर्स्वाभाधिविनिम् कः २। २०।२२, मिसू १। १। २०

## (১২) বিষ্ণুধর্মোত্তর

(১) নাম চিন্তামণিঃ কৃষ্ণঃ ২।১৭।৫, হরি ভ. বি. ১১।২৬৯, সিন্ধু ১।২।১০৮

#### (১৩) মহাভারত

- (১) অচিষ্যা: থলু যে ভাবা: ১৷১৭৷১০, সিষ্কু দ. স্থায়িভাব ৫১ ়
- (২) ক্বজি বাচক-শবো ২ানা৪, নাটক গা২২
- (৩) স্থবর্ণবর্ণো হেমান্তঃ ১৷৩৮, ২৷৬া৫, ২৷১১৷৫, নাটক ৮৷১৯
- (৪) তর্কোহপ্রতিষ্ঠ: শ্রুতয়: ২।১৭।১১, ২।২৫।৯, চৈ. ভা. পৃ. ৫০৪

#### ( ) 8 ) जामाज्ञ ।

(১) সকুদেব প্রপন্নো য ২।২২।১২, হরি ভ. বি. ১১।৩৯৭

# পরিশিষ্ট (ঙ)

শ্ৰীজীব গোশ্বামীতে আরোপিত বৈষ্ণব-বন্দনা

সনাতন সমোযতা জ্যায়ান্ শ্রীমান্ সনাতন:। শ্রীবল্লভোহমুক্ত: দোহসৌ শ্রীরূপো জীবসদাতি:॥ সর্বাবতারতদ্বকৈর্গবান্ শ্রীশচীস্থতঃ। অবতীর্ণ: কলৌ কৃষ্ণ স্তত্তদ্ভাবপর: প্রভু:॥ কৃষ্ণবৰ্ণং বিষাহকৃষ্ণং সাকোপান্ধান্ত্ৰপাৰ্ধদম্। যজ্ঞৈ ৰ্দমীৰ্ত্তনপ্ৰায়েৰ্যজন্তি হি স্থমেধনঃ॥ একো দেবে কৃষ্ণচন্দ্ৰো মহীয়ান্ সোহয়ং কৃষ্টেতভানামা দেবো নিত্যানন্দ এষ স্বরূপো গঙ্গারীব দিধাত্মানং ক্রিয়ার: १॥ অবৈতাদি প্রিয়াত্মাবৈ দিতীয়ঃ শ্রীমদ্রপাত্তহনেক মুখ্যশক্তিঃ বিতীর্ণাত্মা প্রেমবৃক্ষঃ শচীজ স্ছায়াং দত্যাত্তাপ তপ্তেমধীশঃ॥ তদ্বন্দনং তৎশ্বরণং সর্বাসিদ্ধিবিধায়কম্। জীবেন কেন ক্রীয়তে পৌর্কাপৌর্যযজানত।॥ অপরাধান ক্ষমধ্বং মে মহান্তঃ কৃষ্ণচেত্রঃ অদোষদশিন: সন্তা দীনাত্মগ্রহকাতরা:॥ যে যথা হি ভবস্তোহত্র যুম্মান্ জানস্তি তত্ত্তঃ ভগবান্ তথা বাচয়তু তদাদেশপ্রবর্ত্তিতম্॥ वत्म महीक्रमन्नार्थो यममानमक्रिभिर्गो যয়োর্বিশ্বরূপ-বিশ্বস্তরদেবৌ স্থতাবুভৌ ॥ অথ বন্দে বিশ্বরূপং সংস্থাসিগণভূপতিম্। শ্বরারণ্য সংজ্ঞতং চৈত্যাগ্রক্ষত্তম্ ॥

প্রথম সাত লোক পণ্ডিত বাবাজী মহাশয়ের খণ্ডিত পুথিতে নাই , বরাহনগরের অশুদ্ধ পুথিতে বেমন আছে, তেমনি দিলাম !

বন্দে শ্রীগোরচন্দ্রং রসময়বপৃষং ধামকারুণ্যরাশে ভাবং গৃহ্বন্ রসয়িত্মিহ শ্রীহরিং রাধিকায়া:।
উদ্ধর্ত্ত্বং জীবসজ্যান্ কলিমলমলিনান্ সর্বভাবেন হীনান্ জাতো যো বৈ-স্থাপঃ পরিজননিকরৈঃ শ্রীনবদ্বীপমধ্যে॥ বন্দে লক্ষ্মীপ্রিয়াং দেবীং ততো বিষ্ণুপ্রিয়াং ততঃ। দেবং গদাধরং যো হি দ্বিতীয়ঃ কায় ঈশিতৃঃ॥ স চ বিছানিধেঃ শিশ্বঃ প্রভুভক্তিরসাকরঃ। সৌহসো গদাধরো ধীরঃ সর্ব্বভক্তজনপ্রিয়ঃ॥ বন্দে পদ্মাবতীং তন্তাঃ পতিং হডিডপপণ্ডিতম্। যয়োর্কৈ প্রভাং প্রাপ্তো নিত্যানন্দো দয়াময়ঃ॥

বন্দে নিত্যানন্দদেবং বলভদ্রং স্বয়ং প্রভূং।
আনন্দকন্দমভয়ং লোকনিস্তারকং গুরুম্॥
পুরুষঃ প্রকৃতিঃ সোহসৌ বাহ্যাভ্যম্বরভেদতঃ।
শরীরভেদিঃ কুরুতে শ্রীকৃষ্ণশ্র নিষেবনম্॥

বন্দে শ্রীবস্থধাদেবীং নিত্যানন্দপ্রভূপ্রিয়াম্। শ্রীস্থ্যদাসতনয়ামীশশক্ত্যা প্রবোধিতাম্॥ বন্দে শ্রীজাহুবীদেবীং শ্রীপুরীশ্বশিষ্টিকাম্। অনুষ্ঠাপ্রীং নাম যাং বদস্তি রহোবিদঃ॥

তস্থাজ্ঞয়া তংশ্বরূপং সংগ্রস্থা গচ্ছতঃ প্রভােঃ।
সেবতে পরমপ্রেয়া নিভ্যানন্দং দৃঢ়ব্রতা ॥
বিরহাকর্ষিতা নিভ্যং বৃন্দারণ্যগতেশ্বরী।
গোপীনাথং দ্রষ্ট্র্যনাস্তন্নীবীং বিচকর্ষ সং ॥
আরুষ্ট্রনীবিকা দেবী তমুবাচ বদোদয়ম্।
আগমিয়ামি শীঘং তে পদয়োরস্ভিকং পদম্॥

বীরচন্দ্রং প্রভৃং বন্দে শ্রীচৈতগ্যপ্রভৃং হরিম্। ক্রডম্বিতীয়াবতারং ভূবনত্রয়তারকম্॥ বেদধর্মরতং তত্র বিরতং নিরহক্কতম্।
নির্দন্তং দম্ভসংযুক্তং জাহ্নবীসেবকং দ্বিহ ॥
নিত্যানন্দপ্রভূত্রতাং রাধাক্ষক্রবাত্মিকাম্।
মাধবাচার্য্যবনিতাং সচ্চিদানন্দর্মপিণীম্॥

শ্রীপ্রেমমঞ্জরীম্খ্যাং জগতাং মাতরং বরাম্।
বন্দে গঙ্গাং প্রেমদাত্রীং ভূবনত্রয়পাবনীং ॥
সা গঙ্গা জাহুবীশিষ্যা সহেশৈরপি পাবনৈং।
বিরিঞ্চাপহৃতাহান্তঃ পুনাতি ভূবনত্রয়ম্ ॥
বিজকুলতিলকং কৃতাবতারং গঙ্গাং গৃহীতুকামাবতীর্ণাম্।
মাধবং মাধবরূপং বৃদ্ময়তহুং প্রেমাখ্যম্॥

দশরপুরীশিশ্যঃ সর্বদর্শনপারকঃ।
বিষ্ণুভক্তপ্রধানশ্চ সদ্গুণাবলীভূষিতঃ॥
বিচার্য্য তেষু মতিমান্ কর্মজ্ঞানপরাক্ষিপন্।
কৃষ্ণপ্রেমতত্ত্বং নির্ণিনায় দয়ানিধিঃ॥
যতিকুলতিলকং পুরাণং মুনীন্দ্রমাদিগুর্বীশভক্তঞ্চ।
বন্দে শ্রীমাধবেক্রং ব্যক্তাং চকার হরিভক্তিং যঃ॥

বন্দেহছৈতং ক্নপালুং প্রমককণকং সাম্ভবংধাম সাক্ষাৎ। যেনানীতন্তপোভিঃ পরিকরসহিতঃ শ্রীশচীনন্দনোহত্র॥ কৈলাসস্থাদিশক্তিং ত্রিভ্বনজননীং তৎপ্রিয়াং নাম সীতাম্। যস্তাম্ভষ্টঃ প্রসাদং ত্রিজগতি চ দদৌ শ্রীজগরাথ আস॥

তৎস্থতানাং হি মধ্যে তু যোহচ্যুতানন্দসংজ্ঞক:।
তং বন্দে পরমানন্দং ক্লফচৈতন্তবল্লভম্॥
যোহসৌ শ্রীকৃষ্ণচৈতন্ত-তত্ত্তোহচ্যুতসংজ্ঞক:।
শ্রীগদাধরধীরশ্র সেবক: সদ্গুণার্ণব:॥

শ্রীলাবৈতগণাঃ স্থতাশ্চনিতরাং সর্বেশরত্বেন হি। শ্রীচৈতত্ত হরিং দয়ালুমভন্জন্ ভক্ত্যা শচীনন্দনম্॥ তে দৈবেন হতা পরেচ বহবন্তান্তান্তিয়ন্তেশহি।
তে স্বমিচ্ছয়াচ্যুত মৃতে ত্যাক্তাময়োপেক্ষিতা: ॥
শ্রীবাসং নারদং বন্দে মালিনীং প্রতিমাতরম্।
ততো নারায়ণীদেবীমধরামৃতসেবনীম্॥

বন্দে নারায়ণীস্থয়ং দাসং বৃন্দাবনং পরম্।
শ্রীনিত্যানন্দচৈতগ্রগুণবর্ণনকারিণম্ ॥
হরিদাসং ব্রহ্মধাম হরিনামপ্রকাশকম্।
বন্দে বাণীমূর্ত্তিভেদং জ্বাদানন্দপণ্ডিতম্ ॥

গোপীনাথং ততো বন্দে চৈতগ্ৰস্ত তিকারকম্।
মুরারিগুপ্তঞ্চ ততো হমুমন্তং মহাশয়ম্॥
শীচন্দ্রশেখরং বন্দে চন্দ্রবং শীতলং সদা।
আচার্যারত্বং গোবিন্দগরুড়ং গৌরমানসম্॥
শীকৃষ্ণনির্মানগুণগানোরতং মহাশয়ম্।
বন্দে মুকুন্দত্তং চ কিরুরৈঃ স্থুয়মানকম্॥

বন্দে বাহ্নদেবদত্তং মহকৈঃ পরিপ্রিতম।

যস্তাঙ্গবায়ুস্পর্শেন সভঃপ্রেমযুগে ভবেৎ ॥

দামোদরপীতান্বরৌ জগন্নাথশঙ্করনারায়ণাংশ্চ।
পঞ্চ নির্কাসনান্ বৈবন্দে সাধৃন্ মহাশয়াং স্তান্॥

প্রভূ মাতা মহাখ্যাতিং নীলাম্বর চক্রবর্ত্তিনং বন্দে।
যো লিখিতবান্ কোষ্ঠিং ভবিশুদ্বর্ণনসংযুক্তাম্ ॥
শ্রীরাম পণ্ডিতং বন্দে সর্ব্বভূতহিতেরতম্।
গুণৈকধাম শ্রীগুপ্ত নারায়ণ মহাশয়ম্ ॥
নবদীপক্রতাবাসং গন্ধাদাসং গুরুং পরম্।
বন্দে শ্রীবিষ্ণুদাসং চ শ্রীস্থাদর্শনসংজ্ঞকম্ ॥
বন্দে সদাশিবং বিভানিধিং শ্রীগর্ভমেবচ।
শ্রীনিধিং বৃদ্ধিমন্তং চ শ্রীল শুক্লাম্বরং পরম্ ॥

वत्म तमथक विकायः उथांठाया बाङ्ग्यदः 5 विभनम्। শীধরমূদারং খ্যাতং তন্ম সহিত বন্মালিনং চ বন্ধাচারিণ এতান বৈ প্রেমিনঃ ষম্মহাশয়ান্। र्माग्र्य-वाञ्चरमत्वी औरंठज्ञ्यानरमी विश्वलो वरम ঈশानमांभः শচीरमवीश्रीिङङाक्कनः **६**॥ भव्यानमनम्बत्ने त्वे ठिष्णासिष्यान्त्रो॥ जीदांगमांगः 5 कविहसः टेहव कुभानिधिम्॥ जीयान्मकरम् वरम विनरम क्रभायरम्।

गक्छ काभीचत्र कनमीयनम्मामात्र्छो। कृष्णेचन्मः यधुत्र दत्मः दाग्रमुकुम्मः भव्यम्॥ वत्म दल्लघाठार्थाः लम्बोकिश्यायत्माय्। त्या मख्ताम् यठीक्षाग्न ददाग्न खनदानिछिः॥

कांगीनाथः विषः वत्म व्याप्तार्थः वनमानिनम्। जीरकगव ভावजीः रेव मः आमिन्नभभ् किछाम्। ততো বিষ্ণুপুরীং বন্দে ভক্তিরপ্পাবলীকৃতিম্॥ অথে। সনাতনং বন্দে পাঞ্জং গুণশালিনম্। बांचानः मानग्रामम थकः टेठजमः कदः॥ নূসিংহানন্দনামানং সভ্যানন্দং চ ভারভীম্ त्राविकानक्षमायानः बक्षानकश्वीः ७७: नम्बीतियाश्यरं घटनाः त्याबिष्डार ॥ मङाखायांत्रयाः वत्म मार्यामद्युदीः ७७ः वत्म नविभिः श्वर्षानम्भूवीः ७७:॥ বিফুপ্রিয়া স্থতা যেন শচীজায় সমর্শিতা॥ সদা প্রভ্যশাং বন্দে রামচন্দ্র্রীং ততঃ। वटन यद्यांक्टः ग्रामी ग्रस्थर्याय्यां ।। यत्म भक्ष्ण्यत्योठः ब्रह्डाट्यम्नामिनः। जीश्री भवमानम मुक्षवांथार रुविधिष्यम्॥ ष्टाथचत्रभूतीः वत्म यः कृषा खक्रमीचतः

ব্রন্ধানন্দস্বরূপঞ্চ ক্রফানন্দপুরীং ততঃ। শ্রীরাঘবপুরীং বন্দে ভক্ত্যাপরময়ামুদা॥

বন্দে বিশ্বেশ্বরানন্দং শ্রীকেশবপুরীং ততঃ।
বন্দেহথায় ভবানন্দং চিদানন্দং স্কৃচিত্তকম্ ॥
বন্দে তৌ পরমানন্দৌ প্রভুক্ষপসনাতনৌ।
বিরক্ষৌ চ রূপালু চ বুন্দাবননিবাসিনৌ ॥
যত্ পাদাজপরিমল-গন্ধলেশবিভাবিতঃ।
জীবনামানিষেবেয়তা বিহৈব ভবে ভবে ॥
শ্রীক্ষপঃ সর্কশাস্থানি বিচার্য্য প্রভু শক্তিমান্।
রুষ্ণপ্রেমপরং তত্ত্বং নির্ণিনায় রূপানিধিঃ॥
সনাতনো ভক্ত ক্বত্যং গোপালভট্টনামতঃ।
হরিভক্তিবিলাসাদি ক্বতবান্ নিরপেক্ষকঃ॥

দ গোপালভট্টা দনাতন নিকটবর্তী হরিগুণরতা।
দিবদরজনীং স্থথেন যাপয়ামাদ মতিমানিহ ॥
তত্তদিতং প্রভুরপগুণং নিশম্য গোপালভট্টা সততাং হি।
আাত্মানং ধন্যং খলু মানয়ামাদ পরিতোহি যাঃ॥

বন্দে রঘুনাথদাসং রাধাকুগুনিবাসিনং।

চৈতত্ত সর্বতত্ত্বজ্ঞং ত্যক্তাত্তভাবমৃত্তমম্ ॥

গোস্বামিনং রাঘবাখ্যাং গোবর্দ্ধনবিলাসিনম্।

বন্দে ভাববিশেষেনং বিচরস্কঃ মহাশয়ম্ ॥

বন্দে রঘুনাথভট্টং শ্রীভাগবতাধ্যাপকং বিনয়েন।
লোকনাথগোস্বামিনং ভূগর্ভ ঠকুরং বিমলম্ ॥
প্রবোধানন্দসরস্বতীং বন্দে বিমলাং যয়ামৃদা।
চন্দ্রামৃতং রচিতং ষৎ শিক্ষোগোপাল ভট্টং ॥
ততঃ কাশীশ্বং বন্দে ততঃ ভদ্ধ-সরস্বতীম্।
ততক্ষ রাঘবানন্দং নিত্যানন্দামূভাবিনম্ ॥

শ্রীমান্ পদাবতীস্বন্ধু দেখনি কুতৃহলী। দাড়িম্ব বৃক্ষে নীপস্ত পুষ্পং বৈ সমযোজয়ৎ॥

বন্দে পুরন্দরং সাক্ষাদকদেন সমং ত্রিহ।
যল্লাকুলং সংদদর্শ গৃহে কশ্চিদ্বিজ্ঞোত্তমঃ॥
বন্দে কাশীমিশ্রবরমূৎকলস্থং স্থানির্মলম্।
যস্তাশ্রমে গৌরহরিরাসীৎ তম্ভক্তিপৃদ্ধিতঃ॥

বাণীনাথং ততো বন্দে শ্রীজগন্নাথজীবনম্। রামানন্দং ততো বন্দে ভক্তিলক্ষণসঙ্গলম্॥ যস্তাননাদমৃদাদ্ধি চৈতন্তেন ক্রপালুনা। স্বভক্তিসিদ্ধান্তচয়মমৃতং বর্ষিতং ভূবি॥

ততো বক্তেশ্বরং বন্দে প্রভৃচিত্তং স্থগ্ন ভিম্।
যশ্মিন্ প্রেমানন্দতয়া কীর্ত্তনং ক্তবান্ প্রভৃঃ ॥
বন্দে স্থাবিমিশ্রং তং গোবিন্দং বিজম্ব্রমম্।
যম্ভক্তিযোগমহিমা স্থাসিদ্ধো মহীতলে ॥
প্রভোব্বৈ গমনার্থং হি শ্রীনবদ্বীপভৃমিতঃ।
ভাগোড়ভূমি যেনৈব বদ্ধঃ সেতুর্মনোময়ঃ॥

বন্দে গদাধরং দাসং বৃষভান্মস্থভামিহ।

শ্রীক্বফেনাভিন্নদেহাং মহাভাবস্বরূপিকাম্॥
বন্দে সদাশিবং বৈচ্ছং যস্ত স্পর্শেন বৈ দৃষৎ।
সচ্চোহি দ্রবভাং যাতি কিমৃতান্তে সচেতনাঃ॥

বন্দে শিবানন্দসেনং নিষ্ঠাশান্তিপরায়ণম।
বোহসৌ প্রভূপদাদগুত নহি জানাতি কিঞ্চন ॥
মুকুন্দদাসং তং বন্দে যৎস্থতো রঘুনন্দনঃ।
কামো রতিপতিয় ডডুং যো গোপাল-মভোজয়ৎ॥

শীম্কুন্দদাসভক্তিরভাপি গীয়তে জনৈ:।
দৃষ্ট্রা ময়্রপুচ্ছং বং কুফপ্রেম-বিকর্ষিতঃ॥
সভ্যো বিহ্বলতাং প্রাপ্তঃ প্রমানন্দনিবৃতঃ।
বাহ্যবৃত্তীরজানংক্ত প্রপাতাধো মহাপদাৎ॥

বন্দে ভক্ত্যা নরহরিদাশং চৈতক্সার্শিত-ভাববিলাসম্।
মধুমত্যাথ্যং পুণ্যং ধন্তং যো ন পশুতি কৃষ্ণাদন্তম্ ॥
স চ রঘুনন্দন এষ বরেণ্যো নরহরিশিন্তঃ স্বকৃতিমান্তঃ।
বাল্যাবধিতঃ সাধুচরিত্রো ভক্তিবিশোধিত-চিত্তপবিত্রঃ ॥
বন্দেহপ দাসং রঘুনাথসংজ্ঞঃ পুরন্দরাচার্য্যমূদারচেষ্টম্।
শ্রীকৃষ্ণদাসং হরিপাদজাশং শাস্তং কৃপালুং ভগবজ্জনাপ্রিয়ম ॥
বন্দে প্রভ্রন্থ বৈ পরমানন্দপণ্ডিতম্।
দেবানন্দ পণ্ডিতঞ্চ শ্রীভাগবতপাঠকম্ ॥
বন্দে আচার্য্যরত্রং চ বিদিতপ্রেমমর্শকম্।
গোবিন্দমাধবানন্দবাস্থ্যোষান্ গুণাকরান্॥

পুরুষোত্তমাথ্যং দাসং বৈ বন্দে ঐশ্বর্যাশালিনম্।
কর্ণয়োকরবীপুশেং পদ্মগন্ধং চকার যং॥
বন্দেহভিরামং দাসং বৈ যং শ্রীদামাশ্বয়ং ভূবি।
বহুতোল্যং কাষ্ঠমেকং বংশীং যোহকৃত লীলয়া॥
বন্দে শ্রীস্থন্দরানন্দং স্থদাম গোপরূপিণং
যৎ শিয়োদিপিবর্গেভ্যো হরিনাম দদাবিহ॥

বন্দে শ্রীগোরদাসং চ গোপালং স্বলাথ্যকম্।
যন্ত্রীত পরমানলং মৃৎফলেংছৈতঠকুরঃ ॥
শ্রীচৈতক্তনিত্যানন্দ মৃত্তিং দাক্ষাৎ প্রকাশিতা।
যন্ত্রিদর্শনাৎ দত্তঃ কর্মবন্ধক্ষয়ো ভবেৎ ॥

পরমেশ্বরং ততো বন্দে ঠকুরং স্প্রকাশক্ষ্। যো নৃত্যন্ প্রাবয়ামাস হরিনাম শৃগালকান্॥ পিঞ্জিলায়িং ততো বন্দে বাল্যভাবেন বিহ্বলম্। বন্দে সংকীর্ত্তনানন্দং কমলাকর-দাসকম্॥

পুরুষোত্তমাখ্যং তীর্থং বন্দে রিসকশেখরম্।
কালিয়ারুঞ্চালমথো বন্দে প্রেমিববিহ্বলম্ ॥
শারঙ্গ-ঠকুরং বন্দে স্থপ্রকাশিত-বৈভবং।
যেন দতানি সর্পেজ্যং স্থানানি নিজবালানি।
মকর্মজ্জং ততো বন্দে গুণৈকধামস্থলরম্।
যং করোতি সদারুঞ্চীর্ত্তনং প্রভুদমিধৌ ॥
ততো ভাগবতাচার্য্যং শ্রীকবিরাজমিশ্রকম্।
অনস্তমাচার্য্যমথো নবদীপনিবাসিনং ॥
মধ্বাখ্যং পণ্ডিতং বন্দে গোরিন্দাচার্য্যনামকম্।
রাধারুঞ্বহস্তং যো বর্ণয়ামান ততঃপরং ॥

ততো বন্দে সার্ব্বভৌমভট্টাচার্য্যং বৃহস্পতিম্। ততঃ প্রতাপক্ষদ্রং চ যং দৃষ্টাঃ প্রভূ-বড়ভূজাঃ॥ বন্দে রঘুনাথবিপ্রং বৈত্যং শ্রীবিষ্ণুদাসকম্। পরস্থ ভাতরং বন্দে দাসং তু বনমালিনম্॥

বিপ্রদাসমূৎকলস্থং হরিদাসং থিজং ততঃ।
যাভ্যাং প্রেয়াবশং নীতঃ শ্রীশচীনন্দনোহরিঃ॥
কানাইথুটিয়াং বন্দে ক্লফপ্রেমরসাকরম্।
যত্ত পুত্রৌ জগলাধবলরামাবৃত্তৌ শুভৌ॥

বন্দেহি জগন্নাথং যদ্গানাৎ তরবো রুদন্ বিবশা ইহ।
বলরাম মোড়িনং করুণং যদশৌবলজগন্নাথো চ॥
গোবিন্দানন্দনামানং ঠকুরং ভক্তিযোগতঃ।
বন্দে প্রভোনিমিত্তং যদক্ষঃ সৈতুশ্চ মানসঃ॥

ততঃ কাশীখরং বন্দে শ্রীসিংহেশ্বসংজ্ঞকম্। শিবানন্দং পণ্ডিতং চ ততক্ষ চন্দনেশ্বম্॥ বন্দে পরমভাবেন মাধবং পট্টনায়কম্। হরিভট্টং ততো বন্দে মহাতিং বলদেবকম্॥ স্ববৃদ্ধি-মিশ্রং চ ততঃ শ্রীনাথং মিশ্রম্ভ্রমম্। বন্দে শ্রীতৃলদীমিশ্রং কাশীনাথং মহাতিকম্॥

বস্থবংশস্থাগ্রগণ্যং রামানন্দং সগোষ্ঠিকম্।
প্রুষোত্তমপ্রন্ধচারিমধ্বাখ্য-পণ্ডিতাবৃভ্জা ॥
শ্রীচৈতন্ত প্রভাভ তিয়া দয়ালু চ মহাশয়ো।
মহাকার্লনিকা এতে সর্বন্ধ নিরপেক্ষকাঃ ॥
বন্দে দিজরামচন্দ্রং শ্রীধরপণ্ডিতং চ গুলৈকদারম্।
বন্দে যত্ন কবিচন্দ্রং ধনঞ্জয় পণ্ডিতং দত্তবিত্তম্ ॥
প্রসিদ্ধং যস্ত বৈরাগ্যং সর্বন্ধং প্রভবেহর্শিতম্ ।
গৃহীতে ভাগুকৌপিনে পণ্ডিতেন মহাত্মনা ॥
পণ্ডিতং শ্রীজগরাথমাচার্য্যং লক্ষণং ততঃ ।
রুষ্ণদাসং ততো বন্দে স্থাদাসং চ পণ্ডিতম্ ॥
ততো বন্দে রুষ্ণবাসং বংশীবদন-ঠক্রম্ ।
ন্রারিচৈতন্তদাসং যমাজগরখেলকম্ ॥

বন্দে জগন্নাথদেনং প্রমানন্দগুপ্তকম্।
বালকং রামদাসাখ্যং কবিচন্দ্রং ততঃপ্রম্॥
বন্দে শ্রীবল্লভাচার্য্যং ততঃ কংসারি সেনকম্।
ভাস্করং চ ততো বন্দে বিশ্বকর্মস্বরূপকম্॥

বন্দে বলরামদাসং গীতাচার্য্যলক্ষণম্।
সেবতে পরমানন্দং নিত্যাচার্য্যপ্রভংহি ষং॥
মহেশপণ্ডিতং বন্দে ক্ষোন্সাদসমাকুলম্।
নর্ত্তকং পণ্ডিতং বন্দে জগদীশাখ্যপণ্ডিতম্॥

ঠকুরং ক্লঞ্চাসং চ নিত্যানন্দপরায়ণম্। যোহরক্ষৎ স্বগৃহে নিত্যানন্দদেবং হি ভক্তিতঃ। গৌরীদাস স্তত্ত গত্বা গৃহীত্বোক্ত্যা নিজং প্রভূম্।
সমানয়ত্ততোহন্তঃ কন্তন্তক্তঃ স্থসামাহিতঃ ॥
শ্রীকৃষ্ণদাস প্রেমাহি মহিমা কেন বর্ণাতে।
যো নিত্যানন্দবিরহাৎ সপ্তমাসাংক বাতুলঃ।
প্রঃ সংদর্শনং দত্বা তেনৈব স্থান্থবিরহাও ।
বন্দেহথাবধৌতবরং প্রমানন্দসংজ্ঞকম্॥

আনাদি-গঙ্গাদাসং চ পণ্ডিতং হি বিলাসিনম্।
দাসং শ্রীযত্নাথাথ্যং বন্দে মধুরচিত্তকম্॥
বন্দে শ্রীপুরুষোত্তমং তীর্থং জগন্ধাথং রামসংজ্ঞং চ।
রঘুনাথ-তীর্থং স্থাভগমাধ্রমম্পেদ্রং হরিহরানন্দম্॥

বন্দে বাস্থদেবং তীর্থং শ্রীলানন্তপুরীং ততঃ।
মুকুন্দকবিরাজ্ঞং চ ততোরাজীব পণ্ডিতম্॥
শ্রীজীবপণ্ডিতং বন্দে সর্বাসদ্গুণশালিনম্।
শ্রীচৈতন্তচন্দ্রপদেউল্কি র্যন্ত স্থনির্মলা॥
শিশুকৃষ্ণদাস সংজ্ঞং শ্রীনিত্যানন্দপালিতম্।
বন্দে স্থময়ং পুণ্যং পবিত্রং যৎ কলেবরম্॥

বন্দে উদ্ধারণং দত্তং যো নিত্যানন্দদন্তঃ।
বভাম সর্বতীর্থানি পবিত্রাস্থাহনপেক্ষকঃ॥
বন্দে শ্রীমাধবাচার্য্য ক্ষণ্ণস্পলকারকম্।
নৃসিংহটেতভাদাসং ক্ষণাসং ততঃ পরম্॥
বন্দে শ্রীশঙ্করং ঘোষমকিঞ্চনবরং শুভম্।
ডক্ষবাভেন যো দেবং শচীস্কতমভোষয়ং।
পুনঃ পুনরহং বন্দে বৈষ্ণবম্ চ তৎ পদান্।
চক্রবভিশিবানন্দং শ্রীমারায়ণসংজ্ঞকম্॥

প্রত্যেকং বন্দনং চৈষাং তন্নামোচ্চারণং তথা। বিশেষগুণদীপ্তানানলস্কগুণশালিনাম্॥ ময়াবিদিততত্বানাং বৈক্ষবানাং মহাজ্ঞনাম্।
তীর্থপাদনামতুল্যং নৈর্মল্যে কারণং পরম্ ॥
মাধবেন্দ্রস্থ্য বহবঃ শিক্ষা ধরণীবিস্তৃতাঃ।
অবৈত্রম্থ্যাঃ শুভদাঃ সন্ধ্রণপুরীম্থাঃ ॥
অথেশ্বর পুরীম্থ্যা গোবিন্দাভাশ্চ কেচন।
পুরীশ্রীপরমানন্দম্থ্যকা লোকপাবনাঃ॥

অথেশ্বপুরীশিয়ো গৌরচন্দ্রভ জাহ্নবী। সক্ষর্পপুরীশিয়ো নিত্যানন্দঃ প্রভুঃ স্বয়ম্॥ যে যে চৈতক্তচন্দ্রস্থ পূর্বভক্তা অবাতরন্। তে দর্বে দারত: কেন মাধবেক্সকুপায়িকা:॥ মাধবেন্দ্রপুরীদংক্ত আদির্ভক্তো গুরুত্তথা। তদ্গুণাঃ কৃষ্ণচৈতগ্ৰদেবকা ভক্তিদাবকাঃ॥ অদৈতদারতঃ কেচিৎ সীতাদারাচ কেচন। পদ্মাবতীস্থতদারা জাহ্নবী দারতস্থা। কেচিৎ গদাধরহারাং শ্রীরপদারস্থথা। কেচিৎ সনাতনদারা হরিদাসেন কেচন॥ রঘুনাথদাসতঃ কেচিৎ কেচিৎ বক্তেখরেণচ। কাশীশ্বরেণ কোচিচ্চ তথা নরহরেরপি॥ রামানন্দেন কোইপিই সার্ব্বভৌমেন কেচন। এবমন্তেচ বৈ ভক্তা অগ্রৈন্তৎ দেবকা ইহ॥ षठः बीक्रक्टिठजाः मस्ताताधाः ष्रान्खकम् তত্ত্ৰদ্ৰপময়ং সাক্ষাৎ তমেব শ্বণং গতাঃ॥ যেহত্রাবতারিতাভক্তা: ক্লফেণ নিত্যসঙ্গিন:। প্রযোজনবিশেযৈক বন্দিতা যে চ কীর্ত্তিতাঃ॥ দাসাশ্য শক্তয়-চাপি তথাং শোশ্য স্বরূপকা:। এষাং বিশেষো বিজ্ঞেয়: শ্রীলভাগবতামৃতাৎ ॥ প্রেমো বিভরণং দৃষ্ট্রা লুকা যেহত সমাযয়:। তেহপি বন্দা: পরেশস্ত ভক্তিম্পর্ণবিশেষিতা:॥ এতবৈষ্ণববন্দনং স্থাকরং সর্বার্থসিদি সিদ্ধিপ্রদং শ্রীমন্মাধিকসংপ্রদায়গণনং শ্রীকৃষ্ণভক্তিপ্রদম্ শ্রীচৈতক্ত মহাপ্রভা গুণময়ং তম্ভক্তবর্গানম জীবেনৈব ময়া সমাপিতামিদং ক্বতাতুপাদার্শিতম্। ইতি শ্রীজীব গোস্বামিবির্হিত। মাধ্বসংপ্রদায়াম্ব-সারিণী চৈতক্তভক্ত বৈষ্ণব-বন্দনা সমাপ্রা॥ শ্রীচৈতক্তচন্দ্রায় নমঃ। শ্রীনিত্যানন্দচন্দ্রায় নমঃ। শ্রীজবৈত্বচন্দ্রায় নমঃ॥

# প্রমাণপঞ্জী ও প্রমাণ-উদ্ধারের সঙ্কেত-ব্যাখ্যা

[ যে-সকল গ্রন্থ হইতে বছবার প্রমাণ উদ্ধার করা হইরাছে, সেই-সকল গ্রন্থের কোন্ কোন্ সংক্ষরণ বাবহার করিয়াছি ও প্রমাণ-উদ্ধারের সময় কিরূপ সক্ষেত বাবহার করিয়াছি তাহার নির্দেশ ও লিখিত হইল । ]

## ক। অপ্রকাশিত হাতে-লেখা পুথি

কৃষ্ণপ্রেমবসচন্দ্রতত্তভক্তিলহরী বা শ্রীচৈতম্য-১। অজ্ঞাত শাৰ্কভৌমসংবাদ:। পুরীর মুক্তিমণ্ডপ (সংস্কৃত) গ্রস্থাগারে রক্ষিত। ১৩৩০ সালের সাহিত্য-পরিষৎ-পত্রিকার চতুর্থ সংখ্যায় আমি ইহার বিবরণ প্রকাশ করি। চৈতন্তভাগবত। কটকের প্রাচীগ্রন্থণালায় २। क्रेश्वतमान ( উড়িয়া ) রক্ষিত। ৩। গোপাল গুরু বক্রেশ্বরাষ্ট্রকম। বরাহনগর গ্রন্থ-মন্দিরে রক্ষিত-পুথি সংখ্যা ১৪০ ও ৬৭৭। ( সংস্কৃত ) বৈষ্ণববন্দনম্। একথানি পুথি আমার নিকট, জীব গোসামী আর একথানি পুথি বরাহনগর গ্রন্থ-মন্দিরে ( সংস্কৃত ) ( সংখ্যা ৪৪০ ) আছে। বৈফববন্দনা। অতুলক্তম্ভ গোস্বামী মহাশয় १। (एवकीनसन ছাপিয়াছেন। কিন্তু ছাপা বইয়ের দলে প্রাচীন ( বাঙ্গালা ) পুথির বহু স্থলে পাঠান্তর দৃষ্ট হয়। আমি সাহিত্য-পরিষদে রক্ষিত ৪৬৩-৪৭২, ১৪৮১-3825, 3966, 3638, 2006, 2309, 2306 ও ২০৮৪ সংখ্যক পুথির সহিত মুক্তিত পুঁথির পাঠ মিলাইয়া দিদ্ধান্ত উপস্থিত করিয়াছি। वृह्९ रिक्ष्य-वन्मना। वदाह्नश्रंत्र श्रष्ट-मन्मिद्र ७। (पवकीनमन বৃক্ষিত ( সংখ্যা ৮০১ )। (वाकाना) স্থবলমদল। অম্বিকা-কালনার পাটবাড়ীতে ৭। নটবরদাস রকিত। ( वाकाना )

বিশ্বনাথ চক্রবর্ত্তী গৌরগণস্বরূপতত্বচন্দ্রিকা। বরাহনগর গ্রন্থ-মন্দিরে রক্ষিত ( সংখ্যা ৪৩০ )। ( সংস্কৃত ) সীতাগুণকদম। বন্ধীয় সাহিত্য-পরিষদে ন। বিষ্ণুদাস রক্ষিত। পুথির সংখ্যা প্রদত্ত হইবার ( वाकाना ) পূর্ব্বেই আমি এই গ্রন্থ ব্যবহার করিয়াছি বলিয়া সংখ্যা দিতে পারিলাম না। ১०। वृन्तावननाम বৈষ্ণব-বন্দনা। বরাহনগর গ্রন্থ-মন্দিরে রক্ষিত (সংখ্যা ৮৪৭)। এই বই অতুলক্ষ ( वाकाना ) গোস্বামী ছাপিয়াছেন। কিন্তু পুথিতে গ্রন্থকারের নাম দেওয়া হইয়াছে আচাৰ্য্য মাধব। চৈতন্যবিলাদ। এই পুথির বিবরণ আমি ১১। মাধব সাহিত্য-পরিষৎ-পত্রিকায় (উড়িয়া) 2000 প্রকাশ করি। সম্রতি পুথিখানি প্রকাশ করিবার জন্ম কটকের অধ্যাপক রায় সাহেব আর্ত্রবল্পভ মহাস্তিকে দিয়াছি। রঘুনাথদাস গোস্বামী দানকেলী-চিন্তামণি। বরাহনগর গ্রন্থ-মন্দিরে রক্ষিত ( সংখ্যা ৩৯৬ )। সম্প্রতি ছাপা ( সংস্কৃত ) হইয়াছে। চৌরাশী আজ্ঞা। রায় সাহেব আর্ত্তবল্লভ স্থদর্শনদাস 20 (উড়িয়া) মহান্তির নিকট রক্ষিত। হরিচরণদাস অদ্বৈতমঙ্গল। সাহিত্য-পরিষদে রক্ষিত ( সংখ্যা 38 266)1 ( वाकाना )

## খ। গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের সংস্কৃত গ্রন্থ

১৫। কবিকর্ণপুর আনন্দর্দাবনচম্পৃ:।
১৬। ঐ গৌরগণোদ্দেশদীপিকা। কোন শ্লোকের পর
কোন সংখ্যা থাকিলে বৃঝিতে হইবে যে উহা
বহরমপুর সংস্করণে প্রদত্ত শ্লোক-সংখ্যা।
১৭। ঐ চৈতক্তচন্দ্রোদয়নাটকম্। বহরমপুর ও নির্ণয়-

সাগর প্রেস এই উভয় সংশ্বরণ হইতে প্রমাণ দেওয়া হইয়াছে। যথাস্থানে সংশ্বরণ উল্লিখিত হইয়াছে। ৮০২ বলিলে ব্ঝিতে হইবে অষ্টম অন্ধ, দ্বিতীয় সংখ্যা। শুধু নাটক বলিলে এই গ্রন্থকে ব্ঝাইবে।

১৮। কবিকর্ণপূর

চৈতক্যচরিতামৃতমহাকাব্যম্। বহর্মপুর সংস্করণ। ৮।২ বলিলে অষ্টম দর্গ, দ্বিতীয় শ্লোক বৃঝিতে হইবে। শুধু মহাকাব্য বলিলে এই গ্রন্থকে বৃঝাইবে।

२०। कृष्णनाम कित्रांख (गाविन्ननौनाम्छम्।
 २०। कृष्णनाम वानानीना-प्रवम्।

২১। গোপাল ভট্ট হরিভক্তিবিলাসম্, বহরমপুর সংস্করণ।

२२। त्रांतिन त्रीतक्त्रकामग्रकात्रम्।

২৩। জীব গোষামী গোপালচম্পৃঃ, নিতাম্বরূপ ব্রহ্মচারীর সংস্করণ।

২৪। ঐ লঘুতোষণী-নামক ভাগবতের টীকা।

২৫। ঐ ব্রহ্ম-সংহিতার টীকা।

২৬। ঐ যট্সন্দর্ভঃ। প্রাণগোপাল গোস্বামি-সম্পাদিত কৃষ্ণ ও প্রীতি সন্দর্ভ। সত্যানন্দ গোস্বামি-

সম্পাদিত তত্ত্ব, ভাগবত ও পরমাত্মা

मन्दर्छ।

২৭। ঐ সর্কসংবাদিনী, সাহিত্য-পরিষৎ সংস্করণ।

২৮। নরহরি সরকার শ্রীক্লফভজনামৃতম্।

২৯। প্রত্যাম মিশ্র শ্রীকৃষ্ণ চৈতত্যোদয়াবলী।

৩০। প্রবোধানন চৈত্যচন্দ্রামৃত্য।

৩১। ঐ নবদীপশতকম্।

৩২। বলদেব বিভাভূষণ গোবিন্দভায়ুম্।

७७। क्वे श्रायाय प्राप्ता ।

৩৪। বিশ্বনাথ চক্রবর্ত্তী ভাগবতের টীকা

৩৫। মুরারি গুপ্ত শ্রীকৃষ্ণতৈভক্ত বিতম্ শাধারণতঃ করচা বা কডচা নামে প্রচলিত। মুগালকান্তি ঘোষ- 061

091

	সম্পাদিত তৃতীয় সংস্করণ। ৩।১।৪ বলিলে
	তৃতীয় প্রক্রম, প্রথম সর্গ, চতুর্থ শ্লোক
	ৰুবাইবে।
যত্নাথদাস	শাখানিৰ্ণয়ামৃত্য্।
রঘুনাথদাস	মৃক্তাচরিত্রম্। নিত্যস্বরূপ ব্লচারীর সংস্করণ,
	৪২২ চৈতত্তাব্দ।

তদ। 
ক্র স্থাবলী। বহর্মপুর সংস্করণ, ৪০২ চৈত্রাক।
তম। রামানন্দ রায় জগন্নাথবল্পভনাটকম্, নিত্যস্বরূপ ব্রহ্মচারীর
সংস্করণ।

রূপ গোস্বামী উজ্জলনীলমণিঃ, বহরমপুর সংস্করণ। मानकिलकोम्मीडां विका, ये। 3 85 1 পতारिनो, छा. स्नीनक्रांत एत मः अत्र । উ 82 | P বিদক্ষমাধবনাটকম্, বহরমপুর সংস্করণ। 108 3 ভক্তিরসামৃতসিক্নুঃ, E 88 | লঘুভাগবতামৃতম্, বলাইটাদ গোস্বামীর 3 80 সংস্করণ। 3 861

৪৬। ঐ ললিতমাধবনাটকম্, বহরমপুর সংস্করণ। ৪৭। ঐ স্তবমালা, ঐ । ৪৮। লোকনাথাচার্য্য ভক্তিচন্দ্রিকা।

৪**০। সনাতন গোস্বামী বৃহ্**ভাগবতামৃতম্, নিত্যস্বরূপ ব্রহ্মচারীর সংস্করণ।

বৃহদৈক্ষবতোষণী, ভাগবতের টীকা।

### গ। অস্থান্য সংস্কৃত গ্রন্থ

651	বিৰ <b>মক্ল</b>	কৃষ্ণকৰ্ণামৃতম্।
<b>c</b> ? !	ভরতমল্লিক	চন্দ্রপ্রভা।
601	শশিভূষণ গোস্বামী	চৈতক্তত্ত্বদীপিক।।
¢8	•••	ছात्मारगांशनिष् ।
ee 1	রঘুনন্দন	জ্যোতিষতত্ত্ব ।
8 No 1	•••	পিক্সক্রম:স্ত্র্য ।

491 প্ৰাণতোষণীতন্ত্ৰ । ব্রহ্মবৈবর্ত্তপুরাণম্। eb | बका उन्नरागम्। 1 63 বাচস্পত্যভিধানম্। 50 I 631 প্রকাশানন্দ 62 1 ভাগবতম। শ্রীধর স্বামী ভাবার্থদীপিকা। 601 পদ্মনাভ মাধ্বসিদ্ধান্তসারম্। 68 I मुकायनम्, इयीत्कन नादा मितिक বোপদেব 5¢ 1

৬৬। শব্দকল্পজ্মন্। ৬৭। সাহিত্যদর্পণন্। ৬৮। বল্লভাচার্য স্থবোধিনী-টীকা।

৬৯। স্থাকর দ্বিবেদী স্থ্যিসিদ্ধান্ত-টীকা।

## ঘ। বাঙ্গালা ভাষায় গোড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের গ্রন্থ

৭০। অভিরামদাস পাট-পর্যাটন। ৭১। ঈশান নাগর অবৈতপ্রকাশ।

৭২। রুঞ্চাদ কবিরাজ চৈতস্তচরিতামৃত। অনেক স্থলে 🖫 ধু

চরিতামৃত বলিয়া প্রমাণ উল্লেখ করিয়াছি।
রাধাগোবিন্দ নাথ-সম্পাদিত দিতীয় সংশ্বরণ
হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে। ১।৩।৪
বলিলে আদি লীলা, তৃতীয় পরিচ্ছেদ, চতুর্থ
পয়ার ব্যাইবে। কালনা, গৌড়ীয় মঠ ও
রাধিকানাথ গোস্বামীর সংশ্বরণ হইতে
যেখানে কোন প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

१७। कुरुन्म कुरुप्रजन।

98। থগেজনাথ মিত্র- পদামৃত-মাধুরী।

সম্পাদিত

৭৫। গোপীঞ্জনবল্লভদাস রদিকমঙ্গল।

৭৬। গোবিন্দ কর্মকার গোবিন্দদাসের করচা, ভা দীনেশচন্দ্র সেনের সংস্করণ।

११। জগদানন প্রেমবিবর্ত্ত।

৭৮। জগদ্ধ ভদ্র- গৌরপদতরঙ্গিণী। জগদ্ধ বলিয়া উলিখিত।

সম্পাদিত মৃণালকাস্তি ঘোষের দ্বিতীয় সংস্করণ ষেথানে ব্যবহার করা হইয়াছে সেথানে বিশেষভাবে

উহার উল্লেখ করা হইয়াছে। যেথানে কোন গ্রন্থের নাম না লিখিয়া শুধু জগদকু-

বাবু বা মৃণালবাবুর মত বলিয়া কোন

কথা লিখিয়াছি, সেখানে বুঝিতে হইবে

এই গ্রন্থের ভূমিকায় ঐ মত ব্যক্ত করা

হইয়াছে।

৭৯। জয়ক্বঞ্দাদ ত্রীচৈতগ্রপারিষদ-জন্মস্থান-নির্ণয়।

৮০। জয়ানন চৈততামগল।

৮১। নরহরি চক্রবর্ত্তী নরোত্রমবিলাস।

.৮২। ঐ ভক্তিরত্নাকর।

৮৩। নরোত্তম ঠাকুর প্রার্থনা।

৮৪। নিত্যানন্দাস প্রেমবিলাস, যশোদানন্দন তালুকদারের

সংস্করণ। সাহিত্য-পরিষদে রক্ষিত পুথি-

নম্হের পাঠ মিলাইয়া দিকান্ত স্থির

করিয়াছি।

৮৫। প্রসরকুমার গোস্বামি- অভিরামলীলামৃত।

সম্পাদিত

৮৬। প্রেমদাস বংশীশিকা, ডা. ভাগবতকুমার গোস্বামীর সংস্করণ।

৮৭। বাস্থ্যোষ চৈত্তমন্ত্রাদের পালা।

৮৮। বৃন্দাবনদাস ঐতিচতক্সভাগবত। অতুলক্ষ গোসামি-

সম্পাদিত দ্বিতীয় সংস্করণ। এচা৪০২ অর্থে অস্ত্যখণ্ড, অষ্টম পরিচ্ছেদ, ৪০২ পৃষ্ঠা। ঐ

সংস্করণে পয়ারের সংখ্যা না দেওয়া থাকায়

পৃষ্ঠা উল্লেখ করিয়াছি। গৌড়ীয় মঠ সংস্করণে পয়ারের সংখ্যা দেওয়া আছে।

৮৯। বৈষ্ণবদাস-সংগৃহীত পদকল্পতরু, সাহিত্য-পরিষৎ সংস্করণ ; সতীশ-

চন্দ্র রায় মহাশয়ের মত যেখানে উল্লেখ করা হইয়াছে, সেখানে বৃঝিতে হইবে, এই গ্রন্থের

পঞ্চম খণ্ডে উহা ব্যক্ত করা হইয়াছে।

৯০। মনোহরদাস অফুরাগবল্লী।

२)। भूकुन आनमत्रशावनी।

२२। ঐ निकास्ट हत्सामग्र।

२०। यज्ञन्तनाम क्रांनना

ম্ব গোবিন্দলীলামৃত।

৯৫। রঘুনাথ ভাগবতাচার্য্য রুফ্প্রেমতর ক্লিণী।

৯৬। রাজবল্লভ মুরলীবিলাদ।

৯৭। রামগোপাল দাস শাখাবর্ণন।

৯৮। রামপ্রদর ঘোষ-দহলিত বংশীলীলামৃত।

৯৯। লালদাস বা কৃষ্ণদাস উপাসনাচন্দ্রামৃত।

১০০। ঐ বান্ধালা ভক্তমাল।

১০১। লোকনাথদাস সীতাচরিত্র।

১০২। লোচন চৈতন্তমঙ্গল, মৃণালকান্তি ঘোষ-সম্পাদিত

দিতীয় সংস্করণ, পৃষ্ঠা উল্লেখ করিয়া প্রমাণ

जूनियाहि।

#### ঙ। অখ্যান্য বাঙ্গালা গ্ৰন্থ

১০৩। অচ্যুত্তরণ তত্ত্বিধি শ্রীগৌরাঙ্গের পূর্বাঞ্ল-ভ্রমণ।

১০৪। অম্বিকাচরণ বন্ধচারী বঙ্গরত্ব।

১০৫। অমূল্যধন রায় ভট্ট ছাদশ গোপাল।

১০৬। ঐ বৃহৎ ঐবৈষ্ণব চরিত অভিধান (চ পর্য্যস্ত)।

১.৭। অমৃতলাল পাল বক্রেখর-চরিত।

১০৮। ... অন্তম বন্ধীয় সাহিত্য-সন্মিলনের বিবরণ।

১০৯। কালীপ্রসন্ন সেনগুপ্ত বন্ধীয় কবি।

(N)
िठिख
ण्डिय
তর ভ
4

306	764	89		000	702	705	700	R A -	726	729	226	224	5×8	220	722	725	> ~	600	1 466	329	326	374		1866	000	1200	1		V 0 0 -
রামগতি ভাষরত	ৱাধানাথ কাবাদী	রাজেন্দ্রনাথ ঘোষ	वटकार्ग भौशाराश	दो थो लाग भ	রবীন্দ্রনাথ ঠাকুর	মূণলৈকান্তি ঘোষ	ম্রারিলাল অধিকারী	:	ভূবনেশ্বর সাধ	:	বিশ্বজ্ঞার বাবাজী	বিপ্ৰদাস পিপলাই	বিপিনবিহারী পোস্বামী দশমূলরম।	বিভাপতি	ফণিভূষণ দত্ত	প্রমথ চৌধুরী	প্রভাসচন্দ্র সেন	ē	<b>E</b>	নগেন্দ্ৰনাথ বহু	رغر	मीत्न क्षा स्मन		চাকচন্দ্র শ্রীমানি	গৌরগুণানন্দ ঠাকুর	رح	क्रकाराम		:
বঙ্গভাষা ও সাহিত্য-বিষয়ক প্রস্তাব।	বৃহদ্ধক্তিতত্বসার।	অধৈত সিধ্ধি (ভূমিকা)।	বান্ধালার ইতিহাস।		<b>ठग्र</b> िका।	গৌ विन्ममोरमञ्ज कष्टा- इश्छ।	देवक्षव मिश्मिनी।	ভোগমালা।	र्तिनाय-यक्ल।	देवक्षवीठां ब-मर्भन।	রসরাজ গৌরাক্সযভাব।	भन्मा भक्त ।	। দশমূলরস।	পদাবলী, নগেন্দ্রনাথ গুপ্তের সংস্করণ।	শ্রীচৈতন্ত্র-জাতক।	र्माना हर्फा।	বগুড়ার ইতিহাস।	বিশ্বকোষ অভিধান।	বারেন্দ্র ত্রাহ্মণকাণ্ড।	উত্তর রাটীয় কায়স্থকাও।	বঙ্গণহিত্য-পরিচয়।	বঙ্গভাষা ও সাহিত্য, প্রথম ও পঞ্চম সংস্করণ।	작(G)	শ্রীচৈতভাদেবের দক্ষিণ-ভ্রমণ, প্রথম ও বিতীয়	শ্রীথণ্ডের প্রাচীন বৈক্ষব।	यक्रभ-दर्भ।	বীরভম্র মূল কড়চা।	विवद्ग ।	কাশিমবাঞ্জার বঙ্গীয় সাহিত্য-সন্মিলনের সম্পূর্ণ

1001	হরপ্রসাদ শান্ত্রী	কীৰ্ত্তিলভা (ভূমিকা)।
१ य० ८	A	বৌদ্ধ গান ও দোহা।
1606	হরিমোহন	
	ম্খোপাধ্যায়-সঙ্কলিত	বঙ্গভাষার লেখক।
1 •8:	হরিলাল চট্টোপাধ্যায়	বৈষ্ণব ইতিহাস।
7871	হরেক্বঞ্চ মুখোপাধ্যায়	কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ।
7851	খ্যামলাল গোসামী	গৌরস্থন্দর।
1086	ক্ষিতীশচন্দ্র সরকার	সন্ধীর্ত্তন-রীতিচিন্তামণি।

# চ। উড়িয়া ভাষায় লিখিত গ্রন্থ

7881	অচ্যুত	অনাকার-সংহিতা।
>84	F	শ্ভা-সংহিতা।
1886	জগরাথদাস	দারুবন্ধ।
1886	F	রাসক্রীড়া।
7861	দিবাকরদাস	জগন্নাথচরিতামৃত।
1851	নিরাকারদাস	নুম্র-সংহিতা।
2601	বলরামদাস	বট অবকাশ।
>621	F	বিরাট্ গীতা।
>621	य শোব छना म	निवयत्त्रोपग्र।

## ছ। অসমীয়া ভাষায় লিখিত গ্রন্থ

2601	•••	मी পिका ठान ।
>48	ভট্টদেব	मर-मन्ध्रानाग्र-कथा।
1000	ভূষণ দ্বিজ কবি	শ্রীশঙ্করদেব, তুর্গাধর বরকটকী-সম্পাদিত।
1601	রামচরণ ঠাকুর	শন্ধর-চরিত, হলিরাম মহস্তের সংস্করণ।
3091	লক্ষীনাথ বেজবৰুয়া	<b>नहराम्य ।</b>
2001	<b>A</b>	শ্রীশঙ্করদেব আরু মাধবদেব।
1626	শকরদেব .	কীৰ্ত্তন-ঘোষা।

### জ। হিন্দী ভাষায় লিখিত গ্ৰন্থ

১৬০। শ্রীপৃষ্টিমার্গী

শ্রীষাচার্য্যজী মহাপ্রভুনকে নিজ সেবক চৌরাশী বৈক্ষবনকী

বার্ত্তা, লক্ষ্মী বেছটেশ্বর প্রেস সংস্করণ।

১৬১। নাভাজী ভক্তমাল-প্রিয়াদাসজীর টীকা-কবিত্ব সহিত.

নবলকিশোর প্রেস সংস্করণ।

### ঝ। জার্মান ভাষায় লিখিত গ্রন্থ

162. Von Glasenapp Die Lehre Vallabhacaryas, Z. D. M. G., 1934.

163. Festchrift Moriz
Winternitz., 1933 (ডা. স্থশীলকুমার দে-লিখিত ইংরাজী প্রবন্ধ।)

### ঞ। ইংরাজী ভাষায় লিখিত গ্রন্থ

164. Allahabad University Studies, Vol. XI, 1935.

165: Banerjee, R. D. Age of the Imperial Guptas.

166. Do. Eastern Indian School of Mediæval Sculpture.

167, Do. History of Orissa.

168. Basu, Manindra-

mohan Post-Chaitanya Sahajia Cult.

169. Bhandarkar,

Sir R. G. Vaisnavism, Saivism, etc.

170. Bhattasali,

Dr. N. K. Early Independent Sultans of Bengal.

171. Catalogue of Sanskrit Manuscripts in the Asiatic Society of Bengal, Vols. IV and V.

172. Eggling India office Catalogue, Vol. VII.

173. Gait History of Assam.

174. Ghate The Vedanta.

175. Growse History of Muttra.

176. Hamilton,

Buchanan

Purnea Report.

177. Hunter Statistical Account of Bengal, Vol.

IV.

178. Imperial Gazetteer.

179. Journal of Letters, Vol. XVI, 1927.

180. Kane History of the Dharma Shastra.

181. Kaviraj, Gopinath Saraswata Bhawan Studies, Vol. IV.

182. Mallik, Abhayapada History of Vishnupur Raj.

183. Sarkar, Sir

Jadunath

Chaitanya's Life and Teachings.

184. Sen, Dr. D. C. History of Bengali Language and Literature.

185. Do. Vaishnava Literature.

186. Singh, Shyam-

narayan

History of Tirhut.

187. Vasu, Nagendra-

nath

Archæological Survey of Mayur-

bhanja.

188. Ward

History of the Hindus.

## ট। ইংরাজী সাময়িক পত্রিকা

189. Bengal: Past and Present, 1924.

190. Calcutta Review, 1898.

191. Dacca Review, 1913.

192. Epigraphica Indica, Vols. XV, XVII.

193. Indian Culture, 1935.

194. Indian Historical Quarterly, 1927, 1933.

195. India and the World, 1934.

### প্রতিত্ততিকত উপাদান

- 196. Journal of the Asiatic Society, Bengal = J. A. S. B., 1873.
- 197. Journal of the Behar and Orissa Research Society

  = J. B. O. R. S., Vols. V, VI, XII.
- 198. Journal of the Royal Asiatic Society = J. R. A. S., 1909.

## ঠ। বাঙ্গালা সাময়িক পত্রিকা

```
১৯৯। উদ্বোধন, ১৩৩৩, ১৩৩९।
```

- ২০০। কিশোরগঞ্জ বার্ত্তাবহ, ১৩৩০।
- २०५। त्रीज्ञाक्याधुत्री, ১७०१।
- २०२। त्रीष्ट्यि, २००७।

900

- ২০৩। গৌড়ীয়, তৃতীয় বর্ষ।
- ২০৪। চৈতন্তমতবোধিনী, ৪০৭-৪০৯ চৈতন্তাক।
- २०६। প্রবাসী, ১৩২৭, ১৩২৯, ১৩৩৬।
- २०७। वक्रवांगी ( मामिक ), ১७२२।
- २०१। वक्ती, ३७९३।
- ২০৮। বহুমতী ( মাদিক ), ১৩৪২।
- ২০৯। বিষ্ণুপ্রিয়া পত্রিকা, প্রথম হইতে অষ্টম বর্ষ।
- ২১০। বিষ্ণুপ্রিয়া-গৌরাক পত্তিকা, পঞ্চম হইতে সপ্তম বর্ষ।
- २১১। वीत्रज्ञी, ১७०१।
- २১२। बऋविद्या, ১७৪२, ১७६७।
- २১७। ভারতবর্ষ, ১৩২৪, ১৩৪ -- ১৩৪২।
- २১४। ভক্তিপ্রভা, २२, २७ वर्ष।
- ২১৫। রঙ্গপুর সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩১৪-১৩২১।
- ২১৬। সাহিত্য, ১৩৽৬, ১৩১৭।
- ২১৭। বন্ধীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা।
- २३४। (मर्ग, १७७८।
- ২১৯। সোনার গৌরান্ধ, ১৩৩২।

## ড। অসমীয়া সাময়িক পত্রিক।

- २२०। जानाम वांकव, ১৩১१, ১७১৮।
- . २२)। क्टब्ना, ১७२८।

# নির্ঘণ্ট

(পরিশিষ্টে প্রদত্ত শব্দাদি আভিধানিক রীতিতে সাজানো আছে বলিয়া এই নির্ঘক্টে উহাদের উল্লেখ করা হইল না।)

बहुाठ ७५८, ९১७, ६১८, ६२১, ६२२, 828, 826, 846 अन्म 85% অচ্যুত্তরণ চৌধুরী ১৯০, ৪০৫ অচ্যুতানন্দ ২৭২, ৫৬১ শৃক্তদংহিতা ৪৯১ अक्युन्त २६১ অডেল ৩৭৯ অতিবড়ী ৫০৩ ष्पञ्चकृष्ण (भाषाभी ১৮०, ७२१, ४১२ অন্বয়সিন্ধি ৫৩৫ অদৈত আচাৰ্য্য ও অভিষেক, ৩৭, ৫৫৫ আদিম বাসস্থান ৫৭৪ অধ্যাত্মবাদ প্রচার ৭২ ঝণগ্রস্থ ৬০১ কর্ণপূরের মহাকাব্যে ৯৮, ৯৯ কমলাক্ষ নাম ৭২ ও কমলাকান্ত বিশাদ ৬০১ গৃহে খ্রীচৈতন্ত ১২ গৃহে কীৰ্ত্তন-উৎসব ৬৮ চৈতত্ত্ব কর্ত্তক প্রস্তুত ১৯৮ চৈত্য-সঙ্কীর্ত্তন *৫৫৮, ৫*৭৩ ভর্জাপ্রেরণ ৪৩৫ দশক্ষির মন্ত্রে অর্চনা ৪৩৭ প্রাধান্ত ঘোষণা ১৯১, ৪৬৪ **পুত্রদের জন্ম** ९२६ পুত্রদের মতবাদ ৪৬৪ . পূर्वाभूक्ष ४৫७ वयम ४३७, ६०२, ६३० বংশতালিকা ৪৫৪

ও মুরারি গুপ্ত ৭১ **७ भक्त्रा**म्य ००१, ०३० অবৈতদাস পণ্ডিত বাবাজী ১৫৯, ৬১১ অধৈতপুত্ৰ কৃষ্ণদাস ৪১৬ অদৈতপুত্র হরিদাস ৪১৫ অধৈতের পৌত্র ২১ অবৈতপ্ৰকাশ ৪১২-৪৪০ व्यक्षिण मकत्रम ७४७ অধৈতসিদ্ধি ৫৪৬ व्यक्षिरेमव बीटेंठ छ ३ ४ २ অনন্ত আচার্য্যের পদ ৬৩ অনস্ত মহান্তি ৪৯৪ অনস্ত সংহিতা ৪১৯, ৪৩৮ অনাকার সংহিতা ৪৯১ অনিক্দ ৫০৯ অমুপম ৩৮ ঃ অমুমান দীধিতি ৩৫৪ অহ্বাগবল্লী ১০৯, ১৬৫ অন্নকৃট ৩৭৮ অপ্লয় দীক্ষিত ৩৩২-৩৩৩ অবভারত্বের দাবীদার ৫৮৮ অবধৃত ২৬৮ অবধৃতদাস ৩৭৯ অবধৃত সনাতন ১২৬ অভিরাম ৫০, ২২৫, ৪২৭, ৫৭৭ অভিবামনীলামৃত ৪৮৮ অভিষেক ৩৬-৩৭ অম্বিকাচরণ ব্রম্মচারী ১৮২ जारमाघ ७१२-१७, ६७१ অর্কুকৃটীক্তায় ২৯৪ অলহারকৌস্বভ ১৫

অষ্ট কবিরাজ ৫৮৫ অসংকার্য্যবাদ ৩৩৫ অহুর গড়া ২২৩

আ

আই ১২
আকনা ৫৪১, ৫৭৩
আটোপউদ্ধার ৭৩
আআরাম দাস ৪৭৯
আআরাম দাস ৪৭৯
আআরাম দাস মৃনয়: ৩৪৫
আনন্দগিরি ৫৩৪
আনন্দগিরি ৫৩৪
আনন্দর্শাবনচম্পু ৯৬, ১০১
আরিট্ ৩৭৬
আলকোণা ২৪১
আলাতচক্র ৫৯৬
আসামে শ্রীচৈতক্য ৫১৮-২২

ই

ইন্দ্রাণী ২৪১ ইন্দ্রতাম সরোবর ৩৭১

क्रे

উশান ৩৭৮, ৪১২-৪৪০
বিবাহ ৪৫৬
উশানসংহিতা ৪৩৭
উশারদাস ৪৯৩
উশারদাসের চৈতগ্যভাগ্রত ৪৯৬-৫০৪
উশার পুরী ২৩১, ৫৪০

উ

উজ্জ্লনীলমণি ১০৯, ১৪৭ উৎকলিকাবলী ১৪৬ উদদত্ত ৫০০ উদীপি ৩৬২, ৫৪৬ উদ্ধবদাস ১০৬, ১৮৩, ২৯২, ৩৭৮
উদ্ধবদশেশ ১৪৬
উদ্ধাবণ দত্ত ৪৪৪, ৫৭৭
উদ্ধাহতত্ত্ব ২৯৬
উদ্ধাহত ত্ব ২৯৬
উদ্ধাহব প্রকরণ ২৮৯
উপাসনাচন্দ্রামৃত ৫৩২
উপায় ও উপেয় ১৩৬
উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য ৫৩৭
উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য ৫৩৭
উপেন্দ্রনাথ ভটাচার্য্য ৫৩৭
উপেন্দ্রনাথ ২০৬, ৪০৬
উপেন্দ্রমোহন গোস্বামী ৪৩৮
উমাপতি ৫৪৯
উমেশ্চন্দ্র দে ৫১১

উ

উদ্ধায়ায় সংহিতা ৪৩৮

ৠ

ঋযভ পর্বত ৩৫৯ ঋয়মুখ্য পর্বত ৩৬৩

9

একচাকা ৫৭৩ এঁড়েদহ ৫৭৩

3

ওড়ন : ৮১

3

ঔৎস্বক্য ২৯০

কটক ২৪ কঠভূষণ ৫২১ কবিকর্ণপূর ৩, ৪১৩, ৫৬৯ জন্মকাল ৯৭ প্রভূব শান্তিপুরে বাস ১৪ কবিচন্দ্র ৫৬৯
কবির ৫২২, ৫২৩
কবিভূপতি ২৯৩
কমলাকর ৫৭৭
কমলাকান্ত বিশ্বাস ৬০১
কর্ণানন্দ ৩১৪
কলিন্দ ৩১৪
কলিন্দ ১৬১
কাঞ্চনপল্লী ২৩, ৫৭৩
কাঞ্চিলাবেরী ৩৬৬
কাটোয়া ১০, ২৩, ৫৭৩
মহোৎসবে উপস্থিত মহাস্তর্গণ
৫৮২-৮৩

কানাই খুঁটিয়া ৫০৫, ৫৭০ কানাইয়ের নাটশালা ২৪১ কাহদাদের পদ ৬৪ কামকোষ্ঠা ৩৬১ কায়স্থ ভক্ত ৫৬৭ কায়াহুগা ভজন ৩০০ काला कुखनाम १११ কালনা ৫৭৩ कानी अनन खश्च २৫১ কাশীশ্বর ৫০, ২৫১, ৫৬৩ কাশী মিশ্র ১১৯ কাদড়া ৫৭৩ কিশোরীভজা দল ৫৩৮ কিশোরীমোহন সিংহ ৪৭৮ কীৰ্ত্তন গান ৫৬৪-৬৫ কীৰ্ত্তন ঘোষা ৫০৭ कुमांत्रहों २,७, ६९७ कुनमाञ्जनाम मिन् : > > कुलाई २७, ६१७ कूलिया २३७, २३৮ क्नीनशांभ २७, ४८२, ४१७ কুশাবর্ত্ত ৩৬৪ कूष्टी वाञ्चलव ७०० কুৰ্ম ব্ৰাহ্মণ ৩৫৫

কৃষ্ণকর্ণামূত ২৮৬ कुखरकिल २১৮ কুষণ্ডনাতিথি বিধি ১৪৭ क्रक्षमाम ७३, ७७०, १११ कृष्णांन विश्वकाती ১৪৮ कृष्णनाम कविदां छ 8, ১०१, ७১२ कुरूमारमय भम ७२ कृष्धध्यमत्रमहन्य छवन हत्री ४२३ কুষ্ণবন্ধভা টীকা ১৬৯ कुर्छार्फामी शिका ३०৮ ক্লফানন্দ ৫৪১ कुर्यानम भूती ५४० কেশব কাশ্মীরী ৩০২ কেশব পুরী ৫৪০ কেশব ভারতী ৬৩, ৫০১, ৫৪০ কোণারক ৪৯৪ ক্রমসন্দর্ভ ১৫৯

খ

থড়দহ ৫৭৩ থেতরী ৫৬৪

5

গঞ্চাদাস ৫৪১
গঞ্চাদাস পণ্ডিত ৪১৬
গঞ্জপতি ১৫০
গজেন্দ্রমোক্ষণ ৩৬২
গদাধরদাস ৫৬৩
গদাধরদাসের গোপীভাব ৩৯
গদাধরদাসের শিশু ৫১
গদাধর পণ্ডিত ২৩, ২৪
জন্মস্থান ৫৭৩
পিতৃপুরিচয় ৫৪৩
শিবানন্দের পদে ২৪
নিমাইয়ের সহিত অস্তরক্ষতা
৪০, ৪৬, ৪৯, ৫১

নরহরির গৃহে ৫৩
নিন্দুকের দল ১৯১
জন্মানন্দের গুরু ২২৪
শচীমাতা ২৩৮
লোচনের চৈতক্তমঙ্গলে ২৫৮, ২৫৯
মাধবের গুরু ২৭৪
ও জগদানন্দের প্রেমবিবর্ত্ত ৪৬৪-৬৫
তিরোধান ৪৮৮

शर्वन ४८२ গমনাগমন (প্রভুর) ১৫-১৭ গয়া ২৪২ গয়ায় গমন ৬-৭ গৰুড় ৫৪১ গাইঘাট ৫০৫ গীতাবলী ১৪০ গুণরাজান্বয় ২৬ গুণার্ণব মিশ্র ২৯৫ গুণাভিরাম ৫১৯ গুণ্ডিচামাৰ্জন ৩৬৯ গুপ্তিপাড়া ৫৭৩ গুরুচরণ দাস ৪৮০ গুরুচরিত্র ৫০৮ গুরুপ্রণালী ১০৯ अक्नीमा ()) (शक्लानम ११७ (भामावती ३१, ३৮ (गोर्भान 8) १ গোপালগুরু ৪৯৬, ৫৪৫, ৫৪৯, ৫৭০ (भीभागठच्यु ১৫२ (भाभानमाम ७१৮ গোপাল বন্ধ ২২৯ গোপালবিগ্রহের কথা ৩৭৬ (भागान विक्रमावनी ३६৮

গোপালভট্ট গোস্বামী ১৬২-৬৬

. কর্ণপুর কর্ত্তক অমুল্লেখ ১৬৪

99b. 690

ও মুরারি গুপ্ত ১৬৪ ও কৃষ্ণকর্ণামৃত ১৬৯ শ্রীচৈতন্য-সমমে অমুল্লেখ ১৭০ গোপাল মঠ ৪৯৩ গোপীকান্তদাস ১৪২ (भाभीनांध २७२, १८३ গোপীনাথ আচাৰ্য্য ৩৪৩ গোপীনাথ কবিরাজ ৩৫৪ গোপীচন্দ্রায়ত ৩০১ গোবিন্দ আচাৰ্য্য ২৩২ গোবিন্দ কর্মকার ৩৯৮ গোবিন্দ গোসাঞি ৩৭৮ (भौतिक (घोष २৮, २२, ७०, ७১, ७२, ७७, २६५, ६५५ গোবিন্দাসের কডচা ৪০৪ গোবিন্দ পরিচারক ১৯ গোবিন্দ ঠাকুর ৫৮১ গোবিন্দবিগ্রহের সেবা ৩১১ (भाविन विक्रमावनी ১৪५ গোবিন্দভক্ত ৩৭৮ গোবিন্দলীলামুত ২৯৩ গৌড়ীয়-বৈষ্ণবধর্মের উপশাথা ১৯১-গোডীয়-বৈফবধর্মে যৌগিক সাধনা গোড়ীয় মঠ ১৩৭ গৌড়ে স্থিতি (প্রভুর) ১৬ গৌড়ীয়দের পুরীষাতা ২১ रगोतकृरक्शनम् कार्या **१**०९ গৌরগোপাল মন্ত্র ৭২, ৪৪৭ (गोत्रगर्गाष्ट्रभूमी शिका > 9->> . 389, 00€ रगोत्रनागतीयां ६० (गोतभात्रमाताम १७, ১১२, ১१৮-१३ গৌরপ্রিয়া ঠাকুরাণী ৪৮০

গৌরমন্ত্রের আন্দোলন ৪৩৫, ৪৪০

গৌরস্করদাস ১৪২
পৌরাকনাগর ১৭৯
গৌরাকনাগরবাদ ২৫৫
গৌরাকবিজয় গীত ৪৮
গৌরাকবিজয় গীত ৪৮
গৌরাকের গোঠলীলা ৪৫
গৌরাকের মুরলীবাদন ৩৯
গৌরাকত্তবকল্পতক ১১৪
গৌরীদাস পণ্ডিত ৩৯, ৬৬, ৬৯, ৪২৩,
৫৭৭
পদ ৪৮, ৪৯
গ্রহণ ১-৩

ঘনশ্চীম ৪৮৫ ঘাটিয়াল ৩৭৩

চক্ৰপাল ৫৪২ **ठक्तिश्रंत ७**८७ চন্দ্রশেখর ৫৪১ চদ্রশেখর আচার্য্যের পদ ৬৫ চক্রশেখর বৈছা ৩৭৫ ठक्तावनी ७५१. চামতাপুর ৩৬২ চৈতত্ত্বচন্দ্রামৃত ১৭১-৭৯ চৈতক্তচন্দ্রোদয় নাটকের রচনাকাল 303-00 চৈতক্সচরিতামৃত মহাকাব্য ৮০-৯৪ 26-6 **চৈতন্ত্রচরিতামৃত** भोनिका २৮१-२৮৮ সাম্প্রদায়িকতা ৩০৪-৩০৫ ·চু**ক্তি**তে অসহিষ্ণুতা ৩০৫ অলৌকিক ঘটনার প্রতি আসন্ধি 323, 322, 006, 000, 009

আহাগ্য-বর্ণনাম প্রীতি ৩০৮ ধুত শ্লোকসংখ্যা ৩০২ চৈতগুগায়ত্রী ৪৬১ टिज्जुमान २६, ७১२ 9F 55-9 চৈতগ্ৰদেব षरिषठग्रद ১२, ১७, ১৪, व्यशांभना ৮, ७७५ অভিনয় ২০৬ অভিষেক ৩৭, ৫৯৩ অযোগ ৩৭৩ অলৌকিকতার বিচার ৩৯৩ অসমীয়া গ্রন্থে ৫০৭-২৭ আফুতি ৫৮৯ আত্মারাম স্লোকের ব্যাখ্যা ৩৫০ আত্তরণ ৫৬-१ আম্বীজের দৃষ্টান্ত ৩০৬ আসাম-ভ্রমণ ৫১৮-২২ আকেপামুরাগ ৫৯-৬• ঈশরত্ব ঘোষণা ১০২, ১০৩, ৫৫৮-ঈশরভাবের আবেশ ৫৫১ কর্ণপ্রকে কুপা ৯৭ कवित्र ४२२-२७ कांबीमलन ১२२, २১১-১৪ कौर्खन २৫, ८२, ७১, ७४, ७৮, >22, 995, 648-44 कौर्खरन कूनवध् १५-१२ গৰ্ভবাদের সময় ১৯ গম্ভীরায় ৬১ গग्नायां प्र, २२ গুৰুৱাতে প্ৰভাব ৫৩৩ শুকুপ্রণালী ৫০১ (शाष्ट्रिनीमा ७३, ८१, ७७ (शोष्ड्यम् २)६-२)५ **ठ**ञ्जू व मृखि ৮৫, ४२७

চরিত্রের বৈশিষ্ট্য ৫৮৯-৬০৪ চাতুৰ্যাশ্ৰ ৫৮-৯ ख्राञ्चाथमर्भन (२, ७८२, ७८५ ৰুগাই-মাধাই উদ্ধার ২৬৮ अग्रकान ১-4 क्रमाथना ६२८ खीवनकां**ल** ৫-५, ७३ তত্ব ৮৪, ৮৫, ১১০, ১১১, ১২৪, 52¢, 580, 588, 58¢, 5¢2, 360, 363, 362 তিরোভাব ২৭০, ২৭১, ২৭২, 866, 829 তীর্থভ্রমণ : ৫-২০ 🗀 🙄 তৈর্থিক ব্রাহ্মণ ২০০, ২০১ দাক্ষিণাত্য-ভ্ৰমণ ৩৫৪-৬৫: षिथि**ष**यी পরাভব ১৯০, २०१-১১ मरवागियाम ४२ मीकाश्रह २०१ नर्खन २१, ७१, ७२५, ७१३ নামজপ ৫৯৪ পঞ্চমথা ৪৯২-৯৬ পরিহাসরসিক ৫৯৭-৫৯৯ পিতার অবস্থা ৯৯-১০০ পুষ্পবাদীতে অবস্থান ১৭৬ পূর্ব্বপুরুষের বাসস্থান ২৩৭ भूक्तरक खमन २२, २०६ প্রকাশানন্দ ৩২৯-৩৩ প্রচার-প্রণালী ৫৯২-৯৩ প্রতাপরুত্র উদ্ধার ৩৬৫-৬৯ প্রবোধানন ১१৪-१৮ श्रियानामको १२५ পাঞ্চাবে প্রভাব ৫৩২ वदार्खाव १२, ३२२, २७७, ००० বল্পভ ভট্ট ৩৯০-৯১ वानानीना ১००, ७७७-७३ বিছাশিকা ৩৩৫-৩৭

বিগ্রহস্থাপন ৫৬২-৬৪ त्वन ७४, ३२२, ३७७, ३४२, १३१, ভগবত্তা ১৬১ ভাবাবেশ २७, २१, ७०, ८१, ८०, 82, 64, 69, 66, 60, 552, >20, >99, 622 यांश्व-मञ्जामांत्र ००० युवनीयांपन १२७ মৃতিপ্রতিষ্ঠা ৬৯, १० মূলতানে প্রভাব ৫৩৩ মৌলিকতা ১৫৩ যুগাবতার ২৫২ রঘুনাথদাদের প্রতি রূপা ১১৫ বামানন্দ সংবাদ ৩২৪-২৭, ৩৫৬ ও শহরদেব ৫১০, ৫১২-১৭ अध्या ७३८ मञ्जलाय-निर्वय (६७-৫১ ও সহজিয়া ধর্ম ৫৩৮-৩৭ সাতপ্রহরিয়া ভাব ৫৫৬ मर्किट्डोग ১०৪, ७६७, ७৪८-ষড় ভূজ মৃত্তি ৬৩, ৮৩, ৩৪৫, ৩৬৯, হরিভক্তিবিলাদের মত ১৬৮ द्यानिर्थना २० চৈতন্মভক্তদের পাণ্ডিত্য ৫৬৮-৭২ চৈতন্তভাগবতের ঐতিহাসিকতা 724-500 व्रक्तिकाल ३०४-२६ क्रमञ्चरतीय २:२-०७ চৈততামকলের রচনাকাল ২৫০-৪৪ চৈতৰ্যতমঞ্ধা ১৬ চৈতগ্ৰসাৰ্বভৌমসংবাদ ৪৯৫ চৈতত্ত্বের সম্প্রদায় নির্ণয় ৫৪৩-৫১ চৌষ্টি মহাস্ত ৪৮৯, ৫৮٠.

B

ছল ৩৪৯ ছয় গোস্বামী ৫৭৬ ছয় চক্রবর্তী ৫৮৫ ছান্দোগ্য উপনিষদ ৫৩৪

#### ভা

জগদকু ভদ্র ২৫, ২৯, ৩৫, ১৯০ कर्मानन (), ७०, ८७८-७१ जगमीम 829, ৫85 क्राञ्चाथ ৫०२ জগন্নাথদাস ৪৯১, ৫৭০ জগন্নাথবল্লভ নাটক ৩০১, ৪৯১ জগন্নাথ মিশ্র ২০৪, ৩৩০, ৩৩৪ জগমোহন রামায়ণ ৪৯৩ জগাই-মাধাই ২৬০ खननी ६०० क्रमनीरिंगा ७२ জন্মকাল ১-৫ জন্মনক্ত ৪ জন্মরাশি ৩ জলেশ্বর ৩৪১ জয়গোপাল গোস্বামী ৩৯৬, ৪০১ জয়তীর্থ ৫৪৭ জয়স্ত ১৩৭, ৫৮৯ क्यांनम ४३७ জয়ানন্দের চৈতন্তমঙ্গল ২২৩-২৪৮ জলেশ্বর ২১৭ জাল প্রেমবিলাস ৪৮০ जानिस कारिनी २२७ कारूवी ३৮१, ८१०, ८१८, ८१৮ জিরাট ৫৭৩ জीव (8) कीरनकान १-५ **कीर शाकामी ১**৫৩-७२ পত ১৫৩

মহাপ্রভূকে দর্শন ১৫৫
মধুফদন সরস্বতী ১৫৭
রচিত গ্রন্থাদি ১৫৮-৫৯
হৈচতন্ত্রতন্ত্র ১৫৯-১৬২
জীব পণ্ডিত ৫৭২

ঝ

ঝাটপাল ৪৫৭ ঝামটপুর ২৯৫ ঝারিখণ্ড ১৯৭

र्च

টোটাগ্রাম ২৭০ টোডরমল্ল ৬৮০

<u>5</u>

তড়াআটপুর ৫৭৩
তপন আচার্য্য ৫৭২
তারিণীচরণ রথ ২৩৭
তিরোভাব ৮, ২৭০-৭২
তিরোভাবতিথি ৫,৬
তীর্থভ্রমণের কাল ১৫-২০
তুঙ্গবিছা ১৭১
ত্রিতকৃপ ৩৬২
ত্রিবেণী ৪২২
ত্রিয়ল ভট্ট ১৬২, ১৭৩
তিযুগ ১৬২

V

দণ্ডভক ৩৪১
দবিরথাস ১২৯
দরজিকে রূপা ৩৩৭
দরবেশ ২৯৯
দশমচরিত ১৪৯
দশাক্ষর গোপালমন্ত্র ৩৮, ১৩৭, ২৩২,

দম্ব ৬০৪ मानत्कमिरकोम्मी ३८० রচনাকাল ১৪৭ मानकिलि किश्वामि >>१ माननीना २৮, ७२, ४०, ४১, ४४० দানলীলার অভিনয় ৪৪৭ मार्गामत পণ্ডिত ११, ४२७ नात्मानित्रमा मञ्जानाम ७५० দাক্ষিণাত্য-গমন ১৬ দাঁতৰ ২১৭, ২২৪ घालन (भाभान ४०२, ४৮२, ४११ **मिक्छमिनी ১8**० দিখিজয়ী পরাভব ১৯০ मिवांकत माम २१२, ४२১, ৫०२-४ मिता मिश्ट ४२२ मिर्गामान ६२ मीत्माहत्व ভট्টाहार्या ७१७ मीत्माठक त्मन ১७०, २৫১, २१১, २३६, ७१७, ७৮२, ७३६ দেহুড় ১৮৭ (म्य्नंत्र २) १ দৈত্যারি ঠাকুর ৫১১ मिनातीरिक ४२७

*

ধনঞ্জয় ৫৭৭ ধাতৃদংগ্ৰহ ১৫৮ ধ্ৰজমণি পটুমহাদেবী ৪৭৮

a

নকল অবতার ৫৮৮
নদীয়া নাগরী ৩০, ৬৬
নদিনী ৪৫৯, ৫০০
নবদীপ ৪৬৭
নবদীপে গৌরাক্ষ্টি ৫৬২-৬৩
নবদীপে পুনরাগ্যন ৪১

नवदीत्र भःकीर्खन २२ নবহট্ট, ১৩৪ নরনারায়ণ ৫১৯ নরসিংহ নাডিয়াল ৪৫১ नतर्ति ठक्वर्खी ७१, ४৮० নরহরি সরকার ২৪ ব্ৰজ্বসগান ২৫ भागवनी ६२-७२, ১२० গ্রন্থ ৫৭১ বাস্থঘোষের উপর প্রভাব ৫২ त्रोप्रहरक्तत्र भएन ४२ শ্রীচৈতত্তার সহিত অস্তরঙ্গতা ৫১ আরোপিত পদ ৫৩ তত্ত্বিরূপণ ৬২ শ্ৰীকৃষ্ণভজনামৃত ৫৩-৫৪ भोत्रमञ्ज १२-७, ১১२, ১**१**৮ नवधीयनीमावामी ১১२ গোরাঙ্গমূর্ত্তি প্রতিষ্ঠা ৫১৩ ও পঞ্চতত্ব ৫৭৫ ও ঈশাননাগর ৪২৩ ७ त्नां इन २९२, २८१, २८४, २८२, 250, 290, 262 ভক্তিচন্দ্রিকা ৫৮৪ নরোত্তম ঠাকুর, ১১২, ১৪৫, ৫৬৩ নলিনীকান্ত ভট্টশালী ৪৪৯ নলিনীনাথ দাশগুপ্ত ৩১১ নাগর পুরুষোত্তমদাস ৫০০ নাগরীভাবের উপাসনা ২৬১ নাটকচন্দ্রিকা ১৪৭ नानक १०० नाजां की ৫२৮ नामकोम्मी ७०५ নামজপ ৫৯৩-৯৪ নারায়ণ দাস ৩৭৮ बाबायनी ১৮०, ১৮১, ১৮২, ১৮७, ১৮৪, ১a0, ১a), २96-99

নাসিক ৩১৪ ন্যায়ামৃত ৫৪৬ নিখিলনাথ রায় ৩১৪ নিত্যানন্দ ৩২ রাঢ়ে—১১, ৩৩৯ গ্ৰক ৫৪০ (गार्रनीमात्र ७७ রঘুনাথদাসের গ্রন্থে অস্লেখ ১১১, 200 রপের গ্রন্থে অনুলেখ ১৫০ শ্ৰীজীবকে অমুগ্ৰহ ১৫৫ গৃহত্যাগ ৪৮৫ তীর্থযাত্রা ১৮৫, ২৩১ निमुक्तित्र एम ১৯১-৯৩ ভগবত্তা ১৯৩ वन्नावननामटक অন্তরেগাদান 126.070 ভাবের মান্ত্র ১৯৭ জগন্নাথকেত্তে যাত্ৰা ২৩৪ অবধৃতবেশ ত্যাগ ২৪০ জগাই-মাধাই উদ্ধার ২৬৮-৬৯ ও কুফদাস কবিরাজ ২৯৪, ২৯৫, २३४ **দণ্ডভঙ্গ** ৩৪১-৪২ অদৈতের সহিত প্রেমকলহ ৩৭০ গৌড়ে প্রেরণ ৩৭২ জন্মকাল ৪১৭ ও উড়িয়ায় পঞ্চৰণা ৪৯৪ ও নাভাজীর গ্রন্থ ৫২৯ তিরোধান ৪৮৮ নিত্যানন্দ্রাস ৪৭৭ নিমাইয়ের বেশ ৩৮ নিমাইসন্ন্যাস ৪১ नियारे मळानाशी ७८७ नौनमि (भाषामी ४०५ নীলাচলে প্রত্যাবর্ত্তন ২০

নীলাম্বর চক্রবর্তী ৩৪৭ নীলাচলে গমন ১৩ নৃসিংহক্বত্য ৫২০ নৃসিংহতীর্থ ৫৪০ নৃসিংহানন্দ ১৭

9

পঞ্চতত্ত্ব ২৬০-৬১, ৫৭৫ পঞ্বটী ৩৬৪ পঞ্চপথা ৪৯২ পণ্ডিত গোঁদাই ২৪ পতारनी ১১१, ১৪१ পম্পা ৩৬৪ পরকীয়াবাদ ৫৩৬ পরকীয়বাদের দলিল ৫৩৬ পরমানন্দ ৪৬, ৬১ পরমানন গুপ্ত ২২৯ পরমানন্দপুরী ২২, ১২৩, ৫৪০, ৫৭০ পরমেশ্বদাস ৩৯, ২৫১ भा ७१-b পহিলহি রাগনয়নভঙ্গ ৩২৩, ৪৯১ পানাগড়ি ৩৬২ পানিহাটী ১১৮, ২১৬, ২২০, ৩৭৩, ৫৭৩ शिक्ला २৮१ পিরালিধর্ম ১৩১ পুত্তরীক বিভানিধি ৩৯৪, ৫৪০ পুগুরীকাক ৩৭৮ পুনপুন २४२, २७৮ श्रुवनीन। ७৮१ পুরীতে রথযাতা ১৫ পুরীদাস ১০৩, ৬০৩ श्रुक्ष श्रुक ७৮ পুরুষোত্তম ৫৭৭ পুরুষোত্তম আচার্য্য ৩১৭, ৩১৮, ৪০৩ পুরুষোত্তমদর্শন ১২ পুরুষোত্তম দাস ৬৪

পুরুষোত্তম দেব ৪৯০ পূৰ্ববঙ্গ-ভ্ৰমণ ২৯-৩০ প্রকাশানন্দের উদ্ধার ৩১৯-৩৩ প্রকাশানন্দ ও প্রবোধানন্দ ৪২২ প্রতাপক্স ১০১, ১০৫, ২৩৫, ৩৬৫-৬৯ প্রহায় বন্ধচারী ৪০৭ প্রহাম মিশ্র ৪০৫ প্রবোধানন্দ সরস্বতী ১৭২, ৫৩১, ৫৭০ প্রভাতকুমার মুখোপাধ্যায় ৪৯৬, ৫৪৫ প্রমথ চৌধুরী ৩৮১ প্রমেয় রত্নাবলী ৫৪৩ প্রয়াগে বাস ১৬ श्रिप्रामामजी १२৮ প্রেম ১৪৪ প্রেমদাদ দিক্ষাস্তবাগীশ ১০৬ প্রেমধর্মের অগ্রদূতগণ ৫৪০-৪৩ প্রেমবিবর্ত্ত ৪৬৪-৬৭ প্রেমবিলাস ১৮২, ৩১২, ৪৭৭-৮৫

ফ

ফণিভূষণ দত্ত ৩০৯ ফান্ধনী পূর্ণিমা ১ ফিরিঙ্গি ২৪৯ ফুলিয়া ১২, ৪২৯, ৫৭২

প্রেমামৃত ৪৮০

ব

বজেশর ২৩২, ৫৪২, ৫৯৬
বজেশর তীর্থ ২৪৩
বজেশর শ্রীচৈতন্ত ১০
বঙ্গবাদী ৪৪৮
বট অবকাশ ৪৯১
বড়গাছী ১৮৭
বরগঞ্চা ৪১০
বরাহক্ত ৫২১
বরাহক্ত ৫২১
বরাহক্ত ৫২১

বলদেব বিত্যাভূষণ ৮৪, ১৪৬ বলরাম ৪১৭ वनदांम लोग ৫०, ৪१२, ६२১, ৫१० श्रम ६०-६२ বল্লভ ভট্ট ৩৯০-৯১ বলভাচাৰ্য্য ২০৪-৫ বহুধা ১৮৭ বহু রামানন ২৫ वः भीवम् 88-७ বংশীবদন ঠাকুর ৪৬৮ বংশীশিক্ষা ৪৬৮-৭৭ বাউল ২৯৯ वाक्ना हक्षीय ३०८ বাঘনাপাড়া ৪৬৯ বাণী কুফ্চদাস ৩৭৮ বাস্নিয়া সম্প্রদায় ৫১০ वांत्रकांना चांठे ६১, २२১ বারম্থী ৪০০ বালগোপাল মন্ত্ৰ ৩৯১ বাল্যলীলা স্ত্ৰ ৪১৫, ৪৪৮-৫৪ বায়ড়া ২১৭ বাহ্ন ঘোষ ৩, ৩০, ৩৪, ৩৫, ৪০, ২৫১, भन्तिकांत्र ७६, ७७, **८**९ বাস্থদাস ৫০০ বাহ্নদেব দত্ত ১৮৬-৮৭, ৪২৭ উহার হুই ভাই ৫৪২ বাড়ীতে গ্রীচৈতন্ত ২১৮ বায়পুরাণোক্তং শ্রীচৈতন্তাবতার-निक्रभगम् ८०८ বাহিনীপতি ৩৫৪ বাংলার বাউল ও বাউল গান ৫৩৭ . वैभिन्। २३१ ব্ৰাহ্মণভক্ত ৫৬৭ विकारभूती 882 বিজয়া ৪১৭

विकशानगरी ३२ বিজুলি থাঁ ৩৮১ বিট্উলেশ্বর ৩৭৭ বিভণ্ডা ৩৪৯ विषक्षभाधव ১১১, ১৪৬, ०৮৪ বিন্থাবাচম্পতি ২১৫ বিপিনবিহারী দাশগুপ্ত ৩৬৪ বিরাট গীতা ৪৯১ বিষ্ণুদাস ৪০৩ বিষ্ণু পুরী ৫৩০, ৫৪০ বিষ্ণুপ্রিয়া ৩৩, ৬৬, ১৯৪, ৫৯৭, ৫৯৮ বিষ্ণুপ্রিয়ার প্রতি পরিহাস ৫৯৮ বিষ্ণুপ্রিয়ার শহিত বিলাস ২৬৭, ২৭৬ বিশ্বনাথ চক্রবর্তী ২, ১০৯ বিশ্ববঞ্জন ভাত্ড়ী ৭৮ বিশ্বরূপ ৪৪৫ বিশারদ ৩৪৭ বিশালা ৩৬৩ वियोग २२० वीव्रह्म ८२७, ८१०, ८१२ ও প্রেমবিলাস ৪৭৮ वौद्रवल ७०० वीत्रভक्ष २८०, २०५, ६९० বীরভদ্রের শিক্ষা মূল কড়চা ২৯৯ বীর হাম্বীর ৪৮৪ ৰুদ্ধ ও চৈতত্ত ৪৯৫, ৪৯৭ ৰুড়ন ৫৭৩ वृन्गवनमान २, ३৮०-२२२, ৫२१ জন্ম ১৮৪-৮৫ পাতিতা ১৮৭ বুহদ্ভাগৰতামৃত ১৩৪, ৫৮৯ বেষটভট্ট ১৬২ বেদান্তদিদ্ধান্তমুক্তাবলী ৩৩২ বেলগা ৫৭৩ বৈছদের শর্মা উপাধি ৬৫ বৈশ্বভক্ত ৫৬৭

বৈধী ভক্তি ১১১
বৈষ্ণবধর্ষে ব্যবদাদারী ২৩০
বোপদেব ৫৩৫
ব্রজবিলাসস্তব ১১৬
ব্রজে কৃষ্ণ ৩৮৭
ব্রন্ধানন্দ ২২
ব্রন্ধানন্দ পুরী ২৩১, ৫৪০
ব্রন্ধানন্দ ভারতী ৫৪০
ব্রন্ধাণ্ডমঙ্গল ৫০৬

### **5**

ভক্তদল (প্রাক্চৈতন্ত যুগের) ৫৪১
ভক্তপ্রদাদ মজুমদার ৩৭৬
ভক্তিরত্বাকরে মুরারির কড়চা ৭৬-৭৭
শ্রীজীবের পত্র ১৫৩
ভক্তিরদামৃতিসিক্কু ১৪৬, ১৪৭
ভগবদ্ধ কিলাদ ১৩৯
ভগবান আচার্য্য ৩৮৯
ভজন-প্রণালীর বিভিন্নতা ৫৮৬-৮৭
ভক্তমণাড়া ২২৩
ভট্টদেব ৫১৭
ভট্টদেব ৫১৭
ভাগবতকুমার শাস্ত্রী ৪৭১
ভাবপ্রকাশ ৯
ভাবার্থস্চকচম্পু ১৫৮
ভূগর্ভ ৩৭৮

### य

মণিমা ৩৬৬
মণীন্দ্ৰচন্দ্ৰ বায় ৫১
মতি ২৯৫
মথুৱা-মহিমা ১৪৭
মদনগোপাল গোস্বামী ৮৪-৫
মধুমতী ৫৩৫
মধুস্দন সরস্বতী ১৫৭, ১৫৮
মনোহরদাস ১৬৭

यनःमरस्राधिनी ७७७ मख्यंत्र २२०, २७8 यनात्र २१२ यनगंत्रव २३१, २२8 यहां क ७५8 মল্লিকাৰ্জ্জন ৩৬১ মহাত্মা শিশিরকুমার ঘোষ ৭৫ মহাপ্রকাশ ৫০৫ ময়নাডাল ৫৭৩ माश्च (चांव २৮, ७७, ७८, २৫১, ৫৮১ মাধ্ব পট্টনায়ক ২৭৪ মাধবাচার্য্য ৫৭১ माथवी (मवी ७৮৮-५२ মাধ্ব-ভাগ্য ৪১৮ মাধ্ব-মহোৎসব ১৫৪, ১৫৮ भाषरतन भूती ১৩१, २७७, ७१৮-१२, 832, 882, 480, 456 শিশ্বগণ ৫৪০ মাধবের চৈতক্তবিলাদ ২৭৪-৮৫ মাধ্ব÷গুরুপ্রণালী ১০৯ गांध्व-मञ्जानांत्र ०००-०ऽ ও প্রীচৈতগ্য ৫৪৪-৪৫ মানসিংহ ৩৭৯ মামগাছী ১৮৬ भानांधत वस २७, ৫৪১ यानिनी ७१, ७५ মাহেশ ৫৭৩ মীনকেতন রামদাস ২৯৪ मुकुन २२> मूक्न एख २२, २८, २६, ७३ মুক্তাচরিত্র ১১৭ म्यलीविनाम १५४-११ মুরলীমোহন গোসামী ৪৪৯ মুরারি ও সন্ন্যাসের সময় ৭ मुत्रांत्रि **७**१४ ), ७, २১, २४, २४, ७४,

99

কড়চা ৭১-৯৪, ৫৭১
জন্ম ৭৩
অধ্যাত্মবাদের পোষকতা ৭১, ৭২
লোচনের উপর প্রভাব ৭৯-৮০
২৫২, ২৬৩-৬৭
কর্ণপূরের উপর প্রভাব ৮০-৯৪
লীলাবর্ণনার ভঙ্গী ৮৪-৮৬
ও মাধব পট্টনায়ক ২৭৮
ও রফদাস কবিরাজ ২৮৮
ও বিশ্বস্তরের আবেশ ৫৫২-৫৪
ও বৃন্দাবনদাস ২০৩-৭
ম্রারিলাল অধিকারী ১৫৬
মৃণালকাস্তি ঘোষ ৭৫, ৩৯৫

य

যত্নন্দন আচার্য্য ১১৫
যত্নন্দনদাস ২৯৭
যত্নাথ কবিচক্র ৫৪১
যত্নাথ ককিক্র ৫৪১
যত্নাথ চক্রবন্তীর পদ ৫১
যশ্ডা ৫৭৩
যশোনানন্দন তালুকদার ৪৭৮
যশোবস্ত দাস ৪৯১
যাদব আচার্য্য ৩৭৮
যান্নাচার্য্য স্থোত্ত ৩০১
যোগপট্ট ৩৪৭
যোগসার্থনা ২২৫
যোগেশচন্দ্র রায় ২

র

বৃদ্ধী ৫৪০ বৃদ্ধনন ২৫৭, ২৭৩ বৃদ্ধাথ ৪২৩ বৃদ্ধাথ ৪২৩ বৃদ্ধাথদাস ৪২, ১০৫, ১১৪-২৫, ১৪০, ১৩৯, ৩৭৮, ৫৭১ ক্রপের ক্লপা ১১৫, ১২৬

विक्रिका ३३७-३৮ वृन्गावनमान कर्ज् क षश्टल्लथ ১२६ রঘুনাথ ভট্ট ৩৭৮ রঘুনাথ ভাগবতাচার্য্য ৫৭১ রত্বগর্ভ আচার্য্য ৫৪১ রথাগ্রে নর্ত্তন ৩২৮ রদরাজ গৌরাদস্বভাব ৫৩৮ রসামৃত শেষ ১৫৮ রদাল কুণ্ডা ৪০১ রসিকমোহন বিত্যাভূষণ ১৪২ রাগান্থগাভক্তি ১১১, ৪৯১ রাঘব গোস্বামী ৫৭১ রাজগিরি ২৩২, ২৪২ রাজবল্লভ ৪৬৮, ৪৬৯ রাজা গণেশ ৪৪৯ রাজেন্দ্রনাথ ঘোষ ১৫৬, ৫৪৮ রাধাকুণ্ড ৩৭৬, ৪২৮, ৪২৯ বাধাকৃষ্ণ উপাসনার ইতিহাস ৫৩৯ वांशारिक नांथ ७, १, २, ১७৮, 500

রাধাপ্রেমের স্বরূপ ৩২৬ রাধাভাব ৩১ বাধা ( শঙ্করদেবের গ্রন্থে ) ৫১৭ রাধিকানাথ গোস্বামী ৪৩৬ রামগতি স্থায়রত্ব ১৯৪ রামচন্দ্র কবিরাজের পদ ৪৯ त्रायहक्त भूती ८४० त्रामरकिल ১৫৫, २১७ त्रांभणाम २०, ०११ রামাই ৩৯, ৪৬৯ রামচরণ ঠাকুর ৫১১ রামানন্দ বহু ২৫, ২৬, ২৭, ৫৮১ রামানন্দ রায় ১৮, ৫৭১ রামেক্রস্থন্র ত্রিবেদী ৩৯৮ রামেশ্বর ৩০৯ রাসক্রীড়া ৪৯

রাসবিহারী সাখ্যতীর্থ ১০৭
রাচ্ছ্রমণ ১১
রায় রামানন্দ ৩২১-২৭, ৫৮০
রপ গোস্বামী ১৪৫-১৫৩, ৫৪০
হৈতক্তাষ্টক ১৫০
হৈতক্তালীলা ১৫১
রপ-সনাতন ১০৫
রপাস্থাত ভজন-প্রণালী ১৩৭
রপের জাতি ১৩১
রপের ভার্যা ৫২৫
রুক্মিণী ৩৮৭
রেমুণা ২১৭, ৩৪০
রোদনী ২১৭, ২২৩

লক্ষেশ্বর ৬০০ नकानरमन (80 লক্ষীপতি ৫৪৭ नम्बी श्रिया २२, २०४, २०७ লঘুতোষণী ১৪১ লঘু হ্রিদাস ৩৭৮ ननिज्याधन ১৪৬, ७৮৪, ७৮৫, ৫७৫ ললিতা স্থী ৫৮৭ नाउँ ড়িয়া कृष्णनाम १२० लालमामकी २२२, १२५ লীলান্তব ১৩১ लोकनोथ ७१৮, ६१১ লোকনাপদাসের সীতাচরিত্র 806-800 লোচন ৫, ৭, ২৪৯-৭৩ লোচনের গ্রন্থ হইতে দীতাগুণকদম্বে চুরি ৪৫৮ লোচনের নাগরী ভাব ২৬২-৬৩

30

শঙ্করদেব ৫०० শচী ১০০

শব্দাকোত্ততি ৩৫৪ শাখানির্ণয়ামুত ৩৭৮ শান্তিপুর ১৩, ২১৬, ২২০ শিখি মাইতী ৩৮৯ শিবস্বরোদয় ৪৯১ শিবাই ৫০০ निर्वानन ४२, २४, २२, २८, २¢ শিবানন্দ পণ্ডিত ৫৭২ **र्मिवांबन्स** (मब ३१, ६०० शूख २६ বাড়ীতে শ্রীচৈতক্ত ২১২ श्रम २५, २७, २8 পদে নরহরি ৫২ শিশিরকুমার ঘোষ ৭৫, ৩৯৬ खक्रांच्य २२४, ৫৪४ শৃদ্রের শালগ্রামপূজা ১১৫ म्ख्वान ४२४-२६ শৃক্তসংহিতা ২৭১ শ্ৰীকান্ত সেন ১৭ শ্রীকৃষ্ণচৈতত্তোদয়াবলী ৪০৫, ৫৬৩ শ্ৰীকৃষ্ণভঙ্গনামৃত ৫৩, ১০৯ ন্ত্রীথপ্ত ২৩, ৩৫, ৫৭৩ শ্রীখণ্ডের প্রাচীন বৈষ্ণব ২৫৫ শ্রীচৈতন্তমতবোধিনী ৪৩৬ শ্ৰীজ্ঞীৰ গোস্বামী ৩৭৮ শ্ৰীনাথ ৩৫, ৫৭১ শ্ৰীনাথ গোস্বামী ৪৩৭ শ্ৰীনাথজী কি প্ৰাকট্যবাৰ্ত্তা ৩৭৬ শ্ৰীনাথ বিগ্ৰহ ৩৭৮ শ্ৰীনিধি ১৮১ শ্রীনিবাদ আচার্য্যের জীবনকাল ৪৮০ 84-0-48 শ্রীপতি ১৮১ শ্ৰীপাট ৫৭২-98 গ্রীবাস---व्यानियामञ्चान ४१८

গৃহে নিমাইন্মের নৃত্যাগীত ৫৫২
কর্ণপ্রের মহাকাব্যে ৯৯
ত্রীব্রপের অইকে ১৫০
বৃন্দাবনদাদের গ্রন্থে ১৮১
ত্রীচৈতন্মের ক্রপা ১৯৫
কুমারহট্টে বাস ২১৬
কুমারহট্টে প্রভুর আগমন ৩৭৪
চৈতন্মঙ্গলে ২৫৭, ২৫৮, ২৭৭
বিশ্বভ্রের অভিষেক ৫৫৫
প্রীতে চৈতন্মকীর্ত্রন ৫৫৯
নি ৫৪১

শ্রীমান ৫৪১ শ্রীরক্ষ ১৭ শ্রীরক্ষকেত্র ১৬৩, ৩৫৮ শ্রীরাম ১৮১ শ্রীরূপ ১০৫, ১১৫ শ্রীরূপে শক্তিসঞ্চার ১৬ শ্রীশৈল ৩৬২

ষ

यहेमनर्ख ১৫२

স্থীভাবের সম্প্রদায় ৬৯
সতীশচন্দ্র রায় ০৩, ১৪২
সত্যভামা ৩৮৭
সদানন্দ ৫০৬
সদাশিব কবিরাজ ৬৪, ৬৫
সনাতন গোস্বামী ১২৫-৫৫
হৈতন্ত্রগোষ্ঠীতে স্থান ১২৫-২৯
জাতি ১৬১
ও পঞ্চস্থা ৪৯২
ও শঙ্করদেব ৫২৫
সনাতনাইক ১৩৩
সনাতনের গুরু ১৩৪, ১৩৯, ১৪৫

সন্ন্যাদের তারিখ ৭-১০

সন্মাসী ভক্ত ৫৬৭ সম্ভনির্ণয় ৫১২ সম্মোহনতন্ত্র ১৪৯ সপ্ততাল বিমোচন ৩৬০ मर्कामः वामिनी ३७० সমুদ্রগড়ি ২৪৩ महक्षिया २२२ সংকাৰ্য্যবাদ ৩৩৫ সংকল্প কল্পবৃক্ষ ১৫৮ সংকর্ষণ পুরী ৫৪০ সংকীৰ্ত্তন ন সাক্ষিগোপাল ৩৪০ দাৰ্কভৌম ১৬৮, ৩৩০, ৩৪৩, ৩৪৪, ৩৫৪ চৈতগ্ৰস্থতি ১৪৩ বিচার ১০৪ সাহিত্যদৰ্পণ ২১০ मॅंश्टे २२२ সিদ্ধান্তচন্দ্রের ২৯১ সিম্বলিয়া গ্রাম ২১৩ শীতাগুণকদম ৫, ৪**৫৪**-৫৮ শীতাঠাকুরাণী ৬৯, ৪৪৬, ৪৬১, ৫৯৯ শীতাচরিত্র ৪৫১ স্থ্যার সেন ১৮১, ১৮৬, ৩৯৩ স্থাচর ৫৭৩ হুথময় মুখোপাধ্যায় ২০ স্থানন পুরী ৫৪০ স্থাীব মিশ্র ৫৭২ স্থচিন্দ্রম ৩৬২ স্থাপনি পণ্ডিত ৪৬৬ স্থাকর দ্বিদৌ ৩০১ ञ्चात्र ७२, ८११ স্বৃদ্ধি মিশ্র ২২৪ स्मीनकूमात्र (म २१, ১०১, ১৩०, ১৪৭, 369, 000, 030 স্থক্ষ ১৬১ স্ত্ৰমালিকা ১৫৮

স্থ্যদাস ১৮৭
সেতৃবন্ধ ১৫, ২২৭
স্তবমালা ১৪১
স্মান্যাত্রা ১৮
স্বকীয়াবাদ ৫৩৫
স্বরূপ ৪১৭
স্বরূপ-দামোদর ২২, ২৪, ৬১, ২৯১, ৫৮০
স্বরূপ-দামোদরের কড়চা ৩১৭-৩২১
স্বরূপবর্ণনাপ্রকাশ ২৯৮
স্মৃতিশাল্প ২৯০-৯১
স্মৃতির অধ্যাপনা (প্রভুর) ৩৩৬

\$

হডিডপা ১০০ হরপ্রসাদ শাস্ত্রী ১৪৭, ৩৯৭ হয়শীর্ষ পঞ্চরাত্র ৩০৩, ৩৫১ হরিচরণদাস ৪৪০-৪৮ হরিভক্তিবিলাস ১১৫, ১৩৯, ১৬৯, 226 গ্রন্থকার ১৬৬-৬৮ वांश्लांत्र देवस्थव-मभाक ১৬৮-१० হরিদাস গোস্বামী ৪০৫ হরিদাস ঠাকুর ২৩২, ২৩৯, ৩৮৮, ٧a>, ৬08 হরিদাস পণ্ডিত ৩১১ হরিদাদের নামজপ ৪৩০ হরিনামামত ব্যাকরণ ১৫৮ श्दाकृष्ण मान वावाजी 892 হরেক্সফ নাম ১৫১ रुलायुध ৫৮० হংসদৃত ১৪৬ হাটপত্তন ৪৯ হারাধন দত্ত ৪৮০ হাড়াই পণ্ডিত ৪৪৬ হাড়ো পণ্ডিত ১৮৬ 

হসেন শাহ ১৪৭, ৩৪৪ হৃদয়ানন্দ ৫০২ হেমলতা ঠাকুৱাণী ২৯৭

কীরচোরা গোপীনাথ ৩৪০ ক্রেসয়াস ২৩